শ্রীশ্রীজয়ন্তী-গ্রন্থমালা - ১০

"চৈতন্যলীলা-অমৃতপূর, কৃষ্ণলীলা-সুকর্পূর,
দুহে মিলি হয় সুমাধুর্য।
সাধু-গুরু-প্রসাদে, তাহা যেই আস্বাদে,
সেই জানে মাধুর্য-প্রাচুর্য॥"
— মধ্যলীলা - ২৫।২৭৭

বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণাগারে রক্ষিত প্রাচীন পুঁথি ও মুদ্রিত সংস্করণের পাঠান্তর, শ্রীনিত্যানন্দাধিকারি-বিরচিত অপ্রকাশিত-[illegible] 'শ্রীগৌরভক্তবিনোদিনী' টীকা, লণ্ডনস্থ ইণ্ডিয়া অফিস লাইব্রেরীতে রক্ষিত প্রাচীন সংস্কৃতানুবাদ-পুঁথির সর্বপ্রথম প্রকাশন, শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য চরণাঙ্কিত-তীর্থসমূহের বিবরণ, সংস্কৃত শ্লোকের সরল বঙ্গানুবাদ, গ্রন্থকারের জীবনী, গ্রন্থপঞ্জী, বিবিধ সূচী ও তথ্যাদি-সহ অভিনব সংস্করণ

শ্রীশ্রীচৈতন্য চরিতামৃত

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী

সম্পাদক
শ্রীসুন্দরানন্দ দাস

শ্রীশ্রীজয়ন্তী-গ্রন্থমালা—১০

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদ-বিরচিত

(আদিলীলা)

[বিবিধ প্রাচীন পুঁথি ও মুদ্রিত সংস্করণের পাঠান্তর, শ্রীনিত্যানন্দাধিকারি বিরচিত অপ্রকাশিতপূর্ব শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা, শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদের জীবনী এবং লণ্ডনস্থ ইণ্ডিয়া অফিস লাইব্রেরীর সৌজন্যে প্রাপ্ত প্রাচীন সংস্কৃত পদ্যানুবাদ-সহ অভিনব সংস্করণ]

'গৌড়ীয় দর্শনের ইতিহাস ও বৈশিষ্ট্য', 'অচিন্ত্যভেদাভেদ-বাদ', 'গৌড়ীয়ার তিন ঠাকুর', 'শ্রীক্ষেত্র', 'শ্রীচৈতন্যদেব', 'শ্রীরূপ-পাদের রস-প্রস্থানের ভূমিকা', 'পরতত্ত্বসীমা 'শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য', 'শ্রীশ্রীনামচিন্তামণি-কিরণ-কণিকা' ইত্যাদি শতাধিক দার্শনিক ও ভক্তি-গ্রন্থের প্রণেতা, টীকাকার ও সম্পাদক

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বা-গিরিধারি-সেবা-সমর্পিতপ্রাণ নিত্যধামগত

শ্রীমৎ সুন্দরানন্দদাস বিদ্যাবিনোদ

সম্পাদিত

প্রথম প্রকাশ

শ্রীশ্রীচৈতন্য আবির্ভাবতিথি, ফাল্গুনী পূর্ণিমা, শ্রীচৈতন্যাব্দ ৪৮০

২৩শে ফাল্গুন, ১৩৭২ বঙ্গাব্দ;

৭ই মার্চ, ১৯৬৬ খৃষ্টাব্দ

প্রকাশয়িত্রী

শ্রীকরুণা দাস

'শ্রীপাট-পরাগ'

১৬৮/২, সাউথ সিঁথি রোড,

কলিকাতা-৫০

প্রাপ্তিস্থান

'শ্রীপাট-পরাগ'

১৬৮/২, সাউথ সিঁথি রোড,

কলিকাতা-৫০

—

মহেশ লাইব্রেরী

২/১, শ্যামাচরণ দে ষ্ট্রীট,

কলিকাতা-১২

আনুকূল্য—বার টাকা

মুদ্রাকর

শ্রীদেবেন্দ্রনাথ নাথ

বাসন্তী আর্ট প্রেস

৬/১, কলেজ রো, কলিকাতা-৯

শ্রীশ্রীগৌরনিত্যানন্দবিধূ বিজয়েতেতমাম্

প্রকাশয়িত্রীর নিবেদন

জয়তি জয়তি দেবঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রো জয়তি জয়তি কীর্তিস্তস্য নিত্যা পবিত্রা।
জয়তি জয়তি ভৃত্যস্তস্য বিশ্বেশমূর্তেঃ জয়তি জয়তি নৃত্যং তস্য সর্বপ্রিয়াণাম্॥

শ্রীশ্রীগৌরনিত্যানন্দের অপার কৃপায় বহু বিঘ্ন সত্ত্বেও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্বিকা-গিরিধারি-সেবা-সমর্পিতপ্রাণ নিত্যধামগত পণ্ডিতপ্রবর শ্রীমৎসুন্দরানন্দদাস বিদ্যাবিনোদ মহোদয়ের সংকলিত পাণ্ডুলিপি হইতে তৎসম্পাদিত "শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত" মহাগ্রন্থের আদিলীলা সহৃদয় সজ্জনগণের আস্বাদনার্থ আত্মপ্রকাশ করিলেন। শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদ রচিত এই অপরূপ গ্রন্থরত্নের সমুজ্জ্বল জ্যোতি শুধু বঙ্গ-সাহিত্যাকাশকে ও সাধকগণের হৃদয়গুহাকে উদ্ভাসিত করে নাই, নিত্যমুক্ত মহাজনগণও এই আলোকস্তম্ভের সাহায্যে প্রেমভক্তি সমুদ্রে সঞ্চরণ করিতেছেন।

বঙ্গসাহিত্যের অন্য কোন গ্রন্থের শ্রীচৈতন্যচরিতামৃতের মত এত বিভিন্ন সংস্করণ প্রকাশিত হয় নাই। তথাপি প্রস্তুত সংস্করণ সজ্জনগণের করকমলে এই উদ্দেশ্যে অর্পিত হইলেন যে, ইহাতে একাধারে অদ্যাবধি প্রকাশিত প্রধান প্রধান দশটি মুদ্রিত সংস্করণ এবং বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ, কলিকাতা ও ঢাকা বিশ্ববিদ্যালয়, শ্রীধাম বৃন্দাবন, শ্রীধাম নবদ্বীপ ও শ্রীপাট গোপীবল্লভপুরে রক্ষিত দশটি প্রাচীন পুঁথির পাঠান্তরাদি বিজ্ঞান-সম্মতরূপে সন্তুলন করা হইয়াছে। ইহা ছাড়া এই সংস্করণে গ্রন্থধৃত সকল সংস্কৃত শ্লোকের বঙ্গানুবাদ এবং মাদ্রাজ গভর্নমেন্ট ওরিয়েন্টাল ম্যানাস্ক্রিপ্টস্ লাইব্রেরীতে রক্ষিত প্রাচীন হস্তলিপি হইতে শ্রীনিত্যানন্দাধিকারি-বিরচিত অপ্রকাশিতপূর্ব 'শ্রীগৌরভক্ত-বিনোদিনী' টীকা ও লণ্ডনস্থিত ইণ্ডিয়া অফিস লাইব্রেরীতে রক্ষিত প্রাচীন তালপত্রে উড়িয়া অক্ষরে লিখিত করলিপি হইতে শ্রীচৈতন্যচরিতামৃতের অপ্রকাশিতপূর্ব সংস্কৃত পদ্যানুবাদ সর্বপ্রথম সহৃদয়-সমাজে পরিবেশিত হইলেন। এই সকল সংস্করণ ও করলিপির সম্পূর্ণ তালিকা [২৪] পৃষ্ঠায় উল্লিখিত হইয়াছে। যে সকল মহানুভাবগণের সম্পাদিত ও সংস্করণাদি হইতে এবং যে সমস্ত ধার্মিক ও বিদ্বৎসংস্থার সৌজন্যে করলিপির পাঠান্তরাদি নিত্যধামগত সম্পাদক মহাশয় গ্রহণ করিয়াছেন, তাঁহাদিগের প্রতি এই প্রকাশয়িত্রী প্রভূত শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করিতেছে।

এই সংস্করণের মুদ্রণ ও প্রকাশন কার্যে শ্রীধাম নবদ্বীপবাসী প্রাচীন বৈষ্ণব শ্রীনবীনকৃষ্ণ-দাস বিদ্যালঙ্কার মহোদয়, পণ্ডিত শ্রীকানাইলাল অধিকারী কাব্য-বেদান্ত-বৈষ্ণবদর্শন তীর্থ, পুরাণ-ভক্তিরত্ন, ময়ূরভঞ্জ-নিবাসী অধ্যাপক পণ্ডিত শ্রীমান্ ফকিরমোহন দাস সাহিত্যাচার্য, শ্রীধাম বৃন্দাবনবাসী পণ্ডিত শ্রীজ্যোতিরভ্যন্তররূপ দাসজী, কলিকাতা পৌরসভার সহ-সচিব শ্রীঅহীন্দ্র নারায়ণ শর্মা চৌধুরী মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পূর্তবিভাগের অধ্যক্ষ বাস্তুকার পানিহাটি-নিবাসী পরমভাগবত শ্রীমণীন্দ্রনাথ গুহ, মেদিনীপুর-নিবাসী পরমভাগবত শ্রীযতীন্দ্রনাথ ভুঞা ও শ্রীমন্মথমোহন রায় প্রমুখ যে সকল মহোদয় ব্যক্তি অশেষ ত্যাগস্বীকার করিয়া স্বেচ্ছায় সহায়তা করিয়াছেন, তাঁহাদের সকলকে প্রকাশয়িত্রী আন্তরিক শ্রদ্ধা নিবেদন করিতেছে। বিশেষতঃ পণ্ডিত শ্রীকানাইলাল অধিকারীর একান্ত উৎসাহ ও সহযোগিতা না পাইলে এই সংস্করণ এত শীঘ্র প্রকাশ করা সম্ভবপর হইত না। বাসন্তী আর্ট প্রেসের স্বত্বাধিকারী শ্রীদেবেন্দ্রনাথ নাথ মহাশয়ও এই গ্রন্থ প্রকাশে সর্বতোভাবে সহযোগিতা করিয়া কৃতজ্ঞতাভাজন হইয়াছেন।

প্রস্তুত সংস্করণে শ্রীচৈতন্যচরিতামৃতের আদিলীলা প্রকাশিত হইলেন। মধ্যলীলা এবং সম্পূর্ণ গ্রন্থের স্থান, কাল, পাত্র, উদ্ধৃতি, দার্শনিক, আলঙ্কারিক ও অন্যান্য পারিভাষিক শব্দসূচী প্রভৃতি বহু মূল্যবান্ সূচী, শ্রীচৈতন্যচরিতামৃতের এযাবৎ প্রকাশিত সংস্করণ ও বিভিন্ন ভাষায় অনুবাদের সম্পূর্ণ তালিকা, শ্রীচৈতন্যচরিতামৃত-বিষয়ে বিস্তৃত গ্রন্থপঞ্জী (Bibliography) ও অন্যান্য অমূল্য তথ্যাদিসহ অন্ত্যলীলা প্রকাশ করিবার ইচ্ছা রহিল। স্বধামগত সম্পাদকের অন্তিম ইচ্ছা অনুযায়ী এই গ্রন্থের প্রচারলব্ধ আনুকূল্য কেবল ভক্তিগ্রন্থপ্রকাশেই ব্যয়িত হইবে।

India Office Library
COMMONWEALTH RELATIONS OFFICE
KING CHARLES STREET · LONDON · SW1
Whitehall 2323

IOL/AE2 23rd June 1964

Dear Sir,

Thank you for your letter dated 9th June.

We are extremely sorry to learn of the death of your revered father, whose loss will, we feel sure, be greatly felt in the world of scholarship, as well as in his own personal circle.

At the same time, we are very glad to know that the fruits of his labours are to be preserved. It is with pleasure, therefore, that we give our permission for the publication of the manuscript of the Sanskrit version of the Caitanya-caritāmrta, as requested in your letter.

Acknowledgment of the source of the manuscript will be much appreciated.

Yours faithfully,

T.C.H. Raper

T.C.H. Raper
Assistant Keeper

Achyutananda Das Esq.,
'Sripat - Parag',
168/2, South Sinthee Road,
Calcutta-50,
India.

শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভু

(সংক্ষিপ্ত জীবনী)

কবিরাজের পূর্ব পরিচয়

শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভু "শ্রীশ্রীচৈতন্য-চরিতামৃত"-গ্রন্থের রচয়িতা বলিয়া বিখ্যাত। যদিও বৈষ্ণব-মণ্ডলে প্রচারিত যে, তিনি "শ্রীগোবিন্দলীলামৃত"-গ্রন্থরচনা করিয়া "কবিরাজ গোস্বামী" নামে প্রসিদ্ধ হইয়াছিলেন, তথাপি 'শ্রীচৈতন্যচরিতামৃত' হইতেই তাঁহার নাম-সৌরভ জগতে অধিক বিস্তারিত হইয়াছে। তিনি পিতৃ-মাতৃ-প্রদত্ত কি নামে পরিচিত ছিলেন, তাহা আমরা জানি না।[১]

শ্রীল কবিরাজ পারমার্থিক জীবনে 'শ্রীকৃষ্ণদাস'-নামে পরিচিত এবং পারমার্থিক আত্মীয়-সমাজে 'কবিরাজ গোস্বামি'-নামে প্রসিদ্ধ ছিলেন। শ্রীল রঘুনাথদাস গোস্বামি-প্রভু তাঁহার 'মুক্তাচরিতে'র উপসংহারে শ্রীল কৃষ্ণদাসকে **কবিভূপতি** বলিয়া উল্লেখ করিয়াছেন।

"যস্য সঙ্গবলতোঽদ্ভুতা ময়া, মুক্তিকোত্তম-কথা প্রচারিতা।
তস্য **কৃষ্ণকবিভূপতে**র্ব্রজে, সঙ্গতির্ভবতু মে ভবে ভবে॥"

যাঁহার সঙ্গ-প্রভাবে এই অদ্ভুত ও উত্তম মুক্তাচরিত কথা আমার দ্বারা প্রচারিত হইল, সেই কবিভূপতি শ্রীল কৃষ্ণদাসের সঙ্গ শ্রীব্রজমণ্ডলে জন্মে জন্মে আমার লাভ হউক।

আত্মচরিত

শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতে' (আদিলীলার পঞ্চম পরিচ্ছেদে) যে স্বীয় সংক্ষিপ্ত পরিচয় প্রদান করিয়াছেন, তাহা হইতে জানা যায়,—তিনি 'ঝামটপুর'-গ্রামে অবতীর্ণ হন। ঝামটপুরগ্রামটী নৈহাটী-নামক গ্রামের নিকটবর্তী। নৈহাটী এককালে সমৃদ্ধ গ্রাম ছিল। বর্দ্ধমান জেলার অন্তর্গত কাটোয়া হইতে ৮মাইল উত্তরে গঙ্গার পশ্চিম উপকূলে বর্ত্তমান 'ঝামটপুর বারহান' রেল-ষ্টেশনের সন্নিহিত 'ঝামটপুর'-গ্রাম। ঐ স্থান হাওড়া হইতে ৯৮ মাইল। শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর পূর্বাশ্রমের স্মৃতিচিহ্নস্বরূপ তথায় শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের একটী সেবা অদ্যাপি পরিদৃষ্ট হয়। তাঁহার পূর্বাশ্রমের কোন আত্মীয়-স্বজনের অধস্তন কেহই সম্প্রতি তথায় থাকিয়া আর তাঁহার কোন পরিচয় প্রদান করেন না।

স্বপ্নে শ্রীনিত্যানন্দ-প্রভুর আজ্ঞা পাইয়া শ্রীল কৃষ্ণদাস ঝামটপুর পরিত্যাগ করিয়া তাঁহার প্রকট-লীলা-কালের শেষ-মুহূর্ত পর্যন্ত শ্রীব্রজমণ্ডলে বাস করিয়াছিলেন। শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর ভাষায় তাঁহার গৃহত্যাগের বিবরণ নিম্নে উদ্ধৃত হইল—

"অবধূত গোসাঞির এক ভৃত্য প্রেমধাম।
মীনকেতন রামদাস হয় তাঁ'র নাম॥
আমার আলয়ে অহোরাত্র-সংকীর্তন।
তাহাতে আইলা তেঁহো পাঞা নিমন্ত্রণ॥
মহাপ্রেমময় তেঁহো বসিলা অঙ্গনে।
সকল বৈষ্ণব তাঁ'র বন্দিলা চরণে॥
* * *
গুণার্ণব মিশ্র-নামে এক বিপ্র আর্য।
শ্রীমূর্তি-নিকটে তেঁহো করে' সেবা-কার্য॥

১। তাঁহার পূর্বাশ্রমের পিতা, মাতা ও ভ্রাতার কতিপয় নামের কথা শুনিতে পাওয়া যায়। "বঙ্গভাষা ও সাহিত্য"-পুস্তকে (৬ষ্ঠ সং. ৩৩০ পৃষ্ঠা) ডাঃ দীনেশ চন্দ্র সেন মহাশয় লিখিয়াছেন —মুকুন্দদেব গোস্বামী নামক শ্রীল কৃষ্ণদাস কবিরাজের একজন শিষ্য তৎকৃত 'আনন্দরত্নাবলী'-নামক পুস্তকে লিখিয়া গিয়াছেন,—'কৃষ্ণদাস কবিরাজ বৈদ্যবংশে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা ভগীরথ চিকিৎসা-ব্যবসায়ী ছিলেন। কৃষ্ণদাসের যখন ছয় বৎসর বয়ঃক্রম, তখন তাঁহার পিতা দেহত্যাগ করেন। কৃষ্ণদাসের কনিষ্ঠ শ্যামদাস তখন চারি বৎসরের শিশু। তাঁহাদের মাতা সুনন্দা স্বামীর মৃত্যুর কিছুদিন পরেই পরলোক গমন করেন। কৃষ্ণদাস ও শ্যামদাস তাঁহাদের পিসীমাতার গৃহে পালিত হন।"

এই সকল বিবরণ মহাজনের দ্বারা স্বীকৃত বা কোন প্রামাণিক ঐতিহাসিক ভিত্তির উপর স্থাপিত কিনা জানা নাই।

অঙ্গনে আসিয়া তেঁহো না কৈল সম্ভাষ।
তাহা দেখি' ক্রুদ্ধ হঞা বলে' রামদাস॥
'এই ত' দ্বিতীয় সূত 'রোমহরষণ।'
বলদেব দেখি' যে না কৈল প্রত্যুদ্গম॥
এত বলি' নাচে, গায়, করয়ে সন্তোষ।
'কৃষ্ণকার্য করে' বিপ্র না করিলা রোষ॥
উৎসবান্তে গেলা তিঁহো করিয়া প্রসাদ।
মোর ভ্রাতা-সনে তা'র কিছু হৈল বাদ॥
চৈতন্যপ্রভুতে তা'র সুদৃঢ় **বিশ্বাস**।
নিত্যানন্দ-**বিষয়ে** তা'র **বিশ্বাস-আভাস**॥
ইহা শুনি' রামদাসের দুঃখ হইল মনে।
তবে ত' ভ্রাতারে আমি করিনু ভৎর্সনে॥
'দুই ভাই একতনু—সমান প্রকাশ।
নিত্যানন্দ না মান', তোমার হ'বে সর্বনাশ॥
একেতে বিশ্বাস, অন্যে না কর' সম্মান।
'অর্ধকুক্কুটি-ন্যায়' তোমার প্রমাণ॥
কিম্বা, দুই না মানিঞা হও ত' পাষণ্ড।
একে মানি' আরে না মানি'—এইমত ভণ্ড॥'
ক্রুদ্ধ হইয়া বংশী ভাঙ্গি' চলে রামদাস।
তৎকালে আমার ভ্রাতার হৈল সর্বনাশ॥
এই ত' কহিল তাঁ'র সেবক-প্রভাব।
আর এক কহি তাঁ'র দয়ার স্বভাব॥
ভাইকে ভৎর্সিনু মুঞি, লঞা এই গুণ।
সেই রাত্রে প্রভু মোরে **দিলা দরশন**॥
নৈহাটি-নিকটে **'ঝামটপুর'**-নামে গ্রাম।
তাঁহা **স্বপ্নে দেখা দিলা** নিত্যানন্দ-রাম॥
দণ্ডবৎ হৈয়া আমি পড়িনু পায়েতে।
নিজপাদপদ্ম প্রভু দিলা মোর মাথে॥
'উঠ', 'উঠ' বলি' মোরে বলে' বার বার।
উঠি' তাঁ'র রূপ দেখি' হৈনু চমৎকার॥

* * *

আনন্দে বিহ্বল আমি, কিছুই না জানি।
তবে হাসি' প্রভু মোরে কহিলেন বাণী॥
'আরে আরে কৃষ্ণদাস! না করহ ভয়।
বৃন্দাবনে যাহ, তাঁহা সর্ব লভ্য হয়॥'
এত বলি' প্রেরিলা মোরে হাতসান দিয়া।
অন্তর্ধান কৈলা প্রভু নিজগণ লঞা॥
মূর্ছিত হইয়া মুঞি পড়িনু ভূমিতে।
স্বপ্নভঙ্গ হৈল, দেখি—হঞাছে প্রভাতে॥
কি দেখিনু, কি শুনিনু, করিয়ে বিচার।
প্রভু-আজ্ঞা হৈল বৃন্দাবন যাইবার॥
সেইক্ষণে বৃন্দাবনে করিনু **গমন**।
প্রভুর কৃপাতে সুখে আইনু বৃন্দাবন॥
জয় জয় **নিত্যানন্দ**, নিত্যানন্দ-রাম।
যাঁহার কৃপাতে পাইনু **বৃন্দাবন-ধাম**॥
জয় জয় নিত্যানন্দ, জয় কৃপাময়।
যাঁহা হৈতে পাইনু **রূপ-সনাতনাশ্রয়**॥
যাঁহা হৈতে পাইনু **রঘুনাথ-মহাশয়**।
যাঁহা হৈতে পাইনু **শ্রীস্বরূপ-আশ্রয়**॥
সনাতন-কৃপায় পাইনু ভক্তির সিদ্ধান্ত।
শ্রীরূপ-কৃপায় পাইনু ভক্তিরসপ্রান্ত॥
জয় জয় **নিত্যানন্দ**-চরণারবিন্দ।
যাঁহা হৈতে পাইনু **শ্রীরাধাগোবিন্দ**॥
জগাই মাধাই হৈতে মুঞি ত পাপিষ্ঠ।
পুরীষের কীট হৈতে মুঞি ত লঘিষ্ঠ॥
মোর নাম শুনে যেই, তা'র পুণ্যক্ষয়।
মোর নাম লয় যেই, তা'র পাপ হয়॥
এমন নির্ঘৃণ-মোরে কেবা কৃপা করে'?
এক-নিত্যানন্দ বিনু জগৎ-ভিতরে॥
প্রেমে মত্ত **নিত্যানন্দ** কৃপা-অবতার।
উত্তম, অধম, কিছু না করে' বিচার॥
যে আগে পড়য়ে, তা'রে করয়ে নিস্তার।
অতএব **নিস্তারিলা** মো-হেন দুরাচার॥
মো-পাপিষ্ঠে **আনিলেন শ্রীবৃন্দাবন**।
মো-হেন অধমে **দিলা শ্রীরূপচরণ**॥
শ্রীমদনগোপাল-শ্রীগোবিন্দ-দরশন।
কহিবার যোগ্য নহে এসব কথন॥

বৃন্দাবন-পুরন্দর শ্রীমদনগোপাল।
রাসবিলাসী সাক্ষাৎ ব্রজেন্দ্রকুমার॥
শ্রীরাধা-ললিতা-সঙ্গে রাস-বিলাস।
মন্মথ মন্মথরূপে যাঁহার প্রকাশ॥

* * *

স্বমাধুর্যে লোকের মন করে' আকর্ষণ।
দুই পাশে রাধা-ললিতা করেন সেবন॥
নিত্যানন্দ-দয়া মোরে তাঁ'রে দেখাইল।
শ্রীরাধা-মদনমোহনে প্রভু করি' দিল॥

* * *

হেন যে গোবিন্দ প্রভু, পাইনু যাঁহা হৈতে।
তাঁহার চরণকৃপা কে পারে বর্ণিতে॥
বৃন্দাবনে বৈসে যত বৈষ্ণব-মণ্ডল।
কৃষ্ণনাম-পরায়ণ, পরম-মঙ্গল॥
যাঁ'র প্রাণধন—নিত্যানন্দ-শ্রীচৈতন্য।
রাধাকৃষ্ণ-ভক্তি বিনে নাহি জান অন্য॥
সে বৈষ্ণবের পদরেণু, তা'র পদ-ছায়া।
মো হেন অধমে দিল নিত্যানন্দ-দয়া॥
'তাঁহা সর্ব লভ্য হয়'—প্রভুর বচন।
সেই সূত্র, এই তা'র কৈলুঁ বিবরণ॥
সে সব পাইনু আমি বৃন্দাবন আয়।
সেই সব লভ্য এই প্রভুর অভিপ্রায়॥
আপনার কথা লিখি নির্লজ্জ হইয়া।
নিত্যানন্দগুণে লেখায় উন্মত্ত করিয়া॥"

(চৈ চ আ ৫।১৬১-১৬৩, ১৬৮-১৮৩, ১৯৪-২১৩, ২১৫-২১৬, ২২৬-২৩২)

শ্রীকৃষ্ণদাসের শিক্ষাগুরু ও দীক্ষাগুরু

শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর শ্রীশ্রীনিত্যানন্দ-প্রভুকে **শ্রীল** কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভুর 'মন্ত্রগুরু' বা 'দীক্ষা-গুরু' বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। শ্রীল চক্রবর্তী ঠাকুর '**শ্রী**চরিতামৃতে'র নিম্নলিখিত শ্লোক ও পয়ারের টীকায় এইরূপ লিখিয়াছেন,—

"বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্"

(চৈ চ আ ১।১)

শ্রীচক্রবর্তি-টীকা, — "নিজ **দীক্ষাগুরোঃ** প্রসিদ্ধত্বাৎ নামং নির্দেশো ন কৃতঃ" অর্থাৎ নিজদীক্ষাগুরু শ্রীনিত্যানন্দ-প্রভুর প্রসিদ্ধি-হেতু তাঁহার নাম নির্দেশ করা হয় নাই।

"কৃষ্ণ, গুরুদ্বয়, ভক্ত, অবতার, প্রকাশ।"

* * *

মন্ত্রগুরু আর যত **শিক্ষাগুরুগণ**।
তা'-সবার চরণ আগে করিএ বন্দন॥
শ্রীরূপ, সনাতন, ভট্ট রঘুনাথ।
শ্রীজীব, গোপাল ভট্ট, দাস রঘুনাথ॥
এই **ছয় গুরু শিক্ষাগুরু** যে আমার।
ইহাঁ সভার পাদপদ্মে করি নমস্কার॥

(চৈ চ আ ১।৩২, ৩৫-৩৭)

* * *

নিত্যানন্দ-রায় প্রভুর স্বরূপ-প্রকাশ।
তাঁ'র পাদপদ্ম বন্দো যাঁ'র মুঞি দাস॥

* * *

যদ্যপি আমার **গুরু—চৈতন্যের দাস**।
তথাপি জানিএ আমি **তাঁহার প্রকাশ**॥"

(চৈ চ আ ১।৪০, ৪৪)

শ্রীচক্রবর্তি-টীকা,—"দীক্ষাগুরু-শিক্ষাগুরুরূপেণ গুরুদ্বয়ম্॥ ৩২॥ গুরুনিত্যস্যার্থমাহ—মন্ত্রগুরু ইতি॥ ৩৫॥ শিক্ষাগুরু-নামান্যাহ—শ্রীরূপ ইতি। **শ্রীনিত্যানন্দস্য নিজগুরুত্বেন প্রসিদ্ধত্বাৎ নামোল্লেখো ন কৃত** ইতি॥৩৬॥ এতে ষড়্-গুরবঃ শিক্ষায়াং তত্ত্বশিক্ষায়ামিতি যাবৎ মম গুরব ইতি॥ ৩৭॥ তৎপ্রকাশাংশ্চৈত্যস্যার্থমাহ—নিত্যানন্দ ইতি গুরুত্বেনৈব প্রকাশত্বমিতি॥ ৪০॥ গুরুনিত্যস্য বিশেষমাহ—'যদ্যপি' ইতি; 'নিত্যানন্দরায় প্রভুর স্বরূপপ্রকাশ' ইত্যাদিনা, 'যদ্যপি' ইত্যাদিনা চ **'গুরু'-পদেনাত্র নিত্যানন্দ-প্রভুরেবেতি ব্যঞ্জিতম্**। নন্থ নিত্যানন্দপ্রভোর্বলরামত্বেন বলরামস্য তু বৈভবত্বেন কতরদ্ব্যাখ্যাহুষঙ্গত্বেন বিলাসত্বেন চ প্রাপ্তে কুতস্তস্য প্রকাশত্বমিত্যাহ—'যদ্যপি' ইত্যাদি;

গুরুত্বেনৈব প্রকাশত্বং, ন তু বাস্তবত্বেন ইতি ভাবঃ, প্রকাশত্বেনৈব তথাত্বমিতি ॥ ৪৪ ॥"

আবার কেহ কেহ শ্রীচৈতন্যচরিতামৃতের আদিলীলা (১০।১০৩) ও অন্ত্যলীলায় (২০।১৪৫)—

"তাঁহার সাধনরীতি শুনিতে চমৎকার।
সেই রঘুনাথদাস প্রভু যে আমার॥"
"শ্রীস্বরূপ, শ্রীরূপ, শ্রীসনাতন।
গুরু শ্রীরঘুনাথ, শ্রীজীবচরণ॥"

—এই স্থানে শ্রীরঘুনাথের পরে 'প্রভু' শব্দ এবং পূর্বে 'গুরু'-শব্দের ব্যবহার দেখিয়া শ্রীল রঘুনাথ দাস গোস্বামি-প্রভুকে শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর 'মন্ত্রগুরু' বলিয়া সিদ্ধান্ত করেন। আবার কেহ কেহ শ্রীশ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামি প্রভুকে শ্রীল কৃষ্ণদাসের 'দীক্ষাগুরু' বলিতে চাহেন। শেষোক্ত শ্রেণীর মধ্যে কেহ কেহ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভুকে রূপ-কবিরাজের 'পরমগুরু' এবং শ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামিপ্রভুকে সেই গুরুপরম্পরায় শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর 'মন্ত্রগুরু' বা 'দীক্ষা-গুরু' বলেন।

প্রামাণিক তথ্য ও শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর স্বলিখিত বিবরণ হইতে যতটা আলোক পাওয়া যায়, তাহাই মহাজনের অনুগত হইয়া গ্রহণ করা উচিত।

শ্রীকৃষ্ণদাসের সঙ্গী

শ্রীশ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু শ্রীরূপানুগবর বলিয়া প্রসিদ্ধ। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় 'প্রার্থনা'য় শ্রীশ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুকে শ্রীব্রজবাসী ভক্তগণের মধ্যে 'রসিক' বলিয়া কীর্তন করিয়াছেন—

"কৃষ্ণদাস কবিরাজ, **রসিক** ভকতমাঝ,
যেঁহ কৈল চৈতন্যচরিত।
গৌরগোবিন্দলীলা, শুনিতে গলয়ে শিলা,
তাহাতে না হৈল মোর চিত॥"

শ্রীশ্রীল সনাতন গোস্বামিপ্রভু 'শ্রীহরিভক্তিবিলাসে'র 'মঙ্গলাচরণে' শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুকে শ্রীশ্রীল লোকনাথ গোস্বামিপ্রভুর সঙ্গী, প্রীতিভাজন ও শ্রীবৃন্দাবনে একসঙ্গে অবস্থানকারী বলিয়া বর্ণন করিয়াছেন,—

"কাশীশ্বরঃ কৃষ্ণবনে চকাস্তু, শ্রীকৃষ্ণদাসশ্চ সলোকনাথঃ॥"

দিগ্‌দর্শিনী টীকা—

'কৃষ্ণবনং বৃন্দাবনং, তাপনীয়শ্রুত্যুক্তানুসারাৎ; তস্মিন্ ক্রীড়তু শ্রবণকীর্তনাদিভক্ত্যা সুখং নিবসত্বিত্যর্থঃ। লোক-নাথেন সহ বর্ততে ইতি তথা সঃ, ইত্যন্যোহন্যং তয়োঃ প্রীতি-বিশেষঃ সূচিতঃ; এবঞ্চ যদৈষাং তত্র তত্র নিবাসস্তদানীময়ং গ্রন্থো জাত ইত্যাপ্যপি সূচিতম্॥"

শ্রীবৃন্দাবনে শ্রীকাশীশ্বর গোস্বামি শোভা বিস্তার করুন। শ্রীলোকনাথ গোস্বামর সহিত শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি শ্রবণ-কীর্তনাদি আবেশময়ী ভক্তির অনুষ্ঠান করিয়া সুখে অবস্থান করুন। 'শ্রীলোকনাথের সহিত অবস্থান'—ইহার দ্বারা শ্রীলোকনাথ ও শ্রীকৃষ্ণদাস কবিরাজের পরস্পর প্রীতিবিশেষ সূচিত হইয়াছে। ইহাদের প্রকটকালে 'শ্রীহরিভক্তিবিলাস' রচিত হইয়াছে, ইহাও ব্যক্ত হইয়াছে।

আবির্ভাব-কাল

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপ্রভুর আবির্ভাব-কাল-সম্বন্ধে কোন প্রামাণিক স্থির নির্দেশ পাওয়া যায় না। তাঁহার শ্রীচরিতামৃত-রচনার কাল সম্বন্ধেও বিভিন্ন মত প্রচারিত আছে। কেহ শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুর আবির্ভাব-কাল ১৪৯৬ খৃষ্টাব্দ, কেহ বা ১৫১৭ খৃষ্টাব্দ, কেহ বা ১৫২৭ খৃষ্টাব্দ—এরূপ নানা প্রকার তারিখ অনুমান-প্রমাণবলে স্থির করিবার চেষ্টা করিয়াছেন। শ্রীল কৃষ্ণ-দাসের আবির্ভাব-কাল-নির্ণয়-প্রসঙ্গে নিম্নলিখিত কয়েকটী তথ্য আলোচনা করা যাইতে পারে।

(১) কতিপয় শ্রীচৈতন্যচরিতামৃত-পুঁথির শেষভাগে গ্রন্থসমাপ্তি-কাল ১৫৩৭ শকাতীতাব্দ (১৬১৫ খৃষ্টাব্দ) বলিয়া উল্লিখিত আছে, -

"শাকে সিন্ধ্বগ্নি-বাণেন্দৌ জ্যৈষ্ঠে বৃন্দাবনান্তরে।
সূর্যাহেহসিতপঞ্চম্যাং গ্রন্থোহয়ং পূর্ণতাং গতঃ॥"

এই শ্লোকটি কাহারও কাহারও মতে লিপিকারের, গ্রন্থকারের নহে।

(২) শ্রীচরিতামৃত-গ্রন্থাভ্যন্তরে (ম ১।৪৪) শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভু যে সকল গ্রন্থের নামোল্লেখ করিয়াছেন, তন্মধ্যে 'শ্রীগোপালচম্পূ'র নাম দৃষ্ট হয়,—

"গোপালচম্পূ-নামে গ্রন্থ মহাশূর।
নিত্যলীলা-স্থাপন যাহে ব্রজরসপূর॥"

গোপালচম্পূ পূর্ববিভাগ* ১৬৪৫ সংবতে (১৫১০ শকাব্দে (১৫৮৮ খৃষ্টাব্দে) এবং উত্তর বিভাগ † বৈশাখ সংবৎ ১৬৪৯ ১৫১৪ শকাব্দে (১৫৯২ খৃষ্টাব্দে) সমাপ্ত হয়।

সুতরাং 'গোপালচম্পূ'র অন্ততঃ পূর্ববিভাগ-রচনার পর অর্থাৎ ১৫১০ শকাব্দের অথবা ১৫৮৮ খৃষ্টাব্দের পর শ্রীচৈতন্যচরিতামৃত রচিত হইয়াছিল।

এই যুক্তির প্রতিকূলেও আবার কেহ কেহ অভিমত প্রকাশ করেন যে, গোস্বামিগণের গ্রন্থের শেষে পুষ্পিকা-শ্লোক অনেক সময় প্রক্ষিপ্ত দেখিতে পাওয়া যায়, যেমন—শ্রীরূপের শ্রীদানকেলিকৌমুদী-ভাণিকার অনেক পুঁথির শেষের শ্লোকে উক্ত গ্রন্থের রচনাকাল পাওয়া যায়—১৪৭১ শকাব্দ বা ১৫৪৯ খৃষ্টাব্দ, কিন্তু এই ভাণিকা হইতে শ্লোক ১৫৪১ খৃষ্টাব্দে সমাপ্ত শ্রীভক্তিরসামৃতসিন্ধুতে উদাহরণস্বরূপ উদ্ধৃত হইয়াছে। যাঁহারা এই মত সমর্থন করেন, তাঁহাদের যুক্তি এই যে, যখন শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর অপর দুইটি গ্রন্থ 'শ্রীগোবিন্দলীলামৃত'-মহাকাব্য ও 'শ্রীকৃষ্ণকর্ণামৃতে'র টীকা 'সারঙ্গরঙ্গদা'য় কোনরূপ তারিখ-জ্ঞাপক পুষ্পিকা-শ্লোক নাই, তখন শ্রীচৈতন্যচরিতামৃতের পুষ্পিকা-শ্লোকটী নিশ্চয়ই গ্রন্থকারের নহে, অন্য কোন লিপিকারের।

ইহার উত্তর এই যে, অনুমান-প্রমাণবলে কোন বাস্তব সত্য নিরূপিত হয় না, কেবল সংশয়াত্মা হইতে হয়। গোস্বামিগণের কোনও গ্রন্থের পুষ্পিকা প্রক্ষিপ্ত বা লিপিকারের লিখিত, ইহা অনুমান বা প্রতিপন্ন করিয়া সমস্ত পুষ্পিকাকেই ঐরূপ প্রক্ষিপ্ত বা লিপিকার-রচিত বলিয়া অনুমান করিলে কোন সত্য-সিদ্ধান্তেই উপনীত হওয়া যাইবে না। অনেক সময় কোন গ্রন্থকার একটী শ্লোককেই তাঁহার বিভিন্ন গ্রন্থে উদ্ধার করিতে পারেন। সুতরাং সেই গ্রন্থকারের কোন্ গ্রন্থ পূর্ব্বে ও পরে, তাহাও দুই-একটি শ্লোকের সমতা দেখিয়া নির্ণীত হয় না; তবে যদি ভিন্ন গ্রন্থকার হন, তাহা হইলে যিনি অন্য গ্রন্থের শ্লোক উদ্ধার করিয়াছেন, সেই গ্রন্থের রচয়িতা নিশ্চয়ই পূর্ববর্তী বলিয়া প্রমাণিত হন।

কেহ কেহ বলেন,—'গোপালচম্পূ' সুবৃহৎ গ্রন্থ। ইহা সমাপ্ত করিতে বহু বর্ষ লাগিয়াছিল। সুতরাং হয় ত' শ্রীকবিরাজ গোস্বামী প্রভু গ্রন্থের আরম্ভের কথা জানিয়াই শ্রীল শ্রীজীবগোস্বামী প্রভুর গ্রন্থাবলীর তালিকার মধ্যে শ্রীগোপালচম্পূর নাম উল্লেখ করিয়াছেন।

বস্তুতঃ 'গোপালচম্পূ' পূর্ববিভাগ ও উত্তর-বিভাগের রচনা-সমাপ্তিকালের মধ্যে পার্থক্য মাত্র চারি বৎসর। যদি 'গোপালচম্পূ'র পূর্ববিভাগ বহু পূর্বে আরম্ভ করাই হইয়া থাকে, তাহা হইলেও 'নিত্যলীলা-স্থাপন যাহে ব্রজরসপূর' শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর এই উক্তির মর্ম প্রণিধান না করিয়া কোন আনুমানিক অভিমত স্থাপিত হইতে পারে না। এই উক্তিটী উত্তরচম্পূর শেষ-ভাগের শ্রীকৃষ্ণের ব্রজাগমন বিষয়ক বিচারকে লক্ষ্য করিয়াই যে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলেন নাই, তাহা কে বলিতে পারেন?

১৪৬৩ শকে বা ১৫৪১ খৃষ্টাব্দে সমাপ্ত শ্রীভক্তিরসামৃত-সিন্ধুতে শ্রীদানকেলিকৌমুদী ভাণিকার কোন কোন শ্লোক উদ্ধৃত হইয়াছে বলিয়াই যে ঐ পুষ্পিকাটি প্রক্ষিপ্ত, তাহাও বলা যায় না। হয় ত' শ্রীল রূপগোস্বামী প্রভু ভাণিকা-রচনার সম-সময়ে বা কিঞ্চিৎ পরে 'শ্রীভক্তিরসামৃতসিন্ধু' রচনা আরম্ভ করিয়া সেই সময় পর্যন্ত রচিত ভাণিকার কিয়দংশ হইতে কোন কোন শ্লোক উদ্ধার করিয়াছেন এবং শ্রীভক্তি-রসামৃতসিন্ধু-রচনা শেষ করিয়া পরে ভাণিকার শেষাংশ-রচনা সমাপ্ত করিয়াছেন। শ্রীদানকেলিকৌমুদীর মুদ্রিত সংস্করণে মোট ৪১৪টি অনুচ্ছেদ আছে, কন্তু শ্রীভক্তিরসামৃত-

---

* সংবৎ পঞ্চকবেদষোড়শযুতং শাকং দশখেকভাগ্-
জাতং যর্হি তদাখিলং বিলিখিতা গোপালচম্পূরিয়ম্। (পূর্ব, ৩৩।৩৯)

† পবন-কলামিতি সম্বদ্বিন্দন্ বৃন্দাবনান্তঃস্থঃ।
জীবঃ কশ্চন চম্পূং, সম্পূর্ণাঙ্গীচকার বৈশাখে॥

অথবা—
বিন্ধ্য-শরেন্দুশাকমিতি প্রথমচরণঃ প্রচারণীয়ঃ।

(উত্তর, ৩৭।২৩২-৩৩)

সিন্ধুতে ৭ম, ৫৫তম, ৭৯তম ও সর্বোর্দ্ধে ১১৭তম অনুচ্ছেদ হইতে শ্লোক উদ্ধৃত হইয়াছে।

(৩) এতদ্ব্যতীত শ্রীগোস্বামি-গ্রন্থের মধ্যে যে সকল গ্রন্থের সন-তারিখ পাওয়া যায়, তন্মধ্যে শ্রীভক্তিরসামৃতসিন্ধু ১৪৬৩ শকাব্দে অর্থাৎ ১৫৪১ খৃষ্টাব্দে * রচিত। শ্রীচৈতন্য-চরিতামৃতে প্রায় একশত স্থানে (৯১) ভক্তিরসামৃতসিন্ধুর প্রমাণসমূহ উদ্ধৃত হইয়াছে এবং শ্রীরূপ-শ্রীসনাতন-শিক্ষায় ও শ্রীগৌররামানন্দ-সংবাদের অনেক স্থানে শ্রীভক্তিরসামৃত-সিন্ধুর অবিকল পদ্যানুবাদ ও তাৎপর্যানুবাদ লিপিবদ্ধ আছে।

(৪) শ্রীশ্রীরূপ গোস্বামী প্রভুর 'শ্রীবিদগ্ধমাধব' ১৫৮৯ সংবৎ—১৩৫=১৪৫৪ শক=১৫৩২ খৃষ্টাব্দে† সমাপ্ত এবং 'ললিত মাধব' ১৪৫৯ শকাব্দ=১৫৩৭ খৃষ্টাব্দে § জ্যৈষ্ঠ-মাসের চতুর্থী তিথিতে রবিবারে সমাপ্ত হয়। শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীশ্রীরূপ গোস্বামী প্রভুর উক্ত নাটকদ্বয়ের নামোল্লেখ, বিবরণ ও তাহা হইতে উদ্ধৃত শ্লোকাবলী দৃষ্ট হয়।

'শ্রীভক্তিরসামৃতসিন্ধু'র পরে 'শ্রীউজ্জ্বলনীলমণি' রচিত হইয়াছে। 'উজ্জ্বলনীলমণি'র ১৭টি প্রমাণ-শ্লোক ও অনেক স্থানে তাৎপর্যানুবাদ শ্রীচরিতামৃতে পাওয়া যায়।

(৫) শ্রীকবিকর্ণপূরের 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়'-নাটকের রচনা-কাল উক্ত গ্রন্থের উপসংহারের পুষ্পিকা-শ্লোকানুসারে ✝ ১৪৯৪ শক=১৫৭২-৭৩ খৃষ্টাব্দ। ১৪০৭+৯৪=১৫০১ শক অর্থাৎ ১৫৭৯ খৃষ্টাব্দ। আফ্রেতের মতানুসারে ‡ 'শ্রীচৈতন্য-চন্দ্রোদয়'-নাটকের রচনাকাল ১৫৪৩ খৃষ্টাব্দ। শ্রীচৈতন্য-চরিতামৃতে 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়'-নাটকের বহু শ্লোক উদ্ধৃত হইয়াছে। এতদ্ব্যতীত আক্ষরিক পদ্যানুবাদ ও তাৎপর্যানুবাদ আছে।

(৬) শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতকার ত্রয়োবিংশ-সর্গাত্মক 'শ্রীগোবিন্দ-লীলামৃত' মহাকাব্যের প্রত্যেক সর্গের উপসংহারে লিখিয়াছেন,—'শ্রীচৈতন্যদেবের শ্রীপাদপদ্মের ভ্রমরস্বরূপ শ্রীরূপগোস্বামী প্রভুর সেবার ফলরূপ, কৃতী শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভুর আদিষ্ট, শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর সঙ্গগুণে সঞ্জাত ও শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামীর বর-সঞ্জাত 'শ্রীগোবিন্দ-লীলামৃত' মহাকাব্য।" **

ইহাতে শ্রীল সনাতন ও শ্রীল গোপাল ভট্ট প্রভুর নামোল্লেখ নাই। কেহ কেহ অনুমান করেন,—'শ্রীগোবিন্দ-লীলামৃত'-রচনার কালে শ্রীল সনাতন গোস্বামী প্রভু অপ্রকটলীলা আবিষ্কার করিয়াছিলেন এবং শ্রীল গোপাল ভট্ট গোস্বামী প্রভু তাঁহার বিষয় শ্রীল কবিরাজ গোস্বামীকে কোন গ্রন্থে উল্লেখ করিতে নিষেধ করিয়াছিলেন।

(৭) গ্রন্থরচনার সমসাময়িক শ্রীবৃন্দাবনবাসী ভক্তগণের তালিকা হইতে জানা যায় যে, তৎকালে শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী প্রভুর শিষ্য শ্রীঅনন্তাচার্যের শিষ্য পণ্ডিত শ্রীহরিদাস (যিনি শ্রীগোবিন্দদেবের সেবাধ্যক্ষ ও শ্রীক্ষেত্র-বাসিনী শ্রীগঙ্গামাতার § গুরুদেব ছিলেন), শ্রীকাশীশ্বর গোস্বামীর শিষ্য শ্রীগোবিন্দ গোস্বামী, শ্রীরূপ গোস্বামীর সঙ্গী শ্রীযাদবাচার্য গোস্বামী, শ্রীভূগর্ভ গোস্বামীর শিষ্য শ্রীগোবিন্দ-পূজক শ্রীচৈতন্যদাস, শ্রীমুকুন্দানন্দ চক্রবর্তী, প্রেমী

---

* রামাঙ্গশক্রগণিতে শাকে গোকুলমধিষ্ঠিতেনায়ম্।
শ্রীভক্তিরসামৃতসিন্ধুর্বিটঙ্কিতঃ ক্ষুদ্ররূপেণ॥

† নন্দসিন্ধুরবাণেন্দু-সংখ্যে সংবৎসরে গতে।
বিদগ্ধমাধবং নাম নাটকং গোকুলে কৃতম্॥

§ নন্দেষুবেদেন্দুমিতে শকাব্দে, শুক্রস্থ মাসস্থ তিথৌ চতুর্থ্যাম্।
দিনে দিনেশস্থ হরিং প্রণম্য, সমাপয়ং ভদ্রবনে প্রবন্ধম্॥

✝ শাকে চতুর্দ্দশশতে রবিবাজিযুতে, গৌরহরির্ধরণিমণ্ডল আবিরাসীৎ।
তস্মিংশ্চতুর্নবতিভাজি তদীয়-লীলা-গ্রন্থোঽয়মাবিরভবৎ
কতমস্থ বক্ত্রাৎ॥

কেহ কেহ নাটকের এই পুষ্পিকা-শ্লোকটি গ্রন্থকারের রচিত বলিয়া স্বীকার করেন না। তাঁহারা বলেন,—এই গ্রন্থের রচনা-কাল আরও অনেক পূর্বে।

‡ Catalogus Catalogorum', Part I, p. 86.

আফ্রেত কোনও কারণ নির্দ্দেশ না করিয়াই নাটকের ঐ তারিখ নির্ণয় করিয়াছেন।

** শ্রীচৈতন্যপদারবিন্দমধুপ-শ্রীরূপসেবাফলে
দিষ্টে শ্রীরঘুনাথদাসকৃতিনা শ্রীজীবসঙ্গোদ্গতে।
কাব্যে শ্রীরঘুনাথভট্টবরজে গোবিন্দলীলামৃতে
সর্গঃ কুঞ্জনিশান্তকেলিরচনং নামায়মাদির্গতঃ॥

§ পুরীর শ্রীগঙ্গামাতা-মঠের বিবরণ হইতে জানা যায় যে, শ্রীগঙ্গা-মাতা **১৭২১ খৃষ্টাব্দে** আশ্বিন মাসে শুক্লপক্ষের একাদশী-তিথিতে অপ্রকটলীলা আবিষ্কার করেন। তিনি **১২০ বৎসরকাল** এই ধরাধামে **প্রকট** ছিলেন।

শ্রীকৃষ্ণদাস, শ্রীঅদ্বৈতপ্রভুর শিষ্য শ্রীশিবানন্দ চক্রবর্তী, শ্রীগোসাঞিদাস পূজারি-প্রভৃতি বৈষ্ণবগণ প্রকটলীলা করিতেছিলেন। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের আজ্ঞা লইয়া এই গ্রন্থ-রচনা আরম্ভ করেন, তাহা শ্রীচরিতামৃত-পাঠে জানা যায়.—

"পণ্ডিত-গোসাঞির শিষ্য—অনন্ত আচার্য্য।
কৃষ্ণপ্রেমময় তনু, উদার, সর্ব-আর্য ॥
তাঁহার অনন্ত গুণ কে করু প্রকাশ।
তাঁ'র প্রিয় শিষ্য ইহা—পণ্ডিত হরিদাস ॥

* * *

নিরন্তর শুনে তেঁহো 'চৈতন্যমঙ্গল'।
তাঁহার প্রসাদে শুনেন বৈষ্ণব সকল ॥

* * *

তেঁহো অতি কৃপা করি' আজ্ঞা দিলা মোরে।
গৌরাঙ্গের শেষলীলা বর্ণিবার তরে ॥
কাশীশ্বর গোসাঞির শিষ্য—গোবিন্দ গোসাঞি।
গোবিন্দের প্রিয়সেবক তাঁ'র সম নাঞি ॥
যাদবাচার্য গোসাঞি শ্রীরূপের সঙ্গী।
চৈতন্যচরিতে তেঁহো অতি বড় রঙ্গী ॥
পণ্ডিত-গোসাঞির শিষ্য—ভূগর্ভ গোসাঞি।
গৌরকথা বিনা তাঁ'র মুখে অন্য নাই ॥
তাঁ'র শিষ্য—গোবিন্দ-পূজক চৈতন্যদাস।
মুকুন্দানন্দ চক্রবর্তী, প্রেমী কৃষ্ণদাস ॥
আচার্যগোসাঞির শিষ্য—চক্রবর্তী শিবানন্দ।
নিরবধি তাঁ'র চিত্তে শ্রীচৈতন্যানন্দ ॥
আর যত বৃন্দাবনে বৈসে ভক্তগণ।
শেষ-লীলা শুনিতে সবার হৈল মন ॥
মোরে আজ্ঞা করিলা সবে করুণা করিয়া।
তাঁ-সবার বোলে লিখি নির্লজ্জ হইয়া ॥
বৈষ্ণবের আজ্ঞা পাঞা চিন্তিত-অন্তরে।
মদনগোপালে গেলাঙ আজ্ঞা মাগিবারে ॥
দরশন করি' কৈলুঁ চরণ-বন্দন।
গোসাঞিদাস পূজারী করে' চরণ সেবন ॥
প্রভুর চরণে যদি আজ্ঞা মাগিল।
প্রভু-কণ্ঠ হৈতে মালা খসিয়া পড়িল ॥
সর্ব বৈষ্ণবগণ হরিধ্বনি দিল।
গোসাঞিদাস আনি' মালা মোর গলে দিল ॥
আজ্ঞামালা পাঞা আমার হইল আনন্দ।
তাহাই করিনু এই গ্রন্থের আরম্ভ ॥
এই গ্রন্থ লেখায় মোরে মদনমোহন।
আমার লিখন যেন শুকের পঠন ॥
সেই লিখি, মদনগোপাল মোরে যে লেখায়।
কাষ্ঠের পুত্তলী যেন কুহকে নাচায় ॥
কুলাধিদেবতা মোর—মদনমোহন।
যাঁর সেবক—রঘুনাথ, রূপ, সনাতন ॥
বৃন্দাবন-দাসের পাদপদ্ম করি' ধ্যান।
তাঁ'র **আজ্ঞা লঞা লিখি** যাহাতে কল্যাণ ॥
চৈতন্যলীলাতে 'ব্যাস'—বৃন্দাবন-দাস।
তাঁর' কৃপা বিনা অন্যে না হয় প্রকাশ ॥
মূর্খ, নীচ, ক্ষুদ্র মুঞি বিষয়-লালস।
বৈষ্ণবাজ্ঞা-বলে করি এতেক সাহস ॥
শ্রীরূপ-রঘুনাথ-চরণের এই বল।
যাঁ'র স্মৃতে সিদ্ধ হয় বাঞ্ছিত সকল ॥"

(চৈ চ আ ৮।৫৯-৬০,৬৩,৬৫-৮৪)

শ্রীবৃন্দাবনদাসের "**আজ্ঞা লঞা** লিখি"—এই উক্তি পাঠ করিয়া কেহ কেহ বলেন,—শ্রীচৈতন্যচরিতামৃত রচনার প্রাক্কালে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু তদানীন্তন শ্রীধাম-বৃন্দাবনবাসী শ্রীল ঠাকুর বৃন্দাবনের সাক্ষাৎ আজ্ঞা পাইয়াছিলেন এবং শ্রীশ্রীরূপ-রঘুনাথের কথা-প্রসঙ্গে "যাঁ'র স্মৃতে সিদ্ধ হয় বাঞ্ছিত সকল।"—উক্তিটির মধ্যে '**স্মৃতি**'-শব্দ' থাকায় তাঁহারা নিত্যলীলায় প্রবিষ্ট হইয়াছিলেন, সূচিত হয়।

শ্রীভক্তিরত্নাকরে লিখিত আছে, শ্রীগোপালভট্ট গোস্বামী প্রভু শ্রীল কবিরাজ গোস্বামিপ্রভুকে শ্রীচরিতামৃত-রচনার্থ আজ্ঞা প্রদান করেন।

"কৃষ্ণদাস কবিরাজ মহা হৃষ্ট হৈয়া।
বর্ণিলেন গ্রন্থ অনেকের আজ্ঞা লৈয়া ॥
শ্রীগোপাল ভট্ট হৃষ্ট হৈয়া **আজ্ঞা দিলা**।
গ্রন্থে নিজ প্রসঙ্গ বর্ণিতে নিষেধিলা ॥
কেনে নিষেধিলা, ইহা কে বুঝিতে পারে?

নিরন্তর অতি দীন মানে' আপনারে ॥
কবিরাজ তাঁ'র আজ্ঞা নারে লঙ্ঘিবারে।
নাম-মাত্র লিখে অন্য না করে প্রচারে ॥
লোকনাথ গোস্বামীহ ঐছে আজ্ঞা কৈল।
প্রাচীন-বৈষ্ণব-মুখে এ সব শুনিল ॥

(১ম তরঙ্গ, ২২১-২২৫)

(৯) শ্রীচৈতন্যচরিতামৃতে (আ ৮।৫১-৫৩) শ্রীগোবিন্দ-দেবের 'রাজসেবা'র এইরূপ বর্ণন আছে—

"শ্রীগোবিন্দদেব' নাম সাক্ষাৎ মদন ॥
রাজসেবা হয়, তাঁহা বিচিত্র প্রকার।
দিব্য সামগ্রী, দিব্য বস্ত্র-অলঙ্কার ॥
সহস্র সেবক সেবা করে অনুক্ষণ।"

অন্যত্র শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী প্রভুর প্রসঙ্গে লিখিত হইয়াছে (চৈ চ অ ১৩।১৩১),—

"নিজশিষ্যে কহি' **গোবিন্দের মন্দির** করাইলা।
বংশী, মকর-কুণ্ডলাদি ভূষণ করি' দিলা ॥"

এই সকল পাঠ করিয়া কেহ কেহ বলেন যে, শ্রীগোবিন্দদেবের শ্রীমন্দির যাহা আকবর-বাদসাহের ৩৪ রাজ্যাব্দে (১৫৯০ খৃষ্টাব্দে) নির্মিত হইয়াছিল বলিয়া পুরাতন মন্দিরের প্রস্তর-ফলক হইতে জানা যায় *, তাহা শ্রীচৈতন্যচরিতামৃত-রচনার পূর্বেই নির্মিত হইয়াছে। অতএব শ্রীচৈতন্যচরিতামৃত-রচনার আরম্ভ-কাল ১৫৯০ খৃষ্টাব্দের পরে হইবে।

এই সকল তথ্য হইতে ও অন্যান্য সাময়িক ব্যাপার হইতে অনুমিত হয় যে, শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর প্রকটকাল আনুমানিক ১৪৫২ শক **(১৫৩০ খৃষ্টাব্দ) হইতে** ১৫৩৮ শকাব্দ **(১৬১৬ খৃষ্টাব্দ)** পর্যন্ত হইবার সম্ভাবনা।

শ্রীশ্রীল কবিরাজের নিত্যসিদ্ধ পাণ্ডিত্য

কি ভগবদ্ভক্ত, কি অভক্ত, কি অধোক্ষজ-সেবক, কি আধ্যক্ষিক গবেষক, সকলেই এক-বাক্যে, অবশ্য বিভিন্ন দৃষ্টি-ভঙ্গীতে, শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর অভূতপূর্ব পাণ্ডিত্য, অদ্বিতীয় কবিত্ব-শক্তি, বিশেষতঃ কবিতার মধ্যে একাধারে সুগভীর দার্শনিকত্ব ও কাব্যের সহজ সুমধুর রসধারার পরিবেশণকৌশলকে শতমুখে প্রশংসা করিয়াছেন। শ্রীচৈতন্যচরিতামৃতে বেদ, উপনিষৎ, পুরাণ, পঞ্চরাত্র ও ধর্মশাস্ত্র এবং মধ্যযুগীয় আচার্যগণের রচিত গ্রন্থ ও গোস্বামীরচিত গ্রন্থ-ব্যতীত নিম্নলিখিত সাধারণ গ্রন্থের শ্লোকাদির উদ্ধার ও উল্লেখ পাওয়া যায়।

(১) অভিজ্ঞানশকুন্তল-নাটক অ ১৮।৪০; (২) অমরকোষ ম ২৪।৩০৫; (৩) অলঙ্কার শাস্ত্র আ ১৬।৫০ (৪) উত্তররামচরিত ম ৭।৭৩; (৫) উদ্বাহতত্ত্ব আ ১৫।২৭; (৬) একাদশীতত্ত্ব ম ১৭।১৮৬, ২৫।৫৬; (৭) কাব্য-প্রকাশ ম ১।৫৮, ১৩।১২১, অ ১।৭৮; (৮) নৈষধীয় অ ১।৯২; (৯) পাণিনি ম ২৪।২৬, ২৯৩, ২৯৩, অ ৮।৭৮; (১০) বিশ্বপ্রকাশ ম ২৪।১২, ১৮, ৬৪, ৬৫, ১৪৬; (১১) ভরতমুনিবাক্য আ ১৬।৭১; (১২) ভারবি অ ১০।২১; (১৩) রঘুবংশ ম ১০।১৪৫; (১৪) সামুদ্রক আ ১৪।১৫; (১৫) সাহিত্যদর্পণ ম ১৩।১২১; (১৬) স্মৃতিবচন ম ১৫।২৬৫।

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু ব্যাকরণ ও অলঙ্কার-শাস্ত্রে যে নিত্যসিদ্ধ অতিমর্ত্য পাণ্ডিত্যগৌরবে বিভূষিত ছিলেন, ইহা বলা নিষ্প্রয়োজন। তিনি শ্রীশ্রীস্বরূপ-রূপের অনুগবর অপ্রাকৃত মহাকবি। শ্রীস্বরূপের শ্রীমুখে তিনি বঙ্গদেশীয় জনৈক গ্রাম্য বিপ্র-কবিকে যে উপদেশ শ্রবণ করাইয়াছেন, তাহা হইতেই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর স্বীয় যোগ্যতার পরিচয় পাওয়া যায়,—

"যদ্বা-তদ্বা' কবির বাক্যে হয় 'রসাভাস'।
সিদ্ধান্তবিরুদ্ধ শুনিতে না হয় উল্লাস ॥
'রস', 'রসাভাস' যা'র নাহিক বিচার।
ভক্তিসিদ্ধান্ত-সিন্ধু নাহি পায় পার ॥
'ব্যাকরণ' নাহি জানে, না জানে 'অলঙ্কার'।
'নাটকালঙ্কার'-জ্ঞান নাহিক যাহার ॥

*Growse's Mathura, 2nd Edition, 1880, Chapter IX, P.224

কৃষ্ণলীলা বর্ণিতে না জানে, সেই ছার।
বিশেষে দুর্গম এই চৈতন্য-বিহার ॥
কৃষ্ণলীলা, গৌরলীলা সে করে' বর্ণন।
গৌরপাদপদ্ম যাঁ'র হয় প্রাণ-ধন ॥"

(চৈ চ অ ৫।১০২-৬)

মধ্যযুগীয় আচার্যগণের মধ্যে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু 'শ্রীচরিতামৃতে' শ্রীশঙ্করাচার্যের 'শারীরক-ভাষ্য', শ্রীবিল্বমঙ্গলের 'শ্রীকৃষ্ণকর্ণামৃত', শ্রীজয়দেবের 'শ্রীগীত-গোবিন্দ', আচার্য শ্রীবিষ্ণুস্বামীর বাক্য, শ্রীকুলশেখর-কৃত 'শ্রীমুকুন্দমালাস্তোত্র', শ্রীযামুনাচার্য-কৃত 'পদ্যাবলী' ও 'স্তোত্ররত্ন', শ্রীরামানুজভাষ্য, সর্বজ্ঞসূক্ত-বাক্য, শ্রীল শ্রীধর-স্বামিপাদের 'ভাবার্থদীপিকা', শ্রীল লক্ষ্মীধরের 'শ্রীনাম-কৌমুদী', শ্রীমধ্বাচার্যকৃত 'শ্রীভাগবত-তাৎপর্য' ও 'শ্রীমহাভারত-তাৎপর্য'-প্রভৃতির বাক্য উদ্ধার ও নামোল্লেখ করিয়াছেন।

এতদ্ব্যতীত তিনি বহু পুরাণ, বহু পঞ্চরাত্র (যথা—শ্রীনারদপঞ্চরাত্র, গৌতমীয়তন্ত্র, বৃহদ্‌গৌতমীয়তন্ত্র, বৈষ্ণবতন্ত্র, সাত্বততন্ত্র, হয়শীর্ষপঞ্চরাত্র, কাত্যায়ন-সংহিতা, ব্রহ্মসংহিতা, সিদ্ধার্থ-সংহিতা-প্রভৃতি), বেদের মধ্যে সংহিতা, উপনিষৎ ও তাপনী ; শ্রীগীতা, শ্রীসহস্রনাম, শ্রীরামায়ণ, শ্রীমহাভারত, শ্রীমদ্ভাগবত ও মন্বাদি বিবিধ ধর্মশাস্ত্র, অধ্যাত্ম-রামায়ণ, যোগবাশিষ্ঠ-প্রভৃতি শাস্ত্র-গ্রন্থের প্রমাণ উল্লেখ করিয়াছেন।

এতদ্ব্যতীত শ্রীকৃষ্ণচৈতন্যোক্ত 'পদ্যাবলী', 'শিক্ষাষ্টক'-প্রভৃতি, শ্রীগোস্বামিগণের রচিত গ্রন্থের মধ্যে শ্রীস্বরূপ-দামোদরের 'কড়চা', শ্রীরায়-রামানন্দের 'শ্রীজগন্নাথবল্লভ-নাটক', শ্রীসনাতনের 'বৈষ্ণবতোষণী' ('শ্রীদশমটিপ্পনী') 'শ্রীহরিভক্তিবিলাস', 'শ্রীলীলাস্তব' ও 'শ্রীভাগবতামৃত', শ্রীরূপের 'শ্রীউজ্জ্বলনীলমণি','পদ্যাবলী','শ্রীদানকেলিকৌমুদী','শ্রীনাটক-'চন্দ্রিকা', 'শ্রীভক্তিরসামৃতসিন্ধু', 'শ্রীললিতমাধব', 'শ্রীবিদগ্ধ-মাধব', 'শ্রীস্তবমালা', 'শ্রীসংক্ষেপভাগবতামৃত'. শ্রীরঘুনাথের 'স্তবাবলী', শ্রীল শ্রীজীবের 'শ্রীতত্ত্বসন্দর্ভ,' 'শ্রীভগবৎসন্দর্ভ' ও 'শ্রীকৃষ্ণসন্দর্ভ', 'শ্রীগোপালচম্পূ', শ্রীকবি-কর্ণপূরের 'আর্যশতক', 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটক', 'শ্রীচৈতন্য-চরিত-মহাকাব্য' এবং নিজকৃত 'শ্রীগোবিন্দলীলামৃত'-প্রভৃতি গ্রন্থের বাক্য শ্রীচরিতামৃতে উদ্ধৃত হইয়াছে।

শ্রীচরিতামৃতের মুখ্য উপাদানত্রয়

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু তাঁহার 'শ্রীচৈতন্য-চরিতামৃত'-রচনার আকরের সম্বন্ধে প্রধানতঃ তিনটী নাম করিয়াছেন,—(১) শ্রীস্বরূপ-দামোদরের কড়চা, (২) শ্রীমুরারি গুপ্তের কড়চা ও (৩) শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের শ্রীচৈতন্য-ভাগবত।

(১) "**দামোদর-স্বরূপ,** আর (২) **গুপ্ত মুরারি।**
মুখ্যমুখ্যলীলা সূত্রে লিখিয়াছে বিচারি' ॥
সেই অনুসারে লিখি লীলা-সূত্রগণ।
বিস্তারি' বর্ণিয়াছেন তাহা দাস-বৃন্দাবন ॥
(৩) চৈতন্যলীলার ব্যাস,—**বৃন্দাবন দাস।**
মধুর করিয়া লীলা করিলা প্রকাশ ॥
গ্রন্থ-বিস্তার-ভয়ে তেঁহো ছাড়িলা যে যে স্থান।
সেই সেই স্থানে কিছু করিব ব্যাখ্যান ॥
প্রভুর লীলামৃত তিঁহো কৈল আস্বাদন।
তাঁ'র ভুক্ত-শেষ কিছু করিয়ে চর্বণ ॥"

(চৈ চ আ ১৩।৪৭-৫১)

শ্রীস্বরূপের কড়চা

শ্রীশ্রীস্বরূপ-দামোদরের কড়চাধৃত শ্লোক বলিয়া কোন কোন মুদ্রিত সংস্করণে (আদি লীলার ১ম অধ্যায়ে ৫ম-১৭শ সংখ্যায়) যে-সকল শ্লোক দেখিতে পাওয়া যায়, তাহা শ্রীস্বরূপ-দামোদর গোস্বামীর রচিত কিনা, এবিষয়ে কেহ কেহ সন্দেহ করেন। কলিকাতা বঙ্গীয় সাহিত্য-পরিষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সংগৃহীত শ্রীচরিতামৃতের অনেকগুলি পুঁথির মধ্যে ঐ শ্লোকগুলি শ্রীস্বরূপদামোদরের কড়চাধৃত বলিয়া উল্লিখিত নাই, কেবল তথায় 'তথাহি'-শব্দের উল্লেখ দেখিতে পাওয়া যায় ; তবে এই শ্লোকসমূহ যে গৌড়ীয়ের মূলপুরুষ সিদ্ধান্তসম্রাট্ শ্রীস্বরূপ-দামোদর গোস্বামী প্রভুর সিদ্ধান্তানুসারে লিখিত,

তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। স্বয়ং শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুই লিখিয়াছেন,—

"অত্যন্ত নিগূঢ় এই রসের সিদ্ধান্ত।
স্বরূপ-গোসাঞি মাত্র জানেন একান্ত॥
যেবা কেহ অন্য জানে, সেহো তাঁহা হৈতে।
চৈতন্য-গোসাঞির তেঁহ অত্যন্ত মর্ম্ম যা'তে॥"
(চৈ চ আ ৪।১৬১-৬২)

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু অন্যত্রও লিখিয়াছেন,—

"চৈতন্যলীলা-রত্ন-সার, স্বরূপের ভাণ্ডার,
তেঁহো থুইলা রঘুনাথের কণ্ঠে।
তাহাঁ কিছু যে শুনিলুঁ, তাহা ইহাঁ বিস্তারিলুঁ,
ভক্তগণে দিলুঁ এই ভেটে॥"
(চৈ চ ম ২।৮৪)

"স্বরূপ-গোসাঞি আর রঘুনাথ দাস।
এই দুইর কড়চাতে এ লীলা প্রকাশ॥
সেকালে এ দুই রহেন মহাপ্রভুর পাশে।
আর সব কড়চা-কর্ত্তা রহেন দূরদেশে॥
ক্ষণে ক্ষণে অনুভবি' এই দুইজন।
সংক্ষেপে বাহুল্যে করেন কড়চা গ্রন্থন॥
স্বরূপ—'সূত্রকর্ত্তা, রঘুনাথ—'বৃত্তিকার'।
তা'র বাহুল্য বর্ণি পাঁজি-টীকা-ব্যবহার॥"
(চৈ চ অ ১৪।৭-১০)

শ্রীস্বরূপ-দামোদরের কড়চা বলিয়া বটতলার ছাপা যে অস্পৃশ্য সহজিয়া পুস্তক পাওয়া যায়, উহার সহিত শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর কথিত কড়চার কোনও প্রকার মিল নাই।

শ্রীমুরারি গুপ্তের কড়চা

শ্রীমুরারি গুপ্তের 'কড়চা' বলিয়া যাহা 'অমৃতবাজার' পত্রিকা অফিস হইতে প্রকাশিত হইয়াছে, এ যাবৎ তাহার কোন দ্বিতীয় পুঁথি **অন্যত্র** পাওয়া যায় নাই। উক্ত গ্রন্থ-প্রকাশকের নিবেদনে লিখিত আছে,—১৩০৩ বঙ্গাব্দে ঢাকা উথলিনিবাসী শ্রীঅদ্বৈতবংশীয় মধুসূদন গোস্বামীর নিকট শিশির বাবু উক্ত পুঁথির নকল প্রাপ্ত হন এবং পরে অন্য একখানি পুঁথির নকল শ্রীবৃন্দাবন হইতে পাওয়া যায়। উক্ত দুই পুঁথি মিলাইয়া শ্রীশ্যামলাল গোস্বামী মহাশয় ১৩০৩ বঙ্গাব্দে দেবনাগর অক্ষরে শ্রীকৃষ্ণচৈতন্যচরিত (শ্রীমুরারির 'কড়চা') প্রকাশ করেন।

আমরা শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের স্বহস্ত-লিখিত শ্রীমুরারি-গুপ্তের 'কড়চা'র একটি প্রতিলিপি দেখিয়াছি। সম্ভবতঃ উহা শ্রীশ্যামলাল গোস্বামী মহাশয়ের নিকট প্রদত্ত পুঁথিরই প্রতিলিপি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের হস্ত-লিখিত পুঁথি বিভাগে ঢাকা জেলার বিভিন্নস্থানের বহু বৈষ্ণব-পুথি সংগৃহীত হইয়াছে, কিন্তু তথায় উথলির পুঁথি বা উহার কোন প্রতিলিপি পুঁথি নাই। বঙ্গীয় সাহিত্যপরিষদ, রাজসাহীর বরেন্দ্র-অনুসন্ধান-সমিতি, কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ের পুঁথি-বিভাগ ও শ্রীব্রজমণ্ডলের বিভিন্ন স্থান অনুসন্ধান করিয়া এ যাবৎ উক্ত গ্রন্থের দ্বিতীয় প্রতিলিপি পাওয়া যায় নাই।

শ্রীকবিকর্ণপূর তাঁহার 'শ্রীচৈতন্যচরিত-মহাকাব্যে'র ত্রয়োদশ সর্গ পর্যন্ত এবং শ্রীল ঠাকুর বৃন্দাবন 'শ্রীচৈতন্য-ভাগবতে'র বহু স্থানে শ্রীমুরারি গুপ্তের 'কড়চা'র অনুসরণ, তাৎপর্যানুবাদ ও পদ্যানুবাদ করিয়াছেন। শ্রীলোচনদাসের 'শ্রীচৈতন্যমঙ্গলে'র প্রধান উপাদানই শ্রীমুরারি গুপ্তের 'কড়চা'। কিন্তু বর্ত্তমানে প্রকাশিত গ্রন্থের ৪র্থ প্রক্রমের ১৭শ সর্গ হইতে ২০শ সর্গ পর্যন্ত প্রসঙ্গ শ্রীলোচনদাসের শ্রীচৈতন্যমঙ্গলে পাওয়া যায় না। ২১শ সর্গের দ্রাবিড়দেশীয় দরিদ্র ব্রাহ্মণের প্রসঙ্গ বিবৃত করিয়াই শ্রীচৈতন্যমঙ্গল সমাপ্ত হইয়াছে। শ্রীচরিতামৃতকার লিখিয়াছেন, (আ ১৩।১৫)—

"আদিলীলা-মধ্যে প্রভুর যতেক চরিত।
সূত্ররূপে মুরারিগুপ্ত করিলা গ্রথিত॥"

শ্রীভক্তিরত্নাকরেও শ্রীমুরারিগুপ্তের 'কড়চা'র ১ম, ২য় ও ৪র্থ প্রক্রম হইতে উদ্ধৃত কতিপয় শ্লোক দৃষ্ট হয়।

'অমৃতবাজার-পত্রিকা'-কার্যালয় হইতে প্রকাশিত (তৃতীয় সংস্করণ ১৩৩১ বঙ্গাব্দ) উক্ত গ্রন্থের উপসংহারে উহার সমাপ্তি-কাল এইরূপ পাওয়া যায়,—

"চতুর্দশশতাব্দান্তে পঞ্চত্রিংশতিবৎসরে।
আষাঢ়সিতসপ্তম্যাং গ্রন্থোঽয়ং পূর্ণতাং গতঃ॥"*

১৪৩৫ শকে এই গ্রন্থ সমাপ্ত হয়। শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবকাল—১৪০৭ শক। সুতরাং ইহাতে শ্রীমন্মহাপ্রভুর প্রকট-কালীয় ২৮ বৎসরের লীলা অর্থাৎ সন্ন্যাস-লীলার পর আরও চারিবৎসর-কালেরই চরিত থাকিবার কথা; কিন্তু ইহাতে শেষ ১২ বর্ষের অধিকাংশ নীলাচল-লীলার কথা (৪।২৪ সর্গ), এমন কি, ১ম প্রক্রমেই তাঁহার অপ্রকট-লীলাবিষ্কারের কথার (১।২।১০-১৪) † উল্লেখ আছে। আবার নীলাচলযাত্রী গৌড়ীয়-ভক্তগণের মধ্যে (৪।১৭।১১) আপনাকে "বৈদ্যসিংহমুরারিকঃ" বলিয়া উল্লেখ করিয়াছেন, দেখা যায়। এইভাবে নিজের নামোল্লেখ শ্রীগৌর-ভক্তোচিত নহে, সুতরাং সন্দেহ উপস্থিত হয়।

শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটকাল ১৫৩৩-৩৪ খৃষ্টাব্দ; আর মুরারি গুপ্তের কড়চার সমাপ্তিকাল পুষ্পিকানুসারে ১৪৩৫ শকাব্দার আষাঢ় মাস, অর্থাৎ ১৫১৩ খৃষ্টাব্দ। অবশ্য ইহা যদি প্রকৃতই শ্রীমুরারি গুপ্তের কড়চা হয়, তবে আধ্যক্ষিক-যুক্তির গণিতবিদ্যা তথায় কার্যকরী হইবে না। 'রাম না জন্মিতে যদি রামায়ণ' হয়, তবে হনূমদবতার শ্রীমুরারিগুপ্তের দ্বারা কড়চায় ভবিষ্যল্লীলাকথার বর্ণনও কিছু অসম্ভব নহে। তবে যে, কেহ কেহ শ্রীলোচনদাসের শ্রীচৈতন্যমঙ্গল ও শ্রীকবিকর্ণপূরের শ্রীচৈতন্যচরিত-মহাকাব্যের বিভিন্ন স্থান শ্রীমুরারি-গুপ্তের কড়চারই আক্ষরিক পদ্যানুবাদ প্রতিপন্ন করিয়া কবিকর্ণপূর বা শ্রীলোচনদাসের পূর্বে শ্রীমুরারিগুপ্তের নামে প্রচারিত বর্তমান কড়চা রচিত হইবার যুক্তি প্রদান-পূর্বক উক্তপ্রচারিত গ্রন্থের প্রামাণিকতা নির্ধারণ করেন, তাহা প্রকৃত বিচারসহ নহে। কারণ, শ্রীকবি-কর্ণপূর ও শ্রীলোচনদাসের ঐ সকল গ্রন্থ দেখিয়াও তদনুকরণে প্রক্ষিপ্ত-শ্লোকসমূহ সংস্কৃত ভাষায় রচিত হইতে পারে। তবে একথা সুদৃঢ় সত্য যে, শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু ও শ্রীল বৃন্দাবন-দাস ঠাকুর-প্রমুখ অন্যান্য শ্রীচৈতন্যচরিত-লেখক যে শ্রীমুরারি-গুপ্তের কড়চার নাম করিয়াছেন, সেই কড়চা যে-কোন আকারেই হউক তাঁহাদের গ্রন্থ-রচনার কালে তাঁহারা প্রাপ্ত হইয়াছিলেন।

কবিকর্ণপূরের গ্রন্থ

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু তাঁহার শ্রীচৈতন্য-চরিতামৃত-গ্রন্থের মধ্যে বিভিন্ন স্থানে শ্রীল কবিকর্ণপূরের 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়'-নাটক হইতে ১৭টী বাক্য উদ্ধার করিলেও যেখানেই তাঁহার আকর উপজীব্য গ্রন্থের নামোল্লেখ করিয়াছেন, সেই স্থানেই শ্রীস্বরূপদামোদর-প্রভু, শ্রীমুরারি-গুপ্ত ও শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের নামই করিয়াছেন। তিনি শ্রীবৃন্দাবন ও শ্রীমুরারি-গুপ্তের নিকট হইতে আদি-লীলার সূত্রসমূহ প্রাপ্ত হইয়াছেন এবং কোন কোন স্থানে তাঁহাদের সূত্রের পরিবর্ধন ও পরিশিষ্টতা সম্পাদন করিয়াছেন এবং শ্রীল রঘুনাথের কণ্ঠ হইতে শ্রীল স্বরূপদামোদরের গ্রথিত শ্রীগৌরহরির অন্ত্যলীলা-বিষয়ক যে সকল সিদ্ধান্ত শ্রবণ করিয়াছিলেন, তদ্দ্বারা শ্রীমন্মহাপ্রভুর অন্ত্যলীলা বিস্তার করিয়াছেন। কোথায় কোথায়ও দেখিতে পাওয়া যায়,—শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীকবিকর্ণপূরের 'শ্রীচৈতন্য-চন্দ্রোদয়'-নাটক ও 'শ্রীচৈতন্যচরিত'-মহাকাব্যে বর্ণিত ঘটনার অবিকল পদ্যানুবাদ করিয়াছেন; যেমন শ্রীগৌর-রামানন্দ-সংবাদে 'কোন্ বিদ্যা বিদ্যা মধ্যে সার?'…'সর্ব-ত্যজি' জীবের কর্তব্য কাঁহা বাস?' (চৈ চ ম ৮।২৪৪-৫৩) ইত্যাদি প্রশ্নোত্তরগুলি 'শ্রীচৈতন্যচন্দ্রোদয়'-নাটকের (নির্ণয়-সাগর সং—৭।৮-১০) উক্তিরই প্রায় আক্ষরিক পদ্যানুবাদ এবং শ্রীচৈতন্যচরিতামৃতের "প্রভু কহে,—পড় শ্লোক সাধ্যের নির্ণয়।" (ম ৮।৫৭), "পহিলেহি রাগ নয়নভঙ্গে ভেল।" (ম ৮।১৯৩) প্রভৃতি পদ শ্রীচৈতন্যচরিত-মহাকাব্যের (১৩।৩৮-৪৭) পদের বিস্তৃত তাৎপর্যানুবাদ, অথচ শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু (চৈ চ ম ৮।৩১১) লিখিয়াছেন,—

"দামোদর-স্বরূপের কড়চা-অনুসারে।
রামানন্দ-মিলন-লীলা করিল প্রচারে॥"

---

* ১ম (১৩০৩ বঙ্গাব্দ) ও ২য় (১৩১৭ বঙ্গাব্দ) সংস্করণে পাঠ ছিল,—**'পঞ্চবিংশতিবৎসরে'**। 'বিষ্ণুপ্রিয়া'-পত্রিকার ৮ম বর্ষে (৪১২ গৌরাব্দ, ১৩০৩ বঙ্গাব্দ), ২৬৮ পৃঃ 'পঞ্চত্রিংশতিবৎসরে' পাঠ দেখা যায়।

† শ্রীচৈতন্যভাগবতে দৃষ্ট হয়,—শ্রীমুরারিগুপ্ত শ্রীমন্মহাপ্রভুর প্রকট কালেই পাছে প্রভুর অপ্রকট-লীলা দর্শন করিতে হয়, এজন্য দেহ ত্যাগের সঙ্কল্প করিয়াছিলেন (ম ২০।১১০-১৩)। সুতরাং সেই শ্রীমুরারি গুপ্ত শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটলীলার পরেও অধিক দিন ধরাধামে অবস্থান করিয়াছিলেন কিনা, সন্দেহ।

এই সমস্যার উত্তর শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচরিতামৃত-গ্রন্থের প্রারম্ভে (চৈ চ আ ৪।১৬১-৬২) প্রদান করিয়াছেন,—

"অত্যন্ত নিগূঢ় এই রসের সিদ্ধান্ত।
স্বরূপ-গোসাঞি মাত্র জানেন একান্ত॥
যেবা কেহ অন্য জানে, সেহো তাঁহা হৈতে।
চৈতন্যগোসাঞির তেঁহ অত্যন্ত মর্ম যা'তে॥"

শ্রীকবিকর্ণপূর যথন নীলাচলে নিজ পিতৃদেবের সহিত গমনাগমন করিতেন, সেই সময় তিনি শ্রীস্বরূপদামোদরের শ্রীমুখে অথবা শ্রীস্বরূপদামোদরের শ্রেষ্ঠ অনুগবর শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর শ্রীমুখে শ্রীরামানন্দ-মিলন-লীলা শ্রবণ করিয়া তাঁহার গ্রন্থাদিতে লিপিবদ্ধ করিয়া থাকিবেন। শ্রীল যদুনন্দন আচার্যের শিষ্য শ্রীল রঘুনাথ-দাস গোস্বামী প্রভুকে 'শ্রীস্বরূপের' প্রিয় ও নীলাচলবাসি-গণের নিকট বিখ্যাত বলিয়া কবিকর্ণপূর তাঁহার নাটকে (১০।৩) উল্লেখ করিয়াছেন।

কেহ কেহ বলেন,—শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীমুরারি গুপ্ত ও শ্রীবৃন্দাবন দাস ঠাকুরের ঋণ স্বীকার করিলেন, অথচ শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকের বহু শ্লোক উদ্ধার ও কবিকর্ণপূরের বিবৃত বিষয় শ্রীচরিতামৃতের বহু স্থানে গ্রথিত করিয়াও শ্রীকবিকর্ণপূরের ঋণ স্বীকার করিলেন না কেন? এই প্রশ্নের উত্তর দিতে গিয়া কোন কল্পনার আশ্রয় গ্রহণ না করাই মঙ্গলজনক। তবে ইহা বুঝা যায় যে, শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু আদি-লীলার কথা মুখ্যভাবে শ্রীমুরারি গুপ্ত-ঠাকুর ও শ্রীনিত্যানন্দ-ভৃত্য শ্রীবৃন্দাবনদাস ঠাকুরের গ্রন্থ বা সাক্ষাৎ উপদেশ হইতে পাইয়াছিলেন। কিন্তু কবিকর্ণপূরের বিবৃত বিষয়সমূহ তিনি মুখ্যভাবে ও সাক্ষাদ্ভাবে শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভুর নিকট প্রাপ্ত হইয়াছিলেন বলিয়াই মুখ্য আকরের নামই কীর্তন করিয়াছেন; কেবল তাঁহার উক্তির সমর্থনের জন্য পূর্ববর্তী শ্রীচৈতন্যলীলার লেখক শ্রীকবিকর্ণপূরের শ্লোক-সমূহ উদ্ধার করিয়াছেন। আর যে স্থানে তিনি দেখিয়াছেন,—শ্রীকবিকর্ণপূর শ্রীরঘুনাথের কণ্ঠস্থিত শ্রীস্বরূপের বিবরণই লিপিবদ্ধ করিয়াছেন সেই সকল স্থানকে তিনি শ্রীশ্রীস্বরূপ-রঘুনাথের বিবরণ জানিয়াই তাঁহার নিজ ভাষায় ব্যক্ত করিয়াছেন। সুতরাং যে-স্থানে তিনি শতমুখে শ্রীস্বরূপ-রঘুর ঋণ স্বীকার করিয়াছেন, সেই স্থানে শ্রীস্বরূপ-রঘুর শ্রোতৃ-বর্গের ঋণও তদন্তর্ভুক্তরূপেই স্বীকৃত হইয়াছে।

শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচরিতামৃতে এক শ্রীচৈতন্য-ভাগবত ব্যতীত বাঙ্গালা ভাষায় রচিত অপর কোন শ্রীচৈতন্যচরিত-গ্রন্থের উল্লেখ করেন নাই। ইহা হইতে জানা যায় যে, অন্য কোন প্রামাণিক শুদ্ধ উক্তি সিদ্ধান্তসহ শ্রীচৈতন্যচরিত-গ্রন্থ তখন বাঙ্গালা ভাষায় রচিত হয় নাই। শ্রীলোচনদাস ঠাকুরের 'শ্রীচৈতন্যমঙ্গল' শ্রীমুরারি গুপ্তের কড়চানুসারে রচিত হইয়াছে বলিয়া উক্ত গ্রন্থে পাওয়া যায়। কিন্তু শ্রীলোচনদাসের শ্রীচৈতন্য-মঙ্গলের কথা শ্রীচরিতামৃতে উল্লেখ নাই; শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের 'শ্রীচৈতন্যমঙ্গলে'র গুণই শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু উচ্চকণ্ঠে কীর্তন করিয়াছেন। শ্রীলোচনদাস ঠাকুর শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের শ্রীচৈতন্য-ভাগবতের কথা কীর্তন করিয়াছেন *। শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বঙ্গভাষায় শ্রীকৃষ্ণচরিত-লেখক শ্রীগুণরাজ-খানের 'শ্রীকৃষ্ণবিজয়'-গ্রন্থের নাম তাঁহার গ্রন্থে উল্লেখ করিয়াছেন,—

"গুণরাজ-খান কৈল শ্রীকৃষ্ণবিজয়।
তাঁহা একবাক্য তাঁ'র আছে প্রেমময়॥
'নন্দনন্দন কৃষ্ণ—মোর প্রাণনাথ'।
এই বাক্যে বিকাইনু তাঁ'র বংশের হাত॥"
(চৈ চ ম ১৫।৯৯-১০০)

শ্রীচৈতন্যচরিতামৃত ও বাঙ্গালা সাহিত্য

বাঙ্গালা ভাষার ইতিহাস আলোচনা করিতে গেলে শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতের অসমোর্ধ্ব দানের কথা কেহই অস্বীকার করিতে পারেন না। এজন্য বাঙ্গালা সাহিত্যের প্রত্যেক গবেষকই স্ব-স্ব দৃষ্টিভঙ্গীতে

---

* বন্দিব শ্রীবৃন্দাবনদাস একচিতে।
জগত মোহিত যাঁর ভাগবত-গীতে॥
(শ্রীচৈতন্যমঙ্গল, গৌঃ সং সূত্রখণ্ড ৩৫)

শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃতের দানের কথা উল্লেখ করিয়াছেন। এ বিষয়ে ডক্টর শ্রীসুকুমার সেন প্রণীত 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' (সপ্তদশ পরিচ্ছেদ) হইতে কয়েকটি উক্তি নিয়ে উদ্ধৃত হইতেছে।

"শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীচৈতন্যের প্রবর্তিত বৈষ্ণব-মতের দার্শনিক তথ্য ও বিশ্লেষণ সুনিপুণভাবে সুললিতক্রমে লিখিত হইয়াছে। গ্রন্থকার যেমন অগাধ পণ্ডিত অথচ পরম বৈষ্ণব ছিলেন, তাঁহার রচনাও সেই পরিমাণে গভীর অথচ সরল হইয়াছে। ষোড়শ শতাব্দীতে বাঙ্গালা ভাষায় এইরূপ এক খানি উচ্চাঙ্গের দার্শনিক গ্রন্থ রচনা করিতে হইলে যে কতটা ক্ষমতার প্রয়োজন তাহা এই গ্রন্থখানি না পড়িলে কেহ ধারণা করিতে পারিবেন না। শ্রীচৈতন্যচরিতামৃত অবিসংবাদিত-ভাবে পুরাতন বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ গ্রন্থ। যথার্থ বলিতে কি, সমগ্র বাংলা সাহিত্যের মধ্যে যদি একখানি শ্রেষ্ঠ গ্রন্থের নাম করিতে হয়, তাহা এই শ্রীচৈতন্যচরিতামৃত।

অনেকের ধারণা, শ্রীচৈতন্যচরিতামৃত বইটির ভাষা কটমট এবং যৎপরোনাস্তি দুর্বোধ্য। যাঁহারা এই কথা বলেন, হয় তাঁহারা বইখানি জীবনে কখনও দেখেন নাই, নতুবা বলিতে হইবে যে, দার্শনিক আলোচনা তাঁহাদের ভাল লাগে না। বিষয়ের কাঠিন্যকে ইহারা ভাষার কাঠিন্য মনে করিয়া ভুল করেন। আর একদল সমালোচক আছেন, যাঁহারা বলেন যে, শ্রীকৃষ্ণদাস কবিরাজ তাঁহার বই মিশ্র বাংলা এবং হিন্দীতে রচনা করিয়াছিলেন। ইহার উত্তরে বলিতে পারি, দীর্ঘকাল শ্রীবৃন্দাবনবাসহেতু কবিরাজের কলমের মুখে কচিৎ দুই একটা হিন্দী শব্দ বা প্রয়োগ আসিয়া গিয়াছে; কিন্তু তাই বলিয়া যাঁহারা বলেন যে, শ্রীচৈতন্যচরিতামৃতের ভাষা মিশ্র হিন্দী, তাঁহারা পরের মুখেই ঝাল খান। অধুনা-অপ্রচলিত বাংলা শব্দকে অনেকে আবার হিন্দী শব্দ বলিয়া ভ্রম করিয়া থাকেন।

কবিরাজের পাণ্ডিত্য বুঝিবার জন্য 'শ্রীগোবিন্দলীলামৃত' 'সারঙ্গরঙ্গদা' পড়িবার আবশ্যক করে না, শ্রীচৈতন্যচরিতামৃত দেখিলেই হইল। পাণ্ডিত্যের অবধি অথচ বিনয়ের খনি ছিলেন কবিরাজ। তাঁহার এই পরম বৈষ্ণবোচিত বিনয় ও আত্মলোপের জন্য শ্রীচৈতন্যচরিতামৃতের মত দুরূহ গ্রন্থেও কোথায়ও এতটুকুমাত্র পাণ্ডিত্যের উগ্রতা প্রকাশ পায় নাই।

যোগ্যতম ব্যক্তির উপরেই শ্রীবৃন্দাবনবাসী বৈষ্ণব মহান্তেরা শ্রীচৈতন্যের শেষ লীলা বর্ণনা করিবার ভার ন্যস্ত করিয়াছিলেন। পাণ্ডিত্যে, রসজ্ঞতায়, কবিত্বশক্তিতে শ্রীকৃষ্ণদাসের তুল্য ব্যক্তি খুব কমই ছিল। তাহার উপর তিনি শ্রীরঘুনাথদাস গোস্বামীর নিকট হইতে মহাপ্রভুর শেষ লীলার এমন অনেক বৃত্তান্ত শ্রবণ করিয়াছিলেন, যাহা সাধারণ লোকের অগোচর ছিল। শ্রীরঘুনাথ শ্রীস্বরূপ-দামোদরের শিষ্যরূপে মহাপ্রভুর নিকটে থাকিয়া তাঁহার শেষ কয় বৎসরের ঘটনা প্রায় সবই প্রত্যক্ষ করিয়াছিলেন এবং প্রধান প্রধান ঘটনাগুলি সূত্রের মত শিখরিণীছন্দে রচিত কয়েকটী শ্লোকে লিপিবদ্ধও করিয়াছিলেন। এই শ্লোক-গুলিকে উপজীব্য করিয়া এবং দাস গোস্বামীর নিকট অপরাপর ঘটনা শুনিয়া কবিরাজ মহাপ্রভুর শেষলীলার বর্ণনা করিয়াছেন। মহাপ্রভুর পশ্চিম-ভ্রমণ ও অন্যান্য কতিপয় ঘটনা তিনি শ্রীরূপ গোস্বামীর নিকট অবগত হন।

শ্রীস্বরূপদামোদর কড়চা হিসাবে যে কয়টী শ্লোক রচনা করিয়াছিলেন, শ্রীকৃষ্ণদাস সেগুলিরও সদ্ব্যবহার করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে কবিরাজের উল্লেখ হইতেই প্রধানতঃ শ্রীস্বরূপ-দামোদরের কড়চা নামক রচনার অস্তিত্ব জানা যায় এবং কবিরাজ গোস্বামী যে কয়টী শ্লোক উদ্ধৃত করিয়াছেন, প্রধানতঃ সেই কয়টী শ্লোকই কালের কবল হইতে রক্ষা পাইয়াছে।

শ্রীচৈতন্যচরিত-হিসাবে কি ঐতিহাসিকত্ব, কি রসজ্ঞতা কি দার্শনিক তত্ত্ববিচার, সব দিক দিয়াই শ্রীচৈতন্য-চরিতামৃত শ্রেষ্ঠতম গ্রন্থ। এই যে গোস্বামীদের 'তিনলাখ বত্রিশ হাজার গ্রন্থ', ইহার সার সংগ্রহ করিয়া শ্রীকৃষ্ণদাস কবিরাজ অত্যন্ত বিচক্ষণতা ও নিপুণতার সহিত স্বীয় গ্রন্থে উদ্ধৃত করিয়া গিয়াছেন।

দুরূহ তত্ত্বালোচনার সাগরে শ্রীকৃষ্ণদাস কবিরাজ যে কিরূপ অবলীলাক্রমে পয়ার-ত্রিপদীর পাড়ি জমাইয়াছেন, তাহা শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ না করিলে অনুমান করিতে পারা যায়

না। শ্রীকৃষ্ণদাস কবিরাজের হস্তে ষোড়শ শতাব্দীর বাঙ্গালায় যে কার্য অবলীলাক্রমে সাধিত হইয়াছে, তাহা বর্তমান শতাব্দীর উন্নততর ভাষাতেও সরলতররূপে ব্যাখাত হইতে পারে বলিয়া মনে করি না। অযথা কথা না বাড়াইয়া সংক্ষেপ করিয়া অথচ কবিত্বের সহিত তথ্য ও তত্ত্বব্যাখ্যান-কার্যে শ্রীকৃষ্ণদাস যে সফলতা লাভ করিয়াছেন, তাহা শুধু প্রাচীন সাহিত্যের ক্ষেত্রে নহে, বাঙ্গালা ভাষা ও সাহিত্যের আবহমান ইতিহাসের বক্ষে জয়স্তম্ভরূপে চিরকাল বিরাজ করিবে। জ্যামিতির ভাষার মত সরল সহজ স্পষ্ট ভাষায় শ্রীচৈতন্য-চরিতামৃতের দার্শনিক ও তাত্ত্বিক অংশ রচিত।

শ্রীকৃষ্ণদাস যে আন্তরিক বিনয় জ্ঞাপন করিয়াছেন, তাহা সত্য সত্যই মনকে স্পর্শ করে। বৃদ্ধ কবিরাজ পাণ্ডিত্যের আধার হইয়াও যেরূপ আত্মনিগ্রহ বা পরিহার করিয়াছেন, তাহা অন্য কেহ করিলে হয়ত হাস্যরসের উপাদান হইত। কিন্তু কবিরাজের বর্ণনা পড়িলে তাঁহার বিশ্বাসের গভীরতা ও যথার্থতা-সম্বন্ধে সন্দেহের অবকাশমাত্র থাকে না।

প্রভুর গম্ভীর লীলা না পারি বুঝিতে।
বুদ্ধি-প্রবেশ নাহি, তা'তে না পারি বর্ণিতে॥
সব শ্রোতা-বৈষ্ণবের বন্দিয়া চরণ।
চৈতন্যচরিত্র-বর্ণন কৈলুঁ সমাপন॥
আকাশ—অনন্ত, তা'তে যৈছে পক্ষিগণ।
যা'র যত শক্তি, তত করে আরোহণ॥
ঐছে মহাপ্রভুর লীলা নাহি ওর-পার।
'জীব'-হঞা কেবা সম্যক্ পারে বর্ণিবার॥
যাবৎ বুদ্ধির গতি, ততেক বর্ণিলুঁ।
সমুদ্রের মধ্যে যেন এক কণ ছুঁইলুঁ॥
নিত্যানন্দ-কৃপাপাত্র—বৃন্দাবন দাস।
চৈতন্যলীলায় তেঁহো হয়েন 'আদিব্যাস'॥
তাঁ'র আগে যদ্যপি সব লীলার ভাণ্ডার।
তথাপি অল্প বর্ণিয়া ছাড়িলেন আর॥

* * *

চৈতন্য-লীলামৃত-সিন্ধু—দুগ্ধাব্ধি-সমান।
তৃষ্ণানুরূপ ঝারী ভরি' তেঁহো কৈলা পান॥
তাঁ'র ঝারী শেষামৃত কিছু মোরে দিলা।
ততেকে ভরিল পেট, তৃষ্ণা মোর গেলা॥
আমি—অতিক্ষুদ্র জীব, পক্ষী রাঙ্গাটুনি।
সে যৈছে তৃষ্ণায় পিয়ে সমুদ্রের পানী॥
তৈছে আমি এক কণ ছুঁইলুঁ লীলার।
এই দৃষ্টান্তে জানিহ প্রভুর লীলার বিস্তার॥
'আমি লিখি',—ইহ মিথ্যা করি অনুমান।
আমার শরীর—কাষ্ঠপুতলী-সমান॥
বৃদ্ধ জরাতুর আমি অন্ধ, বধির।
হস্ত হালে, মনোবুদ্ধি নহে মোর স্থির॥
নানা-রোগগ্রস্ত,—চলিতে বসিতে না পারি।
পঞ্চরোগ-পীড়া-ব্যাকুল, রাত্রি-দিনে মরি॥

* * *

শ্রীমদনগোপাল মোরে লেখায় আজ্ঞা করি'।
কহিতে না যুরায়, তবু রহিতে না পারি॥
না কহিলে হয় মোর কৃতঘ্নতা-দোষ।
দম্ভ করি' বলি, শ্রোতা, না করিহ রোষ॥
তোমা'-সবার চরণধূলি করিনু বন্দন।
তা'তে চৈতন্য-লীলা হৈল, যে কিছু লিখন॥

* * *

সবার চরণ কৃপা—গুরু 'উপাধ্যায়ী'।
তা'র বাণী—শিষ্যা, তা'রে বহুত নাচাই॥
শিষ্যার শ্রম দেখি' গুরু নাচান রাখিলা।
'কৃপা' না নাচায়, 'বাণী' বসিয়া রহিলা॥
অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।
যত নাচাইলা নাচি' করিলা বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যাঁ'-সবার চরণ-কৃপা—শুভের কারণ॥
চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাঁর চরণ ধুঞা করোঁ মুঞি পানে॥
শ্রোতার পদরেণু করোঁ মস্তক-ভূষণ।
তোমরা এ অমৃত পিলে সফল হৈল শ্রম॥
শ্রীরূপ-রঘুনাথ-পদে যা'র আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥
(চৈ চ অ ২০।৭৭-৮৩, ৮৮-৯৪, ৯৯-১০১, ১৪৭-১৫৩)

সপ্তদশ শতাব্দীর শেষভাগে বিখ্যাত বৈষ্ণব-দার্শনিক শ্রীবিশ্বনাথ চক্রবর্তী মহাশয় সংস্কৃত ভাষায় শ্রীচৈতন্য-চরিতামৃতের একটী টীকা রচনা করেন। বাঙ্গলা গ্রন্থের সংস্কৃত টীকা—ইহা হইতেই প্রতীয়মান হয় যে, বৈষ্ণব-সমাজে এই মহাগ্রন্থের কিরূপ আদর হইয়াছিল।" *

অপ্রকট লীলা

শ্রীশ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর আদেশে ও শ্রীল শ্রীনিবাসাচার্য প্রভুর নেতৃত্বে এবং শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় ও শ্রীল শ্যামানন্দ-প্রভুর সহযোগিতায় শ্রীবৃন্দাবন হইতে গোস্বামি-গ্রন্থসমূহ গৌড়দেশে প্রেরিত হইয়াছিল, এইরূপ একটি বিবরণ পরবর্তী কালের কতিপয় গ্রন্থে পাওয়া যায়। কেহ কেহ বলেন,—প্রেরিত গোস্বামি-গ্রন্থের মধ্যে 'শ্রীচৈতন্যচরিতামৃত'ও ছিল। + পথিমধ্যে বনবিষ্ণুপুরের নিকটে গ্রন্থ-বোঝাই সিন্দুকগুলি অপহৃত হয়। এই প্রসঙ্গ লইয়া 'প্রেমবিলাস'-নামক একটী পুঁথিতে বর্ণিত হইয়াছে—'এই সংবাদ পাইয়া শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু অত্যন্ত মর্মাহত হন এবং শ্রীরাধাকুণ্ডে ঝম্প প্রদান-পূর্ব্বক নিত্যলীলায় প্রবেশ করেন।' বস্তুতঃ এইরূপ কোন কথা মহাজনের পরম্পরার মধ্যে শ্রুত হয় না এবং নিম্নলিখিত কারণে ঐ উক্তি অমূলক বলিয়াই সিদ্ধান্তিত হয়।

(১) প্রথমতঃ 'প্রেমবিলাস'-গ্রন্থের সকল অংশের প্রামাণিকতা-সম্বন্ধে ন্যূনাধিক সকল মনীষীই সন্দেহ করেন।

(২) শ্রীবৃন্দাবনের যে-সকল শ্রীগৌরপ্রণয়ী ভক্তের একান্ত অনুরোধে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু 'শ্রীচৈতন্য-চরিতামৃত'-গ্রন্থ লিখিয়াছিলেন, সেইসকল ভাগবতকে সম্পূর্ণ বঞ্চিত করিয়া যে সময় রেল-ষ্টীমারাদি যান-বাহনের সুযোগ ছিল না, সেই যুগে 'শ্রীচৈতন্যচরিতামৃত'-গ্রন্থের একখানাও প্রতিলিপি শ্রীবৃন্দাবনে না রাখিয়া একমাত্র মূল পুঁথিটী গৌড়দেশে প্রেরিত হইয়াছিল, ইহা কোনরূপে যুক্তিযুক্ত ও বিচার-সহ হয় না।

(৩) দ্বিতীয়তঃ শ্রীভক্তিরত্নাকরে শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর যে সকল পত্র প্রকাশিত হইয়াছে, তাহা হইতে জানা যায় যে, শ্রীশ্রীনিবাসাচার্য প্রভু প্রথমবারে শ্রীবৃন্দাবন হইতে শ্রীগোস্বামীরচিত সকল গ্রন্থ আনেন নাই, শ্রীল সনাতনের শ্রীবৃহদ্‌ভাগবতামৃত পরে মার্দঙ্গিক শ্রীশ্যামদাসের হস্তে ‡ গৌড়ে প্রেরিত হইয়াছিল। শ্রীল শ্রীনিবাসাচার্য প্রভু যখন দ্বিতীয়বার শ্রীধাম বৃন্দাবনে গমন করেন (শ্রীভক্তিরত্নাকর ৯।৭১); তখন শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু শ্রীশ্রীনিবাসকে 'শ্রীগোপালচম্পূ'-**গ্রন্থারম্ভ** শ্রবণ করাইয়াছিলেন। * পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে, শ্রীচৈতন্যচরিতামৃতে 'গোপালচম্পূ'র উল্লেখ থাকায় 'শ্রীচরিতামৃত' 'শ্রীগোপালচম্পূ'র পরে লিখিত হইয়াছে প্রমাণিত হয়। শ্রীনিবাসাচার্য প্রভু দ্বিতীয়বার শ্রীবৃন্দাবনে গমন করিয়া 'শ্রীগোপালচম্পূ'র আরম্ভ শ্রবণ করেন। সুতরাং তাঁহার সহিত প্রথমবারে গৌড়দেশে 'শ্রীচরিতামৃত' যাইতে পারে না। সেই সময় অর্থাৎ শ্রীজীব গোস্বামী প্রভুর প্রকটকালে শ্রীচৈতন্যচরিতামৃত রচিত হইয়াছিল কিনা, সে বিষয়েই সন্দেহ।

(৪) শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীল সনাতনের প্রতি শ্রীমন্মহাপ্রভুর উপদেশ-প্রসঙ্গে লিখিয়াছেন,—

"দেহত্যাগাদি যত, সব—তমোধর্ম।
তমোরজোধর্মে কৃষ্ণের না পাইয়ে মর্ম॥

---

* ডক্টর শ্রীসুকুমার সেন-প্রণীত 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস' ১৭শ পরিচ্ছেদ (১৯৪০ খৃঃ)।

+ এই বিবরণের **সর্বাংশ** কেহ কেহ স্বীকার করিতে প্রস্তুত হন না; কারণ, দেখা যায়, শ্রীচৈতন্যচরিতামৃত-রচনার প্রাক্কালে ষড়্‌গোস্বামিগণের কেহই শ্রীব্রজমণ্ডলে প্রকট ছিলেন না; শ্রীচরিতামৃতের প্রারম্ভে ষড়্‌গোস্বামীর কাহারও নিকট গ্রন্থ-রচনার অনুমতি গ্রহণের কথাও নাই। যদি শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভু শ্রীল শ্রীনিবাসাচার্যের সহিত অন্যান্য গোস্বামি-গ্রন্থের সঙ্গে শ্রীচৈতন্যচরিতামৃতও গৌড়দেশে প্রেরণ করিয়া থাকেন, তাহা হইলে নিশ্চয়ই শ্রীল শ্রীজীব গোস্বামি প্রভুর প্রকটকালেই উক্ত গ্রন্থ সম্পূর্ণ হইয়াছিল। কিন্তু শ্রীচরিতামৃতে সেইরূপ কোন নিদর্শন পাওয়া যায় না।

‡ শ্রীগোবিন্দ কবিরাজের প্রতি শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর পত্র—"পূর্ব্বং শ্যামদাসমার্দ্দঙ্গিকহস্তেন শ্রীশ্রীনিবাসাচার্য-গোস্বামিনে বৃহদ্‌ভাগবতামৃতং প্রস্থাপিতমাসীৎ" ইত্যাদি।

—শ্রীভক্তিরত্নাকর, ১৪।৩৬ (৪নং পত্র)

* "শ্রীগোপালচম্পূ **গ্রন্থারম্ভ** শুনাইলা।
আর যে যে গ্রন্থ কৈল, তাহা দেখাইলা॥"

—ঐ. ৯।১০৭

দেহত্যাগাদি তমোধর্ম—পাতক-কারণ।
সাধক না পায় তা'তে কৃষ্ণের চরণ ॥"

(চৈ চ অ ৪।৫৭, ৬০)

এই উপদেশের লেখক (শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু 'সরাগবক্তা' নহেন) কথনও অন্যরূপ আচরণ করিতে পারেন না। সুতরাং শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর সম্বন্ধে ঐরূপ উক্তি অতাত্ত্বিকগণের কল্পিত।

আশ্বিনী শুক্লা দ্বাদশী-তিথি শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু এবং তাঁহার শ্রীগুরুপাদপদ্মদ্বয় শ্রীশ্রীল রঘুনাথ-দাস গোস্বামী প্রভু ও শ্রীশ্রীল রঘুনাথ ভট্ট গোস্বামী প্রভুর 'তিরোভাব' তিথি বলিয়া বৈষ্ণব-বিশ্বে প্রচারিত রহিয়াছে। কেহ কেহ বলেন,—১৫৩৭ বা ১৫৩৮ শকাব্দায় শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর তিরোভাব হয়।

শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর রচিত গ্রন্থ

শ্রীল শ্রীনিবাসাচার্য-প্রভুর আত্মজা শ্রীল হেমলতা ঠাকুরাণীর শিষ্য কবি শ্রীযদুনন্দনদাস শ্রীগোবিন্দলীলামৃতের 'ভাষানুবাদে'র উপসংহারে লিখিয়াছেন,—

"শ্রীকৃষ্ণদাস গোঁসাই কবিরাজ দয়াবান।
কৃপা করি' লীলা প্রকাশিলা অনুপাম ॥
(১) চৈতন্যচরিতামৃত গ্রন্থ প্রকাশিয়া।
জীব উদ্ধারিলা অতি করুণা করিয়া ॥
(২) শ্রীগোবিন্দলীলামৃত নিগূঢ় ভাণ্ডার।
তাহা উঘাড়িয়া দিলা, কি কৃপা তোমার ॥
(৩) কৃষ্ণকর্ণামৃত-ব্যাখ্যা কেবা তাহা জানে।
তাহার নিগূঢ় কথা কৈলা প্রকটনে ॥
তিন অমৃতে ভাসাইলা এ তিন ভুবন।
তোমার চরণে তেঁই করিয়ে স্তবন ॥"

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু 'তিন অমৃত' পরিবেষণ করিয়াছেন,—(১) শ্রীচৈতন্যচরিতামৃত, (২) শ্রীগোবিন্দলীলামৃত ও (৩) শ্রীকৃষ্ণকর্ণামৃত। তিনি 'সারঙ্গ-রঙ্গদা'র মধ্য দিয়া শ্রীবিল্বমঙ্গলের শ্রীকৃষ্ণকর্ণামৃত পরিবেষণ করিয়াছেন। 'শ্রীচৈতন্যচরিতামৃত' তাঁহার সর্ব্বশেষ রচনা। ,শ্রীগোবিন্দলীলামৃত' রচনা করিয়া তিনি বৈষ্ণব-সমাজে 'কবি-ভূপতি' বা 'কবিরাজ'-নামে ভূষিত হইয়াছিলেন। শ্রীগোবিন্দলীলামৃতকে সর্বাপেক্ষা সুবৃহৎ গৌড়ীয়-বৈষ্ণব-কাব্য বলিতে পারা যায়। যদিও শ্রীল শ্রীজীব গোস্বামী প্রভুর 'শ্রীগোপালচম্পূ' শ্রীগোবিন্দলীলামৃত হইতে আকারে বৃহৎ, তথাপি উহা 'চম্পূ'-কাব্য অর্থাৎ গদ্য-পদ্য-মিশ্রিত। শ্রীগোবিন্দলীলামৃত 'ত্রয়োবিংশতি সর্গে' বিভক্ত এবং ইহাতে ২৫১১টী শ্লোক আছে। গ্রন্থের উপসংহারে শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু বলিয়াছেন,—

"শ্রীরূপদর্শিতদিশা লিখিতাষ্টকাল্যা
শ্রীরাধিকেশকৃতকেলিততির্ময়েয়ম্।
সেবাহস্ত যোগ্যবপুষাঽনিশমত্র চাস্যা
রাগাধ্বসাধকজনৈর্মনসা বিধেয়া ॥
পাদারবিন্দভৃঙ্গেণ শ্রীরূপরঘুনাথয়োঃ।
কৃষ্ণদাসেন গোবিন্দলীলামৃতমিদং চিতম্ ॥"

(শ্রীগোবিন্দলীলামৃত, ২৩।৯৩-৯৫)

শ্রীরূপ গোস্বামী প্রভুর প্রদর্শিত পথে শ্রীরাধিকানাথের কৃত অষ্টকালীয় লীলাসমূহ আমার দ্বারা লিখিত হইল। অপ্রাকৃত সেবাযোগ্য বপুর দ্বারা রাগানুগ সাধক-জনগণ মনে মনে এই লীলা আস্বাদন করিবেন। শ্রীরূপ ও শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রভুর শ্রীপাদ-পদ্মের ভৃঙ্গ-স্বরূপ শ্রীকৃষ্ণদাস-নামক আমি এই শ্রীগোবিন্দলীলামৃত চয়ন করিলাম।

এইজন্য কেহ কেহ বলেন,—শ্রীল রূপ গোস্বামী প্রভুর অষ্টকালিক শ্লোকাবলী বা একাদশ শ্লোক অবলম্বন করিয়া শ্রীল রূপ গোস্বামী প্রভুর অভীষ্টানুসারে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীগোবিন্দলীলামৃত বিস্তার করিয়াছেন। শ্রীল রূপ গোস্বামী প্রভুর গ্রন্থের তালিকা-প্রদান-কালে শ্রীল নরহরি চক্রবর্তী লিখিয়াছেন,—

(শ্রীরূপ) "বৈষ্ণব-ইচ্ছায় একাদশ শ্লোক কৈল।
কৃষ্ণদাস কবিরাজে বিস্তারিতে দিল ॥
অষ্টকাললীলা তা'তে অতি রসায়ন।
ভাগ্যবন্ত-জন সে করয়ে আস্বাদন ॥"

(শ্রীভক্তিরত্নাকর, ১।৮১৮-১৯)

শ্রীগোবিন্দলীলামৃতে গ্রন্থকারের ব্যাকরণ, সাহিত্য,

অলঙ্কার, কাব্য, সঙ্গীত বিবিধকলা-বিদ্যা, রসতত্ত্ব ও সিদ্ধান্ত-তত্ত্বের একত্র পরিবেষণপারিপাট্য দেখিয়া অপ্রাকৃত রসিক ও ভাবুকগণ মুগ্ধ হন।

'সারঙ্গরঙ্গদা'-টীকা

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভুর শ্রীকৃষ্ণকর্ণামৃতের 'সারঙ্গরঙ্গদা'-টীকার প্রসিদ্ধি সর্বত্রই আছে। উক্ত টীকার 'মঙ্গলাচরণে'র একটী শ্লোক নিম্নে উদ্ধৃত হইতেছে,—

যদ্ভাবভাবিতধিয়ঃ প্রণয়োত্থবাচাং
মুদ্রাপি দুর্গমতমা মুনিপুঙ্গবানাম্।
রাসোৎসুকং মদনমোহনমচ্যুতং তং
রাধাসমেধিতরসোল্লসিতং নতোঽস্মি॥
কৃপাসুধাসরিদ্‌যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি।
নীচগৈব সদা ভাতি তং শ্রীচৈতন্যমাশ্রয়ে॥
সদ্ভক্তভাবগন্ধর্বগান্ধর্বরসলম্পটৈঃ।
সারঙ্গৈঃ শোধ্যতামেষা টীকা সারঙ্গরঙ্গদা॥

ইহার পর শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু 'সারঙ্গরঙ্গদা' টীকার প্রারম্ভে শ্রীবিল্বমঙ্গলের পূর্ব-চরিত সংক্ষেপে বর্ণন করিয়াছেন।

'সারঙ্গরঙ্গদা'র উপসংহারের একটি শ্লোক নিম্নে উদ্ধৃত হইল,—

শ্রীরূপচরণাব্জালিকৃষ্ণদাসেন বর্ণিতা।
কৃষ্ণকর্ণামৃতস্যৈষা টীকা সারঙ্গরঙ্গদা॥

মাদ্রাজের Govt. Oriental Manuscripts Libraryর পুঁথির তালিকায় (A Triennial Catalogue of Mss., Ed. by S. Kuppuswami Sastri, Vol. IV, Part I, Sanskrit A, Madras, 1927) দুইটী স্তোত্র শ্রীকৃষ্ণদাস গোস্বামী ও শ্রীকৃষ্ণ কবিরাজ গোস্বামীর রচিত বলিয়া উদ্ধৃত হইয়াছে।

R. No. 3053 (a-9) শ্রীকৃষ্ণলীলাক্রমঃ

R. N. 3050 (0) শ্রীরাধাষ্টকম্

স্তোত্রদ্বয় পূজ্যপাদ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি-প্রভুর বিরচিত কিনা তদ্বিষয়ে সন্দেহ আছে এবং উহাতে ছন্দঃপাত ও বর্ণাশুদ্ধিও আছে।

শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর কৃপায় ভূতলে, বিশেষতঃ গৌড়দেশবাসিগণের মধ্যে কলিযুগপাবনাবতারী শ্রীগৌরহরির অনর্পিতচরী উন্নতোজ্জ্বলরসময়ী আবেশাত্মিকা অকিঞ্চনা ভক্তির কথা প্রকাশিত হইয়াছে। শ্রীরামানন্দ-পোষণ, শ্রীসনাতন-পালন, শ্রীস্বরূপ-রূপানন্দবর্দ্ধন, শ্রীরঘুনাথ-সর্বস্ব, শ্রীগদাধর-মাদন শ্রীগৌরসুন্দর ও তাঁহার স্বভজন-বিভজনলীলার যে বৈশিষ্ট্য, তাহা একমাত্র শ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর কৃপাতেই বিদিত হওয়া যায়। অধিক কি, সমগ্র গোস্বামি-গ্রন্থ অধ্যয়ন করিয়াও শ্রীকবিরাজ গোস্বামী প্রভুর শ্রীচরিতামৃত পাঠ না করিলে কেহ ষড়্ গোস্বামীর প্রকৃত হৃদ্‌গত সিদ্ধান্ত অবগত হইতে পারেন না। আবার শ্রীচৈতন্যচরিতামৃতের প্রত্যেকটী পদ শ্রীস্বরূপ-রূপানুগবর শ্রীগুরুপাদপদ্মের আনুগত্যে ষট্‌সন্দর্ভ, শ্রীভাগবতামৃত, শ্রীরসামৃতসিন্ধু ও শ্রীউজ্জ্বলের দ্বারা ব্যাখ্যাত না হইলে উহার প্রকৃত তাৎপর্য উপলব্ধি করিতে পারা যায় না। অতএব একমাত্র শ্রীকবিরাজই ষড়্‌গোস্বামীর আস্বাদিত রসসিন্ধু ও তত্ত্বসিন্ধু মন্থন করিয়া তাহার অমৃতসার শ্রদ্ধাবান জীবকে পরিবেষণপূর্বক তাঁহাদিগকে 'অমর' করিবার অসমোর্দ্ধ ঔদার্যলীলা প্রকট করিয়াছেন।

শ্রীমুরারিগুপ্তের কড়চা, শ্রীল ঠাকুর বৃন্দাবনের শ্রীচৈতন্য-ভাগবত, শ্রীল লোচনদাস ঠাকুরের শ্রীচৈতন্যমঙ্গল, এমন কি, শ্রীকবিকর্ণপূরের যাবতীয় গ্রন্থ জগতে প্রচারিত হইলেও যদি শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর শ্রীগৌরগোবিন্দ-লীলামৃতদ্বয় অপ্রকাশিত থাকিতেন, তাহা হইলে শ্রীশ্রীগৌর-হরির আবির্ভাবের অন্তরঙ্গ ও মুখ্য কারণ ব্যর্থ হইয়া যাইত। ষড়্‌গোস্বামী রাগাত্মিকা ও রাগানুগা ভক্তির কথা, তত্ত্ব ও রসের কথা বিস্তৃতভাবে আলোচনা করিয়াছেন সত্য, কিন্তু তাঁদের একান্ত শিষ্যবর শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী শ্রীশ্রীগৌরহরির বাস্তব চরিত্রের দ্বারা সেই সকল তত্ত্ব ও রসসিদ্ধান্তের যে ব্যাখ্যা ও বিবৃতি করিয়াছেন, তাহা অদ্বিতীয় ও অসমোর্দ্ধ। শ্রীচৈতন্যচরিতামৃতে ষড়্‌গোস্বামীর আবিষ্কৃত সমগ্র রসশাস্ত্র ও তত্ত্বগ্রন্থের বিশ্লেষণ ও বিবৃতির মূর্ত বিগ্রহ—শ্রীকৃষ্ণচৈতন্য-পরতত্ত্বের লীলা-কৈবল্য পরিপুষ্টীত বেদ ও ভাগবত।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের শ্রীচৈতন্যভাগবত পাঠ করিয়া শ্রদ্ধালু বক্তা ও শ্রোতা 'শ্রীনিবাস-ঈশ্বর' শ্রীগৌরসুন্দরের দর্শন পাইতে পারেন ; শ্রীলোচনদাসের শ্রীচৈতন্যমঙ্গল পাঠ করিয়া কেহ কেহ খণ্ডবাসীর হৃদয়বল্লভ শ্রীগৌরহরিকে উপলব্ধি করেন ; শ্রীমুরারিগুপ্তের শ্রীকৃষ্ণচৈতন্যচরিত পাঠ করিয়া বিশুদ্ধবিক্রম পরমেশ্বর শ্রীকৃষ্ণচৈতন্যরামের লীলাবলী আস্বাদন করেন ; শ্রীকবিকর্ণপুরের নাটক ও মহাকাব্যাদি পাঠ করিয়া শ্রীশিবানন্দেশ্বর শ্রীচৈতন্যচন্দ্রের শ্রীচরণকমল মধুপানে লুব্ধ হন ; শ্রীল প্রবোধানন্দ সরস্বতীর 'শ্রীচৈতন্য-চন্দ্রামৃত' পাঠ করিয়া শ্রদ্ধালু জীব শ্রীগৌরপাদপদ্মে একান্ত নিষ্ঠা লাভ করেন ; কিন্তু শ্রীশ্রীল কবিরাজ গোস্বামী প্রভুর শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ করিয়া অতিশয় সুদুর্লভ সুকৃতিমান্ ব্যক্তি শ্রীশ্রীস্বরূপ-রামরায়-সনাতন-শ্রীহরিদাস-শ্রীরূপ-শ্রীরঘুনাথের প্রাণকোটি-অনুরাগ-প্রদীপের শিখায় নির্ম্মঞ্ছিত-নীলাচল-বিভূষণ মহাভাবমূর্তি শ্রীগৌরহরির শ্রীপাদপদ্ম-সেবায় লুব্ধ হইতে পারেন।

—০—

"কৃষ্ণলীলা অমৃতসার, তার শত শত ধার,
দশদিকে বহে যাহা হৈতে।
সে চৈতন্যলীলা হয়, সরোবর অক্ষয়,
মনো-হংস চরাহ তাহাতে॥"

—মধ্যলীলা ২৫।২৭১

"কৃষ্ণদাস কবিরাজ, রসিক ভকত-মাঝ,
যেঁহো কৈল চৈতন্য-চরিত।
গৌর-গোবিন্দ-লীলা, শুনিতে গলয়ে শিলা
তাহাতে না হৈল মোর চিত॥"

—শ্রীল ঠাকুর নরোত্তম

অধ্যায়-সূচী

হেলোদ্ধূনিত-খেদয়া বিশদয়া প্রোন্মীলদামোদয়া
শাম্যচ্ছাস্ত্রবিবাদয়া রসদয়া চিত্তার্পিতোন্মাদয়া।
শশ্বদ্ভক্তিবিনোদয়া সমদয়া মাধুর্যমর্যাদয়া
শ্রীচৈতন্যদয়ানিধে তব দয়া ভূয়াদমন্দোদয়া॥

শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক ৮।১০

শ্রীচৈতন্যচরিতামৃতের পাঠান্তরে ব্যবহৃত প্রাচীন করলিপিসমূহ ও বিভিন্ন মুদ্রিত সংস্করণের পরিচয়

'ক'—১০৬৬ বঙ্গাব্দে লিখিত, কলিকাতা বঙ্গীয়সাহিত্য-পরিষদে স্থিত, ২৫২ সংখ্যক করলিপি

'খ'—১৬৩৪ শক=১১২০ বঙ্গাব্দে লিখিত, কলিকাতা-বিশ্ববিদ্যালয়ে স্থিত, ৪৪৮ সংখ্যক „

'গ'—১৬৭২ শক=১১৫৭ „ „ ঢাকা „ „ ২০৭ „ „

'ঘ'—১৬৯৯ শক=১১৮৪ „ „ „ „ ১৭১৭ „ „

'ঙ'—১৮৮৫ সংবৎ=১২১৫ „ „ শ্রীধাম-বৃন্দাবনে শেঠানিকুঞ্জে স্থিত „

'চ'—১৭৩৩ শক=১২১৮ „ „ কলিকাতা-বঙ্গীয়সাহিত্য-পরিষদে „ ২৪৪ „ „

'ছ'— ১২২৫ . „ „ শ্রীধাম-মথুরা কুঞ্জেরানিবাসী শ্রীধীরেন দাস-প্রদত্ত করলিপি

'জ'—১৭৬৫ শক=১২৫০ „ „ শ্রীধাম-নবদ্বীপে শ্রীহরিবোল-কুটীরে শ্রীহরিদাস দাসজী-প্রদত্ত করলিপি

'ঝ'— ঢাকা-বিশ্ববিদ্যালয়ে স্থিত, ৪৬১৭ সংখ্যক করলিপি

'ঞ'— শ্রীপাট-গোপীবল্লভপুর-গ্রন্থাগার-স্থিত „

'ট'— ১২৪৭ বঙ্গাব্দে ম' ম' শ্রীজ্ঞানচন্দ্র সিদ্ধান্তবাগীশ-সম্পাদিত, কলিকাতা

'ঠ'—৪০০ শ্রীগৌরাব্দ=১২৯৩ „ শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন-সম্পাদিত, বহরমপুর

'ড'—৪০৯ „ =১৩০২ „ শ্রীভক্তিবিনোদ ঠাকুর-সম্পাদিত, কলিকাতা

'ঢ'—৪১২ „ =১৩০৫ „ শ্রীপঞ্চানন-চক্রবর্তি-সম্পাদিত, ঢাকা

'ণ'— ১৩৩৩ „ শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামি-সম্পাদিত, বঙ্গবাসী, কলিকাতা

'ত'— শ্রীমাখনলাল দাস ভাগবতভূষণ সম্পাদিত, কলিকাতা

'থ'— ১৩২০ „ শ্রীনিত্যস্বরূপ ব্রহ্মচারী, শ্রীদেবকীনন্দন প্রেস, কলিকাতা

'দ'—৪৩৮ „ —১৩৩০ „ শ্রীশশিভূষণ বন্দ্যোপাধ্যায়-সম্পাদিত, কালনা

'ধ'—৪৪১ „ —১৩৩৩ „ শ্রীগৌড়ীয় মঠ-প্রকাশিত, বাগবাজার, কলিকাতা

'ন'—৪৬২ „ =১৩৫৫ „ শ্রীরাধাগোবিন্দ নাথ-সম্পাদিত, ৩য়-সং, কলিকাতা

———০———

এই সংস্করণে সর্বপ্রথম প্রকাশিত শ্রীচৈতন্যচরিতামৃতের প্রাচীন টীকা ও সংস্কৃত পদ্যানুবাদ

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা—শ্রীনিত্যানন্দ অধিকারি-বিরচিত; মাদ্রাজ গভর্ণমেণ্ট ওরিয়েণ্টাল ম্যানাস্‌ক্রিপ্টস্ লাইব্রেরী-স্থিত প্রাচীন হস্তলিপি R. No. 3013 (Paper).

পরিশিষ্ট—শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের সংস্কৃত পদ্যানুবাদ—লণ্ডনস্থিত ইণ্ডিয়া অফিস লাইব্রেরীতে রক্ষিত, প্রাচীন তালপত্রে উড়িয়া অক্ষরে লিখিত Mackenzi Collection No. 21, September 14, 1825.

———০———

*শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দাভ্যাং নমঃ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

শ্রীশ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামিপাদ-বিরচিত

আদিলীলা

প্রথম পরিচ্ছেদ

বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্। তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্॥ ১

শ্রীমন্নিত্যানন্দাধিকারি-বিরচিতা 'শ্রীগৌরভক্তবিনোদিনী' টীকা

মন্দারমাল্যাঙ্ঘ্রিসরোজভাজাং, মন্দারসৌন্দর্যবিনিন্দিতোষ্ঠম্।
বৃন্দারকৈর্বন্দ্যপদারবিন্দং, বৃন্দাবনেশং সততং প্রপদ্যে ॥১॥
নিজপ্রভানির্জিত-পুষ্পকেতুং, পাষণ্ডবিধ্বংসন-ধূমকেতুম্।
বন্দে স্বভক্তপ্রপদাম্বুসেতুং, চৈতন্যচন্দ্রং ভবমোক্ষহেতুম্ ॥২॥

নিত্যানন্দং সদানন্দকন্দমিন্দীবরেক্ষণম্।
বন্দেঽহং সাধুসন্দোহরক্ষণং শুভলক্ষণম্ ॥৩॥
অদ্বৈতাচার্যমাচার্য-চর্যমার্যং মহাদ্যুতিম্।
গৌরাঙ্গ-প্রণয়োন্মত্তমাশ্রয়ে ভুবনাশ্রয়ম্ ॥৪॥
শ্রীগোবিন্দপদদ্বন্দ্বভাবনং লোকপাবনম্।
বন্দেঽহং সাধুসন্দোহং জগদানন্দমন্দিরম্ ॥৫॥
পুরুষোত্তমদেবাখ্য-বসুধাধিপতের্গুরোঃ।
আজ্ঞয়া সম্মতা নাম্না গৌরভক্তবিনোদিনী ॥৬॥

সেয়ং চৈতন্যচরিতামৃতটীকা ময়া মুদা।
বিচার্য ক্রিয়তে নিত্যং নিত্যানন্দাধিকারিণা ॥৭॥

গ্রন্থারম্ভে স্বাভীষ্টদেব-নামগুণলীলাত্মক-মঙ্গলমঙ্গীকুর্বন্ তস্য চাশীর্বাদ-নমস্কার-বস্তুনির্দেশাত্মকত্বেঽপি প্রথমতঃ সামান্যে-নৈবেষ্টদেবং গ্রন্থকারো নমস্করোতি—বন্দ ইতি। বন্দ ইত্যাত্মে ক্রিয়াপদং পরমাদরত্ব-সূচনার্থম্। অতএব মহাভাষ্যে

বঙ্গানুবাদ

১। শ্রীগ্রন্থারম্ভে বিঘ্নবিনাশন ও অনায়াসে অভীষ্ট সিদ্ধির নিমিত্ত গ্রন্থকার শ্রীশ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের শ্রীচরণ-স্মরণপূর্বক সামান্যরূপে নমস্কার করিতেছেন—শ্রীমন্ত্রগুরু ও শ্রীশিক্ষাগুরুবর্গকে, শ্রীবাসাদি ভগবদ্ভক্তগণকে, অংশাবতার

পাঠান্তর

* শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমো নমঃ [ক]; শ্রীশ্রীগান্ধর্বাগিরিধরাভ্যাং নমঃ [গ]; শ্রীগুরবে নমঃ॥ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ [ঘ]; শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ [ঙ, চ, ছ, জ, ট, ণ]। শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্য-
নিত্যানন্দৌ সহোদিতৌ।
গৌড়োদয়ে পুষ্পবন্তৌ
চিত্রৌ শন্দৌ তমোনুদৌ ॥ ২

৫ যদদ্বৈতং ব্রহ্মোপনিষদি তদপ্যস্য তনুভা
য আত্মান্তর্যামী পুরুষ ইতি সোঽস্যাংশবিভবঃ।
ষড়ৈশ্বর্যৈঃ পূর্ণো য ইহ ভগবান্ স স্বয়ময়ং
ন চৈতন্যাৎ কৃষ্ণাজ্জগতি পরতত্ত্বং পরমিহ ॥ ৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

প্রোক্তম্,—ক্রিয়াদ্য-ক্রিয়ামধ্য-ক্রিয়ান্তেষু পরমাদরাদি সূচিতম্। গুরূনিতি শিক্ষাদীক্ষাভেদেন বহুবচনং, ন তু মান্যার্থম্। ঈশস্য শ্রীকৃষ্ণচৈতন্যস্য ভক্তান্ শ্রীবাসাদীন্। ঈশং স্বাভীষ্ট-শ্রীকৃষ্ণচৈতন্যম্। ঈশস্য শ্রীকৃষ্ণচৈতন্যস্য অবতারকান্ শ্রীঅদ্বৈতান্ ইতি মান্যার্থে বহুবচনম্। তস্য শ্রীচৈতন্যস্য প্রকাশান্ শ্রীনিত্যানন্দাদীনিতি পূর্ববৎ। তস্য শক্তীঃ শ্রীগদাধরপণ্ডিতাদীনিতি ভক্তত্বে সিদ্ধেঽপি অন্তরঙ্গশক্তিত্বনিরূপণার্থং পৃথঙ্‌ নির্দেশঃ কৃতঃ ॥১॥

অথ সামান্যেনৈবেষ্টদেবং নমস্কৃত্য পুনঃ বিশেষেণাহ—বন্দ ইতি। বহুব্যাপকং সামান্যম্, একদেশবর্তী বিশেষঃ। সামান্যবিশেষয়োর্মধ্যে বিশেষবিধির্বলবানিতি ন্যায়াৎ অভেদোপচারেণোচ্যতে। শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ অহং বন্দে নমস্করোমীত্যর্থঃ। তৌ কিংভূতৌ? সহৈকস্মিন্ কালে উদিতৌ প্রকটীভূতৌ গৌড় এবোদয় উদয়াচলঃ, তস্মিন্। যথা চন্দ্রসূর্যয়োঃ উদয়াচলে প্রকাশঃ তথা শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দয়োঃ গৌড়োদয় এবোদয়ো নত্বন্যত্র। এতেন নিত্যাবস্থিতিরপি জ্ঞাপিতা। 'একয়োক্ত্যা পুষ্পবন্তাবিত্যমরঃ' (অমরকোষঃ ১।৩।১০)। অতএব চিত্রৌ শন্দৌ সর্বমঙ্গলাত্মকপ্রেমদাবিত্যর্থঃ। তমোনুদৌ অন্তঃকরণাবচ্ছিন্নবাসনারূপাজ্ঞানচ্ছেদকারীত্যর্থঃ ॥২॥

প্রথমতো নমস্কৃত্যাধুনা বস্তুনির্দেশমাহ—যদিতি। সগুণনির্গুণয়োর্ব্রহ্মণোরভেদেঽপি যদদ্বৈতং নির্গুণং ব্রহ্মোপনিষদ্যুক্তং তদস্য সচ্চিদানন্দরূপ-নিত্যগুণাত্মক-স্বয়ংভগবতস্তনুভা তনোঃ প্রভেত্যর্থঃ, 'যস্য প্রভা প্রভবতঃ' (শ্রীব্রহ্মসংহিতা ৫।৫১) ইত্যাদিবচনাৎ। আত্মা অন্তর্যামীতি। আত্মনাং সমস্তজীবানাং অন্তর্যামী পরমাত্মেতি। 'বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি' (শ্রীচৈতন্যচরিতামৃত ১।৫।৭৭ ধৃতং সাত্বততন্ত্র-বচনম্) ইত্যভিপ্রায়েণাভেদোক্তেঃ পরব্যোমনাথস্যাংশত্বং সূচিতম্। নমু কারণার্ণবশায্যাদেঃ পুরুষসংজ্ঞত্বং, ন তু পরব্যোমনাথস্য ইতি চেৎ, ন। 'স্বাংশেন বিষ্টঃ পুরুষাভিধানমবাপ নারায়ণ আদিদেবঃ' ইত্যেকাদশস্কন্ধবচনাৎ (শ্রীমদ্‌ভাগবতে ১১।৪।৩) মূলপুরুষত্বমস্যৈব সিদ্ধম্। ষড়ৈশ্বর্যৈঃ পূর্ণো য ইহ ভগবানিতি—

'জ্ঞানশক্তিবলৈশ্বর্যবীর্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দ-বাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিঃ ॥'

ইতি বিষ্ণুপুরাণানুসারেণ (৬।৫।৭৯) স্বয়ংভগবত্ত্বমস্যৈব সিদ্ধং ন ত্বন্যেষাম্। অয়মিত্যেবংভূতঃ স্বয়ংভগবান্। শ্রীকৃষ্ণচৈতন্যাৎ পরতত্ত্বং ন ভবতি, স এব স ইত্যর্থঃ ॥৩॥

বঙ্গানুবাদ

শ্রীঅদ্বৈতাচার্যপ্রভুকে, শ্রীমন্মহাপ্রভুর স্বরূপপ্রকাশ শ্রীনিত্যানন্দ প্রভুকে, শ্রীগদাধর পণ্ডিতাদি স্বরূপশক্তিবর্গকে এবং স্বয়ংভগবান্ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে বন্দনা করি।

২। গৌড়দেশরূপ পূর্বশৈলে সমকালে উদিত কোটি-সূর্যচন্দ্র-তেজবিজয়ী অত্যাশ্চর্যরূপী, জীবের অজ্ঞানান্ধকারনাশকারী এবং শ্রীনামসংকীর্তনরূপ পরমমঙ্গলদানকারী শ্রীকৃষ্ণচৈতন্য ও শ্রীনিত্যানন্দ প্রভুদ্বয়কে আমি বন্দনা করি।

৩। উপনিষদ্‌বাক্য যাহাকে নির্বিশেষ সত্তামাত্র সুনির্মল অদ্বয় ব্রহ্ম বলেন, তাহাও এই শ্রীকৃষ্ণচৈতন্যের অঙ্গের শুদ্ধকিরণমণ্ডল; যোগশাস্ত্রে যাঁহাকে পরমাত্মা ও অন্তর্যামী পুরুষ বলা হয়, তিনি ইঁহার অংশ-বিভূতি; যিনি পরব্যোমাধিপতি

পাঠান্তর

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ [ঝ]; শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ [ঞ]; শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রং ভজামি [ঠ, ঢ]; শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো বিজয়তেতমাম্ [ড, ধ]; ভুবনমঙ্গলাবতার-শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ [থ]।

শ্রীবিদগ্ধমাধবে (১।২)—

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দর-দ্যুতিকদম্ব-সন্দীপিতঃ
৫ সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ ॥ ৪

শ্রীস্বরূপগোস্বামিকড়চায়াম্—

রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
১০ রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্ ॥ ৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ বস্তু নিরূপ্য চতুর্থশ্লোকেন বাহ্যাবতারপ্রয়োজনকথনপূর্বকং স্বাভীষ্টদেবস্য জগদ্‌হৃদয়স্ফূর্তিমাকাংক্ষন্নাহ—অনর্পিতেতি। শচীনন্দনো গৌরাঙ্গো হরিঃ বো যুষ্মাকং হৃদয়কন্দরে সদা স্ফুরতু হরিঃ সিংহঃ অপূর্বসিংহ ইত্যর্থঃ। অপূর্বত্বং বিশেষণেনাহ—পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ পুরটস্য সুবর্ণস্য সুন্দরো যৎ দ্যুতিকদম্বং কান্তিসমূহস্তেন সন্দীপিতঃ শোভিত ইত্যর্থঃ, সিংহস্য গৌরবর্ণত্বমপূর্বমিতি। তস্য বাহ্যপ্রয়োজনমাহ—অনর্পিতেতি। অনর্পিতচরীং পূর্বমনর্পিতা অনর্পিতচরী তাম্, উন্নতোজ্জ্বলরসাম্ উন্নত উজ্জ্বলো রসো যস্যাঃ সা তাম্, যদ্বা—উন্নত উজ্জ্বলঃ দেদীপ্যমানো রসঃ স্বাদঃ যস্যাং, সা তাং, স্বভক্তিশ্রিয়ং সমর্পয়িতুমর্থাৎ সর্বেভ্যঃ করুণয়া দাতুং কলাববতীর্ণঃ। ননু শ্রীকপিলদেবেন স্বমাতরি দেবহূত্যাং ভক্তিযোগঃ প্রোক্তঃ, কথং চিরাৎ অনর্পিতচরীমিত্যপেক্ষায়াং বিশেষণমাহ—উন্নতোজ্জ্বলরসাম্। জ্ঞানকর্মমিশ্র-ভক্তি-যোগঃ কথিতঃ তেন, ন তু প্রেমভক্তিযোগ ইতি বোদ্ধব্যম্ ॥ ৪ ॥

অথ পঞ্চমশ্লোকেনাবতারস্য মূলপ্রয়োজনমাহ—রাধেতি। কৃষ্ণপ্রণয়বিকৃতিঃ শ্রীকৃষ্ণস্য যঃ প্রণয়ঃ প্রেমা 'প্রণয়ঃ প্রেম্ণি বিশ্বাসঃ' ইত্যমরঃ। তস্য বিকৃতির্বিকারঃ প্রকৃতেরবস্থান্তরং বিকার ইত্যুক্তত্বাৎ। এবংভূতা রাধা হ্লাদিনীশক্তিঃ হ্লাদিনী-শক্তিস্বরূপা হ্লাদিনী সন্ধিনী সংবিত্ত্বয্যেকা গুণসংশ্রিতা', ইত্যুক্তত্বাৎ (বিষ্ণুপুরাণে ১।১২।৪৮)। অস্মাদতো হেতোঃ পুরা পূর্বস্মিন্‌কালে। একাত্মকাবেকস্বরূপাবপি শক্তিশক্তিমতোরভেদোপচারেণোক্তম্। তৌ দেহভেদং শরীরভেদং গতৌ প্রাপ্তৌ অধুনা ইদানীং কলাবিত্যর্থঃ। ভুবি ভূতলে, তদ্দ্বয়ং রাধাকৃষ্ণদ্বয়ম্, ঐক্যম্ একত্বং আপ্তং প্রাপ্তং সৎ চৈতন্যাখ্যং চৈতন্যস্বরূপেণ

বঙ্গানুবাদ

ষড়ৈশ্বর্যপূর্ণ, লক্ষ্মীকান্ত নারায়ণ, তিনি ভগবান্ অর্থাৎ ইঁহার অভিন্নস্বরূপ বিলাসমূর্তি ; এই শ্রীকৃষ্ণচৈতন্য স্বয়ংভগবান্, ইঁহা হইতে শ্রেষ্ঠতত্ত্ব বিশ্বে আর কিছু নাই।

৪। যে প্রেমভক্তি বহুকাল পর্যন্ত অর্পিত হয় নাই, (অন্যান্য যুগে ঐশ্বর্যজ্ঞানমিশ্রা বিধিভক্তিই প্রচারিত হইয়াছে) ; সেই উন্নতোজ্জ্বলরস-বিশিষ্ট রাগমার্গীয় নিজভক্তিসম্পত্তি প্রদান করিবার নিমিত্ত রসিকশেখর পরমকরুণ শ্রীকৃষ্ণ কৃপাপূর্বক শ্রীশচীনন্দনরূপে কলিযুগে অবতীর্ণ হইয়াছেন। সুবর্ণ হইতে অতি রমণীয় দ্যুতিসমূহদ্বারা সমুদ্দীপিত সেই শ্রীশচীনন্দন শ্রীগৌরহরি (শ্রীগৌরাঙ্গকেশরী) তোমাদিগের হৃদয়গুহার অন্ধকার বিনাশ করিয়া সর্বদা প্রকাশিত হউন।

৫। শ্রীরাধিকা শ্রীকৃষ্ণপ্রেমের পরিণতি স্বরূপশক্তি হ্লাদিনী। এই হ্লাদিনী শক্তি কৃষ্ণকে আনন্দাস্বাদন করান এবং শ্রীকৃষ্ণ ইঁহার দ্বারা ভক্তগণের পোষণ করেন। শ্রীরাধিকা পূর্ণশক্তি ও শ্রীকৃষ্ণ পূর্ণশক্তিমান সুতরাং শ্রীরাধাকৃষ্ণ একাত্মা হইলেও পূর্বে ব্রজভূমিতে লীলারস আস্বাদনের জন্য দুই দেহ ধারণ পূর্বক প্রকট বিহার করেন। সেই দুই বিগ্রহ ঐক্য প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণচৈতন্যস্বরূপে এই বিশেষ কলিযুগে শ্রীনবদ্বীপে প্রকটিত হইয়াছেন। সেই শ্রীরাধিকার মহাভাব ও গৌরকান্তি সম্বলিত শ্রীকৃষ্ণস্বরূপ শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে নমস্কার করি।

পাঠান্তর

৯ (৪র্থ) দ্বৈক্যমাপ্তং [গ, ঘ]

শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভাৎ
তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ ॥ ৬

৫ সঙ্কর্ষণঃ কারণতোয়শায়ী
গর্ভোদশায়ী চ পয়োঽব্ধিশায়ী।
শেষশ্চ যস্যাংশ-কলাঃ স নিত্যা-
নন্দাখ্যরামঃ শরণং মমাস্তু ॥ ৭

মায়াতীতে ব্যাপি-বৈকুণ্ঠলোকে
পূর্ণৈশ্বর্যে শ্রীচতুর্ব্যূহমধ্যে।
১০ রূপং যস্যোদ্ভাতি সঙ্কর্ষণাখ্যং
তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

'অন্তঃকৃষ্ণং বহির্গৌরমি'ত্যুক্তত্বাৎ। প্রকটং প্রকটীভূতম্। রাধাভাবদ্যুতি-সুবলিতং রাধায়াঃ যো ভাবো রতিঃ, দ্যুতিঃ কান্তিস্তাভ্যাং সুবলিতং সংপৃক্তং কৃষ্ণস্বরূপং তং কৃষ্ণচৈতন্যং নৌমি স্তুতিং করোমীত্যর্থঃ ॥ ৫ ॥

বাঞ্ছাত্রয়াত্মকমূলপ্রয়োজনমাহ--শ্রীরাধায়া ইতি। শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা প্রণয়স্য প্রেম্ণো মহিমা মহত্ত্বং কীদৃশঃ, যেন প্রণয়মহিম্না অনয়া রাধয়া আস্বাদ্যঃ মদীয়োঽদ্ভুতমধুরিমা অদ্ভুত আশ্চর্যরূপঃ যো মধুরিমা মাধুর্যং বা কীদৃশঃ, অস্যা রাধায়াঃ মদনুভবতো মদীয়ানুভবাৎ কীদৃশং সৌখ্যং বা, ইতি লোভাৎ বাঞ্ছাত্রয়-লোভাৎ, তদ্ভাবাঢ্যঃ তস্যা রাধায়া যো ভাবঃ তেনাঢ্যঃ যুক্তঃ। হরীন্দুঃ হরিরিন্দুরিবেত্যুপমিতসমাসঃ। শচীগর্ভসিন্ধৌ শচ্যাঃ স্বমাতুঃ গর্ভঃ স এব সিন্ধুস্তস্মিন্ সমজনি সঞ্জাতোঽভূদিত্যর্থঃ ॥ ৬ ॥

অথ শ্রীনিত্যানন্দস্বরূপ-নিরূপণং সামান্যেনাহ গ্রন্থকারঃ—সঙ্কর্ষণ ইতি। যস্য নিত্যানন্দস্য সঙ্কর্ষণঃ স্বয়ংভগবতো দ্বিতীয়-ব্যূহঃ, ন তু পরব্যোমনাথস্য; তথা চোক্তং (সংক্ষেপ-) ভাগবতামৃতে (১।৬৩৬)—

'যে পরব্যোমনাথস্য বাসুদেবাদয়ো ব্যূহাঃ। তেভ্যোঽপ্যুৎকর্ষভাজোঽমী কৃষ্ণব্যূহাঃ সতাং মতাঃ ॥ ইতি।

কারণতোয়শায়ী মহাবিষ্ণুঃ সঙ্কর্ষণাংশঃ, গর্ভোদশায়ী প্রদ্যুম্নাংশঃ, পয়োঽব্ধিশায়ী অনিরুদ্ধাংশঃ, শেষশ্চ বাসুদেবাংশ। অংশকলাঃ অংশাশ্চ কলাশ্চ তাঃ, নিত্যানন্দাখ্যরামঃ মম শরণমস্তু ॥ ৭ ॥

অথ সামান্যেন শ্রীনিত্যানন্দস্বরূপমুক্ত্বা পুনর্বিশেষেণাহ—মায়াতীত ইতি; তথা চোক্তং দ্বিতীয়স্কন্ধে, (শ্রীমদ্ভাগবতে ২।৯।১০)—

'প্রবর্ততে যত্র রজস্তমস্তয়োর্মিশ্রং চ সত্ত্বং ন চ কালবিক্রমঃ।
ন যত্র মায়া কিমুতাপরে হরেরনুব্রতা যত্র সুরাসুরার্চিতাঃ॥' ইতিবচনাৎ।

বঙ্গানুবাদ

৬। শ্রীরাধিকার প্রেমের মহিমা কিরূপ, যে প্রণয়ের দ্বারা শ্রীরাধিকাকর্তৃক আমার অত্যাশ্চর্য মাধুর্য আস্বাদিত হয়, সেই মাধুর্যই বা কিরূপ, এবং আমার মাধুর্যানুভবজনিত শ্রীরাধিকার যে সুখ হয়, সেই সুখই বা কিরূপ,—এই তিনটি ইচ্ছাপূরণের লোভহেতু শ্রীরাধার ভাবযুক্ত হইয়া শ্রীকৃষ্ণচন্দ্র নিজমাতা শ্রীশচীদেবীর গর্ভরূপ সমুদ্রে আবির্ভূত হইয়াছেন।

৭। শ্রীবৈকুণ্ঠে শ্রীনারায়ণের চতুর্ব্যূহান্তর্গত শ্রীসঙ্কর্ষণ, কারণার্ণবশায়ী প্রকৃতির অন্তর্যামী প্রথমপুরুষ মহাবিষ্ণু, গর্ভোদকশায়ী প্রতিব্রহ্মাণ্ডের অন্তর্যামী দ্বিতীয়পুরুষ, ব্যষ্টিজীবের অন্তর্যামী তৃতীয়পুরুষ, ক্ষীরাব্ধিশায়ী—ব্রহ্মাণ্ড পালনকারী গুণাবতার শ্রীবিষ্ণু এবং ধরণীধর শ্রীঅনন্ত, ইঁহারা যাঁহার অংশ ও কলাস্বরূপ, সেই শ্রীনিত্যানন্দ-নামক শ্রীবলদেব আমার আশ্রয় হউন।

৮। মায়াতীত, সর্বব্যাপক ও ষড়ৈশ্বর্যপূর্ণ বৈকুণ্ঠলোকে চতুর্ব্যূহ অর্থাৎ শ্রীনারায়ণের চতুষ্পার্শ্বে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ—ইঁহাদের মধ্যে বিরাজিত সঙ্কর্ষণ-নাম্নী মূর্তিটি যাঁহার দ্বিতীয় 'রূপ', সেই শ্রীনিত্যানন্দ-নামক শ্রীবলরামকে আমি আশ্রয় করিতেছি।

মায়াভর্ত্তাজাণ্ডসঙ্ঘাশ্রয়াঙ্গঃ
শেতে সাক্ষাৎ কারণাম্ভোধিমধ্যে।
যস্যৈকাংশঃ শ্রীপুমানাদিদেব-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৯

৫ যস্যাংশাংশঃ শ্রীল-গর্ভোদশায়ী,
যন্নাভ্যব্জং লোকসঙ্ঘাতনালম্।
লোকস্রষ্টুঃ সূতিকাধাম ধাতু-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ব্যাপিবৈকুণ্ঠলোক ইতি ত্রিপাদ্বিভূতিত্বাৎ। তথা হি পাদ্মে,—'ত্রিপাদ্ভূতং সনাতনম্' ইতি। পূর্ণৈশ্বর্য ইত্যনেন প্রেমমাধুর্যরহিতত্বং সূচিতম্॥ ৮॥

'বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি' (শ্রীচৈতন্যচরিতামৃত ১৫।৭৭ ধৃত সাত্বততন্ত্র-বচনম্) ইত্যাদ্যনুসারেণ প্রথমতঃ প্রথম-পুরুষাবতারমাহ—মায়াভর্ত্তেতি। মায়াভর্ত্তা মায়েক্ষকঃ, 'ঈক্ষতের্নাশব্দম্' (শ্রীব্রহ্মসূত্রম্ ১।১।৫) ইতি ন্যায়াৎ। অজাণ্ডসংঘাশ্রয়াঙ্গঃ অজাণ্ডসঙ্ঘানাং ব্রহ্মাণ্ডসমূহানাম্ আশ্রয়ঃ। অঙ্গং যস্য সঃ, কারণাম্ভোধিমধ্যে সাক্ষাৎ শেতে ইত্যনেন মহাবিষ্ণুঃ সূচিতঃ। যথা ব্রহ্মসংহিতায়াম্,—'তস্মিন্নাবিরভূল্লিঙ্গে মহাবিষ্ণু র্জগৎপতিঃ' ইতি। এবংভূতঃ সঃ আদিদেবঃ পুমান্ পুরুষঃ মহাবিষ্ণুরিত্যর্থঃ। যস্যৈকাংশঃ যস্য শ্রীনিত্যানন্দস্যৈকাংশঃ অংশভূত ইত্যর্থঃ। তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে প্রপন্নোঽস্মি। তং প্রতি শরণাগতোঽস্মীত্যর্থঃ॥ ৯॥

অথ প্রথম পুরুষাবতারমুক্ত্বা দ্বিতীয়পুরুষাবতারমাহ—যস্যাংশাংশ ইতি। যন্নাভ্যব্জং যস্য গর্ভোদশায়িনঃ নাভিপদ্মং লোকসংঘাতনালং লোকসংঘাতস্য চতুর্দশভুবনস্য নালমাশ্রয়ঃ, লোকস্রষ্টুর্ধাতুঃ ব্রহ্মণঃ সূতিকাধাম প্রসবাগারম্। ননু (সংক্ষেপভাগবতামৃতে ১।৪১) "গর্ভোদকশয়ঃ পদ্মনাভোঽসাবনিরুদ্ধকঃ। ইতি নারায়ণোপাখ্যানমুক্তং মোক্ষধর্মকে॥" যথা,—

'অন্যমূর্তিশ্চতুর্থী যা সাঽসৃজচ্ছেষমব্যয়ম্। স হি সঙ্কর্ষণঃ প্রোক্তঃ প্রদ্যুম্নং সমজীজনৎ॥
প্রদ্যুম্নাদনিরুদ্ধোঽহং মম সৃষ্টিঃ পুনঃ পুনঃ। অনিরুদ্ধাত্মকো ব্রহ্মা নাভিকমলোদ্ভবঃ॥'

ইতি কথং ব্রহ্মণো জন্ম প্রদ্যুম্নাদভূৎ? ইত্যুচ্যতে,—(সংক্ষেপভাগবতামৃতে ১।৪১) "সোঽয়ং হিরণ্যগর্ভস্য প্রদ্যুম্নত্বে নিয়ামকঃ"। অন্যত্র চ,—

"বিধেঃ প্রজাপতীনাং চ রাগিণাং চ স্মরস্য চ। অন্তর্যামিত্বমাপন্নঃ সর্গং সম্যক্‌করোত্যসৌ॥
ব্যূহস্তুর্যোঽনিরুদ্ধাখ্যো বিলাসো যস্য শস্যতে।"

ইতি (সংক্ষেপ-) ভাগবতামৃতবচনাৎ (১।৪৪৫-৪৪৬)। বিলাস-বিলাসিনোরভেদোপচারেণোক্তম্; নৈব দোষঃ॥ ১০॥

বঙ্গানুবাদ

৯। যিনি মায়াশক্তির নিয়ামক অর্থাৎ প্রকৃতির ঈক্ষণকর্তা, যাঁহার শ্রীঅঙ্গ ব্রহ্মাণ্ডসমূহের আশ্রয়স্থল, যিনি কারণসমুদ্রে শয়ান আছেন, সেই আদিদেব প্রথমপুরুষ মহাবিষ্ণু যাঁহার 'মুখ্য অংশ' ; সেই শ্রীনিত্যানন্দরূপী শ্রীবলরামের শরণাগত হই।

১০। যাঁহার নাভি হইতে উত্থিত পদ্মের বৃন্তভাগ চতুর্দশভুবনের আশ্রয় এবং যিনি সৃষ্টিকর্তা ব্রহ্মার উদ্ভবস্থান, সেই শ্রীগর্ভোদকশায়ী মহাবিষ্ণু যাঁহার অংশের অংশ—সেই শ্রীনিত্যানন্দাখ্য শ্রীবলরামের শরণ গ্রহণ করি।

পাঠান্তর

৫ (২য়) শ্রীশঃ [খ]

যস্যাংশাংশাংশঃ পরাত্মাখিলানাং
পোষ্টা বিষ্ণুর্ভাতি দুগ্ধাব্ধিশায়ী।
ক্ষৌণীভর্তা যৎকলা সোঽপ্যনন্ত-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১১

মহাবিষ্ণুর্জগৎকর্তা মায়য়া যঃ সৃজত্যদঃ।
তস্যাবতার এবায়মদ্বৈতাচার্য ঈশ্বরঃ ॥ ১২

অদ্বৈতং হরিণাদ্বৈতাদাচার্যং ভক্তিশংসনাৎ।
ভক্তাবতারমীশং তমদ্বৈতাচার্যমাশ্রয়ে ॥ ১৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ তৃতীয়-পুরুষাবতারমাহ—যস্যাংশাংশাংশ ইতি। অখিলানাং জীবমাত্রাণাং পরাত্মা পরমাত্মা। তথা হি দ্বিতীয়-স্কন্ধে, (শ্রীমদ্ভাগবতে ২।২।৮)—

"কেচিৎ স্বদেহান্তর্হৃদয়াবকাশে, প্রাদেশমাত্রং পুরুষং বসন্তম্।
চতুর্ভুজং কঞ্জ-রথাঙ্গ-শঙ্খ-, গদাধরং ধারণয়া স্মরন্তি ॥"

প্রাদেশমিতি তর্জন্যঙ্গুষ্ঠয়োর্বিস্তারবিশেষঃ। স এব প্রমাণং যস্য তমিতি মনুষ্যদেহাপেক্ষয়োক্তম্। পোষ্টা অন্তর্যামিরূপেণ পালনকর্তা। দুগ্ধাব্ধিশায়ীত্যসৌ অনিরুদ্ধাংশো বিষ্ণুরেব যস্যাংশাংশাংশঃ, ক্ষৌণীভর্তা ক্ষৌণী পৃথ্বী তস্যা ভর্তা ধারকঃ, সোঽপি অনন্তো যৎকলা যস্য নিত্যানন্দস্য কলা অংশাংশঃ। শেষোঽপি দ্বিবিধো ভবতি—যথা (সংক্ষেপ-) ভাগবতামৃতে, (১।১৮০)—"শেষো দ্বিধা মহীধারী শয্যারূপশ্চ শার্ঙ্গিণঃ" ইত্যত্র মহীধারী বোদ্ধব্য, ন তু শয্যারূপ। তত্রৈব (১।১৮০)—"শয্যারূপস্তথা তস্য দাস্য-সখ্যাভিলাষবান্।" ইতি ॥ ১১ ॥

অথ ভক্তাবতারাদ্বৈতাচার্যস্বরূপং নিরূপয়তি—মহাবিষ্ণুরিতি। জগৎকর্তা মায়াবলোকনেনাস্য জগৎকর্তৃত্বং সিদ্ধম্। যো মহাবিষ্ণুঃ কারণার্ণবশায়ী 'স ঐক্ষত, ইমান্ লোকান্ অসৃজত' ইতি শ্রুতেঃ, মায়য়া যঃ অদঃ জগৎ সৃজতি। অত্রাভেদে ষষ্ঠী। তথা হি (সংক্ষেপ-) ভাগবতামৃতে (১।৬০),—

"সদাশিবাখ্যা তন্মূর্তিস্তমোগন্ধবিবর্জিতা। সর্বকারণভূতাসাবঙ্গরূপা স্বয়ংপ্রভোঃ ॥"

ইতি বচনাৎ। চৈতন্যচন্দ্রোদয়েঽপি (শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকম্ ১।২৩)—'অদ্বৈতাচার্যবর্যো ভগবদবয়বং শান্তবং ধাম সাক্ষাৎ' ইতি বচনাৎ। এবংভূতোঽয়মদ্বৈতাচার্য ঈশ্বর এব ॥ ১২ ॥

প্রথমশ্লোকেনাদ্বৈতাচার্যস্য স্বরূপমুক্ত্বা দ্বিতীয়শ্লোকেন তন্মহিমানমাহ—অদ্বৈতমিতি। হরিণা অদ্বৈতাদভিন্নত্বাৎ অদ্বৈতং, ভক্তিশংসনাৎ ভক্তিকথনাৎ প্রবর্তনাদিতি যাবৎ, আচার্যম্—'আচার্যং মাং বিজানীয়াৎ' (শ্রীমদ্ভাগবতে ১১।১৭।২৭) ইত্যত্রাপি অভিন্নত্বং জ্ঞাপিতম্। আশ্রয় ইতি ক্রিয়াপদেন তদাশ্রয়ং বিনা শ্রীকৃষ্ণচৈতন্যকৃপা দুর্লভেত্যর্থঃ। ভক্তাবতারং ভক্তরূপেণাবতীর্ণম্ ঈশং প্রভুম্ অদ্বৈতাচার্যমহমাশ্রয়ে ॥ ১৩ ॥

বঙ্গানুবাদ

১১। অখিল ব্যষ্টিজীবের অন্তর্যামী তৃতীয়পুরুষ পরমাত্মা, ক্ষীরোদকশায়ী পালনকর্তা গুণাবতার শ্রীবিষ্ণু যাঁহার অংশাংশের অংশ এবং ধরণীধর অনন্তদেব যাঁহার কলা, সেই শ্রীনিত্যানন্দরূপ শ্রীবলরামের শরণ লইলাম।

১২। নিমিত্ত-কারণ, জগৎকর্তা মহাবিষ্ণু—যিনি মায়াশক্তিদ্বারা এই জগৎ সৃষ্টি করেন,—তাঁহারই অবতার এই সাক্ষাৎ ঈশ্বর সদাশিব শ্রীঅদ্বৈতাচার্য।

১৩। যিনি শ্রীহরির সহিত দ্বৈতভাবরহিত বলিয়া 'অদ্বৈত' এবং ভক্তি-প্রবর্তন করেন বলিয়া 'আচার্য'—সেই ভক্তাবতার পরমেশ্বর শ্রীঅদ্বৈতাচার্যকে আমি আশ্রয় করি।

পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্ ॥ ১৪

জয়তাং সুরতৌ পঙ্গোর্মম মন্দমতের্গতী।
মৎসর্বস্বপদাম্ভোজৌ রাধামদনমোহনৌ ॥১৫

দীব্যদ্‌বৃন্দারণ্যকল্পদ্রুমাধঃ
শ্রীমদ্‌রত্নাগারসিংহাসনস্থৌ।
শ্রীমদ্‌রাধা-শ্রীলগোবিন্দদেবৌ
প্রেষ্ঠালীভিঃ সেব্যমানৌ স্মরামি ॥ ১৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ সামান্যতঃ সর্বতত্ত্বাত্মকত্বং স্বাভীষ্টদেব-শ্রীচৈতন্যস্যাহ—পঞ্চতত্ত্বাত্মকমিতি। পঞ্চতত্ত্বানি আত্মা দেহো যস্য তমিত্যংশাংশ্যভেদো বোদ্ধব্যঃ। এবংভূতং কৃষ্ণং নৌমি। পঞ্চতত্ত্বমাহ—ভক্তরূপস্বরূপকমিতি। রূপং চ স্বরূপং চ তয়োঃ সমাহারঃ রূপস্বরূপকম্। ভক্তরূপস্বরূপমিত্যত্র ভক্তরূপঃ শ্রীকৃষ্ণচৈতন্যঃ স্বয়মেব, ভক্তস্বরূপঃ শ্রীনিত্যানন্দদেবঃ, ভক্তাবতারং ভক্তস্বরূপেণাবতীর্ণং অদ্বৈতাচার্যং, ভক্তাখ্যমিতি শ্রীবাসাদীন্, ভক্তশক্তিকমিতি শ্রীগদাধরপণ্ডিতাদিঃ ॥ ১৪ ॥

অথ শ্রীবৃন্দাবনাধীশ্বরেষ্টদেবত্রয়ং নমস্কর্তুং শ্রীভগবদ্গীতানুসারেণ নিষ্কামকর্ম্ম-ভক্তি-জ্ঞান-যোগনিরূপণ-পূর্বকং প্রতিজ্ঞাপয়তি; যদ্বা গ্রন্থারম্ভে গ্রন্থকৃৎ শ্রীমদনমোহনস্য আজ্ঞামালাপ্রসাদং প্রাপ্য পরমোল্লাসেন প্রথমতস্তং প্রণমতি—জয়তামিতি। রাধামদনমোহনৌ জয়তাম্, সর্বোৎকর্ষেণ বর্ততাম্। রাধাসাহিত্যেন মদনমোহনত্বমস্য সূচিতম্। তথা চ গোবিন্দলীলামৃতে (১৩,৩২)—

"রাধাসঙ্গে যদা ভাতি তদা মদনমোহনঃ। অন্যথা বিশ্বমোহোঽপি স্বয়ং মদনমোহিতঃ ॥"

ইতি বচনাৎ। তৌ কথংভূতৌ? সুরতৌ দয়ালূ। 'স্যাদ্দয়ালুঃ কারুণিকঃ কৃপালুঃ সুরতঃ সমাঃ' ইত্যমরঃ (৩।১।১৫)। পঙ্গোঃ খঞ্জস্য মন্দমতেঃ দুর্বুদ্ধের্মম গতিঃ শরণমিত্যর্থঃ। ইত্যত্র দৈন্যেনোক্তিঃ। পুনঃ কথম্ভূতৌ? মৎসর্বস্বপদাম্ভোজৌ মৎসর্বস্বরূপে পদাম্ভোজে যয়োঃ তৌ। পদাম্ভোজ ইত্যত্রাম্বুজরূপকেণ সংসারতাপহারিত্বং সূচিতম্ ॥ ১৫ ॥

অথ স্বাভীষ্টদেবং শ্রীগোবিন্দং সপরিকরং স্মরন্নাহ—দীব্যদিতি। অত্র শ্রীমদনমোহন-শ্রীগোপীনাথয়োঃ পার্শ্বদ্বয়বর্তিত্বেন শ্রীগোবিন্দস্য সর্বোৎকৃষ্টত্বমিতি চ খ্যাপয়তি। তথা হি পাদ্মে বারাহে চ,—

'বৃন্দাবনে তু গোবিন্দং যে পশ্যন্তি বসুন্ধরে। ন তে যমপুরং যান্তি যান্তি পুণ্যকৃতাং গতিম্ ॥' ইতি।

শ্রীমদ্রাধা-শ্রীল-গোবিন্দদেবৌ স্মরামি। তৌ কথংভূতৌ? প্রেষ্ঠালীভিঃ পরমপ্রেষ্ঠসখীভিঃ ললিতাদিভিঃ ইত্যনেন পরমশোভনীয়ত্বং সূচিতম্। যথা শ্রীদশমে (শ্রীমদ্ভাগবতে ১০।৩৩।৬),—

"তত্রাতি শুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ।"

বঙ্গানুবাদ

১৪। পঞ্চতত্ত্ব যাঁহার পাঁচটি বিগ্রহ—অর্থাৎ যিনি স্বয়ং ভগবান হইয়াও ভক্তরূপে অবতীর্ণ শ্রীকৃষ্ণচৈতন্য, ভক্তস্বরূপে শ্রীনিত্যানন্দ, ভক্তাবতারে শ্রীঅদ্বৈতাচার্য, ভক্তশক্তিরূপে শ্রীগদাধর পণ্ডিত এবং ভক্ত-নামে শ্রীশ্রীবাস পণ্ডিত, সেই পঞ্চতত্ত্ব-স্বরূপ শ্রীকৃষ্ণকে অর্থাৎ শ্রীকৃষ্ণচৈতন্যকে প্রণাম করি।

১৫। যে যুগলবিগ্রহ আমার ন্যায় মন্দমতি অর্থাৎ স্বল্পবুদ্ধি বা দুর্বুদ্ধি ও গতিবিহীন পঙ্গুর একমাত্র গতি এবং যে যুগলের শ্রীপাদপদ্ম আমার যথাসর্বস্ব, সেই পরমকরুণ রাসবিলাসী শ্রীশ্রীরাধা-মদনমোহনদেব জয়যুক্ত হউন।

১৬। অপ্রাকৃত জ্যোতির্ময় শ্রীবৃন্দাবনস্থিত যোগপীঠে কল্পবৃক্ষের মূলে মণিময়মন্দিরমধ্যস্থ রত্নসিংহাসনোপরি উপবিষ্ট এবং পরমপ্রেষ্ঠ শ্রীললিতাদি সখীগণ-কর্তৃক সেব্যমান শ্রীমতী রাধিকা ও শ্রীল গোবিন্দদেবকে ধ্যান করি।

পাঠান্তর

২ (৪র্থ) ভক্তিশক্তিকম্ [ঘ, ছ]; ৭ (১ম) শ্রীশ্রীরাধা- [খ, ঙ, ঝ, ঞ, ট, ড, ঢ, থ, দ, ধ]

শ্রীমান্ রাসরসারম্ভী
বংশীবটতটস্থিতঃ।
কর্ষন্ বেণুস্বনৈর্গোপী-
র্গোপীনাথঃ শ্রিয়েঽস্তু নঃ॥ ১৭

৫ [জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥] ১৮
এ তিন ঠাকুর গৌড়ীয়াকে কর্য়াছেন আত্মসাৎ।
এ তিনের চরণ বন্দোঁ তিনে মোর নাথ॥ ১৯
গ্রন্থের আরম্ভে করি মঙ্গলাচরণ।
১০ গুরু বৈষ্ণব ভগবান্ - তিনের স্মরণ॥ ২০
তিনের স্মরণে হয় বিঘ্নবিনাশন।
অনায়াসে হয় নিজ-বাঞ্ছিতপূরণ॥ ২১
সে মঙ্গলাচরণ হয় ত্রিবিধ প্রকার।
বস্তুনির্দ্দেশ, আশীর্ব্বাদ, আর নমস্কার॥ ২২
১৫ প্রথম দুইশ্লোকে ইষ্টদেব-নমস্কার।
সামান্য-বিশেষরূপে দুই ত প্রকার॥ ২৩
তৃতীয়-শ্লোকেতে করি বস্তুর নির্দ্দেশ।
যাহা হৈতে জানি পরতত্ত্বের উদ্দেশ॥ ২৪
চতুর্থ শ্লোকেতে করি জগতে আশীর্ব্বাদ।
২০ সর্ব্বত্র মাগিয়ে কৃষ্ণচৈতন্য-প্রসাদ॥ ২৫
সেই শ্লোকে কহি বাহ্যাবতার-কারণ।
পঞ্চ ষষ্ঠ শ্লোকে কহি মূল-প্রয়োজন॥ ২৬
এই ছয় শ্লোকে কৃষ্ণচৈতন্যের তত্ত্ব।
আর পঞ্চ শ্লোকে নিত্যানন্দের মহত্ত্ব॥ ২৭
২৫ আর দুই শ্লোকে অদ্বৈততত্ত্বাখ্যান।
আর এক শ্লোকে পঞ্চতত্ত্বের ব্যাখ্যান॥ ২৮
এই চৌদ্দ শ্লোকে করি মঙ্গলাচরণ।
তহি মধ্যে কহি সব বস্তু-নিরূপণ॥ ২৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

দেবকীসুত ইতি শ্রীযশোদানন্দনঃ। তথা চ স্কান্দে,—'দ্বে নাম্নী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতি চ' ইতি। পুনঃ কথংভূতৌ? দীব্যদিতি স্পষ্টার্থঃ॥ ১৬

শ্রীগোপীনাথং প্রণমতি—শ্রীমদিতি। শ্রীমাংশ্চাসৌ রাসরসশ্চেতি তম্ আরম্ভিতুং শীলং যস্য সঃ ইত্যনেন প্রথমতো রাসরসারম্ভো গোপীনাথরূপেণ সূচিতঃ। পুনঃ কথংভূতঃ? বংশীবটতটস্থিতঃ। এতেন বংশীবটতটে তস্য নিত্যাবস্থিতিঃ সূচিতা। পুনঃ কথংভূতঃ? বংশীস্বনৈর্গোপীঃ কর্ষন্ ইতি গোপীনাং পরস্পর-সন্ধানাভাবোঽপি সূচিতঃ। তথা শ্রীদশমে, (১০।২৯।৪)—'আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ' ইতি। এবংভূতঃ শ্রীগোপীনাথো নোঽস্মাকং শ্রিয়ে প্রেমভক্তিসম্পত্তয়েঽস্তু॥ ১৭॥

বঙ্গানুবাদ

১৭। বেণুধ্বনিদ্বারা ব্রজ-গোপীগণকে আকর্ষণ-পূর্ব্বক রাসরসপ্রবর্তক এবং বংশীবটসমীপে যোগপীঠে অবস্থিত সর্ব্বাতিশয়-শোভাশালী শ্রীশ্রীরাধাগোপীনাথ আমাদের পরমাভীষ্ট প্রেমভক্তিসম্পাদনের নিমিত্ত হউন।

পাঠান্তর

১(১ম, ২য়) শ্রীমদ্রাস [ক, খ, ঘ, চ]; ৫,৬ এই পয়ারটি 'ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ত, দ পুস্তকে নাই; ৭ (১) এ [ক, গ, ণ, ন], (৬) আত্মসাৎ [ক, খ, গ, ঘ, ঝ, ঞ, ধ], ৮ (৪র্থ) বন্দি [খ, দ], বন্দ [ঠ, ড, ঢ, ণ থ], (১ম) তিন [ক, ছ, ঞ, ঠ, ঢ, ত], [৬ষ্ঠ] আমার [খ, গ, ঘ, ঞ, ঠ, ঢ]; ১০(১ম-৩য়) শ্রীগুরু বৈষ্ণব কৃষ্ণ [চ]; ১১ (১ম) এ-তিনের [ছ, ঝ, ত]; ১৩ (৩য়) হয়ে [গ, চ], ১৪ (৩য়) আর নমস্কার [ক, খ, ঘ, ঙ, ছ, দ]; ১৫ (১ম) আদি [ঘ, ঠ, ঢ, ত], (৩য়) ইষ্টদেবে নমস্কার [খ, গ, ঙ, ছ, জ, ঠ, ঢ, ত, দ]; ১৭ (১ম)-শ্লোকেত [ঙ, জ, ঠ, ঢ, ত]; ১৮ (৩য়) হয় [খ, ঙ, চ, জ, ঞ, ট, ঢ, ধ], পাই [ঝ]; ১৯ (১ম)-শ্লোকেত [ঙ, ছ, জ, ঠ, ঢ, ত]; ২৩ (৪র্থ) কহি চৈতন্যের [জ, ঝ, ঞ, ঠ, ঢ, ণ, থ, ন], ২৪ (৪র্থ) কহি নিত্যানন্দ [ক, খ, ঘ, ঠ, ঢ, দ]; ২৫ (৪র্থ) অদ্বৈতের তত্ত্বাখ্যান [ক, ঘ, ছ, ঠ, ঢ, ধ]; ২৭ (৪র্থ) কহি [ঙ, জ, ঞ, ট, দ], ২৮ (১ম) তাহি [ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ত], (৫ম) তত্ত্ব- [ছ];

সব শ্রোতা বৈষ্ণবেরে করি নমস্কার।
এই সব শ্লোকের করি অর্থ-বিচার ॥ ৩০
সকল বৈষ্ণব শুন করি একমন।
চৈতন্যকৃষ্ণের শাস্ত্রমত-নিরূপণ ॥ ৩১
৫ কৃষ্ণ, গুরুদ্বয়, ভক্ত, অবতার, প্রকাশ।
শক্তি—এই ছয় রূপে করেন বিলাস ॥ ৩২
এই ছয় তত্ত্বের করি চরণ বন্দন।
প্রথমে সামান্যে করি মঙ্গলাচরণ ॥ ৩৩

তথাহি—

১০ বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্ ॥ ৩৪

মন্ত্রগুরু আর যত শিক্ষাগুরুগণ।
তাঁ-সভার চরণ আগে করিএ বন্দন ॥ ৩৫
শ্রীরূপ, শ্রীসনাতন, ভট্ট রঘুনাথ।
১৫ শ্রীজীব, গোপাল ভট্ট, দাস রঘুনাথ ॥ ৩৬
এই ছয় গুরু শিক্ষাগুরু যে আমার।
ইহাঁ-সভার পাদপদ্মে করি নমস্কার ॥ ৩৭
ভগবানের ভক্ত যত শ্রীবাস-প্রধান।
তাঁ-সভার পাদপদ্মে সহস্র প্রণাম ॥ ৩৮
২০ অদ্বৈত আচার্য—প্রভুর অংশ-অবতার।
তাঁর পাদপদ্মে কোটি প্রণতি আমার ॥ ৩৯
নিত্যানন্দরায়—প্রভুর স্বরূপপ্রকাশ।
তাঁর পাদপদ্ম বন্দোঁ যাঁর মুঞি দাস ॥ ৪০
গদাধরপণ্ডিতাদি—প্রভুর নিজশক্তি।
২৫ তাঁ-সভার চরণে করোঁ সহস্র প্রণতি ॥ ৪১
শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভু স্বয়ংভগবান্।
তাঁহার পদারবিন্দে অনন্ত প্রণাম ॥ ৪২
সাবরণ-মহাপ্রভুকে করি নমস্কার।
এই ছয় তেঁহো যৈছে করিএ বিচার ॥ ৪৩
৩০ যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি জানিএ আমি তাঁহার প্রকাশ ॥ ৪৪
গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে ॥ ৪৫

তথাহি—শ্রীভাগবতে (১১।১৭।২৭)

৩৫ আচার্যং মাং বিজানীয়াৎ নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্যবুদ্ধ্যাসূয়েত সর্বদেবময়ো গুরুঃ ॥ ৪৬

শিক্ষা গুরুকে ত জানি—কৃষ্ণের স্বরূপ।
অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ—এই দুইরূপ ॥ ৪৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণ-শ্রীগুর্বোরৈক্যম্ একাদশস্কন্ধে (১১।১৭।২৭) শ্রীমদুদ্ধবং প্রতি ভগবদ্বাক্যম্—আচার্যমিতি। মামাচার্যং বিজানীয়াৎ। জন ইতি শেষঃ। মামিত্যনেন স্বয়ংভগবতঃ আচার্যত্বেন সর্বাবতারাণামপ্যাচার্যত্বং সিদ্ধম্ ; 'কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্' ইতি শ্রীভাগবতাৎ (১।৩।২৮)। কর্হিচিৎ কদাচিন্নাবমন্যেত অবজ্ঞাং ন কুর্বীত, মর্ত্যবুদ্ধ্যা মনুষ্যোঽয়মিতি বুদ্ধ্যা

বঙ্গানুবাদ

৩৪। প্রথম শ্লোকে দ্রষ্টব্য : (ইহার অর্থ পয়ারে—৩৫-৪২ সংখ্যা।)

৪৬। শ্রীকৃষ্ণ শ্রীউদ্ধবকে ব্রহ্মচারিধর্মবর্ণনপ্রসঙ্গে বলিতেছেন—শ্রীগুরুদেবকে আমার (শ্রীকৃষ্ণের) স্বরূপ বলিয়া

পাঠান্তর

১ (ম) সর্ব [ক, চ, ঠ, ঢ]; **৪** (২য়) শাস্ত্র যে-মতে [ট, ড], শাস্ত্রে যে-মত [ধ] **৫** (২য়-৩য়) গুরু, ভক্ত, শক্তি [ঞ, ণ, ন], গুরু শক্তি ভক্ত [ঠ], **৬** (১ম) কৃষ্ণ [ক. খ, গ, ঘ, চ, ঞ, ঠ, ণ, ন]; **৭** (৩য়) জনের [খ, ঝ]। **১৩** (১ম) তাঁহার [খ, গ, ছ, ঞ, ড, ণ, ধ, ন]; **১৭** (১ম-৩য়) তাঁসবার (সভার—ণ, ন) পাদপদ্মে কোটি [ট, ড, ণ, ধ, ন]; ইহা সভার পদে আগে করি [ত, থ]; **২১** (৩য়-৫ম) মোর কোটি নমস্কার [ত]; **২৩** (৩য়) বন্দ [ঠ, ড, ঢ, ণ, থ, ন]; **২৫** (৩য়) মোর [জ, ঞ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; **২৭** (২য়) চরণপদ্মে [ক, ত]; **২৮** (১ম) সাবরণ প্রভুকে [ক, ঞ, ঠ, ঢ, দ], সাবরণে প্রভুরে [ট, ড, ণ, ধ, ন]; **২৯** (৫ম) করি সে [চ, ঝ, ঞ, ঠ, ণ, থ, দ, ন]; **৩৩** (৫ম) ভক্তজনে [খ, গ, ঙ, চ, ছ, জ], আপনে [ত]; **৩৭** (১ম) দীক্ষা- [চ]।

তত্রৈব শ্রীমদুদ্ধববাক্যম্ (ভা ১১।২৯।৬)—

নৈবোপযন্ত্যপচিতিং কবয়স্তবেশ,
ব্রহ্মায়ুষাপি কৃতমৃদ্ধমুদঃ স্মরন্তঃ।
যোঽন্তর্বহিস্তনুভৃতামশুভং বিধুন্বন্,
৫ আচার্যচৈত্ত্যবপুষা স্বগতিং ব্যনক্তি ॥ ৪৮

তথাহি শ্রীমদ্ভগবদ্গীতায়াম্ (১০।১০)—

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥ ৪৯

তথা হি (শ্রীমদ্ভাগবতে ২।৯।৩০-৩৫)—

১০ জ্ঞানং পরমগুহ্যং মে যদ্বিজ্ঞানসমন্বিতম্।
সরহস্যং তদঙ্গঞ্চ গৃহাণ গদিতং ময়া॥ ৫০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

নাসূয়েত, অসূয়াং ন কুর্বীত। গুণেষু দোষারোপণমসূয়া। কুতঃ? গুরুঃ সর্বদেবময়ঃ ইত্যনেন সর্বদেবময়োঽহং যথা তথা গুরুরিতি বোদ্ধব্যম্। তথা চ পাদ্মে,—

"হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন। তস্মাদপরিহার্যার্থে গুরুমেব প্রসাদয়েৎ॥"

ইত্যনেন বিষয়াপেক্ষয়া আশ্রয়স্যাধিক্যং সূচিতম্॥ ৪৬॥

পুনরপি শিক্ষাদীক্ষাদিভেদেন শ্রীগুরুং নিরূপয়তি ভগবন্তং প্রত্যুদ্ধববাক্যেন (শ্রীমদ্ভাগবতে ১১।২৯।৬)— নৈবোপয়ন্তীতি। কবয়ঃ ব্যাসাদয়ঃ। হে ঈশ তবাপচিতিং প্রত্যুপকারং ব্রহ্মায়ুষাপি দ্বিপরার্ধ-পর্যপর্যবসায়িনাপি নোপয়ন্তি ন প্রাপ্নুবন্তি ন শক্নুবন্তীত্যর্থঃ। তে কথংভূতাঃ? ঋদ্ধমুদঃ ঋদ্ধা প্রচুরা মুৎ হর্ষো যেষাস্তে প্রবৃদ্ধসন্তোষা ইত্যর্থঃ। নন্থ তেন জানন্ত্যেবেতি ন, ইত্যাহ—কৃতং প্রত্যপকারং স্মরন্তোঽপি যো ভবান্ তনুভৃতাং জীবানামশুভম্ আচার্যচৈত্তবপুষা বিধুন্বন্ সন্ স্বগতিং ব্যনক্তীত্যত্র আচার্যরূপেণ বহিরশুভং বিধুন্বন্ চৈত্ত্যবপুষান্তর্যামিরূপেণ অন্তরশুভং বিধুন্বন্নিত্যর্থঃ॥ ৪৮॥

আচার্য-চৈত্ত্যবপুষেতি যদুক্তং তত্র প্রমাণম্—

শ্রীভগবদ্গীতায়াম্ (১০।১০) অর্জুনং প্রতি ভগবদ্বাক্যেনাহ—তেষামিতি। সততযুক্তানাং প্রীতিপূর্বকং প্রেমপূর্বকং যথা স্যাত্তথা ভজতাং নিরন্তরং ভজনপরায়ণানাং তেষাং ভক্তানাং সম্বন্ধে, হে অর্জুন, তং বুদ্ধিযোগং দদামি যেন বুদ্ধিযোগেন তে ভক্তাঃ মামুপযান্তি প্রাপ্নুবন্তীত্যর্থঃ। অত্র ভজতাং বুদ্ধিযোগং দদামীত্যনেন তেষু ভক্তেষ্বন্তর্যামিরূপেণ শ্রীভগবতঃ পরমানুগ্রহঃ সূচিতঃ॥ ৪৯॥

তমেবার্থং দ্বিতীয়স্কন্ধে (২।৯।৩০-৩৩) ব্রহ্মাণং প্রতি ভগবতা স্বয়মেবোক্তম্—জ্ঞানমিতি। যে মম পরমগুহ্যজ্ঞানং

বঙ্গানুবাদ

জানিবে; তাঁহাকে অবজ্ঞা করিবে না এবং মনুষ্যজ্ঞানে তাঁহাতে কোন প্রকার দোষদর্শন করিবে না—কারণ, শ্রীগুরুদেব সর্বদেবাশ্রয়।

৪৮। শ্রীউদ্ধব শ্রীকৃষ্ণকে বলিতেছেন—হে বিভো! ব্রহ্মবিদ্গণ আপনার কৃত উপকার স্মরণ করতঃ পরমানন্দে উল্লসিত হইয়া ব্রহ্মার আয়ুষ্কালেও অঋণী হইতে পারিতেছেন না। যেহেতু আপনি বাহিরে ভক্তশ্রেষ্ঠ গুরুরূপে উপদেশদ্বারা এবং অন্তরে অন্তর্যামী অর্থাৎ চিত্তের অধিষ্ঠাতৃরূপে সৎপ্রবৃত্তিদ্বারা জীবগণের অশুভ নিরসনপূর্বক নিজস্বরূপ প্রকাশ করিয়া থাকেন।

৪৯। শ্রীকৃষ্ণ শ্রীঅর্জুনকে বলিতেছেন—হে অর্জুন! যাহারা আমাতে আসক্তচিত্ত এবং প্রীতিপূর্বক আমার ভজন করে, আমি তাহাদিগকে এমন বুদ্ধিযোগ দান করি, যাহাতে তাহারা আমাকে পাইতে পারে।

৫০। ব্রহ্মাকে ভগবান্ যেরূপ উপদেশ দান করিয়া তত্ত্ব-অনুভব করাইয়াছিলেন, তাহাই বলিতেছেন—হে ব্রহ্মন্! আমার অনুভবযুক্ত পরমরহস্য সম্বন্ধ-জ্ঞান—আমি বলিতেছি, তুমি গ্রহণ কর। সেই জ্ঞানটি অতিগুহ্য সাধনের

যাবানহং যথাভাবো যদ্রূপগুণকর্মকঃ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ ॥ ৫১
অহমেবাসমেবাগ্রে নান্যং যৎ সদসৎ পরম্।
পশ্চাদহং যদেতচ্চ যোঽবশিষ্যেত সোঽস্ম্যহম্ ॥৫২
ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি।
তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ ॥ ৫৩
যথা মহান্তি ভূতানি ভূতেষুচ্চাবচেষ্বনু।
প্রবিষ্টান্যপ্রবিষ্টানি তথা তেষু ন তেষ্বহম্ ॥ ৫৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

পরমার্থভূতং জ্ঞানং ময়া গদিতং ত্বং গৃহাণ। কথংভূতং তৎ? যদ্বিজ্ঞান-সমন্বিতং, বিজ্ঞানমনুভবঃ, তেন সমন্বিতং যুক্তমিত্যর্থঃ। পুনঃ কথংভূতম্? সরহস্যং রহস্যং প্রেম তেন সহিতং তদঙ্গং চ তস্য রহস্যস্যাঙ্গং সাধনভক্তিযোগং চেতি ॥ ৫০ ॥

যাবানিতি। অহং যাবান্ যাদৃক্সত্ত্ববান্ যথা ভাবো যথা স্বরূপঃ যদ্রূপগুণকর্মকঃ যানি স্বরূপান্তরঙ্গরূপাণি শ্যামত্ব-চতুর্ভুজত্বাদীনি, গুণাঃ ভক্তবাৎসল্যাদ্যাঃ, কর্মাণি তল্লীলাঃ যস্য সঃ। তথৈব তত্ত্ববিজ্ঞানং তত্ত্বস্য ব্রহ্ম-পরমাত্ম-ভগবদ্রূপস্য বিজ্ঞানমনুভব ইত্যর্থঃ। এতৎ সর্বং মদনুগ্রহাত্তে তবাস্ত্বিতি পরমকারুণিকত্বং সূচিতম্ ॥ ৫১ ॥

তমেবার্থং স্বয়মেবাহ—অহমিতি; অগ্রে মহাপ্রলয়ে অহমেবাসম্। সদসৎপরং, সৎ স্থূলমসৎ সূক্ষ্মং তাভ্যাং পরং যৎ তন্মত্তোঽন্যন্ন ভবতি। পশ্চাদহং পশ্চাৎ সৃষ্টেরনন্তরং যৎ তদহম্; বিশ্বমপ্যহম্, যো অবশিষ্যেত মহাপ্রলয়েঽবশিষ্যেত সোঽপ্যহমস্মীতি ॥ ৫২ ॥

অথ স্বরূপমুক্ত্বা বহিরঙ্গরূপমায়াস্বরূপমাহ—ঋত ইতি। অর্থং পরমার্থভূতং মামৃতে বিনা যৎ প্রতীয়েত, মৎ প্রতীতৌ তৎ প্রতীত্যভাবাৎ মত্তো বহিরেব যস্য প্রতীতিরিত্যর্থঃ। 'মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা' ইতি দ্বিতীয়স্কন্ধাৎ (শ্রীমদ্-ভাগবতে ২।৭।৪৭)। ন প্রতীয়েত চাত্মনীতি, যদাত্মনি ন প্রতীয়েত যস্য মদাশ্রয়ত্বং বিনা স্বতঃ প্রতীতির্নাস্তীত্যর্থঃ। তদ্ আত্মনঃ মম মায়াং বিদ্ধি জানীহি। দৃষ্টান্তমাহ—যথাভাসো যথাতম ইতি। তমস্তিমিরম্, তমসোঽপি জ্যোতির্দর্শনাদন্যত্রৈব প্রতীতেঃ, জ্যোতিরাত্মকং চক্ষুর্বিনা চাপ্রতীতেঃ ॥ ৫৩ ॥ [৫৪ টীকা ন দৃশ্যতে]

বঙ্গানুবাদ

ফল 'মূল-প্রয়োজন' প্রেমভক্তি ও উহার অঙ্গ 'অভিধেয়' সাধনভক্তিযোগ সমন্বিত। ইহা হইতে জীব আমার নিত্যসেবা লাভ করে।

৫১। আমার পরিমাণ অর্থাৎ স্বরূপ, স্থিতি এবং স্বরূপানুবন্ধি গুণ, কর্ম, ঐশ্বর্য, শক্তি প্রভৃতির যথাযথ অনুভব আমার কৃপায় তোমার হউক।

৫২। সৃষ্টির পূর্বে ষড়ৈশ্বর্যপূর্ণ আমিই ছিলাম, অন্য কিছুই ছিল না। সৎ—এই স্থূল জগৎ, অসৎ—সূক্ষ্ম প্রকৃতি ও পর অর্থাৎ পুরুষ এ সকল আমাতেই লীন ছিল। সৃষ্টির পরে দৃশ্য যাহা কিছু সকলই আমি এবং প্রলয়ের পরে এই প্রাকৃত জগৎ আমাতেই লয় পাইয়া যাহা অবশিষ্ট থাকে, তাহা ষড়ৈশ্বর্যপূর্ণ আমি।

৫৩। অর্থ—পরমার্থভূত বস্তু আমি ব্যতীত যাহার (মায়া ও মায়াকার্যের) প্রতীতি হয়, অর্থাৎ আমার (ভগবৎ) প্রতীতি-স্থলে যাহার প্রতীতি হয় না, ভগবৎপ্রতীতির বহির্ভাগেই যাহার বিষয়ে জ্ঞান জন্মে এবং ভগবদাশ্রয় ব্যতীত যাহার স্বতঃ প্রতীতি নাই; সেইরূপ বস্তুকে আমার (পরমেশ্বরের) মায়া (জীবমায়া ও গুণমায়া)-শক্তি বলিয়া জানিবে। যেমন সূর্যের 'আভাস'—ঈষদ্দীপ্তি সূর্যবিম্বের সাক্ষাদ্ দীপ্তির বাহিরেই অর্থাৎ আচ্ছাদিত স্থানে প্রতীত হয়, কিন্তু সূর্য না থাকিলে সূর্যাভাসের প্রতীতি হয় না এবং 'তমঃ'—অন্ধকার যেমন জ্যোতিঃহীন প্রদেশে প্রতীত হয়, অথচ চক্ষুঃ প্রভৃতি আলোক ব্যতীত প্রতীত হয় না, সেইরূপ এই মায়াকে জানিবে।

৫৪। আমাতে যে প্রীতি তাহাই পরম প্রয়োজন 'প্রেম'নামে কথিত হয়। কার্যদ্বারা তাহার স্বরূপলক্ষণ বলিতেছি—

এতাবদেব জিজ্ঞাস্যং তত্ত্বজিজ্ঞাসুনাত্মনঃ।
অন্বয়ব্যতিরেকাভ্যাং যৎ স্যাৎ সর্বত্র সর্বদা॥ ৫৫

তথা হি শ্রীকৃষ্ণকর্ণামৃতে প্রথমশ্লোকে—

চিন্তামণির্জয়তি সোমগিরির্গুরুর্মে,
৫ শিক্ষাগুরুশ্চ ভগবান্ শিখিপিঞ্ছমৌলিঃ।
যৎপাদকল্পতরুপল্লবশেখরেষু,
লীলাস্বয়ংবররসং লভতে জয়শ্রীঃ॥ ৫৬

জীবে সাক্ষাৎ নাহি, তাতে গুরু চৈত্ত্যরূপে।
শিক্ষাগুরু হয় কৃষ্ণ মহান্তস্বরূপে॥ ৫৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

দ্বিতীয়ে (শ্রীমদ্ভাগবতে ২।৯।৩৫) ব্রহ্মাণং প্রতি ভগবদ্বচনম্,—এতাবদিতি। আত্মনস্তত্ত্ব জিজ্ঞাসুনা জ্ঞাতুমিচ্ছুনা জনেন এতাবদেব হি এতদ্বস্তু জিজ্ঞাস্যং বিচার্যং হি নিশ্চিতম্। অন্বয়-ব্যতিরেকাভ্যামিতি। কার্যেষু কারণত্বেন অনুবৃত্তি-রন্বয়ঃ, কারণাবস্থায়াং কার্যেভ্যো ভিন্নঃ ব্যতিরেকঃ। তাভ্যাং যদ্বস্তু সর্বত্র সর্বদা স্যাদিতি॥ ৫৫॥

তদেব শ্রীগুরুনিরূপণং শ্রীকৃষ্ণকর্ণামৃতে (প্রথমশ্লোকে) লীলাশুকেনোক্তম্—চিন্তামণিরিতি। চিন্তামণির্নাম কাচি-দ্বেশ্যা জয়তি সর্বোৎকর্ষেণ বর্ততে। মে মম গুরুঃ সোমগিরিঃ জয়তি, শিক্ষাগুরুশ্চ ভগবান্ জয়তি। কোঽসৌ ভগবানিত্য-পেক্ষায়ামাহ। ভগবান্ কথংভূতঃ? শিখিপিঞ্ছমৌলিঃ শিখিপিঞ্ছান্যেব মৌলৌ যস্য সঃ, অথবা শিখিপিঞ্ছৈঃ মৌলিঃ শিরোভূষণং যস্য সঃ। যদিতি। যস্য শ্রীকৃষ্ণস্য পাদাবেব কল্পতরুপল্লবৌ তয়োঃ শেখরেষু জয়শ্রীঃ জয়েন সর্বোৎকর্ষেণ শ্রীঃ শোভা যস্যাঃ সা জয়শ্রীঃ শ্রীরাধা, লীলাস্বয়ংবররসং লীলয়া লীলা-গাঢ়ানুরাগেণ যে ভাবোর্মিবিশেষাঃ তাভির্ধর্মমর্যাদাদিত্যাগপূর্বকো যঃ স্বয়ংবররসঃ পরমদুর্লভপ্রেমরসঃ তং লভতে॥ ৫৬॥

বঙ্গানুবাদ

যেমন ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু ও আকাশ—এই পঞ্চভূত নানাবিধ প্রাণীর ভিতরে ও বাহিরে অবস্থিত, সেইরূপ আমিও প্রেমীভক্তের অন্তঃকরণবৃত্তিতে এবং বহিরিন্দ্রিয় বৃত্তিতে স্ফূর্তি পাই।

৫৫। প্রেমভক্তিলাভের উপায়স্বরূপ অভিধেয় সাধনভক্তির বিচার শ্রবণ কর—আত্মমঙ্গলকামী তত্ত্বজিজ্ঞাসু ব্যক্তি শ্রীগুরুদেবের নিকট প্রণিপাত ও পরিপ্রশ্নের সহিত শ্রদ্ধাপূর্বক এই কথাই শ্রবণ করিবে—বিধি ও নিষেধ দ্বারা সর্বদেশে, সর্বকালে, সকলদশায় সকলব্যক্তির অবশ্যকর্তব্যরূপে যাহা উপপাদন হয় অর্থাৎ সাধনভক্তিই সর্বদেশে সর্বকালে সকলদশায় সকলব্যক্তির অবশ্যকর্তব্য। কিন্তু ধর্মজ্ঞানযোগাদি দেশ, কাল, অবস্থা ও ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন হয়; সেইজন্য তাহা বিধি নিষেধের অধীন। কিন্তু ভক্তি বিধি নিষেধের অধীন নহেন।

অতএব হে ব্রহ্মন্! তুমি আমার এই চতুঃশ্লোকী উপদেশ একাগ্রচিত্তে সম্যক্প্রকারে অনুষ্ঠান কর, তাহা হইলে কি মহাকল্পে কি অনুকল্পে কখনই বিমুগ্ধ হইবে না।

৫৬। চিন্তামণি নাম্নী বেশ্যা, আমার মন্ত্রগুরু সোমগিরি, শিক্ষাগুরু এবং ইষ্টদেব—যাঁহার শিরোভাগে ময়ূরপুচ্ছ শোভা পাইতেছে ও যাঁহার পদকল্পতরুর নখাগ্রে জয়শ্রী লীলাবশতঃ স্বয়ম্বরসুখ লাভ করিতেছেন, সেই ভগবান্ শ্রীনন্দনন্দন জয়যুক্ত হউন।

পাঠান্তর

৮ (৩য়) নাক্রি [ক, খ, চ, ট], ৯ (২য়) হন [ত]।

তথা হি (ভা ১১।২৬।২৬) শ্রীভগবদ্বাক্যম্—

ততো দুঃসঙ্গমুৎসৃজ্য সৎসু সজ্জেত বুদ্ধিমান্।
সন্ত এবাস্য ছিন্দন্তি মনোব্যাসঙ্গমুক্তিভিঃ ॥ ৫৮

তথা হি (ভা ৩.২৫।২৫) শ্রীকপিলদেববাক্যম্—

৫　সতাং প্রসঙ্গান্মম বীর্যসংবিদো,
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি,
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি ॥ ৫৯

ঈশ্বরস্বরূপ ভক্ত তাঁর অধিষ্ঠান।
১০　ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম ॥ ৬০

তথা হি (ভা ৯।৪।৬৮) দুর্বাসসং শ্রীভগবদ্বচনম্—

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি ॥ ৬১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

নন্থ তদ্বস্তনঃ কথং প্রাপ্তিঃ স্যাদিত্যপেক্ষায়াম্ একাদশ-স্কন্ধে (১১।২৬।২৬) শ্রীভগবতোক্তম্ —ততো দুঃসঙ্গমিতি। বুদ্ধিমান্ জনঃ ততোঽসৎসঙ্গেন নরকপাতাদ্ধেতোর্দুঃসঙ্গম্ অসৎসঙ্গম্ উৎসৃজ্য পরিত্যজ্য, সৎসু সাধুষু সজ্জেত আসক্তিং কুর্বীত। সৎসঙ্গেন কিং স্যাদিত্যাহ—সন্তঃ সাধ্বঃ এব নিশ্চিতম্ অস্য জনস্য মনোব্যাসঙ্গং মনোবাসনাম্ উক্তিভিঃ কীর্তনাদিভিশ্ছিন্দন্তি, তদ্বাসনাং দূরীকৃত্য নির্মলীকুর্বন্তীত্যর্থঃ ॥৫৮॥

অথ সৎসঙ্গো দ্বিবিধো ভবতি, আনুষঙ্গিক আসক্তিপূর্বকশ্চ। অত আসক্তিপূর্বকমাহ তৃতীয়ে (শ্রীমদ্ভাগবতে ৩।২৫।২৫) মাতরং প্রতি কপিলদেবঃ—সতামিতি। প্রসঙ্গাৎ প্রকৃষ্টো যঃ সঙ্গঃ প্রসঙ্গস্তস্মাৎ, এতেনাসক্ত্যতিশয়ত্বং সূচিতম্। তস্মান্মম কথা ভবন্তি 'সভাজয়ন্তে মম পৌরুষাণি' ইতি তৃতীয় স্কন্ধাৎ (শ্রীমদ্ভাগবতে ৩।২৫।৩৪) কথংভূতাঃ ? হৃৎকর্ণরসায়নাঃ হৃৎকর্ণয়োঃ রসায়নাঃ। পুনঃ কথংভূতাঃ ? বীর্যসংবিদঃ, বীর্যস্য গোবর্ধনধারণাদেঃ সম্যগ্বেদনং যাসু তাঃ। তৎকথাশ্রবণেন কিং স্যাৎ ? তজ্জোষণাদিতি, তাসাং কথানাং জোষণাৎ সেবনাদপবর্গবর্ত্মনি অপবর্গোঽবিদ্যানিবৃত্তির্বর্ত্ম পন্থা যস্মিন্ তস্মিন্ শ্রীকৃষ্ণে শ্রদ্ধেতি। নন্থ শ্রদ্ধা তু প্রথমপক্ষশ্চেদনন্তরং কথং রত্যাদিঃ ভবতি ? যথা শ্রীরসামৃতসিন্ধৌ (১।৪।১৫, ১৬)—

"আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া। ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাৎ ততো নিষ্ঠা রুচিস্ততঃ ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি। সাধকানাময়ং প্রেম্ণঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ ॥"

ইতি উচ্যতে। অত্র শ্রদ্ধাপদেন দৃঢ়বিশ্বাসো বোদ্ধব্যঃ। অতো নায়ং দোষঃ। ভক্তিরত্র প্রেমা অনুক্রমিষ্যতি অনুক্রমেণ ভবিষ্যতীত্যর্থঃ ॥৫৯॥

অথ ভক্তভগবতোর্দেহমাত্রস্য ভেদো ন তু বস্তুতঃ ইত্যাহ নবমে (৯।৪।৬৮) দুর্বাসসং প্রতি ভগবান্—সাধব ইতি। সাধবো মহ্যং মম হৃদয়ম্, অহমপি সাধূনাং হৃদয়ম্। যদ্যপি সাধুহৃদয়ে কদাচিৎ ক্রোধাদিকং জায়তে তৎতু ভগবদিচ্ছয়ৈব

বঙ্গানুবাদ

৫৮। সেইজন্য বুদ্ধিমান্ ব্যক্তি অসৎসঙ্গ পরিত্যাগ-পূর্বক সাধুসঙ্গ করিবে ; যেহেতু সাধুরাই ভক্তিতত্ত্ব উপদেশ দ্বারা তাহার মনের দুর্বাসনা বিদূরিত করেন।

৫৯। সাধুদিগের সম্মিলন হইলে, হৃদয় ও শ্রবণেন্দ্রিয়ের সুখকর আমার (ভগবানের) ঐশ্বর্যজ্ঞান সম্বলিত কথার আলোচনা হয়, সেই সকল কথার আস্বাদনে অবিদ্যানিবর্তক এবং ভক্তিযোগের বিষয়ালম্বন আমাতে অতি শীঘ্রই ক্রমশঃ শ্রদ্ধা, ভাবভক্তি ও প্রেমভক্তি উদিত হয়।

৬১। দুর্বাসাকে শ্রীভগবান বলিতেছেন—হে ঋষে! সাধুগণ আমার হৃদয়, আমিও সাধুদিগের হৃদয়, আমা ভিন্ন আর কিছুই তাঁহারা জানেন না ; আমিও তাঁহাদের ভিন্ন আর কিছুমাত্রই জানি না।

পাঠান্তর

৯ (২য়) ভক্তে [ক, ছ,] ভক্তি [খ, ঝ]।

তথা হি (ভা ১।১৩।১০) বিদুরং প্রতি শ্রীযুধিষ্ঠিরবাক্যম্—

ভবদ্বিধা ভাগবতাস্তীর্থীভূতাঃ স্বয়ং প্রভো।
তীর্থীকুর্বন্তি তীর্থানি স্বান্তঃস্থেন গদাভৃতা ॥ ৬২

সেই ভক্তগণ হয় দ্বিবিধ প্রকার।
৫ পারিষদগণ এক, সাধকগণ আর ॥ ৬৩
ঈশ্বরের অবতার এ-তিন প্রকার—।
অংশ-অবতার এক, গুণাবতার আর ॥ ৬৪
শক্ত্যাবেশ-অবতার তৃতীয় এমত।
অংশ-অবতার পুরুষ-মৎস্যাদিক যত ॥ ৬৫
১০ ব্রহ্মা, বিষ্ণু, শিব – গুণ-অবতারে গণি।
শক্ত্যাবেশ - সনকাদি পৃথু ব্যাসমুনি ॥ ৬৬
দুইরূপে হয় ভগবানের প্রকাশ—।
এক ত প্রকাশ হয়, আর ত বিলাস ॥ ৬৭
একই বিগ্রহ যদি হয় বহুরূপ।
১৫ আকারেহো ভেদ নাহি—একই স্বরূপ ॥ ৬৮
মহিষীবিবাহে যৈছে যৈছে কৈল রাস।
ইহাকে কহিয়ে কৃষ্ণের মুখ্য 'প্রকাশ' ॥ ৬৯

তথা হি দশমে (১০।৬৯।২) শুকবাক্যম্—

চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্।
২০ গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহৎ ॥ ৭০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বোদ্ধব্যম্, প্রপঞ্চলোকবঞ্চনার্থমিতি বা। তে সাধবঃ মদন্যং মাং বিনা কমপি ন জানন্তি। অহমপি তেভ্যো মনাগপি অন্যং ন জানামি ॥৬১॥

অথ ভক্তিমহিমানং প্রথমে (১।১৩।১০) বিদুরং প্রতি যুধিষ্ঠির আহ—ভবতাং তীর্থাটনং ন স্বার্থম্, কিন্তু তীর্থানুগ্রহার্থমেবেত্যর্থঃ। ভবদ্বিধা ইতি—ভবদ্বিধাঃ ভবত্তুল্যাঃ ভাগবতাঃ কিমুত ভবান্। তে কথংভূতাঃ ? তীর্থীভূতাঃ তীর্থস্বরূপাঃ। প্রভো, হে বিদুর। নমু সাধুনামেতাদৃক্ প্রভাবঃ কথং স্যাদিত্যাহ—স্বান্তঃস্থেন গদাভৃতা সতা তীর্থানি তীর্থীকুর্বন্তি পবিত্রীকুর্বন্তি, পাপিনামঙ্গসঙ্গেন মলীমসীভূতানি তীর্থানি সাধুসন্দর্শনাৎ পবিত্রীভবন্তীত্যর্থঃ ॥৬২॥

অথ প্রকাশমহিমানমাহ—দশমে (১০।৬৯।২) নারদবাক্যেন,—চিত্রমিতি। বতেতি হর্ষে। এতচ্চিত্রম্, কিন্তৎ ? একেন বপুষা গৃহেষু ষোড়শসাহস্রপরিমিতেষু যুগপদেকস্মিন্ কালে পৃথক্ দ্ব্যষ্টসাহস্রং ষোড়শসাহস্রং স্ত্রিয়ঃ ভগবানেক একপ্রকাশঃ সন্ উদাবহৎ পরিণীতবান্ ॥৭০॥

বঙ্গানুবাদ

৬২। শ্রীবিদুরকে যুধিষ্ঠির বলিলেন—হে প্রভো! আপনাদের ন্যায় ভগবদ্ভক্তগণ স্বয়ংই তীর্থস্বরূপ, সুতরাং তীর্থভ্রমণে আপনাদের কোন স্বার্থ নাই, কিন্তু তীর্থসকল অসাধু সংসর্গে অপবিত্র হইলে আপনারা তীর্থভ্রমণ কালে হৃদয়স্থিত গদাধর শ্রীভগবানের দ্বারা সেই সকল তীর্থকে পুনরায় পবিত্র করেন।

৭০। শ্রীকৃষ্ণের প্রকাশ দর্শনে শ্রীনারদের চমৎকারিতা—অহো! অতি আশ্চর্য—ভগবান্ শ্রীকৃষ্ণ দ্বারকায় একই বিগ্রহে এককালে বহুরূপ প্রকাশ করিয়া পৃথক্ পৃথক্ গৃহে ষোড়শসহস্র কন্যার পৃথক্ পৃথক্ রূপে পাণিগ্রহণ করিলেন।

পাঠান্তর

৪ (৩য়) হয়ে [চ, জ, ত]; ৭ (২য়-৪র্থ) আর গুণ অবতার [ট, ড, ণ, দ, ধ, ন]; ৮ (৩য়) যেমত [ক, গ, ছ, জ, ঠ, ঢ, ত,]; ১০ (৪র্থ) তিন গুণাবতারে [ট, ঠ, ড, ঢ, ণ, থ, দ, ধ, ন]; ১১ (২য়) অবতার [ক]। ১২ (২য়) হয়ে [গ, চ, ত]; ১৩ (১ম-২য়) এক যে [ক], একেত [ড, ণ, দ, ধ, ন], (৫ম-৬ষ্ঠ) আর যে [ক], আরে ত [জ, ট, ড, ণ, দ, ধ, ন]; ১৫ (১ম) আকারে ত [ড, ণ, দ, ধ, ন], (৩য়) নাঞি [ক, ঙ]; ১৬ (৩য়-৫ম) করিল বিলাস [ক], (৫ম) রাসে [ঙ, ছ, জ, ঝ, ঠ, ঢ], ১৭ (৩য়) প্রভুর [ক, খ, গ, ঙ, চ, ছ, ত], (৫ম) প্রকাশে [ঙ, চ, ছ, জ, ঝ, ঠ, ঢ]।

তত্রৈব (১০।৩৩।৩)—

রাসোৎসবঃ সম্প্রবৃত্তো গোপীমণ্ডলমণ্ডিতঃ।
যোগেশ্বরেণ কৃষ্ণেন তাসাং মধ্যে দ্বয়োর্দ্বয়োঃ ॥৭১
প্রবিষ্টেন গৃহীতানাং কণ্ঠে স্বনিকটং স্ত্রিয়ঃ।
৫ যং মন্যেরন্নভস্তাবদ্বিমানশতশঙ্কুলম্ ॥ ৭২

তথাহি লঘুভাগবতামৃতে পূর্বখণ্ডে (১।২১)—

অনেকত্র প্রকটতা রূপস্যৈকস্য যৈকদা।
সর্বথা তৎস্বরূপৈব স প্রকাশ ইতীর্যতে ॥ ৭৩

একই বিগ্রহ কিন্তু আকারে হয় আন।
১০ অনেক প্রকাশ হয়—'বিলাস' তার নাম ॥ ৭৪

তত্রৈব (লঘুভাগবতামৃতে ১।১৫)—

স্বরূপমন্যাকারং যত্তস্য ভাতি বিলাসতঃ।
প্রায়েণাত্মসমং শক্ত্যা স বিলাসো নিগদ্যতে ॥ ৭৫

যৈছে বলদেব, পরব্যোমে নারায়ণ।
১৫ যৈছে বাসুদেব প্রদ্যুম্নাদি সঙ্কর্ষণ ॥ ৭৬

ঈশ্বরের শক্তি হয় এ তিন প্রকার।
এক লক্ষ্মীগণ, পুরে মহিষীগণ আর ॥ ৭৭

ব্রজে গোপীগণ আর সভাতে প্রধান।
ব্রজেন্দ্রনন্দন যাতে স্বয়ংভগবান্ ॥ ৭৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

তাসাং ব্রজদেবীনাং সাহিত্যমভিনয়েন দর্শয়তি—রাসোৎসব ইতি। তাসাং দ্বয়োর্দ্বয়োর্মধ্যে প্রবিষ্টেন যোগেশ্বরেণ কৃষ্ণেন সহ গোপীমণ্ডল-মণ্ডিতঃ গোপীনাং ব্রজদেবীনাং মণ্ডলেন মণ্ডলাকারেণ মণ্ডিতঃ শোভিতো রাসোৎসবঃ রাসক্রীড়া সংপ্রবৃত্তঃ সম্যক্ প্রকারেণ প্রবৃত্তোঽভূদিত্যর্থঃ। অত্র রাসোৎসব ইত্যনেন তাসাং মণ্ডলাকারাবস্থিতত্বং, দ্বয়োর্দ্বয়োর্মধ্যে প্রবিষ্টেন কৃষ্ণেন কণ্ঠগৃহীতত্বমুভয়ত্রালিঙ্গিতত্বং চ সূচিতম্। অত্র যোগেশ্বরেণেত্যনেন কৃষ্ণস্যাচিন্ত্যশক্তিত্বাৎ একস্যৈব তথা প্রবেশঃ সর্বসন্নিহিতত্বং চ তাসামপ্যস্যৈকনিকটসন্নিহিতত্বাভিমানশ্চেত্যাদি সূচিতম্ ॥৭১-৭২॥

প্রকাশলক্ষণং ভাগবতামৃতে শ্রীরূপগোস্বামিনোক্তম্—অনেকত্রেতি। একস্য রূপস্যৈকদা একস্মিন্ কালে যানেকত্র প্রকটতা, অথ চ সর্বথা, তৎস্বরূপা তস্য একস্য রূপস্য স্বরূপা, এবংভূতো যঃ স প্রকাশঃ ইতীর্যতে উচ্যতে ॥৭৩॥

অথ স্বয়ংপ্রকাশমুক্ত্বা বিলাসমাহ শ্রীভাগবতামৃতে (১।১৫)—স্বরূপমিতি। অন্যাকারং চতুর্ভুজত্বাদিকং রূপং শক্ত্যা প্রায়েণাত্মসমং আত্মতুল্যং তস্য স্বয়ংভগবতঃ যৎস্বরূপং বিলাসতঃ বিলাসাদ্ধেতোরাভাতি, আ সর্বতোভাবেন শোভতে, স বিলাসো নিগদ্যতে উচ্যতে। অত্র প্রায়েণেতি কদাচিৎ নৈবেতি জ্ঞাপয়তি, মাধুর্যত্বাদিভেদেনেতি বোদ্ধব্যম্ ॥৭৫॥

বঙ্গানুবাদ

৭১-৭২। শ্রীবৃন্দাবনে যমুনাপুলিনে মহারাসক্রীড়ায় 'শ্রীকৃষ্ণ আমার নিকটেই আছেন' প্রত্যেক গোপীর এইরূপ অভিমান সিদ্ধির জন্য যোগেশ্বর শ্রীকৃষ্ণ গোপীমণ্ডলীর দুই দুই গোপীর মধ্যে প্রবিষ্ট হইয়া উভয় পার্শ্বে তাঁহাদের কণ্ঠগ্রহণ-পূর্বক শ্রীরাসমহোৎসবে প্রবৃত্ত হইলে গোপস্ত্রীগণ শ্রীকৃষ্ণকে নিজ নিকটেই (অন্যত্র নহেন) অনুভব করিলেন। সেইকালে তদ্দর্শন লালসায় দেবগণের শত শত বিমান দ্বারা আকাশ আচ্ছাদিত হইল।

৭৩। স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ একই বিগ্রহে একইকালে অনেক স্থানে যে প্রকটিত হন, সেই সকল প্রকাশই যদি সর্বতোভাবে মূল স্বরূপের সমানরূপ হয়—তাহা হইলে ঐসকল রূপকে "প্রকাশ" বলা হয়।

৭৫। স্বয়ংভগবানের যে স্বরূপ লীলার নিমিত্ত ভিন্নাকারে প্রকাশিত হন এবং যিনি শক্তিতে প্রায়ই মূলস্বরূপের সমান —তাঁহাকে "বিলাস" বলা হয়।

পাঠান্তর

৯ (১ম) একুই [ক], একোহি [খ] (৩য়) যদি [চ, ট, ড, দ, ধ], (৫ম) হয়ে [খ, গ, জ, ঞ, ট], ১০ (৩য়) হয়ে [গ, জ, ঞ, ট]; ১৬ (১ম-৩য়) কৃষ্ণের নিজশক্তি [ক], কৃষ্ণের নিজশক্তি হএ [গ] শ্রীকৃষ্ণের শক্তি হয়ে [জ], ১৭ (১ম-৩য়) মহিষীগণ পুরে লক্ষ্মীগণ [ট, দ,] (৩য়) হয় [ক, ছ], রূপ, (ঘ) ১৮ (২-৩য়) গোপীগণরূপ [ক, গ, ঘ], গোপীগণ নাম [ছ], (৪র্থ) সভার [ক, ঘ, ছ], ১৯ (২য়) তাতে [ক, খ, ঞ, ট] যাথে [ক]।

স্বয়ংরূপ-কৃষ্ণের কায়ব্যূহ,—তাঁর সম।
ভক্তসহিতে হয় তাঁহার আবরণ ॥ ৭৯

ভক্ত-আদি ক্রমে কৈল সভার বন্দন।
এ-সভের বন্দন সর্বশুভের কারণ ॥ ৮০

৫ প্রথম-শ্লোকে কৈল সামান্য মঙ্গলাচরণ।
দ্বিতীয়-শ্লোকেতে করি বিশেষ বন্দন ॥ ৮১

তথা হি—

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দৌ সহোদিতৌ।
গৌড়োদয়ে পুষ্পবন্তৌ
১০ চিত্রৌ শন্দৌ তমোনুদৌ ॥ ৮২

ব্রজে যে বিহরে পূর্বে কৃষ্ণ-বলরাম।
কোটি সূর্য-চন্দ্র জিনি দোঁহার নিজ ধাম ॥ ৮৩

সেই দুই জগতেরে হইয়া সদয়।
গৌড়দেশে পূর্ব শৈলে করিল উদয় ॥ ৮৪

১৫ শ্রীকৃষ্ণচৈতন্য আর প্রভু নিত্যানন্দ।
যাঁহার প্রকাশে সর্বজগত-আনন্দ ॥ ৮৫

সূর্য-চন্দ্র হরে যৈছে সব অন্ধকার।
বস্তু প্রকাশিয়া করে ধর্মের প্রচার ॥ ৮৬

এইমত দুইভাই জীবের অজ্ঞান—।
২০ তমোনাশ করি কৈল তত্ত্ববস্তু-দান ॥ ৮৭

অজ্ঞান-তমের নাম কহিয়ে কৈতব।
ধর্ম-অর্থ-কাম-বাঞ্ছা আদি এই সব ॥ ৮৮

তার মধ্যে মোক্ষবাঞ্ছা কৈতব-প্রধান।
যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্ধান ॥ ৮৯

২৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (১।১।২)—

ধর্মঃ প্রোজ্ঝিতকৈতবোঽত্র পরমো
নির্মৎসরাণাং সতাং,
বেদ্যং বাস্তবমত্র বস্তু শিবদং তাপত্রয়োন্মূলনম্।
শ্রীমদ্ভাগবতে মহামুনিকৃতে কিংবা পরৈরীশ্বরঃ,
৩০ সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ
শুশ্রূষুভিস্তৎক্ষণাৎ ॥ ৯০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ পরমভগবদ্ধর্মমাহ প্রথমে (১।১।২) শ্রীব্যাসঃ—ধর্ম ইতি। অত্র শ্রীভাগবতে পরমো ধর্মঃ কেবলম্ ঈশ্বরাধনরূপো ধর্মঃ নিরূপ্যতে। স কথংভূতঃ? প্রোজ্ঝিতকৈবঃ প্রকৃষ্টেনোজ্ঝিতং কৈতবং ফলাভিসন্ধিলক্ষণং কপটং যস্মিন্ যস্য বা, তথাভূতঃ। 'প্র-শব্দেন মোক্ষাভিসন্ধিরপিনিরস্তঃ।' স তু কেষাং ধর্ম ইত্যপেক্ষায়ামাহ—নির্মৎসরাণাং মৎসরোঽন্যশুভদ্বেষঃ, তদ্রহিতানাম্। অত্র ধর্মধর্মিণোরভেদোপচারঃ। সতাং সাধূনাম্। অত্র শ্রীমদ্ভাগবতে বস্তু নিরূপ্যতে। কথংভূতং তৎ? বাস্তবং পরমার্থভূতং, ন তু বৈশেষিকাদ্যুক্ত-দ্রব্য-লক্ষণম্। বেদ্যমপ্রযত্নেনৈব জ্ঞাতুং শক্যমিত্যর্থঃ। পুনঃ কথংভূতস্তৎ? শিবদং মঙ্গলপ্রদং। পুনঃ কথংভূতম্' তাপত্রয়োন্মূলনং তাপত্রয়স্যাধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকলক্ষণস্যোন্মূলনং যস্মাৎ।

বঙ্গানুবাদ

৮২। দ্বিতীয় পৃষ্ঠায় অনুবাদ দ্রষ্টব্য : (ইহার অর্থ পয়ারে ৮৩-১০৩ সংখ্যা)।

৯০। মহামুনি শ্রীনারায়ণ কর্তৃক বিরচিত এই শ্রীমদ্ভাগবতে সর্বভূতবৎসল নির্মৎসর সাধুদিগের নিমিত্ত মোক্ষবাঞ্ছাদি

পাঠান্তর

১ (১ম)-কৃষ্ণ [ঘ, জ, ঝ, ঠ ঢ, থ], ২ (১ম-৩য়) ভক্ত সহিতে সভে হয়ে [ক, খ, গ], ভক্তসহিত সব হয় [খ,ছ,থ]; ৪ (৫ম) সভার [চ,ঙ, ণ ১ ত, ন], -সবার [ক, ট, ড, ণ, থ, দ, ধ]; ৫ (১ম) এই [ক, থ] এক [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ ঠ, ঢ, ত, থ], (৩য়) কহি [ঠ, ঢ, ণ, ন], (৩য়-৪র্থ) সামান্য মঙ্গলাচরণ [চ,ট,ড, ত,দ,ধ], ৬ (১ম)-শ্লোকে ত [ঙ, ছ, জ, ঞ, ঠ, ড, থ]; ৭ এই পঙ্‌ক্তিটি -'ড, ণ, থ, থ, দ, ধ এবং ন' মুদ্রিতগ্রন্থ ব্যতীত সকল পুথি এবং গ্রন্থে আছে। ১২ (২য়) চন্দ্র-সূর্য [গ, ছ, জ, ঞ], (৪র্থ) দুহার [ক, খ, ঘ, ঙ, জ, ঠ, ঢ]; ১৪ (৩য়) করিলা [ক, খ, চ, জ, ণ, ন]; ১৫ (২য়) প্রভু [ক, ঘ, ছ, ত] (৩য়) শ্রী [খ, গ, ঙ, ঞ, ট], ১৬ (২য়) প্রসাদে [ঘ,চ,ছ], (৩য়)-জগৎ [চ, ঝ, ট, দ, ধ]; ২০ (২য়) করে [ক, ঝ, ট, ড, ধ], (৪র্থ) বস্তুতত্ত্ব-জ্ঞান [ক, খ, ঙ, ঝ, ড, ধ], বস্তুতত্ত্ব-দান [ছ, ঞ, থ, দ]; ২২ (১ম-২য়)-কাম-মোক্ষ-বাঞ্ছা [ছ, ঞ, ঠ, ঢ], (১ম-৩য়)-কাম-মোক্ষ-বাঞ্ছা আদি [ণ, ত, দ, ন]।

ব্যাখ্যাতঞ্চ শ্রীধরস্বামিচরণৈঃ (ভাবার্থ দীপিকা ১।১।২)—

'প্রশব্দেন মোক্ষাভিসন্ধিরপি নিরস্তঃ' ইতি ॥ ৯১

কৃষ্ণভক্তি-বাধক—যত শুভাশুভ কর্ম।
সেহো এক জীবের অজ্ঞান-তমো-ধর্ম ॥ ৯২
৫ যাঁহার প্রসাদে এই তমো হয় নাশ।
তমো নাশ করি করে তত্ত্বের প্রকাশ ॥ ৯৩
তত্ত্ববস্তু—কৃষ্ণ, কৃষ্ণভক্তি, প্রেমরূপ।
নামসঙ্কীর্তন—সর্ব আনন্দস্বরূপ ॥ ৯৪
সূর্য-চন্দ্র বাহিরের তম সে বিনাশে।
১০ বহির্বস্তু ঘট-পট-আদি সে প্রকাশে ॥ ৯৫
দুইভাই হৃদয়ের ক্ষালি অন্ধকার।
দুই-ভাগবত-সঙ্গে করান সাক্ষাৎকার ॥ ৯৬
এক ভাগবত বড়—ভাগবতশাস্ত্র।
আর ভাগবত—ভক্ত ভক্তিরসপাত্র ॥ ৯৭
১৫ দুই-ভাগবত-দ্বারে দিয়া ভক্তিরস।
তাহার হৃদয়ে তার প্রেমে হয় বশ ॥ ৯৮
এক অদ্ভুত—সমকালে দোঁহার প্রকাশ।
আর অদ্ভুত—চিত্তগুহার তম করে নাশ ॥ ৯৯
এই চন্দ্র-সূর্য দুই পরম সদয়।
২০ জগতের ভাগ্যে গৌড়ে করিল উদয় ॥ ১০০
সেই দুই প্রভুর করি চরণ বন্দন।
যাঁহা হইতে বিঘ্ননাশ অভীষ্টপূরণ ॥ ১০১
এই দুই শ্লোকে কৈল মঙ্গল-বন্দন।
তৃতীয়-শ্লোকের অর্থ শুন সর্বজন ॥ ১০২
২৫ বক্তব্য-বাহুল্য, গ্রন্থ-বিস্তারের ডরে।
বিস্তারি না বর্ণি, সারার্থ কহি অল্পাক্ষরে ॥ ১০৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অত্র শ্রীমদ্ভাগবতে। কথংভূতে তস্মিন্? মহামুনি-কৃতে মহামুনিঃ শ্রীমন্নারায়ণঃ তেন সংক্ষেপতশ্চতুঃশ্লোকরূপেণ কৃতে এবংভূতে শ্রীভাগবতে। শুশ্রূষুভিঃ কৃতিভিঃ ঈশ্বরঃ সদ্যঃ হৃদি অবরুধ্যতে তৎক্ষণাৎ। অতঃ অপরৈঃ কিম্ অপরৈঃ শাস্ত্রৈঃ তদুক্তসাধনৈর্বা। কিমবরুধ্যতে স্থিরীক্রিয়তে, নেত্যর্থঃ ॥৯০॥

বঙ্গানুবাদ

সর্ববিধা ফলাভিসন্ধিরূপ কপটতাশূন্য পরমধর্ম নিরূপিত হইয়াছে। এই শ্রীমদ্ভাগবতে আধ্যাত্মিকাদি তাপত্রয়ের উৎপাটনকারী এবং পরমমঙ্গলপ্রদ পরমার্থভূত বস্তু অনায়াসে জানা যায়। অন্যান্য শাস্ত্রোক্ত সাধনসমূহের দ্বারা ঈশ্বর কি

পাঠান্তর

২—'ট, ড, ণ, দ, ধ'—মুদ্রিত পুস্তকে ৯১ সংখ্যক 'ধর্মঃ প্রোজ্ঝিত…' শ্লোকটির পরে—৯০ সংখ্যক "তার মধ্যে মোক্ষবাঞ্ছা…অন্তর্ধান ॥" পয়ারটি, এবং তৎপরে 'প্রশব্দেন…' এই পঙ্‌ক্তি আছে; ৩ (১ম) কৃষ্ণভক্তির বাধক [চ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ, থ, দ, ধ, ন]; ৪ (১ম) সেহ [ছ, ঝ, ট, ড, ণ, থ, দ, ন], সেই [ত, ধ]; ৫ (৩য়-৫ম) হয় সর্ব (সব-ছ, ত) তমো নাশ [ক, ঘ, ছ, ত], (৪র্থ, ৫ম) সব তম [খ, গ, ঙ, চ], ৬ (১ম) ইহা [খ, ঝ], (৫ম) ধর্মের [ক]; ৮ (২য়) সব [খ, গ, ঞ, ট, ড, ণ, ন]; ১০ (২য়, ৩য়) ঘট-পট সে সব [ক], ঘট-পট এই সে [খ, গ, জ, ঞ], ঘট-পট প্রভৃতি [চ, ছ, ঠ, ঢ, ত]; ১২ (১ম)—সনে [খ, গ, ঙ, জ, ঝ, ঞ], ১৩ (৩য়) হয় [ঠ, ঢ], ১৪ (৩য়) বটে [চ]; ১৫ (১ম)—দ্বারা [চ, ট, ড, ণ, থ, দ, ধ, ন], ১৬ (৩য়) তবে [ক,ত [চ], প্রভু [চ] কৃষ্ণ [ঝ]; ১৭ (৪র্থ) দুহার [ক, গ, ছ, জ, ঞ], সমান [ঘ, ঠ, ঢ]; ১৯ (২য়) সূর্য-চন্দ্র [গ, ঘ, ঙ, ছ, জ, ত], ২০ (৪র্থ] করিলা --[ক, খ, গ, ছ, ঠ, ঢ, ণ, ন,]। ২২ (৪র্থ) অভীষ্ট-লম্ভন [ক, গ, চ, ছ,]; ২৩ (১ম-৩য়) দুই শ্লোকে কৈল [ঘ, ছ, ঠ, ঢ, দ], (৪র্থ, ৫ম) দুই মঙ্গল-বন্দন [ক], এই মঙ্গল-বন্দন [ঘ], সামান্য মঙ্গলাচরণ- [ছ, দ], এই সামান্য মঙ্গলাচরণ [, ঢ], ২৪ (৪র্থ) ভক্তগণ [গ], দিয়া মন [ঘ, চ, ঝ, ত]; ২৬ (১ম) বিস্তারে [ন]।

তথা হি অনাদিব্যবহার-সিদ্ধপ্রাচীনৈঃ স্বশাস্ত্রে উক্তঞ্চ—

মিতঞ্চ সারঞ্চ বচো হি বাগ্মিতা ॥ ১০৪

শুনিলে খণ্ডিবে চিত্তের অজ্ঞানাদি দোষ।
কৃষ্ণে গাঢ় প্রেম হবে—পাইবে সন্তোষ ॥ ১০৫

৫ শ্রীচৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-মহত্ত্ব।
তাঁর ভক্তভক্তি-নাম-প্রেমরস-তত্ত্ব ॥ ১০৬
ভিন্ন-ভিন্ন লিখিয়াছি করিয়া বিচার।
শুনিলে জানিবে সব বস্তু-তত্ত্ব-সার ॥ ১০৭
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
১০ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১০৮

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং গুর্বাদিবন্দন-মঙ্গলাচরণং নাম
প্রথমপরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বাগ্মিতা লক্ষণমাহ—মিতমিতি। মিতং পরিমিতং সারং বিশ্বতোমুখং এবংভূতং বচো বাগ্মিতা ভবতি ॥১০৪॥

ইতি শ্রীনিত্যানন্দাধিকারি-বিরচিতায়াং শ্রীগৌরভক্ত-বিনোদিনী টীকায়াং
প্রথমপরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

বঙ্গানুবাদ

হৃদয়ে সদ্যই অবরুদ্ধ হন? কিন্তু সুকৃতিশালী ব্যক্তিগণ এই শ্রীমদ্ভাগবত শ্রবণেচ্ছা করিলেই তৎক্ষণাৎ ঈশ্বরকে হৃদয়ে বশীভূত করেন।

১০৪। পরিমিত ও সারগর্ভ বাক্যই বাগ্মিতার পরিচায়ক।

পাঠান্তর

২ এর পূর্বে 'গিরৌ গিরঃ পল্লবনার্থলাঘবে।' এই অংশটি 'ঝ' পুঁথির অধিক পাঠ; ৪ (১-৪র্থ) সব তত্ত্বজ্ঞান হৈবে [খ, গ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, থ], কৃষ্ণে গাঢ় তৃষ্ণা হবে [জ]; ৬ (২য়)-প্রেমরস-পাত্র [ঝ, ঠ, ঢ]; ৮ (১ম) শুনিতে [ক], (৪র্থ) তত্ত্বের বিচার [ক], তত্ত্ববস্তু-সার [ঘ, ছ, ঠ, ঢ]

দ্বিতীয় পরিচ্ছেদ

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ।
তরেন্নানামতগ্রাহ-ব্যাপ্তং সিদ্ধান্তসাগরম্ ॥ ১
কৃষ্ণোৎকীর্তনগাননর্তনকলা-
পাথোজনি-ভ্রাজিতা।
৫ সদ্ভক্তাবলি-হংসচক্রমধুপ-
শ্রেণী-বিহারাস্পদম্।
কর্ণানন্দিকলধ্বনির্বহতু মে জিহ্বামরুপ্রাঙ্গণে।
শ্রীচৈতন্যদয়ানিধে তব লসল্লীলাসুধাস্বর্ধুনী ॥ ২
জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
১০ জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ৩
তৃতীয়-শ্লোকের অর্থ করি বিবরণ।
বস্তুনির্দেশরূপ মঙ্গলাচরণ ॥ ৪

তথা হি—
যদদ্বৈতং ব্রহ্মোপনিষদি তদপ্যস্য তনুভা,
১৫ য আত্মান্তর্যামী পুরুষ ইতি সোঽস্যাংশবিভবঃ।
ষড়ৈশ্বর্যৈঃ পূর্ণো য ইহ ভগবান্ স স্বয়ময়ং,
ন চৈতন্যাৎ কৃষ্ণাজ্জগতি পরতত্ত্বং পরমিহ ॥ ৫
ব্রহ্ম, আত্মা, ভগবান্—অনুবাদ তিন।
অঙ্গপ্রভা, অংশ, স্বরূপ—তিন বিধেয়-চিহ্ন ॥ ৬
২০ অনুবাদ কহি' পাছে বিধেয়-স্থাপন।
সেই অর্থ কহি শুন শাস্ত্র-বিবরণ ॥ ৭
স্বয়ং ভগবান্ কৃষ্ণ, কৃষ্ণ পরতত্ত্ব।
পূর্ণজ্ঞান, পূর্ণানন্দ পরমমহত্ত্ব ॥ ৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ দ্বিতীয়-পরিচ্ছেদারম্ভে স্বাভীষ্টদেবং শ্রীচৈতন্যং প্রণমতি—শ্রীচৈতন্যপ্রভুমিতি। শ্রীযুক্তশ্চৈতন্যঃ শ্রীচৈতন্যঃ প্রভু নিগ্রহানুগ্রহসমর্থঃ। স চাসৌ প্রভুশ্চেতি তম্ অহং বন্দে নমস্করোমি। অত্র প্রভু-শব্দেন মন্দমতের্মমানুগ্রহে সমর্থঃ স্যাদিতি ভাবঃ। যদনুগ্রহাৎ যস্য চৈতন্যস্যানুগ্রহাৎ, বালোঽপ্যজ্ঞোঽপি নানামতান্যেব গ্রাহাঃ তৈর্ব্যাপ্তো যঃ সিদ্ধান্তসাগরঃ সিদ্ধান্তা এব সাগরস্তং তরেদিত্যুক্তেরনুগ্রহস্য নৌকাত্বং ধ্বনিতম্ ॥ ১ ॥

অতিনিগূঢ়তম-শ্রীকৃষ্ণচৈতন্য-লীলাবর্ণনে মন্দমতে র্মম শক্তির্নাস্তি। কিন্তু তৎকৃপৈব গতিরিত্যাহ—কৃষ্ণোৎকীর্তনেতি। হে চৈতন্যদয়ানিধে, তব লসল্লীলাসুধাস্বর্ধুনী লসন্তী চাসৌ লীলা চেতি লসল্লীলা, সুধায়াঃ স্বর্ধুনী, লসল্লীলা এব সুধাস্বর্ধুনীত্যুক্তেঃ তল্লীলায়া অচিন্ত্যশক্তিত্বং সূচিতম্। তথা চ চৈতন্যচন্দ্রোদয়নাটকে (২।১৮)—'অলৌকিকীতোঽপি চ লৌকিকীয়ং লীলা হরেঃ কাচন লোভনীয়া।' ইতি বচনাৎ। সুধা স্বর্ধুনীত্যুক্তেঃ অলৌকিকত্বং সূচিতম্। তদ্রূপকসামগ্রীমাহ—কৃষ্ণোৎ-

---

বঙ্গানুবাদ

১। শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে আমি বন্দনা করি। যাঁহার কৃপায় অজ্ঞব্যক্তিও নানামতবাদরূপ কুম্ভীরাদি ব্যাপ্ত সিদ্ধান্ত সাগর অনায়াসে পার হইতে পারে।

২। হে করুণাসাগর শ্রীচৈতন্যদেব! যিনি শ্রীকৃষ্ণের উচ্চসংকীর্তন, গান ও নর্তন-কলারূপ পদ্মশ্রেণী পরিশোভিতা, যিনি সাধুভক্ত পরম্পরা-রূপ হংস, চক্রবাক ও ভ্রমররাজির একান্ত বিহারস্থলী এবং যিনি শ্রবণযুগলের আনন্দ-সম্পাদক মধুর ও অস্ফুট কল্লোল ধ্বনিযুক্ত তোমার সেই সমুজ্জ্বলা, লীলা-সুধাবাহিনী গঙ্গা আমার জিহ্বারূপ মরুপ্রদেশে প্রবাহিতা হউন॥

৫। চতুর্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

পাঠান্তর

১ (৪র্থ) তদনুগ্রহাৎ [ঞ]; ৬ (১ম)-বিলাসাস্পদম্ [ঙ, জ, ঠ, ঢ, ত, থ]; ৯ (৩য়, ৪র্থ) শ্রীকৃষ্ণচৈতন্য [খ, ঝ, ঞ]; ১৩ এই পঙ্‌ক্তিটি 'চ, ড, ণ, দ, ধ, ন' মুদ্রিত পুস্তকে নাই; ২০ (২য়) আগে কহি [গ, ঙ], আগে [ড, ঢ, ত, দ, ধ], ২১ (২য়)—নিরূপণ [ক, ঙ, ছ]; ২২ (৩য়) তেঁহো [গ], বিষ্ণু-[ট, ড, ধ], ২৩ (২য়) পূর্ণতত্ত্ব [ছ]।

'নন্দসুত' বলি যাঁরে ভাগবতে গাই।
সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্যগোসাঞি ॥ ৯
প্রকাশ-বিশেষে তেঁহো ধরে তিন নাম।
ব্রহ্ম, পরমাত্মা, আর পূর্ণভগবান্ ॥ ১০
৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (১।২।১১)—
বদন্তি তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ম্।
ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ১১

তাঁহার অঙ্গের শুদ্ধ কিরণমণ্ডল।
উপনিষদ্ কহে তাঁরে—ব্রহ্ম সুনির্মল ॥ ১২
১০ চর্মচক্ষে দেখে যৈছে সূর্য নির্বিশেষ।
জ্ঞানমার্গে লৈতে নারে কৃষ্ণের বিশেষ ॥ ১৩
তথা হি ব্রহ্মসংহিতায়াম্ (৫।৪০)—
যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-,
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নম্।

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

কীর্তন-গান-নর্তন-কলা এব পাথোজনিঃ পদ্মং তেন ভ্রাজিতা শোভিতা। পুনঃ কথংভূতা? সদ্ভক্তাবলিরেব হংসচক্রমধুপ-শ্রেণী তস্যা বিহারাস্পদং ক্রীড়াস্থলমিত্যর্থঃ। পুনঃ কথংভূতা? কর্ণানন্দি-কলধ্বনিঃ কর্ণয়োরানন্দী কলধ্বনির্যস্যাঃ সা। 'সভাজয়ন্তে মম পৌরুষাণি' ইতি বচনাৎ। সদ্ভক্তাবলিরেব পরস্পর-তুণ্ডস্য কথনমিতি ভাবঃ ॥ ২ ॥

অথ শ্রীচৈতন্যদেবং নমস্কৃত্য বস্তু নির্দিশতি—বদন্তীতি। তত্ত্ববিদঃ ভগবত্তত্ত্বজ্ঞাঃ তদেব তত্ত্বং বদন্তি। কিং তদিত্যাহ। যজ্জ্ঞানমদ্বয়মিতি। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' ইতি শ্রুত্যুক্তেঃ (তৈত্তিরীয়োপনিষৎ ২।১।২)। তত্ত্বং সাধকভেদেন ত্রিবিধং ভবতীত্যাহ—ব্রহ্মেতি, ঔপনিষদৈঃ ব্রহ্মনিষ্ঠৈঃ, হিরণ্যগর্ভৈর্ব্রহ্মাদিভিঃ পরমাত্মেতি, সাত্বতৈঃ শুদ্ধসত্ত্বাশ্রয়ভক্তৈ-র্ভগবানিতি শব্দ্যতে অভিধীয়তে ॥ ১১ ॥

নম্বেকমেবাদ্বিতীয়ং ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি ত্রৈবিধ্যমুক্তং, তত্রাহ ব্রহ্মসংহিতায়াম্(৫।৪০)—যস্যেতি। যস্য প্রভবতঃ প্রভোর্গোবিন্দস্য তদ্ব্রহ্ম নির্বিশেষব্রহ্ম; প্রভা অঙ্গকান্তিঃ ইত্যনেন ব্রহ্মণোঽপি দ্বৈবিধ্যং সূচিতং সাকার-নিরাকার-ভেদেন। নম্বানন্দং ব্রহ্মেত্যুক্তেঃ আনন্দস্য কথং সাকারত্বং স্যাৎ, তস্য ধর্মবাচকত্বাৎ? উচ্যতে। আনন্দোঽপি দ্বিবিধো ভবতি, যথা হয়শীর্ষপঞ্চরাত্রে—

"আনন্দো দ্বিবিধঃ প্রোক্তো মূর্তামূর্তপ্রভেদতঃ। অমূর্তস্যাশ্রয়ো মূর্তো মূর্তানন্দো হরিঃ স্বয়ম্ ॥"

ইতি বচনাৎ। 'গূঢ়ং পরং ব্রহ্ম মনুষ্যলিঙ্গম্' ইত্যুক্তেঃ করচরণাদিমত্ত্বং সূচিতম্। একমেবাদ্বিতীয়ং ব্রহ্মেতি যদুক্তং তস্য অঙ্গকান্তি-অংশ-স্বরূপত্বেন ত্রৈবিধ্যং সূচিতম্। নন্বু পুরাণবচনেন ত্রৈবিধ্যং ন তু বেদ বচনেনেত্যাহ মহাবারাহে—

"যন্ন দৃষ্টং হি বেদেষু তদ্দৃষ্টং স্মৃতিষু দ্বিজাঃ। উভয়োর্যন্ন দৃষ্টং হি পুরাণৈস্তৎ প্রগীয়তে ॥
পুরাণমন্যথা কৃত্বা তির্যগ্‌যোনিমবাপ্নুয়াৎ। সুশান্তোঽপি সুদান্তোঽপি ন গতিং প্রাপ্নুয়াৎ ক্বচিৎ ॥"

তথা চ ভগবদ্গীতায়াং (১৪।২৭) ভগবতোক্তম্,—

বঙ্গানুবাদ

১১। তত্ত্ববিদ্গণ অদ্বয়জ্ঞানকে তত্ত্ব বলেন। সেই জ্ঞান নির্বিশেষরূপে প্রকাশিত হইলে উপনিষদ্বাদিগণ তাঁহাকে ব্রহ্ম বলেন; অন্তর্যামিরূপে প্রকাশিত হইলে যোগিগণ পরমাত্মা বলেন, এবং পরিপূর্ণ সর্বশক্তিমান্ রূপে প্রকটিত হইলে ভক্তগণ তাঁহাকে ভগবান্ বলেন ॥ ১১ ॥

পাঠান্তর

১ (৩য়) তাঁরে [খ, গ, ঘ, ঝ]; ৪ (২য়) স্বয়ং ভগবান্ [ক, ঝ, ট, ড, ণ, দ, ধ]; ৭ম পঙ্‌ক্তির পর অধিক পাঠ— "স্কান্দে —ভগবান্ পরমাত্মেতি প্রোচ্যতেঽস্যাঙ্গো যোগিভিঃ। ব্রহ্মেত্যুপনিষন্নিষ্ঠৈর্জ্ঞানঞ্চ জ্ঞান-যোগিভিঃ॥' [ঘ]। ৮ (১ম) যাঁহার [ক, ঝ]; ১০ (১ম) চর্মচক্ষু [গ, ঘ, ঙ], ১১ (৪র্থ) তাঁহার [ক, ঙ, ছ, ট, ড, ধ], (৫ম) উদ্দেশ [চ]।

তদ্‌ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং,
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৪

কোটি কোটি ব্রহ্মাণ্ডে যে ব্রহ্মের বিভূতি।
সেই ব্রহ্ম—গোবিন্দের হয় অঙ্গকান্তি ॥ ১৫

৫ সে গোবিন্দ ভজি আমি—তেঁহো মোর পতি।
তাঁহার প্রসাদে মোর হয় সৃষ্টিশক্তি ॥ ১৬

তথা হি শ্রীমদ্ভাগবতে (১১।৬।৪৭)—
মুনয়ো বাতরশনাঃ শ্রমণা উর্দ্ধমন্থিনঃ।
ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি
১০　শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ॥ ১৭

আত্মা অন্তর্যামী যাঁরে যোগশাস্ত্রে কয়।
সেহো গোবিন্দের অংশ-বিভূতি যে হয় ॥ ১৮
অনন্ত স্ফটিকে যৈছে এক সূর্য ভাসে।
তৈছে জীবে গোবিন্দের অংশ প্রকাশে ॥ ১৯

১৫ তথা হি শ্রীমদ্ভগবদ্গীতায়াম্ (১০।৪২)—
অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥ ২০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

"ব্রহ্মণো হি প্রতিষ্ঠাঽহমমৃতস্যাব্যয়স্য চ। শাশ্বতস্য চ ধর্মস্য সুখস্যৈকান্তিকস্য চ ॥" ইতি। অলমতিবিস্তরেণ, প্রকৃতমনুসরামঃ। কথংভূতং তৎ? জগদিত্যাদি। জগদণ্ডকোটিষু অশেষবসুধাদেঃ পৃথিব্যাদের্যদ্‌বিভূতিস্তস্মাঃ ভিন্নমিত্যনেনাচিন্ত্যত্বং সূচিতম্। তথা হি স্কান্দে,—
"অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ। প্রকৃতিভ্যঃ পরং যত্তু তদচিন্ত্যস্য লক্ষণম্ ॥" ইতি চ। তং গোবিন্দমহং ভজামি—ইতি বর্তমান-প্রয়োগেণ তস্য কালত্রয়াবস্থিতিঃ সূচিতা। 'অহমেবাসমেবাগ্রে' ইতি দ্বিতীয়স্কন্ধাৎ (২।৯।৩২)। পুনঃ কথংভূতম্? আদিপুরুষমিত্যনেন পুরুষত্রয়স্যাধীশ্বরত্বং সূচিতম্। এতদগ্রে নিরূপয়িষ্যতি। পুনঃ নিষ্কলং পরিপূর্ণমনন্তং নাস্তি অন্তো গুণাদীনাং যস্য সঃ, পুনঃ অশেষভূতং সর্বস্বরূপমিত্যর্থঃ ॥ ১৪ ॥

তৎপ্রাপ্তিসাধকমাহ—তথাহি (১১।৬।৪৭) একাদশে শ্রীভগবন্তং প্রতি উদ্ধববচনম্,—মুনয় ইতি। শান্তাঃ শমগুণনিষ্ঠাবন্তঃ মুনয়ো মননশীলাঃ তে ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি। কথংভূতাঃ? বাতরশনাঃ পবনাশনাঃ শ্রমণাঃ ব্রহ্মচর্যাদি শ্রমযুক্তাঃ উর্দ্ধমন্থিন উর্দ্ধরেতসঃ সন্ন্যাসিনঃ কাম্যকর্মাদিত্যাগিনঃ অমলাঃ মায়াগুণরহিতাঃ 'তং ভজন্নির্গুণো ভবেৎ' ইতি শ্রীভাগবতাৎ। এতেন ব্রহ্মপ্রাপ্তৌ ক্লেশাধিক্যং সূচিতম্। তথাপি শ্রীভগবদ্গীতায়াং (১২।৫) স্বয়ং ভগবতোক্তম্—'ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্' ইতি ॥ ১৭ ॥

অথ স্বয়ং ভগবতোঽঙ্গপ্রভারূপং ব্রহ্ম নিরূপ্য তদংশমাহ গীতায়ামর্জুনং প্রতি শ্রীভগবান্ (১০।৪২)—অথবেতি।

বঙ্গানুবাদ

১৪। যিনি কোটি কোটি ব্রহ্মাণ্ডে অশেষ বসুধাদি বিভূতি দ্বারা ভিন্ন হইয়াছেন, সেই নিষ্কল, অনন্ত এবং অশেষভূত ব্রহ্ম যে প্রভুর অঙ্গকান্তি, আমি সেই আদি পুরুষ শ্রীগোবিন্দদেবকে ভজনা করি ॥

১৭। হে প্রভো! বাতাহারী [বাতবসনাঃ পাঠান্তরে—দিগম্বর], পরমার্থ সাধনে শ্রমশীল, উর্দ্ধরেতা, সর্বত্যাগী, প্রশান্ত ও নির্মলচেতা মুনিগণ তোমার নির্বিশেষ ব্রহ্মধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥

২০। হে অর্জুন! আমার বিভূতিযোগ বিষয়ে এত অধিক জানিবার কি প্রয়োজন? আমি সংক্ষেপে এইটুকু

পাঠান্তর

৪ (১ম) সে [খ, গ, ঘ, ঙ, ছ, ঞ, ঠ, ঢ, থ]; ৫ (১ম) সেই [ঝ, ট, ড, ধ]; ১১ (১ম, ২য় আত্মান্তর্যামী [ঙ, চ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, ধ, ন]; ১৩ (২য়) স্ফাটিকে [ক, ঙ, চ, জ, ঠ], ১৪ (২য়) জীব [ক, ঘ, ঙ, ছ জ, ঞ, ট, ণ]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।৯।৪২)—

তমিমমহমজং শরীরভাজাং,
হৃদি হৃদি ধিষ্ঠিতমাত্মকল্পিতানাম্।
প্রতিদৃশমিব নৈকধার্কমেকং,
৫ সমধিগতোঽস্মি বিধূতভেদমোহঃ ॥ ২১
সেই ত গোবিন্দ সাক্ষাৎ চৈতন্যগোসাঞি।
জীব নিস্তারিতে ঐছে দয়ালু আর নাঞি ॥ ২২
পরব্যোমেতে বৈসে—নারায়ণ নাম।
ষড়ৈশ্বর্যপূর্ণ লক্ষ্মীকান্ত ভগবান্ ॥ ২৩
১০ বেদ ভাগবত উপনিষদ্ আগম।
'পূর্ণ তত্ত্ব' যাঁরে কহে—নাহি যাঁর সম ॥ ২৪
ভক্তিযোগে ভক্ত পায় যাঁর দরশন।
সূর্য যেন সবিগ্রহ দেখে দেবগণ ॥ ২৫
জ্ঞান-যোগমার্গে তাঁরে ভজে যেই সব।
১৫ ব্রহ্ম-আত্মারূপে তাঁরে করে অনুভব ॥ ২৬
উপাসনাভেদে জানি ঈশ্বর-মহিমা।
অতএব সূর্য তাঁর দিয়ে ত উপমা ॥ ২৭
সেই নারায়ণ - কৃষ্ণের স্বরূপ-অভেদ।
একই বিগ্রহ, মাত্র আকার-বিভেদ ॥ ২৮
২০ ইহোঁ ত দ্বিভুজ তিঁহো ধরে চারি হাত।
ইহোঁ বেণু ধরে তিঁহো চক্রাদিক সাথ ॥ ২৯

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।১৪।১৪)—

নারায়ণস্ত্বং ন হি সর্বদেহিনা-
মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী।

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বিভূত্যাদি কথনস্যানন্তরং দৃষ্ট্বা স্বয়মেবাহ হে অর্জুন! এতেন বহুনা বিভূতিজ্ঞানেন তব কিং প্রয়োজনম্; সিদ্ধান্তং শৃণু—ইদং কৃৎস্নং সমগ্রং জগৎ বিষ্টভ্যাশ্রিত্য একাংশেন পরমাত্মরূপেণ অহং স্থিতঃ ॥ ২০ ॥

তদেবং প্রথমে (১।৯।৪২) স্বয়ংভগবন্তং প্রতি ভীষ্মবাক্যম্—তমিমমহমজমিতি। তমিমং প্রত্যক্ষভূতং সমীপবর্তিনমজং প্রাকৃতজন্মরহিতং ভগবন্তমিতি শেষঃ। অহং সমধিগতোঽস্মি প্রাপ্তোঽস্মি। তং কথংভূতম্? শরীরভাজাং সমস্তজীবানাং হৃদি হৃদি ধিষ্ঠিতম্। অকারলোপ আর্ষঃ। তেষাং কিম্ভূতানাম্? আত্মকল্পিতানামাত্মনা পরমাত্মনা নির্মিতানাম্। দৃষ্টান্তমাহ—প্রতিদৃশং দৃশং দৃশং প্রতি। অনেকধৈব অধিষ্ঠানভেদাদনেকধা ভাতি তম্। এতেন পরমাত্মনঃ এক মর্কমিব স্বয়ং ভগবদংশত্বং সূচিতম্। অহং কথংভূতঃ? বিধূতভেদমোহঃ, বিধূতৌ নষ্টৌ ভেদমোহৌ যস্য সঃ ॥ ২১

স এবার্থঃ শ্রীভগবন্তং প্রতি ব্রহ্মণোক্তঃ,—যথা (শ্রীধর-) স্বামী 'তর্হি নারায়ণস্য পুত্রঃ স্যাস্ত্বং মম কিমায়াতম্? তত্রাহ—নারায়ণস্ত্বমিতি। ন হীতি কাকা ত্বমেব নারায়ণ ইত্যাপাদয়তি। কুতোঽহং নারায়ণ ইতি চেদত আহ—সর্বদেহিনামাত্মাসীতি। এবমপি কিং নারায়ণো ন ভবসি? নারং জীবসমূহঃ, অয়নমাশ্রয়ো যস্য স তথেতি, ত্বমেব সর্বদেহিনামাত্মত্বাৎ

বঙ্গানুবাদ

বলিতেছি যে—আমি একাংশ দ্বারা (পরমাত্মরূপে) সমস্ত জগৎ ব্যাপিয়া অবস্থান করিতেছি ॥ ২০ ॥

২১। শ্রীভীষ্মদেব বলিতেছেন—প্রাকৃত জন্মাদিরহিত স্বয়ংভগবান্ এই শ্রীকৃষ্ণকে আমি ভেদজ্ঞান ও মোহরূপ অজ্ঞানমুক্ত হইয়া আমার সমীপে সাক্ষাদ্দর্শন পাইয়াছি—আমার কি ভাগ্য। যেমন একই সূর্য বিভিন্ন ব্যক্তির দৃষ্টিতে বহুরূপে দৃষ্ট হয়, সেইরূপ যিনি এক হইয়াও নিজনির্মিত এই বিশ্বের অখিলজীবের হৃদয়ে পরমাত্মরূপে বিরাজিত।

৩০। হে প্রভো! আপনি কি নারায়ণ নহেন? নিশ্চয়ই নারায়ণ; যেহেতু প্রাকৃত ও অপ্রাকৃত সৃষ্টির মধ্যে যত জীব

পাঠান্তর

৭ (৩য়) তৈছে [ঞ], (৪র্থ) কৃপালু [খ, গ, ঘ, জ, ত]; **১২** (৪র্থ, ৫ম) যাঁহার দর্শন [চ, ঝ, ড, ণ, থ, ধ, ন], **১৩** (২য়) যৈছে, [ক, ঘ, ছ, জ, ঠ, ঢ, ত]; **১৫** (১ম) আত্মরূপে [চ, ঝ, ধ]; **১৭** (৩য়) তারে [গ, ঘ, ঙ, চ, ছ], তাতে [ঞ, ঠ, ঢ, ধ]; **২০** (৭ম) হাথ [ক, ণ, ন]।

নারায়ণোঽঙ্গং নরভূজলায়না-,
তচ্চাপি সত্যং ন তবৈব মায়া ॥ ৩০

শিশু-বৎস হরি' ব্রহ্মা করি' অপরাধ।
অপরাধ ক্ষমাইতে মাগেন প্রসাদ ॥ ৩১

৫ তোমার নাভিপদ্ম হৈতে মোর জন্মোদয়।
তুমি পিতা-মাতা—আমি তোমার তনয় ॥ ৩২

পিতা-মাতা বালকের না লয় অপরাধ।
অপরাধ ক্ষম—মোরে করহ প্রসাদ ॥ ৩৩

কৃষ্ণ কহেন—ব্রহ্মা! তোমার পিতা নারায়ণ।
১০ আমি গোপ, তুমি কৈছে আমার নন্দন? ৩৪

ব্রহ্মা বোলেন—তুমি কি-না হও নারায়ণ।
তুমি নারায়ণ, শুন তাহার কারণ ॥ ৩৫

প্রাকৃতাপ্রাকৃত সৃষ্ট্যে যত জীবরূপ।
তাহার যে আত্মা তুমি মূল-স্বরূপ ॥ ৩৬

২০ পৃথ্বী যৈছে ঘটকুলের কারণ আশ্রয়।
জীবের নিদান তুমি, তুমি সর্বাশ্রয় ॥ ৩৭

নার-শব্দে কহে সর্বজীবের নিচয়।
অয়ন-শব্দেতে কহে তাহার আশ্রয় ॥ ৩৮

অতএব তুমি হও মূল নারায়ণ।
২৫ এই এক হেতু শুন দ্বিতীয় কারণ ॥ ৩৯

জীবের ঈশ্বর—পুরুষাদি অবতার।
তাঁহা সভা হৈতে তোমার ঐশ্বর্য অপার ॥ ৪০

অতএব অধীশ্বর তুমি সর্ব পিতা।
তোমার শক্তিতে তাঁরা জগত রক্ষিতা ॥ ৪১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

নারায়ণ ইত্যর্থঃ। হে অধীশ! ত্বং নারায়ণো ন হীতি পুনঃ কাকুঃ। অধীশঃ প্রবর্তকঃ, ততশ্চ নারস্যায়নং প্রবৃত্তির্যস্মাৎ স তথা। পুনস্ত্বমেবাসাবিতি। কিঞ্চ ত্বমখিললোকসাক্ষী অখিলং লোকং সাক্ষাৎ পশ্যসি, অতো নারময়সে জানাসীতি ত্বমেব নারায়ণ ইত্যর্থঃ। যদ্যেবং 'নারায়ণ'-পদব্যুৎপত্তৌ ভবেদেবম্, তত্তু অন্যথা প্রসিদ্ধমিত্যাশঙ্ক্যাহ—নারায়ণোঽঙ্গমিতি। নারাদ্ভূতা যেঽর্থাস্তথা নরাজ্জাতং যজ্জলং তদয়নাদ্ যো নারায়ণঃ প্রসিদ্ধঃ সোঽপি তবৈবাঙ্গং মূর্তিঃ। তথা চ স্মর্যতে—

'নরাজ্জাতানি তত্ত্বানি নারানীতি বিদুর্বুধাঃ। তস্য তান্যয়নং পূর্বং তেন নারায়ণঃ স্মৃতঃ ॥'

তথা—'আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ। অয়নং তস্য তাঃ পূর্বং তেন নারায়ণঃ স্মৃতঃ ॥' ইতি চ।

ননু মন্মূর্তেরপরিচ্ছিন্নায়াঃ কথং জলাদ্যাশ্রয়ত্বম্? অত আহ—তচ্চাপি সত্যং ন মায়েতি।' ইত্যত্র ব্যুৎপত্তিত্রয়েণ পুরুষত্রয়ং সূচিতম্। যথা নারদপঞ্চরাত্রে,—

'বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ। একন্তু মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতম্ ॥
তৃতীয়ং সর্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ॥' ইতি ॥ ৩০ ॥

বঙ্গানুবাদ

আছে, তাহাদের যে আত্মা, তাহারও আপনি মূলস্বরূপ অর্থাৎ কারণ ও সর্বাশ্রয়, সুতরাং নার—জীবসমূহ, অয়ন—আশ্রয়—নারায়ণ। আরও যেহেতু আপনি অধীশ অর্থাৎ জীবসমূহের ঈশ্বর নিয়ন্তা কারণার্ণবশায়ী প্রভৃতি যে অবতারবৃন্দ, তাঁহাদেরও নিয়ন্তা অধীশ্বর এবং অখিল লোকের সাক্ষিরূপে দ্রষ্টা সুতরাং আপনি মূল নারায়ণ। পুনশ্চ নর হইতে উৎপন্ন চতুর্বিংশতিতত্ত্ব

পাঠান্তর

৩ এই পঙ্‌ক্তির পূর্বে অধিক পাঠ—'অস্যার্থ' [ক, খ, ঘ, ঙ, ছ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, ন]; ৫ (১ম) তব [গ, চ, ছ]; ৮ (২য়) ক্ষেমি [ক, ঘ, ছ, জ, ত] ক্ষমি [ঙ, ঝ, ঠ, ঢ, ন]। ১১ (২য়) কহে [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ন], বলেন [ট, ড, ণ, দ, ধ, ন]; ১৮ (২য়) রূপে [খ], লোকে [গ]; ২০ (২য়) যেন [খ, গ, ঙ, ঝ, ঞ]; ২৩ (১ম) শব্দেত [গ, ঙ, ঞ, ত], (১ম, ২য়)-শব্দে কহে সর্ব [খ, ঘ, ঝ]; ২৪ (২য়, ৩য়) হও তুমি [ক, ঘ, ছ, জ, ঠ, ঢ], ২৫ (১ম) ইহ [ছ], আর [জ]; ২৯ (৪র্থ) জগৎ [ক, খ, চ, ঞ, ট, ড, ত, থ, দ, ধ]

নারের অয়ন যাতে করহ পালন।
অতএব হও তুমি মূল-নারায়ণ ॥ ৪২ ॥
তৃতীয় কারণ শুন শ্রীভগবান।
অনন্ত ব্রহ্মাণ্ড বহু বৈকুণ্ঠাদি ধাম ॥ ৪৩
৫ ইথে যত জীব তার ত্রিকালিক কর্ম।
তাহা দেখ সাক্ষী তুমি জান সব মর্ম ॥ ৪৪
তোমার দর্শনে সর্ব জগতের স্থিতি।
তুমি না দেখিলে কা'র নাহি স্থিতি-গতি ॥ ৪৫
নারের অয়ন যাতে কর দরশন।
১০ তাহাতেও হও তুমি মূল নারায়ণ ॥ ৪৬
কৃষ্ণ কহেন, ব্রহ্মা তোমার না বুঝি বচন।
জীবহৃদি-জলে বৈসে সেই নারায়ণ ॥ ৪৭
ব্রহ্মা বোলে জলে জীবে যেই নারায়ণ।
সে সব তোমার অংশ এ সত্য বচন ॥ ৪৮
১৫ কারণাব্ধি গর্ভোদক ক্ষীরোদকশায়ী।
মায়াদ্বারে সৃষ্টি করে তাতে সব মায়ী ॥ ৪৯
সেই তিন জলশায়ী সর্ব-অন্তর্যামী।
ব্রহ্মাণ্ডবৃন্দের আত্মা যে পুরুষনামী ॥ ৫০
হিরণ্যগর্ভের আত্মা গর্ভোদকশায়ী।
২০ ব্যষ্টিজীব-অন্তর্যামী ক্ষীরোদকশায়ী ॥ ৫১
এ-সভার দর্শনেতে আছে মায়াগন্ধ।
তুরীয় কৃষ্ণের নাহি মায়ার সম্বন্ধ ॥ ৫২

তথা হি শ্রীধরস্বামিকৃত ভাগবতটীকায়াম্ (১১।১৫।১৬)—
বিরাড়্ হিরণ্যগর্ভশ্চ কারণঞ্চেত্যুপাধয়ঃ।
২৫ ঈশস্য যত্রিভির্হীনং তুরীয়ং তৎ প্রচক্ষতে ॥ ৫৩

যদ্যপি তিনের মায়া লঞা ব্যবহার।
তথাপি তৎস্পর্শ নাহি সভে মায়াপার ॥ ৫৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

মহু সর্বজীবাশ্রয়ত্বেন পরমাত্মনো মায়িকত্বমায়াতমিত্যাশঙ্ক্যাহ,—প্রথমে (১।১১।৩৯) শৌনকং প্রতি সূতঃ—এতদিতি। ঈশস্য ভগবত এতং এতদীশনমৈশ্বর্যম্। কিং তদিত্যাহ—প্রকৃতিস্থোঽপীতি। মায়া-যুক্তোঽপি তস্যাঃ প্রকৃতেঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ ন যুজ্যতে ন যুক্তো ভবতি। 'যোগো নিয়ামকতয়া গুণৈঃ সম্বন্ধ উচ্যতে।' ইতি (সংক্ষেপ-) ভাগবতামৃতাৎ (১।৪৫) তদ্‌গুণৈর্ন যুজ্যতে। কিংভূতৈঃ ? অসদাত্মস্থৈঃ অসন্তো যে আত্মানো মহদাদয়ঃ তৎস্থাঃ তৈঃ। দৃষ্টান্তমাহ—যথাবুদ্ধিরিতি। তদাশ্রয়া স এবাশ্রয়ো যস্যাঃ সা এবংভূতা বুদ্ধিঃ যথা তদ্‌গুণৈর্ন যুজ্যতে তদ্বৎ ॥ ৫৩ ॥

বঙ্গানুবাদ

এবং জলকে আশ্রয় করিয়া যিনি নারায়ণ সংজ্ঞা লাভ করিয়াছেন তিনি তোমার অঙ্গ অর্থাৎ অংশরূপ কারণাব্ধিশায়ী, গর্ভোদশায়ী ও ক্ষীরাব্ধিশায়ী কেহই মায়িক নহেন, তাঁহারা মায়ার অধীশ মায়াতীত ও সত্য, অতএব তুমি মূল নারায়ণ।

৫৩। বিরাটগর্ভ, হিরণ্য এবং কারণ—এই তিনটি ঈশ্বরের পুরুষাবতারের উপাধি ; অর্থাৎ সৃষ্টি লীলার জন্য প্রকাশভেদ মাত্র যিনি এই অবস্থাত্রয়ের অতীত তিনিই তুরীয় বলিয়া অভিহিত হয়েন।

পাঠান্তর

৫ (১ম) ইথি [খ, ছ, ঞ, ঢ], (৫ম) ত্রৈকালিক [ছ, ঠ, ঢ, ণ, ত, দ, ন,] ৬ (১-২য়) তাহাতেই [ক] (৬ষ্ঠ) তার [দ] ; ৭ (৩য়) সব [গ, চ, ঝ], ৮ (৫ম) নহে [ক, খ, ঙ, জ, ঞ] ; ৯ (৪র্থ, ৫ম) করহ দর্শন [ঘ, চ, জ, ঠ, ঢ] ; ১১ (২য়-৬ষ্ঠ) কহে না বুঝিয়ে তোমার [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঠ, ঢ, ত,] ১৩ (২য়) কহে [ঘ, চ ড ণ য দ ধ, ন] ; ১৫ (২য়-৩য়) ক্ষীরোদ গর্ভোদকশায়ি [ট, ড, ণ, দ, ন]।

১৭ (১ম) এই [দ], ১৮ (৩য়) সে [ক] ; ২০ (১ম) ব্যষ্টি জীবের [ত]। ২১ (১ম) ইহা সভার [ক, ঘ, চ, ছ. জ, ঞ, ঠ, ঢ, ত, থ], (২য়) দর্শনাদি [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ, ঢ], দর্শনাছে [ত, থ], ২২ (৩য়) নাহি [ছ], নাক্রি [ঠ,ঢ] ; ২৫ (৫ম) পদং বিদুঃ [থ,দ] ; ২৬ (২য়) এ তিনের [ক, খ, ঘ, ঙ, ছ, ঝ, ঠ, ঢ, ত], ২৭ (৩য়) নাই [চ, ছ, ট, ড, থ, দ, ধ]

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।১১।৩৯)—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া ॥ ৫৫

সেই তিন জনের তুমি পরম আশ্রয়।
৫ তুমি মূল নারায়ণ - ইথে কি সংশয় ॥ ৫৬
সেই তিনের অংশী পরব্যোম-নারায়ণ।
তেঁহো তোমার বিলাস, তুমি মূল-নারায়ণ ॥ ৫৭
অতএব ব্রহ্মবাক্যে - পরব্যোম-নারায়ণ।
তেহোঁ কৃষ্ণের বিলাস, এই তত্ত্ববিবরণ ॥ ৫৮
১০ এই শ্লোক তত্ত্ব-লক্ষণ ভাগবতসার।
পরিভাষা-রূপে ইহার সর্বত্রাধিকার ॥ ৫৯
ব্রহ্ম আত্মা ভগবান্—কৃষ্ণের বিহার।
এ অর্থ না জানি' মূর্খ অর্থ করে আর ॥ ৬০
অবতারী—নারায়ণ, কৃষ্ণ—অবতার।
১৫ তেহোঁ চতুর্ভুজ ইহোঁ মনুষ্য-আকার ॥ ৬১
এইমত নানারূপে করে পূর্বপক্ষ।
তাহাকে নির্জিতে ভাগবত-পদ্য দক্ষ ॥ ৬২

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।২।১১)—

বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্।
২০ ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ॥ ৬৩

শুন ভাই! এই শ্লোক করহ বিচার।
এক মুখ্যতত্ত্ব, তিন তাহার প্রচার ॥ ৬৪
অদ্বয়জ্ঞান তত্ত্ববস্তু কৃষ্ণের স্বরূপ।
ব্রহ্ম, আত্মা, ভগবান্—তিন তাঁর রূপ ॥ ৬৫
২৫ এই শ্লোকের অর্থে তুমি হৈলা নির্বচন।
আর এক শুন ভাগবতের বচন ॥ ৬৬

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।৩।২৮)—

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্।
ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ৬৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বিরাড়িতি। বিরাট্ ব্যষ্টিজীবান্তর্যামী হিরণ্যগর্ভশ্চ প্রতিব্রহ্মাণ্ডান্তর্যামী, কারণং প্রকৃত্যন্তর্যামী চ ইতি ঈশস্য ভগবতঃ উপাধয়ো ভবন্তি। যৎত্রিভিঃ বিরাড়াদিভিঃ হীনং তৎ তুরীয়ং প্রচক্ষতে মুনয় ইতি শেষঃ ॥ ৫৩ ॥

অথ স্বয়ংভগবতঃ স্বরূপমাহ প্রথমে (১।৩।২৮) শৌনকং প্রতি সূতঃ—এত ইতি। পুংসঃ পুরুষাবতারস্য গর্ভোদশায়িনঃ এতে প্রথমস্কন্ধোক্তাঃ অবতারা অংশকলাঃ ভবন্তি। অংশা মীনাদ্যাঃ, কলা অনন্তাদ্যা ভবন্তি; তু ভিন্নোপক্রমে, কৃষ্ণঃ শ্রীব্রজেন্দ্রনন্দনঃ—

'কৃষির্ভূবাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতি বাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে॥' (মহাভারতে উদ্যোগ ৭১।৪) ইতি বচনাৎ। কৃষ্ণশব্দঃ 'তমালশ্যামলত্বিষি শ্রীযশোদাস্তনন্ধয়ে কৃষ্ণনাম্নো রূঢ়িঃ' ইতি ভগবন্নামকৌমুদ্যাং (৩য়) চ। এবংভূতো যঃ সঃ স্বয়ংভগবান্। এতেঽংশকলাঃ ইন্দ্রারি-ব্যাকুলং লোকং মৃড়য়ন্তি সুখিনং কুর্বন্তি যুগে যুগে ॥ ৬৭ ॥

বঙ্গানুবাদ

৫৫। যেমন শ্রীভগবদাশ্রয়া বুদ্ধি দৈবাৎ প্রাকৃত বস্তুতে পতিত হইলেও তাহাতে লিপ্ত হয় না, সেইরূপ ভগবান্ প্রাকৃত গুণময় প্রপঞ্চে অবস্থান করিয়াও যে তাহার গুণে লিপ্ত হন না, ইহাই ঈশ্বরের ঐশ্বর্য। ৬৩। (১।২।১১ শ্লোকে দ্রষ্টব্য)।

৬৭। হে ঋষিগণ সামান্যভাবে যে সকল অবতারের নাম আমি পূর্বে বলিলাম বা পরে বলিব তাঁহাদের বিশেষ পরিচয় এই যে, বিংশতিতম সংখ্যায় উক্ত শ্রীকৃষ্ণচন্দ্রই স্বয়ংভগবান্ অর্থাৎ পুরুষাবতারের অবতারী কিন্তু আর সকলে কেহ পুরুষের অংশ কেহ বা কলা, ইহারা দৈত্যগণের অত্যাচারে উৎপীড়িত লোক সমূহকে যুগে যুগে রক্ষা করেন।

পাঠান্তর

৪ (১ম-৪র্থ) সে তিনের তুমি হও [খ, গ, ঝ, ঞ, ঠ, ঢ], সে তিন পুরুষের তুমি [ঘ, ঙ, চ, ছ, জ, ত], ৫ (৬ষ্ঠ) বিস্ময় [ছ, ত]; ৭ (১ম-৫ম) কৃষ্ণের প্রকাশ তিহোঁ এ মূল কারণ [ক], (৩য়) প্রকাশ [গ, ঘ, চ, জ, ঞ, ট, ড, ধ]; ৮ (২য়) ব্রহ্মাবাক্যে [ক, দ], ৯ (৩য়) প্রকাশ [ক, গ, ঘ, চ, জ, ঝ, ঞ, ট, ড, ধ]; ২১ (৩য়, ৪র্থ) এ শ্লোকার্থ [চ, ড, ধ], শ্লোকার্থ [ট, ঢ, দ] (৪র্থ) শ্লোকের [ছ, ঝ, ঞ, ঠ, থ], ২২ (৫ম) প্রকার [ঙ, ঠ, ঢ, দ]।

সব অবতারের করি' সামান্য লক্ষণ।
তার মধ্যে কৃষ্ণচন্দ্রের করিল গণন ॥ ৬৮

তবে সূতগোসাঞি মনে পাঞা বড় ভয়।
যার যে লক্ষণ তাহা করিল নিশ্চয় ॥ ৬৯

৫ অবতার সব পুরুষের কলা অংশ।
কৃষ্ণ—স্বয়ংভগবান্ সর্ব-অবতংস ॥ ৭০

পূর্বপক্ষ কহে—তোমার ভাল ত ব্যাখ্যান।
পরব্যোম-নারায়ণ—স্বয়ংভগবান্ ॥ ৭১
তিঁহো আসি' কৃষ্ণরূপে করেন অবতার।
১০ এই অর্থ শ্লোকে দেখি কি আর বিচার ॥ ৭২
তারে কহে—কেনে কর কুতর্কানুমান।
শাস্ত্রবিরুদ্ধার্থ কভু না হয় প্রমাণ ॥ ৭৩

তথা হি (তন্ত্রবার্তিক-ধৃতো ন্যায়:)—
অনুবাদ্যমনুক্ত্বা তু ন বিধেয়মুদীরয়েৎ।
১৫ ন হ্যলব্ধাস্পদং কিঞ্চিৎ কুত্রচিৎ প্রতিতিষ্ঠতি ॥ ৭৪

অনুবাদ না কহিয়া না কহি বিধেয়।
আগে অনুবাদ কহি, পাছে সে বিধেয় ॥ ৭৫
'বিধেয়' কহিয়ে তারে—যে বস্তু অজ্ঞাত।
'অনুবাদ' কহি তারে—যেই হয় জ্ঞাত ॥ ৭৬
২০ যৈছে কহি—এই বিপ্র পরম পণ্ডিত।
বিপ্র অনুবাদ, ইহার বিধেয় পাণ্ডিত্য ॥ ৭৭
বিপ্রত্ব বিখ্যাত, তার পাণ্ডিত্য অজ্ঞাত।
অতএব বিপ্র আগে পাণ্ডিত্য পশ্চাত ॥ ৭৮
তৈছে ইহা অবতার সব হৈল জ্ঞাত।
২৫ কার অবতার—সেই বস্তু অবিজ্ঞাত ॥ ৭৯
'এতে'-শব্দে অবতারের আগে অনুবাদ।
'পুরুষের অংশ' পাছে বিধেয় সংবাদ ॥ ৮০
তৈছে কৃষ্ণ অবতার-ভিতরে হৈলা জ্ঞাত।
তাহার বিশেষ জ্ঞান—সেই অবিজ্ঞাত ॥ ৮১
৩০ অতএব 'কৃষ্ণ'-শব্দ আগে অনুবাদ।
'স্বয়ংভগবত্ত্ব' পিছে বিধেয়-সংবাদ ॥ ৮২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

নন্বু স্বয়ংভগবানেব কৃষ্ণ ইতি চেন্নেত্যাহ, কাব্যপ্রকাশকারঃ—ব্রাহ্মণঃ পণ্ডিত ইতিবৎ। অনুবাদ্যস্য শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্তামাধত্তে, ভগবত্তা এব বিধেয়া ॥ ৭৭ ॥

বঙ্গানুবাদ

৭৪। প্রসিদ্ধ বা জ্ঞাত বস্তুকে 'অনুবাদ' ও অপ্রসিদ্ধ বা অজ্ঞাত বস্তুকে 'বিধেয়' বলা যায়। অনুবাদ না বলিয়া কখনও বিধেয় বলিতে নাই; যেহেতু যাঁহার স্থান পূর্বে নির্দিষ্ট হয় নাই, সে কোন স্থানেই প্রতিষ্ঠিত হইতে পারে না। যেমন 'এই বিপ্র পণ্ডিত' এই বাক্যে ব্যক্তির বিপ্রত্ব প্রসিদ্ধ বা জ্ঞাত বলিয়া তাহা অনুবাদ বা উদ্দেশ্য কিন্তু পাণ্ডিত্য অপ্রসিদ্ধ অজ্ঞাত বলিয়া তাহা বিধেয়। উদ্দেশ্য ও বিধেয়কে ব্যতিক্রম করিয়া পূর্বোক্ত বাক্যকে—পণ্ডিত এই বিপ্র—এইরূপে বলিলে এখানে বাক্যদোষ সংঘটিত হইয়া থাকে।

পাঠান্তর

১ (১ম) সর্ব [ক, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ত], (৩য়) কহি [ছ]; **৩** (২য়) শুকদেব [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ত, থ], **৪** (২য়) যেন [ঘ], (৩য়) স্বরূপ [গ], (৪র্থ) তবে [খ], তেন [ঘ], (৫ম) করেন [ক, গ, ঘ, চ, জ, ত]; **৬** (১ম, ২য়) স্বয়ং ভগবান্ কৃষ্ণ [ড, থ, ধ]; **৭** (১ম) পূর্বপক্ষী [চ, জ, ত], (২য়) করে [ঘ], বলে [ছ], (৬ষ্ঠ) আখ্যান [ঠ], **৮** (১ম) পরব্যোমে নারায়ণ [ঙ, চ, ছ, জ, ট, ড, ঢ, ধ]; **১১** (৩য়) কেন [ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ন,]; **১৭** (৩য়-৬ষ্ঠ) পশ্চাদ্বিধেয় [ট, ড, ঢ, ণ, থ, দ, ধ, ন], (৫ম) ত [ঙ, ছ, ঞ, ঠ]; **১৯** (৫ম) বস্তু [গ, ত]; **২২** (১ম-৩য়) বিপ্র করি জানি তারে [খ, গ, চ, (তার-ট, ড, ঢ, দ)], বিপ্র বলি জানি তার [ধ] (২য়) বিজ্ঞাত [ক, ছ, ঝ, ঞ], **২৩** (৫ম) পশ্চাত [ক, গ, ছ, জ, ঢ, ণ, ন]। **২৫** (৩য়) সেই [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঢ, দ]।

'কৃষ্ণের স্বয়ংভগবত্ত্ব' ইহা হৈল সাধ্য।
স্বয়ংভগবানের কৃষ্ণত্ব হৈল বাধ্য ॥ ৮৩
কৃষ্ণ যদি অংশ হৈত, অংশী নারায়ণ।
তবে বিপরীত হৈত সূতের বচন ॥ ৮৪
৫ নারায়ণ অংশী যেই স্বয়ংভগবান্।
তেঁহোই শ্রীকৃষ্ণ - ঐছে করিতা ব্যাখ্যান ॥ ৮৫
ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব।
আর্ষ-বিজ্ঞ-বাক্যে নাহি দোষ এই সব ॥ ৮৬
বিরুদ্ধার্থ কহ তুমি, কহিতে কর রোষ ॥
১০ তোমার অর্থে অবিমৃষ্টবিধেয়াংশ দোষ ॥ ৮৭
যাঁর ভগবত্তা হৈতে অন্যের ভগবত্তা।
'স্বয়ংভগবান্'-শব্দের তাহাতেই সত্তা ॥ ৮৮

দীপ হৈতে যৈছে বহুদীপের জ্বলন।
মূল এক দীপ তাহা করিয়ে গণন ॥ ৮৯
১৫ তৈছে সব ভগবানের কৃষ্ণ সে কারণ।
আর এক শ্লোক শুন কুব্যাখ্যা-খণ্ডন ॥ ৯০

তথা হি শ্রীমদ্ভাগবতে (২।১০।১-২)—

অত্র সর্গো বিসর্গশ্চ স্থানং পোষণমূতয়।
মন্বন্তরেশানুকথা নিরোধো মুক্তিরাশ্রয়ঃ ॥ ৯১
২০ দশমস্য বিশুদ্ধ্যর্থং নবানামিহ লক্ষণম্।
বর্ণয়ন্তি মহাত্মানঃ শ্রুতেনার্থেন চাঞ্জসা ॥ ৯২

আশ্রয় জানিতে কহি এ নব পদার্থ।
এ নবের উৎপত্তিহেতু সেই আশ্রয়ার্থ ॥ ৯৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইমমেবার্থং দ্বিতীয়ে (২।১০।১) শ্রীশুক আহ—অত্র ভাগবতে, সর্গো বিসর্গঃ প্রজাপতিঃ, স্থানং, পোষণং পালনম্, উতয়ঃ কর্মবাসনাঃ, মন্বন্তরেশানুকথাঃ মন্বন্তরাণি ঈশানুকথাশ্চেতি দ্বন্দ্বম্, নিরোধঃ প্রলয়ঃ; মুক্তিঃ সালোক্যাদিঃ, আশ্রয়ঃ স্বয়ংভগবান্। ইহ দ্বিতীয়স্কন্ধে তু নবানাং লক্ষণং যদুক্তং দশমস্যাশ্রয়স্য স্বয়ংভগবতঃ বিশুদ্ধ্যর্থং তজ্‌জ্ঞানার্থং মহাত্মানঃ মুনয়ঃ শ্রুতেনার্থেন চাঞ্জসা বর্ণয়ন্তি। অত্র 'পুরাণং পঞ্চলক্ষণম্' ইতি বচনাৎ (মৎস্যপুরাণে ৫৩।৬৪) সর্বপুরাণেষু পঞ্চলক্ষণমুক্তং ভবতি। অত্র শ্লোকে দশলক্ষণ-নিরূপণাদেব অস্য শ্রীমদ্ভাগবতগ্রন্থস্য মহাপুরাণত্বমায়াতমিতি সূচিতম্ ॥ ৯১ ॥

তথা তত্রৈব (২।১০।২) দশমস্যেত্যাদি। দশমস্যাশ্রয়স্য বিশুদ্ধ্যর্থং নবানাং সর্গাদীনামিহ। দ্বিতীয়স্কন্ধে লক্ষণং স্বরূপং মহাত্মানো মুনয়ঃ শ্রুতেনার্থেন চাঞ্জসা বর্ণয়ন্তি ॥ ৯২ ॥

বঙ্গানুবাদ

৯১-৯২। এই ভাগবত শাস্ত্রে দশটি বিষয় বিবৃত হইয়াছে। যথা—(১) সর্গ—গুণ পরিণাম হেতু পরমেশ্বর কর্তৃক পঞ্চভূত, পঞ্চতন্মাত্র, মহত্তত্ত্ব, এবং অহংকারের সৃষ্টি। (২) বিসর্গ—ব্রহ্মাকর্তৃক চরাচর সৃষ্টি। (৩) স্থান—সৃষ্টবস্তুর তত্তন্মর্যাদা পালনদ্বারা ভগবানের উৎকর্ষ। (৪) পোষণ—নিজ ভক্তগণের প্রতি ভগবানের অনুগ্রহ। (৫) উতি—স্থিতিতে নানা কর্মবাসনা। (৬) মন্বন্তর—তত্তৎ মন্বন্তরস্থিত মনু ও মনুপুত্রাদির সাধুচরিতরূপ ধর্ম অর্থাৎ ভগবদুপাসনাখ্য সদ্ধর্ম, (৭) ঈশানুকথা—শ্রীহরির অবতার কথা ও তদনুবর্তিগণের কথা, (৮) নিরোধ—উপাধি সহিত জীবের শ্রীহরিতে লয়। (৯) মুক্তি—অবিদ্যাদি পরিত্যাগ পূর্বক শ্রীভগবৎ সাক্ষাৎকার। (১০) আশ্রয়—যাঁহা হইতে বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয় হয়, সেই শ্রীহরিই আশ্রয়। পূর্বোক্ত দশম বা আশ্রয়-তত্ত্ব শ্রীকৃষ্ণের বিশুদ্ধতা আলোচনার জন্য পূর্ব নয়টি লক্ষণ মহাত্মাগণ কোনস্থলে স্তুতি ও আখ্যায়িকা ছলে এবং কোনও স্থানে সাক্ষাৎ ভাবে বিচার পূর্বক বর্ণনা করিয়াছেন।

পাঠান্তর

৪ (৪র্থ) শুকের [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ, ঠ, ত]; **৫** (৩য়) যৈছে [চ], যেহোঁ [ত]; **৮** (১ম) ঈশ্বরের বাক্যে [ঝ]; **৯** (২য়) কর [ক,খ,ঞ,ত], (৫ম) বাস [ছ]; **১৩** (১ম-৪র্থ) এক দীপ হৈতে [গ, ঙ, ছ]; **১৫** (১ম) ঐছে [খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ত], (৩য়) অবতারের [ঝ, ট, ড, ণ, দ, ধ, ন]।

কৃষ্ণ এক সর্বাশ্রয়—কৃষ্ণ সর্বধাম।
কৃষ্ণের বিগ্রহে সর্ববিশ্বের বিশ্রাম ॥ ৯৪

তথা হি (শ্রীধরস্বামিকৃত-ভাবার্থদীপিকায়াম্ ভা ১০।১।১)—

দশমে দশমং লক্ষ্যমাশ্রিতাশ্রয়-বিগ্রহম্।
৫ শ্রীকৃষ্ণাখ্যং পরং ধাম জগদ্ধাম নমামি তৎ ॥ ৯৫

কৃষ্ণের স্বরূপ আর শক্তিত্রয়-জ্ঞান।
যার হয়, তার নাহি কৃষ্ণেতে অজ্ঞান ॥ ৯৬
কৃষ্ণের স্বরূপে হয় ষড়্বিধ বিলাস।
প্রাভব-বৈভবরূপে দ্বিবিধ প্রকাশ ॥ ৯৭
১০ অংশ শক্ত্যাবেশরূপে দ্বিবিধাবতার।
বাল্য পৌগণ্ড ধর্ম দুই ত প্রকার ॥ ৯৮
কিশোরস্বরূপ কৃষ্ণ - স্বয়ং অবতারী।
ক্রীড়া করে এই ছয়রূপে বিশ্বভরি' ॥ ৯৯
এই ছয়-রূপে হয় অনন্ত বিভেদ।
১৫ অনন্তরূপে এক রূপ নাহি কিছু ভেদ ॥ ১০০
চিচ্ছক্তি, স্বরূপশক্তি, অন্তরঙ্গা নাম।
তাহার বৈভব অনন্ত বৈকুণ্ঠাদি ধাম ॥ ১০১
মায়াশক্তি বহিরঙ্গা জগত-কারণ।
তাহার বৈভব অনন্ত ব্রহ্মাণ্ডের গণ ॥ ১০২
২০ জীবশক্তি তটস্থাখ্য—নাহি তার অন্ত।
মুখ্য তিন শক্তি—তার বিভেদ অনন্ত ॥ ১০৩
এই ত স্বরূপগণ, আর তিন শক্তি।
সভার আশ্রয় কৃষ্ণ—কৃষ্ণে সভার স্থিতি ॥ ১০৪
যদ্যপি ব্রহ্মাণ্ডগণের পুরুষ আশ্রয়।
২৫ সেহো পুরুষাদি-সভের কৃষ্ণ মূলাশ্রয় ॥ ১০৫
স্বয়ংভগবান্ কৃষ্ণ—কৃষ্ণ সর্বাশ্রয়।
'পরম ঈশ্বর কৃষ্ণ' সর্বশাস্ত্রে কয় ॥ ১০৬

তথা হি ব্রহ্মসংহিতায়াম (৫।১)—

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দ-বিগ্রহঃ।
৩০ অনাদিরাদির্গোবিন্দঃ সর্বকারণ-কারণম্ ॥ ১০৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

শ্রীভাগবত-সারার্থবক্তুঃ শ্রীধরস্বামিনঃ ভাবার্থ-দীপিকায়াং (১০।১।১) চ—দশম ইতি। দশমে দশমস্কন্ধে দশমমাশ্রয়ং শ্রীকৃষ্ণাখ্যং পরংধাম যৎ তন্নমামি। কথংভূতন্তৎ? লক্ষ্যং বোধ্যম্। পুনঃ কথংভূতম্? আশ্রিতাশ্রয়-বিগ্রহম্, আশ্রিতানাং ভক্তানাম্ আশ্রয়স্বরূপো বিগ্রহো যস্য তৎ ॥ ৯৫ ॥

অথ স্বয়ংভগবতঃ শ্রীকৃষ্ণস্য সর্বাবতারিত্বং ব্রহ্মসংহিতায়াং (৫।১) ব্রহ্মণোক্তম্—ঈশ্বর ইতি। কৃষ্ণঃ স্বয়ংভগবান্ স এবাত্র বিশেষ্যঃ, সচ্চিদানন্দবিগ্রহঃ সচ্চাসৌ চিচ্চাসাবানন্দশ্চেতি তদ্রূপো বিগ্রহো যস্য সঃ। পুনঃ কিংভূতঃ? ঈশ্বরঃ কর্তুমকর্তুমন্যথাকর্তুং শক্তঃ, পরমঃ সর্বোৎকৃষ্টঃ, যদ্বা পরমা শোভা যস্য সঃ। ন বিদ্যতে আদির্যস্য সঃ অনাদি, আদিঃ

বঙ্গানুবাদ

৯৫। যিনি বিশ্বসর্গাদি নবপদার্থের তাৎপর্য গোচর, যাঁহার শ্রীবিগ্রহ ভক্তগণের একমাত্র আশ্রয়, যিনি জগতের বিশ্রামস্থল এবং শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে শ্রীকৃষ্ণনামে প্রসিদ্ধ সেই মূল স্বরূপ আশ্রয়তত্ত্বকে আমি নমস্কার করি।

১০৭। শ্রীকৃষ্ণচন্দ্রই পরমেশ্বর—স্বয়ং ভগবান্। কারণ তিনি শ্রীনারায়ণাদি সর্ব অবতারের অবতারী, অনন্তবৈকুণ্ঠ

পাঠান্তর

২ (২য়) শরীরে [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; **৮** (১ম-২য়) কৃষ্ণস্বরূপের [দ, ন] (২য়) স্বরূপ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ঢ, ত], স্বরূপের [ঝ, ট, ড, থ, ধ]। **১৮** (৩য়) জগৎ [চ, ঝ, ঞ, ট, ড, থ, দ, ধ]; **২০** (৪র্থ) যার [ট, ড, ণ, থ, দ, ধ), **২২** (১ম-২য়) এমত [ণ, ন]; **২৫** (২য়)-সভার [ছ, ণ, ন]।

এ সব সিদ্ধান্ত তুমি জান' ভালমতে।
তবু পূর্ব্বপক্ষ কর' আমা চালাইতে ॥ ১০৮
সেই কৃষ্ণ অবতারী ব্রজেন্দ্রকুমার।
আপনে চৈতন্যরূপে কৈল অবতার ॥ ১০৯
৫ অতএব চৈতন্যগোসাঞি পরতত্ত্বসীমা।
তাঁরে ক্ষীরোদশায়ী কহি কি তাঁর মহিমা ॥ ১১০
সেহো ত ভক্তের বাক্য নহে ব্যভিচারি।
সকল সম্ভবে তাঁতে, যাতে অবতারী ॥ ১১১
অবতারীর দেহে সব অবতারের স্থিতি।
১০ কেহো কোনরূপে কহে যেন যার মতি ॥ ১১২
কৃষ্ণকে কহয়ে কেহো—নরনারায়ণ।
কেহো কহে ক্ষীরোদশায়ী কেহোত বামন ॥ ১১৩
[কেহো কহে - কৃষ্ণ ক্ষীরোদশায়ী অবতার।
অসম্ভব নহে, সত্য বচন সভার ॥] ১১৪
১৫ কেহো কহে—পরব্যোম-নারায়ণ করি'।
সকল সম্ভবে কৃষ্ণে, যাতে অবতারী ॥ ১১৫
সর্ব্ব-শ্রোতাগণের করোঁ চরণবন্দন।
এ সব সিদ্ধান্ত শুন করি' একমন ॥ ১১৬
সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর আলস।
২০ ইহা হৈতে লাগে কৃষ্ণে সুদৃঢ় মানস ॥ ১১৭
চৈতন্য-মহিমা জানি এ সব সিদ্ধান্তে।
চিত্ত দৃঢ় হঞা লাগে মহিমাজ্ঞান হৈতে ॥ ১১৮
চৈতন্যপ্রভুর মহিমা কহিবার তরে।
কৃষ্ণের মহিমা কহি করিয়া বিস্তারে ॥ ১১৯
২৫ চৈতন্যগোসাঞির এই তত্ত্বনিরূপণ।
স্বয়ংভগবান্ কৃষ্ণ ব্রজেন্দ্রনন্দন ॥ ১২০
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১২১

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং বস্তুনির্দ্দেশ-মঙ্গলাচরণে
শ্রীকৃষ্ণচৈতন্যতত্ত্বনিরূপণং নাম দ্বিতীয়পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

সর্ব্বেষামাদিভূতঃ। গা ইন্দ্রিয়াণি বিন্দতীতি গোবিন্দঃ, সর্ব্বকারণানাং পুরুষাদীনাং কারণম্। এতেন কৃষ্ণস্য সর্ব্বাধীশ্বরত্বং সিদ্ধান্তিতম্ ॥ ১০৭ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
পরিচ্ছেদে দ্বিতীয়েঽস্মিন্ ভগবত্তত্ত্বনির্ণয়ঃ ॥ ২ ॥

বঙ্গানুবাদ

অনন্ত অবতার অনন্ত ব্রহ্মাণ্ডের তিনি আধার ও মূল কারণ; তিনি অনাদি ও সকলের আদি, তিনি সচ্চিদানন্দ-তনু এবং সর্ব্বৈশ্বর্য-সর্ব্বশক্তি-সর্ব্বরসপূর্ণ ব্রজেন্দ্র নন্দন—শ্রীগোবিন্দ।

পাঠান্তর

২ (১ম) তবে [ক, ঘ, চ], তথাপি [খ, গ, ঙ, ছ, ঝ, ত], তভু [ট], (৫ম) জানাইতে [গ]; ৪ (৩য়) করিলা [খ, গ, ঙ, চ]; ৭ (১ম) সেহ [জ, ঝ, ট, ঢ, ণ, দ, ন], সেই [ড, ধ]; ৮ (৩য়) কৃষ্ণে [খ, ঝ, ঞ, থ]; ১২ (৩য়-৪র্থ) ক্ষীরোদশায়ী কেহো ত [ক, খ, গ, ঘ, ছ, জ, ঝ, ঠ, ঢ, ত]; কৃষ্ণ হয়ে সাক্ষাৎ [ঙ, ঞ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ১৩-১৪ এই পঙ্‌ক্তিদ্বয় ঙ, ঞ, করলিপি এবং ট, ড, ণ, থ, দ, ধ, ন' মুদ্রিত ভিন্ন অন্যত্র নাই।
১৬ (৩য়) তারে [ক, খ, গ, ঙ, ছ], তাতে [ঘ, জ, ঠ, ঢ, ত], তাথে [চ]; ১৭ (২য়) করোঁ [ক, খ, ঘ, ঙ, চ, জ, ত]; ১৯ (৬ষ্ঠ) আলস [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঢ], ২০ (৩য়-৪র্থ) কৃষ্ণে লাগে [ঘ, ঝ, ড, ণ, থ, ধ, ন]; ২৩ (২য়) তত্ত্ব [চ]; ২৬ (২য়) চৈতন্য [ক, খ, গ, ছ, জ, ঝ, ট, ত]; ২৭ (১ম)-শ্রীরঘুনাথ-[চ],-চরণে [খ]।

তৃতীয় পরিচ্ছেদ

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে যৎপাদাশ্রয়বীর্যতঃ।
সংগৃহ্লাত্যাকরব্রাতাদজ্ঞঃ সিদ্ধান্তসন্মণীন্ ॥ ১

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২

৫ তৃতীয়-শ্লোকের এই কৈল বিবরণ।
চতুর্থ-শ্লোকের অর্থ শুন ভক্তগণ ॥ ৩

তথা হি বিদগ্ধমাধবে (১।২)—

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ,
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
১০ হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ,
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ ॥ ৪

পূর্ণ ভগবান্ কৃষ্ণ ব্রজেন্দ্রকুমার।
গোলোক-ব্রজের সহ নিত্য বিহার ॥ ৫

ব্রহ্মার একদিনে তিঁহো একবার।
১৫ অবতীর্ণ হঞা করেন প্রকট বিহার ॥ ৬

সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—চারিযুগ জানি।
সেই চারিযুগে দিব্য এক যুগ মানি ॥ ৭

একাত্তর-চতুর্যুগে এক মন্বন্তর।
চৌদ্দ-মন্বন্তর ব্রহ্মার দিবস-ভিতর ॥ ৮

২০ বৈবস্বত-নাম এই সপ্তম মন্বন্তর।
সাতাইশ চতুর্যুগ গেল তাহার অন্তর ॥ ৯

অষ্টাবিংশ-চতুর্যুগে—দ্বাপরের শেষে।
ব্রজের সহিতে হয় কৃষ্ণের প্রকাশে ॥ ১০

দাস্য, সখ্য, বাৎসল্য, শৃঙ্গার—চারি রস।
২৫ চারি ভাবে ভক্ত যত, কৃষ্ণ তার বশ ॥ ১১

দাস সখা পিতা-মাতা কান্তাগণ লঞা।
ব্রজে ক্রীড়া করে কৃষ্ণ প্রেমাবিষ্ট হঞা ॥ ১২

যথেষ্ট বিহরি' কৃষ্ণ করে অন্তর্ধান।
অন্তর্ধান করি মনে করে অনুমান ॥ ১৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ তৃতীয়পরিচ্ছেদারম্ভে ইষ্টদেবং প্রণমতি—শ্রীচৈতন্যপ্রভুমিতি। শ্রীচৈতন্যপ্রভুমহং বন্দে অভিবাদয়ামি। যস্য শ্রীচৈতন্যস্য পাদাশ্রয়-বীর্যতঃ হেতোঃ অজ্ঞোঽপি জনঃ আকরব্রাতান্মণ্যুৎপত্তিস্থানসমূহাৎ সিদ্ধান্তসন্মণীনিতি, সিদ্ধান্তা এব-সন্মণয়স্তান্ সংগৃহ্লাতি সংগ্রহং করোতি। অত্রাকরব্রাতশব্দেন সমস্তশাস্ত্রমেব সূচিতম্ ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার শ্রীপাদপদ্ম আশ্রয় প্রভাবে অজ্ঞব্যক্তিও আকর শাস্ত্ররূপ খনিসমূহ হইতে সিদ্ধান্তরূপ সন্মণিসমূহকে সংগ্রহ করিতে সমর্থ হয়, সেই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুকে আমি বন্দনা করি।

৪। টীকা ও বঙ্গানুবাদ ৫ পৃষ্ঠার ১।১।৪ শ্লোকে দ্রষ্টব্য।

পাঠান্তর

৩ (২য়, ৩য়) শ্রীকৃষ্ণচৈতন্য [ঘ]; ৫ (২য়) অর্থ [চ, ট, ড, ণ, থ, দ, ধ, ন], ৬ (৪র্থ) দিয়া মন [ত]; ১৩ (১ম) গোলোক-[ক, ঘ, ছ, ঝ, ঞ, ত], (৩য়) সহিত [ক, ঘ, জ, ত]; ১৫ (২য়) হয়্যা [ণ, ন]; ১৭ (৩য়-৪র্থ) এক দিব্য [ক, ঝ, ঠ, ঢ, দ]; ২০ (৩য়) সপ্ত [ক, গ, ঘ, ঙ, জ, ঞ, ট, ঢ, থ], ২১ (৩য়) গেলে [চ, ড, থ, ধ], (৩য়-৪র্থ) তাহার [ঙ, জ, ট, ণ, দ, ন]; ২৩ (২য়) সহিত [ক, ঘ, ছ, জ, ঞ, ট, ঠ, ঢ, ত]; ২৫ (২য়) ভাব [ক, গ, ঘ, জ], ভাবের [ঙ, ণ, ত, থ, দ, ন]; ২৬ (৩য়) প্রেয়সীগণ [খ, গ, ঙ, ঝ, ট, ড, ত, ধ]; ২৭ (৫ম) প্রেমে বশ [ক]; ২৮ (১ম) যথেচ্ছা [ঘ, ঙ, জ, ঠ, ঢ, ত], যথেচ্ছ [ণ, ন]।

চিরকাল নাহি করি প্রেমভক্তিদান।
ভক্তি বিনু জগতের নাহি অবস্থান ॥ ১৪
সকল জগতে মোরে করে বিধি-ভক্তি।
বিধিভক্ত্যে ব্রজভাব পাইতে নাহি শক্তি ॥ ১৫
৫ ঐশ্বর্য-জ্ঞানেতে সব জগত মিশ্রিত।
ঐশ্বর্য-শিথিল-প্রেমে নাহি মোর প্রীত ॥ ১৬
ঐশ্বর্যজ্ঞানে বিধি-ভজন করিয়া।
বৈকুণ্ঠকে যায় চতুর্বিধ মুক্তি পাঞা ॥ ১৭
সার্ষ্টি, সারূপ্য, আর সামীপ্য, সালোক্য।
১০ সাযুজ্য না লয় ভক্ত—যাতে ব্রহ্ম ঐক্য ॥ ১৮
যুগধর্ম প্রবর্তাইমু নামসংকীর্তন।
চারি ভাব-ভক্তি দিয়া নাচামু ভুবন ॥ ১৯

আপনি করিমু ভক্তভাব অঙ্গীকারে।
আপনি আচরি ধর্ম শিখামু সভারে ॥ ২০
১৫ আপনে না কৈলে ধর্ম শিখান না যায়।
এই ত সিদ্ধান্ত গীতা-ভাগবতে গায় ॥ ২১

তথা হি শ্রীমদ্ভগবদ্গীতায়াম্ (৪।৮)—

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ২২

২০ তত্রৈব (৩।২৪)—

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্যাং কর্ম চেদহম্।
সঙ্করস্য চ কর্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথাবতারপ্রয়োজনং শ্রীভগবদ্গীতায়ামর্জুনং প্রতি শ্রীকৃষ্ণেনোক্তম্—পরিত্রাণায়েতি। সাধূনাং পরিত্রাণায় দুঃখ-নিবারণায় পালনায়েত্যর্থঃ। দুষ্কৃতাং দুষ্টানাং খলানাং বিনাশায় চ যুগে যুগে প্রতিযুগং ধর্মসংস্থাপনায় চ সম্ভবামি প্রকটী-ভবামীতি। অংশাংশিনোরভেদোক্তেঃ, বস্তুতো ধর্মসংস্থাপনন্তু যুগে যুগে যুগাবতারৈস্ত্বেব, ন তু স্বয়ংভগবতঃ। যথা বিষ্ণুধর্মোত্তরে,—

কথ্যতে নামবর্ণাভ্যাং শুক্লঃ সত্যযুগে হরিঃ।
রক্তঃ শ্যামস্তথাকৃষ্ণস্ত্রেতায়াং দ্বাপরে কলৌ॥ ইতি ॥ ২২ ॥

তস্য পরমকারুণিকত্বং তত্রৈব স্বয়মেবাহ—উৎসীদেয়ুরিতি। চেৎযদ্যহং কর্ম বর্ণাশ্রমরূপং ন কুর্যাং তদেমে লোকাঃ উৎসীদেয়ুঃ উচ্ছিন্না ভবেয়ুঃ। অথ চ সঙ্করস্য বিপরীতবর্ণাশ্রমাচারধর্মস্য অহং কর্তা স্যাম্। অতএবেমাঃ প্রজাঃ অহমুপহন্যা-মিতি ॥ ২৩ ॥

বঙ্গানুবাদ

২২। হে অর্জুন! সাধুদিগের সংরক্ষণ, পাপাচারীদিগের বিনাশ, এবং ধর্মসংস্থাপনের নিমিত্ত আমি যুগে যুগে প্রকট হই।

২৩। হে অর্জুন! আমি যদি কর্মানুষ্ঠান না করি, তাহা হইলে ধর্মলোপ হওয়ায়, এই সকল লোক বিনাশ প্রাপ্ত হইবে।

পাঠান্তর

২ (২য়) বিনে [ক, খ, ছ, জ, ঠ, ঢ], বিনু [গ, ঙ, চ, ঞ, ট]; **৪** (২য়) ব্রজের রস [ঝ], ব্রজবাস [দ]; **৫** (১ম) ঐশ্বর্যজ্ঞানে [ঙ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, ধ], (৩য়) জগৎ [চ, জ, ঝ, ঞ, ড, ত, থ, দ, ধ]; **৮** (১ম) বৈকুণ্ঠেতে [ঞ, ঠ, ঢ, ন], (৫ম) পায়্যা [ণ, ন]; **১১** (২য়) প্রবর্তামু [ক, খ, ড, ধ], প্রবর্তাইব [গ, ঘ, চ, ছ], প্রবর্তিমু [দ]; **১২** (৪র্থ) নাচাইমু [গ, ঞ, ঠ, ঢ, ণ, ত, থ, ন]; **১৩** (১ম) আপনে [ক, গ, চ, জ, ত, থ], **১৪** (৩য়) ভক্তি [চ, ট, ড, ণ, ধ, ন], (৪র্থ) শিখাইমু [খ, গ, জ, ঞ, ত, থ]; **১৮** এই শ্লোকটির পূর্বে 'চ, ধ' এবং পরে 'ড' পুস্তকে অধিকপাঠ—'যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥'

তথাহি (শ্রীমদ্ভাগবতে ৬।২।৪)—

যদ্‌যদাচরতি শ্রেয়ানিতরস্তৎ তদীহতে।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ততে ॥ ২৪

যুগধর্ম প্রবর্তন হয় অংশ হৈতে।
৫ আমা বিনে অন্যে নারে ব্রজপ্রেম দিতে ॥ ২৫

তথা হি লঘুভাগবতামৃতে (১।৩০৩)—

সন্ত্ববতারা বহবঃ পঙ্কজনাভস্য সর্বতোভদ্রাঃ।
কৃষ্ণাদন্যঃ কো বা লতাস্বপি প্রেমদো ভবতি ॥ ২৬

তাহাতে আপন ভক্তগণ করি সঙ্গে।
১০ পৃথিবীতে অবতরি' করিমু নানা রঙ্গে ॥ ২৭
এত ভাবি' কলিকালে প্রথম-সন্ধ্যায়।
অবতীর্ণ হৈলা কৃষ্ণ আপনে নদীয়ায় ॥ ২৮
চৈতন্যসিংহের নবদ্বীপে অবতার।
সিংহগ্রীব সিংহবীর্য সিংহের হুঙ্কার ॥ ২৯
১৫ সেই সিংহ বসুক জীবের হৃদয়-কন্দরে।
কল্মষ-দ্বিরদ নাশ যাহার হুঙ্কারে ॥ ৩০
প্রথমলীলায় তাঁর 'বিশ্বম্ভর' নাম।
ভক্তিরসে ভরিল ধরিল ভূতগ্রাম ॥ ৩১
'ডু-ভৃঞ্' ধাতুর অর্থ—ধারণ পোষণ।
২০ ধরিল পোষিল প্রেম দিয়া ত্রিভুবন ॥ ৩২
শেষলীলায় নাম ধরে শ্রীকৃষ্ণচৈতন্য।
শ্রীকৃষ্ণ জানায়ে সব বিশ্ব কৈল ধন্য ॥ ৩৩
তাঁর যুগাবতার জানি' গর্গ মহাশয়।
কৃষ্ণের নামকরণে করিয়াছে নির্ণয় ॥ ৩৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

তমেবার্থং তত্র স্ফুটয়ন্নাহ—যদ্‌যদিতি। শ্রেষ্ঠো জনো যদ্‌যদাচরতি যেন যেন প্রকারেণাচরণং করোতি ইতরো জনোঽপি তত্তদাচরতীত্যর্থঃ। নন্থ 'ঈশ্বরাণাং বচঃ সত্যং তথৈবাচরিতং ক্বচিৎ' ইতি শ্রীভাগবতে (১০।৩৩।৩১) ঈশ্বরকৃত-সমগ্রাচরণস্য জীবে অভাবঃ সূচিতঃ, কথং তর্হি তত্তদাচরণমিতি চেৎ; সত্যম্। কিন্তু যুগধর্মপালনরূপস্যাচরণমেব বোদ্ধব্যম্। ন তু ভগবতঃ স্বেচ্ছাচরণম্। যতঃ কর্তুমকর্তুমন্যথা কর্তুং শক্তোঽয়ং, জীবে তচ্ছক্ত্যাভাবাত্তন্নোচিতমিত্যর্থঃ। প্রকৃতমনুসরামঃ। স যদিতি। সঃ শ্রেষ্ঠো জনঃ স যৎপ্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ততে ॥ ২৪ ॥

অথ সর্বাবতারাপেক্ষয়া স্বয়ংভগবতঃ পরমকারুণিকত্বং বিল্বমঙ্গলে লীলাশুকেনোক্তম্—সন্ত্বিতি। পঙ্কজনাভস্য অংশাংশিনোরভেদোক্তত্বাৎ পরমব্যোমনাথস্য সর্বতোভদ্রাঃ মঙ্গলরূপা অবতারা বহবঃ সন্তু তিষ্ঠন্তু। কৃষ্ণাদন্যঃ স্বয়ংভগবতঃ কো

বঙ্গানুবাদ

২৪। শ্রেষ্ঠ ব্যক্তি যেরূপ আচরণ করেন, প্রাকৃত লোক তাহারই অনুসরণ করে এবং তিনি যাহা প্রমাণ বলিয়া স্বীকার করেন, ইতর লোক তাহারই অনুবর্ত্তী হয়।

২৬। শ্রীকৃষ্ণের অংশ গর্ভোদকশায়ী পদ্মনাভের শত শত পরমমঙ্গল অবতার থাকুন, কিন্তু শ্রীকৃষ্ণ ভিন্ন এমন কে আছেন যিনি তরুলতাকেও প্রেমদান করিতে সমর্থ ?

পাঠান্তর

৫ (২য়) বিনে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ত], (৩য়) আনে [ক, গ, জ], আন [খ, ঙ]; এই পঙ্‌ক্তির পর অধিকপাঠ—'আমি প্রেম দিব লোকে করিঞা যাচন। আমা বিনে ধর্ম বুঝাইবে কোন্ জন॥' [গ, চ]।

৭ (৩য়) পুষ্করনাভস্য [খ]; ৯ (৩য়) ভক্ত সব [খ, গ, ঙ, জ], (৪র্থ) লয়া [ক], লঞা [গ, ঙ, চ, জ, ঞ], (৫ম) সঙ্গ [ক, খ, ঘ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, দ], ১০ (৫ম) রঙ্গ [ক, খ, ঘ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, দ]; ১১ (২য়) বলি [ঘ], ১২ (৩য়) প্রভু [চ], (৪র্থ) আপনে [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ, দ], স্বয়ং [চ], (৫ম) দয়ায় [ত]; ১৬ (১ম) কলুষ [ত], বিপদ [গ, চ], এই পঙ্‌ক্তির পর অধিক পাঠ—"সকল জীবে যে বিপদ কৈল নাশ। তিমির কাটিয়া হৃদে করিল প্রকাশ॥ অধর্ম দুর্গত দেখি যেহোঁ কৈল দয়া। কায় মন বাক্যে তাঁর লেহ পাদ ছায়া॥ [গ চ]; ১৯ (৪র্থ, ৫ম) পোষণ ধারণ [ড, ণ, ত, ধ, ন] ২০ (১ম-২য়) পুষিল ধরিল [ক, ঘ, জ, ড, ণ, ত, ধ, ন]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৮।১৩)—

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥ ৩৫

শুক্ল-রক্ত-পীতবর্ণ এই তিন দ্যুতি।
৫ সত্য-ত্রেতা-কলিকালে ধরেন শ্রীপতি ॥ ৩৬
ইদানীং দ্বাপরে তিঁহো হৈলা কৃষ্ণবর্ণ।
এই সব শাস্ত্রাগম-পুরাণের মর্ম ॥ ৩৭

তথা হি শ্রীমদ্ভাগবতে (১১।৫।২৭)—

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ।
১০ শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ ॥ ৩৮

কলিকালে যুগধর্ম—নামের প্রচার।
তথি লাগি' পীতবর্ণ চৈতন্যাবতার ॥ ৩৯
তপ্তহেম সম কান্তি - প্রকাণ্ড শরীর।
নবমেঘ জিনি' কণ্ঠ-ধ্বনি যে গম্ভীর ॥ ৪০
১৫ দৈর্ঘ্য-বিস্তারে যেই আপনার হাতে।
চারিহস্ত হয় মহাপুরুষ বিখ্যাতে ॥ ৪১
'ন্যগ্রোধপরিমণ্ডল' হয় তার নাম।
ন্যগ্রোধপরিমণ্ডল-তনু চৈতন্য গুণধাম ॥ ৪২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বা অবতারো লতাস্বপি প্রেমদো ভবতি। 'বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্তঃ' ইতি শ্রীভাগবতাৎ (১০।৩৫।৯)। যদ্বা বালতাস্বপি বালাবস্থাস্বপি প্রেমদো ভবতি। যথা দ্বিতীয়ে,—অহো বকী যং ······ দয়ালুং শরণং ব্রজামঃ ॥ ইতি ॥ ২৬ ॥

অথ শ্রীকৃষ্ণস্য সর্বাবতারিত্বং শ্রীদশমে (১০।৮।১৩) নন্দং প্রতি গর্গেণোক্তম্—আসন্নিতি। অস্য তব পুত্রস্য ত্রয়োবর্ণাঃ আসন্। ইতি পূর্ব পূর্ব কল্পাপেক্ষয়া অতীতকালো বোদ্ধব্যঃ, তস্য কথংভূতস্যানুযুগং প্রতিযুগং তনূরবতাবান্ গৃহ্নতঃ প্রকটয়তঃ। যথা ব্রহ্মসংহিতায়াম্—

'রামাদিমূর্তিষু কলানিয়মেন তিষ্ঠন্ নানাবতারমকরোদ্ভুবনেষু কিন্তু।'

ইতি বচনাৎ। 'শুক্লো রক্তস্তথাপীত ইদানীং কৃষ্ণতাং গতঃ।' ইতি (শ্রীমদ্ভাগবতে ১০।৮।১৩, ১০।২৬।১৬)। যঃ সত্যে শুক্লঃ ত্রেতায়াং রক্তঃ কলৌ পীতঃ সঃ, ইদানীং দ্বাপরান্তে কৃষ্ণতাং গতঃ, স্বয়মবতারিত্বাৎ। তথা ব্রহ্মাণ্ডে,—

'যো বৈকুণ্ঠে চতুর্বাহুর্ভগবান্ পুরুষোত্তমঃ। য এব শ্বেতদ্বীপেষু নরো নারায়ণশ্চ যঃ ॥
স এব বৃন্দাবনভূ-বিহারী নন্দনন্দনঃ। এতস্মাদ্বাপরেঽনন্তা অবতারাঃ সহস্রশঃ ॥
মহাগ্নেরিব যদ্বৎ স্যুরুল্কাঃ শতসহস্রশঃ। তত্রৈব 'লীলানামেকত্বং ব্রজেযুস্তে হরৌ তথা' ॥ ইতি ॥ ৩৫ ॥

তথা একাদশে (১১।৫।২৭) যোগেন্দ্রবচনম্—দ্বাপর ইতি। দ্বাপরে ভগবান্ শ্যামঃ অতসীকুসুমসঙ্কাশঃ, পীতবাসাঃ পীতাম্বরধরঃ, নিজায়ুধঃ নিজানি চক্রাদীনি আয়ুধানি যস্য সঃ, শ্রীবৎসাদিভিরঙ্কৈঃ শ্রীবৎসাদিচিহ্নৈর্লক্ষণৈঃ বাহ্যৈঃ কৌস্তুভাদিভিশ্চ উপলক্ষিতশ্চিহ্নিত ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

বঙ্গানুবাদ

৩৫। হে ব্রজরাজ! যুগে যুগে অবতারসমূহ প্রকটকারী এই তোমার পুত্রের বহু বর্ণ আছে। তন্মধ্যে শুক্ল, রক্ত ও পীত বর্ণ—সত্য, ত্রেতা ও কলিযুগে প্রকাশ করেন ; এই দ্বাপরে ইনি কৃষ্ণবর্ণ হইয়াছেন।

৩৮। হে নিমি মহারাজ! শ্রীভগবান্ দ্বাপরযুগে শ্যামবর্ণ, পীতাম্বরধারী, শঙ্খচক্রাদি নিজায়ুধযুক্ত এবং শ্রীবৎসাদি চিহ্ন বিশিষ্ট হইয়া আবির্ভূত হন।

পাঠান্তর

৪ (১ম)-পীত ইতি [খ, গ, চ, ত],-রক্ত আর পীত [জ] ; ৬ (১ম) এখনে [ক], (৩য়) কৃষ্ণ [ক, খ, গ, ঘ, চ, ছ, ত], ক্রিঁহো [ঠ, ঢ], ৭ (২য়) সর্ব [চ, ঠ, ঢ] ; ১০ এই পঙ্‌ক্তির পর অধিক পাঠ—"কৃষ্ণায় বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ॥" [চ]। ১১ (৩য়) নাম [গ, ঙ, ছ, জ, ঞ, ত], (৩য়, ৪র্থ) নামপরচার [খ] ; ১৪ (১ম) নবঘন [ঘ], (৩য়-৪র্থ), কণ্ঠ নিস্বন, [ঘ, ঠ, ঢ], (৫ম) গভীর [ক, গ, ঘ, ঙ, ছ, জ, ট, দ] ; ১৫ (৪র্থ) হাথ [ক, খ], হাত [গ, ঘ, জ, ট, ড, দ, ধ,] ; হাথে [ঝ, ণ, ন] ; ১৬ (৪র্থ) বিখ্যাত [ক, খ, ট, ড, দ, ধ]।

আজানুলম্বিত ভুজ – কমললোচন।
তিলফুল সম নাসা – সুধাংশুবদন ॥ ৪৩

শান্ত, দান্ত, কৃষ্ণভক্তি-নিষ্ঠাপরায়ণ।
ভক্তবৎসল, সুশীল, সর্বভূতে সম ॥ ৪৪

৫ চন্দনের অঙ্গদ বালা, চন্দন-ভূষণ।
নৃত্যকালে পরি' করে কৃষ্ণসংকীর্তন ॥ ৪৫

এই সব গুণ লঞা মুনি বৈশম্পায়ন।
সহস্রনামে কৈল তাঁর নাম-গণন ॥ ৪৬

দুই লীলা চৈতন্যের – আদি আর শেষ।
১০ দুই লীলার চারি চারি নাম বিশেষ ॥ ৪৭

তথা হি মহাভারতে সহস্রনামস্তোত্রে (১২৭।৭৫)—
সুবর্ণবর্ণোঽহেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী।
সন্ন্যাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠাশান্তিপরায়ণঃ ॥ ৪৮

ব্যক্ত করি ভাগবতে কহে আরবার।
১৫ কলিযুগের ধর্ম আর যুগ-অবতার ॥ ৪৯

তথা হি শ্রীমদ্ভাগবতে (১১।৫।৩১-৩২)—
ইতি দ্বাপর উর্বীশ স্তুবন্তি জগদীশ্বরম্।
নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ॥ ৫০
কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
২০ যজ্ঞৈঃ সংকীর্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ৫১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণচৈতন্যস্য বাল্যকৈশোরয়োরষ্টনামানি মহাভারতে সহস্রনাম্নি বৈশম্পায়নেনোক্তানি তান্যেবাহ—সুবর্ণবর্ণ ইতি। দাহোত্তীর্ণসুবর্ণবদ্বর্ণো যস্য সঃ, এতেন গৌরবর্ণঃ প্রকটীভূতঃ। পুনঃ কথংভূতঃ? অহেমাঙ্গঃ কৃষ্ণবর্ণ ইত্যর্থঃ। 'অন্তঃকৃষ্ণং বহির্গৌরম্' ইত্যুক্তেঃ। অতএব বরাঙ্গঃ বরং শ্রেষ্ঠমঙ্গং যস্য সঃ। চন্দনে অঙ্গদে বিদ্যতে যস্য সঃ কীর্তন-নর্তন-সময়ে ইতি বোদ্ধব্যম্। কৈশোরনামান্যাহ—সন্ন্যাসং করোতীতি সন্ন্যাসকৃৎ, সমঃ সমদর্শী, নিষ্ঠাশান্তিপরায়ণঃ ॥ ৪৮ ॥

অথ বৈবস্বতীয়াষ্টবিংশতি চতুর্যুগদ্বাপরান্তে শ্রীব্রজেন্দ্রনন্দনঃ অবতরতি, তদন্তে যৎ কলিযুগং তস্মিন্ শ্রীকৃষ্ণচৈতন্যস্য অবতার ইতি একাদশস্কন্ধে যোগেশ্বরেনোক্তম্—যথা দ্বাপরে পূর্বোক্তদ্বাপরে, হে উর্বীশ! নানাতন্ত্র বিধানেন নানাতন্ত্রোক্ত-বিধানেন জগদীশ্বরং স্তুবন্তি, মুনয় ইতি শেষঃ। কলাবপি তথা শৃণু, ইত্যনেন কলৌ কৃষ্ণাবতারস্য প্রাধান্যং সূচিতম্ ॥ ৫০ ॥

তমেবার্থং স্ফুটয়তি—কৃষ্ণবর্ণ ইতি। ত্বিষা কান্ত্যা অকৃষ্ণম্ ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলং, যদ্বা ত্বিষাকৃষ্ণং কৃষ্ণাবতারম্। অনেন কলৌ কৃষ্ণাবতারস্য প্রাধান্যং দর্শয়তি। অঙ্গানি করচরণাদীনি, উপাঙ্গানি কৌস্তুভাদীনি, অস্ত্রাণি সুদর্শনাদীনি, পার্ষদাঃ সুনন্দাদয়ঃ তৎসহিতমিতি। যজ্ঞৈরর্চনৈঃ। কথংভূতৈঃ? সঙ্কীর্তনপ্রায়ৈঃ সঙ্কীর্তনং নামোচ্চারণং স্তুতিশ্চ তৎপ্রধানৈ-

---

বঙ্গানুবাদ

৪৮। শ্রীগৌরহরি আদিলীলায় সুবর্ণবর্ণ, হেমাঙ্গ, বরাঙ্গ ও চন্দনাঙ্গদী এবং অন্ত্যলীলায় সন্ন্যাসকৃৎ, শম, শান্ত ও নিষ্ঠাশান্তিপরায়ণ এই সকল নাম ধারণ করেন।

৫০-৫১। হে পৃথিবীপতি জনক! দ্বাপর যুগে মানবগণ পূর্বোক্তপ্রকারে জগদীশ্বরের স্তব করেন। কলিযুগেও নানাতন্ত্রবিধিদ্বারা জগদীশ্বরের স্তব অবধানপূর্বক শ্রবণ করুন। যিনি দেহকান্তিতে অকৃষ্ণ অর্থাৎ গৌরবর্ণ, যিনি শ্রীকৃষ্ণকে প্রেমসুখে স্বয়ং গান করেন এবং পরমকৃপালুতাবশতঃ সর্বসাধারণে উপদেশ করেন; অথবা—ভক্তবিশেষের দৃষ্টিতে প্রকাশ-

---

পাঠান্তর

২ (২য়) সম [ক, খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঠ, ঢ, ত, থ], জিনি [গ, ঘ, ঞ, ট. ড, ণ, দ, ধ, ন] ; ৩ (৩য়) নিষ্ঠা। কৃষ্ণ-ভক্তিপরায়ণ [ঠ, ঢ, থ], ৫ (১ম) চন্দন [ক, গ, ঘ, দ] চৈতন্যের [ঞ], ৬(৪র্থ) নামসংকীর্তন [চ] ; ৮ (৪র্থ) নামের [ণ, ত, ন] ; ১০ (২য়) লীলায় [ক, ঠ, ঢ, ণ, ত, থ, ধ,ন] ; ১৪ (৫ম) বারবার [খ, ছ, ঝ, ধ], ১৫ (১ম-৪র্থ) কলিযুগে কৃষ্ণনাম-সংকীর্তন সার [ড, থ, ধ], কলিযুগে ধর্ম নামসংকীর্তন সার [ট, ণ, দ, ন], (৩য়) শুন [খ, ঙ, ঞ, ত], ১৭-১৮ এই শ্লোকটি 'গ, ঙ, চ' পুথি এবং 'ড,ণ, ত, ন' মুদ্রিত পুস্তক ব্যতীত অন্যত্র নাই।

শুনহ সকল লোক চৈতন্যমহিমা।
এই শ্লোকে কহে তাঁর মহিমার সীমা ॥ ৫২
'কৃষ্ণ' এই দুই বর্ণ সদা যাঁর মুখে।
অথবা কৃষ্ণকে তিঁহো বর্ণে নিজ-সুখে ॥ ৫৩
৫ কৃষ্ণবর্ণ-শব্দের এই অর্থ পরমাণ।
কৃষ্ণ বিনু তাঁর মুখে নাহি আইসে আন ॥ ৫৪
কেহো যদি কহে তাঁরে কৃষ্ণবরণ।
আর বিশেষণে তার করে নিবারণ ॥ ৫৫
দেহকান্ত্যে হয় তেঁহো অকৃষ্ণবরণ।
১০ অকৃষ্ণবরণে তাঁর কহে পীত-বরণ ॥ ৫৬

তথা হি শ্রীরূপগোস্বামিচরণৈঃ (শ্রীস্তবমালায়াম্ ২।১)—

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা-,
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্তনময়ৈঃ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিলচতুর্থাশ্রমজুষাং,
১৫ স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

রিতি। স্বব্যাখ্যামাহ—কৃষ্ণবর্ণমিতি কৃষ্ণেতি বর্ণদ্বয়ং যস্মিন্ তম্, যদ্বা কৃষ্ণং বর্ণয়তীতি পরমপ্রেমাবেশেন স্বয়ং গায়তি জনান্ গাপয়তি চ সঃ তম্। অঙ্গং নিত্যানন্দাদি, উপাঙ্গো বনমালাদি, অস্ত্রং হরিনামাদি, পার্ষদাঃ শ্রীবাসাদি, তৈঃ সহ বর্তমানস্তং সঙ্কীর্তনপ্রায়ৈরিতি।

'নামরূপগুণাদীনামুচ্চৈর্ভাষা তু কীর্তনম্। তদেব বদ্ধরাগাদিযুতং সংকীর্তনং স্মৃতম্ ॥'
(শ্রীভক্তিরসামৃত সিন্ধৌ ১।২।১৪৫)

তৎপ্রধানৈর্যজ্ঞৈঃ সুমেধসো বিবেকিনঃ হি নিশ্চিতং তমেব যজন্তি উপাসতে। অতএব কলৌ সঙ্কীর্তনস্য প্রাধান্যং সূচিতম্। যথা দ্বাদশে (১২।৩।৫১)

'কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ। কীর্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥' ইতি বচনাৎ ॥ ৫১ ॥

অথ স এবার্থস্তবমালায়াং শ্রীরূপগোস্বামিনোক্তঃ, যথা—কলাবিতি। কলৌ পূর্বোক্ত-কলিকালে যং কৃষ্ণং বিদ্বাংসঃ সারাসারবিবেকিনঃ স্ফুটং যথা স্যাত্তথা অভিযজন্তে উপাসতে। যং কথংভূতম্? দ্যুতিভরাৎ কান্ত্যাতিশয়াৎ অকৃষ্ণাঙ্গং গৌরমিত্যর্থঃ। কৃষ্ণং কৃষ্ণস্বরূপং কৈর্যজন্তি? উৎকীর্তনময়ৈঃ মখবিধিভিরিতি পূর্বোক্তং জ্ঞাতব্যম্। যমখিলচতুরাশ্রম-জুষাং ব্রহ্মচার্যাদীনামুপাস্যং চ প্রাহুঃ—স দেবঃ নোঽস্মানতিতরাং কৃপয়তু। স কথংভূতঃ? চৈতন্যাকৃতিশ্চেতন-রূপোঽবয়বো যস্য সঃ, এতেন নামাপি সূচিতম্। কলাবিতি পূর্বোক্তকলৌ ন তু সর্বস্মিন্ কলাবিত্যর্থঃ ॥ ৫৭ ॥

বঙ্গানুবাদ

বিশেষে তাদৃশ শ্যামসুন্দর হইয়াই প্রকাশিত হন ; যাঁহার শ্রীঅঙ্গভূষণাদি পরমমনোহর ও মহাপ্রভাবযুক্ত বলিয়া অস্ত্র-পার্ষদ স্বরূপ। অত্যন্ত প্রেমাস্পদ আত্মতুল্য শ্রীঅদ্বৈতাচার্য প্রমুখ যাঁহার পার্ষদ ; অথবা যাঁহার শ্রীনিত্যানন্দ এবং শ্রীঅদ্বৈত অঙ্গ—অঙ্গাবয়বরূপ অস্ত্র এবং শ্রীবাসাদি পার্ষদ। কলিযুগে সুবুদ্ধিমানগণ সঙ্কীর্তন প্রধান যজ্ঞে তাঁহারই অর্চন করিয়া থাকেন।

৫৭। যিনি স্বয়ং কৃষ্ণ হইয়া অঙ্গকান্তিচ্ছটায় পীতবর্ণ, শাস্ত্রতাৎপর্যবেত্তা মহানুভবগণ কলিযুগে উচ্চ সঙ্কীর্তনরূপ যজ্ঞদ্বারা যাঁহার সাক্ষাৎ অর্চনা করেন এবং সমস্ত সন্ন্যাসিগণের উপাস্য বলিয়া যাঁহাকে নির্দেশ করেন, সেই শ্রীচৈতন্যাকৃতি ভগবান্ আমাদিগকে নিরতিশয় স্বীয় করুণার বিষয় করুন।

পাঠান্তর

১ (১ম-৩য়) শুন ভাই এই সব [ঞ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৪ (২য়) কৃষ্ণেরে [ক, খ, গ, ঘ ঙ, চ, ছ, জ, ত], (৩য়) যদি [ক], তেহো [ঘ, ঙ, চ, ণ, ত, দ, ন]; ৫ (২য়-৪র্থ) অর্থ দুই ত প্রমাণ [ট, ড, ণ, থ, ধ, ন], ৭ (২য়-৪র্থ) তাঁরে বলে যদি [ট, ড, থ, দ, ধ], তাঁরে বোলে যদি [ণ, ন], ৮ (৩য়) তাহা [ক, ঘ, চ, জ. ঝ, ঠ, ঢ, দ], তারে [খ, ছ, ধ] ১০ (৬ষ্ঠ, ৭ম) কহি [ট, ড, দ]।

প্রত্যক্ষ তাঁহার তপ্তকাঞ্চনের দ্যুতি।
যাঁহার ছটায় নাশে অজ্ঞান-তমস্ততি ॥ ৫৮
জীবের কল্মষ-তমো নাশ করিবারে।
অঙ্গ-উপাঙ্গ-নাম নানা অস্ত্র ধরে ॥ ৫৯
৫ ভক্তির বিরোধী কর্ম—ধর্ম বা অধর্ম।
তাহার 'কল্মষ' নাম—সেই মহাতম ॥ ৬০
বাহু তুলি হরি বলি প্রেমদৃষ্ট্যে চায়।
করিয়া কল্মষ নাশ প্রেমেতে ভাসায় ॥ ৬১

তথা হি তত্রৈব (শ্রীস্তবমালায়াম্ ২।৮)—

১০ স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো,
গিরান্তু প্রারম্ভঃ কুশলপটলীং পল্লবয়তি।
পদালম্ভঃ কং বা প্রণয়তি ন হি প্রেমনিবহং,
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬২
শ্রীঅঙ্গ শ্রীমুখ যেই করে দরশন।
১৫ তার পাপ ক্ষয় হয়, পায় প্রেমধন ॥ ৬৩
অন্য অবতারে সব সৈন্য শস্ত্র সঙ্গে।
চৈতন্যকৃষ্ণের সৈন্য অঙ্গ-উপাঙ্গে ॥ ৬৪

তথা হি তত্রৈব (শ্রীস্তবমালায়াম্ ১।১)—

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং,
২০ বহদ্ভির্গীর্বাণৈর্গিরিশপরমেষ্ঠিপ্রভৃতিভিঃ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্,
স চৈতন্যঃ কিং মে পুনরপি
দৃশোর্যাস্যতি পদম্ ॥ ৬৫
অঙ্গোপাঙ্গ অস্ত্র করে স্বকার্য সাধন।
২৫ 'অঙ্গ'-শব্দের আর অর্থ শুন দিয়া মন ॥ ৬৬
'অঙ্গ'-শব্দে অংশ কহে শাস্ত্র-পরমাণ।
অঙ্গের অবয়ব সব 'উপাঙ্গ' ব্যাখ্যান ॥ ৬৭

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।১৪।১৪)—

নারায়ণস্ত্বং ন হি সর্বদেহিনা-,
৩০ মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী।
নারায়ণোঽঙ্গং নরভূজলায়না-,
ত্তচ্চাপি সত্যং ন তবৈব মায়া ॥ ৬৮
জলশায়ী অন্তর্যামী যেই নারায়ণ।
সেহো তোমার অংশ তুমি মূল নারায়ণ ॥ ৬৯

বঙ্গানুবাদ

৬২। যাঁহার ঈশদ্ধাস্য চন্দ্রিকা নিঃশেষে জগতের শোক নাশ করে, যাঁহার বচনামৃত বর্ষণে জগতের কল্যাণ সমূহকে পল্লবিত করে এবং যাঁহার শ্রীচরণাশ্রয়, কাহাকেই বা প্রেমধারায় প্লাবিত না করে; সেই শ্রীচৈতন্যাকৃতি হরি আমাদিগকে নিরতিশয় কৃপার বিষয় করুন।

৬৫। ব্রহ্ম-রুদ্রাদি-দেবগণ নর-শরীর ধারণ করতঃ প্রীতিপূর্ব্বক অবসরে অবসরে যাঁহার সেবা সম্পাদন করেন, যিনি স্বরূপদামোদর প্রভৃতি স্বভক্তগণকে বিশুদ্ধ নিজভজন পরিপাটির উপদেশ দেন, সেই শ্রীচৈতন্যদেব আর কি আমার নয়নগোচর হইবেন?

৬৮। হে প্রভো! যেহেতু আপনি সমস্ত প্রাণিবর্গের একমাত্র আশ্রয়, প্রবর্তক এবং অন্তর্যামী, অতএব আপনি কি নারায়ণ নহেন? আপনি নিশ্চয় নারায়ণ এবং নর হইতে উৎপন্ন চতুর্বিংশতি তত্ত্ব এবং জলকে আশ্রয় করিয়া যিনি নারায়ণ-সংজ্ঞা লাভ করিয়াছেন, তিনিও তোমারই মূর্তি। এ সকলই সত্য, তোমার মায়া নহে, অতএব তুমিই নারায়ণ।

পাঠান্তর

১ (১ম) প্রত্যক্ষে [ছ]; ৭ (৪র্থ) বুলি [খ, গ, ঙ], (৫ম) প্রেমদৃষ্টে (ঘ, জ, ঞ, ট, ঠ, ঢ, ত, থ, ন), ৮ (১-৩য়) পাপতমো নাশ করি (ক, জ, ত), কল্মষতম নাশ করি (খ, গ, ঙ, ঠ, ঢ); ১৪ (৩য়) যে বা [ছ], (৪র্থ, ৫ম) করয়ে দর্শন [ঝ]। ১৬ (২য়) অবতার [ক, থ], (১র্থ, ৫ম) অস্ত্র সৈন্য [ক, খ, ঘ, জ, ঝ,]; ১৮-২৩ পঙ্‌ক্তির শ্লোকটি 'খ পুথি এবং 'ত' 'ন' মুদ্রিত পুস্তক ব্যতীত সকল পুঁথি এবং মুদ্রিত পুস্তকে দৃষ্ট হয়; ২৫ (২য়-৩য়)) অর্থ আর [ছ, ট, ড, ণ, ধ, ন]; ২৭ (৩য়) তার [খ, ত], গণ [ছ], শব্দের [ঝ, ঠ, ঢ]; ৩৪ (৩য়) অঙ্গ [ঠ, ঢ], (৬ষ্ঠ) কারণ [ত] ।

'অঙ্গ'-শব্দে অংশ কহে, সেহো সত্য হয়।
মায়াকার্য নহে—সভে চিদানন্দময় ॥ ৭০
অদ্বৈত নিত্যানন্দ—চৈতন্যের দুই অঙ্গ।
অঙ্গের অবয়বগণ কহিয়ে 'উপাঙ্গ' ॥ ৭১
৫ অঙ্গোপাঙ্গ তীক্ষ্ণ অস্ত্র প্রভুর সহিতে।
সেই সব অস্ত্র হয় পাষণ্ড দলিতে ॥ ৭২
নিত্যানন্দগোসাঞি সাক্ষাৎ হলধর।
অদ্বৈত-আচার্যগোসাঞি সাক্ষাৎ ঈশ্বর ॥ ৭৩
শ্রীবাসাদি পারিষদ-সৈন্য সঙ্গে লঞা।
১০ দুই সেনাপতি বুলে কীর্তন করিয়া ॥ ৭৪
পাষণ্ড-দলনবানা নিত্যানন্দ রায়।
আচার্য-হুঙ্কারে পাপ-পাষণ্ডী পলায় ॥ ৭৫
সংকীর্তন-প্রবর্তক শ্রীকৃষ্ণচৈতন্য।
সংকীর্তন-যজ্ঞে তাঁরে ভজে সেই ধন্য ॥ ৭৬
১৫ সেই ত সুমেধা আর কুবুদ্ধি সংসার।
সর্বযজ্ঞ হৈতে কৃষ্ণনাম-যজ্ঞ সার ॥ ৭৭
কোটি অশ্বমেধ এক-কৃষ্ণনাম সম।
যেই কহে সে পাষণ্ডী, দণ্ডে তারে যম ॥ ৭৮
ভাগবতসন্দর্ভ-গ্রন্থের মঙ্গলাচরণে।
২০ এই শ্লোক জীবগোসাঞি
করিয়াছেন ব্যাখ্যানে ॥ ৭৯

তথা হি ভাগবতসন্দর্ভে (তত্ত্বসন্দর্ভে দ্বিতীয়ঃ শ্লোকঃ)—

অন্তঃকৃষ্ণং বহির্গৌরং দর্শিতাঙ্গাদিবৈভবম্।
কলৌ সংকীর্তনাদ্যৈঃ স্মঃ কৃষ্ণচৈতন্যমাশ্রিতাঃ ॥৮০

২৫ উপপুরাণেহ শুনি শ্রীকৃষ্ণবচন।
কৃপা করি ব্যাস-প্রতি করিয়াছেন কথন ॥ ৮১

তথা হি উপপুরাণে—

অহমেব ক্বচিদ্‌ব্রহ্মন্ সন্ন্যাসাশ্রমমাশ্রিতঃ।
হরিভক্তিং গ্রাহয়ামি কলৌ পাপহতান্নরান্ ॥ ৮২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

প্রথমে সন্দর্ভে শ্রীজীবগোস্বামাহ—অন্তঃকৃষ্ণমিতি। অন্তঃকৃষ্ণমিতি অন্তঃ কৃষ্ণঃ কৃষ্ণবর্ণো যস্য স তং, বহির্বাহে গৌরো গৌরবর্ণো যস্য সঃ তং, দর্শিতমঙ্গাদীনাং বৈভবং যস্য স তম্. এবংভূতং শ্রীকৃষ্ণচৈতন্যং কলৌ সঙ্কীর্তনাদ্যৈঃ বয়মাশ্রিতাঃ স্মঃ ইত্যনেন তদাশ্রয়ং বিনা কলৌ প্রেমাদিকং সুদুর্লভমিত্যর্থঃ। যথা চৈতন্যচন্দ্রামৃতে (ষড়্‌বিংশঃ শ্লোকঃ),—

অপ্যগণ্যমহাপুণ্যমনন্ত-চরিতং হরেঃ। অনুপাসিতচৈতন্যমধন্যং মন্যতে মতিঃ ॥ ইতি।

মমেতি শেষ ইতি শ্রীপ্রবোধানন্দেনোক্তম্ ॥ ৮০ ॥

অথ শ্রীকৃষ্ণচৈতন্যাবতারঃ পূর্বোক্তকলাবেবেতি বহির্মুখমুখমুদ্রণার্থমুপপুরাণ-বচনমাহ গ্রন্থকারঃ—অহমেবেতি। হে ব্রহ্মন্ ক্বচিৎ কলৌ, অহমেব ন ত্বন্যাবতারঃ, সন্ন্যাসাশ্রমমাশ্রিতঃ সন্ পাপেন হতান্নষ্টপ্রায়ান্ নরান্মনুষ্য-মাত্রান্ হরিভক্তিং

বঙ্গানুবাদ

৮০। যিনি কলিযুগে বহির্ভাগে গৌরবর্ণ হইয়াও অন্তরে কৃষ্ণ এবং যিনি অঙ্গ-উপাঙ্গরূপ অস্ত্র ও পার্ষদবর্গকে পৃথিবীতে আবির্ভাবিত করিয়াছেন, আমরা সংকীর্তনযজ্ঞে সেই শ্রীকৃষ্ণচৈতন্যের আশ্রয় লইলাম।

৮২। হে ব্রহ্মন্! আমিই কোন কলিযুগে (অর্থাৎ বৈবস্বতমন্বন্তরের অষ্টাবিংশ চতুর্যুগে) সন্ন্যাসাশ্রম গ্রহণ করতঃ পাপমলিন জনগণকে হরিভক্তি গ্রহণ করাইব।

পাঠান্তর

১ (৪র্থ) সেহ [গ, ছ, ট] সেই [চ], ২ (৩য়) সব [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৩ (৪র্থ) মুখ্য [খ], ৪ (১ম-৩য়) শ্রীবাসাদি ভক্ত যত সকল [ত]; ৬ (৫ম) পাষণ্ডী [ক, খ, গ]; ৭, ৮ (২য়, ৫ম) সাক্ষাত [খ, গ]। ৯ (২য়)-সব [ক, ঘ], গণ [খ, ছ, ঝ, ট, ড]; ১১ (১ম) পাষণ্ডি- [ক, খ, ঘ, ঞ, ঠ, ণ, ত], ১২ (১ম) অদ্বৈত- [ঠ, ঢ]; ১৫ (২য়) সে [ঘ, ছ, ঞ, ঠ, ঢ, ত]; ২০ (২য়) শ্লোকার্থ [ঘ, ঙ, চ, ঝ, ত] ; ২৬ (৪র্থ) কয়্যাছেন [ক] কহিল [খ], কৈল [ঙ], (৫ম) বচন [ক, ঘ, ট, ড], নারায়ণ [ঙ]।

ভাগবত ভারত শাস্ত্র আগম পুরাণ।
চৈতন্যকৃষ্ণ-অবতারে প্রকট প্রমাণ ॥ ৮৩
প্রত্যক্ষে দেখহ নানা প্রকট প্রভাব।
অলৌকিক কর্ম, অলৌকিক অনুভাব ॥ ৮৪
৫ দেখিয়া না দেখে যত অভক্তের গণ।
উলুকে না দেখে যেন সূর্যের কিরণ ॥ ৮৫

তথা হি যামুনাচার্যস্তোত্রে (স্তোত্ররত্নে ১৫শঃ শ্লোকঃ)—
ত্বাং শীলরূপচরিতৈঃ পরমপ্রকৃষ্ট-
সত্ত্বেন সাত্ত্বিকতয়া প্রবলৈশ্চ শাস্ত্রৈঃ।
১০ প্রখ্যাতদৈবপরমার্থবিদাং মতৈশ্চ,
নৈবাসুরপ্রকৃতয়ঃ প্রভবন্তি বোদ্ধুম্ ॥ ৮৬

আপনা লুকাইতে প্রভু নানা যত্ন করে।
তথাপি তাঁহার ভক্ত জানয়ে তাঁহারে ॥ ৮৭

তথা হি তত্রৈব (স্তোত্ররত্নে অষ্টাদশঃ শ্লোকঃ)—
১৫ উল্লঙ্ঘিতত্রিবিধসীম-সমাতিশায়ি-,
সম্ভাবনং তব পরিব্রঢ়িমস্বভাবম্।
মায়াবলেন ভবতাপি নিগুহ্যমানং,
পশ্যন্তি কেচিদনিশং ত্বদনন্যভাবাঃ ॥ ৮৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

গ্রাহয়ামি, ভক্তরূপেণ স্বয়মেব গৃহীত্বা তান্ গ্রাহয়ামি। কচিৎ কলাবিত্যনেন পূর্বোক্ত কলাবেব ন তু সর্বস্মিন্ কলা-বিত্যায়াতম্। সপ্তমস্কন্ধে চ (৭।৯।৩৮) 'ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্' ইতি বচনাৎ। কলৌ আচ্ছন্নাবতারো জ্ঞাপিতঃ ॥ ৮২ ॥

অতঃ বহির্মুখপাষণ্ডজনৈঃ ন জ্ঞাতুং শক্যতে ইতি পরম ভাগবতোত্তম যামুনাচার্য আহ—ত্বামিতি। ত্বামাসুরপ্রকৃতয়ঃ আসুরী প্রকৃতির্যেষাস্তে, স্ত্রিয়াঃ পুংবদিত্যাদিনা পুংবদ্ভাবঃ, পাষণ্ডবিভিন্নচেতসঃ ইত্যর্থঃ; জ্ঞাতুং ন প্রভবন্তি ন সমর্থা ভবন্তি; ত্বাং কথংভূতম্? শীলরূপচরিতৈঃ শীলঞ্চ রূপঞ্চ চরিতঞ্চ তানি তৈঃ, পরমপ্রকৃষ্টসত্ত্বেন পরমোৎকৃষ্টেন সত্ত্বেন শুদ্ধসত্ত্বেন বলেন বা প্রবলৈঃ শাস্ত্রৈশ্চ, প্রখ্যাত-দৈবপরমার্থবিদাংমতৈশ্চ প্রখ্যাতো যো দৈব-পরমার্থঃ তং বিদন্তি যে তেষাং পরাশরাদীনাং মতৈশ্চ, প্রসিদ্ধমিতি শেষঃ ॥ ৮৬ ॥

অথ ভক্তভগবৎকৃপা যেষু স্যাত্তৈরেব জ্ঞাতুং শক্যতে নান্যৈরিত্যাহ তত্রৈব—উল্লঙ্ঘিতেতি। হে ভগবন্! মায়াবলেন ভবতা নিগুহ্যমানমপি তব পরিব্রঢ়িমস্বভাবং পরিব্রঢ়িম্নঃ প্রভুত্বস্য স্বভাবং স্বরূপং কেচিদ্বিরলপ্রচারাঃ ত্বদনন্যভাবাঃ ত্বয্যনন্যঃ ঐকান্তিকো ভাবো যেষাস্তে অনিশং নিরন্তরং, পশ্যন্তীত্যুপলক্ষণম্, অপশ্যন্ দ্রক্ষ্যন্তি চ। অনিশমিতি প্রত্যক্ষেণ ভাবদ্বারেণ বা। মায়াবলেনেতি মায়া যোগমায়া চিচ্ছক্তিঃ, ন তু বহিরঙ্গা। 'মায়া পরৈত্যভিমুখে চ বিলজ্জমানা' ইতি দ্বিতীয় স্কন্ধবচনাৎ

বঙ্গানুবাদ

৮৬। হে ভগবন্! তোমার সর্বোৎকৃষ্ট শীল, রূপ, চরিত ও অসমোর্ধ্ব বল এবং সত্ত্বপ্রধান প্রবলশাস্ত্ররাশি এবং প্রসিদ্ধ দৈবপরমার্থবেত্তা পণ্ডিতগণের মতদ্বারাও আসুর প্রকৃতি জনগণ তোমাকে জানিতে সমর্থ নহে।

৮৮। হে ভগবন্! যিনি দেশ ও কালকৃত পরিচ্ছেদ এবং পরিমাণ, এই ত্রিবিধ সীমাকে উল্লঙ্ঘন করিয়াছেন এবং যাঁহার সমতা ও অতিশয়ের সম্ভাবনা নাই, তুমি যোগমায়াপ্রভাবে তোমার সেই প্রভুত্বের স্বভাব গোপন করিলেও, তোমার কতিপয় অনন্যভক্ত নিরন্তর তাহা সাক্ষাৎ করিয়া থাকেন।

পাঠান্তর

২ (১ম)-অবতার [ক, ট, ড, থ, দ, ধ]; ৩ (১ম) প্রত্যক্ষ [খ, ঞ, ঠ, ঢ, ণ, থ], (২য়) দেখিএ [ক, খ], দেখয়ে [গ, ঙ, ছ, জ, ত]; ৫ (১ম) দেখিতে [ক, খ, গ, ঘ, ঞ, ত], ৬ (৪র্থ) যৈছে [গ, ঘ, চ, জ, ঞ]; ১২ (৩য়) কৃষ্ণ [ধ]।

অসুর-স্বভাব কৃষ্ণে কভু নাহি জানে।
লুকাইতে নারে কৃষ্ণ ভক্তজনস্থানে ॥ ৮৯

তথা হি পাদ্মে —

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
৫ বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আসুরস্তদ্বিপর্যয়ঃ ॥ ৯০

আচার্যগোসাঞি কৃষ্ণের ভক্ত-অবতার।
কৃষ্ণ-অবতার হেতু যাঁহার হুঙ্কার ॥ ৯১
কৃষ্ণ যদি পৃথিবীতে করেন অবতার।
প্রথমেই করেন গুরুবর্গের সঞ্চার ॥ ৯২
১০ মাতা-পিতা-গুরু-আদি যত মান্যগণ।
প্রথমে করেন সভা পৃথিবীতে জনম ॥ ৯৩
মাধব, ঈশ্বরপুরী, শচী, জগন্নাথ।
অদ্বৈত আচার্য প্রকট হৈলা সেই-সাথ ॥ ৯৪
প্রকটিয়া দেখে আচার্য সকল সংসার।
১৫ কৃষ্ণভক্তিগন্ধহীন বিষয়-ব্যবহার ॥ ৯৫
কেহো পাপে কেহো পুণ্যে করে বিষয়ভোগ।
ভক্তিগন্ধ নাহি—যাতে যায় ভবরোগ ॥ ৯৬
লোকগতি দেখি আচার্য করুণ-হৃদয়।
বিচার করেন লোকের কৈছে হিত হয় ? ৯৭
২০ আপনে শ্রীকৃষ্ণ যদি করেন অবতার।
আপনে আচরি ভক্তি করেন প্রচার ॥ ৯৮
নাম বিনু কলিকালে ধর্ম নাহি আর।
কলিকালে কৈছে হবে কৃষ্ণ-অবতার ॥ ৯৯
শুদ্ধভাবে করিব কৃষ্ণের আরাধন।
২৫ নিরন্তর সদৈন্যে করিব নিবেদন ॥ ১০০
আনিয়া কৃষ্ণেরে করোঁ কীর্তনসঞ্চার।
তবে সে 'অদ্বৈত' নাম সফল আমার ॥ ১০১
কৃষ্ণ বশ করিবেন কোন আরাধনে।
বিচারিতে এক শ্লোক আইল তাঁর মনে ॥ ১০২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

(২।৭।৪৭)। 'স্বযোগমায়া চিচ্ছক্তেঃ বলং সমর্থয়তি' বচনাচ্চ। কিংভূতম্? উল্লঙ্ঘিতা অতিক্রান্তাঃ ত্রিবিধসীমানো দেশকালপরিচ্ছেদাঃ যয়া সা তথোক্তা সমানা অতিশায়িনী চ সম্ভাবনা যস্মিন্ চ তম্ ॥ ৮৮ ॥

অতএব ব্রহ্মসৃষ্টেরপি দ্বৈবিধ্যমাহ—দ্বৌ ভূতসর্গাবিতি। অস্মিন্ লোকে ভুবনে ভূতসর্গৌ দ্বৌ দ্বিপ্রকারৌ ভবতঃ তদাহ—দৈব আসুরশ্চ হি নিশ্চিতম্। ননু কো বা দৈবলোকঃ, কো বা আসুরলোক ইত্যপেক্ষায়ামাহ—বিষ্ণুভক্তো দৈবঃ দেবসর্গঃ স্মৃতঃ, তদ্বিপর্যয়ো ভগবদ্বহির্মুখঃ আসুরঃ অসুরসর্গঃ স্মৃতঃ কথিত ইত্যর্থঃ ॥ ৯০ ॥

বঙ্গানুবাদ

৯০। এই পৃথিবীতে দৈব এবং আসুরভেদে প্রাণিসৃষ্টি দুই প্রকার; তন্মধ্যে হরিভক্তি পরায়ণ দৈব ও তদ্বিপরীত হরিবহির্মুখ আসুর।

পাঠান্তর

১ (১ম) অসুর-স্বভাব [ক, খ, গ, চ, ছ, জ, ঝ, ধ], ২ (৪র্থ) ভক্তগণস্থানে [ক]; ৬ (২য়) কৃষ্ণের [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ, ঠ, ঢ, ত], ৭ (৪র্থ) তাঁহার [ক]; ১০ (১ম) মাতা-পিতা [ক, খ, গ, ছ, ণ] ১৬ (১ম, ৩য়) কেহ [ঘ, ছ, ঝ, ট, ড, ঢ, ত, থ, দ, ধ]; ১৭ (৩য়) যাথে [ট] (৪র্থ) জয় [ট], (৫ম) বিষয়রোগ [ক], সবরোগ [ঞ]; ১৮ (১ম-৩য়) লোকের দুর্গতি দেখি [ত]; ২০ (১ম) আপনি [ট, ড, ণ, থ, দ, ধ, ন] ২১ (১ম) আপনি [ক, খ, ছ, জ, ঞ], (৩য়) ধর্ম [ক]; ২২ (২য়) বিনে [খ, ছ, ত], বিনা [ঘ, চ, দ]; ২৩(৪র্থ) প্রভুর অবতার [খ]; ২৪ (২য়) করিমু [ঙ, ঠ, ঢ], ২৫ (২-৩য়) দৈন্য করি করিমু [খ, গ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ], (৩য়) করিমু [জ, ত]; ২৬ (৩য়) করাব [ক], করিমু [গ, ঙ, ছ, জ, ঞ], (৪র্থ) কীর্তনপ্রচার [জ], ২৭ (২য়) সার্থক [ক]; ২৮ (৩য়) করিব যে [ক], করিবেক [গ, ঘ, চ], করিব আমি [ছ], হইবেন কোন্ [ঞ], করিমু মুঞি [ত], ২৯ (৪র্থ) হল্য [ক], হৈল [খ, গ, ঙ, ঞ, ট, ঠ, ঢ, ত, দ]।

তথা হি (শ্রীহরিভক্তিবিলাসে ১১।১১০ ধৃত গৌতমীয়তন্ত্র)

তুলসীদলমাত্রেণ জলস্য চুলুকেন বা।

বিক্রীনীতে স্বমাত্মানং

ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ১০৩

৫ এই শ্লোকার্থ আচার্য করেন বিচারণ।

জল-তুলসী কৃষ্ণকে দেয় যেই জন ॥ ১০৪

তার ঋণ শোধিতে কৃষ্ণ করেন চিন্তন।

তুলসীর সম কিছু ঘরে নাহি ধন ॥ ১০৫

তবে আত্মা বেচি করে ঋণের শোধন।

১০ এত ভাবি আচার্য করেন আরাধন ॥ ১০৬

গঙ্গাজল তুলসীমঞ্জরী অনুক্ষণ।

কৃষ্ণের চরণ ভাবি করেন সমর্পণ ॥ ১০৭

তথাহি বৃহদ্গৌতমীয়ে—

'সাগ্রং যত্তুলসীপত্রং দ্বিদলং ক্ষুদ্রমেব চ।

১৫ মঞ্জরী সা তু বিখ্যাতা প্রশস্তা কৃষ্ণপূজনে ॥ ১০৮

যথা রাধা চ দয়িতা তথা চ মঞ্জরী হরেঃ।

তস্মাদ্দেয়া প্রযত্নেন চন্দনেন তু মিশ্রিতা ॥ ১০

কৃষ্ণের আহ্বান করে করিয়া হুঙ্কার।

এইমতে কৃষ্ণেরে করাইল অবতার ॥ ১১০

২০ চৈতন্যের অবতারে এই মুখ্য হেতু—।

ভক্তের ইচ্ছায় অবতরে ধর্মসেতু ॥ ১১১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ সামান্যতো ভক্তানাং ভক্তিপূর্বক-পত্রপুষ্পাদেরর্পণমপ্যত্যাদরেণ ভগবান্ গৃহ্ণাত্যেব, ঐকান্তিকানাস্তু যেন কেনাপি দত্তেন ভগবান্ বশীভবতি। ইত্যাহ—তুলসীতি। তুলসীদলং পত্রং তন্মাত্রেণোত্যুক্তেঃ একেনৈব পত্রেণ ভগবান্ বশীভবত্যেব, কিমুত বহুদলেনেত্যর্থঃ। জলস্য চুলুকেন চেত্যনেন ভক্তদত্তসামগ্র্যা অতিশয়রুচিজনকত্বং বিজ্ঞাপিতম্। ভগবানিতি শেষঃ। স্বমাত্মানং ভক্তেভ্যো বিক্রীনীতে বিক্রীতং বশীকরোতি। কুতঃ, যতো ভক্তবৎসলঃ ভক্তেষু প্রেমবান্। অন্যত্রাপি 'ভাব-গ্রাহী জনার্দনঃ' ইতি বচনাদ্ভক্ত-বাৎসল্যমুক্তম্ ॥ ১০৩ ॥

বঙ্গানুবাদ

১০৩। ভক্তবৎসল হরি ভক্তদত্ত কেবল তুলসীদল অথবা এক গণ্ডূষ জলদ্বারা আপনাকে ভক্তাধীন করেন।

১০৮-১০৯। সুকোমল অগ্রভাগের সহিত দ্বিদল যে তুলসীপত্র তাহাই মঞ্জরী-নামে বিখ্যাতা। এবং শ্রীকৃষ্ণপূজায় প্রশস্তা। শ্রীরাধিকা যেরূপ শ্রীহরির প্রিয়তমা, শ্রীতুলসী মঞ্জরীও তদ্রূপ। সুতরাং অতি যত্ন সহকারে সুবাসিত চন্দনের সহিত মিশ্রিত করিয়া শ্রীতুলসী মঞ্জরী শ্রীগোবিন্দচরণে অর্পণ করাই বিধি।

পাঠান্তর

৪ পঙ্ক্তির পর অধিক পাঠ—তথাহি বৃহদ্গৌতমীয়ে—সাগ্রং যত্তুলসীপত্রং দ্বিদলং ক্ষুদ্রমেব চ। মঞ্জরী সা তু বিখ্যাতা প্রশস্তা কৃষ্ণপূজনে॥ যথা রাধা চ দয়িতা তথা চ মঞ্জরী হরেঃ। তস্মাদ্দেয়া প্রযত্নেন চন্দনেন তু মিশ্রিতা॥ [ছ]; ৬ (১ম-২য়) কৃষ্ণকে তুলসী-জল [ড, ণ, থ, দ, ধ, ন]; ৮ (১ম) জল-তুলসীর [ঝ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৯ (১ম) তারে [ট, দ], তাতে [ভ]; ১০ (৪র্থ) করে সেই [ঘ, ঙ, চ, ছ, জ, ঠ, ঢ, ত]; ১১ (২য়) তুলসী কৃষ্ণকে দেন [খ], তুলসীমঞ্জরী দেন [ক, গ, ঙ, জ, ঞ, ট]; ১২ (১ম, ২য়) কৃষ্ণপাদপদ্ম [ট, ড, ণ, থ, দ, ধ, ন], (৪র্থ) করেন [ক, খ, ঙ, ঞ, ণ, দ, ন]; ১২ এই দুইটি শ্লোকের ১মটি 'গ, জ' এবং দুইটি খ, ঙ, 'চ' ছ, ঝ পুথিতে আছে। (৮ম) অবতার [ক খ, ঘ, চ, ঝ, ট, ড, থ, দ, ধ,]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (৩।৯।১১)—

ত্বং ভক্তিযোগপরিভাবিতহৃৎসরোজ,
আস্সে শ্রুতেক্ষিতপথো নন্বু নাথ পুংসাম্।
যদ্‌যদ্‌ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি,
৫ তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥ ১১২

এই শ্লোকের অর্থ কহি সংক্ষেপের সার।
ভক্তের ইচ্ছায় কৃষ্ণের সর্ব অবতার ॥ ১১৩
চতুর্থ-শ্লোকের অর্থ হৈল সুনিশ্চিতে।
অবতীর্ণ হৈলা গৌর প্রেম প্রকাশিতে ॥ ১১৪
১০ শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১১৫

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং আশীর্বাদ-মঙ্গলাচরণে
শ্রীচৈতন্যাবতার-সামান্যকারণং নাম তৃতীয়পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

স এবার্থস্তৃতীয়স্কন্ধে ব্রহ্মণোক্তঃ—ত্বমিতি। হে নাথ অনাথবন্ধো! ত্বং ভক্তিযোগ-পরিভাবিত-হৃৎ-সরোজে ভক্তিযোগেন প্রেমভক্তিযোগেন; 'ভক্ত্যা সঞ্জাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুম্' ইত্যেকাদশস্কন্ধবচনাৎ (১১।৩।৩১)। পরিভাবিতং সর্বতোভাবেন শোধিতং যৎ হৃৎসরোজং তস্মিন্ আস্সে তিষ্ঠসি। ত্বং কথংভূতঃ? শ্রুতেক্ষিতপথঃ শ্রুতৈঃ বেদৈরীক্ষিতঃ অন্বেষণীয়ঃ পন্থা যস্য সঃ; 'ভেজু র্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাম্ ইতি দশমস্কন্ধবচনাৎ (১০।৪৭।৬১)। পুংসামিত্যুপলক্ষণম্। 'স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্' ইতি ভগবদ্গীতায়াম্ (৯।৩২) মুখ্যত্বাম্বা। হে উরুগায় উরুভির্নারদাদ্যৈর্গীয়ত ইত্যুরুগায়, তে পুংসো ধিয়া যদ্‌যদ্ বপুর্বিভাবয়ন্তি ধ্যায়ন্তি সদনুগ্রহায় তত্তদ্বপুঃ প্রণয়সে প্রকটয়সি সদনুগ্রহায়েত্যনেন ভক্তবশত্বং সূচিতম্ ॥ ১১২ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য-চরিতামৃতবর্ণনে।
পরিচ্ছেদে তৃতীয়েঽস্মিন্ কৃষ্ণচৈতন্য-নির্ণয়ঃ ॥

ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাং আদিলীলায়াং শ্রীকৃষ্ণচৈতন্যনির্ণয়ো নাম তৃতীয়ঃ পরিচ্ছেদঃ ॥

বঙ্গানুবাদ

১১২। হে নাথ! স্ব প্রতিপাদক বেদ এবং বৈদিক-শাস্ত্রের বিচার শ্রবণ দ্বারা যাঁহার পথ সমালোচিত হয়, সেই তুমি প্রেমবাসিত ভক্ত-হৃদয়ে নিরন্তর অবস্থিতি করিয়া থাক। হে উরুগায়! তোমার সেই ভক্তেরা প্রেমবাসিত বুদ্ধি দ্বারা যিনি যে যে রূপ চিন্তা করেন, তুমি কৃপা করিয়া সেই সেই তনু তাঁহাদিগের সমীপে প্রকাশ করিয়া থাক।

পাঠান্তর

৮ (৩য়) কৈল [চ, ধ]

চতুর্থ পরিচ্ছেদ

শ্রীচৈতন্যপ্রসাদেন তদ্রূপস্য বিনির্ণয়ম্।
বালোঽপি কুরুতে শাস্ত্রং দৃষ্ট্বা ব্রজবিলাসিনঃ ॥১

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২
৫ চতুর্থ-শ্লোকের অর্থ কৈল বিবরণ।
পঞ্চম-শ্লোকের অর্থ শুন ভক্তগণ ॥ ৩
মূল শ্লোকের অর্থ করিতে প্রকাশ।
অর্থ লাগাইতে আগে কহিয়ে আভাস ॥ ৪
চতুর্থ-শ্লোকের অর্থ এই কৈল সার।
১০ প্রেম-নাম প্রচারিতে এই অবতার ॥ ৫
সত্য এই হেতু, কিন্তু এহো বহিরঙ্গ।
আর এক হেতু শুন আছে অন্তরঙ্গ ॥ ৬
পূর্বে যৈছে পৃথিবীর ভার হরিবারে।
কৃষ্ণ অবতীর্ণ হৈলা—শাস্ত্রেতে প্রচারে ॥ ৭
১৫ স্বয়ংভগবানের কর্ম নহে ভার-হরণ।
স্থিতিকর্তা বিষ্ণু করে' জগত-পালন ॥ ৮
কিন্তু কৃষ্ণের যেই হয় অবতার-কাল।
ভারহরণকাল তাতে হইল মিশাল ॥ ৯
পূর্ণ ভগবান্ অবতরে যেই-কালে।
২০ আর সব অবতার তাতে আসি মিলে ॥ ১০
নারায়ণ চতুর্ব্যূহ মৎস্যাদ্যবতার।
যুগ-মন্বন্তরাবতার যত আছে আর ॥ ১১
সভে আসি' কৃষ্ণ-অঙ্গে হয় অবতীর্ণ।
ঐছে অবতরে কৃষ্ণ ভগবান্ পূর্ণ ॥ ১২
২৫ অতএব বিষ্ণু তখন কৃষ্ণের শরীরে।
বিষ্ণুদ্বারে কৃষ্ণ করে' অসুর-সংহারে ॥ ১৩
আনুষঙ্গ কর্ম এই অসুর-মারণ।
যে লাগি অবতার, কহি সে মূল কারণ ॥ ১৪
প্রেমরস-নির্যাস করিতে আস্বাদন।
৩০ রাগমার্গ-ভক্তি লোকে করিতে প্রচারণ ॥ ১৫
রসিকশেখর কৃষ্ণ পরম-করুণ।
এই দুই হেতু হৈতে ইচ্ছার উদ্গম ॥ ১৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ প্রেমনামপ্রচারার্থং বাহ্যাবতারপ্রয়োজনমুক্ত্বা ইদানীমতিনিগূঢ়ান্তরপ্রয়োজনং কথয়িতুং স্বাভীষ্টদেবং প্রণমতি—শ্রীচৈতন্যেতি। বালোঽপি শ্রীচৈতন্যপ্রসাদেন ব্রজবিলাসিনঃ শ্রীকৃষ্ণস্য শাস্ত্রং শ্রীভাগবতাদিকং দৃষ্ট্বা তদ্রূপস্য শ্রীচৈতন্যরূপস্য বিনির্ণয়ং বিশেষেণ নির্ণয়ং কুরুতে ইতি। পরমকারুণিকত্বাৎ তৎকৃপাবলম্ব-নিগূঢ়ান্তরঙ্গপ্রয়োজননিরূপণে প্রবৃত্তোঽহমিতি ভাবঃ ॥১॥

বঙ্গানুবাদ

১। শ্রীচৈতন্যদেবের অনুগ্রহে বালকও পুরাণাদি শাস্ত্রদৃষ্টে ব্রজবিলাসী শ্রীকৃষ্ণের নবদ্বীপলীলার মূলকারণ নির্ণয় করিতে প্রবৃত্ত হইতেছে।

পাঠান্তর

৩ (৩য়) গৌরচন্দ্র [ক, ঘ, ঙ, চ, জ, ত], নিত্যানন্দ [খ], (৪র্থ) গৌরচন্দ্র [খ] ; ৫ (২য়, ৩য়) কৈল অর্থ [ক, ঙ, ছ, জ, ঞ] ; ৬ (৪র্থ) দিয়া মন [ট, ড, থ, দ, ধ] ; ৮ (৩য়) তার [ক], (৪র্থ) করিয়ে [ক, গ, চ, ছ, জ, ঝ ঞ, ট] ; ১০ (৩য়) কৃষ্ণ [ঘ] ; ১২ (৪র্থ) কিন্তু [ছ] ; ১৩ (২য়) যেন [খ, ট, ঠ ড, ঢ, ণ, থ, দ, ধ, ন] ; ১৬ (৩য়) করেন [খ, ঙ, ছ, জ, ড, ধ], (৪র্থ) জগৎ [খ, চ, ছ, ঝ, ড, ঢ, থ, দ, ধ] ; ১৭ (৩য়) যেই [খ, ঙ, ঢ, ত, ধ] ; ১৯ (৩য়) অবতার [ক, গ, ঘ]; ২০ (৪র্থ) তাথে [ক], তাঁরে [গ, চ, ঝ] ; ২২ (২য়) বিষ্ণু যত [খ, গ, ঘ, ঙ, জ, ত] ; ২৬ (২য় ৩য়) করে কৃষ্ণ [ঠ, ণ, ন] ; ২৯ (১ম) লীলারস [ঝ] ; ৩০ (২য়) ভক্ত, (৪র্থ) প্রকটন [জ] ; ৩২ (৪র্থ) দুই [খ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, ত], তার [ছ, জ]।

ঐশ্বর্য্যজ্ঞানেতে সব জগত মিশ্রিত।
ঐশ্বর্য্যশিথিল-প্রেমে নাহি মোর প্রীত ॥ ১৭
আমাকে ঈশ্বর মানে—আপনাকে হীন।
তার প্রেমে বশ আমি না হই অধীন ॥ ১৮
৫ আমাকে ত যে-যে ভক্ত ভজে যেই-ভাবে।
তারে সে-সে-ভাবে ভজি—এ মোর স্বভাবে ॥১৯

তথা হি শ্রীমদ্ভগবদ্গীতায়াম্ (৪।১১)—

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ ২০

১০ মোর পুত্র, মোর সখা, মোর প্রাণপতি।
এইভাবে মোরে যেই করে শুদ্ধরতি ॥ ২১
আপনাকে বড় মানে,—আমাকে সম হীন।
সর্ব-ভাবে হই আমি তাহার অধীন ॥ ২২

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৮২।৪৪)—

১৫ ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে।
দিষ্ট্যা যদাসীন্মৎস্নেহো ভবতীনাং মদাপনঃ ॥ ২৩

মাতা মোরে পুত্রভাবে করেন বন্ধন।
অতি-হীনজ্ঞানে করে লালন-পালন ॥ ২৪
সখা শুদ্ধ-সখ্যে করে স্কন্ধে আরোহণ।
২০ 'তুমি কোন্ বড়লোক ?—তুমি আমি সম' ॥ ২৫
প্রিয়া যদি মান করি' করয়ে ভৎর্সন।
বেদস্তুতি হৈতে হরে সেই মোর মন ॥ ২৬
এই শুদ্ধভক্ত লঞা করিমু অবতার।
করিব বিবিধভাতি অদ্ভুত বিহার ॥ ২৭
২৫ বৈকুণ্ঠাদ্যে নাহি যে-যে লীলার প্রচার।
সে-সে লীলা করিব, যাতে মোর চমৎকার ॥ ২৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ সর্বরসবিষয়রূপঃ স্বয়ংভগবান্ সর্বজীবান্ প্রতি প্রতিজ্ঞাং কৃত্বা শ্রীভগবদ্গীতায়ামর্জুনমাহ—যে যথেতি। যে জনাঃ যথা যেন প্রকারেণ মাং প্রপদ্যন্তে প্রপন্না ভবন্তি তাংস্তথৈবাহং ভজামি অনুগৃহ্লামি। অতঃ হে পার্থ, সর্বশঃ সর্বে মনুষ্যাঃ সর্বপ্রকারৈর্বা মম বর্ত্মমার্গং অনুবর্তন্তেঽনুগতা ভবন্তি ॥২০॥

অথ কুরুক্ষেত্র-যাত্রায়ামাত্মনঃ প্রেমাধীনত্বং শ্রীগোপীঃ প্রতি দশমে স্বয়মেবাহ—ময়ীতি। হে গোপ্যঃ, ভূতানাং জীবমাত্রাণাং ময়ি মদ্বিষয়ে শ্রবণকীর্তনাদীনাং মধ্যে একতরাপি ভক্তিঃ হি নিশ্চিতমমৃতত্বায় সংসারমোক্ষায় কল্পতে সমর্থা ভবতি, মরণধর্মরহিতত্বায় বা। ইত্যনেন ভক্তিরহিতজ্ঞানস্য নিষ্ফলত্বং সূচিতম্—"শ্রেয়ঃসৃতিং ভক্তিম্" (ভা ১০।১৪।৪) ইত্যাদৌ ভক্তিরহিত-জ্ঞানস্য নিষ্ফলত্বমুক্তম্। অহো কিং বক্তব্যমিত্যাদরেণাহ—দিষ্ট্যেতি। ভবতীনাং যুষ্মাকং যৎ ময়ি স্নেহঃ আসীৎ, দিষ্ট্যা ভাগ্যেন, অতিদুর্লভ ইতি ভাবঃ। স কথংভূতঃ? মদাপনঃ মৎপ্রাপকঃ মদ্বশীকারক ইত্যর্থঃ ॥২৩॥

বঙ্গানুবাদ

২০। হে অর্জুন! যাহারা সকাম নিষ্কামাদি যে ভাবে আমাকে উপাসনা করে, আমি তাহাদিগকে সেই ভাবেই অনুগ্রহ করিয়া থাকি। কর্মাধিকারী মনুষ্যসকল নানা প্রকারে পূজা করিলেও তাহারা একমাত্র আমার ভজনপথেরই অনুসরণ করিয়া থাকে।

২৩। শ্রবণাদি নববিধ-সাধন ভক্তির দ্বারা আমাতে সামান্য প্রীতিই প্রাণিগণের সংসার মোচনে সমর্থ। কোন ভাগ্যবশে তোমাদিগের আমাতে যে আমার চিত্তাকর্ষক স্নেহ নিত্য বর্তমান রহিয়াছে, তাহা আর বিয়োগ হইবে না।

পাঠান্তর

১ (৩য়) জগৎ [ক, ঝ, ড, থ, দ, ধ]; ৩ (১ম) আমারে [ড, ণ, থ, ধ, ন], (৩য়) মতি [ক, গ, ঘ, জ, ট,]; ৬ (২য়) সেই
৫ (১ম) আমারে [খ, গ, ঘ, ঙ, ঞ, ঠ, ঢ], (৫ম) ভাবে [ক, ঘ], (৬ষ্ঠ) যে-যে-[খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ]; ১২ (৪র্থ) আমারে [ড, ণ, থ, দ, ধ, ন]; ১৩
[ঘ, চ, জ, ত]; ১১ (৫ম) শুদ্ধভক্তি [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ১৭ (২য়) মোকে [গ, ঘ, ঙ, ঞ, ঠ, ঢ]; ২৩ [২য়] শুদ্ধভক্তি [ট, ড, ণ, থ, দ],
(১ম) সেই-[ছ, ট, ড, ণ, থ, দ, ধ];
শুদ্ধাভক্তি [ধ]; ২৪ (২য়) বিবিধবিধ [ট, ড, ণ, থ, দ, ধ, ন]।

মো-বিষয়ে গোপীগণের উপপতিভাবে।
যোগমায়া করিবেক আপন প্রভাবে ॥ ২৯
আমিহ না জানি তাহা—না জানে গোপীগণ।
দুহাঁর রূপগুণে দুহাঁর নিত্য হরে মন ॥ ৩০
৫ ধর্ম ছাড়ি' রাগে দুহেঁ করয়ে মিলন।
কভু মিলে, কভু না মিলে,—দৈবের ঘটন ॥ ৩১
এই সব রসনির্য্যাস করিব আস্বাদ।
এই-দ্বারে করিব সব-ভক্তেরে প্রসাদ ॥ ৩২
ব্রজের নির্ম্মল রাগ শুনি' ভক্তগণ।
১০ রাগমার্গে ভজে যেন ছাড়ি ধর্মকর্ম ॥ ৩৩

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩৩।৩৬)—

অনুগ্রহায় ভক্তানাং
মানুষং দেহমাশ্রিতঃ।
ভজতে তাদৃশীঃ ক্রীড়া
১৫ যাঃ শ্রুত্বা তৎপরো ভবেৎ ॥ ৩৪

'ভবেৎ' ক্রিয়া বিধিলিঙ্, সেই ইহা কহে।
কর্তব্য অবশ্য এই, অন্যথা প্রত্যবায়ে ॥ ৩৫
এই বাঞ্ছা যৈছে কৃষ্ণ-প্রাকট্য-কারণ।
অসুর-সংহার—আনুষঙ্গ-প্রয়োজন ॥ ৩৬
২০ এইমত চৈতন্যকৃষ্ণ পূর্ণ ভগবান্।
যুগধর্ম-প্রবর্তন নহে তাঁর কাম ॥ ৩৭
কোন কারণে যবে হৈল অবতারে মন।
যুগধর্ম-কালের হৈল সে-কালে মিলন ॥ ৩৮
দুই হেতু অবতরি' লঞা ভক্তগণ।
২৫ আপনে আস্বাদে প্রেম নামসংকীর্তন ॥ ৩৯
সেই-দ্বারে আচণ্ডালে কীর্তন সঞ্চারে।
নামপ্রেম-মালা গাঁথি পরাইল সংসারে ॥ ৪০
এইমত ভক্তভাব করি অঙ্গীকার।
আপনি আচরি ভক্তি করিল প্রচার ॥ ৪১
৩০ দাস্য, সখ্য, বাৎসল্য আর যে শৃঙ্গার।
চারিবিধ-প্রেম চারি ভক্ত সে আধার ॥ ৪২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

তমেবার্থং দশমে (১০.৩৩।৩৬) পরীক্ষিতং প্রতি শ্রীশুক আহ—অনুগ্রহায়েতি। অত্র (শ্রীধর-) স্বামী (শ্রীমদ্ভাগবত ভাবার্থদীপিকায়াম্)—'নন্বেবং চেদাপ্তকামস্য নিন্দিতে কুতঃ প্রবৃত্তিরিত্যত আহ—অনুগ্রহায়েতি। শৃঙ্গাররসাকৃষ্টচেতসো বহির্মুখানপি স্বপরান্ কর্তুমিতি ভাবঃ।' অত্র শৃঙ্গাররসাকৃষ্টেতি লৌকিকে দোষাবহঃ, নতু অলৌকিক ইত্যেষা। ব্যাখ্যান্তরমাহ—ভক্তানামনুগ্রহায় ভগবানিতি শেষঃ। তাদৃশীঃ রাসাদিরূপাঃ ক্রীড়াঃ ভজতে গৃহ্লাতি। যাঃ শ্রুত্বা মানুষং দেহমাশ্রিতঃ জনোঽপি তৎপরো ভবেৎ, তদাসক্তো ভবেৎ। যদ্বা মানুষং দেহমাশ্রিতঃ প্রকটীকৃতঃ ॥৩৪॥

বঙ্গানুবাদ

৩৪। ভগবান শ্রীকৃষ্ণ ভক্তগণের প্রতি অনুগ্রহার্থ সেইরূপে সচ্চিদানন্দময় মনোহর লীলা করিয়া থাকেন, যাহা শ্রবণ করিয়া নরমাত্রেই ভগবৎ কথা শ্রবণাদিপরায়ণ হইবে।

পাঠান্তর

২ (২য়) করিবেন [ক, খ, ঙ, ছ, জ, ঠ, ঢ, থ], (৪র্থ) স্বভাবে [ক] ; **৩** (৩য়-৪র্থ) জানিমু [ত] (৬ষ্ঠ) জানিবে [ত] ; **৬** (৬ষ্ঠ) দুর্ঘট [খ], দেবের [গ] ; **৭** (৩য়) রসসার [ক, গ, ঘ, ঝ, ঞ, ঠ, ঢ, দ] ; রসনির্যাস [ঙ, ছ, জ, ট, ড, ণ, ত, থ, ধ, ন]; **৮** (৩য়) সর্ব-[ছ, গ, ছ, ঞ, ণ, ত, ন] ; **৯** (৩য়) ভাব [ক] ; **১০** (৫ম) ধর্মাধর্ম [ছ] ; **১৬** (৪র্থ) সেহ [খ, গ], (৬ষ্ঠ) কয় [ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন] ; **১৭** (৫ম) প্রত্যবায় [ঘ, ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন] ; **১৯** (২য়) আনুষঙ্গি-[খ, গ, ঘ, জ, ঝ] ; **২০** (২য়) চৈতন্যপ্রভু [খ], (৩য়) স্বয়ং [ছ] ; **২৩** (১ম)-কাল [চ, ঝ, ঞ, ট, ড, ণ, থ, দ, ধ, ন] ; **২৬** (৪র্থ) সঞ্চার [ক, খ, গ, ঘ, ছ, ত]; **২৭** (৮ম) হার [ক, খ, ছ], সংসার [গ, ঘ, জ, ত], সভারে [ঙ, চ, ঠ, ঢ] ; **২৯** (১ম) আপনে [গ চ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]।

নিজ-নিজ ভাব সভে শ্রেষ্ঠ করি' মানে।
নিজভাবে করে কৃষ্ণসুখ-আস্বাদনে ॥ ৪৩

তটস্থ হইয়া মনে বিচার যদি করি।
সব রস হৈতে শৃঙ্গারে অধিক মাধুরী ॥ ৪৪

৫　তথা হি ভক্তিরসামৃতসিন্ধৌ (২।৫।৩৮)—

যথোত্তরমসৌ স্বাদবিশেষোল্লাসময্যপি।
রতির্বাসনয়া স্বাদ্বী ভাসতে কাপি কস্যচিৎ ॥ ৪৫

অতএব মধুররস কহি তার নাম।
স্বকীয়া-পরকীয়া-ভাবে দ্বিবিধ সংস্থান ॥ ৪৬

১০ পরকীয়া-ভাবে অতি রসের উল্লাস।
ব্রজ বিনু ইহার অন্যত্র নাহি বাস ॥ ৪৭

ব্রজবধূগণের এই ভাব নিরবধি।
তার মধ্যে শ্রীরাধায় ভাবের অবধি ॥ ৪৮

প্রৌঢ় নির্মল ভাব প্রেম সর্বোত্তম।
১৫ কৃষ্ণের মাধুরী আস্বাদনের কারণ ॥ ৪৯

অতএব সেই ভাব অঙ্গীকার করি'।
সাধিলেন নিজবাঞ্ছা গৌরাঙ্গ শ্রীহরি ॥ ৫০

তথা হি স্তবমালায়াম্ (প্রথম-চৈতন্যাষ্টকে ২)—

সুরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং,
২০ মুনীনাং সর্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্যাসঃ প্রেম্ণো
নিখিলপশুপালাম্বুজদৃশাং,
স চৈতন্যঃ কিং মে পুনরপি
দৃশোর্যাস্যতি পদম্ ॥ ৫১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শান্তাদিপঞ্চরসান্ মুখ্যত্বেন গণয়িত্বা পুনঃ শৃঙ্গাররসস্যাধিকমাধুর্যং রসামৃতসিন্ধৌ শ্রীরূপগোস্বামিনোক্তম্—যথোত্তরমিতি। অসৌ রতিঃ চেতোঽনুকূলতা। যথোত্তরং স্বাদবিশেষোল্লাসময্যপি কস্যচিৎ সম্বন্ধে বাসনয়া। বাসনা দ্বিধা প্রাক্তনী ইদানীন্তনী চ। কাপি অনির্বচনীয়া স্বাদ্বী ভাসতে প্রকাশতে। কস্যচিদিত্যুক্তেঃ মধুররসস্য স্বাদুবিশেষত্বং জ্ঞাপিতম্ ॥৪৫॥

অথ স্বকীয়া-পরকীয়া-রূপেণ মধুররসো দ্বিবিধো ভবতি। তত্র পরকীয়ারসমালম্ব্য স্তবমালায়াং শ্রীরূপগোস্বামিনোক্তম্—সুরেশানামিতি। স চৈতন্যঃ পুনরপি মম দৃশোঃ পদং যাস্যতি, কিং দৃগ্‌গোচরীভবতি। কিমিতি লালসা। স কথংভূতঃ? সুরেশানাং ব্রহ্মাদীনাং দুর্গং দুর্গমমিত্যর্থঃ, অধিকৃত্যোক্তত্বাৎ। পুনঃ কিংভূতঃ? উপনিষদাং বেদশিরসামতিশয়েন গতিঃ

বঙ্গানুবাদ

৪৫। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য এবং মধুর এই পঞ্চবিধ রতির বিভাবাদির বৈশিষ্ট্য এবং আধিক্যবশতঃ উত্তরোত্তর শ্রেষ্ঠতা হইলেও শান্তাদির মধ্যে যাহার যে জাতীয় বাসনা অর্থাৎ সংস্কার থাকে, তাহার সেই রতিই পরম স্বাদু বলিয়া প্রতীত হয়।

৫১। যিনি ইন্দ্রাদি দেবগণের অভয়দাতা, উপনিষদের একমাত্র লক্ষ্য, মুণিগণের ঐহিক-পারত্রিকের সর্বস্ব, দাসভক্তগণের দাস্যভক্তিমাধুর্য এবং সমস্ত ব্রজ-বনিতার শ্রীকৃষ্ণবিষয়ক প্রেমের সার, সেই শ্রীচৈতন্যদেব কি পুনর্বার আমার নয়নগোচর হইবেন।

পাঠান্তর

১ (৩য়) সবে [ঘ, চ, ছ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, ন], ; ৩ (৩য়) হৃদি [খ, ঙ, চ, ট, ড, ধ], ইহা [ঘ], হৃদে [দ] ; ৮ (৩য়) করি [ক, খ, গ, ঘ, ঙ, ছ, ঞ, ত] ; ৯ (১ম) -রূপে [চ, ট, ড, ধ] ; ১০ (১ম) পরকীয়-[ঝ, ধ,] ; ১১ (২য়) বিনু [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঞ, ত] ; ১৩ (৩য়) শ্রীরাধিকার [ক, চ, ত], শ্রীরাধার [চ, ট, ড, দ, ধ] ; ১৪ (৩য়) তাঁর [ক, খ, ঙ, দ] ; ১৫ (১ম) শ্রীকৃষ্ণ [থ, ছ,], (২য়-৩য়) মাধুর্যরস-আস্বাদ [চ, ড, দ, ধ] ; ১৭ (৩য়-৪র্থ) শ্রীগৌরাঙ্গ হরি [খ]।

তত্রৈব (দ্বিতীয়-চৈতন্যাষ্টকে ৩)—

অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী,
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।
রুচং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্,
৫ স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫২

ভাব-গ্রহণ-হেতু কৈল ধর্ম সংস্থাপন।
মূল-হেতু আগে শ্লোকে করি বিবরণ ॥ ৫৩
ভাবগ্রহণের এই শুনহ প্রকার।
তাহা লাগি' পঞ্চম-শ্লোকের করিয়ে বিচার ॥ ৫৪
১০ এই ত পঞ্চম-শ্লোকের কহিল আভাস।
এবে কহি সেই শ্লোকের অর্থ প্রকাশ ॥ ৫৫

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিরস্মা-,
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
১৫ চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তং,
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্ ॥ ৫৬

রাধা কৃষ্ণ এক-আত্মা দুই দেহ ধরি'।
অন্যোন্যে বিলসে রস আস্বাদন করি ॥ ৫৭
সেই দুই এক এবে—চৈতন্যগোসাঞি।
২০ ভাব আস্বাদিতে দোঁহে হৈলা একঠাঞি ॥ ৫৮
ইথি লাগি আগে করি তার বিবরণ।
যাহা হৈতে হয় গৌরের মহিমা-কথন ॥ ৫৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

প্রাপ্তিস্থানম্; পুনঃ মুনীনাং নারদাদীনাং সর্বস্বং সর্বস্বভূতম্, আশ্রিতভক্তত্বাৎ; পুনঃ প্রণতপটলীনাং ভক্তসমূহানাং মধুরিমা মাধুর্যস্বরূপমিত্যর্থঃ, অনুগতভক্তত্বাৎ; পুনঃ নিখিল পশুপালাম্বুজদৃশাং সমস্তব্রজসুন্দরীণাং প্রেম্ণঃ ব্রজস্থরাগানুগীয়-প্রেম্ণঃ বিনির্যাসঃ বিশেষেণ সারভূতঃ তাসাং ব্রজস্থ-নিত্যপার্ষদভক্তত্বাৎ ॥৫১॥

প্রেম্ণো বিনির্যাস ইত্যুক্তেঃ রসচতুষ্টয়স্য মুখ্যত্বেঽপি মধুররসমাস্বাদয়িতুং শ্রীচৈতন্যস্যাবতার ইত্যাহ স্তবমালায়াম্—অপারমিতি। চৈতন্যাকৃতিঃ স দেবঃ নোঽস্মানতিতরাং কৃপয়তু, অতিশয়েন কৃপাং করোতু, যশ্চৈতন্যঃ কস্যাপি প্রণয়িজন-বৃন্দস্য রসস্তোমমপারং হৃত্বা বিষয়স্বরূপেণ গোপীভাবেন। 'গোপীভাবেন যে ভক্তাঃ' ইতি, 'যদ্যদাচরতি শ্রেষ্ঠঃ' ইত্যুক্তত্বাৎ। তন্মধ্যে আশ্রয়রূপেণ কমপি মধুরমুপভোক্তুং, তদীয়াং তস্যা রাধায়া ইয়ং তদীয়া তাং দ্যুতিং তপ্তকাঞ্চনাভাং, বহিঃ প্রকটয়ন্ স্বাং রুচং স্বকান্তিং নবজলধরকান্তিং, আবব্রে আচ্ছাদয়ামাস। 'অন্তঃকৃষ্ণং বহির্গৌরমি'তি বচনাৎ। যতঃ স কুতুকী তত্র সমাস্বাদয়িতুং কুতুকবানিত্যর্থঃ। অপারমিত্যুক্তেঃ ব্রজস্থ-দাস্যাদেরতিমহিমা সূচিতঃ। কমপীত্যুক্তেঃ দ্বারকাস্থ-মধুররসাপেক্ষয়া ব্রজস্থ-মধুররসস্যাতিশয়-মহিমা সূচিতঃ ॥৫২॥

বঙ্গানুবাদ

৫২। যিনি ব্রজবনিতাগণের উজ্জ্বল রসবৃন্দ অপহরণ পূর্ব্বক উপভোগ করিবার নিমিত্ত তদীয় কান্তি প্রকাশ করত স্বীয় রূপআবরণ করিয়াছেন, সেই পরমবিনোদী চৈতন্যাকৃতিভগবান্ আমাদিগকে সাতিশয় কৃপার ভাজন করুন।

৫৬। টীকা ও অনুবাদ ১।১।৫ শ্লোকে দ্রষ্টব্য।

পাঠান্তর

৬ (১ম)-গ্রহণের হেতু [খ, চ, ঝ, ঠ, ড, ঢ, দ, ধ], (২য়) কহিল [খ, ঙ, ঝ, ঞ, ঠ, থ], করিল [চ, ড, ঢ, দ, ধ]; ৭ (১ম-৫) তার (আর খ) মুখ্য হেতু কহি শুন সর্বজন [খ, ট, ড, ঢ, দ, ধ], (৩য়) শ্লোকের [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ], (৪র্থ) করিব [ঠ, থ]; ৮ ৯ এইপঙ্‌ক্তিদ্বয় 'খ, ট, ড, ঢ, দ' এবং 'ধ' মুদ্রিত গ্রন্থে নাই; ১০ (১ম-৫ম) মূল হেতু আগে শ্লোকের কৈল আভাস [খ, ট, ড, ঢ, দ, ধ]. ১১ (২য়) করি [ঙ, ঞ, ঠ, ণ, থ, ন]; ১৮ (২য়) বিলাসে [ক, গ, ট, ড, থ, ধ]; ২০ (১ম) রস [ক, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, ণ, ন]; ২১ (৫ম) তাহার [খ, গ, ট, ড, থ, দ, ধ]; ২২ (৫ম)-বর্ণন [ক, গ, ঘ, জ]।

রাধিকা হয়েন কৃষ্ণের প্রণয়-বিকার।
স্বরূপশক্তি 'হ্লাদিনী' নাম যাঁহার ॥ ৬০
হ্লাদিনী করায় কৃষ্ণে আনন্দাস্বাদন।
হ্লাদিনী-দ্বারায় করে ভক্তের পোষণ ॥ ৬১
৫ সৎ-চিৎ-আনন্দপূর্ণ কৃষ্ণের স্বরূপ।
একোহি চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ ॥ ৬২
আনন্দাংশে হ্লাদিনী, সদংশে সন্ধিনী।
চিদংশে সম্বিৎ যারে 'জ্ঞান' করি মানি ॥ ৬৩

তথাহি শ্রীবিষ্ণুপুরাণে (১.১২.৬৯)—

১০ হ্লাদিনী সন্ধিনী সংবিত্ত্বয্যেকা সর্বসংশ্রয়ে।
হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জিতে ॥ ৬৪

সন্ধিনীর সার অংশ—'শুদ্ধসত্ত্ব' নাম।
ভগবানের সত্তা হয় যাহাতে বিশ্রাম ॥ ৬৫
মাতা পিতা স্থান গৃহ শয্যাসন আর।
১৫ এ সব কৃষ্ণের শুদ্ধসত্ত্বের বিকার ॥ ৬৬

তথা হি শ্রীমদ্ভাগবতে (৪।৩।২৩)—

সত্ত্বং বিশুদ্ধং বসুদেবশব্দিতং,
যদীয়তে তত্র পুমানপাবৃতঃ।
সত্ত্বে চ তস্মিন্ ভগবান্ বাসুদেবো,
২০ হ্যধোক্ষজো মে মনসা বিধীয়তে ॥ ৬৭

কৃষ্ণে ভগবত্তা-জ্ঞান— সংবিতের সার।
ব্রহ্মজ্ঞানাদিক সব তার পরিবার ॥ ৬৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ সামান্যতো বিষ্ণুপুরাণে 'বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা' ইত্যাদৌ অন্তরঙ্গ-তটস্থ-বহিরঙ্গরূপেণ শক্তিত্রয়মুক্ত্বা বিশেষতঃ অন্তরঙ্গচিচ্ছক্তেস্ত্রৈবিধ্যমাহ—হ্লাদিনীতি। হ্লাদিনী আহ্লাদকরী আনন্দরূপা। ব্রহ্মসংহিতায়াম্—'আনন্দচিন্ময়রসপ্রতিভাবিতাভিঃ' ইত্যুক্তত্বাৎ। সন্ধিনী সন্ততা আধাররূপেত্যর্থঃ। সা তু চতুর্বিধা ভবতি ভক্ত-ভগবদ্ধাম-সেবোপকরণ-কালাদি-রূপেণ। সংবিৎ বিদ্যাশক্তিঃ। একেতি ত্রৈবিধ্যেঽপ্যেকা। অথবা একা মুখ্যা অব্যভিচারিণী স্বরূপভূতেত্যর্থঃ। হে ভগবন্নিতি শেষঃ, এবংভূতা শক্তিঃ ত্বয়ি বর্ততে। ত্বয়ি কথংভূতে? সর্বসংশ্রয়ে, সর্বাসাং শক্তীনাং সংশ্রয় ইত্যুক্তেঃ অপি ত্বয়ি নিত্যাবস্থিতিরায়াতেত্যপেক্ষায়ামাহ—হ্লাদেত্যাদি। হ্লাদ-তাপকরী মিশ্রা অত্র আহ্লাদকরী মনঃপ্রসাদোত্থ সাত্ত্বিকী, তাপকরী বিষয়-বিয়োগাদিষু দুঃখকরী তামসী, মিশ্রা তদুভয়মিশ্রা বিষয়-জন্যা রাজসী, এবংভূতা গুণত্রয়াত্মিকা বহিরঙ্গা শক্তিঃ ত্বয়ি নো ন। 'বিলজ্জমানয়া যস্য স্থাতুমীক্ষাপথেঽমুয়া। বিমোহিতা বিকথন্তে মমাহমিতি দুর্ধিয়ঃ॥' ইতি দ্বিতীয়স্কন্ধে (১৫।১৩) নারদং প্রতি ব্রহ্মবচনাৎ। ত্বয়ি কথংভূতে? গুণবর্জিতে, গুণৈঃ সত্ত্বাদিভিঃ মায়াগুণৈর্বর্জিতে রহিতে। 'সত্ত্বাদয়ো ন সন্তীশে যতস্তে প্রকৃতের্গুণাঃ।' ইতি বিষ্ণুপুরাণবচনাৎ (১।৯।৪৪) ॥৬৪॥

অথ ভগবৎপ্রকাশকং বিশুদ্ধসত্ত্বং চতুর্থস্কন্ধে (৪।৩।২৩) প্রচেতসং প্রতি শ্রীসদাশিব আহ—সত্ত্বমিতি। অত্র শ্রীধর-স্বামিটীকা (শ্রীমদ্‌ভাগবতভাবার্থদীপিকায়াম্ ৪।৩।২৩)—'ন কেবলং বাসুদেবং দৃষ্ট্বা নমনং ক্রিয়তে, কিন্তু নিত্যমেব মনসি বাসুদেবশ্চিন্ত্যতে ইত্যাহ—সত্ত্বমিতি। বিশুদ্ধং সত্ত্বমন্তঃকরণং সত্ত্বগুণো বা, বসুদেব-শব্দিতং বসুদেব-শব্দেনোক্তম্।

বঙ্গানুবাদ

৬৪। হে ভগবন্! হ্লাদিনী, সন্ধিনী এবং সংবিদ্ এই মুখ্য স্বরূপভূত তিন শক্তি অব্যভিচারে সর্বাধিষ্ঠানভূত তোমাতেই অবস্থিত। কিন্তু হ্লাদকরী সাত্ত্বিকী, তাপকরী তামসী এবং তদুভয়মিশ্রা রাজসী, এই শক্তিত্রয় গুণাতীত তোমাতে নাই।

৬৭। বিশুদ্ধ অর্থাৎ জাড্যাংশ বিরহিত সত্ত্বের নাম বসুদেব। যেহেতু অনাবৃত এবং ইন্দ্রিয়ের অগোচর পরমপুরুষ

পাঠান্তর

৬ (১ম) একোহি [ক, খ]; ৮ (৩য় ৪র্থ) কৃষ্ণজ্ঞান [ঙ, ঝ, ঞ], (৬ষ্ঠ) জানি [গ, ঘ, জ]; ২১ (১ম) কৃষ্ণে ভগবত্তা-[চ, ছ, ঝ, ঠ, ঢ, ধ], কৃষ্ণের ভগবত্তা-[ণ, ন]।

হ্লাদিনীর সার—'প্রেম' প্রেমসার—'ভাব'।
ভাবের পরমকাষ্ঠা—নাম 'মহাভাব' ॥ ৬৯
মহাভাবস্বরূপা শ্রীরাধা ঠাকুরাণী।
সর্বগুণ-খনি কৃষ্ণকান্তাশিরোমণি ॥ ৭০

৫ তথা হি শ্রীমদুজ্জ্বলনীলমণৌ (শ্রীরাধাপ্রকরণে ৩)

তয়োরপ্যুভয়োর্মধ্যে রাধিকা সর্বথাধিকা।
মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী ॥ ৭১

কৃষ্ণপ্রেমভাবিত যাঁর চিত্তেন্দ্রিয়-কায়।
কৃষ্ণ-নিজশক্তি রাধা—ক্রীড়ার সহায় ॥ ৭২

১০ তথা হি ব্রহ্মসংহিতায়াম্ (৫।৩৭)—

আনন্দচিন্ময়রসপ্রতিভাবিতাভি-,
স্তাভির্য এব নিজরূপতয়া কলাভিঃ।
গোলোক এব নিবসত্যখিলাত্মভূতো,
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৭৩

১৫ কৃষ্ণেরে করায় যৈছে রস-আস্বাদন।
ক্রীড়ার সহায় যৈছে শুন বিবরণ ॥ ৭৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

কুতঃ? যদ্যস্মাত্তত্র তস্মিন্ সত্ত্বে পুমান্ বাসুদেবঃ ঈয়তে প্রকাশতে। স কথংভূতঃ? অপগতমাবৃতমাবরণং যস্মাৎ সঃ। অয়মর্থঃ—বসুদেবে ভবতি প্রতীয়তে ইতি বাসুদেবঃ, পরমেশ্বরঃ প্রসিদ্ধঃ, স চ বিশুদ্ধে সত্ত্বে প্রতীয়তে, অতঃ প্রত্যয়ার্থেন প্রসিদ্ধেন প্রকৃত্যর্থো নির্ধার্যতে। ততশ্চ বাসয়তি দেবমিতি ব্যুৎপত্ত্যা বসত্যস্মিন্নিতি বা বসুদেবঃ। যদ্বা দীব্যতি দ্যোতত ইতি দেবঃ; বসুভিঃ পুণ্যৈর্ধনৈর্বা দীব্যতীতি শুদ্ধসত্ত্বং বসুদেব-শব্দবাচ্যম্' ইতি। স পুনঃ কথংভূতঃ? অধোক্ষজঃ। অধঃ কৃতমক্ষজমিন্দ্রিয়জন্য-জ্ঞানং যেন সঃ, এবংভূতো ভগবান্বাসুদেবঃ, মে মম মনসা চিত্তেন বিধীয়তে ক্রিয়তে চিন্ত্যত ইত্যর্থঃ ॥৬৭॥

অথ শ্রীকৃষ্ণে ভগবত্তাজ্ঞানং সম্বিৎসারভূতং ব্রহ্মজ্ঞানাদিকং যত্তদন্তর্ভূতমেব তদুক্ত্যা হ্লাদিনীসারভূত-মহাভাব-স্বরূপমাহ উজ্জ্বলনীলমণৌ। তয়োরিতি তয়োরুভয়োঃ রাধাচন্দ্রাবল্যোর্মধ্যে রাধিকা সর্বথাধিকা ভবতি। যত ইয়ং মহাভাবস্বরূপা, ন তু মহাভাবৈকাংশরূপা ইত্যর্থঃ। গুণৈরিতি। 'মধুরেয়ম্' ইত্যাদি (উজ্জ্বলনীলমণৌ রাধাপ্রকরণে একাদশঃ শ্লোকঃ) তদুক্ত-পঞ্চবিংশতিগুণৈঃ। অতি বরীয়সীত্যুক্তেঃ অন্যেঽপি গুণাঃ সন্তি; যথা তত্রৈব—'বহুনা কিং গুণাস্তস্যাঃ সংখ্যাতীতা হরেরিব ইতি (উজ্জ্বলনীলমণৌ রাধাপ্রকরণে পঞ্চদশঃ শ্লোকঃ)। 'রাধিকা সর্বথাধিকা'-ইত্যুক্তেঃ চন্দ্রাবল্যাং কৃষ্ণবশীকারাদি-গুণাদের্ন্যূনত্বং সূচিতম্। মহাভাব-স্বরূপেয়মিত্যুক্তেঃ। চন্দ্রাবল্যাঃ মহাভাবৈকাংশ-রূঢ়ভাবরূপতা জ্ঞাপিতা ॥৭১॥

অতএব স্বয়ংভগবতঃ স্বরূপশক্তিত্বমাসাং ব্রহ্মসংহিতায়ামাহ (৫।৩৭)—আনন্দেতি। অত্র শ্রীজীবগোস্বামিনা ব্যাখ্যাতম্—'তৎপ্রেয়সীনাং তু কিং বক্তব্যম্, যতঃ পরমলক্ষ্মীণাং তাসাং সাহিত্যেনৈব তস্য তল্লোক-বাসঃ।' অখিলেতি অখিলানাং গোকুলবাসিনাম্ অন্যেষামপি প্রিয়বশিনামাত্মভূতঃ পরমপ্রেষ্ঠতয়া আত্মবদব্যভিচার্যপি যো গোবিন্দঃ, তাভিরেব

বঙ্গানুবাদ

ভগবান্ সেই বিশুদ্ধ সত্ত্বে প্রকাশিত হইয়া থাকেন; এই হেতু তাঁহার নাম বাসুদেব। আমি বিশুদ্ধ-সত্ত্বভাবাপন্ন মানসে তাঁহাকেই চিন্তা করিয়া থাকি।

৭১। সেই রাধাচন্দ্রাবলী উভয়ের মধ্যে রাধিকা সর্বপ্রকারে শ্রেষ্ঠা; যেহেতু ইনি মহাভাবস্বরূপা এবং নানা গুণের খনি।

৭৩। যাঁহারা আনন্দচিন্ময় রসে প্রতিভাবিত এবং স্বদাররূপে বিখ্যাত, সেই হ্লাদিনী শক্তিরূপা গোপীগণের সহিত অখিলের আত্মস্বরূপ যিনি গোলোকে বাস করিতেছেন, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজনা করি।

পাঠান্তর

৮ (১ম) কৃষ্ণপ্রেমে ভাবিত [গ, জ, ঠ ঢ, ত, থ]; ১৫ (১ম) কৃষ্ণকে [থ, ঠ, ঢ]; ১৬ (২য়) স্বভাব [ট, ড, ণ]।

কৃষ্ণকান্তাগণ দেখি ত্রিবিধ প্রকার।
লক্ষ্মীগণ নাম এক মহিষীগণ আর ॥ ৭৫

ব্রজাঙ্গনারূপ আর কান্তাগণসার।
শ্রীরাধিকা হৈতে কান্তাগণের বিস্তার ॥ ৭৬

৫　অবতারী কৃষ্ণ যৈছে করে অবতার।
অংশিনী রাধা হৈতে তিনগণের বিস্তার ॥ ৭৭

লক্ষ্মীগণ হয়েন তাঁর অংশবিভূতি।
বিম্ব-প্রতিবিম্বরূপ মহিষীর ততি ॥ ৭৮

লক্ষ্মীগণ তাঁর বৈভববিলাসাংশরূপ।
১০　মহিষীগণ বৈভবপ্রকাশস্বরূপ ॥ ৭৯

আকার-স্বভাব-ভেদে ব্রজদেবীগণ।
কায়ব্যূহরূপ তাঁর রসের কারণ ॥ ৮০

বহু কান্তা বিনু নহে রসের উল্লাস।
লীলার সহায় লাগি বহুত প্রকাশ ॥ ৮১

১৫　তার মধ্যে ব্রজে নানা ভাব রস ভেদে।
কৃষ্ণকে করায় রাসাদিক-লীলাস্বাদে ॥ ৮২
গোবিন্দানন্দিনী রাধা—গোবিন্দ-মোহিনী।
গোবিন্দ-সর্বস্ব—সর্বকান্তা-শিরোমণি ॥ ৮৩

তথা হি বৃহদ্গৌতমীয়তন্ত্রে—
২০　দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা।
সর্বলক্ষ্মীময়ী সর্ব-কান্তিঃ সম্মোহিনী পরা ॥ ৮৪
'দেবী' কহি দ্যোতমানা পরম-সুন্দরী।
কিম্বা কৃষ্ণপূজা-ক্রীড়ার বসতি-নগরী ॥ ৮৫
'কৃষ্ণময়ী' কৃষ্ণ যাঁর ভিতরে-বাহিরে।
২৫　যাঁহা-যাঁহা নেত্র পড়ে, তাঁহা কৃষ্ণ স্ফুরে ॥ ৮৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

সহ, গোলোকে গবাংলোকো গোলোকঃ শ্রীবৃন্দাবনং তস্মিন্, নিবসতীত্যনেনে তাসামতিশায়িত্বং দর্শিতম্। তমাদি-পুরুষং গোবিন্দং ভজামি। তত্র তাসাং হেতুগর্ভবিশেষণমাহ। নিজরূপতয়া চিচ্ছক্তিরূপতয়া কলাভিঃ হ্লাদিনীশক্তিবৃত্তিরূপাভিঃ। তত্রাপি বৈশিষ্ট্যমাহ—আনন্দেতি। আনন্দচিন্ময়ো যো রসঃ, উজ্জ্বলনামা পরমপ্রেমময়ঃ। তেন প্রতিভাবিতাভিঃ পূর্বং তাবত্তাভিঃ তন্নামরসেন সোঽয়ং ভাবিতঃ, ততশ্চ তেন যাঃ প্রতিভাবিতাঃ তাভিঃ। এতৎ প্রতি-শব্দাল্লভ্যতে, যথা 'প্রত্যুপকৃতঃ সঃ' ইত্যুক্তেঃ তস্য প্রাগুপকারিত্বমায়াতি। তদ্বদিতি ভাবঃ। গোলোক এবেতি—এবকারেণ সেয়ং লীলা তু নান্যত্র বিদ্যত ইতি সূচিতম্ ॥৭৩॥

অথ মহাভাবস্বরূপেয়মিতি যদুক্তং তদেবাহ গৌতমীয়তন্ত্রে—দেবীতি। রাধিকা পরদেবতা পরা চাসৌ দেবতা চেতি পরদেবতা প্রোক্তা। সা কথংভূতা? দেবী দ্যোতমানা পরমসুন্দরীত্যর্থঃ। পুনঃ কিংভূতা? কৃষ্ণময়ী বাহ্যাভ্যন্তরে

বঙ্গানুবাদ

৮৪। দেবী শ্রীরাধিকা অন্তরে এবং বাহ্যে কৃষ্ণস্ফূর্তিমতী, সর্বারাধ্যা ও লক্ষ্মীগণের মূলস্বরূপা. সর্ব শোভার একমাত্র আশ্রয় এবং মদনমোহন-মোহনকারিণী ; এইহেতু তিনি পরাশক্তি বলিয়া কথিত হইয়াছেন।

পাঠান্তর

১ (২য়) হয় [ছ, ত] ; ২ (১ম-৩য়) এক লক্ষ্মীগণ, পুরে [ট, ড, ণ, থ, দ, ধ, ন] ; ৬ (৫ম) প্রচার [ক, খ, গ, ঘ, ছ, জ, ঠ, ঢ] ; ৭ (১ম-৪র্থ) বৈভবগণ যেন তাঁর অঙ্গবিভূতি [ট, ড, ধ], (২য়) হয় [ঝ, ঠ, ঢ, ণ, থ, দ] ; ৮ (১ম) প্রতিবিম্বরূপ বিলাস [ক, ঙ, ঝ, ঞ], ৭, ৮ পঙ্‌ক্তিদ্বয় 'খ, জ, ত এবং ন' মুদ্রিত পুস্তকে নাই ও 'ণ' পুস্তকে বন্ধনীর মধ্যগত আছে ; ১০ (২য়) প্রাভব-[ঠ, ড, ঢ, থ, ধ], বৈভব-বিলাসস্বরূপ [ট, ণ' দ] ; ১১ (১ম)-স্বরূপ-[ট, ড, ধ] ; ১৩ (৩য়) বিনু [খ, গ ঘ, ঙ ছ, জ, ঞ, ত], বিনে [ঠ, ঢ] ; ২৩ (২য়) কৃষ্ণক্রীড়ার পূজায় [ক, খ, গ, ঘ, ঝ, ঠ, ঢ, ত], কৃষ্ণক্রীড়া-ব্রজের [থ] ; ২৪ (৪র্থ) অন্তরে বাহিরে [ক,খ, ছ, জ, ত]।

কিম্বা প্রেমরসময় কৃষ্ণের স্বরূপ।
তাঁর শক্তি তাঁর সহ হয় একরূপ ॥ ৮৭
কৃষ্ণবাঞ্ছা-পূর্তিরূপ করে আরাধনে।
অতএব 'রাধিকা' নাম পুরাণে বাখানে ॥ ৮৮

৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩০।২৮)—

অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ ॥ ৮৯

অতএব সর্বপূজ্যা পরম-দেবতা।
সর্ব-পালিকা সর্ব-জগতের মাতা ॥ ৯০
১০ 'সর্ব লক্ষ্মী'-শব্দ পূর্বে করিয়াছি ব্যাখ্যান।
সর্ব লক্ষ্মীগণের তেঁহো হয় অধিষ্ঠান ॥ ৯১
কিম্বা 'সর্ব-লক্ষ্মী' কৃষ্ণের যড়্‌বিধ ঐশ্বর্য।
তাঁর অধিষ্ঠাত্রী শক্তি—সর্ব-শক্তিবর্য ॥ ৯২
সর্ব-সৌন্দর্য-কান্তি বৈসয়ে তাঁহাতে।
১৫ সর্ব-লক্ষ্মীগণের শোভা হয় যাঁহা হৈতে ॥ ৯৩
কিম্বা 'কান্তি'-শব্দে কৃষ্ণের সব ইচ্ছা কহে।
কৃষ্ণের সকল বাঞ্ছা রাধাতেই রহে ॥ ৯৪
রাধিকা করেন কৃষ্ণের বাঞ্ছিতপূরণ।
সর্বকান্তি-শব্দের এই অর্থ-বিবরণ ॥ ৯৫
২০ জগত-মোহন কৃষ্ণ—তাঁহার মোহিনী।
অতএব সমস্তের পরা ঠাকুরাণী ॥ ৯৬
রাধা পূর্ণ-শক্তি, কৃষ্ণ পূর্ণ-শক্তিমান্।
দুই বস্তু ভেদ নাহি শাস্ত্র-পরমাণ ॥ ৯৭
মৃগমদ, তার গন্ধ—যৈছে অবিচ্ছেদ।
২৫ অগ্নি-জ্বালাতে যৈছে নাহি কভু ভেদ ॥ ৯৮
কৃষ্ণ রাধা ঐছে সদা একই স্বরূপ।
লীলা-রস আস্বাদিতে ধরে দুই রূপ ॥ ৯৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

কৃষ্ণস্বরূপা। পুনঃ কিংভূতা? সর্বলক্ষ্মীময়ী সর্বশক্তিস্বরূপা, অতএব সর্বকান্তিঃ ইচ্ছা যস্যাঃ সা শ্রীকৃষ্ণসর্ববাঞ্ছাপূরকরূপা, সম্মোহিনী, স্বমাধুর্যেণেতি ভাবঃ। অতএব পরা সর্বোৎকৃষ্টা ॥৮৪॥

অতএবাস্যাঃ শ্রীরাধায়াঃ পরমোৎকৃষ্টত্বং গোপীভিরেবোক্তং শ্রীদশমে (১০।৩০।২৮) অনয়েতি। নূনং বিতর্কে নিশ্চয়ে বা। হরিঃ সর্বদুঃখহন্তা ভগবান্ শ্রীনারায়ণঃ ঈশ্বরঃ ভক্তেষ্টপ্রদানসমর্থঃ, স্বতন্ত্রো বা। অনয়ৈব রাধিকয়ৈবারাধিতঃ আরাধ্য বশীকৃতঃ, ন ত্বস্মাভিরিত্যেবকারার্থঃ। অন্যথা অস্মাকমেতদ্বিরহার্তিরসম্ভবঃ স্যাৎ। কুতঃ? যদ্ যস্মাদ্ গোবিন্দঃ শ্রীযশোদানন্দনঃ নোঽস্মান্ বিহায় বিশেষেণ হিত্বা রহঃ অস্মাকমগম্যৈকান্তস্থানে যামনয়ৎ। নিশ্চয়ার্থমাহ—অনয়া ইতি। হে অনয়াঃ, ন বিদ্যতে নয়ঃ কৃষ্ণবশীকাররূপা নীতির্যাসাং তাঃ অনীতিজ্ঞা ইত্যর্থঃ। ইতি পরমপ্রেষ্ঠসখ্যুক্তিঃ। হরিঃ সর্বমনোহর্তাপি রাধিতঃ রাধয়া ইতঃ ইতি আর্ষঃ, রাধা সঞ্জাতাস্যেতি বা। গতঃ স কথংভূতঃ? ঈশ্বরঃ গোবর্ধনধারণাদিনা ব্রজপালকোঽপি। অন্যত্র স্পষ্টম্ ॥৮৯॥

বঙ্গানুবাদ

৮৯। রাসে শ্রীরাধিকার সহিত শ্রীকৃষ্ণ অন্তর্হিত হইলে, অন্বেষণ করিতে করিতে শ্রীরাধিকার পদচিহ্ন দর্শন করিয়া গোপীগণ বলিয়াছেন—হে সখীগণ! এই রমণীই সর্বাভীষ্ট পূরক ভগবান্ হরির নিশ্চয় আরাধনা করিয়াছেন, যেহেতু গোকুলেন্দ্র শ্রীকৃষ্ণ, আমাদিগকে পরিত্যাগ করিয়া প্রীতিপূর্বক ইঁহাকে নির্জন স্থলে আনয়ন করিয়াছেন।

পাঠান্তর

৪ (২য়) রাধা [ক, ছ, ঝ, ঠ, ঢ]; ৭ এই পঙ্‌ক্তির পর অধিকপাঠ—"যা রাধা সৈব কৃষ্ণঃ স্যাৎ, যঃ কৃষ্ণঃ স তু রাধিকা। অনয়োরন্তরাদর্শী মাতৃহা পাতকী ভবেৎ ॥" [চ]; ১০ (২য়) আগে [ঝ]; ১৪ (৩য়) তাঁহাতে [ক, খ, গ, ঘ, ঙ,চ, জ, ঝ, ঞ, ত, থ]; ১৭ (৩য়) ইচ্ছা (খ); ২০ (১ম) জগৎ-[খ, চ, ঝ, ড, থ, ধ]; ২১ (২য়-৩য়) সর্বপরা রাধা [চ]; ২৬ (১ম-২য়) রাধা কৃষ্ণ [ছ, ট, ড, ণ, থ দ, ধ, ন], (৫ম) একুই [ক], একোহি [খ]।

প্রেমভক্তি শিখাইতে আপনে অবতরি।
রাধা-ভাব-কান্তি দুই অঙ্গীকার করি' ॥ ১০০

শ্রীকৃষ্ণচৈতন্যরূপে কৈল অবতার।
এই ত পঞ্চম শ্লোকের অর্থ-পরচার ॥ ১০১

৫ ষষ্ঠ-শ্লোকের অর্থ করিতে প্রকাশ।
প্রথমে কহিয়ে সেই শ্লোকের আভাস ॥ ১০২

অবতরি প্রভু প্রচারিল সংকীর্তন।
এহো গৌণ হেতু—পূর্বে করিয়াছি সূচন ॥ ১০৩

অবতারের আর এক আছে মুখ্যবীজ।
১০ রসিক-শেখর কৃষ্ণের সেই কার্য নিজ ॥ ১০৪

অতিগূঢ় হেতু সেই ত্রিবিধপ্রকার।
দামোদরস্বরূপ হৈতে যাহার প্রচার ॥ ১০৫

স্বরূপগোসাঞি—প্রভুর মুখ্য অন্তরঙ্গ।
তাহাতে জানেন প্রভুর এ সব প্রসঙ্গ ॥ ১০৬

১৫ রাধিকার ভাব মূর্তি প্রভুর অন্তর।
সেই ভাবে সুখ-দুঃখ উঠে নিরন্তর ॥ ১০৭

শেষলীলায় প্রভুর কৃষ্ণ-বিরহ উন্মাদ।
ভ্রমময় চেষ্টা, আর প্রলাপময় বাদ ॥ ১০৮

রাধিকার ভাব যৈছে উদ্ধবদর্শনে।
২০ সেই-ভাবে মত্ত প্রভু রহে রাত্রিদিনে ॥ ১০৯

রাত্রে বিলাপ করেন স্বরূপের কণ্ঠ ধরি'।
আবেশে আপন ভাব কহেন উঘাড়ি ॥ ১১০

যবে যেই ভাব উঠে প্রভুর অন্তর।
সেই গীত-শ্লোকে সুখ দেন দামোদর ॥ ১১১

২৫ এবে কার্য নাহি কিছু এ সব বিচারে।
আগে ইহা বিবরিব করিয়া বিস্তারে ॥ ১১২

পূর্বে ব্রজে কৃষ্ণের ত্রিবিধ বয়োধর্ম।
কৌমার, পৌগণ্ড, আর কৈশোর অতি মর্ম ॥ ১১৩

বাৎসল্য-আবেশে কৈল কৌমার সফল।
৩০ পৌগণ্ড সফল কৈল লঞা সখা-বল ॥ ১১৪

রাধিকাদি লঞা কৈল রাসাদি-বিলাস।
বাঞ্ছা ভরি' আস্বাদিল রসের নির্যাস ॥ ১১৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণস্য বাল্য-পৌগণ্ড-কৈশোরাবস্থাত্রয়ং ব্রজ এব। অবস্থালক্ষণমাহ,—

"কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। কৈশোরমা পঞ্চদশ যৌবনং চ ততঃ পরম্ ॥"

আষোড়শাব্দেতি বা। অতো রাসাদি ক্রীড়া কৈশোর এব। যথোক্তং মথুরাবাসিনাপি—(শ্রীমদ্ভাগবতে ১০।৪৪।৮) 'কিশোরৌ নাপ্তযৌবনাবি'তি। নম্ন 'একাদশসমাস্তত্র গূঢ়ার্চিঃ সবলোঽবসৎ' ইতি (৩।২।২৬) তৃতীয়-স্কন্ধোক্তেঃ, তৎ কথং ব্রজে কিশোরাবস্থা স্যাৎ, কথং বা রাসাদিলীলাঃ পূর্ণ কৈশোরে? ইত্যত্রোচ্যতে—

পাঠান্তর

১ (২য়) শিক্ষার্থ [ঘ, জ, ঝ, ঞ] শিক্ষার্থে [ঠ, ঢ], শিক্ষা লাগি [ত]; ৫ (৩য়) ইবে করিতে [গ, ছ, ঠ], এবে করিতে [ঘ, ঝ, ঢ, ত]; ৭ (৩য়) সঞ্চারিল [ক], প্রচারিলা [গ, ট, ণ, ত, দ, ন], প্রকাশিল [ঘ]; ৮ (২য়) গৌণ [ক, গ, ঘ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৯ (৩য়-৫ম) আছে অন্তরঙ্গ বীজ [খ, ঙ, চ]; ১১ (৩য়) এই [খ, চ], সেহো [ট]; ১৩ (৩য়) মুখ্য [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ]; ১৪ (৪র্থ-৬ষ্ঠ) এই সব রঙ্গ [খ, চ]; ১৬ (৩য়) সুখ অতি [খ]; ১৮ (৩য়) সদা [ক, জ, ট, ড, থ, দ, ধ]; ১৯ (২য়) স্বভাব [খ], প্রলাপ [ছ], (৩য়) যেন [খ, ছ, ট]; ২০ (১ম-৪র্থ) সেই ভাবাবিষ্ট প্রভু মত্ত [খ, গ, জ, ঝ, ঞ, ত], সেই ভাবাবিষ্ট মত্ত প্রভু [ঠ, ঢ]; ২১ (২য়) প্রলাপ [ট, ণ, দ], (২য়-৩য়) বিলপেন [ঝ, ঞ, ঠ, ঢ]; ২২ (৪র্থ) কহয়ে [খ, ঙ ছ, ট, ড, থ, দ, ধ]; ২৫ (১ম) ইবে [ক, ছ, ঠ]; ২৬ (২য়-৩য়) কহিব গিয়া, [ট, দ]; ২৯ (১ম)-আবেগে [দ]।

কৈশোর-বয়স কাম, জগত সকল।
রাসাদিলীলায় তিন করিল সফল ॥ ১১৬

তথা হি শ্রীবিষ্ণুপুরাণে (৫।১৩।৬০)—

সোঽপি কৈশোরক-বয়ো মানয়ন্মধুসূদনঃ।
৫ রেমে স্ত্রীরত্নকূটস্থঃ ক্ষপাসু ক্ষপিতাহিতঃ ॥ ১১৭

তথা হি ভক্তিরসামৃতসিন্ধৌ (দক্ষিণবিভাগে ১।২।৩১)—

বাচা সূচিত-শর্বরী-রতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং,
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ,
১০ কৈশোরং সফলীকরোতি
কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥ ১১৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

"কালেনাল্পেন রাজেন্দ্র রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসা ॥"

ইতি শ্রীদশমস্কন্ধ-(১০।৮।২৬) বচনাৎ। অত্রাল্পেন কালেনেত্যুক্তেঃ, অঘৃষ্টজানুভিঃ পদ্ভিরিত্যুক্তেশ্চ প্রাকৃতাপেক্ষয়া অলৌকিকস্থ লোকাতীতত্বং সূচিতম্। "কৌমারং পঞ্চমাব্দান্তমি"তি বচনন্তু লৌকিকালৌকিকেঽপি সিদ্ধম্। অতঃ পরমরাজকুমারবৎ। অলৌকিকে তু অলৌকিক-বৎসর-সংখ্যেতি জ্ঞেয়ম্। অতঃ অষ্টদশমাসেন বৎসরঃ প্রসিদ্ধঃ। ইতি পদ্মপুরাণবচনাদবগন্তব্যঃ। শ্রীজীবগোস্বামিচরণানামপি সম্মতোঽস্তি। অলমতিবিস্তরেণ। অতএব বিষ্ণুপুরাণে কৈশোরে রাসলীলা উক্তেত্যাহ—সোঽপি কৈশোরকেত্যাদি। সঃ শ্রীমধুসূদনঃ কৈশোরক-বয়োমানয়ন্ সফলীকুর্বন্ সন্ স্ত্রীরত্নকূটস্থো রেমে স্ত্রিয় এব রত্নকূটাঃ তত্রস্থঃ রময়ামাসেতি প্রকটে, অপ্রকটে তু সদৈবেত্যর্থঃ; 'জয়তি জননিবাস' ইতি (১০।৯০।৪৮) দশমোক্তত্বাৎ। স কথংভূতঃ, ক্ষপাসু রাত্রিষু ক্ষপিতো দূরীকৃতোঽহিতঃ শঙ্খচূড়ো যেন সঃ ॥১১৭॥

অথ সামান্যতঃ সর্বগোপীষু শ্রীকৃষ্ণস্থ রমণক্রীড়াং বর্ণয়িত্বা সর্বাধ্যক্ষয়া শ্রীরাধয়া সহ স্বাধীনভর্তৃকাবস্থ'-পূর্বকং তল্লীলাং যজ্ঞপত্নী-সদৃশীঃ প্রতি কাচিত্তল্লীলান্তরঙ্গ-দূত্যাহ, রসামৃতসিন্ধৌ—বাচা সূচিতেতি। হে সখ্যঃ অসৌ হরিঃ কুঞ্জে বিহারং কলয়ন্ কুর্বন্ সন্ কৈশোরং সফলীকরোতি। অসাবিত্যুক্তেঃ তল্লীলাস্মরণেন শ্রীকৃষ্ণস্থ প্রত্যক্ষীভূতত্বং সূচিতম্। কৈশোরং সফলীকরোতীত্যুক্তেঃ শ্রীরাধয়া সহ তল্লীলায়াঃ পরমমাধুর্যং সূচিতম্—

রাধা সঙ্গে যদা ভাতি তদা মদন-মোহনঃ। অন্যথা বিশ্বমোহোঽপি স্বয়ং মদনমোহিতঃ ॥ ইতি।

স কথংভূতঃ, তদ্বক্ষোরুহ ইতি। তস্যাঃ শ্রীরাধায়া বক্ষোরুহয়োঃ স্তনয়োশ্চিত্ররূপা যা কেলিমকরী তস্যাং যৎপাণ্ডিত্যং তস্মিন্ পারঙ্গতঃ কিং কুর্বন্ বাচা সখীনামগ্রে রাধিকাং ব্রীড়াকুঞ্চিত-লোচনাং ব্রীড়য়া লজ্জয়া আকুঞ্চিতে বক্রীভূতে লোচনে যস্যাঃ সা তাং এবংভূতাং বিরচয়ন্, হে সখ্যঃ তব সখী মদ্বক্ষসি এবমেবং কৃতমিতি জ্ঞাপিতম্। বাচা কথংভূতয়া সূচিতেত্যাদি। সূচিতং ব্যক্তীকৃতং শর্বর্যাং রতিকলায়াং প্রাগল্‌ভ্যং যয়া সা তয়া ॥১১৮॥

বঙ্গানুবাদ

১১৭। মধুসূদন শ্রীকৃষ্ণ কিশোর বয়সের সৎকারার্থ জগতের অশুভ নাশ করতঃ সুন্দরী স্ত্রীসমূহে অবস্থিতি করিয়া শারদীয় রজনীতে রাসক্রীড়া করিয়াছিলেন।

১১৮। যোগীগণের অগোচর হরি, সখীদিগের সমীপে উদ্ধত বাক্যে শ্রীরাধিকার রজনীর রতিকৌশলের প্রগল্‌ভতা তাঁহাকে লজ্জায় মুদ্রিতলোচনা করতঃ স্তনযুগলে চিত্রিত কেলি-মকরী নির্মাণে অসাধারণ পাণ্ডিত্য দেখাইয়াছিলেন; অর্থাৎ সেই অবকাশে স্থিরভাবে তাঁহার স্তনযুগলে কেলি মকরী রচনা করিয়াছিলেন। এইরূপে কন্দর্পের কুঞ্জে বিহার করতঃ স্বীয় কৈশোর বয়সকে সফল করিয়াছিলেন।

পাঠান্তর

১ (১ম) বয়েস [ক, ঙ, ছ, ট], বয়সে [ঝ, ট, ড, ধ], (৩য়) জগৎ [খ, চ, ঝ, ড, ত, থ, দ, ধ]।

তথা হি বিদগ্ধমাধবে (৭।৩) —

হরিরেষ ন চেদবাতরিষ্যন্,
মথুরায়াং মধুরাক্ষি রাধিকা চ।
অভবিষ্যদিয়ং বৃথা বিসৃষ্টি-,
৫ র্মকরাঙ্কস্তু বিশেষতস্তদাত্র ॥ ১১৯

এইমত পূর্বে কৃষ্ণ রসের সদন।
যদ্যপি করিল রস-নির্যাস চর্বণ ॥ ১২০
তথাপি নহিল তিন বাঞ্ছার পূরণ।
তাহা আস্বাদিতে যদি করিল যতন ॥ ১২১
১০ তাহার প্রথম বাঞ্ছা করিয়ে ব্যাখ্যান।
কৃষ্ণ কহে—আমি হই রসের নিধান ॥ ১২২
পূর্ণানন্দময় আমি চিন্ময় পূর্ণতত্ত্ব।
রাধিকার প্রেমে আমা করায় উন্মত্ত ॥ ১২৩
না জানি রাধার প্রেমে আছে কোন বল।
১৫ যে বলে আমারে করে সর্বদা বিহ্বল ॥ ১২৪
রাধিকার প্রেম—গুরু, আমি শিষ্য নট।
সদা আমা নানা-নৃত্যে নাচায় উদ্ভট ॥ ১২৫

তথা হি গোবিন্দলীলামৃতে (৮।৭৭)—

কস্মাদ্‌বৃন্দে প্রিয়সখি হরেঃ পাদমূলাৎ কুতোঽসৌ,
২০ কুণ্ডারণ্যে কিমিহ কুরুতে নৃত্যশিক্ষাং গুরুঃ কঃ।
তং ত্বন্মূর্তিঃ প্রতিতরুলতং দিগ্বিদিক্ষু স্ফুরন্তী,
শৈলূষীব ভ্রমতি পরিতো নর্তয়ন্তী স্বপশ্চাৎ ॥ ১২৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ তয়োর্লীলা দর্শনেনাত্মানং বহুমন্যমানা সতী বৃন্দাং প্রতি পৌর্ণমাস্যাহ—তত্রৈব হরিরিতি। হে মধুরাক্ষি এষ হরিঃ মধুরায়াং চেন্নাবাতরিষ্যৎ অবতীর্ণো নাভবিষ্যৎ, রাধিকা চ নাবাতরিষ্যৎ তদেয়ং বিসৃষ্টিঃ বৃথা অভবিষ্যৎ, বিশেষতঃ মকরাঙ্কস্তু কামদেবঃ বৃথা অভবিষ্যৎ। মকরাঙ্কস্য বিসৃষ্টির্বৃথা স্যাদিতি বা পাঠঃ। প্রকৃতপরদার-রসে সর্বেষাং নিমজ্জনাৎ, নরকপাতাচ্চ ॥ ১১৯ ॥

অথ শ্রীকৃষ্ণেণ শ্রীকুণ্ডং গত্বা শ্রীরাধাগমন-বিলম্বমালক্ষ্য 'বৃন্দা চাটূক্তি পেশলে'তি জ্ঞাত্বা স্ব-সমীপং প্রেরিতাং বৃন্দাং প্রতি শ্রীরাধা ভাবাবেশেনোক্তি-প্রত্যুক্তি-পূর্বকমাহ, গোবিন্দলীলামৃতে—কস্মাদিতি। হে বৃন্দে, কস্মাৎ আগতেতি শেষঃ। প্রেমাবেশেন তৎপূরণাভাবাদিতি ভাবঃ। তচ্ছ্রুত্বা বৃন্দাহ—হে প্রিয়সখি ! হরেঃ শ্রীকৃষ্ণস্য পাদমূলাৎ, প্রিয়সখ্যুক্তেঃ তদন্তরঙ্গ-দূতীত্বং জ্ঞাপিতং, সখীভাবশ্চ। পুনঃ রাধাহ—অসৌ কুতঃ, কুত্র তিষ্ঠতীব। এবং ইত্যনুক্ত্বা অসাবিত্যুক্তেঃ শ্রীকৃষ্ণ-প্রত্যক্ষীভূতত্বং জ্ঞাপিতম্। পুনঃ বৃন্দাহ—কুণ্ডারণ্যে, ত্বদিতি অনুক্ত্বা কেবলং কুণ্ডারণ্য ইত্যুক্তেঃ বৃন্দায়া অপি প্রেমাবিষ্টত্বং সূচিতম্। পুনরপি রাধাহ—ইহ কিং কুরুতে, তস্মিন্নিত্যনুক্ত্বা ইহেতি পূর্ববৎ। পুনঃ বৃন্দাহ—নৃত্যশিক্ষামিতি। পুনঃ রাধাহ—গুরুঃ কঃ।

বঙ্গানুবাদ

১১৯। হে মধুরাক্ষি বৃন্দে ! যদি এই মাথুরমণ্ডলে শ্রীরাধিকা অবতীর্ণ না হইতেন, তবে বিধাতার জগৎ এবং কন্দর্পের সৃষ্টি বৃথা হইত।

১২৬। রাধা বলিতেছেন—হে বৃন্দে ! তুমি কোথা হইতে আসিতেছ ? বৃন্দা—প্রিয়সখি ! শ্রীকৃষ্ণের পাদমূল হইতে। রাধা—ইনি কোথায় ? বৃন্দা—(রাধা) কুণ্ড সমীপে বনমধ্যে।

রাধা—এখানে কি করিতেছেন ? বৃন্দা—নৃত্যশিক্ষা। রাধা—গুরু কে ? বৃন্দা—তোমার মূর্তি ; সর্বত্র প্রতি তরুলতায় স্ফূর্তিময়ী নর্তকীর ন্যায় পশ্চাৎপশ্চাৎ তাঁহাকে নাচাইয়া লইয়া ভ্রমণ করিতেছে।

পাঠান্তর

৬ (২য়) পূর্ব [ক, খ, গ, ঙ, জ, ঞ] ; ৮ (৪র্থ) বাঞ্ছিত [চ, ছ, ট, ড, ণ, ত, থ, দ, ধ] ; ১১ (৬ষ্ঠ) নিদান [ক, ঝ, ঢ, ধ] ; ১৪ (৬ষ্ঠ) কত [ক, ট, ড, ণ, থ, দ, ধ, ন] ; ১৫ (৩য়) আমাকে [গ, ঘ, ঝ, ত, দ] ; ১৬ (১ম-২য়) রাধিকা প্রেমের [ক], রাধিকা প্রেম [চ, ঝ, ঞ, ধ] ; ১৭ (১ম ৩য়) মোরে তার প্রেমে করায় [চ]।

নিজপ্রেমাস্বাদে মোর হয় যে আহ্লাদ।
তাহা হৈতে কোটিগুণ রাধাপ্রেমাস্বাদ ॥ ১২৭
আমি যৈছে পরস্পরবিরুদ্ধ-ধর্মাশ্রয়।
রাধা-প্রেম তৈছে সদা বিরুদ্ধ-ধর্মময় ॥ ১২৮
৫ রাধাপ্রেম বিভু—যার বাড়িতে নাহি ঠাঞি।
তথাপি সে ক্ষণে ক্ষণে বাঢ়য়ে সদাই ॥ ১২৯
যাহা হৈতে গুরু বস্তু নাহি সুনিশ্চিত।
তথাপি গুরুর ধর্ম গৌরব-বর্জিত ॥ ১৩০
যাহা হৈতে সুনির্মল দ্বিতীয় নাহি আর।
১০ তথাপি সর্বদা বাম্য-বক্র ব্যবহার ॥ ১৩১

তথা হি দানকেলিকৌমুদ্যাম্ (দ্বিতীয় শ্লোকঃ)—
বিভুরপি কলয়ন্ সদাভিবৃদ্ধিং,
গুরুরপি গৌরবচর্যয়া বিহীনঃ।
মুহুরুপচিত-বক্রিমাপি শুদ্ধো,
১৫ জয়তি মুরদ্বিষি রাধিকানুরাগঃ ॥ ১৩২

সেই প্রেমার শ্রীরাধিকা পরম-আশ্রয়।
সেই প্রেমার আমি হই কেবল বিষয় ॥ ১৩৩
বিষয় জাতীয় সুখ আমার আস্বাদ।
আমা হৈতে কোটিগুণ আশ্রয়ের আহ্লাদ ॥ ১৩৪
২০ আশ্রয়জাতীয় সুখ পাইতে মন ধায়।
যত্নে আস্বাদিতে নারি কি করি উপায় ॥ ১৩৫
কভু যদি এই প্রেমার হইয়ে আশ্রয়।
তবে এই প্রেমানন্দের অনুভব হয় ॥ ১৩৬
এত চিন্তি রহে কৃষ্ণ পরমকৌতুকী।
২৫ হৃদয়ে বাঢ়য়ে প্রেমলোভ ধক্‌ধকি ॥ ১৩৭
এই এক, শুন আর লোভের প্রকার—।
স্বমাধুর্য দেখি কৃষ্ণ করেন বিচার— ॥ ১৩৮
অদ্ভুতঅনন্ত পূর্ণ মোর মধুরিমা।
ত্রিজগতে ইহার কেহো নাহি পায় সীমা ॥ ১৩৯
৩০ এই-প্রেমদ্বারে নিত্য রাধিকা একলি।
আমার মাধুর্যামৃত আস্বাদে সকলি ॥ ১৪০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

পুনর্বৃন্দাহ—তমিতি, ত্বন্মূর্তির্দিগ্বিদিক্ষু প্রতিতরুলতং স্ফুরন্তী। অথ চ পরিতঃ স্ব-পশ্চাৎ স্বস্য আত্মনঃ পশ্চাৎ তং শ্রীকৃষ্ণং নর্তয়ন্তী সতী ভ্রময়তীত্যর্থঃ। কেব শৈলূষীব, নর্তকীব। অতঃ হে প্রিয়সখি রাধে, ত্বংকুঞ্জারণ্যং ত্বদ্দর্শনাভাবে ত্বন্ময়াভূৎ। ততঃ শ্রীকৃষ্ণপার্শ্বগমনে বিলম্বং মা কুর্বিতি ভাবঃ ॥ ১২৬ ॥

অথ শ্রীকৃষ্ণৈকনিষ্ঠ-পরমাশ্চর্য শ্রীরাধিকানুরাগং দানকেলিকৌমুদ্যামাহ—বিভুরপীতি। মুরদ্বিষি শ্রীকৃষ্ণে রাধিকানুরাগঃ জয়তি সর্বোৎকর্ষেণ বর্ততে। স কথংভূতঃ, বিভুরপি সর্বব্যাপকোঽপি সা অতিবৃদ্ধিং কলয়ন্নাঙ্গয়ন্, পুনঃ কিংভূতঃ, গুরুরপি পরমোৎকৃষ্টোঽপি গৌরবচর্যয়া তদুচিতপরিচর্যয়া বিহীনঃ। পুনঃ কিংভূতঃ, মুহুরিতি। মুহুর্বারংবারমুপচিতঃ ব্যাপ্তো বক্রিমা যস্মিন্ এবংভূতোঽপি শুদ্ধঃ পরমনির্মল ইত্যর্থঃ। রাধিকানুরাগ ইত্যুক্তেঃ দ্বারকাস্থমহিষীনিষ্ঠানুরাগাদপি ব্রজস্থ-শ্রীরাধানুরাগস্য পরমোৎকৃষ্টত্বং ব্যঞ্জিতম্। গৌরবচর্যাদিরহিতত্বাৎ, বক্রিমাদি নিষ্ঠত্বাচ্চ ॥ ১৩২ ॥

বঙ্গানুবাদ

১৩২। যিনি বিভু অর্থাৎ সর্বব্যাপক হইয়া প্রতিক্ষণে বর্ধনশীল, গুরু অর্থাৎ সর্বোৎকৃষ্ট হইয়াও গৌরবচর্যা (সম্মাননাদিক্রিয়া) বর্জিত, এবং বারম্বার বক্র ভাব ধারণ করিয়াও বিশুদ্ধ, সেই শ্রীকৃষ্ণবিষয়ক রাধানুরাগ জয়যুক্ত হউন।

পাঠান্তর

১ (৩য়) হয়ে [ক, খ, গ, ঞ, ত] ; ৩ (৩য়) অনন্য বিশুদ্ধ-[ক], অন্যান্য বিরুদ্ধ-[গ, ঘ, জ, ঝ, ঞ] ; ৬ (২য়-৩য়) তথাপিহ [ক, খ, চ, জ, ঞ, ঠ, ঢ] ; ৭ (২য়) হৈতে [ক, গ, ঘ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, থ] ; ৯ (২য়) বহি [ঙ, চ, ত], বই [ট, ড, থ, দ, ধ] ; ১৬ (২য়) প্রেমের [ঠ, ঢ, ত], (৩য়) রাধিকা [খ, ঘ, চ, ট, ড, থ, দ, ধ] ; ১৭ (২য়) প্রেমের [ঘ, ঠ, ঢ, ত] ; ২১ (১ম) যত্নেহ [খ, ঙ, ঝ], যত্নেহো [গ, ঘ, জ, ত]; ২২ (১ম) কভো [গ, চ, ঞ, ট], (৪র্থ) প্রেমের [ঠ, ঢ, ত] ; ২৭ (২য়-৩য়) দেহ দেখি [ঘ], (৪র্থ) করয়ে [খ, ঙ, চ, ছ] ; ২৮ (২য়) আনন্দ [ক] ; ২৯ (৩য়) কেহ [গ, চ, ছ, ঝ, ট, ড, থ, দ, ধ] ; ৩০ (১ম) প্রেমাদ্বারে [ঘ, ঙ, ছ, জ, ঞ], প্রেমদ্বারা [ট, দ]।

যদ্যপি নির্মল রাধার সৎপ্রেম-দর্পণ।
তথাপি স্বচ্ছতা তার বাঢ়ে ক্ষণেক্ষণ ॥ ১৪১
আমার মাধুর্য্যের নাহি বাঢ়িতে অবকাশে।
এ-দর্পণের আগে নবনবরূপে ভাসে ॥ ১৪২
৫ মন্মাধুর্য রাধাপ্রেম দোঁহে হোড় করি'।
ক্ষণে-ক্ষণে বাঢ়ে দোঁহে কেহো নাহি হারি ॥১৪৩
আমার মাধুর্য নিত্য নবনব হয়।
স্ব-স্ব-প্রেম-অনুরূপ ভক্তে আস্বাদয় ॥ ১৪৪
দর্পণাদ্যে দেখি যদি আপন মাধুরী।
১০ আস্বাদিতে লোভ হয় আস্বাদিতে নারি ॥ ১৪৫
বিচার করিয়ে যদি আস্বাদ-উপায়।
রাধিকাস্বরূপ হৈতে তবে মন ধায় ॥ ১৪৬

তথাহি শ্রীললিতমাধবে (৮।৩৪) –
অপরিকলিতপূর্বঃ কশ্চমৎকারকারী,
১৫ স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্যপূরঃ।
অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ,
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥ ১৪৭

কৃষ্ণমাধুর্য্যের এক স্বাভাবিক বল।
কৃষ্ণ-আদি নরনারী করয়ে চঞ্চল ॥ ১৪৮
২০ শ্রবণে দর্শনে আকর্ষয়ে সর্বমন।
আপনা আস্বাদিতে করে অনেক যতন ॥ ১৪৯
এ-মাধুর্যামৃত সদা পান যে বা করে।
তৃষ্ণা শান্তি নহে, তৃষ্ণা বাঢ়ে নিরন্তরে ॥ ১৫০
অতৃপ্ত হইয়া করে বিধাতা-নিন্দন।
২৫ অবিদগ্ধ বিধি ভাল না জানে সৃজন ॥ ১৫১
কোটি নেত্র না দিলেক সবে দিল দুই।
তাহাতে নিমিষ কৃষ্ণ কি দেখিব মুঞি ॥ ১৫২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ মধুরায়াং নাট্যসময়ে স্ববেষধারিনটদর্শনে উদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণেনোক্তং ললিতমাধবে—অপরীতি। মম গরীয়ান্ এষ মাধুর্যপূরঃ স্ফুরতি প্রকাশতে, কঃ অনির্বচনীয়ঃ। যতঃ চমৎকারকারী মমেতি কাকাক্ষিগোলকন্যায়েন দ্বয়োরন্বয়ঃ। চমৎকারমাহ—অয়মহমিত্যাদি। অয়মহমপি যং মাধুর্যপূরং সৌন্দর্যসমূহং প্রেক্ষ্য প্রকর্ষেণ দৃষ্ট্বা ইত্যনেন স্ববেষধারি-নট-গতমাধুর্যাদেরপ্যঙ্গত্বং সূচিতম্। অতঃ সরভসং যথা স্যাত্তথা উপভোক্তুং তমিতি শেষঃ। লুব্ধচেতাঃ সন্ রাধিকেব কাময়ে ইচ্ছামি। তদ্রসাস্বাদং বিনা বিষয়গতাস্বাদস্যাপি দুর্লভত্বাদিতি ভাবঃ। অনেন শ্রীকৃষ্ণচৈতন্যাবতারোঽপি সূচিতঃ ॥ ১৪৭ ॥

বঙ্গানুবাদ

১৪৭। শ্রীকৃষ্ণ মণি-ভিত্তিতে স্বীয় প্রতিবিম্ব দর্শন করিয়া বলিতেছেন – আহা! অদৃষ্টচর আমার কি আশ্চর্য গুরুতর মাধুর্যরাশি প্রকাশিত হইতেছে, যাহার দর্শনে এই আমিও শ্রীরাধিকার ন্যায় লুব্ধচেতা হইয়া পরমৌৎসুক্যে উপভোগ করিতে অভিলাষ করিতেছি।

পাঠান্তর

২ (৫ম) অনুক্ষণ [ক]; **৫** (১ম) মোর মাধুর্য [ক, জ, ঝ, ঞ, ত], মোর মাধুর্যে [গ, ঘ]; **৮** (১ম) সুখ প্রেম অনুপম [গ], (২য়) ভক্ত [খ, ছ, ঝ, ত]; **৯** (৩য়) যবে [ছ]; **১০** (২য়-৩য়) লোভ হয় [ক, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, ণ, ন]; **১৯** (১ম, ২য়) কৃষ্ণ স্ত্রী পুরুষ আদিকে [চ] (২য়) স্ত্রীপুরুষ [ঘ], স্ত্রীপুরুষে [ছ], (৩য়) করায়ে [খ, গ, ত]; **২১** (৩য়-৪র্থ) কৃষ্ণ করেন [ট, ড, ণ, দ, ধ, ন]; **২২** (২য়, ৩য়) পান সদা [ট, ঠ, ঢ, ণ, দ, ন], (৪র্থ, ৫ম) যেই [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; **২৪** (৪র্থ) বিধিরে নিন্দন [ট, ড, থ, দ, ধ], বিধির [ণ, ন]; **২৬** (৩য়, ৪র্থ) নাহি দিল [গ, ঝ, ট, ড, ণ, থ, দ, ন], **২৭** (২য়) নিমিখ [ক, ঙ], নিমেষ [খ, চ, ঝ, ঠ, ড, ঢ, থ, ধ]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩১।১৫)—

অটতি যদ্ভবানহ্নি কাননং,
ত্রুটির্যুগায়তে ত্বামপশ্যতাম্।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে,
৫ জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাম্॥ ১৫৩

তথা হি (শ্রীমদ্ভাগবতে ১০।৮২।৩৯)—

গোপ্যশ্চ কৃষ্ণমুপলভ্য চিরাদভীষ্টং,
যদ্দর্শনে দৃশিষু পক্ষ্মকৃতং শপন্তি।
দৃগ্ভির্হৃদিকৃতমলং পরিরভ্য সর্বা-,
১০ স্তদ্ভাবমাপুরপি নিত্যযুজাং দুরাপম্॥ ১৫৪

কৃষ্ণাবলোকন বিনা নেত্রে ফল নাহি আন।
যেই জন কৃষ্ণ দেখে সেই ভাগ্যবান্॥ ১৫৫

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।২১।৭)—

অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ,
১৫ সখ্যঃ পশূননুবিবেশয়তোর্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণুজুষ্টং,
যৈর্বা নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষম্॥ ১৫৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথাশ্রয়গতগোপীনিষ্ঠাস্বাদনস্য স্বরূপমাহ, শ্রীদশমে (১০।৩১।১৫) গোপীবাক্যেন—অটতীতি। অত্র ব্যাখ্যাতম্। নহু সর্বসঙ্গপরিত্যাগেন যতয় ইব ত্বামুপগতাঃ, ত্বন্তু কথমস্মান্ ত্যক্তুমুৎসহস ইতি সকরুণমুচুঃ অটতীতি দ্বয়েন। যৎ যদা ভবান্ কাননং প্রতি বৃন্দাবনং প্রতি অহ্নি দিবসে অটতি গচ্ছতি। তদা ত্বামপশ্যতামস্মাকং ত্রুটিঃ ক্ষণার্ধমপি যুগায়তে যুগবদ্ভবতি। এবমদর্শনে দুঃখমুক্তম্। পুনশ্চ কথঞ্চিদ্দিনান্তে তব শ্রীমুখং তৎ উচ্চৈঃ বীক্ষমাণানাং দৃশাং পক্ষ্মকৃৎ জড়ঃ মন্দ এব। অনেন দর্শনে সুখমুক্তমিতি আটীদিত্যহুক্তা অটতীত্যুক্তেঃ প্রেমাবেশেন তৎপ্রত্যক্ষীভূতত্বপ্রতীতিরিতি ভাবঃ। এবং স্বয়মেবোক্তম্ —'ময়া পরোক্ষং ভজতা তিরোহিতম্' ইতি শ্রীদশমে (১০।৩২।২১) ॥১৫৩॥

এতদেব শ্রীশুকদেবেন পরীক্ষিন্মহারাজং প্রতি পরমাশ্চর্যেণাহ—যদ্দর্শন ইতি। যস্য শ্রীকৃষ্ণস্য দর্শনে দৃশিষু নেত্রেষু পক্ষকৃতং ব্রহ্মাণং শপন্তি ভর্ৎসয়ন্তি। গোপ্য ইতি শেষঃ ॥ ১৫৪ ॥

পুনরেতদেব শ্রীদশমে (১০।২১।৭) কাচিদ্গোপী সখীঃ প্রত্যাহ—অক্ষণ্বতামিতি। হে সখ্যঃ! পরমাশ্চর্যং শৃণুধ্বম্। অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং ইদং বক্ষ্যমাণং ফলং প্রয়োজনম্। ন পরং বিদামঃ অপরং ন। কিং তৎ? ব্রজেশসুতয়োর্মধ্যে অনুবেণু

বঙ্গানুবাদ

১৫৩। হে শ্রীকৃষ্ণ! তুমি দিবসে যখন গোচারণার্থ বৃন্দাবনে ভ্রমণ কর, তখন তোমার অদর্শনে আমাদিগের কথা দূরে থাকুক, প্রাণিমাত্রেরই ক্ষণার্ধকাল যুগপরিমিত হইয়া থাকে। পুনর্বার সায়ংকালে যখন ব্রজে আগমন কর, সে সময় তোমার কুটিলালকাবৃত শ্রীমুখ—দর্শনকারীদিগের নিকট নিমিষের স্রষ্টি কর্তা বিধাতা বড়ই নির্বোধ বলিয়া বোধ হয়।

১৫৪। গোপীগণ যাঁহার দর্শনের ব্যবধায়ক নিমিষের কর্তা বিধাতাকে শাপ প্রদান করিয়া থাকেন, সেই পরমাভীষ্ট শ্রীকৃষ্ণকে বহুকালের পর লাভ করিয়া নয়নদ্বারা হৃদয়স্থ করতঃ আলিঙ্গন পূর্বক পট্টমহিষীদিগেরও দুর্লভ ভাব প্রাপ্ত হইয়াছিলেন।

১৫৬। হে সখিগণ! বয়স্যবর্গের সহিত বনান্তরে গো মহিষাদি পশুগণের প্রবেশকারী ব্রজরাজের সুতদ্বয়মধ্যে অনুরক্ত জনে কটাক্ষমোচক এবং বেণুসেবিতবদন-মণ্ডল যাঁহারা দর্শন করিয়াছেন, তাঁহাদিগের সেই চক্ষু ধারণের ফল ইহা অপেক্ষা আর অধিক কি আছে, তাহা ত জানি না।

পাঠান্তর

৬-১০ পঙ্ক্তির শ্লোকটি 'চ, জ, ঝ, ঠ, ড, ঢ, ত, ধ' পুস্তকে ১-৫ পঙ্ক্তির শ্লোকের স্থলে দৃষ্ট হয়। ৭-১০ পঙ্ক্তির শ্লোকটি স্থলে কেবল ৮ম পংক্তি আছে [ঙ, ছ,]; ১১ (২য়) বিনে [খ, গ, ঙ, ছ]।

তত্রৈব (১০।৪৪।১৪)—

গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপং,
লাবণ্যসারমসমোর্ধ্বমনন্যসিদ্ধম্।
দৃগ্ভিঃ পিবন্ত্যনুসবাভিনবং দুরাপ-,
৫ মেকান্তধাম যশসঃ শ্রিয় ঐশ্বরস্য ॥ ১৫৭

অপূর্ব মাধুরী কৃষ্ণের, অপূর্ব তার বল।
যাহার শ্রবণে মন হয় টলমল ॥ ১৫৮
কৃষ্ণের মাধুরী কৃষ্ণে উপজায় লোভ।
সম্যক্ আস্বাদিতে নারে, মনে রহে ক্ষোভ ॥ ১৫৯

১০ এই ত দ্বিতীয় হেতুর কৈল বিবরণ।
তৃতীয় হেতুর এবে শুনহ লক্ষণ ॥ ১৬০
অত্যন্ত নিগূঢ় এই রসের সিদ্ধান্ত।
স্বরূপগোসাঞি মাত্র জানেন একান্ত ॥ ১৬১
যেবা কেহো অন্য জানে, সেহো তাঁহা হৈতে।
১৫ চৈতন্য গোসাঞির তেঁহো অত্যন্ত মর্ম যাতে ॥ ১৬২
গোপীগণের প্রেম—রূঢ়-মহাভাব নাম।
বিশুদ্ধ নির্মল প্রেম, কভু নহে কাম ॥ ১৬৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

বেণুমন্থু বর্তমানং মুখং যৈর্দৃষ্টং তৈরেব নিপীতম্। বক্ত্রং কিংভূতম্? অনুরক্ত-কটাক্ষ-মোক্ষং স্নিগ্ধকটাক্ষবিসর্পমিত্যর্থঃ। তয়োঃ কিংভূতয়োঃ? পশূনিতি, বয়স্যৈঃ সহ সখিভিঃ সহ, পশূন্ক্বনুবহুনিবেশয়তোঃ বনাদ্বনান্তরং নয়তোঃ ইতি। ব্যাখ্যান্তরমাহ—কাচিৎ পরমপ্রেষ্ঠসখী প্রাণসখীঃ প্রত্যাহ—অক্ষণ্বতামিতি। হে সখ্যঃ! আশ্চর্যং শৃণুধ্বম্। অক্ষণ্বতামিতি পূর্ববৎ। ব্রজেশসুতয়োঃ ব্রজেশশ্চ ব্রজেশশ্চ ব্রজেশৌ নন্দবৃষভানূ তয়োঃ সুতয়োঃ শ্রীরাধাকৃষ্ণয়োঃ। অনুবেণু বেণুমনু বর্তমানং বক্ত্রং অর্থাদ্ রাসে যৈর্জুষ্টমিত্যাদি। তয়োঃ কিংভূতয়োঃ? পশূনিতি। বয়স্যৈর্বয়সি ভবানি বয়স্যানি লাবণ্যানি তৈঃ সহ। পশূন্মকরাদি পত্রাঙ্কুরান্। 'পশুঃ পত্রাঙ্কুরে পুংসি পশুর্ভূতগণেঽপি চ' ইতি হারাবলী। নিবেশয়তোঃ পরস্পরং প্রাণয়তোঃ। অন্যৎসমানম্ ॥ ১৫৬ ॥

অতএব ব্রজাঙ্গনানিষ্ঠ-রসাস্বাদমহিমা পরমাদরেণ মধুরানাগরীভিঃ শ্লাঘিতঃ শ্রীদশমে (১০।৪৪।১৪)—গোপ্য ইতি। গোপ্যঃ কিংতপ আচরন্ আচরিতবত্যঃ। তত্তু তদ্বয়ং জানীমশ্চেদাচরিষ্যামঃ। ইতি তদাস্বাদে উৎকণ্ঠাতিশয়ঃ সূচিতঃ। অহো কষ্টম্। অল্পপুণ্যা বয়ং যতোঽস্মাভিরনবসরে দৃষ্টোঽয়ম্। গোপ্যস্তু বহুপুণ্যাঃ ইত্যাহুঃ গোপ্য ইতি ত্রিভিঃ। যদ্ যস্মাদমুষ্য শ্রীকৃষ্ণস্য রূপম্ অঙ্গং, লাবণ্যেন সারং শ্রেষ্ঠং, কিঞ্চ অসমোর্ধ্বং ন বিদ্যতে সমম্ ঊর্ধ্বমধিকং চ যস্য তৎ, তদপ্যনন্য-সিদ্ধং স্বতঃসিদ্ধমিত্যর্থঃ। এবংভূতং রূপং গোপ্যঃ দৃগ্ভিঃ পিবন্তি। কিংভূতং রূপম্? অনুসবাভিনবং নিত্যনূতনমিত্যর্থঃ। দুরাপং ব্রহ্মাদীনামিত্যর্থঃ। একান্তধাম অব্যভিচারিস্থানং কস্য যশস ইত্যাদেঃ ॥ ১৫৭ ॥

বঙ্গানুবাদ

১৫৭। মথুরাস্থ স্ত্রীগণের বাক্য—হে সখি! না জানি গোপীগণ কি অনির্বচনীয় তপস্যা করিয়াছিলেন। কেননা যাঁহারা শ্রীকৃষ্ণের সেই সৌন্দর্য সুধা সর্বদা পান করেন, যাহা লাবণ্যের সার, যাঁহার সমান বা অধিক নাই, যাহা স্বভাবত সুন্দর ও প্রতিক্ষণে নবনবায়মান, লক্ষ্মী প্রভৃতির দুর্লভ, সর্বপ্রকার যশঃ ও শোভা এবং সকল ঐশ্বর্যের অব্যভিচারি স্থান।

পাঠান্তর

৭ (৪র্থ, ৫ম) হয়েত চঞ্চল [ঝ, ঞ, ঠ, ঢ], (৫ম) টলবল [ক, গ, ঙ]; ৮ (৫ম) ক্ষোভ [ক, খ, গ, ঘ ঙ, চ, ছ, ঞ, ঠ, ঢ, থ], ৯ (৬ষ্ঠ) লোভ [খ, গ, ঘ, ঙ, ছ, ঞ, ঠ, ঢ, ত]; ১৪ (৩য়) অন্যে [ত], ১৫ (১ম) চৈতন্যপ্রভুর [ঠ, ঢ], (১ম, ২য়) তিঁহো হয়েন প্রভুর [থ], (৪র্থ) মর্মী [ছ]; ১৬ (২য়, ৩য়) প্রেমের রূঢ়ভাব [খ, জ, ট, ড, দ, ধ], (৩য়) অধিরূঢ়ভাব [ণ, ত, ন], ১৭ (১ম) শুদ্ধ [ট, ঠ, ণ, দ, ন]।

তথা হি ভক্তিরসামৃতসিন্ধৌ (পূর্ববিভাগে ২।২৮৫, ২৮৬)—

প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথাম্।
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ ॥১৬৪

কাম-প্রেম দোঁহাকার বিভিন্ন লক্ষণ।
৫ লৌহ আর হেম যৈছে স্বরূপে বিলক্ষণ ॥ ১৬৫
আত্মেন্দ্রিয়-প্রীতি ইচ্ছা—তারে বলি 'কাম'।
কৃষ্ণেন্দ্রিয়-প্রীতি-ইচ্ছা—ধরে 'প্রেম' নাম ॥১৬৬
কামের তাৎপর্য—নিজসম্ভোগ কেবল।
কৃষ্ণসুখ-তাৎপর্য—হয় প্রেম ত প্রবল ॥ ১৬৭
১০ বেদধর্ম লোকধর্ম দেহধর্ম কর্ম।
লজ্জা ধৈর্য দেহসুখ আত্মসুখ মর্ম ॥ ১৬৮
দুস্ত্যজ আর্যপথ নিজ পরিজন।
স্বজনে করয়ে যত তাড়ন ভর্ৎসন ॥ ১৬৯
সর্বত্যাগ করি' করে কৃষ্ণের ভজন।
১৫ কৃষ্ণসুখহেতু করে প্রেম-সেবন ॥ ১৭০
ইহাকে কহিয়ে কৃষ্ণে দৃঢ় অনুরাগ।
স্বচ্ছ ধৌত বস্ত্রে যেন নাহি কোন দাগ ॥ ১৭১
অতএব কাম প্রেম বহুত অন্তর।
কাম অন্ধতম, প্রেম নির্মল ভাস্কর ॥১৭২
২০ অতএব গোপীগণে নাহি কামগন্ধ।
কৃষ্ণসুখ-লাগি' মাত্র কৃষ্ণের সম্বন্ধ ॥ ১৭৩

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩১।১৯)—

যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু,
ভীতাঃ শনৈঃ প্রিয় দধীমহি কর্কশেষু।
২৫ তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিংস্বিৎ,
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ ॥ ১৭৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

সা কামরূপা সম্ভোগতৃষ্ণাং যা নয়তি স্বতাম্। যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যমঃ ॥
ইতি শ্রীরসামৃতসিন্ধু-বচনাৎ (১।২।২৮৩)। ব্রজদেবীনাং কামঃ প্রেমৈব। স্বসুখতাৎপর্যাভাবাদিত্যাহ তন্ত্রে—প্রেমৈবেতি। কাম ইতি প্রথামগমৎ। ন তু কামঃ, প্রেমৈব, কৃষ্ণৈকনিষ্ঠত্বাৎ। যত আত্মেন্দ্রিয়েণ কৃষ্ণেন্দ্রিয়তৃপ্তীচ্ছারূপং প্রেম্ণো লক্ষণম্। অতএবাহ—ইতীতি। পরমভাগবতা ভগবৎপার্ষদোত্তমা উদ্ধবাদয়োঽপি এতং গোপীনিষ্ঠ-প্রেমাণং বাঞ্ছন্তি। অন্যেষাং কা বার্তেতি ভাবঃ। তে কথংভূতাঃ? ভগবতঃ প্রিয়াঃ, ভগবানেব প্রিয়ো যেষাং ইতি বা ॥ ১৬৪ ॥

অথ শ্রীকৃষ্ণস্য রাসান্তর্ধানে 'বিয়োগে সমবুদ্ধিঃ স্যাৎ সংযোগে চ পৃথক্ পৃথক্' ইতি ভরতমুনি-বচনাৎ সর্বা গোপ্যঃ সর্বত্রৈবান্বিষ্য তমপ্রাপ্য বিলপন্তি শ্রীদশমে (১০।৩১।১৯)—যত্ত ইতি। তব সুজাতং সুকুমারং চরণাম্বুরুহং স্তনেষু যদ্ দধীমহি

বঙ্গানুবাদ

১৬৪। গোপীগণের প্রেমই শ্রীনারদাদি কর্তৃক কাম নামে উক্ত হইলেও তাহা প্রাকৃত-কাম নহে, এজন্য উদ্ধবাদি ভক্তগণও সেই গোপীগণের ভাব প্রার্থনা করেন।

১৭৪। গোপীগণ বলিতেছেন—হে প্রিয়! তোমার সুকোমল চরণপদ্ম কঠিন স্তনমণ্ডল স্পর্শে পাছে ব্যথা পায়,

---

পাঠান্তর

৫ (২য়, ৩য়) কাঞ্চন [ঝ, ঞ, ঠ, ঢ], আর কাঞ্চন [কত], (৫ম) স্বরূপ [ক, চ, জ, ড, দ]; ৬ (২য়) বাঞ্ছা [ড, থ, ধ], (৪র্থ) কহি [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ঢ, ত], ১৫ (৩য়) নিষেবন [চ], প্রেমের সেবন [জ, দ], প্রেমেতে সেবন [ঝ], ১৬ (১ম) ইহারে [ক, খ, গ, ঘ, জ, ঝ, ঠ, ঢ]; ১৭ (১ম) সূক্ষ্ম [ক], নির্মল [খ, ঙ, ছ, ত], (২য়, ৩য়) বস্ত্রেতে [খ, ছ], (৪র্থ) যৈছে [চ, জ, ঝ, ঞ, ঠ ড, ঢ, ত, ধ]; ১৮ (২য়,৩য়) কাম প্রেম [ক, খ, জ, ঢ], কামে প্রেমে [গ, ঘ], ২০ (২য়) গোপীগণের [ঘ, ঙ, ঝ, ট, ড, ঢ, দ, ধ], গোপীভাবে [চ], গোপীপ্রেমে [জ]; ২১ (৩য়) কৃষ্ণ সে [ট, ড, দ], কৃষ্ণে সে [ণ, থ, ধ, ন]।

আত্ম-সুখ-দুঃখে গোপীর নাহিক বিচার।
কৃষ্ণসুখ-হেতু চেষ্টা মনোব্যবহার ॥ ১৭৫

কৃষ্ণ-লাগি আর সব করি পরিত্যাগ।
কৃষ্ণসুখ-হেতু করে শুদ্ধ অনুরাগ ॥ ১৭৬

৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩২।২১)—
এবং মদর্থোজ্ঝিতলোকবেদ-,
স্বানাং হি বো ময্যনুবৃত্তয়েঽবলাঃ।
ময়া পরোক্ষং ভজতা তিরোহিতং,
মাসূয়িতুং মার্হথ তৎপ্রিয়ং প্রিয়াঃ ॥ ১৭৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

তদ্ভীতাঃ সত্য এব। ননু কিমত্র ভীতি লক্ষণম্? কর্কশেম্বিতি স্তনানাং কাঠিন্যং দর্শিতমিত্যর্থঃ। ননু কিমিতি তর্হি দধ্যে তত্রাহ—প্রিয়েতি। হে প্রিয়! তেষেব স্বচরণার্পণে ত্বং প্রীণাসীতি হেতোঃ ত্বৎসুখমালম্ব্যেতি ভাবঃ। কিঞ্চ তদানীং চরণস্য পীড়নে ত্বৎসুখে সাক্ষাদ্দৃষ্টেঽপি চরণব্যথা সম্ভবেদিতি শঙ্কয়া অস্মাকং খেদো জায়ত ইত্যাহুঃ—শনৈরিতি। ত্বৎসংযোগেঽস্মাকং দুঃখং বিধাত্রা ললাটলিখিতমেবেতি ধ্বনিঃ। কিং কর্তব্যম্? তপোভির্বিধিং প্রতি স্তনানাং কোমলত্বে প্রার্থ্যমানে তব সুখং ন ভবেৎ। কর্কশত্বে তব চরণব্যথা স্যাৎ ইত্যুভয়থৈব সঙ্কটমস্মাকমিত্যন্বধ্বনিঃ, 'অদৃষ্টে দর্শনোৎকণ্ঠা দৃষ্টে দর্শনভীরুতা' ইতিবৎ। অস্মাকং সংযোগ-বিয়োগয়োঃ কষ্টমিতি ভাবঃ। পুনঃ সব্যাকুলমাহুঃ—তেনেতি। তেন সুকুমারচরণাম্বুজেন অটবীং কাননমটসি গচ্ছসি। কিংস্বিদিতি প্রশ্নে। কূর্পাদিভিঃ ক্ষুদ্রপাষাণাদিভিঃ ন ব্যথতে কিং, ব্যথত এব। ননু মম চরণব্যথা মমৈব দুঃখম্, যুষ্মাকং কিং স্যাদিত্যাহুঃ। ভবদায়ুষাং নঃ ভবানেবায়ুর্যাসাং অতএব ত্বদ্দুঃখানুমানে সতি অস্মাকং দুঃখং জায়ত ইতি ভাবঃ। কর্কশেম্বিত্যুক্তেঃ পরমসুন্দরীত্বং সূচিতম্, কিশোরাবস্থাত্বং চ ॥ ১৭৪ ॥

অথ তাসাং প্রেমালাপ-শ্রবণেন ব্যাকুলীভূয়াবির্ভূয় তৎপরিতোষানন্তরমুৎকট প্রশ্নপ্রত্যুত্তরং শ্রীকৃষ্ণঃ স্বয়মেবাহ—এবমিতি। মদর্থেতি—মদর্থমুজ্ঝিতাঃ ত্যক্তাঃ লোকবেদস্বাঃ যাভিঃ তাসাং। লোকেতি যুক্তাযুক্ত প্রতীক্ষণাৎ, বেদেতি ধর্মাধর্মপ্রতীক্ষণাৎ, স্বাঃ জ্ঞাতয়ঃ স্নেহত্যাগাৎ। হে অবলাঃ এবংভূতানাং বো যুষ্মাকং ময্যনুরাগ-বৃত্তয়ে মদ্বিষয়নিরন্তরচিন্তনার্থম্ অপরোক্ষং ভজতা যুষ্মৎ প্রেমালাপং শৃণ্বতা ময়া, তিরোহিতমন্তর্ধানেন স্থিতম্ তত্রৈব, নত্বন্যত্র গতম্। তত্তস্মাদ্ধেতোঃ প্রিয়ং মাং মাসূয়িতুং দোষারোপেণ দ্রষ্টুং মার্হথ ন যোগ্যাঃ স্থ, হে প্রিয়া ইতি যো যস্য প্রিয়ো ভবতি স তস্য দোষদর্শনেঽপি দ্রষ্টুমশক্য স্যাদিতি ভাবঃ ॥ ১৭৭ ॥

বঙ্গানুবাদ

এই আশঙ্কায় আমরা তাহা ধীরে ধীরে ধারণ করিব, আর ঐ চরণে এই রাত্রিকালে বনমধ্যে বিচরণ করিতেছ, তাহাতে কি ক্ষুদ্র পাষাণ কণিকাঘাতে বেদনা বোধ হইতেছে না? ইহা ভাবিয়া আমাদিগের মতি বিমুগ্ধ হইতেছে, যেহেতু তুমি আমাদিগের পরমায়ুঃ।

১৭৭। হে অবলাগণ! তোমরা আমার নিমিত্ত এই জগতের যুক্তাযুক্ত প্রতীক্ষা না করিয়া, বেদোক্ত ঐহিক পারত্রিক ধর্মাধর্ম প্রতীক্ষা না করিয়া, এবং স্নেহভাজন জ্ঞাতিবর্গকে পরিহার পূর্ব্বক কেবল আমার সুখসম্পাদনার্থ উপস্থিত হইয়াছ; আমিও তোমাদিগের প্রেমালাপ শ্রবণার্থ এবং ধ্যানপ্রবাহ সম্পাদনার্থ অন্তর্ধান করিয়াছিলাম। আমি তোমাদিগের প্রিয়, এইহেতু আমার প্রতি দোষারোপ করা উচিত নয়।

পাঠান্তর

১ (১ম)-দুঃখ [ঙ, ণ, ত, দ, ন] (২য়, ৩য়) গোপী না করে [ট, ড, দ]; ২ (১ম) কৃষ্ণসুখলাগি [চ], (২য়) করে [খ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, দ, ধ], (৩য়) রমণ ব্যবহার [খ], মান ব্যবহার [ঙ], এই ব্যবহার [চ] বিষম ব্যবহার [ছ], সঙ্গেত বিহার [জ, ঝ, ঞ, ঠ], সব ব্যবহার [ট, ড, ঢ, দ, ধ], ৩ (১ম) কৃষ্ণ বিনু [খ], কৃষ্ণ বিনা [ট], (২য়-৫ম) আর যত সব করি ত্যাগ [খ];

কৃষ্ণের প্রতিজ্ঞা এক আছে পূর্ব হৈতে।
যে যৈছে ভজে তৈছে তাহারে ভজিতে ॥ ১৭৮

তথাহি শ্রীমদ্ভগবদ্গীতায়াম্ (৪।১১)—

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
৫ মম বর্ত্মানুবর্ততে মনুষ্যাঃ পার্থ সর্বশঃ ॥ ১৭৯

সে প্রতিজ্ঞা ভঙ্গ হৈল গোপীর ভজনে।
তাহাতে প্রমাণ কৃষ্ণ-শ্রীমুখবচনে ॥ ১৮০

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩২।২২)—

ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং
১০ স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ।
যা মাভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ,
সংবৃশ্চ তদ্বঃ প্রতিযাতু সাধুনা ॥ ১৮১

তবে যে দেখিয়ে গোপীর নিজ-দেহে প্রীত।
সেহোত কৃষ্ণের লাগি', জানিহ নিশ্চিত ॥ ১৮২

১৫ এই দেহ কৈল আমি কৃষ্ণে সমর্পণ।
তাঁর ধন—তাঁর এই সম্ভোগ-সাধন ॥ ১৮৩

এ-দেহ-দর্শন-স্পর্শে কৃষ্ণসন্তোষণ।
এই লাগি' করে দেহের মার্জ্জন-ভূষণ ॥ ১৮৪

তথা হি (সংক্ষেপভাগবতামৃতে উত্তরখণ্ডে ৪০)—

২০ নিজাঙ্গমপি যা গোপ্যো মমেতি সমুপাসতে।
তাভ্যঃ পরং ন মে পার্থ নিগূঢ়প্রেমভাজনম্ ॥১৮৫

আর এক অদ্ভুত গোপী-ভাবের স্বভাব।
বুদ্ধির গোচর নহে যাহার প্রভাব ॥ ১৮৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ 'যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্' ইতি স্ব প্রতিজ্ঞায়াঃ গোপীভজনেন তদ্ভজনানুরূপ-স্বভজনমনালোচ্য তাসাং পরস্পরমক্ষিনিকোচনাবলোকনং দৃষ্ট্বা আত্মনশ্চরমকোটিপক্ষমালোচ্য প্রত্যুপকারভাবাত্তরুণিত্বরূপং বিনয়বচনং তত্রৈব স্বয়মেবাহ—ন পারয়েঽহমিতি। বো যুষ্মাকং স্ব-সাধুকৃত্যং স্ব-সাধারণং যৎ সাধুকৃত্যং প্রত্যুপকাররূপং তৎকর্তুং তদনুরূপং কর্তুং চিরকালেনাপি বিবুধায়ুষাপি অহং ন পারয়েন শক্নোমি। প্রথমতো নেতি—তৎপ্রত্যুপকারাভাবাদিতি বোদ্ধব্যম্। কথংভূতানাং ? নিরবদ্য-সংযুজাং নিরবদ্যা নির্মলা সংযুক্ সংযোগো যাসাং তাঃ তাসাং যা ভবত্যঃ, দুর্জরেতি দুর্জরা অজরাঃ যা গেহশৃঙ্খলাঃ গৃহরূপ-নিগড়াঃ তাঃ সংবৃশ্চ্য সম্যক্ ছিত্ত্বা মা মাং অভজন্। যদ্বা যতো যথা গৃহশৃঙ্খলাদিকং ত্যক্ত্বা ভবত্যো মামভজন্। তথাহং গোপালন-দোহনাদিরূপ- গৃহশৃঙ্খলাস্ত্যক্তা যা ভবতীঃ মাভজন্মস্মি। মচ্চিত্তস্ত বহুযু প্রযুক্ততয়া নৈবমেকনিষ্ঠম্। তত্তস্মাদ্বো যুষ্মাকং সাধুনা সাধুকৃত্যেন প্রতিযাতু প্রত্যুপকারকৃতং ভবতু। যুষ্মৎ সৌশীল্যেনৈব মমানৃণ্যম্। নতু মৎকৃত-প্রত্যুপকারেণেতি ভাবঃ ॥ ১৮১ ॥

অথ তাসাং তদেকনিষ্ঠ আদিপুরাণে গোপীপ্রেমামৃতে অর্জুনং স্বয়মেবাহ—নিজাঙ্গমিতি। হে পার্থ তাভ্যো গোপীভ্যঃ

বঙ্গানুবাদ

১৭৯। টীকা ও অনুবাদ ১।৪।২০ শ্লোকে দ্রষ্টব্য।

১৮১। হে গোপীগণ! তোমাদিগের সংযোগ আপাততঃ কামময় রূপে প্রতীয়মান হইলেও, বস্তুতঃ নির্মল প্রেমময়তাবশতঃ নির্দোষ; অতএব তোমাদিগের অসাধারণ সাধুকৃত্য অনন্তকালেও আমি পরিশোধ করিতে পারিব না। তোমরা যে অচ্ছেদ্য গৃহশৃঙ্খলা অর্থাৎ গৃহসম্বন্ধি ঐহিক পারলৌকিক সুখকর লোক-ধর্ম্ম মর্যাদা ছেদন করিয়া, পরমানুরাগে আমাতে আত্মনিবেদন করিয়াছ; তোমাদিগের সেই সৌশীল্য দ্বারা তাহার প্রত্যুপকার হউক।

১৮৫। যে গোপীগণ নিজ অঙ্গকেও আমার ভোগ্য বলিয়া যত্ন করেন। হে অর্জুন! সেই গোপীগণ হইতে আমার নিগূঢ় প্রেমের পাত্র আর কেহই নাই।

পাঠান্তর

২ (৩য়) দৃঢ় [ঠ, ঢ, দ], (৪র্থ-৬ষ্ঠ) তারে ভজিয়ে তেমতে [ঘ], কৃষ্ণ তারে ভজে তৈছে [ট, ড, ণ, থ, দ, ধ, ন]। **৬** (৩য়-৪র্থ) নষ্ট কৈল [ক], মিথ্যা কৈল [খ, গ, ঘ, ঙ, চ, ঞ ত], ভঙ্গ-কৈল [জ], (৬ষ্ঠ) বচনে [ক], সেবনে [দ], **৭** (৩য়) কৃষ্ণের শ্রীমুখবচনে [ঙ, ছ]। **১৫** (৩য়) কৈলুঁ [চ, ঝ, দ, ধ], কৈলু [ণ, দ, ন]; **১৬** (১ম-৪র্থ) এই দেহ হয় তাঁর [ছ], (৪র্থ) ইহা [ণ, দ, ন], (৫ম)-কারণ [ড, ত, ধ]; **১৮** (৪র্থ) অঙ্গের [ট, ড, দ, ধ]।

গোপিকা করেন যবে কৃষ্ণ-দরশন।
সুখবাঞ্ছা নাহি, সুখ হয় কোটিগুণ ॥ ১৮৭
গোপিকাদর্শনে কৃষ্ণের যে আনন্দ হয়।
তাহা হৈতে কোটিগুণ গোপী আস্বাদয় ॥ ১৮৮
৫ তাঁসভার নাহি নিজ-সুখ-অনুরোধ।
তথাপি বাঢ়য়ে সুখ পড়িল বিরোধ ॥ ১৮৯
এ বিরোধের একমাত্র দেখি সমাধান।
গোপিকার সুখ কৃষ্ণসুখে পর্যবসান ॥ ১৯০
গোপিকা-দর্শনে কৃষ্ণের বাঢ়ে প্রফুল্লতা।
১০ সে মাধুর্য বাঢ়ে—যার নাহিক সমতা ॥ ১৯১
'আমার দর্শনে কৃষ্ণ পাইল এত সুখ।'
এই সুখে গোপীর প্রফুল্ল অঙ্গ-মুখ ॥ ১৯২
গোপীশোভা দেখি' কৃষ্ণের শোভা বাঢ়ে যত।
কৃষ্ণশোভা দেখি' গোপীর শোভা বাঢ়ে তত ॥ ১৯৩
১৫ এইমত পরস্পর পড়ে হুড়াহুড়ি।
পরস্পর বাঢ়ে, কেহো মুখ নাহি মুড়ি ॥ ১৯৪
কিন্তু কৃষ্ণের সুখ হয় গোপী-রূপগুণে।
তাঁর সুখে সুখবৃদ্ধি হয় গোপীগণে ॥ ১৯৫
অতএব সেই সুখে কৃষ্ণসুখ পোষে।
২০ এইহেতু গোপীপ্রেমে নাহি কামদোষে ॥ ১৯৬

যথোক্তং শ্রীরূপগোস্বামিনা (স্তবমালায়াং কেশবাষ্টকে ৮)—

উপেত্য পথি সুন্দরীততিভিরাভিরভ্যর্চিতং,
স্মিতাঙ্কুরকরম্বিতৈর্নটদপাঙ্গভঙ্গীশতৈঃ।
স্তনস্তবকসঞ্চরন্নয়নচঞ্চরীকাঞ্চলং,
২৫ ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবম্ ॥ ১৯৭

আর এক গোপীপ্রেমের স্বাভাবিক চিহ্ন।
যে প্রকারে হয় প্রেম কামদোষহীন ॥ ১৯৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

পরমন্যন্মম নিগূঢ়-প্রেমভাজনং কুত্রাপি নাস্তীত্যর্থঃ। কুতঃ, যা গোপ্যঃ নিজাঙ্গমপি মমেতি এতদঙ্গং কৃষ্ণস্যেতি সমুপাসতে ভাবয়ন্তি। এতেন স্বসুখতাৎপর্যা ভাবঃ সূচিতঃ ॥ ১৮৩ ॥

অথ তাসাং প্রেমমাধুর্যং স্তবমালায়াং শ্রীরূপগোস্বামী পদ্যেনাহ—উপেত্যেতি। বিপিনদেশতঃ ব্রজে বিজয়িনং কেশবং অহং ভজে। কথংভূতং? বনাদ্গোষ্ঠগমনে আভিঃ সুন্দরীততিভিঃ ব্রজাঙ্গনাততিভিঃ পথি উপেত্যাগত্যাভ্যর্চিতম্, কৈঃ স্মিতাঙ্কুরেতি স্মিতমীষদ্ধাস্যং, তস্যাঙ্কুরঃ উদ্গমঃ তেন করম্বিতৈর্যুক্তৈঃ নটন্তো যেঽপাঙ্গাঃ নেত্রপ্রান্তাঃ তেষাং ভঙ্গীশতৈঃ। তং

বঙ্গানুবাদ

১৯৭। দর্শনার্থ পথপ্রান্তে আগত ব্রজসুন্দরীগণ ঈষৎহাস্যযুক্ত কটাক্ষভঙ্গীপরম্পরায় যাঁহার পূজা করিতেছেন এবং যাঁহার নয়নভৃঙ্গ সেই ব্রজযুবতীদিগের স্তনস্তবকে সঞ্চারিত হইতেছে, অপরাহ্নে বন হইতে ব্রজে বিজয়শীল সেই কেশবকে ভজনা করি।

পাঠান্তর

১ (১ম-২য়) গোপীগণ করে [ট, ড, ণ, দ, ন], গোপীগণ করেন [থ, ধ], (৪র্থ) কৃষ্ণাঙ্গ-দর্শন [চ]; ৬ (২য়) বাঢ়িল [ক, খ], বাড়য়ে [ঘ, ছ, ড, ঢ, থ, দ, ধ]; ৭ (৩য়) এক এই [খ, ঙ, ট, ড, ণ, ন]; ৮ (২য়) সুখে [ক, খ, ছ, ঝ, ঞ, ট, ড, ত], (৩য়) কৃষ্ণসুখ [ক, খ, ঙ, ঝ, ঞ, ট, ড, ত, ধ]; ৯ (১ম) গোপীর দর্শনে [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ]। ১১ (১ম, ২য়) আমা দরশনে [গ]; ১৩ (৩য়) কৃষ্ণ-[ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ত]; ১৫ (২য়) অন্যোন্যে [খ, ঙ, ট, ঠ, ঢ, দ]; ১৬ (১ম) অন্যোন্যে [খ, ঙ, ছ, ট, ঠ, ঢ, দ]; ১৭ (৪র্থ) বাড়ে [ছ]; ১৯ (৩য়) সুখ [ট, ড, থ, দ, ধ]; ২৬ (৩য়) আছে প্রেমের [ক, গ, ঘ, জ, ঝ, ঞ, ত], (৫ম) কামাদিবিহীন [খ], কামগন্ধহীন [ট, ড, ঢ, ণ, থ, দ, ধ, ন]।

গোপীপ্রেমে করে কৃষ্ণমাধুর্যের পুষ্টি।
মাধুর্য বাঢ়ায় প্রেম হঞা মহাতুষ্টি ॥ ১৯৯

প্রীতিবিষয়ানন্দে তদাশ্রয়ানন্দ।
তাহাঁ নাহি নিজসুখবাঞ্ছার সম্বন্ধ ॥ ২০০

৫ নিরুপাধি প্রেম যাঁহা—তাঁহা এই রীতি।
প্রীতিবিষয়সুখে আশ্রয়ের প্রীতি ॥ ২০১

নিজপ্রেমানন্দে কৃষ্ণ-সেবানন্দ বাধে।
সে আনন্দোপরি ভক্তের হয় মহাক্রোধে ॥ ২০২

তথা হি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ (পশ্চিমবিভাগে ২।৬২)—

১০ অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং,
প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতের্বীজনে যেন সাক্ষা-,
দক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি ॥ ২০৩

তত্রৈব দক্ষিণবিভাগে (৩।৫৪)—

১৫ গোবিন্দপ্রেক্ষণাক্ষেপি-বাষ্পপূরাভিবর্ষিণম্।
উচ্চৈরনিন্দদানন্দমরবিন্দবিলোচনা ॥ ২০৪

আর শুদ্ধভক্ত কৃষ্ণপ্রেমসেবা বিনে।
স্বসুখার্থ সালোক্যাদি না করে গ্রহণে ॥ ২০৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

পুনঃ কথংভূতং ? স্তনেতি স্তনা এব স্তবকাঃ পুষ্পগুচ্ছাঃ তেষু সঞ্চরন্নয়নমেব চঞ্চরীকঃ ভ্রমরস্তস্যাঞ্চলং প্রান্তভাগো যস্য তং, অনেন পথি গমনেন গুরুভয়লজ্জাদিকশৈথিল্যং দর্শিতমিতি ভাবঃ ॥ ১৯৭ ॥

অথ ভক্তানাং শ্রীকৃষ্ণসেবাসময়ে জাতানন্দাদিকং বিঘ্নরূপং ভবতীত্যাহ, রসামৃতসিন্ধৌ—অঙ্গেতি। দারুকঃ কৃষ্ণসারথিঃ সেবাসময়ে প্রেমানন্দং নাভ্যনন্দৎ। কথং ভূতং ? অঙ্গেতি অঙ্গানাং করাদীনাং স্তম্ভস্য স্তব্ধীভূতস্যারম্ভং উত্তুঙ্গয়ন্তং বর্ধয়ন্তং যেনানন্দেন কংসারাতেঃ শ্রীকৃষ্ণস্য বীজনে সাক্ষাৎ অক্ষোদীয়ানতিশয়োঽন্তরায়ো বিঘ্নঃ ব্যধায়ি অকারি ॥ ২০৩ ॥

এতদেব শ্রীরাধাংশরূপাং চন্দ্রকান্তচরীমালক্ষ্য তত্রৈব স্বয়মেব রূপগোস্বাম্যাহ—গোবিন্দ ইতি। অরবিন্দবিলোচনা অরবিন্দে ইব বিলোচনে যস্যাঃ সা, এবংভূতা চন্দ্রকান্তচরী আনন্দমুচ্চৈর্যথাস্যাত্তথা অনিন্দন্নিন্দয়ামাস। শ্রীকৃষ্ণদর্শনানন্দ-বাধকত্বাৎ। তং কথংভূতং ? গোবিন্দেতি। গোবিন্দস্য প্রেক্ষণং তদাক্ষেপি যদ্বাষ্পপূরং তমভিবর্ষিতুং শীলং যস্য তম্। চন্দ্রকান্তচরী-লক্ষণং তেনৈবোক্তং,—

চন্দ্রকান্তচরী সর্বগন্ধর্বকুলমোহিনী। গোবিন্দ-নৃত্যশিক্ষার্থং নটীকৃত-নিজাংশুকা ॥

ইত্যনেন রাগানুগীয়-পরভাগবতানামপ্যেষা রীতির্ভবত্যেবেতি ধ্বনিতম্ ॥ ২০৪ ॥

বঙ্গানুবাদ

২০৩। অঙ্গে স্তম্ভাখ্য সাত্ত্বিক ভাবের অতিশয় প্রবর্ধক-প্রেমানন্দকে কৃষ্ণ-সারথি দারুক অভিনন্দন করেন নাই। যেহেতু সে প্রেমানন্দ শ্রীকৃষ্ণের চামর-বীজনে গুরুতর বিঘ্ন বিধান করিয়াছিল।

২০৪। শ্রীরাধিকার অংশরূপা চন্দ্রকান্তচরী কৃষ্ণদর্শনের প্রতিবন্ধি বাষ্পপুরবর্ষুক প্রেমানন্দকে অতিশয় নিন্দা করিয়াছিলেন।

পাঠান্তর

৪ (১ম) যাহা [ঘ]; ৭ (২য়) যবে কৃষ্ণ-[গ], যবে কৃষ্ণ সেবা [ঘ, ত], যবে সেবানন্দ [ঙ], যদি কৃষ্ণসেবা [ছ]; ৮ (২য়) আনন্দের প্রতি [ট, ড, থ, দ, ধ, ন]; ১৩ (২য়) ব্যধায়ি ইতি [ক, গ, জ, ঝ, ঞ, ঠ, ত]; ১৬ (১ম)-বিলোচনা ইতি [ক, খ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ঠ]; ১৭ (২য়-৩য়) এক শুন ভক্ত প্রেমসেবা [ক], এক কৃষ্ণভক্ত কৃষ্ণসেবা [গ], এক কৃষ্ণভক্ত প্রেমসেবা [ঘ, চ, জ, ঝ, ঞ], (৩য়) কৃষ্ণসেবাসুখ [ছ], ১৮ (১ম) সুখলাগি [খ], নিজসুখ লাগি [ঙ], নিজসুখে [ছ]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (৩।২৯।১২-১৩)—

অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে ॥২০৬

সালোক্য-সার্ষ্টি-সারূপ্য-সামীপ্যৈকত্বমপ্যুত ।

দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ ॥ ২০৭

৫ স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক উদাহৃতঃ।

যেনাতিব্রজ্য ত্রিগুণং মদ্ভাবায়োপপদ্যতে ॥ ২০৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ প্রেমানন্দমিতুক্তেঃ জ্ঞানকর্মরহিতশুদ্ধভক্তিযোগ আয়াতঃ। অতএব তল্লক্ষণং দেবহূতিং প্রতি শ্রীকপিলদেবেনোক্তম্—অহৈতুকীতি। পুরুষোত্তমে শ্রীকৃষ্ণে যা ভক্তিঃ সা অহৈতুকী ফলাভিসন্ধিরহিতা, কারণান্তররহিতেতি বা, স্বতঃসিদ্ধেত্যর্থঃ। সা কথংভূতা? অব্যবহিতা বিঘ্নৈরনভিভূতা; স এব ভক্তিযোগাখ্যঃ আত্যন্তিকঃ পরমপুরুষার্থঃ উদাহৃতঃ নারদাভিরিতি শেষঃ।

অথাত্যন্তিকেত্যুক্তেঃ মোক্ষাদেরপ্যনুসন্ধানাভাবঃ সূচিতঃ। এতদেব স্বয়ং ভগবাংস্তত্রৈবাহ—সালোক্যেতি। সালোক্যং ময়া সহৈকস্মিন্লোকে বাসঃ, সার্ষ্টিঃ সমানৈশ্বর্য্যং, সারূপ্যং সমানরূপতা চতুর্ভুজত্বাদিবিশিষ্টতেতি যাবৎ, সামীপ্যং নিকটবর্ত্তিত্বং, একত্বং সাযুজ্যমপি। এবংভূতং সালোক্যাদি পঞ্চবিধং ময়া দীয়মানমপি মৎসেবনং বিনা ভক্তজনা ন গৃহ্ণন্তি। কিমুত তদাচরন্তীত্যর্থঃ। অত্র সালোক্যাদি চতুর্বিধা মুক্তিঃ দ্বিধা ভবতি। সুখৈশ্বর্য্যোত্তরা প্রেমসেবোত্তরা চ। অত্র যা পূর্ব-নির্দিষ্টা সা সার্ষ্টিসারূপ্যরূপা সমানৈশ্বর্য্যাদ্যনুভবত্বাৎ। যোত্তরা সালোক্য-সমীপ্যরূপা তৎপার্ষদরূপত্বাৎ। একত্বমপি দ্বিবিধম্। ভগবৎ-সাযুজ্যং ব্রহ্ম-সাযুজ্যং চ। অত্র ভগবৎ-সাযুজ্যমত্যন্ত-হেয়রূপং; কুতঃ? ভগবৎসেবৌপয়িক-পরমসুন্দর-করচরণাদি দর্শনে জায়মানে তদাকাংক্ষিত্বাভাবাৎ। যথা তৃতীয়ে,—সনকাদীনাং শ্রীমন্নারায়ণরূপদর্শনে ক্ষোভাবিষ্টচিত্তমালক্ষ্য বিদুরং প্রতি মৈত্রেয়েণোক্তম্,—"তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ,-কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দ-বায়ুঃ। অন্তর্গতঃ স্ব-বিবরেণ চকার তেষাং, সংক্ষোভমক্ষর-যুষামপি চিত্ততন্বোঃ"। ইতি। তথা দ্বিতীয়ে পরীক্ষিতং প্রতি শ্রীশুকবাক্যম্,—

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্য উত্তম-শ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ইতি।

ব্রহ্মসাযুজ্যমপি ভক্তানামত্যন্ত-হেয়রূপম্। কুতঃ? সেবাদ্যভাবাৎ। ন গৃহ্ণন্তীত্যুক্তেঃ—পঞ্চবিধমুক্তেরপি গ্রহণাভাবঃ সূচিতঃ। যচ্ছ্রীরূপগোস্বামিচরণৈরুক্তম্ (ভ র সি)—

তত্রাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠা গোবিন্দহৃতমানসাঃ। যেষাং শ্রীশপ্রসাদোঽপি মনোহর্তুং ন শক্নুয়াৎ ॥

নৈবাঙ্গীকুরুতে জাতু মুক্তিনাঞ্চ দ্বিধামপি। ইতি চ। তৃতীয়েঽপি,—সেবানুরক্তমনসামভবোঽপি ফল্গুঃ। ইতি ॥২০৬-৮॥

বঙ্গানুবাদ

২০৬-৭। যে ভক্তি ফলানুসন্ধানরহিতা, এবং বিঘ্নদ্বারা অনভিভূতা এবং যাহাতে আমার সেবা ব্যতিরেকে শুদ্ধ ভক্তগণ সালোক্য, সার্ষ্টি, সারূপ্য, সামীপ্য এবং একত্ব—এই পঞ্চবিধ মুক্তি প্রদান করিলেও, গ্রহণ করেন না; সেই ভক্তিই আত্যন্তিক ভক্তিযোগ-নামে কথিত হয়।

পাঠান্তর

২ পংক্তির পূর্বে. 'ট, ঠ, ড, ঢ, ণ, দ, ধ এবং ন মুদ্রিতগ্রন্থে নিম্নলিখিত অতিরিক্ত শ্লোক দৃষ্ট হয়:—"মদ্-গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্বগুহাশয়ে মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ। লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যদাহৃতম্॥" পুঁথিসমূহে এই অতিরিক্ত শ্লোক পাওয়া যায় না; 'ণ' পুস্তকে বন্ধনীর মধ্যগত দৃষ্ট হয়। ৫ম পঙ্ক্তির শ্লোকটি 'চ' পুঁথিতে এবং ট, ড, ণ মুদ্রিত গ্রন্থে দৃষ্ট হয়।

তত্রৈব (৯।৪।৬৭)—

মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদি-চতুষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতম্ ॥ ২০৯

কামগন্ধহীন স্বাভাবিক গোপীপ্রেম।
৫ নির্মল উজ্জ্বল শুদ্ধ যেন দগ্ধহেম ॥ ২১০
কৃষ্ণের সহায় গুরু বান্ধব প্রেয়সী।
গোপিকা হয়েন প্রিয়া শিষ্যা সখী দাসী ॥ ২১১
গোপিকা জানেন কৃষ্ণের মনের বাঞ্ছিত।
প্রেমসেবা-পরিপাটী ইষ্টসমীহিত ॥ ২১২

১০ তথা হি আদিপুরাণে গোপীপ্রেমামৃতে—

সহায়া গুরবঃ শিষ্যা ভুজিষ্যা বান্ধবা স্ত্রিয়ঃ।
সত্যং বদামি তে পার্থ গোপ্যঃ কিং মে ভবন্তি ন ॥ ২১৩

তথা হি (সংক্ষেপ-ভাগবতামৃতে উত্তরখণ্ডে ৩৯)—

১৫ মন্মাহাত্ম্যং মৎসপর্য্যাং মচ্ছ্রদ্ধাং মন্মনোগতম্।
জানন্তি গোপিকাঃ পার্থ নান্যে জানন্তি তত্ত্বতঃ ॥২১৪

সেই গোপীগণমধ্যে উত্তমা—রাধিকা।
রূপে গুণে সৌভাগ্যে প্রেমে সর্বাধিকা ॥ ২১৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

তত্রৈব নবমে দুর্বাসসং প্রতি ভগবদ্বাক্যম্—মৎসেবয়েত্যাদি। মৎসেবয়া প্রতীতং প্রাপ্তমপি সালোক্যাদি চতুষ্টয়ং তে ভক্তা নেচ্ছন্তি। যতস্তে সেবয়া পূর্ণাঃ পরিপূর্ণমনোরথাঃ, অতো নেচ্ছন্তীত্যর্থঃ। কালবিপ্লুতং কালেন নষ্টং, অন্যৎ স্বর্গাদি নেচ্ছন্তী কিমু বক্তব্যম্ ॥২০৯॥

অথ কেবলশুদ্ধভক্তি-স্বরূপমুক্ত্বা হ্লাদিনীসারভূতানাং ব্রজসুন্দরীণাং মাহাত্ম্যং প্রেমবশ্যত্বং চাদিপুরাণে গোপীপ্রেমামৃতে অর্জুনং প্রতি স্বয়মেব শ্রীকৃষ্ণেনোক্তম্—সহায়া ইতি। হে পার্থ গোপ্যো মে মম কিং ন ভবন্তিঃ, অপি তু সর্বস্বরূপা ভবন্তি, ইতি তে তব সম্বন্ধে সত্যং বদামি। তদেবাহ, তাঃ কথংভূতাঃ সহায়া উপকারিণ্যঃ, গুরবঃ প্রেমনৃত্যাদি-স্বরূপাঃ, শিষ্যাঃ দাস্যাদিকারি, ভুজিষ্যা মন্মনোরথানুসারিণ্যঃ বান্ধবা বন্ধুকৃত্য কারিণ্যঃ ॥২১৩॥

পুনস্তত্রৈব স্বয়মেবাহ—মন্মাহাত্ম্যমিতি। মন্মাহাত্ম্যং মৎস্বরূপাদি, মৎসপর্য্যাং মৎসেবাং, মচ্ছ্রদ্ধাং মদ্বিষয়-প্রীতিং, মন্মনোগতিং মন্মশ্চরিতং, এতৎসর্বং হে পার্থ, গোপিকাঃ জানন্তি। অন্যে তত্ত্বতঃ স্বরূপতঃ ন জানন্তীত্যর্থঃ। ইত্যনেনাত্মনোগ্র গোপীপ্রেমবশ্যত্বং জ্ঞাপিতমিতি ভাবঃ ॥২১৪॥

বঙ্গানুবাদ

২০৯। আমার সেবায় পরিপূর্ণ ভক্তগণ যখন সালোক্যাদি মুক্তি চতুষ্টয় সম্মুখে উপস্থিত হইলেও ইচ্ছা করে না, তখন কালকবলগ্রস্ত অন্য স্বর্গাদি গ্রহণ করিবেন কেন?

২১৩। হে অর্জুন! আমি তোমাকে সত্যই বলিতেছি, গোপীগণ যে আমার কি নয় তাহা বলিতে পারি না; যেহেতু গোপী আমার সহায়, গুরু, শিষ্যা, দাসী, জ্ঞাতি এবং প্রেয়সী।

২১৪। হে কুন্তীনন্দন! আমার মাহাত্ম্য, সেবা-পরিপাটী, শ্রদ্ধা এবং মনোগত ভাব যথার্থরূপে গোপীকাই অবগত আছেন, আর কেহই যথার্থতঃ জানে না।

পাঠান্তর

৫ (৪র্থ) যৈছে [গ, ঘ, চ, জ, ঝ, ঞ, ত]; ১১ এই পঙ্ক্তির শ্লোকটি মাত্র 'ট, ঢ, ণ, দ এবং ন' মুদ্রিতপুস্তকে ২১১-সংখ্যক—'কৃষ্ণের সহায় গুরু ·· সখী দাসী ॥' এই পয়ারের পরে এবং ১৫ পংক্তির শ্লোকটি ২১২ সংখ্যক পয়ারের পরে দৃষ্ট হয়; অধিকাংশ করলিপি এবং মুদ্রিতপুস্তকে যেরূপ সন্নিবিষ্ট আছে, আমরাও সেইরূপ সন্নিবেশিত করিলাম; ১৮ (৩য়-৪র্থ) প্রেমে সৌন্দর্যে [ক], সৌভাগ্যে সৎপ্রেমে [ছ]।

তথা হি লঘুভাগবতামৃত (২।৪৫)-ধৃত পদ্মপুরাণ-বচনম্—

যথা রাধা প্রিয়া বিষ্ণোস্তস্যাঃ কুণ্ডং প্রিয়ং তথা।
সর্ব-গোপীষু সৈবৈকা বিষ্ণোরত্যন্তবল্লভা ॥ ২১৬

তথা হি (আদিপুরাণবচনম্)—

৫ ত্রৈলোক্যে পৃথিবী ধন্যা যত্র বৃন্দাবনং পুরী।
তত্রাপি গোপিকাঃ পার্থ যত্র রাধাভিধা মম ॥ ২১৭

রাধা-সহ ক্রীড়া রসবৃদ্ধির কারণ।
আর সব গোপীগণ রসোপকরণ ॥ ২১৮
কৃষ্ণের বল্লভা রাধা—কৃষ্ণপ্রাণধন।
১০ তাঁহা বিনু সুখ হেতু নহে গোপীগণ ॥ ২১৯

তথা হি শ্রীগীতগোবিন্দে (৩।১)—

কংসারিরপি সংসার-বাসনাবদ্ধশৃঙ্খলাম্।
রাধামাধায় হৃদয়ে তত্যাজ ব্রজসুন্দরীঃ ॥ ২২০

সেই রাধার ভাব লঞা চৈতন্যাবতার।
১৫ যুগধর্ম নাম-প্রেম কৈল পরচার ॥ ২২১
সেইভাবে নিজ বাঞ্ছা করিল পূরণ।
অবতারের এই বাঞ্ছা মূল কারণ ॥ ২২২
শ্রীকৃষ্ণচৈতন্যগোসাঞি ব্রজেন্দ্রকুমার।
রসময়মূর্তি কৃষ্ণ—সাক্ষাৎ শৃঙ্গার ॥ ২২৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ সামান্যতঃ সর্বগোপীমাহাত্ম্যমুক্ত্বা মহাভাব-স্বরূপায়াঃ শ্রীরাধায়াঃ সর্বাধিক্যমাহ পদ্মপুরাণে—যথেতি। রাধা শ্রীবৃন্দাবনেশ্বরী, বিষ্ণোঃ সর্বাংশিনঃ শ্রীকৃষ্ণস্য প্রিয়া পরমপ্রেমপাত্রমিত্যর্থঃ। তথা তস্যাঃ কুণ্ডং শ্রীরাধাকুণ্ডমিত্যর্থঃ, প্রিয়ং প্রেমানন্দস্বরূপমিত্যর্থঃ। অতঃ সৈব শ্রীরাধৈব সর্বগোপীষু মধ্যে একা অদ্বিতীয়া বিষ্ণোঃ শ্রীকৃষ্ণস্য অত্যন্তবল্লভা মহাভাব-স্বরূপত্বাৎ শ্রীকৃষ্ণবশকারিণীতি ভাবঃ। অত্র বিষ্ণোরিতি দ্বিরুক্তিঃ শ্রীরাধামহিম্নঃ সূচনার্থেতি জ্ঞেয়ম্ ॥২১৬॥

অতস্তন্মাহাত্ম্যমাদিপুরাণে শ্রীমুখেনৈবোক্তম্—ত্রৈলোক্য ইতি। চতুর্দশভুবনং বিহায় ত্রৈলোক্য ইতি যদুক্তং তত্র তেষামেতদন্তর্ভূর্তত্বাদিদমুক্তম্। পৃথিবী ধন্যেত্যনেন, জম্বুদ্বীপস্থ ভারতবর্ষীয়া পৃথিবীতি জ্ঞেয়া। যত্র যস্যাং বৃন্দাবনং পুরং অস্তীতি শেষঃ, যতোঽত্র ব্রহ্মণা অনন্তকোটি ব্রহ্মাণ্ডানি দৃষ্টানি, তত্রাপি শ্রীবৃন্দাবনে গোপিকা ব্রজসুন্দর্যঃ ধন্যা ইতি সর্বত্র যোজ্যম্। হে পার্থ, হে অর্জুন, তত্র তাসু গোপীষু মধ্যে রাধাভিধা মমাতীব ধন্যা, মমেত্যুক্তেঃ ॥২১৭॥

অতএব পরমভাগবতোত্তম-শ্রীজয়দেবেনৈব শ্রীকৃষ্ণস্য দূরপ্রবাসান্তর-পুনর্বৃন্দাবন-বিহারে শ্রীরাধায়াঃ রসাধিক্যেন সর্বোৎ-কৃষ্টত্বমুক্তম্, যথা শ্রীগীতগোবিন্দে—কংসারিরপীতি। কংসস্যারিঃ, ন তু কংসোঽরির্যস্যেতি সমসনীয়ং, 'রিপোঃ সুতানামপি তুল্য-

---

বঙ্গানুবাদ

২১৬। শ্রীরাধিকা যেরূপ কৃষ্ণের প্রিয়া, রাধাকুণ্ডও তাঁহার তাদৃশ প্রিয়, সমস্ত গোপীর মধ্যে মুখ্যা শ্রীরাধিকাই শ্রীকৃষ্ণের অতিশয়বল্লভা।

২১৭। হে পাণ্ডুনন্দন! ত্রিলোকী মধ্যে পৃথিবীই ধন্যা, যাহাতে বৃন্দাবন নগরী বিরাজিতা, তন্মধ্যে আবার গোপীগণ ধন্যা, যেহেতু তন্মধ্যে আমার অত্যন্তবল্লভা রাধিকা বিরাজমানা।

২২০। শ্রীকৃষ্ণ সম্যক্ সারভূত রাসলীলা-বাসনার বন্ধনার্থ শৃঙ্খলারূপিণী শ্রীরাধাকে হৃদয়ে ধারণ করতঃ অন্য ব্রজসুন্দরীগণকে পরিত্যাগ করিয়া গমন করিয়াছিলেন।

পাঠান্তর

৮ (২য়, ৩য়) গোপীগণ সব [খ, গ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ] ; ১০ (২য়) বিনা [ঘ, চ, দ] ; ১৩ এই পঙ্‌ক্তির পর 'ছ' পুঁথিতে অধিক—'ইতস্ততস্তামনুসৃত্য রাধিকামনঙ্গবাণব্রণখিন্নমানসঃ। কৃতানুতাপঃ স কলিন্দনন্দিনী-তটান্তকুঞ্জে বিষসাদ মাধবঃ ॥' ; ১৬ (১ম) সেইদ্বারে [ছ] ; ১৭ (২য়) ঐছে [ঝ], সেই [দ], (৪র্থ) শুনহ [চ]. মূল যে [ণ, ন] ; ১৮ (১ম) শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভু [ক, গ, ঘ, চ, জ, ঞ, ত], ১৯ (২য়) প্রভু [ক]।

সেই রস আস্বাদিতে কৈল অবতার।
আনুসঙ্গে হৈল সব রসের প্রচার ॥ ২২৪

তথা হি শ্রীগীতগোবিন্দে (১।১১)—

বিশ্বেষামনুরঞ্জনেন জনয়ন্নানন্দমিন্দীবর-,
৫ শ্রেণী-শ্যামল-কোমলৈরুপনয়ন্নঙ্গৈরনঙ্গোৎসবম্।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীভিরভিতঃ
প্রত্যঙ্গমালিঙ্গিতঃ,
শৃঙ্গারঃ সখি মূর্তিমানিব মধৌ মুগ্ধো
হরিঃ ক্রীড়তি ॥ ২২৫

১০ শ্রীকৃষ্ণচৈতন্যগোসাঞি রসের সদন।
অশেষ-বিশেষে কৈল রস আস্বাদন ॥ ২২৬
সেই-দ্বারে প্রবর্তাইল কলিযুগধর্ম।
চৈতন্যের দাসে জানে এই সব মর্ম ॥ ২২৭
অদ্বৈত-আচার্য নিত্যানন্দ শ্রীনিবাস।
১৫ গদাধর দামোদর মুরারি হরিদাস ॥ ২২৮
আর যত চৈতন্যকৃষ্ণের ভক্তগণ।
ভক্তিভাবে শিরে ধরি সভার চরণ ॥ ২২৯
ষষ্ঠশ্লোকের এই কহিল আভাস।
মূলশ্লোকের অর্থ শুন করিয়ে প্রকাশ ॥ ২৩০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

দৃষ্টৈরিতি শ্রীভাগবতাৎ। রাধাং হৃদয়ে মনস্যাধায় ব্রজসুন্দরীস্তত্যাজ। তাং কিংভূতাম্? সংসারেতি, সং সম্যক্ প্রকারেণ যা সার-বাসনা রাসলীলা তস্যাঃ বন্ধায় স্থূণাখননন্যায়েন দৃঢ়ীকরণায় শৃঙ্খলাং নিগড়রূপাং পরমাশ্রয়ামিত্যর্থঃ। সারবস্তুনিশ্চয়াত্তদেকনিষ্ঠঃ সন্ তদন্যং সর্বং ত্যজতি, তথা যামপীতি ভাবঃ ॥ ২২০ ॥

শ্রীরাধায়াঃ সর্বোৎকৃষ্টত্বমুক্তা শ্রীকৃষ্ণস্যাপি রসময়মূর্তিত্বং কাচিদন্তরঙ্গা দূতী তত্তৎকণ্ঠাবর্ধনায় শ্রীরাধাং প্রত্যাহেত্যাহ শ্রীজয়দেবঃ—হে সখি রাধিকে, মধৌ বসন্তে মুগ্ধো হরিঃ মূর্তিমান্ শৃঙ্গার ইব ক্রীড়তি। মুগ্ধ ইত্যনেন পরম লোভনীয়ত্বং সূচিতম্। হরিরিতি সর্বমনোহারী, ক্রীড়তীতি ক্রিয়াপদেন স্বারসিকত্বং ধ্বনিতম্। ন তু মন্ত্রোপাসনাময়ত্বম্। মূর্তিমান্ শৃঙ্গার ইত্যুক্তেঃ সাক্ষান্মন্মথমন্মথত্বং সূচিতম্। স কিং কুর্বন্, বিশ্বেষাং সর্বগোপীজনানামনুরঞ্জনেন স্ববাঞ্ছিত-নিজরসদানাৎ প্রীণনেন আনন্দং জনয়ন্, পুনঃ কিং কুর্বন্? ইন্দীবর-শ্রেণীশ্যামল-কোমলৈঃ অঙ্গৈরনঙ্গোৎসবমুপনয়ন্ উপ আধিক্যেন প্রাপয়ন্, অত্রেন্দীবর-শব্দেন শীতলত্বং, শ্রেণী-শব্দেন নবনবায়মানত্বং, শ্যামল-শব্দেন সুন্দরত্বং, কোমল-শব্দেন সুকুমারত্বং ধ্বনিতম্। নন্থ দ্বি-কোটিস্থোঽয়ং রসঃ। নায়কস্যানুরাগে সত্যপি নায়িকানুরাগমন্তরেণ কথং তদুদয়ঃ স্যাদিত্যাহ,—ব্রজসুন্দরীভিরিতি। প্রত্যঙ্গং অঙ্গমঙ্গং প্রতি। আলিঙ্গিতঃ আলিঙ্গিতানামনুরঞ্জনেনানুরঞ্জিত ইত্যর্থঃ। এতেনান্যোন্যানুরঞ্জনমাত্র তাৎপর্যক তয়া প্রেম-পরিপাকোদ্গতা পূর্বরসাবির্ভাবেন প্রাকৃতরসস্তিরস্কৃত ইতি সূচিতম্। তর্হি সঙ্কোচাপত্তিঃ স্যাদিত্যাহ—স্বচ্ছন্দমিতি ॥২২৫॥

বঙ্গানুবাদ

২২৫। হে সখি! সর্ববিধ গোপীগণের বাঞ্ছাতিরিক্ত রসদানে প্রীতি এবং ইন্দীবরশ্রেণী হইতেও শ্যামল ও কোমল অঙ্গদ্বারা অনঙ্গোৎসব সম্পাদন করতঃ, অসঙ্কোচে ব্রজসুন্দরীদিগের সর্বাঙ্গদ্বারা প্রতিঅঙ্গে আলিঙ্গিত হইয়া বসন্তে মুগ্ধ শ্রীকৃষ্ণ ক্রীড়া করায়, বোধ হইতেছে যেন শৃঙ্গার-রস মূর্তিধারণ করতঃ কৃষ্ণরূপে ক্রীড়া করিতেছেন।

পাঠান্তর

২ (২য়) হৈল [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ, ঠ]; ১৬ (৩য়) চৈতন্যগোসাঞির [খ, ঙ, জ, ট, ড, ত], চৈতন্যপ্রভুর [ছ], (৪র্থ) ভৃত্যগণ [খ, ঙ, ছ, ত], ভৃত্যজন [ঝ]; ১৭ (৩য়) ধরোঁ [ক, ঘ]; ১৮ (২য়) অর্থ [ট, দ], (৩য়) করিল [ক, ছ, ঞ, ঠ, ঢ]; ১৯ (৩য়) এবে [ত]।

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যঞ্চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভা-
৫ ত্তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ ॥ ২৩১

এ-সব সিদ্ধান্ত গূঢ়—কহিতে না জুয়ায়।
না কহিলে কেহো ইহার অন্ত নাহি পায় ॥ ২৩২
অতএব কহি কিছু করিয়া নিগূঢ়।
বুঝিবে রসিকভক্ত, না বুঝিবে মূঢ় ॥ ২৩৩
১০ হৃদয়ে ধরয়ে যে চৈতন্য-নিত্যানন্দ।
এ-সব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ ॥ ২৩৪
এ সব সিদ্ধান্ত-রস আম্রের পল্লব।
ভক্তগণ কোকিলের সর্বদা বল্লভ ॥ ২৩৫
অভক্ত-উষ্ট্রের ইথে না হয় প্রবেশ।
১৫ তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ ॥ ২৩৬
যে লাগি কহিতে ভয়, সে যদি না জানে।
ইহা বই কিবা সুখ আছে ত্রিভুবনে ॥ ২৩৭
অতএব ভক্তগণে করি' নমস্কার।
নিঃশঙ্কে কহিয়ে, তার হউক্ চমৎকার ॥ ২৩৮
২০ কৃষ্ণের বিচার এক রহয়ে অন্তরে।
পূর্ণানন্দ-পূর্ণরস-রূপ কহে মোরে ॥ ২৩৯
আমা হৈতে আনন্দিত হয় ত্রিভুবন।
আমাকে আনন্দ দিবে ঐছে কোন্ জন ॥ ২৪০

আমা হৈতে যার হয় শতশতগুণ।
২৫ সেই জন আহ্লাদিতে পারে মোর মন ॥ ২৪১
আমা হৈতে গুণী বড় জগতে অসম্ভব।
একলি রাধাতে তাহা করি অনুভব ॥ ২৪২
কোটি কাম জিনি রূপ যদ্যপি আমার।
অসমোর্ধ মাধুর্য—সাম্য নাহি যার ॥ ২৪৩
৩০ মোর রূপে আপ্যায়িত হয় ত্রিভুবন।
রাধার দর্শনে মোর জুড়ায় নয়ন ॥ ২৪৪
মোর স্বর বংশীগীতে আকর্ষে ত্রিভুবন।
রাধার বচন হরে আমার শ্রবণ ॥ ২৪৫
যদ্যপি আমার গন্ধে জগত সুগন্ধ।
৩৫ মোর চিত্ত-প্রাণ হরে রাধা-অঙ্গগন্ধ ॥ ২৪৬
যদ্যপি আমার রসে জগত সরস।
রাধার অধর-রসে আমা করে বশ ॥ ২৪৭
যদ্যপি আমার স্পর্শ কোটীন্দু-শীতল।
রাধিকার স্পর্শে আমা করে সুশীতল ॥ ২৪৮
৪০ এইমত জগতের সুখে আমি হেতু।
রাধিকার রূপগুণ আমার জীবাতু ॥ ২৪৯
এইমত অনুভব আমার প্রতীত।
বিচারি দেখিয়ে যবে—সব বিপরীত ॥ ২৫০
রাধার দর্শনে মোর জুড়ায় নয়ন।
৪৫ আমার দর্শনে রাধা সুখে অগেয়ান ॥ ২৫১

পাঠান্তর

৮ (১র্থ) করিঞা [ঙ, চ, ঝ, ড, থ, ধ] ; ৯ (১ম, ৪র্থ) বুঝিব [খ] ; ১১ (৪র্থ-৫ম) পাইবেক অন্ত [ক] ; ১২ (৩য়) সিদ্ধান্ত হয় [ড, ধ] ; ১৪ (১ম)-জনের [গ], (৩য়-৪র্থ) নাহিক [ক] ; ১৬ (১ম) যা-[ক] ; ১৭ (৫ম, ৬ষ্ঠ) আছয়ে ভুবনে [ক] ; ১৮ (২য়) ভক্তপায় [ছ] ; ১৯ (৩য়) সভার [ঠ, ঢ, থ] ; ২০ (৪র্থ) আছয়ে [ক, ছ, ট, ড, থ, দ, ধ] ; ২১ (১ম)-স্বরূপ [খ], পূর্ণস্বরূপ সবে [ঝ],-পূর্ণরূপ-রস [ট],-রসস্বরূপ সবে [ড, ত, ধ] ; ২৩ (৩য়) দিতে [ক], (৪র্থ) আছে [চ] ; ২৪ (৫ম) শতগুণ-গুণ [ঘ], শতগুণগণ [চ], শতকোটিগুণ [ঝ] ; ৩০ (৪র্থ) করে [ট, ড, থ, দ, ধ] ; ৩১ (১ম-২য়) রাধা-দরশনে [ক, খ, গ, ঘ, জ] ; ৩২ (২য়) গীতে বংশীস্বরে [খ, ঙ, ঝ] গীত-বংশীস্বরে, [ট, দ], বংশীগীতে [ছ, ণ, ত, ন], বংশীগীত [ড, ধ], (৩য়) আকর্ষয়ে [খ, গ, ছ, জ, ঝ, ঞ, ড, ণ, ত, ধ, ন] ; ৩৪ (৪র্থ) জগৎ [চ, ঝ, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ] ; ৩৫ (২য়)-ঘ্রাণ [ঙ, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ] ; ৩৬ (৫ম) সুরস [ক] ; ৩৭ (৩য়) মোরে [ক, গ, ঘ, জ, ঞ, ঠ, ঢ] ; ৩৯ (১ম-২য়) রাধার পরশে [ক], রাধা-অঙ্গস্পর্শে [ছ, ত] ; ৪৩ (৩য়) যদি [ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন] ; ৪৪ (৫ম) নয়ান [খ, ঙ, চ, ছ, জ, ঞ]।

পরস্পরবেণুগীতে হরয়ে চেতন।
মোর ভ্রমে তমালেরে করে আলিঙ্গন ॥ ২৫২
কৃষ্ণ-আলিঙ্গন পাইনু জনম সফলে।
এই সুখে মগ্ন রহে বৃক্ষ করি' কোলে ॥ ২৫৩
৫ অনুকূল বাতে যদি পায় মোর গন্ধ।
উড়িয়া পড়িতে চাহে প্রেমে হঞা অন্ধ ॥ ২৫৪
তাম্বূলচর্বিত যবে করে আস্বাদনে।
আনন্দ-সমুদ্রে মজে—কিছুই না জানে ॥ ২৫৫
আমার সঙ্গমে রাধা পায় যে আনন্দ।
১০ শত মুখে কহি যদি, নাহি পাই অন্ত ॥ ২৫৬
লীলা অন্তে সুখে ইঁহার যে অঙ্গমাধুরী।
তাহা দেখি সুখে আমি আপনা পাসরি ॥ ২৫৭
'দোঁহার যে সম রস' ভরতমুনি মানে।
আমার ব্রজের রস সেহো নাহি জানে ॥ ২৫৮
১৫ অন্যোন্য সঙ্গমে আমি যত সুখ পাই।
তাহা হৈতে রাধা-সুখ শত অধিকাই ॥ ২৫৯

তথাহি ললিতমাধব-নাটকে (৯।৯)—

নির্ধূতামৃতমাধুরীপরিমলঃ কল্যাণি বিম্বাধরো,
বক্ত্রং পঙ্কজসৌরভং কুহুরুতশ্লাঘাভিদস্তে গিরঃ।
২০ অঙ্গং চন্দনশীতলং তনুরিয়ং
সৌন্দর্যসর্বস্বভাক্,
ত্বামাস্বাদ্য মমেদমিন্দ্রিয়কুলং
রাধে মুহুর্মোদতে ॥ ২৬০

শ্রীরূপগোস্বামিপাদোক্ত-শ্লোকঃ—

২৫ রূপে কংসহরস্য লুব্ধনয়নাং স্পর্শেঽতিহৃষ্যত্ত্বচং,
বাণ্যামুৎকলিতশ্রুতিং পরিমলে সংহৃষ্টনাসাপুটাম্।
আরজ্যদ্রসনাং কিলাধরপুটে
ন্যঞ্চন্মুখাম্ভোরুহাং,
দম্ভোদগীর্ণমহাধৃতিং বহিরপি
৩০ প্রোদ্যদ্বিকারাকুলাম্ ॥ ২৬১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীললিতমাধবে বৃন্দাবনে অংশাংশিনোরভেদেন চিরকালেন শ্রীসত্যভামাং দৃষ্ট্বা শ্রীকৃষ্ণঃ স্বয়মেব তন্মাধুরীং বর্ণয়ামাস—নির্ধূতেতি। হে রাধে! ত্বামাসাদ্য প্রাপ্যেদং মমেন্দ্রিয়কুলং মুহুর্মোদতে প্রীণাতি, তদেবাহ—হে কল্যাণি তে তব বিম্বাধরঃ নির্ধূতামৃতমাধুরী-পরিমলঃ নির্ধূতো ন্যক্কৃতঃ অমৃতমাধুরী পরিমলো যেন তে বক্ত্রং পঙ্কজসৌরভম্। নির্ধূত ইত্যনেন রসনেন্দ্রিয়স্য তৃপ্তিঃ সূচিতা, পঙ্কজেত্যনেন নাসিকেন্দ্রিয়স্য চ, তে গিরঃ কুহুরুত-শ্লাঘাভিদঃ অনেন কর্ণেন্দ্রিয়স্য, তেঽঙ্গং চন্দনশীতলম্ অনেন ত্বগিন্দ্রিয়স্য, তে ইয়ং তনুঃ সৌন্দর্য-সর্বস্বভাক্ অনেন নেত্রেন্দ্রিয়স্য তৃপ্তিঃ সূচিতা ॥ ২৬০ ॥

অথ শ্রীকৃষ্ণাঙ্গ-সঙ্গে শ্রীরাধেন্দ্রিয়কুলস্য তৃপ্তিং দৃষ্ট্বা পৌর্ণমাসীং প্রতি বৃন্দাহ—তত্রৈব রূপ ইতি। হে পৌর্ণমাসি, অদ্য শ্রীরাধাং দৃষ্ট্বা কৃতার্থাস্মি। তাং কিংভূতাং, কংসহরস্য শ্রীকৃষ্ণস্য রূপে লুব্ধে নয়নে যস্যাস্তাং, তস্য বাণ্যাং বাঙ্মাধুর্যাং উৎকলিতে

বঙ্গানুবাদ

২৬০। হে কল্যাণি! তোমার বিম্বাধর অমৃতের মাধুরী ও পরিমলের পরাভবকারী; বদন পদ্ম অপেক্ষা সুরভি বাণী কোকিলের গর্বহারিণী, অঙ্গ চন্দন হইতেও সুশীতল এবং এই মূর্তি সৌন্দর্য্যের সর্বস্ব অপহারিণী। হে রাধে! তোমাকে আস্বাদন করিয়া আমার ইন্দ্রিয়বর্গ আনন্দের পরাকাষ্ঠায় উপস্থিত হইয়াছে।

২৬১। শ্রীকৃষ্ণের রূপে যাঁহার নয়নযুগল লোলুপ, অঙ্গসঙ্গে ত্বগিন্দ্রিয় অতিশয় পুলকিত, বচনশ্রবণে শ্রুতিযুগল

পাঠান্তর

১ (২য়, ৩য়) হয় অচেতন [খ, গ, চ]; ২ (২য়) প্রেমে [ঙ]; ৪ (১ম) এই [ক, গ, ঙ, চ, ঝ, ঞ, ধ]; ৬ (৪র্থ-৫ম) নেত্রে হয়ে [খ], চক্ষে হয়ে [গ], নেত্র হয় [চ, ছ], নেত্রে হয় [ত]; ৭ (২য়) যদি [ক]; ৮ (২য়) ডুবি [খ], ডুবে [ঙ, ট, ড, ত, থ, দ, ধ], মজ্জে [ঞ], মগ্ন [ঠ, ঢ, ণ, ন]; ৯ (১ম, ২য়) মোর অঙ্গস্পর্শে [ক, গ, ছ, জ]; ১০ (৩য়) বলি [খ, ঙ, ছ, ট, ড, দ, ধ]; ১৬ (৩য়)-সুখে [ঙ, ঝ, ট, ড, ত], সঙ্গে [ধ]।

তাতে জানি, মোতে আছে কোন এক রস।
আমার মোহিনী রাধা তারে করে বশ ॥ ২৬২
আমা হৈতে রাধা পায় যে-জাতীয় সুখ।
তাহা আস্বাদিতে আমি সদাই উন্মুখ ॥ ২৬৩
৫ নানা যত্ন করি আমি, নারি আস্বাদিতে।
সে-সুখমাধুর্য্যঘ্রাণে লোভ বাঢ়ে চিত্তে ॥ ২৬৪
রস আস্বাদিতে আমি কৈল অবতার।
প্রেমরস আস্বাদিল বিবিধপ্রকার ॥ ২৬৫
রাগমার্গে ভক্ত ভক্তি করে যে প্রকারে।
১০ তাহা শিখাইল লীলা-আচরণদ্বারে ॥ ২৬৬
এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ।
বিজাতীয়-ভাবে নহে তাহা আস্বাদন ॥ ২৬৭
রাধিকার প্রেম-দেহ অঙ্গীকার বিনে।
সেই তিন সুখ কভু নহে আস্বাদনে ॥ ২৬৮
১৫ রাধাভাব অঙ্গীকরি—ধরি তার বর্ণ।
তিন সুখ আস্বাদিতে হৈব অবতীর্ণ ॥ ২৬৯
সর্ব্বভাবে কৈল কৃষ্ণ এই ত নিশ্চয়।
হেনকালে আইল যুগাবতার-সময় ॥ ২৭০
সেইকালে শ্রীঅদ্বৈত করেন আরাধন।
২০ তাঁহার হুঙ্কারে কৈল কৃষ্ণ আকর্ষণ ॥ ৭১
পিতা মাতা গুরুগণ আগে অবতারি।
রাধিকার ভাব-বর্ণ অঙ্গীকার করি' ॥ ২৭২
নবদ্বীপে শচীগর্ভ-শুদ্ধদুগ্ধসিন্ধু।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণ পূর্ণ-ইন্দু ॥ ২৭৩
২৫ এই ত করিল ষষ্ঠশ্লোকের ব্যাখ্যান।
স্বরূপগোসাঞির পাদপদ্ম করি' ধ্যান ॥ ২৭৪
এই দুই-শ্লোকের আমি যে করিল অর্থ।
শ্রীরূপগোসাঞির শ্লোক প্রমাণসমর্থ ॥ ২৭৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

উৎকণ্ঠিতে শ্রুতী শ্রবণে যস্যাস্তাং, পরিমলে সংশ্লিষ্টে আসক্তে নাসাপুটে যস্যাস্তাং, অধররসে আরজ্যন্তী অনুরক্তা রসনা যস্যাস্তাং, পুনঃ কিংভূতাং ? ন্যঞ্চৎ অবাক্ মুখাম্ভোরুহং যস্যাস্তামিত্যনেন তস্যাঃ লজ্জাশীলত্বং সূচিতম্। লজ্জাশীলাসু মর্য্যাদেত্যুক্তত্বাং, পুনঃ কিম্ভূতাম্ ? দম্ভেনোদ্গীর্ণা প্রকাশিতা মহাধৃতিঃ ধৈর্য্যং যস্যাঃ যয়া বা সা তাং, অথ চ বহিরপি প্রোদ্যদ্বিকারাকুলাং প্রোদ্যন্তশ্চ তে বিকারাশ্চেতি তৈরাকুলাং ব্যাপ্তাং ইত্যনেন কিলকিঞ্চিতভাবঃ সূচিতঃ। তল্লক্ষণং যথা—

গর্ব্বাভিলাষ-রুদিত-স্মিতাসূয়া-ভয়ক্রুধাম্।
সঙ্করীকরণং চেৎ স্যাত্তুদ্যতে কিলকিঞ্চিতম্ ॥ ২৬১ ॥

বঙ্গানুবাদ

উৎকণ্ঠিত, অঙ্গপরিমলে নাসিকা প্রফুল্ল, বিম্বাধরে রসনা অনুরক্ত, বদনারবিন্দ সর্ব্বদা অবনত, বাহ্যে কপটধৈর্য্য এবং অন্তরে বিকারাকুলতা সেই শ্রীরাধাকে আমি স্মরণ করি।

পাঠান্তর

১ (৩য়) মোর [ঝ, ঞ], মোয় [ঠ, ঢ] ; ৬ (৪র্থ) চিতে [ঢ, ণ, দ, ন] ; ৮ (২য়) আস্বাদিব [ক, খ, ঝ, ড, থ, ধ] ; ১০ (২য়) শিখাইব [ঝ, ট, ড, ধ] ; ১১ (৩য়) বাঞ্ছা [ছ] ; ১৩ (২য়) প্রেমদেহ (ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ, ট, ড), ভাবপ্রেম [ছ], ভাব-কান্তি [ঠ, ঢ, ণ, থ, দ, ধ, ন], ভাবদ্যুতি [ত] ; ১৬ (৪র্থ) হব [ঝ, ট, ড, থ, দ, ধ, ন] ; ১৮ (২য়) হৈল [ক] ; ২০ (৪র্থ) কৃষ্ণে [ধ] ; ২১ (৪র্থ) অবতরি [ক, ঘ, চ, জ, ঝ, ড, ধ] ; ২২ (২য়)-কান্তি [ছ] ; ২৫ (৩য়) কহিল [জ, ঝ, ঞ, ঠ, ঢ] ; ২৬ (১ম) রূপগোসাঞির [ঢ], শ্রীরূপ গোসাঞির [ধ] ; ২৭ (৪র্থ, ৫ম) কৈল যেই [খ, ঙ, ছ, ত], যেই কৈল [গ, জ, ঞ], যে করিলু [ঘ], যে করিনু [থ, দ]।

তথা হি স্তবমালায়াম্ (দ্বিতীয় শ্রীচৈতন্যাষ্টকে তৃতীয়ঃ শ্লোকঃ)—

অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী,
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।
রুচং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্,
৫ স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥২৭৬

মঙ্গলাচরণং কৃষ্ণচৈতন্যতত্ত্বলক্ষণম্।
প্রয়োজনঞ্চাবতারে শ্লোকষট্‌কৈর্নিরূপিতম্ ॥২৭৭

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২৭৮

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে চৈতন্যাবতার-
মূলপ্রয়োজনকথনং নাম
চতুর্থ-পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ গ্রন্থকারঃ শ্লোকষট্‌কস্য বর্ণিতচরিতমাহ—মঙ্গলাচরণমিতি। এতৎস্পষ্টম্ ॥ ২৭৭ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
তত্ত্বং চৈতন্যদেবস্য পরিচ্ছেদে তুরীয়কে ॥
ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়াং শ্রীচৈতন্যতত্ত্বকথনে চতুর্থ-পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

বঙ্গানুবাদ

২৭৬। টীকা ও অনুবাদ ১।৪।৫২ শ্লোকে দ্রষ্টব্য।

২৭৭। মঙ্গলাচরণ, শ্রীকৃষ্ণচৈতন্যস্বরূপের লক্ষণ এবং অবতারের গৌণ ও মুখ্য প্রয়োজন শ্লোক ছয়টী দ্বারা নিরূপিত হইল।

পাঠান্তর

৮ (১ম) শ্রীরূপ-শ্রীরঘুনাথ-[চ, ঝ]।

পঞ্চম পরিচ্ছেদ

বন্দেঽনন্তাদ্ভুতৈশ্বর্যং শ্রীনিত্যানন্দমীশ্বরম্।
যস্যেচ্ছয়া তৎস্বরূপমজ্ঞেনাপি নিরূপ্যতে ॥ ১

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২

৫ এই ছয় শ্লোকে কহিল চৈতন্যমহিমা।
পঞ্চশ্লোকে কহি নিত্যানন্দ-তত্ত্ব-সীমা ॥ ৩

সর্ব-অবতারী কৃষ্ণ—স্বয়ংভগবান্।
তাঁহার দ্বিতীয় দেহ—শ্রীবলরাম ॥ ৪

একই স্বরূপ—দোঁহে ভিন্নমাত্র কায়।
১০ আদ্য কায়ব্যূহ—কৃষ্ণলীলার সহায় ॥ ৫

সেই কৃষ্ণ নবদ্বীপে শ্রীচৈতন্যচন্দ্র।
সেই বলরাম সঙ্গে—শ্রীনিত্যানন্দ ॥ ৬

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াঃ শ্লোকঃ—

সঙ্কর্ষণঃ কারণতোয়শায়ী,
১৫ গর্ভোদশায়ী চ পয়োব্ধিশায়ী।
শেষশ্চ যস্যাংশকলাঃ স নিত্যা-,
নন্দাখ্যরামঃ শরণং মমাস্তু ॥ ৭

শ্রীবলরামগোসাঞি মূল সঙ্কর্ষণ।
পঞ্চ রূপ ধরি করেন কৃষ্ণের সেবন ॥ ৮

২০ আপনে করেন কৃষ্ণলীলার সহায়।
সৃষ্টিলীলাকার্য করেন ধরি চারি কায় ॥ ৯

সৃষ্ট্যাদিক সেবা তাঁর আজ্ঞার পালন।
শেষরূপে করেন কৃষ্ণের বিবিধ সেবন ॥ ১০

সর্বরূপে আস্বাদয়ে কৃষ্ণ-সেবানন্দ।
২৫ সেই রাম শ্রীচৈতন্যসঙ্গে নিত্যানন্দ ॥ ১১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণচৈতন্যং নিরূপ্য তদেকাত্মরূপস্য শ্রীনিত্যানন্দদেবস্য তত্ত্বং বর্ণয়িতুং তং নমস্করোমি—বন্দ ইতি। অনন্তাদ্ভুতৈশ্বর্যং শ্রীনিত্যানন্দং শ্রীনিত্যানন্দনামানমীশ্বরং কর্তুমকর্তুমন্যথাকর্তুং সমর্থং বন্দে অভিবাদয়ামি। নন্থ কিমর্থং বন্দস ইতি চেত্তত্রাহ—যস্যেচ্ছয়া যস্যানুগ্রহেণ তৎস্বরূপং তস্য শ্রীনিত্যানন্দদেবস্য তত্ত্বং অজ্ঞেনাপি ময়া নিরূপ্যতে ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার ইচ্ছায় মাদৃশ অজ্ঞব্যক্তিও তাঁহার তত্ত্ব নিরূপণ করিতে সমর্থ, সেই অশেষ অদ্ভুত-ঐশ্বর্য বিশিষ্ট পরমস্বতন্ত্র শ্রীনিত্যানন্দ প্রভুকে আমি বন্দনা করি।

৭। শ্রীবৈকুণ্ঠে শ্রীনারায়ণের চতুর্ব্যূহান্তর্গত শ্রীসঙ্কর্ষণ, কারণার্ণবশায়ী প্রথমপুরুষ, গর্ভোদশায়ী দ্বিতীয়পুরুষ, প্রতিজীবের অন্তর্যামী তৃতীয়পুরুষ, ক্ষীরাব্ধিশায়ী শ্রীবিষ্ণু, ধরণীধর শ্রীঅনন্তদেব—ইঁহারা যাঁহার অংশ ও কলাস্বরূপ, সেই শ্রীনিত্যানন্দ বলরাম আমার আশ্রয় হউন।

পাঠান্তর

৩ (৩য়, ৪র্থ) শ্রীকৃষ্ণচৈতন্য [খ]; ৪ (৩য়) প্রভুভক্তবৃন্দ [গ]; ৫ (১ম, ২য়) ষষ্ঠ [ঞ, ট, ড, ণ, থ, ন], (৪র্থ) কৃষ্ণ-চৈতন্যমহিমা [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৬ (১ম) সপ্ত-[গ], সপ্তম-[ত]; ৭ (২য়) প্রভু [খ]; ৮ (৪র্থ) প্রভুবলরাম [চ]; ৯ (৩য়) দুই [থ, ঝ, ট, ণ, ত, দ, ন]. ১১ (২য়) প্রভু [খ], (১ম-৩য়) সর্ব অবতারী কৃষ্ণ [ঙ, ছ]; ১২ (৩য়) সঙ্গী [খ, গ, ঙ, ঞ, ঠ]; ২১ (২য়) করেন [খ, গ, ঙ, ছ, জ]; ২২ (২য়) কার্য (ত); ২৩ (২য়) করেন [ক, খ, গ, ঙ, জ, ঞ, ঠ, ঢ]; ২৫ (২য়, ৩য়) বলরাম চৈতন্যসঙ্গে [ছ], বলরাম গৌরসঙ্গে [ধ], (২য়-৪র্থ) বলরাম সঙ্গে শ্রীনিত্যানন্দ [ট, ড]।

সপ্তমশ্লোকের অর্থ করি চারিশ্লোকে ।
যাতে নিত্যানন্দ-তত্ত্ব জানে সর্বলোকে ॥ ১২

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

মায়াতীতে ব্যাপি-বৈকুণ্ঠলোকে,
৫ পূর্ণৈশ্বর্যে শ্রীচতুর্ব্যূহমধ্যে ।
রূপং যস্যোদ্ভাতি সঙ্কর্ষণাখ্যং,
তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১৩

প্রকৃতির পর—পরব্যোম নাম ধাম ।
কৃষ্ণবিগ্রহ যৈছে—বিভুত্বাদি-গুণবান্ ॥ ১৪
১০ সর্বগ অনন্ত বিভু বৈকুণ্ঠাদি ধাম ।
কৃষ্ণ কৃষ্ণ-অবতারের তাহাঞি বিশ্রাম ॥ ১৫
তাহার উপরিভাগে—কৃষ্ণলোক খ্যাতি ।
দ্বারকা মথুরা গোকুল—ত্রিবিধত্বে স্থিতি ॥ ১৬
সর্বোপরি শ্রীগোকুল ব্রজলোকধাম ।
১৫ শ্রীগোলোক শ্বেতদ্বীপ বৃন্দাবন নাম ॥ ১৭

সর্বগ অনন্ত বিভু কৃষ্ণতনু-সম ।
উপর্যধো ব্যাপি আছে—নাহিক নিয়ম ॥ ১৮

ব্রহ্মাণ্ডে প্রকাশ তার কৃষ্ণের ইচ্ছায় ।
একই স্বরূপ তার, নাহি দুই কায় ॥ ১৯

২০ চিন্তামণি ভূমি, কল্পবৃক্ষময় বন ।
চর্মচক্ষে দেখে তারে প্রপঞ্চের সম ॥ ২০

প্রেমনেত্রে দেখে তার স্বরূপ প্রকাশ ।
গোপ-গোপী-সঙ্গে যাঁহা কৃষ্ণের বিলাস ॥ ২১

তথা হি ব্রহ্মসংহিতায়াম্ (৫।২৫)—

২৫ চিন্তামণিপ্রকরসদ্মসু কল্পবৃক্ষ-,
লক্ষাবৃতেষু সুরভীরভিপালয়ন্তম্ ।
লক্ষ্মীসহস্রশতসম্ভ্রমসেব্যমানং,
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ২২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

'বাসস্তত্র প্রলম্বারের্যত্রৈবাঘরিপোর্ভবেৎ ॥' ইতি (লঘু)ভাগবতামৃত (১।২৫৩) বচনাৎ দ্বয়োরেকস্থানাবস্থিতত্বেন তস্য চ মূলসঙ্কর্ষণত্বেন চ 'যস্য বাসঃ পুরাণাদৌ খ্যাতঃ স্থানচতুষ্টয়ে । ব্রজে মধুপুরে দ্বারাবত্যাং গোলোক এব চ' ইতি (লঘুভাগবতামৃত ১।৩০৬) বচনাৎ প্রথমতঃ শ্রীকৃষ্ণ-বর্ণনমাহ ব্রহ্মসংহিতায়াম্—চিন্তামণীতি ।

'সহস্রপত্রং কমলং গোকুলাখ্যং মহৎপদম্ । তৎকর্ণিকারং তদ্ধাম তদনন্তাংশ-সম্ভবম্ ॥'

বঙ্গানুবাদ

১৩ । মায়াতীত, সর্বব্যাপক ও ষড়ৈশ্বর্যপূর্ণ বৈকুণ্ঠলোকে শ্রীনারায়ণের চতুর্ব্যূহ মধ্যে বিরাজিত সঙ্কর্ষণ-নাম্নী মূর্তিটি যাঁহার দ্বিতীয়রূপ, সেই শ্রীনিত্যানন্দ নামক শ্রীবলরামকে আমি আশ্রয় করি ।

২২ । যিনি গোকুলে লক্ষ লক্ষ কল্পবৃক্ষমণ্ডিত এবং চিন্তামণি রাশি গ্রথিত গৃহে বাস করত কামধেনু সকলকে পালন করিতেছেন এবং শতসহস্র গোপ-লক্ষ্মীগণ সসম্ভ্রমে যাঁহাকে সেবা করিতেছেন, সেই আদি পুরুষ গোবিন্দকে আমি ভজন করি ।

পাঠান্তর

৮ (২য়) পর [ক, খ, ঙ, চ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত], (৩য়) পরব্যোমনাম [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ট] ; ১০ (৩য়) ব্রহ্ম [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ট, ড, ত, ধ] ; ১৩ এই পঙ্‌ক্তির পর 'তথা হি অনাদি-সিদ্ধপ্রাচীনোক্ত-পদ্যম্—"স্বস্বমূর্ত্তি যথা সূর্যো মধ্যাহ্নে দৃশ্যতে তথা । অচিন্ত্যশক্ত্যা ভাত্যূর্ধ্বং পৃথিব্যামপি দৃশ্যতে ॥" [ট, ড, ণ] এই পাঠটি 'ণ' পুস্তকে বন্ধনীর মধ্যে এবং 'ছ' করলিপিতে ১৫ পঙ্‌ক্তির পরে দৃষ্ট হয় ; ১৭ (২-৩য়) ব্যাপি সেই [ক, গ, ঘ, চ], ব্যাপিয়াছে [ঝ, ঠ, ড, ঢ, ধ] ; ১৯ (১ম) একুই [ক, ঙ, ঞ], (৩য়-৫ম) তাহে ভিন্ন নহে [ক], তাঁর নাহি দ্বিতীয় [ঝ] ; ২০ (৩য়) -সম [ত] ; ২১ (১ম) চর্মচক্ষু [ক, খ, গ] ।

মথুরা-দ্বারকায় নিজ রূপ প্রকাশিয়া।
নানারূপে বিলসয়ে চতুর্ব্যূহ হৈঞা ॥ ২৩
বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধ।
সর্ব্বচতুর্ব্যূহ-অংশী তুরীয় বিশুদ্ধ ॥ ২৪
৫ এই তিন লোকে কৃষ্ণ কেবল লীলাময়।
নিজগণ লঞা খেলে অনন্ত সময় ॥ ২৫
পরব্যোম-মধ্যে করি স্বরূপ প্রকাশ।
নারায়ণ রূপে করে বিবিধ বিলাস ॥ ২৬
স্বরূপবিগ্রহ কৃষ্ণের কেবল দ্বিভুজ।
১০ নারায়ণরূপে সেই তনু চতুর্ভুজ ॥ ২৭
শঙ্খ চক্র গদা পদ্ম মহৈশ্বর্য্যময়।
শ্রী-ভূ-লীলা-শক্তি যাঁর চরণ সেবয় ॥ ২৮
যদ্যপি কেবল তাঁর ক্রীড়ামাত্র ধর্ম্ম।
তথাপি জীবেরে কৃপায় করে এত কর্ম্ম ॥ ২৯
১৫ সালোক্য সামীপ্য সার্ষ্টি সারূপ্য প্রকার।
চারি মুক্তি দিয়া করে জীবের নিস্তার ॥ ৩০
ব্রহ্মসাযুজ্য-মুক্তের তাঁহা নাহি গতি।
বৈকুণ্ঠ-বাহিরে তাসভার হয় স্থিতি ॥ ৩১
বৈকুণ্ঠ-বাহিরে এক জ্যোতির্ম্ময় মণ্ডল।
২০ কৃষ্ণের অঙ্গের প্রভা—পরম উজ্জ্বল ॥ ৩২
সিদ্ধলোক নাম তার—প্রকৃতির পার।
চিৎস্বরূপ তাহা নাহি চিচ্ছক্তিবিকার ॥ ৩৩
সূর্য্যের মণ্ডল যৈছে বাহিরে নির্ব্বিশেষ।
ভিতরে সূর্য্যের রথ-আদি সবিশেষ ॥ ৩৪
২৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (৭।১।২৯)—
কামাদ্দ্বেষাদ্ ভয়াৎ স্নেহাদ্ যথা ভক্ত্যেশ্বরে মনঃ।
আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥ ৩৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

যদ্গোলোকাখ্যং ধাম তস্মিন্ নিবসন্তং আদিপুরুষং সর্ব্বকারণভূতং গোবিন্দং অহং ভজামি আশ্রয়ামি। তং কিংভূতং? কল্পবৃক্ষলক্ষাবৃতেষু চিন্তামণিপ্রকরসদ্মসু সুরভীর্গাঃ অভি সর্ব্বতোভাবেন পালয়ন্তং বননয়ন-চারণ-গোস্থানানয়ন-প্রকারেণ পালয়ন্তং কদাচিদ্রহসি তু বৈলক্ষণ্যমাহ লক্ষ্মীসহস্রশতৈঃ সম্ভ্রমেণ সেব্যমানং সেব্যং, অত্র লক্ষ্মীপদেন গোপসুন্দর্য্যো বিখ্যাতাঃ—ইতি শ্রীজীব-গোস্বামিচরণৈঃ।

'যত্তু গোলোকনাম স্যাত্তত্তু গোকুলবৈভবম্' ইতি শ্রীভাগবতামৃত (১।৭৭৭) বচনানুসারেণ গোকুলৈশ্বর্য্যরূপং গোলোকধাম, তত্র দেবলীলত্বং সূচিতম্। গোকুলে পূর্ণমাধুর্য্যান্তরলীলত্বমায়াতম্। 'সর্ব্বজ্ঞত্বে চ মৌগ্ধ্যে চ সার্ব্বভৌমমিদং মহঃ' ইতি লীলাশুক-বচনাৎ শ্রীকৃষ্ণস্য দেবলীলত্বং নরলীলত্বং চ ধ্বনিতম্। চিন্তামণীতি 'অদৃশ্যং চর্ম্মচক্ষুষা' ইতি গৌতমীয়-তন্ত্র-বচনাৎ কৈশ্চিদ্ভাগবতোত্তমৈরেবংভূতং তৎস্বরূপং দৃষ্টমিতি। ২২ ॥

অথ শ্রীকৃষ্ণং বর্ণয়িত্বা তদ্ভজনপ্রকারং সপ্তমে যুধিষ্ঠিরং প্রতি নারদঃ প্রাহ—কামাদিতি। বহবো জনা ঈশ্বরে মন আবেশ্য তদঘং তেষাং মধ্যে দ্বেষভয়য়োর্যদঘং তদ্ধিত্বা তদাবেশ-প্রভাবেন হিত্বা তদ্গতিং গতাঃ প্রাপ্তা ইত্যর্থঃ। কস্মাৎ

বঙ্গানুবাদ

৩৫। কেহ প্রীতিহেতু, কেহ বৈরহেতু, কেহ ভয়হেতু, কেহ স্নেহহেতু, কেহ বা ভক্তিহেতু—পরমেশ্বর শ্রীকৃষ্ণে মনোনিবেশ ফলে বৈর ও ভয় জন্য পাপাদি ত্যাগ করিয়া বহুব্যক্তি তাঁহাকে প্রাপ্ত হইয়াছেন।

পাঠান্তর

২ (২য়) বিলসেন [ক, গ, জ], বিহরেন [ঘ]; **৬** (১ম) নিজলোক [জ], নিজগুণ [ণ, দ, ন], (৫ম) প্রেমময় [ঘ]; **৭** (২য়) ধরি [ক]; **৮** (৩য়) ত্রিবিধ [ঝ]; **১০** (৩য়) তত্ব [ক]; **১২** (১ম)-নীলা-শক্তি [ক, ঝ], (২য়) তাঁর [ক, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ]; **১৩** (২য়) সর্ব্বত্র [ক] সতত [গ, ঘ, ছ, জ]; **১৪** (২য়) জীবের [গ, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ন]; **১৭** (১ম)-মুক্তির [খ, গ, ঘ, ছ, জ, ঠ, ঢ, ত]; **২২** (২য়-৩য়) নাহি তাহা [ক, গ, জ], তাঁর নাহি [ঠ]; **২৩** (৩য়) যেন [ট, ড, থ, ধ]; **২৪** (২য়, ৩য়) শ্বেত সূর্য্য-রথাদি [খ], ত সূর্য্য রথ-আদি [চ]; **২৬** এই পঙ্‌ক্তির শ্লোকটি 'ছ পুঁথি এবং ণ, ত, দ, ন' মুদ্রিতগ্রন্থ ব্যতীত সকল করলিপি এবং মুদ্রিত পুস্তকে দৃষ্ট হয়।

তথা হি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ (১।২।২৭৮)—

যদরীণাং প্রিয়াণাঞ্চ প্রাপ্যমেকমিবোদিতম্।
তদ্‌ব্রহ্মকৃষ্ণয়োরৈক্যাৎ কিরণার্কোপমাজুষোঃ ॥৩৬

তৈছে পরব্যোমে নানা চিচ্ছক্তি বিলাস।
৫ নির্বিশেষ জ্যোতির্বিম্ব বাহিরে প্রকাশ ॥ ৩৭
নির্বিশেষ ব্রহ্ম সেই কেবল জ্যোতির্ময় ॥
সাযুজ্যের অধিকারী তাঁহা পায় লয় ॥ ৩৮

তথা হি ভক্তিরসামৃতসিন্ধৌ (১।২২।৮০) —

সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি।
১০ সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ হরিণা হতাঃ ॥ ৩৯

সেই পরব্যোমে নারায়ণের চারিপাশে।
দ্বারকা-চতুর্ব্যূহের দ্বিতীয় প্রকাশে ॥ ৪০
বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্নানিরুদ্ধ।
দ্বিতীয় চতুর্ব্যূহ এই, তুরীয় বিশুদ্ধ ॥ ৪১
১৫ তাঁহা যে রামের রূপ— মহাসঙ্কর্ষণ।
চিচ্ছক্তি আশ্রয় তিঁহো কারণের কারণ ॥ ৪২
চিচ্ছক্তি-বিলাস এক 'শুদ্ধসত্ত্ব' নাম।
শুদ্ধসত্ত্বময় যত বৈকুণ্ঠাদি ধাম ॥ ৪৩
ষড়্‌বিধ ঐশ্বর্য তাঁহা - সকল চিন্ময়।
২০ সঙ্কর্ষণের বিভূতি সব জানিহ নিশ্চয় ॥ ৪৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

কেন প্রকারেণ বেত্যাহ—কামাদিতি। কামাৎ দ্বেষাদ্বৈরাৎ ভয়াদ্ভীতেঃ স্নেহাৎ প্রেম্নঃ ভক্ত্যা। নন্বত্র পঞ্চবিধ-ভজনমুক্তং কথং তত্রৈব,(ভা ৭।১।৩০)—

গোপ্যঃ কামাদ্ভয়াৎকংসো দ্বেষাচ্চৈদ্যাদয়োনৃপাঃ। সংবন্ধাদ্‌বৃষ্ণয়ঃ স্নেহাদ্ যূয়ং ভক্ত্যা বয়ং প্রভো॥

ইত্যত্র ষড়্‌বিধত্বমুক্তম্। পঞ্চবিধত্বন্ত তত্রাপি দৃশ্যতে (ভা ৭।১।৩১) 'কতমোঽপি ন বেণঃ স্যাৎ পঞ্চানাং পুরুষং প্রতি' ইত্যুচ্যতে। গোপ্যঃ কামাদিতি ষড়্‌বিধত্বমুক্তং, তৎষড়্‌বিধং ন কিন্তু পঞ্চবিধত্বমেব। যতো বৃষ্ণি-পাণ্ডবয়োঃ স্নেহ-সম্বন্ধনিরূপণাৎ সম্বন্ধাদ্‌যঃ স্নেহস্তস্মাদিতি ব্যাখ্যাতব্যম্ ॥৩৫॥

'বহবস্তদ্গতিং গতা' ইত্যুক্তেঃ গোপ্যাদীনামপি একপ্রাপ্তিত্বমায়াতম্। অতঃ সিদ্ধান্তয়তি রসামৃতসিন্ধৌ—যদিতি। অরীণাং কংসাদীনাং, প্রিয়াণাং গোপ্যাদীনাং যদেকং প্রাপ্যমিবোদিতং তদ্‌ব্রহ্মকৃষ্ণয়োরৈক্যাৎ। নন্বৈক্যাদিত্যুক্তেঃ দ্বয়োঃ সমত্বমায়াতমিত্যাশঙ্কায়াং বিশেষণমাহ। তয়োঃ কিংভূতয়োঃ? কিরণার্কোপমাজুষোঃ কিরণশ্চ অর্কশ্চ কিরণার্কৌ তয়োরুপমা তাং ভজতোঃ প্রাপ্তবতোঃ 'যস্য প্রভা প্রভবতো'রিতি ব্রহ্মসংহিতোক্তত্বাৎ। ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্যাব্যয়স্য চ, ইতি শ্রীভগবদ্গীতোপনিষদোক্তত্বাচ্চ, অত্র ব্রহ্মণঃ কিরণোপমাত্বেনাপকর্ষঃ কৃষ্ণস্যার্কোপমাত্বেনোৎকর্ষশ্চ সূচিতঃ ॥৩৬॥

অথৈকপ্রাপ্যত্বং নিষিধ্য ব্রহ্মপ্রাপ্তিত্বমাহ ব্রহ্মাণ্ডপুরাণে—সিদ্ধিলোক ইতি। তমসো মায়াতঃ পারে পরব্যোমৈকদেশে সিদ্ধিলোকঽস্তি। যত্র সিদ্ধিলোকে ব্রহ্মলোকে ব্রহ্মানন্দে মগ্না সিদ্ধা বসন্তি হি নিশ্চিতং, হরিণা হতা দৈত্যাশ্চ বসন্তি ॥৩৯॥

বঙ্গানুবাদ

৩৬। পূর্বশ্লোকে—শ্রীকৃষ্ণে মন-আবেশের ফলে বহু ব্যক্তি তাঁহাকে প্রাপ্ত হইয়াছেন; সুতরাং কংসাদি অরিগণের এবং প্রিয় গোপীগণের যে একই প্রাপ্য বলিয়া উক্ত হইয়াছে, তাহা কিরণস্থানীয় নির্বিশেষ ব্রহ্ম ও সূর্যস্থানীয় শ্রীকৃষ্ণের ঐক্য দৃষ্টিতে বলা হইয়াছে।

৩৯। ব্রহ্মাণ্ডের অষ্টম আবরণ তমঃ অর্থাৎ প্রকৃতির পর সিদ্ধলোক অর্থাৎ মুক্তির ধাম। অষ্টাঙ্গ যোগে প্রাপ্তসিদ্ধি যোগিগণ, ব্রহ্মসুখে নিমগ্ন জ্ঞানিগণ এবং শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত দৈত্যগণ এই সিদ্ধলোকে বাস করেন।

পাঠান্তর

৪ (১ম) ঐছে [ত]; ৫ (২য়) জ্যোতির্ময় [ক]; ৭ (৩য়, ৫ম) পার হয় [গ]। ১১ (৩য়) চতুর্ব্যূহ [ক, গ, ঘ, ঝ, ঞ, ট]; ১২ (১ম) চতুর্ব্যূহ [ক, গ, ঘ, চ, জ, ঝ, ড, ত, ধ]; ১৬ (১ম) ত্রিশক্তি [ক, গ, ঘ, ঞ]; ১৮ (১ম) শুদ্ধসত্ত্বনাম [চ]; ২০ (১ম) মহাসঙ্কর্ষণের [ছ], (৩য়, ৪র্থ) জানিহ [ছ]।

'জীব' নাম তটস্থাখ্য এক শক্তি হয়।
মহাসঙ্কর্ষণ সব জীবের আশ্রয় ॥ ৪৫
যাঁহা হৈতে বিশ্বোৎপত্তি যাঁহাতে প্রলয়।
সেই পুরুষের সঙ্কর্ষণ সমাশ্রয় ॥ ৪৬
৫ সর্বাশ্রয় সর্বাদ্ভুত ঐশ্বর্য অপার।
অনন্ত কহিতে নারে মহিমা যাঁহার ॥ ৪৭
তুরীয় বিশুদ্ধসত্ত্ব সঙ্কর্ষণ নাম।
তেঁহো যাঁর অংশ সেই নিত্যানন্দ রাম ॥ ৪৮
অষ্টম-শ্লোকের কৈল সংক্ষেপে বিবরণ।
১০ নবম-শ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ৪৯

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

মায়াভর্তাজাণ্ডসঙ্ঘাশ্রয়াঙ্গঃ,
শেতে সাক্ষাৎ কারণাম্ভোধিমধ্যে।
যস্যৈকাংশঃ শ্রীপুমানাদিদেব-,
১৫ স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৫০

বৈকুণ্ঠ-বাহিরে যেই জ্যোতির্ময় ধাম।
তাহার বাহিরে কারণার্ণব নাম ॥ ৫১
বৈকুণ্ঠ বেঢ়িয়া এক আছে জলনিধি।
অনন্ত অপার—তার নাহিক অবধি ॥ ৫২
২০ বৈকুণ্ঠের পৃথিব্যাদি সকল চিন্ময়।
মায়িক-ভূতের তথি জন্ম নাহি হয় ॥ ৫৩
চিন্ময় জল সেই পরম কারণ।
যার এক কণা গঙ্গা জগত-পাবন ॥ ৫৪
সেই ত কারণার্ণবে সেই সঙ্কর্ষণ।
২৫ আপনার এক অংশে করেন শয়ন ॥ ৫৫
মহৎস্রষ্টা পুরুষ তেঁহো জগত-কারণ।
আদ্য অবতার করে মায়ার ঈক্ষণ ॥ ৫৬
মায়াশক্তি রহে কারণাব্ধির বাহিরে।
কারণ-সমুদ্র মায়া পরশিতে নারে ॥ ৫৭
৩০ সেই ত মায়ার দুইবিধ অবস্থিতি।
জগতের উপাদান, প্রধান প্রকৃতি ॥ ৫৮
জগত-কারণ নহে প্রকৃতি জড়রূপা।
শক্তি সঞ্চারিয়া তারে কৃষ্ণ করে কৃপা ॥ ৫৯
কৃষ্ণ-শক্ত্যে প্রকৃতি হয় গৌণ কারণ।
৩৫ অগ্নি-শক্ত্যে লৌহ যৈছে করয়ে জারণ ॥ ৬০
অতএব কৃষ্ণ মূল জগত-কারণ।
প্রকৃতি কারণ যৈছে অজাগলস্তন ॥ ৬১
মায়া-অংশে কহি তারে নিমিত্ত-কারণ।
সেহো নহে যাতে কর্তা হেতু নারায়ণ ॥ ৬২
৪০ ঘটের নিমিত্ত-হেতু যৈছে কুম্ভকার।
তৈছে জগতের কর্তা পুরুষাবতার ॥ ৬৩
কৃষ্ণকর্তা, মায়া তাঁর করেন সহায়।
ঘটের কারণ চক্র-দণ্ডাদি উপায় ॥ ৬৪

বঙ্গানুবাদ

৫০। মায়াভর্তা যিনি মায়াশক্তির নিয়ামক, যাঁহার শ্রীঅঙ্গ ব্রহ্মাণ্ডসমূহের আশ্রয়স্থল, যিনি কারণ সমুদ্রে শয়ান আছেন, সেই আদিদেব প্রথমপুরুষ মহাবিষ্ণু যাঁহার মুখ্য অংশ; সেই শ্রীনিত্যানন্দরূপী শ্রীবলরামের শরণাগত হই।

পাঠান্তর

১ (৫ম) শক্তিনাম [ট]; ৬ (৫ম) তাঁহার [খ]; ৭ (২য়) বিশুদ্ধতত্ত্ব [ছ]; ৮ (৩য়) অঙ্গ [গ, ঘ, চ, ছ, ট, দ]; ৯ (২য়, ৩য়) এই কৈল [ক, গ, চ ছ, জ, ট, ঢ, দ] এই সংক্ষেপ [খ, ঝ, ঞ, ঠ]; ১৭ (৩য়) এক কারণার্ণব [খ, ঙ, ঝ; ঞ], সে কারণার্ণব [চ], হয় কারণার্ণব [ঠ, ঢ]; ২১ (২য়) তাহাঁ [ক, ঘ, চ, ছ, জ, ঞ]; ২৩ (৫ম) পতিত- [ছ, ট, ড, ণ, থ, ধ, ন], পরম [ঞ]; ২৫ (৩য়-৪র্থ) অংশ করায়ে [গ, ঘ, চ]; ২৭ (৪র্থ-৫ম) মায়া দরশন [গ, ছ, ঝ, ড, ত, ধ], (৫ম) দর্শন [খ, ঞ, ট]; ২৯ (৩য়-৪র্থ) স্পর্শিতে না পারে [ক, গ, ঘ, ঠ, ঢ, ত]; ৩২ (১ম) সৃষ্টি- [চ]; ৩৯ (৫ম) মূল [ক]; ৪০ এই পয়ারের পূর্বে অধিক পাঠ "হেতুকর্তা করে তারে শক্তি সঞ্চারণ"।

দূরে হৈতে পুরুষ করে মায়াতে অবধান।
জীবরূপ বীর্য তাতে করেন আধান ॥ ৬৫
এক অঙ্গাভাসে করে মায়াতে মিলন।
মায়া হৈতে জন্মে তবে ব্রহ্মাণ্ডের গণ ॥ ৬৬
৫ অগণ্য অনন্ত যত অণ্ডসন্নিবেশ।
ততরূপে পুরুষ করে সভাতে প্রবেশ ॥ ৬৭
পুরুষ-নাসাতে যবে বহিরায় শ্বাস।
নিঃশ্বাস-সহিতে হয় ব্রহ্মাণ্ড-প্রকাশ ॥ ৬৮
পুনরপি শ্বাস যবে প্রবেশে অন্তরে।
১০ শ্বাস-সহ ব্রহ্মাণ্ড পৈশে পুরুষ-শরীরে ॥ ৬৯
গবাক্ষের রন্ধ্রে যেন ত্রসরেণু চলে।
পুরুষের লোমকূপে ব্রহ্মাণ্ডের জালে ॥ ৭০

তথা হি ব্রহ্মসংহিতায়াম্ (৫।৪৮)—
যস্যৈকনিঃশ্বসিতকালমথাবলম্ব্য,
১৫ জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো,
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৭১

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।১৪।১১)
ক্বাহং তমোমহদহং খচরাগ্নিবার্ভূ-,
২০ সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তিকায়ঃ।
ক্বেদৃগ্বিধাবিগণিতাণ্ডপরাণুচর্যা-,
বাতাধ্বরোমবিবরস্য চ তে মহিত্বম্ ॥ ৭২

অংশের অংশ যেই—'কলা' তার নাম।
গোবিন্দের প্রতিমূর্তি শ্রীবলরাম ॥ ৭৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ মূলসঙ্কর্ষণ-রূপস্য শ্রীনিত্যানন্দস্য তদেকাত্মরূপত্বং নিরূপয়তি ব্রহ্মসংহিতায়াম্। তত্র সর্বব্রহ্মাণ্ডমণ্ডলপালকো যস্তদবতারতয়া ব্রহ্মাদিসহচরত্বেন তদভিন্নত্বেন চ মহাবিষ্ণুঃ দর্শিতঃ। তমপ্যেকং তল্লক্ষণতয়া বর্ণয়তি—যস্যেতি। যস্য মহাবিষ্ণোঃ একনিশ্বসিতকালমবলম্ব্য জগদণ্ডনাথাঃ সমস্তব্রহ্মাণ্ডেশ্বরাঃ ব্রহ্মাদয়ঃ লোমবিলজাঃ জীবন্তিঃ—তত্তদাকারতয়া জগতি প্রকটং তিষ্ঠন্তি। স মহাবিষ্ণুর্যস্য গোবিন্দস্য কলাবিশেষঃ অংশাংশ ইত্যর্থঃ। তমাদিপুরুষং গোবিন্দমহং ভজামি। এতেন মহাবিষ্ণোঃ সঙ্কর্ষণাংশভূতত্বং সূচিতম্ যথা, 'আবিরাসীৎ কারণার্ণোনিধিঃ সঙ্কর্ষণাত্মকঃ, যোগনিদ্রাং গতঃ তস্মিন্ সহস্রাংশঃ স্বয়ং মহানি'তি ব্রহ্মসংহিতোক্তত্বাৎ ॥৭১॥

নম্ব ব্রহ্মাণ্ডবিগ্রহস্ত্বমপি ঈশ্বর এবেতি চেত্তত্রাহ—ক্বাহমিতি। তমঃ প্রকৃতিঃ, মহঃ, অহমহঙ্কারঃ, খমাকাশং, চরো বায়ুঃ অগ্নিস্তেজঃ, বার্জলং, ভূশ্চ প্রকৃত্যাদি পৃথিব্যন্তৈঃ সংবেষ্টিতো যোঽণ্ডঘটঃ স এব তস্মিন্‌বা, স্বমানেন সপ্তবিতস্তিকায়ো যস্য সোঽহং ক্ব। তে মহিত্বং মহিমা ক্ব। অত্যন্তাসম্ভাবনায়াং ক্বদ্বয়ম্। তে কথংভূতস্য ? ঈদৃগ্বিধানি যান্যবিগণিতান্যণ্ডানি ত এব

বঙ্গানুবাদ

৭১। যে মহাবিষ্ণুর লোমকূপে আবির্ভূত ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্র তাঁহার একনিশ্বাসপরিমিত সময় অবলম্বন করিয়া জগতে প্রকট থাকেন, সেই মহাবিষ্ণু যাঁহার কলা-বিশেষ ; সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজন করি।

৭২। ভগবানকে ব্রহ্মা বলিয়াছেন—হে ভগবন্ ! প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার, আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবী এই অষ্ট আবরণে পরিবেষ্টিত ব্রহ্মাণ্ডরূপ যে ঘট, তন্মধ্যে নিজ সার্ধ ত্রিহস্ত পরিমিত আমার দেহ অর্থাৎ আমিই বা কোথায় ;

পাঠান্তর

২ (১ম-২য়) জীবরূপ বীজ [গ, ঝ], জীব উপজীব্য [ঘ]; **৩** (৩য়) করেন [ক, খ, গ, ঞ, ত]; **৪** (৩য়-৪র্থ) হয় তার [ক, খ, ঘ]; **৫** (১ম) অগম্য [ঘ], (৩য়) সব [ক, গ, ঘ]; **৬** (৫ম) প্রকাশ [ঝ ধ] ; **৮** (১ম) নিঃশ্বাস-[ক, খ, ঘ, ঙ, ছ, ঞ, ত, দ]; **৯** (৩য়) যদি [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ, ঠ] ; **১০** (২য়-৩য়) বৈসে ব্রহ্মাণ্ড [ক], পৈঠে ব্রহ্মাণ্ড [ঘ] ; **১২** (২য়) রোমকূপে [ক, খ, ঙ, ছ] ; **২৩** (৪র্থ-৫ম) তার কলা [খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ঢ, ত]।

তাঁর এক স্বরূপ শ্রীমহাসঙ্কর্ষণ।
তাঁর অংশ পুরুষের কলায়ে গণন ॥ ৭৪

যাঁহাকে ত কলা কহি তেঁহো মহাবিষ্ণু।
মহাপুরুষ অবতারী তেঁহো সর্বজিষ্ণু ॥ ৭৫

৫ গর্ভোদ-ক্ষীরোদশায়ী দোঁহে পুরুষ নাম।
সেই দুই যাঁর অংশ—বিষ্ণু বিশ্বধাম ॥ ৭৬

তথা হি লঘুভাগবতামৃতে (১।৩৩) সাত্বততন্ত্র-বচনম্—

বিষ্ণোস্তু ত্রীণি রূপাণি পুরুষাখ্যান্যথো বিদুঃ।
একন্তু মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতম্।
১০ তৃতীয়ং সর্বভূতস্থং তানি জ্ঞাত্বা বিমুচ্যতে ॥ ৭৭

যদ্যপি কহিয়ে তারে কৃষ্ণের কলা করি।
মৎস্যকূর্মাদ্যবতারের তিঁহো অবতারী ॥ ৭৮

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।৩।২৮)—

এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ম্।
১৫ ইন্দ্রারিব্যাকুলং লোকং মৃড়য়ন্তি যুগে যুগে ॥ ৭৯

সেই পুরুষ সৃষ্টি-স্থিতি-প্রলয়ের কর্তা।
নানা অবতার করে জগতের ভর্তা ॥ ৮০

সৃষ্ট্যাদিনিমিত্তে যেই অংশের অবধান।
সেই ত অংশের কহি অবতার নাম ॥ ৮১

২০ আদ্য অবতার—মহাপুরুষ ভগবান্।
সর্ব-অবতারবীজ সর্বাশ্রয়-ধাম ॥ ৮২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

পরমাণবস্তেষাং চর্যা পরিভ্রমণং তদর্থং বা অধ্বানো গবাক্ষা ইব লোমবিবরাণি যস্য তস্য তব অতোঽতিতুচ্ছতয়াস্মৎকম্পোঽহং, শ্রীকৃষ্ণস্য সর্বাবতারিত্বাৎ পরমাত্মরূপত্বেন ব্রহ্মণাস্তুতমিত্যর্থঃ। অংশাংশিনোরভেদেনোক্তমিতি বা ॥৭২॥

"পরমেশাংশরূপো যঃ প্রধানগুণভাগিব। তদীক্ষাদিকৃতির্নানাবতারঃ পুরুষঃ স্মৃতঃ ॥"

ইতি (লঘুভাগবতামৃতে ১।৩১) পুরুষস্য কতি বিধানি রূপাণীত্যপেক্ষায়ামাহ সাত্বততন্ত্রে—বিষ্ণোরিতি। বিষ্ণোঃ পুরুষাখ্যানি ত্রীণি রূপাণি মুনয়ো বিদুঃ—তান্যেবাহঃ একন্ত্বিতি। মহতঃ স্রষ্টৃ রেকং কারণার্ণবশায়ি প্রকৃতীক্ষাকর্তৃত্বাবিষ্টস্বরূপং, দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতং সত্যলোকোপরি গর্ভোদশায়ি প্রদ্যুম্নাংশরূপমিতি, তৃতীয়ং সর্বভূতস্থং সর্বপ্রাণিহৃদয়াবকাশস্থিতিরূপং—ভূলোকমধ্যে দুগ্ধাব্ধিশায়ি পালনকর্তৃ বিষ্ণুরূপং, তানি জ্ঞাত্বেতি—তেষাং স্বরূপং জ্ঞাত্বা বিমুচ্যতে সংসারান্মুক্তো ভবতীতি ভাবঃ ॥৭৭॥

বঙ্গানুবাদ

আর গবাক্ষপথে যেমন অনন্ত পরমাণু যাতায়াত করে, তদ্রূপ অগণিত ব্রহ্মাণ্ড আপনার যে মহাবিষ্ণুরূপের রোমবিবরে গতাগতি করে, সেই তোমার মহিমাই বা কোথায় ?

৭৭। মহাবিষ্ণুর পুরুষ-নামে তিনটি রূপ আছে, তন্মধ্যে আদ্যরূপ কারণার্ণবশায়ী মহত্তত্ত্বের সৃষ্টিকর্তা, দ্বিতীয়রূপ—ব্রহ্মাণ্ডের অন্তর্যামী গর্ভোদকশায়ী, তৃতীয়রূপ—সর্ববিধ প্রাণীর অন্তর্যামী, এই তিনটি রূপ জানিলে সংসার হইতে মুক্ত হয়।

৭৯। এই মৎস্যাদি লীলাবতারসমূহ প্রথমপুরুষ মহাবিষ্ণুর কেহ অংশ, কেহ বা কলা। শ্রীকৃষ্ণ কিন্তু স্বয়ংভগবান্ সর্বাবতারী। অবতার সকল যুগে যুগে দৈত্যপীড়িত লোকসমূহকে রক্ষা করেন।

পাঠান্তর

১ (২য়-৪র্থ) নিজরূপ এক মহাসঙ্কর্ষণ [ক, গ, ঘ; ছ, জ, ঠ, ঢ], (৩য়) অংশ [চ], **২** (৩য়) পুরুষ হয় [ড, ণ, ত, দ, ন] **৪** (৩য়) সেহো [ট, ড], তেঁহ [ণ, থ, ন], সেহ [দ] ; **১২** (২য়) তেঁহো [ক, ঘ, ঙ, ঞ ণ, ত, দ, ন]; **১৬** সেই সে [ক, গ, ঘ, চ, জ]; সেই ত [গ, ঙ, ঝ, ঞ, ত] ; **১৭** (৪র্থ) ব্রহ্মাণ্ডের [ছ] ; **১৮** (৩য়) অংশে [ক, গ, ঘ, ঙ, জ, ঞ, ঠ, ঢ, ত, থ], অংশ [খ, চ, ছ] ; **১৯** (৩য়) অংশেরে [চ, ট, ঠ, থ, দ, ধ]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (২।৬।৪২)—

আদ্যোঽবতারঃ পুরুষঃ পরস্য,
কালঃ স্বভাবঃ সদসন্মনশ্চ।
দ্রব্যং বিকারো গুণ ইন্দ্রিয়াণি,
৫ বিরাট্ স্বরাট্ স্থাস্নু চরিষ্ণু ভূম্নঃ ॥ ৮৩

তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১।৩।১)—

জগৃহে পৌরুষং রূপং ভগবান্ মহদাদিভিঃ।
সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়া ॥ ৮৪

যদ্যপি সর্বাশ্রয় তিহেঁা তাঁহাতে সংসার।
২০ অন্তরাত্মারূপে তিঁহো জগত আধার ॥ ৮৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীনিত্যানন্দাংশরূপং প্রথমপুরুষাবতারমাহ, যথা দ্বিতীয়ে—আদ্য ইতি। অত্র শ্রীধরস্বামী—পুরুষঃ প্রকৃতিপ্রবর্তকঃ যস্য সহস্রশীর্ষযুক্তঃ লীলাবিগ্রহঃ স আদ্যোঽবতারঃ সৃষ্ট্যাদৌ প্রথমাবতারঃ, সদসৎ কার্যকারণরূপা প্রকৃতিঃ, মন আদীনি কার্যানি, ব্রহ্মাদয়ো গুণাবতারাঃ, দক্ষাদয়ো বিভূতয়ঃ, বিকারোঽহঙ্কারঃ, বিরাট্ সমষ্টিশরীরঃ, স্বরাট্ বৈরাজঃ, স্থাস্নুঃ স্থাবরং, চরিষ্ণুর্জঙ্গমঃ, ভূম্নঃ সর্বব্যাপকস্য পুরুষস্য কালাদ্যাঃ শক্তয়ঃ, মন আদীনি কার্যাণীত্যর্থঃ—ইত্যেষা ॥৮৩॥

পুনঃ প্রথমস্কন্ধে প্রথমপুরুষস্য স্বরূপং সূতবাক্যেনাহ—জগৃহ ইতি। ভগবান্ আদৌ লোকসিসৃক্ষয়া লোকানাং জনানাং স্রষ্টুমিচ্ছয়া পৌরুষং রূপং জগৃহে আবিশ্চকার। তৎ কিংভূতম্? মহদাদিভিঃ মহত্তত্ত্বাহঙ্কারপঞ্চতন্মাত্রাদিভিঃ একাদশেন্দ্রিয়াণি চেতি, এতৈঃ সংভূতং পূর্ণং অতএব ষোড়শকলা অংশা যস্মিন্নিতি শ্রীধর স্বামী। ব্যাখ্যান্তরমাহ,—ভগবান্ আদ্যোঽবতারঃ পুরুষোত্তমঃ আদৌ সর্বাবতারাগ্রে মহত্তত্ত্বাদিভিঃ কৃত্বা পৌরুষং পুরুষাকারং পুরুষাভিধং বা রূপং আনন্দচিন্ময়মূর্তিং জগৃহে প্রাদুশ্চকার। কথংভূতম্? সংভূতং সম্যক্ সত্যমিত্যর্থঃ। তৈর্যুক্তমিতি বা। পুনঃ কথংভূতন্তৎ? ষোড়শকলং ষোড়শৈব কলা যস্মিন্তৎ, ষোড়শকলামাহ বৈষ্ণবে,—(ক্রমদীপিকা ১।৪২)

শ্রীর্ভূঃ কীর্তিরিলা লীলা কান্তির্বিদ্যেতি সপ্তমম্। বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া যোগাশ্চ শক্তয়ঃ।
প্রহ্বী সত্যা তথেশানানুগ্রহা নবমী স্মৃতাঃ ॥ ইতি ষোড়শ শক্তয় ॥৮৪॥

বঙ্গানুবাদ

৮৩। নারদকে ব্রহ্মা বলিয়াছেন—হে নারদ! পরব্যোমপতি ভগবানের প্রথম অবতার প্রকৃতির প্রবর্তক কারণার্ণবশায়ী মহাপুরুষ। অতঃপর কাল, স্বভাব, কার্যকারণরূপা প্রকৃতি, মহত্তত্ত্ব, পঞ্চমহাভূত, অহঙ্কার, সত্ত্বাদিগুণ, ইন্দ্রিয়গণ, বিরাট্ অর্থাৎ সমষ্টিশরীর, সমষ্টিজীব, স্থাবর, জঙ্গম অর্থাৎ ব্যষ্টি শরীর প্রভৃতি যে কিছু আছে, সে সকলই ভগবানে বিভূতি।

৮৪। সূত বলিয়াছেন—হে ঋষিগণ! শ্রীভগবান্ সৃষ্টির আরম্ভে লোকসৃষ্টির ইচ্ছায় মহত্তত্ত্বাদি মিলিত ষোড়শ মুখ্যশক্তিযুক্ত পুরুষরূপ প্রকট করেন।

পাঠান্তর

৫ এই পঙ্‌ক্তির পর 'ট' ড, ণ, দ' মুদ্রিত পুস্তকে শ্রীমদ্ভাগবতের নিম্নলিখিত শ্লোকত্রয় অধিক দৃষ্ট হয়, 'ণ' তে বন্ধনীর মধ্যে —"অহং ভবো যজ্ঞ ইমে প্রজেশা, দক্ষাদয়ো যে ভবদাদয়শ্চ। স্বর্লোকপালাঃ খগলোকপালা, নৃলোকপালাস্তললোকপালাঃ॥ গন্ধর্ববিদ্যাধরচারণেশা, যে যক্ষরক্ষোরগনাগনাথাঃ। যে বা ঋষীণামৃষভাঃ পিতৃণাং দৈতেন্দ্রসিদ্ধেশ্বর-দানবেন্দ্রাঃ। অন্যে চ যে প্রেতপিশাচভূত-, কুষ্মাণ্ডযাদোমৃগপক্ষ্যধীশাঃ॥ যৎ কিঞ্চ লোকে ভগবন্মহস্ব-, দোজঃসহস্বদ্বলবৎ-ক্ষমাবৎ। শ্রীহ্রীবিভূত্যাত্মবদদ্ভুতার্ণং, তত্ত্বং পরং রূপবদস্বরূপম্॥" অধিকসংখ্যক গ্রন্থে না থাকায় মূলমধ্যে সন্নিবিষ্ট হইল না।

প্রকৃতি সহিতে তাঁর উভয় সম্বন্ধ।
তথাপি প্রকৃতিসহ নাহি স্পর্শ-গন্ধ ॥ ৮৬

তথা হি শ্রীমদ্ভাগবতে (১।১১।৩৯)—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
৫ ন যুজ্যতে সদাত্মস্থৈর্যথা বুদ্ধিস্তদাশ্রয়া ॥ ৮৭

এইমত গীতাতেহো পুনঃপুন কয়।
সর্বদা ঈশ্বরতত্ত্ব অচিন্ত্যশক্তি হয় ॥ ৮৮
আমি ত জগতে বসি জগত আমাতে।
না আমায় জগত বৈসে না আমি জগতে ॥ ৮৯
১০ অচিন্ত্য ঐশ্বর্য এই জানিহ আমার।
এই ত গীতার অর্থ কৈল পরচার ॥ ৯০
সেই ত পুরুষ যাঁর অংশ ধরে নাম।
চৈতন্যের সঙ্গে সেই নিত্যানন্দ রাম ॥ ৯১
এই ত নবমশ্লোকের অর্থ বিবরণ।
১৫ দশমশ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ৯২

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

যস্যাংশাংশঃ শ্রীলগর্ভোদশায়ী,
যন্নাভ্যব্জং লোকসংঘাতনালম্।
লোকস্রষ্টুঃ সূতিকাধাম ধাতু-,
২০ স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ৯৩

সেই ত পুরুষ অনন্ত ব্রহ্মাণ্ড সৃজিয়া।
সব অণ্ডে প্রবেশিলা বহুমূর্তি হঞা ॥ ৯৪
ভিতরে প্রবেশি দেখে সব অন্ধকার
রহিতে নাহিক স্থান করিল বিচার ॥ ৯৫
২৫ নিজ অঙ্গ-স্বেদজল করিল সৃজন।
সেই জলে কৈল অর্ধ ব্রহ্মাণ্ড ভরণ ॥ ৯৬
ব্রহ্মাণ্ডপ্রমাণ—পঞ্চাশৎকোটি যোজন।
আয়াম-বিস্তার দুই হয় এক-সম ॥ ৯৭
জলে ভরি অর্ধ তাঁহা কৈল নিজবাস।
৩০ আর অর্ধে কৈল চৌদ্দ ভুবন প্রকাশ ॥ ৯৮
তাঁহাই প্রকট কৈল বৈকুণ্ঠ নিজধাম।
শেষশয়ন-জলে করিল বিশ্রাম ॥ ৯৯
অনন্ত-শয্যাতে তাঁহা করিল শয়ন।
সহস্র মস্তক তাঁর সহস্র বদন ॥ ১০০
৩৫ সহস্র চরণ হস্ত, সহস্র নয়ন।
সর্ব-অবতার-বীজ জগত-কারণ ॥ ১০১
তাঁর নাভিপদ্ম হৈতে উঠিল এক পদ্ম।
সেই পদ্ম হৈল ব্রহ্মার জন্মসদ্ম ॥ ১০২
সেই পদ্মনালে হৈল চৌদ্দভুবন।
৪০ তেঁহো ব্রহ্মা হঞা সৃষ্টি করিল সৃজন ॥ ১০৩

বঙ্গানুবাদ

৮৭। যেমন ঈশ্বরাশ্রিতা বুদ্ধি দেহস্থিত হইয়াও দেহাশ্রিত সুখদুঃখাদির সহিত লিপ্ত হয় না, সেইরূপ ভগবান প্রকৃতি-গুণময় প্রপঞ্চে অবস্থিতি করিয়াও যে তাহার গুণে লিপ্ত হ'ন না, ইহাই ঈশ্বরের ঐশ্বর্য।

৯৩। যাঁহার নাভি হইতে উত্থিত পদ্ম চতুর্দশভুবনের আশ্রয় এবং সৃষ্টিকর্তা ব্রহ্মার উদ্ভব স্থান, সেই গর্ভোদকশায়ী শ্রীমহাবিষ্ণু যাঁহার অংশের অংশ, সেই শ্রীনিত্যানন্দাখ্য শ্রীবলরামের শরণগ্রহণ করি।

পাঠান্তর

২ (৩য়) নহে [ণ, ন]; **৬** (৪র্থ) কহে [ক, গ, ঘ, চ]; **৭** (৪র্থ) ময়ে [ক, গ, ঘ, চ]; **৯** (২য়-৬ষ্ঠ) আমি জগতে বসি না আমা [চ, ট, ড, থ, ধ], আমি জগতে বসি না আমায় [ণ, ন], (২য়) আমাতে [ক, গ, ঘ, ঙ, জ, ঞ, ঠ, ঢ]; **২১** (১ম, ২য়) সেই [ছ, ট, ণ, দ, ন]; **২৩** (১ম) অন্তরে [ঘ], (৩য়) দেখি [জ, ঠ, ঢ], (৪র্থ) কেবল [ক, ঘ, চ]; **২৫** (১ম, ২য়) নিজাঙ্গের স্বেদজল [ক, খ, গ, ঘ, জ], নিজ অঙ্গে [ট, ঢ, ণ, দ, ন]; **২৬** (৬ষ্ঠ) পূরণ [ঝ, ঠ, ঢ]; **২৭** (২য়) পঞ্চাশকোটি [ক, গ, ঘ, চ], পঞ্চাশতকোটি [ত]; **২৮** (২য়-৩য়) হয় দুই [ঙ, ড], হয়ে দুই [ট, ণ, থ, দ, ন]; **২৯** (৪র্থ) তার [ছ], তাহে [ঠ, ঢ]; **৩১** (১ম) তাহাতে [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ]; **৩৩** (২য়, ৩য়) তেহো করেন [ক], তাঁহা করেন [খ]; **৩৫** (২য়) নয়ন [ট, ণ, দ, ন], (৫ম) চরণ [ট, ণ, দ, ন]; **৩৮** (২য়) পদ্মে, [ক গ, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ড, থ, ধ]; **৪০** (১ম) তিঁহ [খ, গ, ছ, ট, ঠ, ঢ, দ]।

বিষ্ণুরূপ হঞা করে জগত-পালনে।
গুণাতীত বিষ্ণু—স্পর্শ নাহি গুণসনে ॥ ১০৪
রুদ্ররূপ ধরি করে জগত-সংহার।
সৃষ্টি স্থিতি প্রলয় ইচ্ছায় যাঁহার ॥ ১০৫
৫ হিরণ্যগর্ভ-অন্তর্যামী জগত-কারণ।
যাঁর অংশ করি করে বিরাট কল্পন ॥ ১০৬
হেন নারায়ণ যাঁর অংশের অংশ।
সেই প্রভু নিত্যানন্দ সর্ব-অবতংস ॥ ১০৭
দশমশ্লোকের এই কৈল বিবরণ।
১০ একাদশশ্লোকের অর্থ শুন দিয়া মন ॥ ১০৮

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—
যস্যাংশাংশাংশঃ পরাত্মাখিলানাং,
পোষ্টা বিষ্ণুর্ভাতি দুগ্ধাব্ধিশায়ী।
ক্ষৌণীভর্তা যৎকলা সোঽপ্যনন্ত,-
১৫ স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥ ১০৯

নারায়ণের নাভিনালমধ্যে ত ধরণী।
ধরণীর মধ্যে সপ্ত সমুদ্র যে গণি ॥ ১১০
তাঁহা ক্ষীরোদধিমধ্যে শ্বেতদ্বীপ নাম।
পালয়িতা বিষ্ণু তাঁর সেই নিজ ধাম ॥ ১১১
২০ সকল জীবের তিঁহো হয়ে অন্তর্যামী।
জগত-পালক তিঁহো জগতের স্বামী ॥ ১১২
যুগ-মন্বন্তরে করি নানা অবতার।
ধর্মসংস্থাপন করে অধর্ম-সংহার ॥ ১১৩
দেবগণ নাহি পায় তাঁর দরশন।
২৫ ক্ষীরোদকতীরে যাই করেন স্তবন ॥ ১১৪
তবে অবতরি করে জগত-পালন।
অনন্ত বৈভব তাঁর—নাহিক গণন ॥ ১১৫
সেই বিষ্ণু হয় যাঁর অংশাংশের-অংশ।
সেই প্রভু নিত্যানন্দ সর্ব-অবতংস ॥ ১১৬
৩০ সেই বিষ্ণু শেষ-রূপে ধরেন ধরণী।
কাঁহা আছে মহী শিরে, হেন নাহি জানি ॥ ১১৭
সহস্র বিস্তীর্ণ যাঁর ফণার মণ্ডল।
সূর্য জিনি মণিগণ করে ঝলমল ॥ ১১৮
পঞ্চাশৎকোটি যোজন পৃথিবী বিস্তার।
৩৫ যাঁর এক-ফণে রহে সর্ষপ-আকার ॥ ১১৯
সেই ত অনন্ত শেষ ভক্ত-অবতার।
ঈশ্বর সেবন বিনু নাহি জানে আর ॥ ১২০
সহস্রবদনে করে কৃষ্ণগুণগান।
নিরবধি গুণ গান অন্ত নাহি পান ॥ ১২১
৪০ সনকাদি ভাগবত শুনে যাঁর মুখে।
ভগবানের গুণ কহে, ভাসে প্রেমসুখে ॥ ১২২
ছত্র পাদুকা শয্যা উপাধান বসন।
আরাম আবাস যজ্ঞসূত্র সিংহাসন ॥ ১২৩
এতমূর্তিভেদ করি কৃষ্ণসেবা করে।
৪৫ কৃষ্ণের শেষতা পাঞা 'শেষ' নাম ধরে ॥ ১২৪

বঙ্গানুবাদ

১০৯। অখিল ব্যষ্টিজীবের অন্তর্যামী পরমাত্মা তৃতীয়পুরুষ, এবং ক্ষীরোদশায়ী পালনকর্তা গুণাবতার শ্রীবিষ্ণু যাঁহার অংশাংশের অংশ এবং ধরণীধর অনন্তদেব যাঁহার কলা, সেই শ্রীনিত্যানন্দ শ্রীবলরামের শরণ লইলাম।

পাঠান্তর

১ (২য়) ধরি [ক]; **২** (৫ম) মায়াসনে [ক, খ, ট, দ], গুণসনে [ঙ, ছ], মায়াগুণে (ড, ণ, থ, ধ, ন] ; **৩** (৪র্থ) জগৎ- [খ, ছ, ঝ, ট, ড, থ, দ, ধ] ; **৬** (১ম-৫ম) তার সঙ্গে করি স্থিরচরের [ক], যাহার অঙ্গে স্থিরচরের [ঘ], যাঁর অঙ্গে করি স্থিরচরের [ঝ, ঞ ঠ, ঢ, থ] ; **৭** (৪র্থ) অংশেরও [ণ, দ, ন], অংশের হয় [ত] ; **৯** (২য়) অর্থ [ছ, জ, ট, ড, থ, দ, ধ] ; **১৬** (২য়) নাভিনালমধ্যেতে [চ, ট, ড, থ, দ, ধ]; **১৭** (৬ষ্ঠ) গুণি [ক] ; **১৮** (২য়) ক্ষীরোদকমধ্যে [ক, গ, ঝ, ঞ, ঠ, ঢ] ; **২০** (৩য়) তেঁহো [ক, ঘ, ঙ, জ, ঞ, ঠ, ণ, ত, ন] ; **২২** (২য়) ধরি [ধ], **২৪** (৪র্থ) তাহার [খ, ঘ, ঙ, চ] যাঁহার [ড, ণ, থ, ধ, ন], (৫ম) দর্শন [খ, চ, ঠ, ঢ, ণ, ন] ; **২৫** (১ম) ক্ষীরোদধিতীরে [ক, ঘ, চ, জ, ঞ], ক্ষীরোদসমুদ্রে [গ], (২য়) গিয়া [গ], যাঞা [চ, ত] ; **২৭** (২য়) বৈকুণ্ঠ [ক] ; **৩০** (৪র্থ) ধরয়ে [ক, খ, ঙ, ঞ, ঠ, ঢ] ; **৩১** (৫ম-৬ষ্ঠ) ইহা নাহি [গ], কিছুই না [জ] ; **৩৬** (২য়) সে [গ, চ] ; **৩৭** (১ম-৩য়) ঈশ্বরের সেবা বিনা [ঝ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]।

সেই ত অনন্ত যাঁর কহি এক কলা।
হেন প্রভু নিত্যানন্দ, কে জানে তাঁর খেলা ॥ ১২৫
এ সব প্রমাণে জানি নিত্যানন্দতত্ত্ব-সীমা।
তাঁহাকে অনন্ত কহি কি তাঁর মহিমা ॥ ১২৬
৫ অথবা ভক্তের বাক্য মানি সত্য করি।
সেহো ত সম্ভবে তাঁতে, যাতে অবতারী ॥ ১২৭
অবতার-অবতারী অভেদ যে জানে।
পূর্বে যৈছে কৃষ্ণে কেহো কাহো করি মানে ॥ ১২৮
কেহো কহে—কৃষ্ণ সাক্ষাৎ নরনারায়ণ।
১০ কেহো কহে—কৃষ্ণ হয় সাক্ষাৎ বামন ॥ ১২৯
কেহো কহে—কৃষ্ণ ক্ষীরোদশায়ি-অবতার।
অসম্ভব নহে, সত্য বচন সভার ॥ ১৩০
কৃষ্ণ যবে অবতরে সর্বাংশ-আশ্রয়।
সর্ব-অংশ আসি তবে কৃষ্ণেতে মিলয় ॥ ১৩১
১৫ যেই যেই-রূপে জানে, সেই তাহা কহে।
সকল সম্ভবে কৃষ্ণে, কিছু মিথ্যা নহে ॥ ১৩২

অতএব শ্রীকৃষ্ণচৈতন্যগোসাঞি।
সর্বাবতার-লীলা করি সভারে দেখাই ॥ ১৩৩
এইরূপে নিত্যানন্দ অনন্ত-প্রকাশ।
২০ সেই ভাবে কহে মুঞি চৈতন্যের দাস ॥ ১৩৪
কভু গুরু কভু সখা কভু ভৃত্য-লীলা।
পূর্বে যেন তিন ভাবে ব্রজে কৈল খেলা ॥ ১৩৫
বৃষ হঞা কৃষ্ণসনে মাথামাথি রণ।
কভু কৃষ্ণ করে তাঁর পাদসম্বাহন ॥ ১৩৬
২৫ আপনাকে ভৃত্য করি, 'কৃষ্ণ প্রভু' জানে।
'কৃষ্ণের কলার কলা' আপনাকে মানে ॥ ১৩৭

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।১১।৪০) —
বৃষায়মাণৌ নর্দন্তৌ যুযুধাতে পরস্পরম্।
অনুকৃত্য রুতৈর্জন্তূংশ্চেরতুঃ প্রাকৃতৌ যথা ॥ ১৩৮
৩০ তথা হি তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।১৫।১৪)—
ক্বচিৎ ক্রীড়া-পরিশ্রান্তং গোপোৎসঙ্গোপবর্হণম্।
স্বয়ং বিশ্রাময়ত্যার্যং পাদসম্বাহনাদিভিঃ ॥ ১৩৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীবলরামাখ্য-নিত্যানন্দস্য শ্রীকৃষ্ণজ্যেষ্ঠরূপত্বাৎ নরলীলত্বাচ্চ স্বয়মেব তৎসেবাদিকমাচরতীত্যাহ শ্রীদশমে,—ক্বচিদিতি। কুত্রাপি সময়ে ক্রীড়াপরিশ্রান্তং আর্যং শ্রীবলরামং স্বয়ং শ্রীকৃষ্ণঃ পাদসম্বাহনাদিভির্বিশ্রাময়তি বিগতশ্রমং করোতীত্যর্থঃ। তং কিংভূতং, গোপোৎসঙ্গোপবর্হণং গোপোৎসঙ্গ এবোপবর্হণং যস্য তং, এতেন ভগবদ্বাৎসল্যং সূচিতম্ ॥১৩৯॥

বঙ্গানুবাদ

১৩৮। গোচারণার্থ বনে গমন করিয়া বৃষের ন্যায় আচরণ ও শব্দ করতঃ শ্রীবলদেব এবং শ্রীকৃষ্ণ পরস্পর মাথামাথি যুদ্ধ এবং প্রাকৃত বালকের ন্যায় হংস ময়ূরাদির শব্দের অনুকরণপূর্বক বিচরণ করিয়াছিলেন।

১৩৯। কোন সময়ে শ্রীবলদেব ক্রীড়ায় পরিশ্রান্ত হইয়া কোন গোপের ক্রোড়ে মস্তক রাখিয়া শয়ন করিলে, স্বয়ং শ্রীকৃষ্ণ চরণ-সেবাদি দ্বারা অগ্রজকে বিশ্রাম করাইতেছেন।

পাঠান্তর

১ (৫ম) হয় [ক]; **৩** (৫ম) নিত্যানন্দ-সীমা [ঘ, ট, ড, ণ, থ, দ, ন]; **৬** (১ম, ২য়) সকল [ছ, ঝ, ট, ড, দ, ধ], (৪র্থ) তারে [ক, খ, ঘ, জ], তাহে [ঙ, ছ, ঞ, ঠ, ঢ]; **৮** (৩য়) কৃষ্ণকে [চ, ঝ, ঠ, ড, ঢ, ণ, ত, থ, ধ, ন], (৫ম) কাহা [ক, খ, ঙ, জ, ঝ]; **৯** (২য়) বলে [গ, ঘ, চ, ছ, ঝ, ঞ, ড, ত, থ, ধ]; **১৩** (২য়) যদি [খ, ঙ, ঝ, ঞ, ত], **১৪** (৪র্থ) কৃষ্ণতে [ণ]; **১৫** (১ম) যেবা [ঙ], (১ম, ২য়) যে জনে যেরূপ [চ]; **২০** (৩য়) কহি [ড, থ, দ, ধ]; **২১** (৪র্থ) শিষ্য [ছ], **২২** (২য়) যৈছে [ক, গ, ঘ, চ, জ, ত], (৪র্থ) রূপে [ক, গ, ঘ, চ]; **২৩** (২য়) হৈয়া [ছ, জ, ট, ঠ, ঢ, ণ, ন], (৪র্থ) মাতামাতি [ঝ,], মাথামাথি [ঞ, ধ]; **২৫** (৪র্থ) কৃষ্ণে [চ, ঝ, ঠ, ড, ঢ, দ], **২৬** (৫ম) জানে [দ]।

তথা হি তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।১৩।৩৭)—

কেয়ং বা কুত আয়াতা দেবী বা নার্য্যুতাসুরী।
প্রায়ো মায়াস্তু মে ভর্তুর্নান্যা মেঽপি বিমোহিনী ॥ ১৪০

তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৬৮।৩৭)—

৫ যস্যাঙ্ঘ্রিপঙ্কজরজোঽখিললোকপালৈ,
মৌল্যুত্তমৈর্ধৃতমুপাসীততীর্থতীর্থম্।
ব্রহ্মা ভবোঽহমপি যস্য কলাঃ কলায়াঃ,
শ্রীশ্চোদ্বহেম চিরমস্য নৃপাসনং ক্ব ॥ ১৪১

একলে ঈশ্বর কৃষ্ণ, আর সব ভৃত্য।
১০ যারে যৈছে নাচায়, সে তৈছে করে নৃত্য ॥ ১৪২

এইমত চৈতন্যগোসাঞিঃ একলে ঈশ্বর।
আর সব পারিষদ কেহ বা কিঙ্কর ॥ ১৪৩

গুরুবর্গ—নিত্যানন্দ অদ্বৈত-আচার্য।
শ্রীবাসাদি আর যত লঘু সম আর্য ॥ ১৪৪

১৫ সভে পারিষদ সভে লীলার সহায়।
সভা লঞা নিজকার্য সাধে গৌররায় ॥ ১৪৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ব্রহ্মবৎসাহরণসময়ে সর্বস্বরূপং কৃষ্ণং দৃষ্ট্বা পরমাশ্চর্যং গত্বা সবিস্ময়ং স বলরামঃ শ্রীকৃষ্ণৈকনিষ্ঠতামাহ—তত্রৈব কেয়মিতি। দেবানাং বা নরাণাং অসুরাণাং বা মায়া কুতো বা কস্মাদ্‌বা প্রযুক্তা। অত্রান্যা মায়া ন সম্ভবতি। যতো মমাপি মোহো বর্ততে অতো মদ্ভর্তুর্মৎস্বামিনঃ শ্রীকৃষ্ণস্য মায়েয়মস্তিতি সংভাবয়ন্তি, ইতি স্বামিপাদাঃ। অনেন সংবৎসরমভিব্যাপ্য লীলাশক্ত্যাবেশত্বাৎ তন্মায়ামোহিতত্বং তস্য ধ্বনিতম্। অন্যস্য কা বার্তা, শ্রীকৃষ্ণস্যাপি মোহো দৃশ্যতে যথা,—(১০।১৩।১৬)

ততো বৎসানদৃষ্ট্বেত্য পুলিনেঽপি চ বৎসপান্। উভাবপি বনে কৃষ্ণো বিচিকায় সমন্ততঃ ॥১৪০॥

অথ সাম্বকৃত-দুর্যোধনকন্যাহরণ-সময়ে কুরূন্ প্রতি স্বয়মেব শ্রীবলরাম আহ—যস্যেতি, যস্য শ্রীকৃষ্ণস্য অঙ্ঘ্রিপঙ্কজরজঃ অখিললোকপালৈঃ মৌল্যুত্তমৈঃ মৌলিযুক্তৈরুত্তমাঙ্গৈঃ উত্তমৈর্মৌলিভিরিতি বা ধৃতম্। উপাসিতানি তীর্থানি যৈর্যোগিভিঃ তেষামপি তীর্থতীর্থং পবিত্রকারকং, যদ্বা উপাসিতং সর্বৈঃ সেবিতং যত্তীর্থং গঙ্গাদি, তস্য তীর্থং তীর্থত্বনিমিত্তং, অংশস্য কলা অংশা ইতি স্বামিপাদাঃ॥ 'শয্যারূপস্তথা তস্য সখ্যদাস্যাভিলাষবান্।' ইতি ভাগবতামৃতবচনাৎ। তস্য নিত্যানন্দাখ্য বলরামস্যাত্র দাস্যাভিমানিত্বং ধ্বনিতম্ ॥১৪১॥

বঙ্গানুবাদ

১৪০। ব্রহ্মমোহনে শ্রীকৃষ্ণ যে সকল বৎস ও রাখাল বালক হইয়াছিলেন, একদা ঐ বৎস ও বৎসপালকগণের প্রতি শ্রীবলদেব আপনার ও ব্রজবাসীদিগের শ্রীকৃষ্ণ সম স্নেহ হওয়ায়, তিনি বিতর্ক করিতেছেন,—এ মায়া কে, কাহাকর্তৃক বা প্রযুক্ত হইল? ইহা কি দেবতার বা মনুষ্যের অথবা অসুরের মায়া? না তাহা ত সম্ভব নহে। বোধ হয়, এ আমার প্রভু শ্রীকৃষ্ণেরই মায়া, নতুবা অন্য মায়া আমাকে কখন মোহিত করিতে পারে না।

১৪১। লক্ষ্মণা-হরণের পর দুর্যোধনাদি কর্তৃক ধৃত সাম্বকে আনয়ন করিতে হস্তিনাপুরগত শ্রীবলদেব ঐশ্বর্যমত্ত কুরুগণের বচন শ্রবণ করিয়া বলিয়াছেন,—যাঁহার পাদপদ্মের রেণু সমস্ত লোকপাল অলঙ্কৃতমস্তকে ধ্যানযোগে ধারণ করেন, যে রেণু গঙ্গাদিতীর্থের পবিত্রতা সম্পাদক এবং যাঁহার অংশের অংশ কলাস্বরূপ ব্রহ্মা, রুদ্র, আমি (বলদেব) এবং বৈকুণ্ঠ-লক্ষ্মী, এই আমরা চিরকাল সযতনে যাঁহার শ্রীচরণরেণু শিরোদেশে ধারণ করিতে প্রার্থনা করি, সেই শ্রীকৃষ্ণের পক্ষে রাজসিংহাসন অতি তুচ্ছ।

পাঠান্তর

৯ (১ম) একলা [খ, ধ], একেলা [চ, জ]; ১১ (১ম) এতেকে [ক, ঘ, জ, ঝ], এমতে [দ], (২য়) মহাপ্রভু [থ], চৈতন্যপ্রভু [দ], (৩য়) একলা [জ, ট, ড, থ, ধ]; ১৪ (১ম) শ্রীনিবাস [গ, ঘ, জ, ত]।

অদ্বৈত-আচার্য নিত্যানন্দ—দুই অঙ্গ।
দুই জন লঞা প্রভুর যত কিছু রঙ্গ ॥ ১৪৬
অদ্বৈত-আচার্যগোসাঞি সাক্ষাৎ ঈশ্বর।
প্রভু 'গুরু' করি মানে তিঁহো ত কিঙ্কর ॥ ১৪৭
৫ আচার্যগোসাঞির তত্ত্ব না যায় কথন।
কৃষ্ণ অবতারি যেঁহো তারিল ভুবন ॥ ১৪৮
নিত্যানন্দস্বরূপ পূর্বে হইলা লক্ষ্মণ।
লঘু ভ্রাতা হৈঞা করে রামের সেবন ॥ ১৪৯
রামের চরিত্র সব দুঃখের কারণ।
১০ স্বতন্ত্র লীলায় দুঃখ সহেন লক্ষ্মণ ॥ ১৫০
নিষেধ করিতে নারে যাতে ছোট ভাই।
মৌন করি রহে লক্ষ্মণ মনে দুঃখ পাই ॥ ১৫১
কৃষ্ণাবতারে জ্যেষ্ঠ হৈলা সেবার কারণ।
কৃষ্ণকে করাইল নানা সুখ আস্বাদন ॥ ১৫২
১৫ রাম-লক্ষ্মণ—কৃষ্ণ রামের অংশ-বিশেষ।
অবতারকালে দোঁহে দোঁহাতে প্রবেশ ॥ ১৫৩
সেই অংশ লঞা জ্যেষ্ঠ-কনিষ্ঠাভিমান।
অংশাংশিরূপে শাস্ত্রে করয়ে ব্যাখ্যান ॥ ১৫৪

তথা হি শ্রীব্রহ্মসংহিতায়াম্ (৫।৩৯)—
২০ রামাদিমূর্তিষু কলানিয়মেন তিষ্ঠন্,
নানাবতারমকরোদ্ভুবনেষু কিন্তু।
কৃষ্ণঃ স্বয়ং সমভবৎ পরমঃ পুমান্ যো,
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৫৫

শ্রীচৈতন্য সেই কৃষ্ণ, নিত্যানন্দ রাম।
২৫ নিত্যানন্দ পূর্ণ করে চৈতন্যের কাম ॥ ১৫৬
নিত্যানন্দ মহিমা-সিন্ধু অনন্ত অপার।
এক কণ স্পর্শি—মাত্র সে-কৃপা তাঁহার ॥ ১৫৭
আর এক শুন তাঁর কৃপার মহিমা।
অধমজনেরে যৈছে চঢ়াইল উর্ধ্বসীমা ॥ ১৫৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণস্য সর্বাবতারিত্বং ব্রহ্মসংহিতায়ামাহ—রামাদিমূর্তিষ্বিতি। অথ শ্রীজীবগোস্বামিচরণৈর্ব্যাখ্যাতম্—কৃষ্ণঃ পরমঃ পুমান্ কলানিয়মেন তত্র তত্র নিয়তমেব শক্তীনাং প্রকাশেন রামাদিমূর্তিষু তিষ্ঠন্ তত্তন্মূর্তীঃ প্রকাশয়ন্ ভুবনেষু নানাবতারমকরোৎ। কিন্তু পরমঃ পুমান্ য এবং স্বয়ং সমভবৎ অবততার, তমাদিপুরুষং গোবিন্দমহং ভজামি ॥ ১৫৫

বঙ্গানুবাদ

১৫৫। পরমপুরুষ যে শ্রীগোবিন্দ নিয়ত শক্তিবর্গের প্রকাশদ্বারা রামাদিমূর্তি প্রকাশ পূর্বক বিশ্বে নানা অবতার গ্রহণ করিয়াও শ্রীকৃষ্ণনামে স্বয়ং অবতীর্ণ হ'ন, সেই আদিপুরুষ গোবিন্দকে আমি ভজনা করি।

পাঠান্তর

২ (৪র্থ) গোসাঞের [ক], গোসাঞির [খ, ঘ, ঙ, চ, জ, ঠ, ঢ]; ৪ (৫ম) তেঁহো [ঙ, চ, জ, ঞ, ণ, ত, ন]; ৫ (৫ম) লিখন [ক, গ], ৬ (২য়) অবতারিয়া [ঝ, ধ]; ৭ (৩য়) হইয়া [ধ]; ৯ (৩য়) যত [জ, ট, দ,]. ১০ (২য়) লীলার [ড, ণ, থ, ধ, ন], (৪র্থ) পাইল [গ, ঘ, ঙ, চ, জ], পায়েন ছ, ঠ, ঢ, ত, দ] পায়ত [ঝ]; ১২ (২য়) ধরি [ধ], ১৫ (২য়)-বলরামের [ক, গ, ঘ, জ], শ্রীকৃষ্ণ-[খ], ১৬ (২য়) দুহার [ক, গ, জ, ঞ], দোঁহার [ঘ, ঙ, ঝ, ঠ, ঢ, ত], (৩য়) দুহাতে [ক, গ, ছ, ঞ], দোঁহেতে [চ, ণ, ন]; ১৮ (১ম) অংশ অংশভাবে [ক], অংশ অংশীভাবে [গ, ঘ, চ, জ]; ২৪ (৫ম) সেই রাম [খ, ঘ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ]; ২৬ (১ম) নিতাইর মহিমা [ক, জ], নিতাই মহিমা [ঘ, দ], ২৭ (২য়) কণা [ড, থ, দ, ধ]; ২৮ (৫ম) দয়ার [দ], ২৯ (১ম) অধম জীবেরে [ট, ড, ণ, থ, দ, ধ, ন]।

বেদগুহ্য কথা এই—অযোগ্য কহিতে।
তথাপি কহিয়ে তাঁর কৃপা প্রকাশিতে ॥ ১৫৯
উল্লাস উপরি লেখোঁ তোমার প্রসাদ।
নিত্যানন্দ প্রভু! মোর ক্ষম অপরাধ ॥ ১৬০
৫ অবধূত-গোসাঞিঞর এক ভৃত্য প্রেমধাম।
মীনকেতন রামদাস—হয় তাঁর নাম ॥ ১৬১
আমার আলয়ে অহোরাত্র সংকীর্তন।
তাহাতে আইলা তেহোঁ পাঞা নিমন্ত্রণ ॥ ১৬২
মহাপ্রেমময়—আসি রহিলা অঙ্গনে।
১০ সকল বৈষ্ণব তাঁর বন্দিল চরণে ॥ ১৬৩
নমস্কার করিতে কারো উপরেতে চঢ়ে।
প্রেমে কারে বংশী মারে, কাহাকে চাপড়ে ॥ ১৬৪
যে নেত্রে দেখিতে অশ্রু মন হয় যার।
সেই নেত্রে অবিচ্ছিন্ন বহে অশ্রুধার ॥ ১৬৫
১৫ কভু কোন অঙ্গে দেখি পুলক-কদম্ব।
এক অঙ্গে জাড্য তাঁর—আর অঙ্গে কম্প ॥ ১৬৬
'নিত্যানন্দ' বলি যবে করেন হুঙ্কার।
তাহা দেখি লোকের হয় মহা চমৎকার ॥ ১৬৭
গুণার্ণবমিশ্র নামে এক বিপ্র আর্য।
২০ শ্রীমূর্তি-নিকটে তেঁহো করে সেবাকার্য ॥ ১৬৮
অঙ্গনে আসিয়া তেঁহো না কৈল সম্ভাষ।
তাহা দেখি ক্রুদ্ধ হঞা বোলে রামদাস ॥ ১৬৯
এই ত দ্বিতীয় সূত রোমহর্ষণ।
বলদেব দেখি যে না করিল প্রত্যুদ্গম ॥ ১৭০
২৫ এত বলি নাচে গায়—করয়ে সন্তোষ।
কৃষ্ণকার্য করে বিপ্র—না করিল রোষ ॥ ১৭১
উৎসবান্তে গেলা তেঁহো করিয়া প্রসাদ।
মোর ভ্রাতা-সনে তাঁর কিছু হৈল বাদ ॥ ১৭২
চৈতন্যগোসাঞিতে তার সুদৃঢ় বিশ্বাস।
৩০ নিত্যানন্দ বিষয়ে তার বিশ্বাস আভাস ॥ ১৭৩
ইহা শুনি রামদাসের দুঃখ হৈল মনে।
তবে ত ভ্রাতারে আমি করিনু ভর্ৎসনে ॥ ১৭৪
দুই ভাই একতনু—সমানপ্রকাশ।
নিত্যানন্দ না মান, তোমার হবে সর্বনাশ ॥ ১৭৫
৩৫ একেতে বিশ্বাস, অন্যে না কর সম্মান।
অর্ধকুক্কুটী-ন্যায় তোমার প্রমাণ ॥ ১৭৬
কিম্বা দুই না মানিয়া হও ত পাষণ্ড।
একে মানি আরে না মানি—এই মত ভণ্ড ॥ ১৭৭
ক্রুদ্ধ হঞা বংশী ভাঙ্গি চলে রামদাস।
৪০ তৎকালে আমার ভ্রাতার হৈল সর্বনাশ ॥ ১৭৮

পাঠান্তর

১ (১ম) দেবগুহ্য [দ], (২য়) বাত [খ]; ৩ (১ম, ২য়) উল্লাসের রসে [ক, গ, ঘ], উল্লাসের বশে [চ, ট, ণ, দ, ন], (৩য়) লিখি [ট, ণ, দ, ন], ৪ (২য়-৪র্থ) মহাপ্রভু ক্ষেম [খ]; ৫ (১ম)-প্রভুর [ক, গ, ঘ, চ, ছ, জ, ট, দ]; ৯ (২য়) তিঁহ [ট, দ], তিহোঁ [ড, থ, ধ], তেঁহো [ণ, ন], (৩য়) বসিলা [খ, জ, ড, ণ, থ, ধ, ন], বসিল [ট, দ], (৪র্থ) প্রাঙ্গনে [ত]; ১০ (৪র্থ) বন্দিল [গ, ঘ, চ, জ, ঝ, ট, ড, থ, দ, ধ]; ১২ (২য়) কাহো [খ, ঙ, ছ, জ, ঞ, ঠ, ঢ], কাকে [দ], (৫ম) কারেহো [ক], কাহুকে [খ], কাহাকে [গ, ণ, থ, ন]; ১৩ (২য়) নেত্র [ঘ, ঝ, ণ], নয়নে [খ, ঙ, ছ, ত] নয়ন [ড, ধ], ১৪ (৫ম) প্রেমধার [ক]; ১৮ (২য়) শুনি [ঙ], (৩য়-৫ম) সর্বলোক হয় [ত], (৫ম) বড় [খ, ঙ ছ]; ২১ (২য়) বসিয়া [ড, থ, ধ]; ২৩ (৫ম) লোমহর্ষণ [ঙ], রোমহরষণ [ঝ, ড, থ, দ, ধ] শ্রীরোমহর্ষণ [ণ, ন]; ২৪ (১ম) বলরাম [ক], বলভদ্র [খ, ঙ, চ, ছ, ঝ, ঞ, দ], বলরামে [ট, ণ, ন], বলদেবে [ড, থ]; ২৮ (৫ম-৬ষ্ঠ) হইল বিবাদ [ঝ, ঞ, ঠ, ঢ]; ২৯ (১ম) চৈতন্যপ্রভুতে [ড, ত, দ, ধ]; ৩০ (২য়)-প্রতি [ট, ড, ণ, দ, ধ, ন], প্রভুতে [ত], (৩য়) কিছু [খ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, থ]; ৩১ (২য়) জানি [ক, ঘ, চ, জ, ঝ, ড, ত, থ, ধ], বলি [খ], দেখি [গ, ছ], ৩২ (৫ম) করিল [ক, ঘ, ঙ, চ, জ, ঞ, ট, ঠ, ঢ]; ৩৭ (২য়) দোঁহা [ঘ, ড, ত, থ, ধ]; ৩৯ (৫ম) গেলা [ক]; ৪০ (১ম) তৎকাল [খ, ঘ, ঙ, ছ, জ, ঞ, ট, ঠ, ঢ], (২য়, ৩য়) ভ্রাতার মম [দ]।

এই ত কহিল তাঁর সেবক-প্রভাব।
আর এক কহি তাঁর দয়ার স্বভাব ॥ ১৭৯

ভাইকে ভর্ৎসিনু মুঞি, লঞা এই গুণ।
সেই রাত্রে প্রভু মোরে দিলা দরশন ॥ ১৮০

৫ নৈহাটী-নিকটে ঝামটপুর-নামে গ্রাম।
তাঁহা স্বপ্নে দেখা দিলা নিত্যানন্দ রাম ॥ ১৮১

দণ্ডবৎ হঞা মুঞি পড়িনু পায়েতে।
নিজপাদপদ্ম প্রভু দিলা মোর মাথে ॥ ১৮২

'উঠ উঠ' বলি মোরে বোলে বারবার।
১০ উঠি তাঁর রূপ দেখি হৈনু চমৎকার ॥ ১৮৩

শ্যাম চিক্কণ কান্তি—প্রকাণ্ড শরীর।
সাক্ষাৎ কন্দর্প যৈছে মহামল্লবীর ॥ ১৮৪

সুবলিত হস্তপদ কমলনয়ান।
পট্টবস্ত্র শিরে, পট্টবস্ত্র পরিধান ॥ ১৮৫

১৫ সুবর্ণকুণ্ডল কর্ণে, স্বর্ণাঙ্গদ-বালা।
পায়েতে নূপুর বাজে কণ্ঠে পুষ্পমালা ॥ ১৮৬

চন্দনে লেপিত অঙ্গ, তিলক সুঠাম।
মত্তগজ জিনি মদমন্থর পয়ান ॥ ১৮৭

কোটিচন্দ্র জিনি দেখি উজ্জ্বল বদন।
২০ দাড়িম্ববীজ-সম দন্ত তাম্বুলচর্বণ ॥ ১৮৮

কৃষ্ণপ্রেমে মত্ত অঙ্গ ডাহিনে বামে দোলে।
'কৃষ্ণ কৃষ্ণ' বলিয়া গম্ভীর বোল বোলে ॥ ১৮৯

রাঙ্গা যষ্টি হস্তে দোলে যেন মত্তসিংহ।
চারিপাশে বেঢ়ি আছে চরণের ভৃঙ্গ ॥ ১৯০

২৫ পারিষদগণ দেখি সব গোপবেশ।
'কৃষ্ণ কৃষ্ণ' কহে সভে সপ্রেম আবেশ ॥ ১৯১

শিঙ্গা বাঁশী বাজায় কেহো, কেহো নাচে গায়।
সেবকে যোগায় তাম্বূল—চামর ঢুলায় ॥ ১৯২

নিত্যানন্দস্বরূপের দেখিয়া বৈভব।
৩০ কিবা রূপ গুণ লীলা অলৌকিক সব ॥ ১৯৩

আনন্দে বিহ্বল আমি কিছুই না জানি।
তবে হাসি প্রভু মোরে বলিলেন বাণী ॥ ১৯৪

অয়ে অয়ে কৃষ্ণদাস! না কর ত ভয়।
বৃন্দাবনে যাহ, তাহা সর্ব লভ্য হয় ॥ ১৯৫ ॥

৩৫ এত বলি প্রেরিলা মোরে হাথসান দিয়া।
অন্তর্ধান কৈলা প্রভু নিজগণ লঞা ॥ ১৯৬

পাঠান্তর

২ (১ম, ২য়) ইবে আর [ক], আর ত [খ, ঙ], এবে আর [গ, ঘ, চ, জ], (৫ম) কৃপার [ঝ, ঞ, ঠ, ঢ]; ৭ (৩য়) আমি [ঘ, ঝ, ঢ, ণ, দ, ন], (৫ম) চরণেতে [খ, ঙ, ছ, ঝ, ঞ]; ৮ (২য়-৫ম) দিল আমার মাথাতে [ক, খ], দিলেন আমার মাথাতে [গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ত], দিল মোহোর মাথাতে [ছ, ঞ]; ১১ (১ম) শ্যামল [জ, ত], (১ম, ২য়) শ্যাম সুচিক্কণ [ছ]; ১২ (৩য়) যেন [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ], কোটি [ত], (৪র্থ) মহামত্তবীর [ঘ, জ], মহামল্লধীর [ছ, ঝ, ঞ, ত]; ১৩ (৩য়) কমললোচন [ট, ড, থ, দ, ধ], ১৪ (১ম) পট্টশাড়ি [ক]; ১৬ (৪র্থ) গলে [ঠ, ঢ], (৫ম) বনমালা [ত]; ১৮ (২য়, ৩য়) গতি জিনি মন্থর [ঠ, ঢ], (৩য়) মত্তমন্থর [দ]; ১৯ (২য়) সম [খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ], (৩য়) মুখ [ট, ড, ণ, থ, দ, ধ, ন], (৫ম) বরণ [ঝ, ট, ড, ণ, থ, দ, ন]; ২১ (১ম) প্রেমে [ট, ড, ণ, থ, ধ, ন], ২২ (৩য়) কহিয়া [ক, ঘ, চ, জ, ঞ], কহি [খ], বুলিয়া [গ, ঝ]; ২৩ (১ম) অরুণ [খ, ঙ, ছ, ঝ, ঞ, ত], (৩য়) হাতে [ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, ত], ২৪ (৫ম) চরণেতে [ঝ, ট, ড, ণ, থ, ধ, ন]; ৩১ (২য়) বিভোল [ক, খ], ৩২ (২য়) আসি [গ, ঘ, চ, জ], (৫ম) কহিলেন [জ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৩৩ (১ম, ২য়) অহে অহে [ক, জ], উঠ, উঠ [ঝ, ঞ], আরে আরে [ধ], (৫ম, ৬ষ্ঠ) করিহ [ছ], করহ [দ, ধ], (৬ষ্ঠ) তুমি [ঘ, জ, ঝ, ত]; ৩৫ (৩য়, ৪র্থ) গেলা প্রভু [গ], (৫ম) হাথসানি [ট, ণ, থ, দ, ন]।

মূর্ছিত হইয়া মুঞি পড়িনু ভূমিতে।
স্বপ্নভঙ্গ হৈল, দেখি হঞাছে প্রভাতে ॥ ১৯৭

কি দেখিনু কি শুনিনু—করিয়ে বিচার।
প্রভু-আজ্ঞা হৈল বৃন্দাবন যাইবার ॥ ১৯৮

৫ সেইক্ষণে বৃন্দাবনে করিনু গমন।
প্রভুর কৃপাতে সুখে আইনু বৃন্দাবন ॥ ১৯৯

জয় জয় নিত্যানন্দ নিত্যানন্দ রাম।
যাঁহার কৃপাতে পাইনু বৃন্দাবন-ধাম ॥ ২০০

জয় জয় নিত্যানন্দ জয় কৃপাময়।
১০ যাঁহা হৈতে পাইনু রূপ-সনাতনাশ্রয় ॥ ২০১

যাঁহা হৈতে পাইনু রঘুনাথমহাশয়।
যাঁহা হৈতে পাইনু শ্রীস্বরূপ-আশ্রয় ॥ ২০২

সনাতন-কৃপায় পাইনু ভক্তির সিদ্ধান্ত।
শ্রীরূপ-কৃপায় পাইনু ভক্তিরস-প্রান্ত ॥ ২০৩

১৫ জয় জয় নিত্যানন্দ-চরণারবিন্দ।
যাঁহা হৈতে পাইনু শ্রীরাধাগোবিন্দ ॥ ২০৪

জগাই-মাধাই হৈতে মুঞি ত পাপিষ্ঠ।
পুরীষের কীট হৈতে মুঞি ত লঘিষ্ঠ ॥ ২০৫

মোর নাম শুনে যেই, তার পুণ্যক্ষয়।
২০ মোর নাম লয় যেই, তার পাপ হয় ॥ ২০৬

এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে।
এক নিত্যানন্দ বিনু জগত-ভিতরে ॥ ২০৭

প্রেমে মত্ত নিত্যানন্দ কৃপা-অবতার।
উত্তম-অধম কিছু না করে বিচার ॥ ২০৮

২৫ যে আগে পড়য়ে, তারে করয়ে নিস্তার।
অতএব নিস্তারিলা মো-হেন দুরাচার ॥ ২০৯

মো-পাপিষ্ঠে আনিলেন শ্রীবৃন্দাবন।
মো-হেন অধমে দিলা শ্রীরূপচরণ ॥ ২১০

শ্রীমদনগোপাল-শ্রীগোবিন্দ-দরশন।
৩০ কহিবার যোগ্য নহে এ সব কথন ॥ ২১১

বৃন্দাবনপুরন্দর শ্রীমদনগোপাল।
রাসবিলাসী সাক্ষাৎ ব্রজেন্দ্রকুমার ॥ ২১২

শ্রীরাধা-ললিতা সঙ্গে রাসবিলাস।
মন্মথমন্মথ-রূপে যাঁহার প্রকাশ ॥ ২১৩

৩৫ তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩২।২)—
তাসামাবিরভূচ্ছৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ ॥ ২১৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ তস্য সর্বাবতারিত্বং বর্ণয়িত্বা প্রেমবশ্যত্বমাহ শ্রীদশমে—তাসামিতি। তাসাং প্রসিদ্ধানাং ব্রজসুন্দরীণাং মধ্যে শৌরিঃ শ্রীকৃষ্ণঃ আবিরভূৎ। কথংভূতঃ ? স্ময়মানমুখাম্বুজঃ, স্ময়মানমীষদ্ধাসযুক্তং মুখাম্বুজং যস্য সঃ স্ময়মান ইত্যত্র হে গোপ্যঃ যুষ্মাস্বন্তর্ধান-গতাসু ময়া অন্বিষ্য যূয়ং প্রাপ্তা, ময্যন্তর্হিতে সতি যুষ্মাভিরহং ন প্রাপ্ত ইতি গর্বঃ। মুখাম্বুজ ইত্যনেন প্রফুল্ল-

---

বঙ্গানুবাদ

২১৪। বনমালাধারী শৌরী শ্রীকৃষ্ণ পীতাম্বরধারণপূর্বক ঈষৎহাস্য করিতে করিতে সাক্ষাৎ-মন্মথের মনও ক্ষোভিত করতঃ সেই গোপীগণ সমীপে আবির্ভূত হইলেন।

পাঠান্তর

২ (২য়) হৈলে [ড, ণ, থ, দ, ন], (৩য়) দেখো [খ, গ, ঘ, চ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ, ত]; **৭** (৩য়) জয় জয় [চ], প্রভু মোর [জ], **৮** (৩য়) পাইলু [খ, ঘ, ঙ, জ, ঝ, ঞ] ; **১৩** (১ম) সনাতন-কৃত [ক, খ, ঙ, ছ, ঠ, ঢ, ত], **১৪** (১ম) শ্রীরূপ-কৃত [ছ, ঠ, ঢ, ত], (৩য়) রসভাব-[ক, ঘ, চ, জ, ট, দ] ; **১৭** (৪র্থ) সে [ট, ড, ণ, থ, দ, ধ, ন] **১৮** (৫ম) সে [গ, ঝ, ট, ড, ণ, থ, দ, ন] ; **১৯** (৩য়) লয় [গ, ছ] ; **২০** (৩য়) শুনে [ক, খ,] ; **২২** (৪র্থ)-সংসারে [দ] ; **২৪** (১ম)-মধ্যম [গ] ; **২৬** (২য়) উদ্ধারিলা [গ, চ], উদ্ধারিল [ছ, জ, ত] ; **৩১** (২য়) মদনগোপাল [খ, জ, ঞ, ঠ, ঢ, ণ, ত, থ, দ, ন]।

স্বমাধুর্য্যে লোকের মন করে আকর্ষণ।
দুইপাশে রাধা-ললিতা করেন সেবন ॥ ২১৫
নিত্যানন্দ-দয়া মোরে তাঁরে দেখাইল।
শ্রীরাধা-মদনমোহনে প্রভু করি দিল ॥ ২১৬
৫ বৃন্দাবনে যোগপীঠ কল্পতরুবনে।
রতনমণ্ডপ তাহে রত্ন-সিংহাসনে ॥ ২১৭
শ্রীগোবিন্দ বসিয়াছেন ব্রজেন্দ্রনন্দন।
মাধুর্য প্রকাশি করেন জগত-মোহন ॥ ২১৮
বামপার্শ্বে শ্রীরাধিকা সখীগণ-সঙ্গে।
১০ রাসাদিক-লীলা প্রভু করে কত রঙ্গে ॥ ২১৯
যাঁর ধ্যান নিজ-লোকে করে পদ্মাসন।
অষ্টাদশাক্ষরমন্ত্রে করে উপাসন ॥ ২২০
চৌদ্দভুবনে যাঁর সভে করে ধ্যান।
বৈকুণ্ঠাদিপুরে যাঁর লীলাগুণ-গান ॥ ২২১
১৫ যাঁর মাধুরীতে করে লক্ষ্মী-আকর্ষণ।
রূপগোসাঞি করিয়াছেন সেরূপ বর্ণন ॥ ২২২

তথা হি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ববিভাগে (১।২।২৩৯) —
স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং সাচিবিস্তীর্ণদৃষ্টিং,
বংশীন্যস্তাধরকিসলয়ামুজ্জ্বলাং চন্দ্রকেণ।
২০ গোবিন্দাখ্যাং হরিতনুমিতঃ কেশিতীর্থোপকণ্ঠে,
মা প্রেক্ষিষ্ঠাস্তব যদি সখে বন্ধুসঙ্গেঽস্তি রঙ্গঃ ॥২২৩

সাক্ষাৎ ব্রজেন্দ্র-সুত ইথে নাহি আন।
যেবা অজ্ঞে করে তাঁরে প্রতিমা হেন জ্ঞান ॥ ২৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ত্বমায়াতম্। স কিংভূতঃ? পীতাম্বরধরঃ পীতাম্বরো ধরায়াং যস্য স ইত্যনেন প্রেমবশ্যত্বং সূচিতম্। যদ্বা পীতাম্বরোধরে যস্য সঃ, শকাদেরন্ধ্বাদবিত্যলোপঃ। এতেন সাপরাধত্বং সূচিতম্। পুনঃ কিংভূতঃ? স্রগ্বী বনমালাধরঃ, পুনঃ কিংভূতঃ, সাক্ষান্মন্মথ-মন্মথ ইত্যেনেন তাভিঃ সহ বিহারে নির্বিকারিত্বং সূচিতম্। 'তত্রাতিশুশুভে তাভির্ভগবান্দেবকীসুতঃ॥' ইত্যনেন তস্য শোভাতিশয়মায়াতমিতি ভাবঃ ॥২১৪॥

অথৈতাদৃশ-মাধুরী-ধুরীণামপি বক্ষ্যমাণ-প্রকারাং শ্রীবৃন্দাবনশোভিনীং তন্মূর্তিং সোৎকণ্ঠতয়া দ্রষ্টুং গচ্ছন্তং কমপি জনং প্রতি তন্মাধুর্যানুভবী কশ্চিদাহ শ্রীরসামৃতসিন্ধৌ—স্মেরামিতি। হে সখে তব যদি বন্ধুসঙ্গে রঙ্গোঽস্তি তদা কেশিতীর্থোপকণ্ঠে সমীপে গোবিন্দাখ্যাং হরিতনুং মা প্রেক্ষিষ্ঠাঃ দর্শনং মাকার্ষীঃ। তাং কিংভূতাং, স্মেরামীষদ্ধাসযুক্তাং, পুনঃ কিংভূতাং,

বঙ্গানুবাদ

২২৩। হে সখে! যদি তোমার স্ত্রীপুত্রাদি কুটুম্বগণের সহিত বাস করিতে অভিলাষ থাকে, তবে ঈষৎহাস্যযুক্ত, ত্রিভঙ্গ ভঙ্গিম, বঙ্কিম বিশালনয়নশালী, সুরক্তিম অধরে মুরলীধারী, শিখিপিচ্ছ বিভূষিত এবং কেশিতীর্থের নিকটবর্তী গোবিন্দ-নামক শ্রীমূর্তিকে দর্শন করিও না।

পাঠান্তর

৩ (১ম)-কৃপা [খ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ], ৪ (১ম) রাধামদনগোপাল মোর [ঝ, ঞ, ঠ, ঢ]; ৪ এই পঙ্ক্তির পরে নিম্নলিখিত পয়ারটি 'ড, ণ, ত, থ, ধ, ন' মুদ্রিত পুস্তক ভিন্ন অন্য কোন গ্রন্থে দৃষ্ট হয় না ; 'মো অধমে দিল শ্রীগোবিন্দ-দরশন। কহিবার কথা নহে—অকথ্য কথন॥' ৫ (২য়) যোগপীঠে [ঘ, ঝ, ড, ত, ধ]; ১০ (৪র্থ) নানা [খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ১৩ (১ম) চতুর্দশভুবনে [খ, ঙ, ছ, ঞ, ট], ১৪ (৩য়) করে গুণ-[ক, জ], লীলা করে গান [থ], করে লীলা গুণ-গান [গ, ঘ, ঙ, চ], করে লীলা-গান [ঝ, ঞ, ঠ, ঢ, থ]; ২২ (৩য়) ইথি [গ], এই ইথে [ঘ], ২৩ [৫ম, ৬ষ্ঠ] প্রতিমাদি [ক, গ, ঘ, চ, ট, ণ, দ, ন]।

সেই অপরাধে তার নাহিক নিস্তার।
ঘোর নরকেতে পড়ে, কি বলিব আর ॥ ২২
হেন যে গোবিন্দপ্রভু পাইনু যাঁহা হৈতে।
তাঁহার চরণকৃপা কে পারে বর্ণিতে ॥ ২২৬
৫ বৃন্দাবনে বৈসে যত বৈষ্ণব-মণ্ডল।
কৃষ্ণনাম পরায়ণ পরমমঙ্গল ॥ ২২৭
যাঁর প্রাণধন নিত্যানন্দ-শ্রীচৈতন্য।
রাধাকৃষ্ণভক্তি বিনে নাহি জানে অন্য ॥ ২২৮
সে বৈষ্ণবের পদরেণু তার পদ-ছায়া।
১০ মো-হেন অধমে দিল নিত্যানন্দ-দয়া ॥ ২২৯
তাহা সর্ব লভ্য হয় প্রভুর বচন।
সেই সূত্র এই তার কৈল বিবরণ ॥ ২৩০
সে সব পাইনু আমি বৃন্দাবন আয়।
সেই সব লভ্য—এই প্রভুর অভিপ্রায় ॥ ২৩১
১৫ আপনার কথা লিখি নির্লজ্জ হইয়া।
নিত্যানন্দগুণে লেখায় উন্মত্ত করিয়া ॥ ২৩২
নিত্যানন্দপ্রভুর গুণ-মহিমা অপার।
সহস্রবদনে শেষ নাহি পায় পার ॥ ২৩৩
শ্রীরূপ-রঘুনাথ পদে যার আশ।
২০ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ২৩৪

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং শ্রীনিত্যানন্দতত্ত্ব-
নিরূপণং নাম পঞ্চমপরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ভঙ্গীত্রয়-পরিচিতাং গ্রীবাকটিপাদস্থভঙ্গীত্রয়েণ পরিচিতাং, পুনঃ কিংভূতাং ? সাচি যথাস্থাত্তথা বিস্তীর্ণা দৃষ্টির্যস্যাং, পুনঃ কিম্ভূতাং বংশীতি। বংশ্যাং ন্যস্তোঽর্পিতঃ অধরকিসলয়ো যয়া তাং, চন্দ্রকেণ ময়ূরপিঞ্ছেনোজ্জ্বলামতিশয়েন শোভমানাং. অত্র মা প্রেক্ষিষ্ঠা ইতি নিষেধ ব্যাজেনাবশ্যকত্ববিধিরয়ম্। তদেতাদৃশ-মাধুর্যেঽনুভূয়মানে সর্বমেব তুচ্ছং মংস্যসে তস্মাদেব পশ্যসাতিগুণেঽভি-প্রায়ঃ ॥২২৩॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
পরিচ্ছেদে পঞ্চকেঽস্মিন্ নিত্যানন্দ-বিনির্ণয়ঃ ॥
ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়াং শ্রীনিত্যানন্দতত্ত্ব-বিনির্ণয়ো নাম পঞ্চমঃ পরিচ্ছেদঃ ॥

পাঠান্তর

১ (৪র্থ) না হয় [ক, খ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ], ২ হেন গোবিন্দের গুণ কে করে বিস্তার [চ]; (২য়) কালসূত্রে [ছ], (৩য়) পচে [গ, ছ, ঙ, ঞ]; ৩ এই পয়ারের পূর্বে অধিক পাঠ—হেন গোবিন্দের গুণ কে করু বিস্তার। অতএব সাক্ষাৎ তেহোঁ ব্রজেন্দ্রকুমার [জ]; ১০ মো-অধমে দিল নিত্যানন্দ করি দয়া [ণ, দ, ন], অধমেরে দিল প্রভু নিত্যানন্দ-দয়া [ড, ধ]; ১৩ (১ম, ২য়) সেই বর [ক], (৫ম) বৃন্দাবনে [ঙ, চ, ণ, ন]: ১৪ (৬ষ্ঠ) কৃপায় [ক, ট, ড, দ, ধ]; ১৬ (১ম) নিত্যানন্দ বলে [ছ]; ১৮ (৫ম) যাঁর [ঘ, ড, ণ, থ, দ, ধ, ন]; ২০ (১ম) নিত্যানন্দতত্ত্ব কিছু [ঘ]।

ষষ্ঠ পরিচ্ছেদ

বন্দে তং শ্রীমদদ্বৈতাচার্যমদ্ভুতচেষ্টিতম্।
যস্য প্রসাদাদজ্ঞোঽপি তৎস্বরূপং নিরূপয়েৎ ॥ ১
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য দয়াময়।
জয় নিত্যানন্দ জয়াদ্বৈত মহাশয় ॥ ২
৫ পঞ্চশ্লোকে কহিল এই নিত্যানন্দ-তত্ত্ব।
শ্লোকদ্বয়ে কহি অদ্বৈতাচার্যের মহত্ত্ব ॥ ৩

তথা হি শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্—

মহাবিষ্ণুর্জগৎকর্তা মায়য়া যঃ সৃজত্যদঃ।
তস্যাবতার এবায়মদ্বৈতাচার্য ঈশ্বরঃ ॥ ৪
১০ অদ্বৈতং হরিণাদ্বৈতাদাচার্যং ভক্তিশংসনাৎ।
ভক্তাবতারমীশং তমদ্বৈতাচার্যমাশ্রয়ে ॥ ৫

অদ্বৈত আচার্য গোসাঞি সাক্ষাৎ ঈশ্বর।
যাঁহার মহিমা নহে জীবের গোচর ॥ ৬
মহাবিষ্ণু সৃষ্টি করেন জগদাদি কার্য।
১৫ তাঁর অবতার সাক্ষাৎ অদ্বৈত-আচার্য ॥ ৭
যে পুরুষ সৃষ্টি-স্থিতি করেন মায়ায়।
অনন্ত ব্রহ্মাণ্ড সৃষ্টি করেন লীলায় ॥ ৮
ইচ্ছায় অনন্ত-মূর্তি করেন প্রকাশে।
এক এক মূর্তে করেন ব্রহ্মাণ্ডে প্রবেশে ॥ ৯
২০ সে পুরুষের অংশ অদ্বৈত নাহি কিছু ভেদ।
শরীর বিশেষ তাঁর নাহিক বিচ্ছেদ ॥ ১০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ মহাবিষ্ণুস্বরূপ-সদাশিবাখ্যশ্রীমদদ্বৈতাচার্যস্য তত্ত্বং নিরূপয়িতুং তং নমস্করোতি—বন্দ ইতি। তং অদ্বৈত-তত্ত্বেনাচার্যত্বেন চ প্রসিদ্ধং শ্রীমদদ্বৈতাচার্যমহং বন্দে অভিবাদয়ামি। তৎ কিংভূতম্? অদ্ভুতচেষ্টিতম্ অত্যাশ্চর্যং চেষ্টিতং চেষ্টা যস্য তম্, অদ্ভুতত্বমেবাহ—যস্যেতি, যস্যাদ্বৈতস্য প্রসাদাদ্ অনুগ্রহাদজ্ঞোঽপি জনঃ তৎস্বরূপং নিরূপয়তে। তৎস্বরূপ-নিরূপণং শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে (১।২৩) যথা—

'অদ্বৈতাচার্যবর্যো ভগবদনবমং শান্তবং ধাম সাক্ষাৎ।' ইতি।

শ্রী (সংক্ষেপ) ভাগবতামৃতে চ (১।৬০)—

সদাশিবাখ্যা তন্মূর্তিস্তমোগন্ধ-বিবর্জিতা। সর্বকারণভূতাসাবঙ্গরূপা স্বয়ংপ্রভো ॥ ইতি চ ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। শ্রীচৈতন্যরূপে শ্রীকৃষ্ণকে আনয়নরূপ অলৌকিক-চরিত সেই চির প্রসিদ্ধ শ্রীমদ্ অদ্বৈতাচার্যকে আমি বন্দনা করি। যাঁহার প্রসাদে অনভিজ্ঞ ব্যক্তিও তাঁহার তত্ত্ব নিরূপণ করিতে সমর্থ হয়।

৪। জগৎকর্তা মহাবিষ্ণু—যিনি মায়াশক্তি দ্বারা এই জগৎ সৃষ্টি করেন, এই সাক্ষাৎ ঈশ্বর সদাশিব শ্রীঅদ্বৈতাচার্য তাঁহারই অবতার।

৫। শ্রীহরির সহিত অভেদহেতু যিনি অদ্বৈত, ভক্তাবতাররূপে লোক সকলকে ভক্তি উপদেশ করেন বলিয়া যিনি আচার্য এবং ঈশ্বর, সেই অদ্বৈতাচার্যকে আমি আশ্রয় করি।

পাঠান্তর

৩ (৩য়) শ্রীকৃষ্ণচৈতন্য জয় [ঙ], শ্রীচৈতন্য জয় [ছ, ঝ, ঞ], (৩য়-৮ম) শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ [ট, ড, ধ] ৪ (২-৩য়) জয় নিত্যানন্দাদ্বৈত [ছ]; ৫ (১ম) পঞ্চমশ্লোকে [ক, ঙ, ট]; ১৬ (৫ম) ইচ্ছায় [দ]; ১৮ (৪র্থ) প্রকাশ [ক, চ, ট, ড, থ, দ, ধ], ১৯ (৬ষ্ঠ) প্রবেশ [চ, ট ড, থ, দ, ধ]।

সহায় করেন তাঁর লইয়া প্রধান।
কোটি ব্রহ্মাণ্ড করেন ইচ্ছায় নির্মাণ ॥ ১১
জগত-মঙ্গলাদ্বৈত—মঙ্গলগুণধাম।
মঙ্গল চরিত্র সদা, মঙ্গল যাঁর নাম ॥ ১২
৫ কোটি অংশ কোটি শক্তি কোটি অবতার।
এত লঞা সৃজে পুরুষ সকলসংসার ॥ ১৩
মায়া যৈছে দুই অংশ—নিমিত্ত উপাদান।
মায়া - নিমিত্তহেতু, উপাদান প্রধান ॥ ১৪
পুরুষ ঈশ্বর ঐছে দ্বিমূর্তি করিয়া।
১০ বিশ্ব সৃষ্টি করে নিমিত্ত-উপাদান হঞা ॥ ১৫
আপনে পুরুষ বিশ্বের নিমিত্ত-কারণ।
অদ্বৈতরূপে উপাদান হয় নারায়ণ ॥ ১৬
নিমিত্তাংশে করে তেঁহো মায়াতে ঈক্ষণ।
উপাদান অদ্বৈত করেন ব্রহ্মাণ্ড সৃজন ॥ ১৭
১৫ অদ্বৈত-আচার্য কোটি ব্রহ্মাণ্ডের কর্তা।
আর এক এক মূর্ত্যে ব্রহ্মাণ্ডের ভর্তা ॥ ১৮
সেই নারায়ণের মুখ্য অঙ্গ—অদ্বৈত।
অঙ্গ-শব্দে অংশ করি কহে ভাগবত ॥ ১৯

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।১৪।১৪)—
২০ নারায়ণস্ত্বং ন হি সর্বদেহিনা-
মাত্মাস্যধীশাখিললোকসাক্ষী।
নারায়ণোঽঙ্গং নরভূজলায়না-,
ত্তচ্চাপি সত্যং ন তবৈব মায়া ॥ ২০
ঈশ্বরের অঙ্গ অংশ চিদানন্দময়।
২৫ মায়ার সম্বন্ধ নাহি—এই শ্লোকে কয় ॥ ২১
অংশ না কহিয়া কেন কহ তাঁরে অঙ্গ।
অংশ হৈতে অঙ্গ যাতে হয় অন্তরঙ্গ ॥ ২২
মহাবিষ্ণুর অংশ—শ্রীঅদ্বৈত গুণধাম।
ঈশ্বরের অভেদ হৈতে 'অদ্বৈত' পূর্ণ নাম ॥ ২৩
৩০ পূর্বে যৈছে কৈল সর্ববিশ্বের সৃজন।
অবতরি কৈল এবে ভক্তি-প্রবর্তন ॥ ২৪
জীব নিস্তারিল কৃষ্ণভক্তি করি দান।
গীতা-ভাগবতে কৈল ভক্তির ব্যাখ্যান ॥ ২৫
ভক্তি উপদেশ বিনু তাঁর নাহি কার্য।
৩৫ অতএব নাম তাঁর হইল 'আচার্য' ॥ ২৬
দুই নাম মিলনে হৈল 'অদ্বৈত আচার্য'।
বৈষ্ণবের গুরু তেঁহো জগতের আর্য ॥ ২৭

পাঠান্তর

১ (৫ম) প্রধানে [গ, ঘ, জ, ঝ, ট, ণ, ন], ২ [৫ম] নির্মাণে [গ, ঘ, জ, ট, ণ, ন]; ৩ (২য়) আচার্য গুণধাম [ঙ, ঝ, ঞ]; ৯ (২) প্রকৃতি [ট, ড], (৩য়) তেন [ক], যৈছে [গ, ঙ, ছ], এই [ঘ], (৫ম) হইয়া [ছ, ত, ধ], ১০ (৫ম) লয়া [ছ, ট, ড, ণ, থ, দ, ধ, ন], করিয়া [ঝ]; ১৪ এই পঙ্‌ক্তির পর অধিক পাঠ "যদ্যপি সাংখ্য মানে—প্রধান কারণ। জড় হৈতে কভু নহে জগৎ সৃজন॥ নিজ সৃষ্টিশক্তি প্রভু সঞ্চারে প্রধানে। ঈশ্বরের শক্ত্যে তবে হয়ে ত নির্মাণে॥ অদ্বৈতরূপে করে শক্তি সঞ্চারণ। অতএব অদ্বৈত হয়েন মুখ্য কারণ॥" এই তিনটি পয়ারের প্রথম দুইটি 'ড, ণ, ত, ধ, ন' মুদ্রিত পুস্তক ভিন্ন অন্য কোন করলিপি এবং মুদ্রিত পুস্তকে দৃষ্ট হয় না, তৃতীয়টি 'ধ' পুস্তকেও দৃষ্ট হয় না; ঐ পয়ারত্রয় 'ণ, ন' পুস্তকে বন্ধনীর মধ্যগত আছে; ইহা অধিক সংখ্যক গ্রন্থে না থাকায় মূলমধ্যে সন্নিবিষ্ট হইল না; ১৬ (১ম) তাঁর [ঙ, ত], যাঁর [ঞ]; ১৭ (৩য়, ৪র্থ) অঙ্গ মুখ্য [ট, ঢ, ণ, ন], (১র্থ) অংশ [ঘ]; ২৬ (৪র্থ) কাহা [খ], কেহ [গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ, ত] কেনে [ণ, ন], (৫ম, ৬ষ্ঠ) কহি কেনে [থ], কেনে কহে [গ, ঘ, জ, ত], কহে কেনে [ঙ, ঝ, ঞ]; ২৮ (২য়, ৩য়) মহা অংশ অদ্বৈত [ক, গ, ঘ, চ, ছ, জ, ঠ, ঢ, থ, দ]; ৩৩ (২য়) কহে [ক], করে [খ]; ৩৫ (২য়, ৩য়) কহে নাম [ক], এবে নাম [ঘ, ঙ], নাম তাঁর [চ, ট], (২য়-৪র্থ) ইবে নাম হইল [ছ], তার নাম হইল [ঠ], নাম তাঁর হইল [ঢ, ণ, ন], নাম এবে হইল [দ]; ৩৬ এই পঙ্‌ক্তি "গ, ড, ণ, ত, দ এবং ন" মুদ্রিত গ্রন্থে পরে আছে।

কমলনয়নের তিঁহো যাতে অঙ্গ-অংশ।
'কমলাক্ষ' করি ধরে নাম অবতংশ ॥ ২৮
ঈশ্বরসারূপ্য পায় পারিষদগণ।
চতুর্ভুজ পীতবাস যৈছে নারায়ণ ॥ ২৯
৫ অদ্বৈত আচার্য ঈশ্বরের অংশবর্য।
তাঁর তত্ত্ব নাম গুণ—সকল আশ্চর্য ॥ ৩০
যাঁহার তুলসী-জলে যাঁহার হুঙ্কারে।
স্বগণ সহিতে চৈতন্যের অবতারে ॥ ৩১
যাঁর দ্বারে কৈল প্রভু কীর্তন-প্রচার।
১০ যাঁর দ্বারে কৈল প্রভু জগত নিস্তার ॥ ৩২
আচার্যগোসাঞির—গুণ-মহিমা অপার।
জীবকীট কাঁহা তার পাইবেক পার ॥ ৩৩
আচার্যগোসাঞি –চৈতন্যের মুখ্য অঙ্গ।
আর এক অঙ্গ তাঁর - প্রভু নিত্যানন্দ ॥ ৩৪
১৫ প্রভুর উপাঙ্গ—শ্রীবাসাদি ভক্তগণ।
হস্ত-মুখ-নেত্র-অঙ্গ চক্রাদ্যস্ত্র-সম ॥ ৩৫
এই-সব লঞা চৈতন্যপ্রভুর বিহার।
এইসব লঞা করেন বাঞ্ছিত প্রচার ॥ ৩৬
'মাধবেন্দ্রপুরীর ইহো শিষ্য' এই জ্ঞানে।
২০ আচার্যগোসাঞিরে প্রভু গুরু করি মানে ॥ ৩৭
লৌকিকলীলাতে ধর্ম-মর্যাদা-রক্ষণ।
স্তুতি-ভক্ত্যে করেন তার চরণবন্দন ॥ ৩৮
চৈতন্যগোসাঞিকে আচার্য করে প্রভু জ্ঞান।
আপনাকে করেন তাঁর দাস-অভিমান ॥ ৩৯
২৫ সেই অভিমান-সুখে আপনা পাসরে।
কৃষ্ণদাস হও জীবে উপদেশ করে ॥ ৪০
কৃষ্ণদাস-অভিমানে যে আনন্দ-সিন্ধু।
কোটিব্রহ্মসুখ নহে তার এক বিন্দু ॥ ৪১
মুঞি যে চৈতন্যদাস আর নিত্যানন্দ।
৩০ দাসভাব-সম নাহি অন্যত্র আনন্দ ॥ ৪২
পরমপ্রেয়সী লক্ষ্মী হৃদয়ে বসতি।
তেঁহো দাস্যসুখ মাগে করিয়া মিনতি ॥ ৪৩
দাস্যভাবে আনন্দিত পারিষদগণ।
বিধি ভব নারদাদি শুক সনাতন ॥ ৪৪
৩৫ নিত্যানন্দ অবধূত সভাতে আগল।
চৈতন্যের দাস্যপ্রেমে হইলা পাগল ॥ ৪৫
শ্রীনিবাস হরিদাস রাম গদাধর।
মুরারি মুকুন্দ চন্দ্রশেখর বক্রেশ্বর ॥ ৪৬
এসব পণ্ডিতলোক পরম মহত্ত্ব।
৪০ চৈতন্যের দাস্যে সভায় করয়ে উন্মত্ত ॥ ৪৭
এইমত গায় নাচে করে অট্টহাস।
লোকে উপদেশে - হও চৈতন্যের দাস ॥ ৪৮
চৈতন্যগোসাঞি মোরে করে গুরুজ্ঞান।
তথাপিহ মোর হয় দাস-অভিমান ॥ ৪৯
৪৫ কৃষ্ণপ্রেমের এই এক অপূর্ব প্রভাব।
গুরু সম লঘুকে করায় দাস্য-ভাব ॥ ৫০
ইহার প্রমাণ শুন শাস্ত্রের ব্যাখ্যান।
মহদনুভব যাতে সুদৃঢ় প্রমাণ ॥ ৫১

পাঠান্তর

২ (২য়) বলি [ধ], (৩-৪র্থ) নাম ধরে [ছ, দ]; ৬ (৪র্থ, ৫ম) গুণে কি হয়ে [খ, ঙ, ছ]; ৭ (২য়) তুলসীদলে [গ, ট, ড, থ, দ, ধ]; ৮ (২য়) সহিত [ছ, ঠ, ত], (৩য়, ৪র্থ) চৈতন্য অবতারে [ঘ], চৈতন্যের অবতরে [ঙ], হৈল চৈতন্যাবতারে [চ], চৈতন্যেক অবতরে [ঝ], চৈতন্যেরে অবতারে [ট], শ্রীচৈতন্য অবতরে [ঠ, ঢ]; ৯, ১০ (২য়) দ্বারা [চ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ১২ (২য়-৪র্থ) কোথা হৈতে পাব তার [ক, ঘ, চ, জ], কোথা হইতে পায় তার [খ), কোথা হইতে পাইবে তার [গ], কোথা হৈতে পায়ে [ঙ], কোথা হইতে পাইবেক [ঝ, ঞ], কোথায় পাইবেক তার [ট, ড, ণ, থ, ধ, ন]; ২০ (১ম, ২য়) আচার্যকে শ্রীচৈতন্য [দ]; ২৫ (২য়) অভিমানে সুখে [ক, চ, ড, ঢ, ণ, থ, ন]; ২৭ (১ম) প্রভুদাস- [খ]; তাঁর দাস [চ]; ৩০ (২য়) নহে [ক, ঝ, ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৩৪ (৩য়) নারদ আর [ট, ণ, ন]; ৩৫ (২য়) মহাশয় [ঙ]; ৩৬ (২য়) দাস্যভাবে [খ, ঞ, ঠ, ঢ]; ৩৭ (১ম) শ্রীবাস [ঙ, ট, ড, ণ, থ, দ, ধ, ন], (৩য়) রামদাস [ট, ড, ণ, থ, দ, ধ, ন]; ৪৫ (৫ম) স্বভাব [খ, ঙ, জ, ঝ, ঠ, ঢ, ত, দ]।

অন্যের কা কথা ব্রজে নন্দমহাশয়।
তাঁর সম কৃষ্ণের গুরু আর কেহো নয় ॥ ৫২
শুদ্ধবাৎসল্য,—ঈশ্বরজ্ঞান নাহি তাঁর।
তাহাকেহো প্রেমে করায় দাস্য-অনুকার ॥ ৫৩
৫ তেঁহো রতি মতি মাগে কৃষ্ণের চরণে।
তাঁহার শ্রীমুখবাণী তাহাতে প্রমাণে ॥ ৫৪
শুন উদ্ধব! সত্য কৃষ্ণ আমার তনয়।
তেঁহো ঈশ্বর হেন যদি তোমার মনে লয় ॥ ৫৫
তথাপি তাহাতে মোর রহু মনোবৃত্তি।
১০ তোমার ঈশ্বর কৃষ্ণে হউক মোর গতি ॥ ৫৬

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৪৭।৬৬-৬৭)—

মনসো বৃত্তয়ো নঃ স্যুঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ।
বাচোঽভিধায়িনীর্নাম্নাং কায়স্তৎপ্রহ্বণাদিষু ॥ ৫৭
কর্মভির্ভ্রাম্যমাণানাং যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া।
১৫ মঙ্গলাচরিতৈর্দানৈ রতির্নঃ কৃষ্ণ ঈশ্বরে ॥ ৫৮
শ্রীদামাদি ব্রজে যত সখার নিচয়।
ঐশ্বর্যজ্ঞানহীন কেবল সখ্যময় ॥ ৫৯
কৃষ্ণসঙ্গে যুদ্ধ করে—স্কন্ধে আরোহণ।
তাঁরা দাস্যভাবে করে চরণসেবন ॥ ৬০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ভগবদনূনস্যেঽপি ভগবদ্দাসাভিমানোঽস্য দৃশ্যতে। অন্যস্য কা বার্তা ভগবদ্বাৎসল্য-রসাধিপতেঃ শ্রীকৃষ্ণপিতুঃ শ্রীনন্দস্য দাসাভিমানো যথা দশমে নন্দবাক্যম্,—মনস ইতি। নোঽস্মাকং মনসো বৃত্তয়ঃ কৃষ্ণপাদাম্বুজাশ্রয়াঃ স্যুর্ভবন্তু। বাচোঽপি নাম্নামভিধায়িনী অভিধায়িন্যঃ স্যুঃ, কায়ো দেহোঽপি তৎপ্রহ্বণাদিষু তৎ প্রণামাদিষু স্যাদিত্যনেন কায়িকবাচিক-মানসিক-চেষ্টাদিকং শ্রীকৃষ্ণানুগতমিতি। যথা শ্রীদশমে (১৪।৩৫)—যদ্ধামার্থ-সুহৃৎ-প্রিয়ার্থতনয়-প্রাণাশয়াস্তৎকৃত ইতি ॥ ৫৭ ॥

পুনরুদ্ধবং প্রতি তদ্বচনং, তত্রৈব (১০।৪৭।৬৭)—কর্মভিরিতি। যত্র ক্বাপীশ্বরেচ্ছয়া কর্মভির্ভ্রাম্যমাণানাং নোঽস্মাকং মঙ্গলাচরিতৈর্যজ্ঞাদিভিঃ দানৈশ্চ ঈশ্বরে ত্বদীশ্বরে রতিঃ স্যাৎ। কর্মভির্ভ্রাম্যমাণানামিতি লৌকিকরীত্যোক্তম্। বস্তুতস্তু 'নিত্যানন্দময়াঃ সর্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ' ইতি রসামৃতসিন্ধুবচনাৎ (২।১।২৯০),

'অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপ-ব্রজৌকসাম্। যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্ ॥' ইতি

শ্রীদশমস্কন্ধাচ্চ (১০।১৭।২৩), নিত্যপার্ষদানাস্তু কর্মাদি রাহিত্যাৎ অন্তরঙ্গশক্তি-রূপত্বাচ্চ এতন্নাসংভবত্যেবেতি ভাবঃ ॥ ৫৮ ॥

বঙ্গানুবাদ

৫৭। শ্রীনন্দ মহাশয় উদ্ধবকে বলিয়াছেন—হে উদ্ধব! যদি তোমরা শ্রীকৃষ্ণকে ঈশ্বর বলিয়া স্বীকার কর, তাহা হইলে আমাদিগের চিত্তবৃত্তি শ্রীকৃষ্ণ-পাদপদ্মে, বাণী তাঁহার নাম-কীর্তনে এবং শরীর তাঁহার সেবাদিকার্যে নিযুক্ত হউক।

৫৮। হে উদ্ধব! কর্মবশতঃ ঈশ্বরেচ্ছায় আমরা যে কোন যোনিতেই জন্মগ্রহণ করি, পুণ্যকর্ম ও দানদ্বারা যেন তোমাদিগের ঈশ্বর কৃষ্ণে আমাদিগের রতি রক্ষিত হয়?

পাঠান্তর

১ (৪র্থ) সেই [ট, ড, দ]; ১২ (১ম) শুদ্ধবাৎসল্যে [চ, ঝ, ধ], (২য়) ঐশ্বর্য [ক, ট], (৪র্থ) যাঁর [ট, ঠ, ঢ, ণ, থ, ন]; ৪ (১ম) তাহাকেই [খ ড, ণ, থ, ধ, ন]; ৯ (৪র্থ) বপু [খ], হএ [গ], রহে [ঘ, চ, ত], (৫ম) মনবুদ্ধি [ক], নববৃত্তি [ড]; ১০ (৬ষ্ঠ) রতি [খ, ঞ, ঠ, ঢ]; ১৭ (১ম) ঈশ্বরজ্ঞানহীন [ক]; ১৯ (১ম) সেহো [খ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ঠ]; (৪র্থ) চরণ বন্দন [খ ঙ, ঞ]।

তথা হি তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।১৫।১৭)—

পাদসম্বাহনং চক্রুঃ কেচিত্তস্য মহাত্মনঃ।
অপরে হতপাপ্মানো ব্যজনৈঃ সমবীজয়ন্ ॥ ৬১

কৃষ্ণের প্রেয়সী ব্রজে যত গোপীগণ।
৫ যাঁর পদধূলি করে উদ্ধব প্রার্থন ॥ ৬২
যাঁ-সভার উপরে কৃষ্ণের প্রিয় নাহি আন।
তাঁরাহ আপনাকে করে দাসী-অভিমান ॥ ৬৩

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩১।৬)—

ব্রজজনার্তিহন্ বীর যোষিতাং,
১০　নিজজনস্ময়ধ্বংসনস্মিত।
ভজ সখে ভবৎকিঙ্করীঃ স্ম নো,
জলরুহাননং চারু দর্শয় ॥ ৬৪

তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৪৭।২১)—

অপি বত মধুপর্যামার্যপুত্রোঽধুনাস্তে,
১৫ স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধুংশ্চ গোপান্।
ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে,
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্যধাস্যৎ কদা নু ॥ ৬৫

তাঁ-সভার কথা রহু, শ্রীমতী রাধিকা।
সভা হৈতে সকলাংশে পরম-অধিকা ॥ ৬৬
২০ তেঁহো যাঁর দাসী হঞা সেবেন চরণ।
যাঁর প্রেমগুণে কৃষ্ণ বদ্ধ অনুক্ষণ ॥ ৬৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

সখ্যরসাং কৃষ্ণসখ্যানামপি দাস্যত্বমাহ তত্রৈব—পাদসম্বাহনমিতি। কেচিৎ সখায়স্তস্য মহাত্মনঃ শ্রীকৃষ্ণস্য পাদসম্বাহনং চক্রুঃ। অপরে সখায়ঃ ব্যজনৈঃ পল্লবাদিনির্মিতৈর্ব্যজনৈঃ সমবীজয়ন্। তে কিংভূতাঃ? হতঃ পাপ্মা যেষাস্তে ইত্যনেন সাধনসিদ্ধাঃ সূচিতাঃ। 'অস্ত্রী পঙ্কং পুমান্ পাপ্মা' (ইত্যমরঃ) ॥ ৬১ ॥

অথ প্রেমসর্বস্বপ্রেয়সীশিরোমণীনাং শ্রীব্রজসুন্দরীণাং দাস্যমাহ তত্রৈব—ব্রজজনার্তিহন্নিতি। অত্র শ্রীধর স্বামী—হে ব্রজজনার্তিহন্ হে বীর, নিজজনানাং যঃ স্ময়ো গর্বঃ তস্য ধ্বংসনমাননং স্মিতঃ যস্য হে তথা হে সখে, তথাভূতাস্তব কিঙ্করীঃ নোঽস্মান্ ভজ আশ্রয়স্ব নিশ্চয়ং প্রথমন্তাবৎ জলরুহাননং চারু নো দর্শয় ॥ ৬৪ ॥

অথ ভগবৎপার্ষদোত্তম-শ্রীমদুদ্ধবং প্রতি গোপ্যঃ এতদাহুস্তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৪৭।২১) - অপি বতেতি। অত্র স্বামী। তেন সংশস্ত্যোতা সতী ব্রূতে—অপি বতেতি। বত হর্ষে, হে সৌম্য! গুরুকুলাদাগত্য আর্যপুত্রঃ শ্রীকৃষ্ণোঽধুনা কিং মধুপুর্য্যাং বর্ততে। কদাচিদপি নোঽস্মাকং কথাবার্তা কিং গৃণীতে ব্রূতে, অগুরুবৎ সুগন্ধং ভুজং নোঽস্মাকং মূর্দ্ধ্নি ধাস্যতীতি কদা নু কস্মিন্‌কালে নু প্রশ্নে, অস্মদ্গেহান্ন স্মরতু, অপিতু পিতৃগেহান্ স্মরতি কিম্, ইতি তস্যা নিষ্ঠুরত্বং ধ্বনিতম্। কিঙ্করীণামিত্যুক্তের্দাস্যত্বমায়াতম্ ॥ ৬৫ ॥

বঙ্গানুবাদ

৬১। কতকগুলি গোপ, মহাত্মা শ্রীকৃষ্ণের পাদ-সম্বাহন এবং সেবা-বিঘ্ন-বিবর্জিত আর কতকগুলি গোপ পল্লবাদি নির্মিত ব্যজন দ্বারা মন্দ মন্দ বীজন করিয়াছিলেন।

৬৪। রাসে শ্রীকৃষ্ণের অন্তর্ধানে অন্বেষণানন্তর গোপীগণ পুলিনে আসিয়া গান করিতেছেন,—হে ব্রজজনের আর্তিহর! হে মহাবীর! তোমার ঈষৎ হাস্যই যখন প্রিয়জনের মান বিনাশ করে,—আমরা ত তোমার দাসী, তবে আর কেন? আমাদিগকে ভজনা কর? তোমার সরোরুহ-সদৃশ চারু মুখমণ্ডল আমাদিগকে একবার দেখাও।

৬৫। হে সৌম্য! আর্যপুত্র অধুনা কি মধুপুরীতে আছেন? তিনি কি পিতা, মাতা, গৃহ, জ্ঞাতিবর্গ এবং শ্রীদামাদিগোপগণকে স্মরণ করিয়া থাকেন? আমরা তাঁহার কিঙ্করী, কখনও আমাদিগের কথা কি বলিয়া থাকেন? আহা, কবে তিনি অগুরু হইতে সুগন্ধ হস্ত আমাদিগের মস্তকে ন্যস্ত করিবেন।

পাঠান্তর

১৭ (৩য়) সর্বমতে [খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ]; ২১ (৪র্থ) বশ [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, দ]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।৩০।৩৯)—

হা নাথ রমণ প্রেষ্ঠ ক্বাসি ক্বাসি মহাভুজ।
দাস্যাস্তে কৃপণায়া মে সখে দর্শয় সন্নিধিম্ ॥ ৬৮

দ্বারকাতে রুক্মিণ্যাদি যতেক মহিষী।
৫ তাহারাও আপনাকে মানে কৃষ্ণদাসী ॥ ৬৯

তথাহি শ্রীমদ্ভাগবতে (১০।৮৩।১১)—

তপশ্চরন্তীমাজ্ঞায় স্বপাদস্পর্শনাশয়া।
সখ্যোপেত্যাগ্রহীৎ পাণিং সাহং তদ্গৃহমার্জনী ॥৭০

তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৮৩।৩৯)—

১০ আত্মারামস্য তস্যেমা বয়ং বৈ গৃহদাসিকাঃ।
সর্বসঙ্গ-নিবৃত্ত্যাদ্ধা তপসা চ বভূমিব ॥ ৭১

আনের কি কথা বলদেব মহাশয়।
যাঁর ভাব শুদ্ধসখ্য বাৎসল্যাদিময় ॥ ৭২

তেঁহো আপনাকে করেন দাস ভাবনা।
১৫ কৃষ্ণদাসভাব বিনু আছে কোন জনা ॥ ৭৩

সহস্রবদনে যেঁহো শেষ সঙ্কর্ষণ।
দশ দেহ ধরি করেন কৃষ্ণের সেবন ॥ ৭৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথান্যাসাং কা বার্তা, ব্রজসুন্দরীশিরোধার্যরূপায়াঃ শ্রীরাধায়া দাস্যাভিলাষিতং স্বমুখেনৈবাহ তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৩০।৩৯)—হা নাথেতি। হেতি খেদে, হে নাথ হে প্রাণনাথ, হে রমণ হে ক্রীড়াসক্ত, হে প্রেষ্ঠ হে পরমপ্রিয়তম, হে মহাভুজ হে অনেকনার্যালিঙ্গনাসক্ত, অসি ত্বং ক্ব ক্ব বর্তসে, ক্বাসি ক্বাসীতি দ্বিরুক্ত্যা প্রেমাবেশেন সমীপবর্তিত্বং সূচিতম্। অতঃ কৃপণায়াস্ত্বদ্দর্শনাভাবেন দুঃখিতায়া দাস্যাঃ কিঙ্কর্যা মে মম সন্নিধিং সাক্ষাৎকারং দর্শয়। প্রেমসম্বোধনমাহ—হে সখ ইত্যনেন বাল্যাবধিতৎসঙ্গাভিলাষিণ্যহং ভবতা জ্ঞায়ত ইতি ভাবঃ ॥ ৬৮ ॥

নমু চ ভবতু নাম ব্রজস্থানাং দাস্যাভিলাষঃ, অন্যধামস্থানাং নেতি চেত্তত্রাহ তত্রৈব (শ্রীমদ্ভাগবতে ১০।৮৩।১১) দ্রৌপদীং প্রতি অষ্টমহিষীস্থ-কালিন্দী—তপ ইতি। হে দ্রৌপদি, যত্তে জিজ্ঞাসিতং তচ্ছৃণুষ্বেতি। স্বস্য শ্রীকৃষ্ণস্য পাদয়োঃ পাদপদ্ময়োঃ স্পর্শবাঞ্ছয়া তপশ্চরন্তীং মামাজ্ঞায় জ্ঞাত্বা সখ্যা অর্জুনেন সহোপেত্যাগত্য পাণিং মম হস্তং অগ্রহীৎ। এবং ভূতা সাহং তদ্গৃহমার্জনী তস্য শ্রীকৃষ্ণস্য গৃহশোধিনী দাসী স্যামিতি শেষঃ ॥ ৭০ ॥

অথাপরিতোষেণ তৎসমূহানাং পট্টমহিষীণাং দাস্যাভিলাষত্বং স্বমুখেনৈবাহ—আত্মেতি। অত্র স্বামী। তস্যাত্মারামস্য আত্মরতেঃ শ্রীকৃষ্ণস্য ইমা অষ্ট বয়ং সর্বসঙ্গনিবৃত্ত্যা তপসা স্বধর্মেণ চ অদ্ধা সাক্ষাৎ তস্য গৃহদাসিকা বভূবিম ॥ ৭১ ॥

বঙ্গানুবাদ

৬৮। হা নাথ! হা রমণ! হা প্রিয়তম! হে মহাবাহো! তুমি এক্ষণে কোথায় রহিলে? হে সখে! অতিদীনা তোমার দাসীকে স্বীয় সন্নিধান দর্শন করাও।

৭০। হে দ্রৌপদি! আমি শ্রীকৃষ্ণের চরণসেবামাত্র প্রার্থনা পূর্বক তপস্যা করিতেছিলাম জানিয়া, শ্রীকৃষ্ণ নিজ সখা অর্জুনের সহিত উপস্থিত হইয়া আমার পাণিগ্রহণ করিয়াছেন, কিন্তু আমি তাঁহার গৃহমার্জনী দাসী মাত্র।

৭১। হে দ্রৌপদি! আমরা সকলেই চতুর্বর্গ ফল পরিত্যাগ পূর্বক কেবল ভক্তিযোগ দ্বারা, সেই আত্মারামের গৃহদাসী হইয়াছি।

পাঠান্তর

৫ এই পঙ্‌ক্তির পরে কেবল 'ত, ন' মুদ্রিত পুস্তকে নিম্নলিখিত শ্রীভা ১০।৮৩।৩৮ শ্লোকটি অধিক দৃষ্ট হয়—"চৈদ্যায় মার্পয়িতুমুদ্যতকার্মুকেষু, রাজস্বজেয় ভট শেখরিতাঙ্ঘ্রি রেণুঃ। নিন্যে মৃগেন্দ্র ইব ভাগমজাবিযূথা- ত্তং শ্রীনিকেতচরণস্ত মমার্চনায়।"

১২ (৩য়) [খ, ঘ]; ১৭ (২য়) বপু [খ, ঙ, ছ, ঝ ঞ, ঠ, ঢ]।

অনন্ত ব্রহ্মাণ্ডে রুদ্র সদাশিবের অংশ।
গুণ-অবতার তিঁহো সর্ব-অবতংশ ॥ ৭৫

তিঁহো ত করেন কৃষ্ণদাসের প্রত্যাশ।
নিরন্তর কহে শিব—'মুঞি কৃষ্ণদাস' ॥ ৭৬

৫ কৃষ্ণপ্রেমে উন্মত্ত বিহ্বল দিগম্বর।
কৃষ্ণগুণলীলা গায় নাচে নিরন্তর ॥ ৭৭

পিতা-মাতা-গুরু-সখা-ভাব কেনে নয়।
কৃষ্ণপ্রেমের স্বভাবে দাস্যভাব সে করয় ॥ ৭৮

এক কৃষ্ণ সর্বসেব্য জগত-ঈশ্বর।
১০ আর যত সব—তাঁর সেবকানুচর ॥ ৭৯

সেই কৃষ্ণ অবতীর্ণ চৈতন্য ঈশ্বর।
অতএব আর সব তাঁহার কিঙ্কর ॥ ৮০

কেহো মানে, কেহো না মানে, সব তাঁর দাস।
যে না মানে, তার হয় সেই পাপে নাশ ॥ ৮১

১৫ চৈতন্যের দাস মুঞি চৈতন্যের দাস।
চৈতন্যের দাস মুঞি তাঁর দাসের দাস ॥ ৮২

ইহা বলি নাচে গায় হুঙ্কার গম্ভীর।
ক্ষণেকে বসিলা আচার্য হইয়া সুস্থির ॥ ৮৩

ভক্ত-অভিমান মূল শ্রীবলরামে।
২০ সেই ভাবে অনুগত তাঁর অংশগণে ॥ ৮৪

তাঁর অবতার এক শ্রীসঙ্কর্ষণ।
'ভক্ত' করি অভিমান করে সর্বক্ষণ ॥ ৮৫

তাঁর অবতার আর—শ্রীযুত লক্ষ্মণ।
শ্রীরামের দাস্য তিঁহো কৈল অনুক্ষণ ॥ ৮৬

২৫ সঙ্কর্ষণ-অবতার কারণাব্ধিশায়ী।
তাঁহার হৃদয়ে ভক্তভাব অনুযায়ী ॥ ৮৭

তাঁহার প্রকাশভেদ অদ্বৈত-আচার্য।
কায়মনোবাক্যে তাঁর ভক্তি সদা কার্য ॥ ৮৮

বাক্যে কহে—মুঞি চৈতন্যের অনুচর।
৩০ মুঞি তাঁর ভক্ত—মনে ভাবে নিরন্তর ॥ ৮৯

জল-তুলসী দিয়া করে কায়ে ত সেবন।
ভক্তি প্রচারিয়া সব তারিলা ভুবন ॥ ৯০

পৃথিবী ধরেন যেই শেষ সঙ্কর্ষণ।
কায়ব্যূহ করি করেন কৃষ্ণের সেবন ॥ ৯১

৩৫ এই মত সব হয় শ্রীকৃষ্ণের অবতার।
নিরন্তর দেখি সভার ভক্তির আচার ॥ ৯২

এ সভাকে শাস্ত্রে কহে—ভক্ত-অবতার।
ভক্ত-অবতার পদ উপরি সভার ॥ ৯৩

অতএব অংশী—কৃষ্ণ, অংশ—অবতার।
৪০ অংশী-অংশে দেখি জ্যেষ্ঠ-কনিষ্ঠ-আচার ॥ ৯৪

জ্যেষ্ঠভাবে অংশীতে হয় প্রভু-জ্ঞান।
কনিষ্ঠভাবে আপনাতে ভক্ত-অভিমান ॥ ৯৫

কৃষ্ণের সমতা হইতে 'ভক্তভাব' বড় পদ।
আত্মা হইতে কৃষ্ণের ভক্ত প্রেমাস্পদ ॥ ৯৬

৪৫ আত্মা হৈতে কৃষ্ণ 'ভক্ত বড়' করি মানে।
ইহাতে বহুত শাস্ত্রবচন প্রমাণে ॥ ৯৭

তথা হি শ্রীমদ্ভাগবতে (১১।১৪।১৫)—

ন তথা মে প্রিয়তম আত্মযোনির্ন শঙ্করঃ।
ন চ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্ ॥ ৯৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণস্য ভক্তবাৎসল্যম্ একাদশে (শ্রীমদ্ভাগবতে ১১।১৪।১৫) উদ্ধবং প্রতি তেনৈবোক্তম্—ন তথেতি। অত্র স্বামী। আত্মযোনির্ব্রহ্মা পুত্রোঽপি তথা প্রিয়তমো ন, শঙ্করো মৎ স্বরূপভূতোঽপি, সঙ্কর্ষণো ভ্রাতাপি, শ্রীর্জায়াপি

বঙ্গানুবাদ

৯৮। হে উদ্ধব! ব্রহ্মা পুত্র, শঙ্কর স্বরূপ, সঙ্কর্ষণ ভ্রাতা এবং লক্ষ্মী ভার্যা হইয়াও আমার তাদৃশ প্রিয়তম নয়। এমন কি আমি আমার তাদৃশ প্রিয়তম নই, যেমন তুমি আমার প্রিয়তম।

পাঠান্তর

৮ (১ম) প্রেমার [জ, ট], প্রেমের [ণ, ন] ; (৩য়-৫ম) তাঁর দাসের অনুদাস [ত] ; ১২ (১ম) এত [ণ, ন] ; ১৯ (৩য়) শ্রীবলরাম, (৫ম) অংশগণ [ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, দ] ; ২২ (২য়) বলি [ধ] ; ২৪ (৫ম) সর্বক্ষণ [ধ, জ, ট] ; ৩০ (৪র্থ-৫ম) বলি মানে [ট] ; ৩৫ (২য়-৪র্থ) মত সব হয় কৃষ্ণের [ক, গ, ঘ, চ, জ, ঠ, ঢ]; ৩৯ (১ম) এক এক [ক, খ, ঘ, ট, ড], একত্রের [গ], এক এব [ঙ, জ] একমাত্র [চ, ধ], (৫ম) সব আর [ঙ, চ, জ, দ] ; ৪০ (৩য়) -ব্যবহার [ক, গ, ঘ, চ, জ, ত] ; ৪৩ (৫র্থ-৬ষ্ঠ) বড় ভক্তপদ [ড, ণ, ত,থ, ধ, ন] ; ৪৪ (৫ম) বটে প্রেমাস্পদ [চ], হয় [ড, থ, ধ] ; ৪৬ (১ম) তাহাতে ট, ণ, দ, ন], (২য়) সকল [ক, গ, ঘ, চ, জ, ট, ঠ, ঢ, ত]।

কৃষ্ণসাম্যে নহে তাঁর মাধুর্যাস্বাদন।
ভক্তভাবে করে তাঁর মাধুর্য-চর্বণ ॥ ৯৯
শাস্ত্রের সিদ্ধান্ত এই বিজ্ঞের অনুভব।
মূঢ়লোক নাহি জানে ভাবের বৈভব ॥ ১০০
৫ ভক্তভাব অঙ্গীকরি বলরাম লক্ষ্মণ।
অদ্বৈতনিত্যানন্দ শেষ সঙ্কর্ষণ ॥ ১০১
কৃষ্ণের মাধুর্যরসামৃত করে পান।
সেই সুখে মত্ত কিছু নাহি জানে আন ॥ ১০২
অন্যের আছুক কার্য আপনে শ্রীকৃষ্ণ।
১০ আপন মাধুর্যপানে হইয়া সতৃষ্ণ ॥ ১০৩
স্বমাধুর্য আস্বাদিতে করেন যতন।
ভক্তভাব বিনু নহে তাহা আস্বাদন ॥ ১০৪
ভক্তভাব অঙ্গীকরি হৈলা অবতীর্ণ।
শ্রীকৃষ্ণচৈতন্যরূপে সর্বভাবে পূর্ণ ॥ ১০৫
১৫ নানা ভক্তভাবে করেন স্বমাধুর্য-পান।
পূর্বে করিয়াছি এই সিদ্ধান্ত ব্যাখ্যান ॥ ১০৬
অবতারগণের ভক্তভাবে অধিকার।
ভক্তভাব হৈতে অধিক সুখ নাহি আর ॥ ১০৭
মূল ভক্ত-অবতার শ্রীসঙ্কর্ষণ।
২০ ভক্ত-অবতার তঁহি অদ্বৈত-গণন ॥ ১০৮
অদ্বৈত-আচার্য-গোসাঞির মহিমা অপার।
যাঁহার হুঙ্কারে কৈল চৈতন্যাবতার ॥ ১০৯
কীর্তন প্রচারি কৈল জগত তারণ।
অদ্বৈত-প্রসাদে লোক পাইল প্রেমধন ॥ ১১০
২৫ অদ্বৈত-মহিমানন্ত কে পারে কহিতে।
সেই লিখি যেই শুনি মহাজন হৈতে ॥ ১১১
আচার্য-চরণে মোর কোটি নমস্কার।
ইথে কিছু অপরাধ না লবে আমার ॥ ১১২
তোমার মহিমা কোটি-সমুদ্র-অগাধ।
৩০ তাহার ইয়ত্তা কহি এ বড় অপরাধ ॥ ১১৩
জয় জয় জয় শ্রীঅদ্বৈত-আচার্য।
জয় জয় শ্রীচৈতন্য-নিত্যানন্দ-আর্য ॥ ১১৪
দুই শ্লোকে কহিল অদ্বৈত-তত্ত্ব-নিরূপণ।
পঞ্চতত্ত্বের বিচার কিছু শুন ভক্তগণ ॥ ১১৫
৩৫ শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১১৬

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদি-লীলায়াং শ্রীমদদ্বৈততত্ত্বনিরূপণং নাম ষষ্ঠপরিচ্ছেদঃ।

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

আত্মা স্বমূর্তিরপি যথা ভক্ত ইতি বক্তব্যে অতিহর্ষেণাহ—ভবানিত্যেষা। ন প্রিয়তম ইত্যুক্তেঃ অধিকৃতাশ্রিত-পার্ষদানুগত্বাৎ প্রিয়া এব, নতু প্রিয়তমাঃ। নরলীলস্থ-ভক্তত্বাৎ ভগবান্ প্রিয়তম এবেতি ভাবঃ ॥ যথা চৈতন্যচন্দ্রোদয়নাটকে (২।১৮)—

'অলৌকিকীতোঽপি চ লৌকিকীয়ং, লীলা হরেঃ কাচন লোভনীয়া ॥' ইতি ॥ ৯৮ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতবর্ণনে। পরিচ্ছেদে চ ষষ্ঠেঽস্মিন্নদ্বৈততত্ত্বনির্ণয়ঃ ॥

ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়ামদ্বৈততত্ত্বনির্ণয়ো নাম ষষ্ঠঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

৪ (৫ম) অনুভব [ঙ]; ৫ (৩য়) শ্রীবল [ক, গ, ঘ, চ, ঝ, ঞ]; ৬ (১ম) শ্রীঅদ্বৈত নিত্যানন্দ [চ, ছ], অদ্বৈত শ্রীনিত্যানন্দ [ঙ]; ৭ (৩য়) করি [ঠ, ঢ]; ৮ (৩য়) মগ্ন [ঘ]; ১০ (৩য়) হইলা (ক, ঝ, ঞ, ড, থ, ধ); ২২ (৪র্থ) কৃষ্ণ অবতার [ক]; ২৩ (১ম-৫ম) সংকীর্তন প্রচারিয়া সব জগৎ তারিল (ড, থ, ধ], সংকীর্তন প্রচারিয়া জগৎ তারিল [ণ, ত, ন], ২৬ (৩য়—৫ম) যাহা শ্রুত পূর্বাচার্য [চ]; ২৮ (৫ম) লইহ [ক, গ. ঙ, জ, ঞ], হঙ [থ], লইও [ঝ, দ]; ৩১ জয় জয় শ্রীচৈতন্যনিত্যানন্দের আর্য। স্বচরণে ভক্তি দেহ জয়াদ্বৈতাচার্য ॥ [ক]।

সপ্তম পরিচ্ছেদ

অগত্যেকগতিং নত্বা হীনার্থাধিক-সাধনম্।
শ্রীচৈতন্যং লিখ্যতেঽস্য ভক্তিপ্রেম-বদান্যতা ॥ ১

জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য।
তাঁহার চরণাশ্রিত—সেই বড় ধন্য ॥ ২

৫ পূর্বে গুর্বাদি ছয়তত্ত্বে কৈল নমস্কার।
গুরুতত্ত্ব কহিয়াছি, শুন পাঁচের বিচার ॥ ৩

পঞ্চতত্ত্ব অবতীর্ণ শ্রীচৈতন্যের সঙ্গে।
পঞ্চতত্ত্ব মিলি করে সঙ্কীর্তন রঙ্গে ॥ ৪

পঞ্চতত্ত্ব এক বস্তু নাহি কিছু ভেদ।
১০ রস আস্বাদিতে তভু বিবিধ বিভেদ ॥ ৫

তথাহি (শ্রীস্বরূপগোস্বামি-কড়চায়াম্)—

পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপ-স্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্ ॥ ৬

স্বয়ংভগবান্ কৃষ্ণ একলে ঈশ্বর।
১৫ অদ্বিতীয় নন্দাত্মজ রসিক-শেখর ॥ ৭

রাসাদি বিলাসী ব্রজললনা-নাগর।
আর যত দেখ সব তাঁর পরিকর ॥ ৮

সেই কৃষ্ণ অবতীর্ণ শ্রীকৃষ্ণচৈতন্য।
সেই পরিকরগণ সঙ্গে সব ধন্য ॥ ৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ স্বয়ংরূপ-তদেকাত্মরূপে নিরূপ্য শ্রীকৃষ্ণচৈতন্যস্য প্রেমদাতৃত্বমাহ গ্রন্থকারঃ—জগত্যেকগতিমিতি। জগত্যেকগতিম্ অখিলব্রহ্মাণ্ডাদীনামেকগতিম্ একশরণং, হীনার্থাধিক-সাধনং হীনানাং ভক্তিহীনানাং অর্থস্য পুরুষার্থস্য অধিকসাধনং কারণং, হীনস্য মমেতি বা, এবংভূতং শ্রীকৃষ্ণচৈতন্যং নত্বা প্রণম্যাস্য শ্রীকৃষ্ণচৈতন্যস্য ভক্তিপ্রেমবদান্যতা দাতৃতা লিখ্যতে ময়েতি শেষঃ ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। যিনি গতি-বিহীনের একমাত্র গতি অথবা জগতের একমাত্র গতি এবং হীনজনের ধর্মাদি অধিকতররূপে সাধিত করেন, সেই শ্রীকৃষ্ণচৈতন্য দেবকে প্রণাম করিয়া তাঁহার প্রেমভক্তি-বদান্যতা লিখিতে প্রবৃত্ত হইলাম।

পাঠান্তর

১ (ইহার পূর্বে) গ্রন্থকারেণোক্তং [চ], গ্রন্থকারস্য [ট]; (১ম) শ্রীনিত্যানন্দাধিকারি-বিরচিত 'শ্রীগৌরভক্ত-বিনোদিনী' টীকা ধৃত পাঠ—'জগত্যেকগতিং'; (৩য়) সাধনম্ [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ]; সাধকম্ [চ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন]; ২ (২য়) লিখাম্যস্য [ক, গ], (৩য়) ভক্তিপ্রেম-[ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঠ, ঢ]; প্রেমভক্তি [চ, ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন]; ৪ (২-৪র্থ)·শ্রয় করে সেই [ক], (৩-৪র্থ) যেই সেই [খ, ঙ, ছ, জ, ঞ, ঠ, ঢ, থ, দ], সেই সব [গ, ত], (৪র্থ) সর্ব [ঢ], (৩-৪র্থ) যেই সেই মহাধন্য [ঝ]; ৫ (৩য়)-তত্ত্বের [খ, ঞ, ণ, ত, ন], ৫-৬ পয়ারটি "পঞ্চতত্ত্বাত্মকং........ভক্তশক্তিকম্" শ্লোকের পরে 'ক, খ, ঙ, চ, ছ' পুঁথি ও 'দ' গ্রন্থে আছে। ৬ (৩য়) এবে [ঝ, ড, থ, দ, ধ]; ৭ (৩য়] চৈতন্যের সঙ্গে [ক, খ, গ, খ, ঙ, চ, জ, ঝ, ট, ড, থ, দ, ধ], ৮ (২য়) লঞা [গ, ঘ, চ, জ, ঞ, ট, ড, ধ]; ১০ (৩য়) করে [ক], তত্ত্ব [ছ, ড, ত, ধ]; ১৭ (৩য়-৫ম) তার দেখ সব [ক]; সব দেখ তাঁর [খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ, ট, ড, ঢ, থ, ধ]।

১৩

একলে ঈশ্বরতত্ত্ব চৈতন্য ঈশ্বর।
ভক্তভাবময় তাঁর শুদ্ধ কলেবর ॥ ১০
কৃষ্ণমাধুর্যের এক অদ্ভুত স্বভাব।
আপনা আস্বাদিতে কৃষ্ণ করে ভক্তভাব ॥ ১১
৫ ইথে ভক্তভাব ধরে চৈতন্যগোসাঞি।
ভক্তস্বরূপ তাঁর নিত্যানন্দ ভাই ॥ ১২
ভক্ত-অবতার তাঁর আচার্যগোসাঞি।
এই তিন তত্ত্ব সবে 'প্রভু' করি গাই ॥ ১৩
এক মহাপ্রভু, আর প্রভু দুই জন।
১০ দুই প্রভু সেবে মহাপ্রভুর চরণ ॥ ১৪
এই তিন তত্ত্ব – সর্বারাধ্য করি মানি।
চতুর্থ যে ভক্ততত্ত্ব—আরাধক জানি ॥ ১৫
শ্রীবাসাদি যত কোটি কোটি ভক্তগণ।
শুদ্ধভক্ততত্ত্ব মধ্যে সবার গণন ॥ ১৬
১৫ গদাধর-আদি প্রভুর শক্তি-অবতার।
'অন্তরঙ্গ ভক্ত' করি গণন যাঁহার ॥ ১৭
যাঁহা-সভা লৈয়া প্রভুর নিত্যবিহার।
যাঁহা-সভা লৈয়া প্রভুর কীর্তনপ্রচার ॥ ১৮
যাঁহা-সভা লৈয়া করেন প্রেম আস্বাদন।
২০ যাঁহা-সভা লৈয়া দান করেন প্রেমধন ॥ ১৯

এই পঞ্চতত্ত্ব মিলি পৃথিবী আসিয়া।
পূর্বপ্রেম-ভাণ্ডারের মুদ্রা উঘাড়িয়া ॥ ২০
পাঁচে মিলি লুটে প্রেম করে আস্বাদন।
যতযত পিয়ে, তৃষ্ণা বাঢ়ে অনুক্ষণ ॥ ২১
২৫ পুনঃপুনঃ পিয়াপিয়া হয় মহামত্ত।
নাচে গায় হাসে কান্দে যৈছে মদমত্ত ॥ ২২
পাত্রাপাত্র-বিচার নাহি, নাহি স্থানাস্থান।
যেই যাঁহা পায়, তাঁহা করে প্রেমদান ॥ ২৩
লুটিয়া খাইয়া দিয়া ভাণ্ডার উজাড়ে।
৩০ আশ্চর্য ভাণ্ডার – প্রেম শতগুণ বাড়ে ॥ ২৪
উথলিল প্রেমবন্যা চৌদিকে বেড়ায়।
স্ত্রী-বৃদ্ধ-বালক-যুবা সকল ডুবায় ॥ ২৫
সজ্জন দুর্জন পঙ্গু জড় অন্ধগণ।
প্রেমবন্যায় ডুবাইল জগতের জন ॥ ২৬
৩৫ জগত ডুবিল, জীবের হৈল বীজনাশ।
তাহা দেখি পাঁচজনের পরম উল্লাস ॥ ২৭
যতযত প্রেমবৃষ্টি করে পঞ্চজন।
ততততত বাড়ে জল—ব্যাপে ত্রিভুবন ॥ ২৮
মায়াবাদী কর্মনিষ্ঠ কুতার্কিকগণ।
৪০ নিন্দুক পাষণ্ডী যত পড়ুয়া অধম ॥ ২৯

পাঠান্তর

১ (২য়)-তন্থ [গ, ঘ]; ৩ (৪র্থ) প্রভাব [ঘ, ছ], ৪ (১ম-২য়) আপনাস্বাদিতে [গ, জ, ট, ঠ, ড, ঢ, থ]; ৭ (২য়) আর [ক, ঙ, চ]; ৮ (৩য়) তন্থ [গ, ঘ]; ১০ (১ম-২য়) প্রভু দুই [খ, গ, ঘ, ঙ, চ]; ১৩ (১ম-২য়) শ্রীনিবাস আদি [ক, খ, গ, জ, ঞ, ঠ, ঢ, ত, থ], ১৪ (২য়) বলি [ক, ঙ, ছ, ঞ], (৩য়) তাহার [ক, খ, ঙ, চ, ছ, ঞ], তা সভার [ঘ, জ, ট, ড, দ, ধ]; ১৬ (৫ম) তাহার [গ, ঘ, চ, জ, ঞ, ট]; ১৭ (২য়) লঞা [খ, গ, ঙ, চ, জ, ঝ, ঠ, ঢ, থ, ধ]; ২৪ (১ম-২য়) যত পিয়ে তত [ঘ, ট]; (৫ম) ক্ষণে ক্ষণ [ঝ, ঠ, ঢ, দ]; ২৫ (২য়) পিয়াইয়া [ক, ড, দ, ধ], (৩য়) প্রেমে [ক, ঞ], (৪র্থ) উন্মত্ত [খ, ঝ, ঠ, ঢ], [২য়-৪র্থ] পিয়ে পিয়াইয়া হয়ে মত্ত [ট]; ২৬ (১ম-৪র্থ) হাসে কান্দে নাচে গায় [জ, ত] নাচে কান্দে হাসে গায় [ঝ, ট, ড, ণ, থ, ধ, ন]; ২৯ (১ম-৩য়) খাইঞা বিলাঞা প্রেম [ক, ঞ]; ৩০ (২য়-৩য়) প্রেমের ভাণ্ডার [ক, ঞ]; ৩১ (১ম) উছলিল [গ, ঘ, ঠ, ড, ঢ, ত, থ, দ]; ৩২ (২য়) সকল [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ, ত], সকলি [ড, থ, ধ], সকলে [দ]; ৩৬ (৩য়) পঞ্চ-[গ, ঘ, ঙ, চ, জ, ঠ, ঢ, ত, দ,]; ৩৯ (২য়-৩য়) কুতার্কিক কর্মনিষ্ঠজন [ঙ, ত]; ৪০ (১ম) নিন্দক [ক, খ, ঙ, চ, ছ, ঞ, ট, ঠ, ত, ধ], (৪র্থ-৫ম) পঢ়ুয়ার গণ [ত]।

এইসব মহাদক্ষ ধাঞা পলাইল।
সেই বন্যা তা-সভারে ছুঁইতে নারিল ॥ ৩০
তাহা দেখি মহাপ্রভু করেন চিন্তন—।
জগৎ ডুবাইতে আমি করিল যতন ॥ ৩১
৫ কেহো কেহো এড়াইল—প্রতিজ্ঞা হৈল ভঙ্গ।
তা-সভা ডুবাইতে পাতিব কিছু রঙ্গ ॥ ৩২
এত বলি মনে কিছু করিয়া বিচার।
সন্ন্যাস আশ্রম প্রভু কৈলা অঙ্গীকার ॥ ৩৩
চব্বিশ বৎসর ছিলা গৃহস্থ-আশ্রমে।
১০ পঞ্চবিংশতি বর্ষে কৈল যতিধর্মে ॥ ৩৪
সন্ন্যাস করিয়া প্রভু কৈল আকর্ষণ।
যতেক পালাঞাছিল তার্কিকাদিগণ ॥ ৩৫
পঢ়ুয়া পাষণ্ডী কর্ম্মী নিন্দকাদি যত।
তারা আসি প্রভু-পায় হয় অবনত ॥ ৩৬
১৫ অপরাধ ক্ষমাইল—ডুবিল প্রেমজলে।
কেবা এড়াইবে প্রভুর প্রেম-মহাজালে ॥ ৩৭
সভা নিস্তারিতে প্রভু কৃপা-অবতার।
সভা নিস্তারিতে করে চাতুরী অপার ॥ ৩৮
তবে নিজ ভক্ত কৈল যত ম্লেচ্ছ-আদি।
২০ সবে এক এড়াইল কাশীর মায়াবাদী ॥ ৩৯

বৃন্দাবন যাইতে প্রভু রহিলা কাশীতে।
মায়াবাদিগণ তাঁরে লাগিল নিন্দিতে—॥ ৪০
সন্ন্যাসী হইয়া করে নাচন-গায়ন।
না করে বেদান্তশ্রবণ—করে সংকীর্তন ॥ ৪১
২৫ মূর্খ সন্ন্যাসী নিজ ধর্ম নাহি জানে।
ভাবক হইয়া ফিরে ভাবকের সনে ॥ ৪২
এ সব শুনিঞা প্রভু হাসে মনে-মনে।
উপেক্ষা করিয়া কারো না কৈল সম্ভাষণে ॥ ৪৩
উপেক্ষা করিয়া কৈল মথুরা গমন।
৩০ মথুরা দেখিয়া পুনঃ কৈল আগমন ॥ ৪৪
কাশীতে লেখক শূদ্র শ্রীচন্দ্রশেখর।
তার ঘরে রহিলা প্রভু স্বতন্ত্র ঈশ্বর ॥ ৪৫
তপন-মিশ্রের ঘরে ভিক্ষা-নির্বাহণ।
সন্ন্যাসীর সঙ্গে নাহি মানে নিমন্ত্রণ ॥ ৪৬
৩৫ সনাতনগোসাঞি আসি তাঁহাই মিলিলা।
তাঁর শিক্ষা-লাগি প্রভু দু'মাস রহিলা ॥ ৪৭
তাঁরে শিক্ষাইলা সব বৈষ্ণবের ধর্ম।
ভাগবত-আদি শাস্ত্রের যত গূঢ় মর্ম ॥ ৪৮
ইথিমধ্যে চন্দ্রশেখর মিশ্র-তপন।
৪০ দুঃখী হঞা প্রভুপদে কৈল নিবেদন ॥ ৪৯

পাঠান্তর

৪ (৪র্থ) করিলুঁ [ক, ঝ, ধ]; ৬ (৩য়) পাতি [খ, গ, ঙ, চ, জ, ঝ, ঠ, ঢ, ত]; ৭ (২য়) ভাবি [ক], ৯ (৪র্থ) গার্হস্থ-[ত]; ১০ (১ম-২য়) পঞ্চবিংশ বর্ষে প্রভু [ঘ ছ, ত]; ১১ (৪র্থ) কৈলা [চ, জ, ঝ, ত, ধ]; ১২ (২য়) পালাঞাছিল [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ, ঠ, ড, ঢ, ত, থ, ধ]; ১৪ (১ম) সবে [ত], (৭র্থ) হৈল [গ, ঘ, ঙ, চ, ঞ, ঠ, ঢ, ত], (৪র্থ-৫ম) হইল প্রণত [ক, ছ]; ১৮ (১ম) জীব [ছ]; ১৯ (১ম-৫ম) নিজ ভক্তি দিয়া উদ্ধারিল [ছ]; ২০ (২য়-৩য়) এডাইল মাত্র [গ, ঘ, ছ, জ, ট, ড, ধ]: ২২ (২য়) সব [ঠ, ঢ]; ২৩ (৪র্থ) গায়ন-নাচন [ট, ড, ণ, থ, ধ, ন]; ২৪ (৩য়)-শ্রবণ [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ড, ত, ধ]; ২৬ (৩য়) বেড়ায় [ক, গ, ঘ, জ, ঞ], গেল [খ, ঙ, ত]; ২৭ (৪র্থ) গোসাঞী [ছ, ঝ, ঠ, ঢ, ত]; ২৮ (১ম-৫ম) উপেক্ষায় না করিল কার [গ, ঘ, চ, ঝ, ঠ], (১ম-৬ষ্ঠ) উপেক্ষা করিয়া কৈল মথুরা গমনে [ট]; ৩০ (১ম-৫ম) সেখানেতে নানাকীর্তি প্রেমপ্রয়োজন [ট], (৩য়-৫ম) কৈল পুনরাগমন [ঙ, ঠ, ঢ]; ৩১ (৩য়) বৈদ্য [চ], ৩২ (৩য়) রহে [খ, চ, ত]; ৩৪ (২য়-৩য়) সঙ্গ ভয়ে না [ক, চ]; ৩৫ (৩য়) তথাই [ক, জ]; ৩৬ (১ম-২য়) তাঁরে শিক্ষা দিতে [ঘ, চ, ঠ, ঢ]; ৩৭ (৩য়) যত [ক, খ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত], ৩৮ (৩য়-৪র্থ) গূঢ় অর্থ [ঙ, দ]; ৩৯ (১ম) ইতি [ঘ, জ, ঢ, ণ দ ন] (৩য়) আর মিশ্রতপন [ঙ, ত]; ৪০ (৩য়)-পায় [ড, ণ, থ, ধ, ন]।

কতেক শুনিব প্রভু তোমার নিন্দন।
না পারি সহিতে এবে ছাড়িব জীবন ॥ ৫০
তোমাকে নিন্দয়ে সব সন্ন্যাসীর গণ।
শুনিতে না পারি ফাটে হৃদয়-শ্রবণ ॥ ৫১
৫ ইহা শুনি রহে প্রভু ঈষৎ হাসিয়া।
সেইকালে এক বিপ্র মিলিল আসিয়া ॥ ৫২
আসি নিবেদন করে চরণে ধরিয়া।
এক বস্তু মাগোঁ, দেহ প্রসন্ন হইয়া ॥ ৫৩
সকল সন্ন্যাসী মুঞি কৈলুঁ নিমন্ত্রণ।
১০ তুমি যদি আইস—পূর্ণ হয় মোর মন ॥ ৫৪
না যাহ সন্ন্যাসি-গোষ্ঠী, ইহা আমি জানি।
মোরে অনুগ্রহ কর নিমন্ত্রণ মানি ॥ ৫৫
প্রভু হাসি নিমন্ত্রণ কৈল অঙ্গীকার।
সন্ন্যাসীরে কৃপা-লাগি এ ভঙ্গী তাঁহার ॥ ৫৬
১৫ সে বিপ্র জানেন—প্রভু না যান কারো ঘরে।
তাঁহার প্রেরণায় তাঁরে অত্যাগ্রহ করে ॥ ৫৭
আর-দিনে গেলা প্রভু সে-বিপ্র-ভবনে।
দেখিলেন—বসি আছেন সন্ন্যাসীর গণে ॥ ৫৮
সভা নমস্করি গেলা পাদপ্রক্ষালনে।
২০ পাদপ্রক্ষালন করি বসিলা সেইস্থানে ॥ ৫৯
বসিয়া করিলা কিছু ঐশ্বর্য প্রকাশ।
মহাতেজোময় বপু—কোটিসূর্যভাস ॥ ৬০
প্রভাবে আকর্ষিল সব সন্ন্যাসীর মন।
উঠিলা সন্ন্যাসিগণ ছাড়িয়া আসন ॥ ৬১
২৫ প্রকাশানন্দ-নামে সর্বসন্ন্যাসি-প্রধান।
প্রভুকে কহিল কিছু করিয়া সম্মান—॥ ৬২
ইহঁা আইস ইহঁা আইস শুনহ শ্রীপাদ।
অপবিত্র স্থানে বৈস—কিবা অবসাদ? ৬৩
প্রভু কহেন—আমি হই হীন-সম্প্রদায়।
৩০ তোমা-সভার সম্প্রদায়ে বসিতে না জুয়ায় ॥ ৬৪
আপনে প্রকাশানন্দ হাতেতে ধরিয়া।
বসাইল সভামধ্যে সম্মান করিয়া ॥ ৬৫
পুছিল—তোমার নাম শ্রীকৃষ্ণচৈতন্য?
কেশব-ভারতীর শিষ্য—তাতে তুমি ধন্য ॥ ৬৬
৩৫ সম্প্রদায়ী সন্ন্যাসী তুমি রহ এই গ্রামে।
কি-কারণে আমা সভার না কর দর্শনে? ৬৭
সন্ন্যাসী হইয়া কর নর্তন-গায়ন।
ভাবক সব সঙ্গে লৈয়া কর সংকীর্তন ॥ ৬৮
বেদান্তপঠন ধ্যান সন্ন্যাসীর ধর্ম।
৪০ তাহা ছাড়ি কেনে কর ভাবকের কর্ম? ৬৯
প্রভাবে দেখিয়ে তোমা সাক্ষাৎ নারায়ণ।
হীনাচার কর কেনে, কি ইহার কারণ? ৭০
প্রভু কহে—শুন শ্রীপাদ! ইহার কারণ।
গুরু মোরে মূর্খ দেখি করিলা শাসন ॥ ৭১

পাঠান্তর

১ (২য়) সহিব [খ, ঙ, ছ. ঝ, ত]; ৩ (১ম) তোমাকে [ক, খ, ঙ, জ, ঝ, ঞ, ড, ত, থ, দ. ধ], (৩য়) সব [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত, দ]; ৪ (৪র্থ-৫ম) শুনি ফাটয়ে-[খ, ঙ, ছ, ঝ, ত]; ৭ (৫ম) পড়িয়া [ঝ]; ৮ (১ম-৬ষ্ঠ) মোরে কৃপা কর প্রভু সদয় হইয়া [ঘ], দীন হীন জানি প্রভু মোরে কর দয়া [চ]; ১১ (৩য়)-গোষ্ঠে [ক, খ, ঘ, ঙ, ছ, ঞ, ঢ, দ], গোষ্ঠ্যে [ত]; ১৩ (১ম) তবে [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ত]; ১৪ (২য়)-হেতু [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, দ]; ১৭ (১ম)-দিন [ক, খ, গ, ঘ, ছ, জ, ঞ, ঠ, ঢ, দ]; ২২ (৩য়)-সূর্য্যাভাস [ক, গ, ছ, জ, ঝ, ত, দ]; ২৩ (৫ম) গণ [ঝ, দ]; ২৫ (১ম-২য়)-নাম তাতে [গ], নাম তিহোঁ [ট]; ২৬ (১ম-২য়) গোসাঞিরে বলিল [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ত]; ২৯ [১ম] গোসাঞি [ক, খ, ঙ, ছ: ঝ, ঞ, ঠ, ঢ, ত,], (৩য়-৪র্থ) আমি [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৩০ (২য়) সভায় (ঠ, ঢ, ণ, ন]; ৩২ (৩য়) মান্যতা [ক, খ, ঙ, ত]; ৩৪ (৩য়) তাহে [ক, চ]; ৩৬ (৬ষ্ঠ) সম্ভাষণে [ক]; ৩৭ (৪র্থ) গায়ন-নর্তন [গ, ঘ, চ, ট,]; ৩৮ (১ম) ভাবুক [ঝ, থ, ধ,]; ৪১ (৩য়) তুমি [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৪২ (৪র্থ-৫ম) ইথে কি [চ, ট, ড, ধ]।

মূর্খ তুমি, তোমার নাহি বেদান্তাধিকার।
কৃষ্ণনাম জপ সদা, এই মন্ত্র সার ॥ ৭২
কৃষ্ণনাম হৈতে হবে সংসারমোচন।
কৃষ্ণনাম হৈতে পাবে কৃষ্ণের চরণ ॥ ৭৩
৫ নাম বিনু কলিকালে নাহি আর ধর্ম।
সর্বমন্ত্র-সার নাম—এই শাস্ত্র-মর্ম ॥ ৭৪
এত বলি এক শ্লোক শিখাইল মোরে।
কণ্ঠে করি এই শ্লোক করিহ বিচারে ॥ ৭৫

তথা হি (ভক্তিসন্দর্ভ-২৭৩ অনুচ্ছেদ-ধৃত)
১০　বৃহন্নারদীয়বচনম্ (৩৮।১২৬)—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ ৭৬

এই আজ্ঞা পাঞা নাম লই অনুক্ষণ।
নাম লৈতে লৈতে মোর ভ্রান্ত হৈল মন ॥ ৭৭
১৫ ধৈর্য করিতে নারি—হৈলাম উন্মত্ত।
হাসি কান্দি নাচি গাই—যৈছে মদমত্ত ॥ ৭৮
তবে ধৈর্য করি মনে করিল বিচার—।
কৃষ্ণনামে জ্ঞানাচ্ছন্ন হইল আমার ॥ ৭৯
পাগল হইলাঙ আমি—ধৈর্য নাহি মনে।
২০ এত চিন্তি নিবেদিলুঁ গুরুর চরণে—॥ ৮০
কিবা মন্ত্র দিলা গোসাঞি ! কিবা তার বল।
জপিতে জপিতে মন্ত্র করিল পাগল ॥ ৮১
হাসায় নাচায় মোরে করায় ক্রন্দন।
এত শুনি গুরু হাসি বলিলা বচন ॥ ৮২
২৫ কৃষ্ণনাম-মহামন্ত্রের এইত' স্বভাব।
যেই জপে,—তার কৃষ্ণে উপজয়ে ভাব ॥ ৮৩
কৃষ্ণবিষয়ক প্রেমা—পরম পুরুষার্থ।
যার আগে তৃণ-তুল্য চারি পুরুষার্থ ॥ ৮৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ প্রেমভক্তিং নিরূপয়িতুং—

কলের্দোষনিধে রাজন্নস্তি হ্যেকো মহান্ গুণঃ। কীর্তনাদেব কৃষ্ণস্য মুক্তবন্ধঃ পরং ব্রজেৎ ॥ ইতি শ্রীভাগবতবচনাৎ

কলিযুগধর্ম-শ্রীভগবন্নাম-মহিমানমাহ বৃহন্নারদীয়ে—হরের্নামেতি। কলৌ কেবলং হরের্নামৈব গতিঃ স্যাৎ, অন্যথা গতির্নাস্ত্যেব কলাবিতি দ্বয়োরন্বয়ঃ। অত্র হরিনাম্নো বারত্রয়গ্রহণং জ্ঞানকর্মযোগ-নিরাসার্থং, নাস্ত্যেবেতি বারত্রয়ং কথনাৎ। দ্বৌ নঞৌ প্রকৃতার্থং বোধয়ত ইতি ন্যায়ে নঞ্‌ত্রয়কথনং, এবং ত্রয়েণ ভগবন্নামগ্রহণস্যাবশ্যকত্বমায়াতম্। কেবলমিত্যনেন শুদ্ধভক্তিযোগস্য কর্তব্যত্বমায়াতম্। কলিযুগধর্মত্বাদ্ভগবন্নাম্নো মুখ্যত্বেন গ্রহণং, শ্রবণকীর্তনাদেরুপলক্ষণমিতি জ্ঞাতব্যম্। অতঃ শ্রবণাদেরপি গতিত্বমায়াতমিতি ফলিতার্থঃ ॥ ৭৬ ॥

বঙ্গানুবাদ

৭৬। কলিযুগে একমাত্র হরিনামই, হরিনামই, হরিনামই গতি। ইহা ভিন্ন কলিযুগে আর গতি নাইই, নাইই, নাইই।

পাঠান্তর

১ (৩য়) তব [চ, দ], (৫ম) বেদান্তে অধিকার [ক, খ] ; ২ (১ম)-নাম [ট, দ], ৩ (১ম)-নাম [ঘ, চ, ঝ, ট, ঠ, ঢ, দ] ; ৪ (১ম)-মন্ত্র [ক, ত] ; ৫ (২য়) বিনা [গ, চ, ঝ, ট, ড, থ, দ, ধ] ; ৬ (১ম-২য়)-মন্ত্রে নাম সার [ক, খ] ; ৮ (৫ম) করহ [গ, ছ, ট, ড, দ] ; ১৩ (৫ম-৬ষ্ঠ) করিএ গ্রহণ [ক] ; ১৪ (৫ম) আর্দ্র [চ] ; ১৫ (২য়) ধরিতে [ক, ধ] ; ১৬ (৬ষ্ঠ) মদোন্মত্ত [ঘ, চ, ঠ, ঢ, ণ ন] ; ১৭ (৩য়) ধরি [ধ] ; ১৮ (২য়) বুদ্ধি-[গ, ঘ, চ, জ, ট], ১৯ (৫ম) নহে [ঝ, ঞ, ঠ, ড, ঢ, ণ, থ, ন] ; ২২ (১ম-৩য়) জপিতেই মোরে মন্ত্র [ক, গ, ঘ, চ, দ], জপিতেই মন্ত্র মোরে [খ, ছ, জ, ঞ, ত] ; ২৪ (৪র্থ) মোরে [ছ, ঝ, ট, ড, থ, দ, ধ] ; ২৫ (৩য়) প্রভাব [ক] ; ২৮ (৩য়)-প্রায় [গ, ঘ, চ, ছ, জ, ট, ড]।

পঞ্চম-পুরুষার্থ প্রেমানন্দামৃত-সিন্ধু।
মোক্ষাদি আনন্দ যার নহে একবিন্দু ॥ ৮৫
'কৃষ্ণনামের ফল প্রেমা'— সর্বশাস্ত্রে কয়।
ভাগ্যে সেই প্রেমা তোমায় করিল উদয় ॥ ৮৬
৫ প্রেমার স্বভাবে করে চিত্ত-তনু ক্ষোভ।
কৃষ্ণের চরণপ্রাপ্ত্যে উপজায় লোভ ॥ ৮৭
প্রেমার স্বভাবে ভক্ত হাসে কান্দে গায়।
উন্মত্ত হইয়া নাচে - ইতি-উতি ধায় ॥ ৮৮
স্বেদ কম্প রোমাঞ্চাশ্রু গদ্‌গদ বৈবর্ণ্য।
১০ উন্মাদ বিষাদ ধৈর্য গর্ব হর্ষ দৈন্য ॥ ৮৯
এত ভাবে প্রেমা ভক্তগণেরে নাচায়।
কৃষ্ণের আনন্দামৃত-সাগরে ভাসায় ॥ ৯০
ভাল হৈল পাইলে তুমি পরম পুরুষার্থ।
তোমার প্রেমেতে আমি হইলাঙ কৃতার্থ ॥ ৯১
১৫ নাচ গাও ভক্তসঙ্গে কর সঙ্কীর্তন।
কৃষ্ণনাম উপদেশি তার' সর্বজন ॥ ৯২
এত বলি এক শ্লোক শিখাইল মোরে।
'ভাগবতের সার এই' বোলে বারেবারে ॥ ৯৩

তথাহি (শ্রীমদ্ভাগবতে ১১।২।৪০)—

২০ এবংব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্যা,
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।
হসত্যথো রোদিতি রৌতি গায়,-
ত্যুন্মাদবন্ নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৯৪

এই তাঁর বাক্যে আমি দৃঢ় বিশ্বাস ধরি।
২৫ নিরন্তর কৃষ্ণনাম-সংকীর্তন করি ॥ ৯৫
সেই কৃষ্ণনাম কভু গাওয়ায় নাচায়।
গাই নাচি নাহি আমি আপন ইচ্ছায় ॥ ৯৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অতএব বৈধিরাগজ-প্রেম্নোর্মধ্যে রাগানুগীয়ভক্তিপ্রেম লক্ষণমেকাদশস্কন্ধে (১১।২।৪০) বিদেহং প্রতি নবযোগেন্দ্রেণোক্তম্—এবমিতি। অত্র শ্রীধরস্বামী—"এবং চ ভজতঃ সংপ্রাপ্তপ্রেমলক্ষণ-ভক্তিযোগস্য সংসারধর্মাতীতাং গতিমাহ—এবমিতি। এবং ব্রতং বৃত্তং যস্য স। স্বপ্রিয়স্য হরের্নামকীর্ত্যা জাতোঽনুরাগঃ প্রেমা যস্য সঃ, অতএব দ্রুতচিত্তঃ শ্লথহৃদয়ঃ কদাচিদ্‌ভক্তপরাজিতং ভগবন্তমাকলয্য উচ্চৈর্হসতি। এতাবন্তং কালমুপেক্ষিতোঽস্মীতি রোদিতি, অত্যৌৎসুক্যাদ্রৌতি ক্রোশতি—হে হরে! মামনুগৃহাণেতি, অতিহর্ষেণ গায়তি, জিতং জিতমিতি নৃত্যতি। কিং দাম্ভিকবৎ পরান্‌প্রতি প্রকাশয়িতুম্? ন, উন্মত্তবদ্ গ্রহগৃহীতবৎ, লোকবাহ্যো বিবশঃ অথবা লোকাপেক্ষারহিত ইত্যর্থঃ ॥' ৯৪ ॥

বঙ্গানুবাদ

৯৪। হে মহারাজ! ভগবদ্ভজনশীল পুরুষ স্বীয় বাসনা পোষক হরিনাম প্রাধান্যে কীর্তন করিতে করিতে মহাপ্রেমের আবির্ভাব হওয়ায় শ্লথ হৃদয় হইয়া প্রেমপরবশ হওত উন্মত্তের ন্যায় (অন্যের নিকট নিজেকে জানাইবার জন্য নহে) কখন উচ্চৈঃস্বরে হাস্য, কখন বা রোদন, কদাচিৎ চীৎকার, কখন গান এবং কখন বা নৃত্য করিয়া থাকেন।

পাঠান্তর

১ (৩য়-৪র্থ) ব্রহ্মানন্দ আদি [ক, চ], ব্রহ্মাদি আনন্দ [গ, ছ, জ, ট, ড, ধ] ; ৪ (৪র্থ) তোমার [ক, গ, ঘ, ছ, জ, ঞ, ণ, ত, থ, ন], তোমা [ট] ; ৫ (১ম) প্রেমের [ক, জ, ঝ, ঞ, ঢ], (৩য়) জন্মে [চ] ; ৯ (৩য়-৪র্থ) গদ্‌গদাশ্রু রোমাঞ্চ [ক, খ, ঙ, ছ, ঞ, ত, দ] ; ১২ (১ম-২য়) কৃষ্ণঃপ্রমানন্দসুখ-[ঙ, চ, ত, দ] ; ১৩ ইহার পূর্বে অধিক পাঠ—ভাল হৈল পাইলে তুমি কৃষ্ণপ্রেমধন। নিরন্তর কর তুমি কৃষ্ণসংকীর্তন ॥ [জ] ; ১৫ (৪র্থ) করি [ট] ; ১৬ (৪র্থ) ত্রিভুবন [ঝ, ট, ঢ] ; ১৭ (৩য়) পুনঃ [ঝ, ঠ, ঢ] ; ২৪ (৭ম) করি [ক, খ, ঙ, ট, ণ, ত, দ, ন]।

কৃষ্ণনামে যে-আনন্দ-সিন্ধু-আস্বাদন।
ব্রহ্মানন্দ তার আগে খাতোদক-সম ॥ ৯৭

তথাহি হরিভক্তিসুধোদয়ে (১৪।৩৬)—

ত্বৎসাক্ষাৎকরণাহ্লাদ-বিশুদ্ধাব্ধিস্থিতস্য মে।
৫ সুখানি গোষ্পদায়ন্তে ব্রাহ্মাণ্যপি জগদ্‌গুরো ॥ ৯৮

প্রভুর মিষ্টবাক্য শুনি সন্ন্যাসীর গণ।
চিত্ত ফিরি গেল, কহে মধুর বচন ॥ ৯৯
যে কিছু কহিলে তুমি, সব সত্য হয়।
কৃষ্ণপ্রেম সে-ই পায়, যার ভাগ্যোদয় ॥ ১০০
১০ কৃষ্ণভক্তি কর, ইহায় সভার সন্তোষ।
বেদান্ত না শুন কেনে, তাহে কিবা দোষ ॥ ১০১
এত শুনি হাসি প্রভু বলিলা বচন।
দুঃখ না মানহ যদি, করি নিবেদন ॥ ১০২
ইহা শুনি বোলে সর্ব সন্ন্যাসীর গণ—।
১৫ তোমারে দেখিয়ে যৈছে সাক্ষাৎ নারায়ণ ॥ ১০৩
তোমার বচন শুনি জুড়ায় শ্রবণ।
তোমার মাধুরী দেখি জুড়ায় নয়ন ॥ ১০৪
তোমার প্রভাবে সভার আনন্দিত মন।
কভু অসঙ্গত নহে তোমার বচন ॥ ১০৫
২০ প্রভু কহে—বেদান্তসূত্র ঈশ্বর-বচন।
ব্যাসরূপে কহিল যাহা শ্রীনারায়ণ ॥ ১০৬
ভ্রম প্রমাদ বিপ্রলিপ্সা করণাপাটব।
ঈশ্বরের বাক্যে নাহি এই দোষ সব ॥ ১০৭
উপনিষৎ-সহিত সূত্র কহে যেই তত্ত্ব।
২৫ মুখ্যাবৃত্তি সেই অর্থ—পরম-মহত্ত্ব ॥ ১০৮
গৌণবৃত্ত্যে যেবা ভাষ্য করিল আচার্য।
তাহার শ্রবণে নাশ যায় সর্বকার্য ॥ ১০৯
তাঁহার নাহিক দোষ, ঈশ্বর আজ্ঞা পাঞা।
গৌণ অর্থ কৈল মুখ্য-অর্থ আচ্ছাদিয়া ॥ ১১০
৩০ 'ব্রহ্ম'-শব্দে মুখ্য অর্থে কহে—ভগবান্।
চিদৈশ্বর্য পরিপূর্ণ অনূর্দ্ধ্ব সমান ॥ ১১১
তাঁহার বিভূতি-দেহ—সব চিদাকার।
চিদ্বিভূতি আচ্ছাদি তাঁরে কহে নিরাকার ॥ ১১২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ভগবদ্ভক্তিং নিরূপ্য ব্রহ্মকৃষ্ণয়োরনন্যদ্‌ব্রহ্মভজনমপি কর্তব্যত্বেনায়াতমিত্যাশঙ্ক্য তন্নিরাসার্থং হরিভক্তিসুধোদয়ে (১৪।৩৬) নৃসিংহং প্রতি প্রহ্লাদবাক্যম্—ত্বতিদি। তব যৎ সাক্ষাৎকরণং তেন যঃ আহ্লাদঃ পরমানন্দঃ স এব বিশুদ্ধাব্ধিঃ তত্র স্থিতস্য মম হে জগদ্‌গুরো ব্রাহ্মাণি সুখানি গোষ্পদায়ন্তে তানি তুচ্ছীকৃতানীত্যর্থঃ। অত্র জগদ্‌গুরো ইত্যনেন ত্বমেব তদুপদেষ্টেতি ধ্বনিতম্ ॥ ৯৮ ॥

বঙ্গানুবাদ

৯৮। হে জগদ্‌গুরো! তোমার সাক্ষাৎকার জনিত আনন্দ-সমুদ্রে নিমগ্ন হইয়া আমার ব্রহ্মানুভবজনিত সুখও গোষ্পদসদৃশ প্রকাশ পাইতেছে।

পাঠান্তর

৮ (৫ম) সর্ব [খ, গ, ঘ, চ, ট, ড, থ, ধ]; ১০ (১ম) কৃষ্ণে [ট, ড, থ, দ, ধ]; (৩য়) ইথে [ছ]; ১১ (৫ম) তার [গ, ছ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ, থ, ধ, ন]; ১৩ (৩য়) ভাবহ [ত]; ১৪ (৩য়) বলে [ক, গ, চ, ট, ঠ, ড, ঢ, থ, দ, ধ], (৪র্থ) সব [ক, খ, ঙ, ছ, ঞ, দ]; ২১ (২য়-৩য়) কৈলা তাহা [গ, ঘ, ট, ড, ধ], (৩য়-৫র্থ) আপনে নারায়ণ [ক, জ, ত]; ২৩ (৪র্থ-৫ম) দোষ এই [ড, ণ, ত, থ, দ, ধ, ন]; ২৫ (১ম) মুখ্য:-[ক, খ, গ, ছ, জ, ঞ, ট, ঠ, ঢ, দ],-বৃত্ত্যে [খ, ঙ, চ, ধ]; ২৭ (৪র্থ) হয় [ঠ, ঢ, ণ, দ, ন]; ২৯ (১ম-২য়) গৌণ অর্থ কৈল [ক, খ, ঘ, ঙ, ছ, জ, ঞ, ত], (১ম-৩য়) গৌণ অর্থ মুখ্য কৈল [গ]; ৩১ (১ম) ষড়ৈশ্বর্য [ড]; ৩২ (৩য়-৪র্থ) চিদানন্দাকার [খ, চ]; ৩৩ (২য়-৩য়) আচ্ছাদিয়া [চ, ট, ড, ত, দ, ধ]।

চিদানন্দ দেহ তাঁর স্থান পরিবার।
তাঁরে কহেন - প্রাকৃত-সত্ত্বের বিকার ? ॥ ১১৩
তাঁর দোষ নাহি, তিহোঁ আজ্ঞাকারী দাস।
আর যেই শুনে, তার হয় সর্বনাশ ॥ ১১৪
৫ বিষ্ণুনিন্দা আর নাহি ইহার উপর।
প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর ॥ ১১৫
ঈশ্বরের তত্ত্ব – যেন জ্বলিত জ্বলন।
জীবের স্বরূপ – যৈছে স্ফুলিঙ্গের কণ ॥ ১১৬
জীবতত্ত্ব শক্তি, কৃষ্ণতত্ত্ব শক্তিমান্।
১০ গীতা-বিষ্ণুপুরাণাদি ইথে পরমাণ ॥ ১১৭

তথাহি শ্রীভগবদ্গীতায়াম্ (৭।৫)—

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ ॥ ১১৮

তথাহি শ্রীবিষ্ণুপুরাণে (৬।৭.৬১)—

১৫ বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যা কর্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥ ১১৯

হেন জীবতত্ত্ব লঞা লিখি পরতত্ত্ব।
আচ্ছন্ন করিল শ্রেষ্ঠ ঈশ্বর-মহত্ত্ব ॥ ১২০
ব্যাসের সূত্রেতে কহে—পরিণামবাদ।
২০ 'ব্যাস ভ্রান্ত' বলি তাঁহা উঠাল বিবাদ ॥ ১২১
পরিণামবাদে ঈশ্বর হয়েন বিকারী।
এত কহি বিবর্তবাদ স্থাপন যে করি ॥ ১২২
বস্তুত পরিণামবাদ—সেই ত প্রমাণ।
'দেহে আত্মবুদ্ধি' এই বিবর্তের স্থান ॥ ১২৩
২৫ অবিচিন্ত্যশক্তিযুক্ত শ্রীভগবান্।
ইচ্ছায় জগত-রূপে পায় পরিণাম ॥ ১২৪

বঙ্গানুবাদ

অথ ভগবচ্ছক্তি-নিরূপণং ভগবদ্গীতায়াম (৭।৫) অর্জুনং প্রতি শ্রীকৃষ্ণেনোক্তম্—অপরেয়মিতি। হে মহাবাহো, হে অর্জুন, ভূম্যাদ্যষ্টবিধেয়ং বহিরঙ্গামায়াশক্তিঃ অপরা পরা ন ভবতি। কুতঃ ? তৎকর্মণো ভগবদরুচিকরত্বাৎ বহিরঙ্গেত্যাখ্যা, ইতো বহিরঙ্গাতোঽন্যাং জীবভূতাং তটস্থাশক্তিং পরাং বিদ্ধি, জানীহি যয়েদং জগদ্ধার্যতে। ইয়ং ভগবদংশত্বাৎ পরা, যথা তত্রৈব—'মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ' ॥ ইতি ॥ ১১৮ ॥

অতএব শক্তিত্রয়ং বিষ্ণুপুরাণে মৈত্রেয়ং প্রতি পরাশর আহ—বিষ্ণুশক্তি রিতি। বিষ্ণুশক্তির্ভগবচ্ছক্তিঃ, পরাসর্বোৎকৃষ্টা প্রোক্তা নারাদা-দিভিরিতি শেষঃ। ক্ষেত্রজ্ঞাখ্যা জীবশক্তিঃ তথা তেন প্রকারেণ পরা ভগবদংশত্বাৎ হেতো, অবিদ্যা বহিরঙ্গাশক্তিঃ অন্যাপরা, সা কিংভূতা ? কর্মসংজ্ঞা, এবং তৃতীয়াশক্তিরিষ্যতে ॥ ১১৯ ॥

বঙ্গানুবাদ

১১৮। হে মহাবাহো ! পূর্বে যে অষ্টবিধ প্রকৃতির কথা বলিলাম, ইহা অপরা। সমস্ত জগৎকে যে ধারণ করিয়া রহিয়াছে, আমার সেই জীব-স্বরূপ প্রকৃতিকে এই ভোগ্যরূপ অচেতন অপরা-প্রকৃতি হইতে ভিন্ন করিয়া জানিও।

১১৯। বিষ্ণুশক্তি তিনপ্রকার ; পরা অর্থাৎ বিষ্ণুর সর্বথা স্বরূপভূত-চিৎস্বরূপ—অন্তরঙ্গা-নাম্নী প্রথমা শক্তি ; অপরা অর্থাৎ ক্ষেত্রজ্ঞনামা জীবশক্তি,—ইহা চিদ্রূপা হইলেও স্বরূপশক্তি হইতে বিভিন্না তটস্থা নাম্নী দ্বিতীয়া শক্তি এবং যাহার কার্য অবিদ্যা, সেই মায়া—বহিরঙ্গা-নাম্নী তৃতীয়া শক্তি।

পাঠান্তর

১ (২য়) তেঁহো [ড, ণ, ত, ন] ; ৩ (৪র্থ) তেঁহো [চ, জ, ঝ, ঞ, ঠ, ণ, ধ, ন] ; ৭ (৩য়) যৈছে [গ, ঘ, চ, ছ, জ, ট, ঠ, ঢ], (৫ম) অনল [ক, গ, ঘ] ; ৮ (৩য়) যেন [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ত, দ] ; ১০ (২য়-৩য়) তাহাতে (ইহাতে) প্রমাণ [ক, গ, ঘ, চ, জ, ঞ, ট, ড, থ, দ, ধ], পরম প্রমাণ [ঠ, ঢ] ; ২০ (৪র্থ) তথা [গ, ঘ, চ, ট] ; ২২ (৪র্থ) স্থাপনা [ট, ড, থ, দ, ধ] ; ২৩ (৩য়-৪র্থ) সূত্র সে [ঙ], সেই সে [ঙ, ঝ, ত, ধ]।

তথাপি অচিন্ত্যশক্ত্যে হয় অবিকারী।
প্রাকৃত চিন্তামণি তাহে দৃষ্টান্ত যে ধরি ॥ ১২৫
নানা রত্নরাশি হয় চিন্তামণি হৈতে।
তথাপিহ মণি রহে স্বরূপ অবিকৃতে ॥ ১২৬
৫ প্রাকৃত বস্তুতে যদি অচিন্ত্যশক্তি হয়।
ঈশ্বরের অচিন্ত্যশক্তি ইথে কি বিস্ময় ? ১২৭
প্রণব সে মহাবাক্য—বেদের নিদান।
ঈশ্বর-স্বরূপ প্রণব সর্ববিশ্বধাম ॥ ১২৮
সর্বাশ্রয়-ঈশ্বরের প্রণব উদ্দেশ।
১০ 'তত্ত্বমসি'-বাক্য হয় বেদের একদেশ ॥ ১২৯
প্রণবের মহাবাক্যত্ব করি আচ্ছাদন।
মহাবাক্যে করি তত্ত্বমসির স্থাপন ॥ ১৩০
সর্ববেদে সূত্রে করে কৃষ্ণের অভিধান।
মুখ্যবৃত্তি ছাড়ি কৈল লক্ষণা-ব্যাখ্যান ॥ ১৩১
১৫ স্বতঃপ্রমাণ বেদ—প্রমাণ-শিরোমণি।
লক্ষণা হইলে স্বতঃপ্রমাণতা-হানি ॥ ১৩২
এইমত প্রতিসূত্রে সহজার্থ ছাড়িয়া।
গৌণ-অর্থ ব্যাখ্যা করে কল্পনা করিয়া ॥ ১৩৩
এইমত প্রতিসূত্রে করিলা দূষণ।
২০ শুনি চমৎকার হৈল সন্ন্যাসীর গণ ॥ ১৩৪
সকল সন্ন্যাসী কহে শুনহ শ্রীপাদ।
তুমি যে খণ্ডিলে অর্থ এ নহে বিবাদ ॥ ১৩৫
আচার্য-কল্পিত অর্থ সভে ইহা জানি।
সম্প্রদায়-অনুরোধে তবু তাহা মানি ॥ ১৩৬
২৫ মুখ্য-অর্থ ব্যাখ্যা কর, দেখি তোমার বল।
মুখ্যার্থে লাগাইল প্রভু সূত্র-সকল—॥ ১৩৭
বৃহদ্বস্তু ব্রহ্ম কহি শ্রীভগবান।
ষড় বিধ-ঐশ্বর্য-পূর্ণ পরতত্ত্বধাম ॥ ১৩৮
* স্বরূপ ঐশ্বর্য তাঁর, নাহি মায়া-গন্ধ।
৩০ সকল বেদের সেই ভগবান 'সম্বন্ধ' ॥ ১৩৯
তাঁরে নির্বিশেষ কহি চিচ্ছক্তি না মানি।
অর্ধ স্বরূপ না মানিলে পূর্ণতাতে হানি ॥ ১৪০
ভগবান্‌-প্রাপ্তিহেতু যে করি উপায়।
শ্রবণাদি ভক্তি—কৃষ্ণ-প্রাপ্তির সহায় ॥ ১৪১
৩৫ সেই সর্ববেদের 'অভিধেয়' নাম।
সাধনভক্তিতে হয় প্রেমের উদ্‌গম ॥ ১৪২
কৃষ্ণের চরণে যদি হয় অনুরাগ।
কৃষ্ণবিনু অন্যত্র তার নাহি রহে রাগ ॥ ১৪৩
পঞ্চমপুরুষার্থ সেই প্রেম মহাধন।
৪০ কৃষ্ণের মাধুর্যরস করায় আস্বাদন ॥ ১৪৪
প্রেমা হৈতে কৃষ্ণ হয় নিজভক্ত-বশ।
প্রেমা হৈতে পাই কৃষ্ণসেবাসুখরস ॥ ১৪৫
সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন নাম।
এই তিন অর্থ সর্বসূত্রে পর্যবসান ॥ ১৪৬
৪৫ এইমত সব সূত্রের ব্যাখ্যান শুনিয়া।
সকল সন্ন্যাসী কহে বিনয় করিয়া ॥ ১৪৭
বেদময়-মূর্তি তুমি সাক্ষাৎ নারায়ণ।
ক্ষম অপরাধ পূর্বে যে কৈলু নিন্দন ॥ ১৪৮

পাঠান্তর

১১ (১ম-২য়) প্রণব মহাবাক্য—তাহা [ঙ, ঠ, ঢ, ণ, ত, থ, ধ, ন]; ১২ (২য়) করে [ট]; ১৩ (১ম-২য়) সর্ববেদ-সূত্রে [ক, ঙ, চ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ. থ, দ, ধ, ন], সর্ববেদান্তসূত্রে [ছ], সর্ববেদশাস্ত্রে [জ], ১৬ (২য়) করিলে [খ, চ, ড, ণ, ত, থ, ধ, ন,]; ১৭ (২য়) সূত্রে সব [গ, ঘ, চ, জ, ট], (৩য়) নিজার্থ [গ, ঘ, চ, জ, ট]; ১৯ (৩য়) করেন [খ, ড, ণ, ত, থ, ধ, ন], ২০ (৩য়) সব [গ, ঘ, চ, জ, ট. দ], (৫ম) মন [ক, খ, ঘ, ঙ, চ, জ]; ২৬ (১ম) মুখ্যার্থ [ক, খ, ঘ, ঙ, ট, ড, ণ, ত, দ, ন], (৪র্থ) সূত্রেতে সকল [ক]; ২৯ (২য়) ঐশ্বর্যে [চ, ঝ, ধ], ৩২ (৫ম) পূর্ণতা হয় [ঙ, ঝ, ঞ, ঠ, ঢ, ণ, থ, দ, ধ, ন]; ৩৩ (১ম) শ্রীভগবৎ [ত], (৩য়) কিছু [দ], ৩৪ (৩য়)-প্রাপ্ত্যের [খ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ড, ত, ধ], ৩৬ (১ম)-ভক্তি হৈতে [চ, ছ, ড, ণ, ত, ধ, ন]; ৩৭ (৩য়-৪র্থ) যদি প্রেম [ক, খ, ঙ, ত], যবে প্রেম [ছ]। ৪৪ (৩য়, ৪র্থ) অর্থে সর্বসূত্র [ক, খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ]।

সেই হৈতে সন্ন্যাসীর ফিরি গেল মন।
কৃষ্ণকৃষ্ণ নাম সদা করয়ে গ্রহণ ॥ ১৪৯

এইমত তা-সবার ক্ষমি অপরাধ।
সভাকারে কৃষ্ণনাম করিলা প্রসাদ ॥ ১৫০

৫ তবে সর্ব সন্ন্যাসী মহাপ্রভুকে লইয়া।
ভিক্ষা করিলেন সভে মধ্যে বসাইয়া ॥ ১৫১

ভিক্ষা করি মহাপ্রভু আইলা বাসাঘর।
হেন চিত্র লীলা করে গৌরাঙ্গসুন্দর ॥ ১৫২

চন্দ্রশেখর তপনমিশ্র আর সনাতন।
১০ শুনি দেখি আনন্দিত সভাকার মন ॥ ১৫৩

প্রভুকে দেখিতে আইসে সকল সন্ন্যাসী।
প্রভুর প্রশংসা করে সর্ব বারাণসী ॥ ১৫৪

বারাণসীপুরী আইলা শ্রীকৃষ্ণচৈতন্য।
পুরীসহ সর্বলোক হৈল মহাধন্য ॥ ১৫৫

১৫ লক্ষ লক্ষ লোক আইসে প্রভুকে দেখিতে।
মহাভিড় হৈল, দ্বারে নারে প্রবেশিতে ॥ ১৫৬

প্রভু যবে যান বিশ্বেশ্বর দরশনে।
লক্ষলক্ষ লোক আসি মিলে সেইস্থানে ॥ ১৫৭

স্নানাদি করিতে যবে যান গঙ্গাতীরে।
২০ তাঁহাঞি সকল লোক হয় মহাভীড়ে ॥ ১৫৮

বাহু তুলি বোলে প্রভু—বোল হরি হরি।
হরিধ্বনি করে লোক স্বর্গ-মর্ত্য ভরি ॥ ১৫৯

লোক নিস্তারিয়া প্রভুর চলিতে হৈল মন।
বৃন্দাবনে পাঠাইলেন শ্রীসনাতন ॥ ১৬০

২৫ রাত্রি-দিবসে লোকের দেখি কোলাহল।
বারাণসী ছাড়ি প্রভু আইলা নীলাচল ॥ ১৬১

এ-লীলা কহিব আগে বিস্তার করিয়া।
সংক্ষেপে কহিল ইহা প্রসঙ্গ পাইয়া ॥ ১৬২

এই পঞ্চতত্ত্বরূপে শ্রীকৃষ্ণচৈতন্য।
৩০ কৃষ্ণনাম-প্রেম দিয়া বিশ্ব কৈলা ধন্য ॥ ১৬৩

মথুরাতে পাঠাইলা রূপ-সনাতন।
দুই সেনাপতি কৈল ভক্তি-প্রচারণ ॥ ১৬৪

নিত্যানন্দগোসাঞে পাঠাইলা গৌড়দেশে।
তিহোঁ ভক্তি প্রচারিল অশেষ-বিশেষে ॥ ১৬৫

৩৫ আপনে দক্ষিণদেশে করিলা গমন।
গ্রামে-গ্রামে কৈলা কৃষ্ণনাম-প্রচারণ ॥ ১৬৬

সেতুবন্ধ-পর্যন্ত কৈলা ভক্তির প্রচার।
কৃষ্ণপ্রেম দিয়া কৈলা সভার নিস্তার ॥ ১৬৭

এই ত কহিল পঞ্চ-তত্ত্বের ব্যাখ্যান।
৪০ ইহার শ্রবণে হয় চৈতন্যতত্ত্বজ্ঞান ॥ ১৬৮

শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত তিনজন।
শ্রীবাস-গদাধর-আদি যত ভক্তগণ ॥ ১৬৯

সভার চরণপদ্মে করি নমস্কার।
যৈছে তৈছে কহি কিছু চৈতন্যবিহার ॥ ১৭০

৪৫ শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১৭১

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং পঞ্চতত্ত্বাখ্যানং নাম সপ্তমপরিচ্ছেদঃ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
পরিচ্ছেদে সপ্তমেঽস্মি বর্ণিতা প্রেমদাতৃতা ॥

ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়াং প্রেমদাতৃতাবর্ণনং নাম সপ্তমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

৫ (১ম-৩য়) সকল সন্ন্যাসী তবে [গ, ঘ, জ, ট, থ, ধ], তবে সন্ন্যাসীরগণ [ঝ, ঠ, ঢ], (৪র্থ-৫ম) মহাপ্রভু লঞা [খ, গ, ঘ, জ, ঝ, ট, ঠ, ঢ, ত], ৬ (২য়) করাইল [প, গ, ঘ, ছ, ঝ, ঞ ঠ, ঠ, ঢ], (৩য়) সভা [খ. ঙ, ঝ, ঞ], সর্ব [গ, ঘ, ছ, ট, ঠ, ঢ]; ৯ (২য়-৪র্থ) বৈদ্য আর মিশ্র তপন [দ]; ১১ (১ম) প্রভাব [খ]; ১৪ (৩য়) কৈল [ঘ, চ, ট]; ২৩ (৩য়) গোসাঞির [ঙ, ঝ, ত], ২৪ (২য়) পাঠাইলা [ক, খ, গ, ঘ. ঙ, চ, জ, ট, ড, থ, দ]; ২৫ (৩য়) শুনি [ঠ, ঢ, থ, ধ]; ৩১ (৩য়) শ্রীসনাতন [ক, থ, গ, ঘ, ঙ, ছ, জ, ত]; ৩৯ (৫ম) আখ্যান [ছ, ঝ, ঠ, ঢ]; ৪০ (১ম) যাহার [গ, ঘ, চ, জ, ট, ঠ, ঢ], (৪র্থ) গৌরতত্ত্বজ্ঞান [গ, চ, জ, ট, ঠ, ঢ], তত্ত্ববস্তু জ্ঞান [ঘ]; ৪১ (২য়-৩য়) নিত্যানন্দাদ্বৈত [গ, জ, ঠ, ঢ, দ]; ৪৩ (১ম-৪র্থ) সবাকার পাদপদ্ম কোটি নমস্কার [ড, ণ. থ, ধ, ন], ইহা সবার পাদপদ্মে কোটি নমস্কার [ত]

অষ্টম পরিচ্ছেদ

বন্দে চৈতন্যদেবং তং ভগবন্তং যদিচ্ছয়া।
প্রসভং নর্ত্ত্যতে চিত্রং লেখরঙ্গে জড়োঽপ্যয়ম্ ॥ ১

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গৌরচন্দ্র।
জয় জয় পরমানন্দ জয় নিত্যানন্দ ॥ ২

৫ জয় জয় অদ্বৈত আচার্য কৃপাময়।
জয় জয় গদাধর পণ্ডিত মহাশয় ॥ ৩

জয় জয় শ্রীবাসাদি যত ভক্তগণ।
প্রণত হইয়া বন্দোঁ সভার চরণ ॥ ৪

মূক কবিত্ব করে যাঁ-সভার স্মরণে।
১০ পঙ্গু গিরি লঙ্ঘে, অন্ধ দেখে তারাগণে ॥ ৫

এ সব না মানে যেই পণ্ডিতসকল।
তা-সভার বিদ্যাপাঠ ভেক-কোলাহল ॥ ৬

এই সব না মানে যেবা, করে—কৃষ্ণভক্তি।
কৃষ্ণ-কৃপা নাহি তারে, নাহি তার গতি ॥ ৭

১৫ পূর্বে যৈছে জরাসন্ধ-আদি রাজগণ।
বেদ-ধর্ম্ম করি' করে বিষ্ণুর পূজন ॥ ৮

কৃষ্ণ নাহি মানে, তাতে দৈত্য করি' মানি।
চৈতন্য না মানিলে তৈছে দৈত্য তারে জানি ॥ ৯

মোরে না মানিলে সব লোক হবে নাশ।
২০ এই লাগি' কৃপার্দ্র প্রভু করিলা সন্ন্যাস ॥ ১০

সন্ন্যাসী-বুদ্ধ্যে মোরে করিবে নমস্কার।
তথাপি খণ্ডিবে দুঃখ, পাইবে নিস্তার ॥ ১১

হেন কৃপাময় চৈতন্য না ভজে যেই জন।
সর্বোত্তম হইলেও তারে অসুরে গণন ॥ ১২

২৫ অতএব পুনঃ কহোঁ ঊর্দ্ধবাহু হঞা।
চৈতন্য নিত্যানন্দ ভজ কুতর্ক ছাড়িয়া ॥ ১৩

যদি বা তার্কিক কহে, তর্ক সে প্রমাণ।
তর্কশাস্ত্রে সিদ্ধ যেই, সেই সেব্যমান ॥ ১৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীচৈতন্যস্য প্রেমদাতৃত্বং কথয়িত্বা ভক্তমহিমানং কথয়িতুমিষ্টদেবং তং শ্রীচৈতন্যং প্রণমতি—বন্দ ইতি। ভগবন্তং তং চৈতন্যদেবং বন্দে, অভিবাদয়ামি। যদিচ্ছয়া যদনুগ্রহেণ জড়োঽপি অয়ং জনো লেখ্যরঙ্গে লেখ্য এব রঙ্গো রঙ্গস্থলং তস্মিন্ প্রসভং যথা স্যাত্তথা চিত্রং নর্ত্ত্যতে। এতন্নাশ্চর্যম্, যতঃ ভগবন্তমিতি ভাবঃ ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার ইচ্ছা হঠাৎ এই উদ্যমরহিত ব্যক্তিকেও লেখারূপ রঙ্গস্থলে আশ্চর্যরূপে নাচাইতেছেন, আমি সেই ভগবান্ শ্রীচৈতন্যদেবকে বন্দনা করি।

পাঠান্তর

২ (২য়) নর্ত্যতে [ক, গ, ঙ, চ, ঝ, ঢ, ণ, থ, ন], নর্ততে [ঘ, ট, ধ], বর্ণ্যতে [থ]; (৪র্থ) লেখ্যরঙ্গে [টীকা]; **৪** (৩য়) পরানন্দ [ঞ], প্রেমানন্দ :[ক, ছ]; **৫** (১ম-৪র্থ) জয়াদ্বৈতাচার্য জয় জয় [ত], **৭** (৪র্থ) গৌর [ট, দ], প্রভুর [ঞ], **৮** (১ম) দণ্ডবৎ [গ, ঘ, চ, ট]; **৯** (১ম) মূকেতে [চ]; **১৩** (৪র্থ, ৫ম) মানি যে [দ]; **১৫** (২য়) যেন [ক, থ, ঙ, ছ, ঝ, ঞ, ত, ধ], **১৭** (৪র্থ) তারে [ঝ, ট], **১৮** (৬ষ্ঠ) করি [ক, খ, ঝ, ঞ, ট, ঠ, ঢ], **১৯** (৬ষ্ঠ) হৈল [চ, ট], **২০** (১ম) ইথি [ছ, ঝ, ঞ, ড, ত, ধ], (৩য়) কৃপায় [খ, ঙ, ছ, ঝ, ঞ, ট, ঠ, দ], (৩য়, ৪র্থ) মহাপ্রভু [ঘ, ট], কৃপা করি [ক, জ], (১ম-৫ম) অতএব এবে মুক্তি করিব [ক, চ]; **২১** (১ম) সন্ন্যাসী জানিয়া [গ, ঘ, চ, জ, ট], **২২** (৩য়) দোষ [ক, ঙ, ছ, জ, ঠ, ঢ], (৪র্থ) হইবে [ক, খ, ঙ, ছ, জ, ঠ, ত]; **২৩** (৩য়) প্রভু [খ, গ, ঘ, চ, জ, ট, দ], গৌর [ঞ], (৫ম) মানে [ঝ, ঞ], (৩য়) তভু [ঙ], (৪র্থ-৫ম) অসুরের গণ [ঘ], অসুরের সম [ঙ]; **২৫** (২য়) শুন [ট], পুনঃ, পুনঃ [ঝ], **২৬** (২য়) নিতাই [গ, ট, দ], (৫ম) সব ছাড়ি [খ], **২৮** (২য়) প্রমাণ [গ, চ, দ] (৫ম) সেব্যধাম [গ]।

শ্রীকৃষ্ণচৈতন্য দয়া করহ বিচার।
বিচার করিলে চিত্তে পাবে চমৎকার ॥ ১৫
বহু জন্ম করে যদি শ্রবণ কীর্তন।
তভু নাহি পায় কৃষ্ণপদে প্রেমধন ॥ ১৬

৫ তথা হি ভক্তিরসামৃতসিন্ধৌ (১।১।৩৬) পদ্মপুরাণবচনম্—
জ্ঞানতঃ সুলভা মুক্তির্ভুক্তির্যজ্ঞাদিপুণ্যতঃ।
সেয়ং সাধনসাহস্রৈর্হরিভক্তিঃ সুদুর্লভা ॥ ১৭
কৃষ্ণ যদি ছুটে ভক্তে ভুক্তি মুক্তি দিয়া।
কভু প্রেমভক্তি না দেয় রাখে লুকাইয়া ॥ ১৮

১০ তথাহি শ্রীমদ্ভাগবতে (৫।৬।১৮)—
রাজন্ পতির্গুরুরলং ভবতাং যদূনাং
দৈবং প্রিয়ঃ কুলপতিঃ ক্ব চ কিঙ্করো বঃ।
অস্ত্বেবমঙ্গ ভজতাং ভগবান্মুকুন্দো
মুক্তিং দদাতি কর্হিচিৎ স্ম ন ভক্তিযোগম্ ॥ ১৯

১৫ হেন প্রেম শ্রীচৈতন্য দিলা যথা তথা।
জগাই মাধাই পর্যন্ত অন্যের কা কথা ॥ ২০
স্বতন্ত্র-ঈশ্বর প্রেম—নিগূঢ় ভাণ্ডার।
বিলাইল যারে তারে, না কৈল বিচার ॥ ২১

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ প্রথমতঃ ভক্তের্দুর্লভত্বমাহ পদ্মপুরাণে—জ্ঞানত ইতি। মুক্তির্জ্ঞানতঃ সুলভা ভবতি। 'জ্ঞানং যদ্ব্রহ্মদর্শনমিতি' প্রথমস্কন্ধাৎ। যজ্ঞাদি পুণ্যতো ভুক্তিঃ সুলভাঃ। এবংভূতৈঃ সাধনসাহস্রৈঃ সেয়ং হরিভক্তিঃ সুদুর্লভা ভবতি। জ্ঞানত ইত্যনেন সাঙ্গত্বমায়াতমস্ত, তদ্বিনা মুক্তিঃ সুদুর্লভা ভবত্যেব। ভক্তেরপ্যেবং জ্ঞাতব্যম্। অতোঽভক্তিপূর্বক-সাধনসাহস্রৈঃ হরিভক্তিঃ সুদুর্লভেতি জ্ঞাতব্যম্। তদ্বিনা তু অবঘাতী স্যাৎ (?) ॥ ১৭ ॥

তস্যা দুর্লভত্বং সপ্তমে যুধিষ্ঠিরং প্রতি নারদেনোক্তম্—রাজন্নিতি। অত্র স্বামী, হে রাজন্, হে যুধিষ্ঠির, ভবতাং যুষ্মাকং যদূনাং শ্রীকৃষ্ণঃ পতিঃ পালকো গুরুরুপদেষ্টা, অলং নিশ্চিতমেব, দৈবং উপাস্যঃ, প্রিয়ঃ সুহৃৎ, কুলস্য পতির্নিয়ন্তা, কিং বহুনা ক্ব চ কদাচিৎ দৌত্যাদিষু বা পাণ্ডবানাং যুষ্মাকং কিঙ্করঃ আজ্ঞানুবর্তী। অস্তু নামৈবং তথাপি অন্যেষাং নিত্যং ভজতামপি মুক্তিং দদাতি। নতু কদাচিৎ স্ব-প্রেমভক্তিযোগমিত্যেষা। ব ইতি পুনরুক্তিরত্যাদরেণ। পুত্রাদি সম্বন্ধবতাং যদূনাং এতদ্ভাগ্যং ন ভবত্যেব। এতেন ভক্তবশ্যত্বং সূচিতম্। নন্থ ভজতাং মুক্তিং দদাতি ন ভক্তিম্ ইতি ভজনমেব বৈফল্যং স্যাদিতি চেন্ন। উচ্যতে—কদাচিদিতি অসাকল্যে তু চিৎ-শব্দাদিত্যনেন ভজনপরিপকে সতি ভক্তিযোগং দদাত্যেব। কস্মান্ন দদাতি। 'যতো বশ্যকরী হরেঃ' ইতি পাদ্মীয়-বচনাৎ। ভক্তিযোগং প্রেমভক্তিযোগমিতি ॥ ১৯ ॥

বঙ্গানুবাদ

১৭। জ্ঞান-দ্বারা মুক্তি এবং যজ্ঞাদিপুণ্য দ্বারা স্বর্গাদি সুখভোগকে অনায়াসেই লাভ করা যাইতে পারে; কিন্তু সাধন-সহস্রদ্বারা কোনরূপেই হরিভক্তি লাভ হয় না।

১৯। হে রাজন্! তোমাদিগের (পাণ্ডবদিগের) এবং যাদবদিগের যিনি পালক, উপদেষ্টা, উপাস্যদেব, সুহৃৎ এবং কুলপতি, আর অধিক কি বলিব—কদাচিৎ যিনি দৌত্যাদি কার্যে তোমাদিগের আজ্ঞানুবর্তী। হে মহারাজ! সেই ভগবান মুকুন্দ, তোমাদিগের এ প্রকার হইলেও ভজনকারিগণকে মুক্তিদান করেন, কখন প্রেমভক্তি দান করেন না।

পাঠান্তর

৩ (৩য়) কর [দ] ৪ (১ম-৩য়) তবু নাহি পায় [ঝ, ঞ, ঠ, ঢ, ণ, থ, ন], তবু না পাইয়ে [খ, গ, ঘ, ঙ, চ, ছ, ট], তবু ত' না পায় [ক, জ, ড, ত, ধ]; ৮ (২য়) সদা [চ]; ১৫ (৩য়) চৈতন্য নিতাই [ক, খ, ঘ, ঙ, ছ, জ, ঞ, ট, ঢ, দ], চৈতন্য গোসাঞি [গ], দুই প্রভু [চ], ১৬ (৩য়) তাহে [গ], তাথে [ঘ]।

অদ্যাপিহ দেখ 'চৈতন্য'-নাম যেই লয়।
কৃষ্ণ-প্রেমে পুলকাশ্রু বিহ্বল সে হয় ॥ ২২

'নিত্যানন্দ' বলিতে হয় কৃষ্ণপ্রেমোদয়।
আউলায় সর্ব অঙ্গ, অশ্রু-গঙ্গা বয় ॥ ২৩

৫ 'কৃষ্ণনাম' করে অপরাধের বিচার।
'কৃষ্ণ' বলিলে অপরাধীর না হয় বিকার ॥ ২৪

তথাহি (শ্রীমদ্ভাগবতে ২।৩।২৪)—

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্‌গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
১০ ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ ॥ ২৫

'এক' কৃষ্ণনামে করে সর্বপাপ নাশ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ ॥ ২৬

প্রেমের উদয়ে হয় প্রেমের বিকার।
১৫ স্বেদ-কম্প-পুলকাদি গদগদাশ্রুধার ॥ ২৭

অনায়াসে ভবক্ষয়, কৃষ্ণের সেবন।
এক কৃষ্ণনামের ফলে পাই এত ধন ॥ ২৮

হেন কৃষ্ণনাম যদি লয় বহুবার।
তভু যদি প্রেম নহে, নহে অশ্রুধার ॥ ২৯

২০ তবে জানি, অপরাধ তাহাতে প্রচুর।
কৃষ্ণনাম-বীজ তাহে না করে অঙ্কুর ॥ ৩০

চৈতন্য-নিত্যানন্দে নাহি এসব বিচার।
নাম লৈতে প্রেম দেন, বহে অশ্রুধার ॥ ৩১

স্বতন্ত্র ঈশ্বর প্রভু অত্যন্ত উদার।
২৫ তাঁরে না ভজিলে কভু না হয় নিস্তার ॥ ৩২

অয়ে মূঢ় লোক, শুন চৈতন্যমঙ্গল।
চৈতন্য-মহিমা যাতে জানিবে সকল ॥ ৩৩

কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস।
চৈতন্য-লীলার ব্যাস—বৃন্দাবন-দাস ॥ ৩৪

৩০ বৃন্দাবন-দাস কৈল 'চৈতন্যমঙ্গল'।
যাঁহার শ্রবণে নাশে সর্ব অমঙ্গল ॥ ৩৫

চৈতন্য-নিতাইর যাতে জানিয়ে মহিমা।
যাতে জানি কৃষ্ণভক্তিসিদ্ধান্তের সীমা ॥ ৩৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অতোঽপরাধ-বাহুল্যে সতি ভগবন্নামাদি কৃতেঽপি পুলকাদীনি ন ভবন্ত্যেবেতি দ্বিতীয়স্কন্ধে শৌনকবাক্যম্—তদশ্মসারমিতি। গৃহ্যমাণৈঃ হরিনামভিঃ নামধেয়ৈঃ হরিনামভিঃ 'নামধেয়ং চ নাম চে'ত্যমরঃ। যৎ হৃদয়ং ন বিক্রিয়েত বিকারযুক্তং ন ভবতি বতেতি খেদে। তৎ হৃদয়মশ্মবৎ সারো বলং কাঠিন্যং যস্য, জ্ঞাতব্যমিতি শেষঃ। বিকারলক্ষণমাহ—নেত্রে জলং গাত্ররুহেষু লোমসু হর্ষঃ পুলকঃ এবংভূতো বিকারঃ। এতদুপলক্ষণম্, স্তম্ভাদেরপি গ্রহণম্ ॥ ২৫॥

বঙ্গানুবাদ

২৫। বহু নাম গ্রহণেও যে হৃদয় দ্রব হয় না, তাহা লৌহময় অর্থাৎ অতি কঠিন জানিবে। যে কালে চিত্তদ্রব হয়, তখন নেত্রে জল এবং শরীরে রোমাঞ্চ পরিস্ফুট হয়।

পাঠান্তর

১ (২য়) দেখি [ক, ঘ, ট], ২ (১ম) কৃষ্ণনামে [গ, ট], (২য়) বিকল [গ] ; ৩ (১ম) নিতাই [ট], (২য়) সকল [ক, খ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ড, ত, থ, ধ] ; ৫ (৩য়) অপরাধীর [ণ] ; ৬ (২য়) বলিতে [ক, ছ, ঠ, ত, থ], নামে [ঙ, চ] ; ১৪ (২য়, ৩য়) উদয় করে [ক, খ, ঙ, ছ, ঞ, ত] ; ১৬ (২য়) সংসার-ক্ষয় [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ], ১৯ (১ম) তবে [ণ, ন], তবু [ছ, ঝ, ঠ, ড, ঢ, থ, দ, ধ] ; ২১ (৩থ) হয় [চ, ছ, ট, ঠ, ঢ, ণ, থ, ন] ; ২২ (১ম) চৈতন্য নিতাইর [ঝ], ২৩ (৩য়, ৪র্থ) প্রেমোদয় [চ] ; ২৬ (১ম) অরে [ণ, ত, থ, ন], অহে [ক, চ, জ], অতএব [গ], ; ২৯ (১ম) চৈতন্যচরিতে [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ট, ঠ, ঢ, দ] ৩১ (৩থ) সব [ঙ ঞ] ভয় [ক] ; ৩২ (১ম-৩য়) চৈতন্যনিত্যানন্দের যাতে দেখিয়া [ক]।

ভাগবতে যত ভক্তিসিদ্ধান্তের সার।
লিখিয়াছেন ইহাঁ জানি করিয়া উদ্ধার ॥ ৩৭
'চৈতন্যমঙ্গল' শুনে যদি পাষণ্ডী, যবন।
সেহ মহা-বৈষ্ণব হয় ততক্ষণ ॥ ৩৮
৫ মনুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্য।
বৃন্দাবনদাস-মুখে বক্তা শ্রীচৈতন্য ॥ ৩৯
বৃন্দাবনদাস-পদে কোটি নমস্কার।
ঐছে গ্রন্থ করি' তেঁহো তারিলা সংসার ॥ ৪০
নারায়ণী চৈতন্যের উচ্ছিষ্ট-ভাজন।
১০ তাঁর গর্ভে জন্মিলা শ্রীদাস বৃন্দাবন ॥ ৪১
তাঁর কি অদ্ভুত চৈতন্যচরিত-বর্ণন।
যাহার শ্রবণে শুদ্ধ কৈল ত্রিভুবন ॥ ৪২
অতএব ভজ লোক চৈতন্য-নিত্যানন্দ।
খণ্ডিবে সংসার দুঃখ, পাবে প্রেমানন্দ ॥ ৪৩
১৫ বৃন্দাবন-দাস কৈল 'চৈতন্য-মঙ্গল'।
তাহাতে চৈতন্য-লীলা বর্ণিল সকল ॥ ৪৪
সূত্র করি' সব লীলা করিল গ্রন্থন।
পাছে বিস্তারিয়া তাহার কৈল বিবরণ ॥ ৪৫
চৈতন্যচন্দ্রের লীলা অনন্ত অপার।
২০ বর্ণিতে বর্ণিতে গ্রন্থ হইল বিস্তার ॥ ৬
বিস্তার দেখিয়া কিছু সঙ্কোচ হৈল মন।
সূত্রধৃত কোন লীলা না কৈল বর্ণন ॥ ৪৭

নিত্যানন্দ-লীলা বর্ণনে হইল আবেশ।
চৈতন্যের শেষ-লীলা রহিল অবশেষ ॥ ৪৮
২৫ সেই সব লীলার শুনিতে বিবরণ।
বৃন্দাবনবাসী ভক্তের উৎকণ্ঠিত মন ॥ ৪৯
বৃন্দাবনে কল্পদ্রুমে সুবর্ণ-সদন।
মহা-যোগপীঠ তাহাঁ, রত্ন সিংহাসন ॥ ৫০
তাতে বসি' আছে সদা ব্রজেন্দ্রনন্দন।
৩০ 'শ্রীগোবিন্দ-দেব' নাম সাক্ষাৎ মদন ॥ ৫১
রাজ-সেবা হয় তাহাঁ বিচিত্র প্রকার।
দিব্য সামগ্রী, দিব্য বস্ত্র-অলঙ্কার ॥ ৫২
সহস্র সেবক সেবা করে অনুক্ষণ।
সহস্র-বদনে সেবা না যায় বর্ণন ॥ ৫৩
৩৫ সেবার অধ্যক্ষ – শ্রীপণ্ডিত হরিদাস।
তাঁর যশঃ-গুণ সর্বজগতে প্রকাশ ॥ ৫৪
সুশীল, সহিষ্ণু, শান্ত, বদান্য, গম্ভীর।
মধুর-বচন, মধুর চেষ্টা, অতিধীর ॥ ৫৫
সভার সম্মান-কর্তা, করেন সভার হিত।
৪০ কৌটিল্য-মাৎসর্য-হিংসা শূন্য যাঁর চিত ॥ ৫৬
কৃষ্ণের যে সাধারণ সদ্‌গুণ পঞ্চাশ।
সেইসব গুণ তাঁর শরীরে নিবাস ॥ ৫৭

পাঠান্তর

২ (৩য়) আনি [খ, ঘ, চ, ছ, জ, ঞ, ট, ঠ], (৫ম) নির্দ্ধার [ত], বিস্তার [ছ] ; ১০ (৩য়) উপজিল [ঘ], ১১ (৪র্থ) শুনি চৈতন্য বর্ণন [ক], প্রভুর চরিত্র বর্ণন [গ, ঘ, চ], ১২ (৪র্থ) হৈল [ক, চ, ঠ, ঢ]। ১৪ (৫ম) প্রেমধন [ক], (৪র্থ, ৫ম) পাইবে আনন্দ [ঘ, দ], ২০ (৪র্থ -৫ম) হয় সুবিস্তার [চ] ; ২১ (৪র্থ, ৫ম) সংকোচিল [চ], ২৩ (১ম-২য়) নিত্যানন্দলীলায় বড় [গ, ঘ, চ, ট, ঠ, ঢ] ; ২৬ (১ম-২য়) বৃন্দাবনে বৈষ্ণবের [ত], (১ম) ব্রজবাসী [ছ] ; ২৭ (২য়) কল্পবৃক্ষে [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ] ; ২৯ (৪র্থ) সাক্ষাৎ [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ট, ঠ], (১ম-৪র্থ) তাতে সাক্ষাৎ বসিঞাছে [ঝ], ৩০ (৩য়-৪র্থ) মন্মথমদন [ঙ], নবীনমদন [ট], ৩৪ (৫ম) কথন [গ] ; ৩৭ (২য়, ৩য়) সহিষ্ণুতা দান্ত [ক], ৩৮ (৩য়, ৪র্থ)গমন অতি ধীর [ক] ; ৪০ (৩য়) তাঁর [গ, ঘ, চ, জ, ট, ণ, দ, ধ, ন] ; ৪২ (৫ম,) প্রকাশ [খ, জ, ঠ, ঢ], বিলাস[ক]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (৫।১৮।১২)—

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্‌গুণা
৫ মনোরথেনাসতি ধাবতো বহিঃ ॥ ৫৮

পণ্ডিত-গোসাঞিের শিষ্য—অনন্ত আচার্য।
কৃষ্ণপ্রেমময়-তনু, উদার মহা আর্য ॥ ৫৯

তাঁহার অনন্ত গুণ কে করু প্রকাশ।
তাঁর প্রিয় শিষ্য ইহোঁ – পণ্ডিত হরিদাস ॥ ৬০

১০ চৈতন্য নিত্যানন্দে তাঁর পরম বিশ্বাস।
চৈতন্য-চরিতে তাঁর পরম উল্লাস ॥ ৬১

বৈষ্ণবের গুণগ্রাহী, না দেখয়ে দোষ।
কায়মনোবাক্যে করে বৈষ্ণবে সন্তোষ ॥ ৬২

নিরন্তর শুনেন তেঁহো 'চৈতন্যমঙ্গল'।
১৫ তাঁহার প্রসাদে শুনেন বৈষ্ণবসকল ॥ ৬৩

কথায় সভা উজ্জ্বল করে যেন পূর্ণচন্দ্র।
নিজ-গুণামৃতে বাড়ায় বৈষ্ণব-আনন্দ ॥ ৬৪

তেঁহো বড় কৃপা করি' আজ্ঞা কৈল মোরে।
গৌরাঙ্গের শেষলীলা বর্ণিবার তরে ॥ ৬৫

২০ কাশীশ্বর গোসাঞির শিষ্য – গোবিন্দ গোসাঞি।
গোবিন্দের প্রিয়সেবক তাঁর সম নাঞি ॥ ৬৬

যাদবাচার্য গোসাঞি শ্রীরূপের সঙ্গী।
চৈতন্যচরিতে তেঁহো অতি বড় রঙ্গী ॥ ৬৭

পণ্ডিত-গোসাঞির শিষ্য ভূগর্ভ গোসাঞি।
২৫ গৌরকথা বিনা তাঁর মুখে অন্য নাই ॥ ৬৮

তাঁর শিষ্য - গোবিন্দ-পূজক চৈতন্যদাস।
মুকুন্দানন্দ চক্রবর্তী, প্রেমী কৃষ্ণদাস ॥ ৬৯

আচার্যগোসাঞির শিষ্য—চক্রবর্তী শিবানন্দ।
নিরবধি তাঁর চিত্তে শ্রীচৈতন্যানন্দ ॥ ৭০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ভক্তের্দুর্লভত্বে সতি তদাশ্রয়স্য ভক্তস্যাপি দুর্লভত্বমাহ পঞ্চমস্কন্ধে—যস্যাস্তীতি। যস্য জনস্য ভগবতি শ্রীকৃষ্ণে অকিঞ্চনা নিষ্কামা ভক্তিরস্তি তত্র তস্মিন্ জনে তৎপ্রসাদে সতি সুরাঃ দেবাঃ সর্বৈগুণৈঃ সমাসতে নিত্যং বসন্তি। মনুষ্যাঃ তমুপতিষ্ঠন্তীতি কিমু বক্তব্যম্। যতো 'যেনার্চিতো হরিস্তেন তর্পিতানি জগন্ত্যপি। জন্তবস্তত্র রজ্যন্তি স্থাবরা জঙ্গমা অপি ॥' ইতি পদ্মপুরাণবচনাৎ, হরাবভক্তস্য জনস্য মহদ্‌গুণাঃ মহতাং যে গুণাঃ মহান্তশ্চ তে গুণাশ্চেতি বা কুতঃ কস্মাদ্ভবন্তীত্যর্থঃ। কিংভূতস্যাভক্তস্য মনোরথেনাসতি অসন্মার্গে বহির্ধাবতঃ ফলাভিকাংক্ষয়া ইতস্ততো গচ্ছত ইত্যর্থঃ ॥ ৫৮ ॥

বঙ্গানুবাদ

৫৮। ভগবান্ হরিতে যাহার নিষ্কাম ভক্তিযোগ বিদ্যমান রহিয়াছে, তাহাতে সকল গুণের সহিত শিব-ব্রহ্মাদি-দেবগণ এবং মুনিগণ বশীভূত হইয়া অবস্থিতি করেন। মনোরথপূর্বক নামমাত্র প্রতিভাত অসৎ স্বর্গাদিবিষয়সুখে নিরন্তর ধাবমান শ্রীহরির অভক্ত জনে সে সকল মহদ্‌গুণ কোথা হইতে আসিবে ?

পাঠান্তর

৭ (৩য় ৪র্থ) সর্ব আর্য [গ, ঘ, চ, জ, ট, ড] ; ৯ (৪র্থ) এই [চ, ছ, ঝ, ঞ, ত, দ], ইহেঁা [খ. গ, ঘ, জ, ট, ড, থ. ধ] ; ১৩ (৩য়, ৪র্থ) বৈষ্ণবের সন্তোষ [ঙ], বৈষ্ণব-সন্তোষ [ক, খ, ঘ, চ, ঠ, ড, থ, দ, ন] ; ১৭ (১ম) নিজগুণানন্দে [ঝ] (৩য়) বৈষ্ণবের আনন্দ ; [খ, ঙ] ; ১৮ (২য়, ৩য়) অতি কৃপা [ড, ত, থ, ধ], (৬ষ্ঠ) দিল [গ, ঘ, চ, ছ, জ, ঞ, ট, ড, থ, দ, ধ], ১৯ (৩য়) লিখিবার[ক, খ, ঙ] ; ২৫ (১ম) চৈতন্যকথা [খ, ঙ, ছ, ঝ, ঠ, ঢ] গৌরাঙ্গের কথা [চ], (৫ম) আর [খ, ঙ, ছ, ঝ, ঠ, ঢ] অন্য কথা [ক]; ২৬ (২য়, ৩য়) সেবক গোবিন্দ পূজারী [ক], ২৭ (১ম) কুমুদানন্দ [খ, গ, ঘ, ছ, ঝ, ঞ, ট, ঠ, থ]।

* আর যত বৃন্দাবনবাসী ভক্তগণ।
শেষ লীলা শুনিতে সভার হৈল মন ॥ ৭১
মোরে আজ্ঞা দিল সবে করুণা করিয়া।
তাঁ-সভার বোলে লিখি নির্লজ্জ হইয়া ॥ ৭২
৫ বৈষ্ণবের আজ্ঞা পাঞা চিন্তিত-অন্তরে।
মদনগোপালে গেলাঙ আজ্ঞা মাগিবারে ॥ ৭৩
দর্শন করিয়া কৈলুঁ চরণ বন্দন।
গোসাঞিদাস পূজারী করে চরণ সেবন ॥ ৭৪
প্রভুর চরণে যদি আজ্ঞা মাগিল।
১০ প্রভুকণ্ঠ হৈতে মালা খসিয়া পড়িল ॥ ৭৫
সর্ব বৈষ্ণবগণ হরিধ্বনি কৈল।
গোসাঞিদাস আনি'
মোরে আজ্ঞা-মালা দিল ॥ ৭৬
আজ্ঞামালা পাঞা আমার হইল আনন্দ।
তাহাই করিনু এই গ্রন্থের আরম্ভ ॥ ৭৭
১৫ এই গ্রন্থ লেখায় মোরে মদনমোহন।
আমার লিখন যেন শুকের পঠন ॥ ৭৮
সেই লিখি, মদনগোপাল যে লেখায়।
কাষ্ঠের পুত্তলী যেন কুহকে নাচায় ॥ ৭৯

কুলাধিদেবতা মোর—মদনমোহন।
২০ যাঁর সেবক—রঘুনাথ, রূপ, সনাতন ॥ ৮০

বৃন্দাবন-দাসের পাদপদ্ম করি' ধ্যান।
তাঁর আজ্ঞা লঞা লিখি যাহাতে কল্যাণ ॥ ৮১

চৈতন্যলীলাতে 'ব্যাস'—বৃন্দাবন-দাস।
তাঁর কৃপা বিনা অন্যে না হয় প্রকাশ ॥ ৮২

২৫ মূর্খ, নীচ, ক্ষুদ্র মুঞি বিষয়-লালস।
বৈষ্ণবাজ্ঞা-বলে করি এতেক সাহস ॥ ৮৩

শ্রীরূপ-রঘুনাথ চরণের এই বল।
যাঁর স্মৃতে সিদ্ধ হয় বাঞ্ছিতসকল ॥ ৮৪

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
৩০ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৮৫

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে গ্রন্থকরণে বৈষ্ণবাজ্ঞারূপকথনং * নামাষ্টম-পরিচ্ছেদঃ।

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য-চরিতামৃতবর্ণনে।
পরিচ্ছেদে চাষ্টমেঽস্মিন্ ভক্তভক্তিনিরূপণম্ ॥
ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়াং ভক্তভক্তিনিরূপণং নাম
অষ্টমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

১ (৩য়) বৃন্দাবনে বৈসে [ছ, ড, ত, ধ], (১ম-৪র্থ) বৃন্দাবনে বৈসে যত বৈষ্ণবের গণ [খ, ঙ, জ, ঝ] ; *(এই পয়ারের পূর্বে) রাধা কৃষ্ণলীলামৃত করে সদা পান। [ট, দ,], মদনমোহন বিনা নাহি জানে আন ॥ [দ] রাধা মদনমোহন বিনা নাহি জানে আন [ট] ; ৩ (৩য়) করিলা [ছ, ণ, ত, ন] ; ৪ (২য়) লেখোঁ [ঝ, ঞ], ৯ (৩য়) যবে [গ, ঘ, ছ, ট, ঠ, ঢ, দ] ; ১২ (৩য়-৫ম) গলে আজ্ঞামালা দিল [গ, ঘ, ট.], মালা মোর গলে দিল [ঙ, ড, ণ, ত, ধ, ন], ১৩ (১ম, ২য়) আজ্ঞা পাঞা [ড, ণ, ন] ; ১৪ (১ম-৩য়) তাহাই করিল তবে [ঘ, ট, ঠ, ঢ], (৫ম) প্রবন্ধ [ট], ১৮ (৩য়) যৈছে [খ, গ, ঘ, চ, জ, ঞ, ট, ঠ, ঢ, দ] ; ১৯ (১ম) কুলাধিদৈবত [খ, ছ, জ, ঞ, ত] ; ২৭ (১ম) শ্রীরূপ সনাতন [ক, গ, ঘ, চ, ছ, জ, ঞ] ; ২৮ (২য়) শরণে [চ], (২য়) পূর্ণ [ক], ২৯ (১ম) শ্রীরূপ সনাতন [ঠ. ঢ,], * বৈষ্ণবানুগ্রহানুরূপ-কারণ-কথনং [জ]।

নবম পরিচ্ছেদ

তং শ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগদ্গুরুম্।
যস্যানুকম্পয়া শ্বাপি মহাব্ধিং সন্তরেৎ সুখম্ ॥ ১

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গৌরচন্দ্র।
জয়াদ্বৈতচন্দ্র জয় জয় নিত্যানন্দ ॥ ২

৫ জয় জয় শ্রীবাসাদি গৌরভক্তগণ।
সর্বাভীষ্ট-পূর্তি-হেতু যাঁহার স্মরণ ॥ ৩

শ্রীরূপ, সনাতন, ভট্ট-রঘুনাথ।
শ্রীজীব, গোপালভট্ট, দাস রঘুনাথ ॥ ৪

এসব-প্রসাদে লিখি চৈতন্য-লীলাগুণ।
১০ জানি বা না জানি, করি আপন-শোধন ॥ ৫

মালাকারঃ স্বয়ং কৃষ্ণঃ প্রেমামরতরুঃ স্বয়ম্।
দাতা ভোক্তা তৎফলানাং যস্তং চৈতন্যমাশ্রয়ে ॥৬

প্রভু কহে, আমি 'বিশ্বম্ভর' নাম ধরি।
নাম সার্থক হয়, যদি প্রেমে বিশ্ব ভরি ॥ ৭

১৫ এত চিন্তি লৈল প্রভু মালাকার-ধর্ম।
নবদ্বীপে আরম্ভিলা ফলোদ্যান-কর্ম ॥ ৮

শ্রীচৈতন্য মালাকার পৃথিবীতে আনি'।
ভক্তি-কল্পতরু রূপিল সিঞ্চি' ইচ্ছা-পানি ॥ ৯

জয় শ্রীমাধবপুরী কৃষ্ণপ্রেমপূর।
২০ ভক্তিকল্পতরুর তেহোঁ প্রথম অঙ্কুর ॥ ১০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ভক্তমহিমানমুক্ত্বা তদ্দয়ালুত্বং বর্ণয়িতুং স্বাভীষ্টদেবং শ্রীমচ্চৈতন্যচন্দ্রং প্রণমতি গ্রন্থকারঃ—তমিতি। জগদগুরুং শ্রীচৈতন্যদেবং তং বন্দে অভিবাদয়ামি। অস্যানুকম্পয়া কৃপয়া শ্বাপি মহাব্ধিং সুখং যথা স্যাত্তথা সন্তরেৎ ॥ ১ ॥

অথ ভক্তবাৎসল্যাৎ তস্য চৈতন্যদেবস্য পরম-কারুণিকত্বমাহ গ্রন্থকারঃ—মালাকার ইতি। স্বয়ং কৃষ্ণঃ স্বয়ং ভগবান্ যশ্চৈতন্যদেবঃ মালাকারঃ ভক্তরূপত্বাৎ তৎ পালকঃ, অথচ স্বয়ং প্রেমামরতরুঃ প্রেমস্বরূপঃ কল্পদ্রুমঃ এতেন সর্ববিষয়ত্বং তস্য সূচিতম্। যস্তৎ ফলানাং দাতা ভোক্তা চ এতেন পঞ্চতত্ত্বাত্মকত্বমস্য সূচিতম্। তং চৈতন্যমহমাশ্রয়ে ॥ ৬ ॥

বঙ্গানুবাদ

১। জগতে হরিনামোপদেষ্টা প্রসিদ্ধ শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে বন্দনা করি। যাঁহার কৃপা হইলে কুক্কুরও পরম সুখে সন্তরণ করিয়া মহাসমুদ্র পার হইতে সমর্থ হয়।

৬। যিনি স্বয়ং মালী এবং কৃষ্ণপ্রেমকল্পতরু ও সেই কল্পবৃক্ষের প্রেমরূপফল সাধারণকে প্রদান এবং স্বয়ং উপভোগ করেন, আমি সেই শ্রীচৈতন্যদেবের আশ্রয় গ্রহণ করিলাম।

পাঠান্তর

১ (১ম-৪র্থ) শ্রীমৎশ্রীকৃষ্ণচৈতন্যং ভক্তানুগ্রহকারণম্। [ক], শ্রীশ্রীমৎকৃষ্ণচৈতন্যদেবং বন্দে জগৎসুখম্ [ঘ], (৪র্থ) জগৎসুখম্ [গ, ঘ, চ, ত]; ৩ (৩য়, ৪র্থ) গৌরচন্দ্র জয় নিত্যানন্দ [ট]; ৪ (৩য়-৪র্থ) প্রভু নিত্যানন্দ [ঙ, দ], গৌর-ভক্তবৃন্দ [ট]; ৫ (৪র্থ) প্রভুর ভক্তগণ [গ, ঘ, ঙ, জ, ঞ, ট, ঠ, ঢ], (৩য়-৪র্থ) শ্রীনিবাস আদি ভক্তগণ [ক, খ, ঝ, দ]; ৬ (১ম) সর্বাভীষ্টপূর্তি হয় [ক, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ], সর্বাভীষ্টপূর্তি করে [খ, গ, ঘ, চ, ট, দ], (৩য়) শ্রবণ [ঘ]; ১০ (৬ষ্ঠ) আপনা শোধন [ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, ঞ, ট, ঠ]; ১১ (৩য়, ৪র্থ) কৃষ্ণপ্রেমামরতরুঃ [ড, ন], কৃষ্ণপ্রেমামৃততরুঃ [চ, জ]; ১৫ (৩য়) কৈল [ক, ত], করিলা [গ], (২য়, ৩য়) চিন্তিলেন [চ]; ১৬ (২য়) আরম্ভিলা [ক, গ, ঙ, চ, ঝ, ধ], (৩য়) ফলদান ধর্ম [ত]; ১৮ (২য়) রুপিলা [গ, ণ, ত, থ, ন], রুইল [ঙ, ছ, জ, ট, ঠ, ঢ], কৈল [ক, খ, চ]; ২০ (২য়) তিহোঁ [খ, গ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ], যেহো [ক], তেহ [ঘ]।

শ্রীঈশ্বরপুরী-রূপে অঙ্কুর পুষ্ট হৈল।
আপনে চৈতন্যমালী স্কন্ধ উপজিল ॥ ১১
নিজাচিন্ত্যশক্ত্যে মালী হঞা স্কন্ধ হয়।
সকল শাখার সেই স্কন্ধ মূলাশ্রয় ॥ ১২
৫ পরমানন্দ পুরী, আর কেশব ভারতী।
ব্রহ্মানন্দ পুরী, আর ব্রহ্মানন্দ ভারতী ॥ ১৩
বিষ্ণুপুরী, কেশবপুরী, পুরী কৃষ্ণানন্দ।
শ্রীনৃসিংহতীর্থ, আর পুরী সুখানন্দ ॥ ১৪
এই নব মূল নিকসিল বৃক্ষমূলে।
১০ এই নব মূলে বৃক্ষ করিল নিশ্চলে ॥ ১৫
মধ্যমূল পরমানন্দ পুরী মহাধীর।
এই নব মূলে বৃক্ষ করিল সুস্থির ॥ ১৬
স্কন্ধের উপরে বহু শাখা নিকসিল।
উপরি উপরি শাখা অসংখ্য হইল ॥ ১৭
১৫ বিশ বিশ শাখা করি' এক এক মণ্ডল।
মহা-মহা-শাখা ছাইল ব্রহ্মাণ্ড সকল ॥ ১৮
একেক শাখাতে উপশাখা শত শত।
যত উপজিল তাহা কে গণিবে কত ॥ ১৯
মুখ্য মুখ্য শাখাগণের নাম গণন।
২০ আগে ত' করিব শুন বৃক্ষের বর্ণন ॥ ২০
শাখার উপরে বৃক্ষ হৈল দুইস্কন্ধ।
এক 'অদ্বৈত' নাম, আর 'নিত্যানন্দ' ॥ ২১
সেই দুইস্কন্ধে শাখা যত উপজিল।
তার উপশাখাগণে জগৎ ছাইল ॥ ২২
২৫ বড় শাখা, উপশাখা, তার উপশাখা।
জগৎ ব্যাপিল তার কে করিবে লেখা ॥ ২৩
শিষ্য, প্রশিষ্য, আর উপশিষ্যগণ।
জগৎ ব্যাপিল তার নাহিক গণন ॥ ২৪
উড়ুম্বর-বৃক্ষ যেন ফলে সর্ব অঙ্গে।
৩০ এই মত ভক্তিবৃক্ষে সর্বত্র ফল লাগে ॥ ২৫
মূলস্কন্ধের শাখা আর উপশাখাগণে।
লাগিল যে প্রেমফল,—অমৃতকে জিনে ॥ ২৬
পাকিল যে প্রেমফল অমৃত-মধুর।
বিলায় চৈতন্যমালী, নাহি লয় মূল ॥ ২৭
৩৫ ত্রিজগতে যত আছে ধন-রত্নমণি।
একফলের মূল্য করি' তাহা নাহি গণি ॥ ২৮
মাগে বা না মাগে কেহো পাত্র বা অপাত্র।
ইহার বিচার নাহি জানে, 'দেব' মাত্র ॥ ২৯
অঞ্জলি অঞ্জলি ভরি' ফেলে চতুর্দিশে।
৪০ দরিদ্র কুড়াঞা খায় মালাকার হাসে ॥ ৩০
মালাকার কহে,—শুন, বৃক্ষ-পরিবার।
মূলশাখা-উপশাখা যতেক প্রকার ॥ ৩১
অলৌকিক বৃক্ষ করে সর্বেন্দ্রিয়-কর্ম।
স্থাবর হইয়া ধরে জঙ্গমের ধর্ম ॥ ৩২

পাঠান্তর

১ (২য়) প্রেমাঙ্কুর [ঙ, ঝ]; ৩ (১ম) নিজ চিচ্ছক্ত্যে [ক], (৩য়) হৈঞা [খ, গ, ঙ, চ, ঝ, ঞ, ট, ধ], (৪র্থ, ৫ম) স্কন্ধময় [ট]; ৮ (১ম) শ্রীনৃসিংহপুরী [ট]; ৯ (৪র্থ) বিকশিল [ক, ঠ, ঢ, দ], (৫ম) বৃক্ষতলে [গ, ঘ, চ, জ, ছ, ত]; ১০ (৬ষ্ঠ) অচল [ক]; ২ (১ম-৬ষ্ঠ) অষ্টদিকে অষ্টমূল বৃক্ষ কৈল স্থির [ঠ, ণ, দ, ন]; ১৩ (৫ম) উপজিল [ঝ, ঞ, ট, ঠ, ঢ, ণ, ন]; ১৫ (৫ম) একেক [খ, গ, ঘ, ছ, জ, ঞ, ঠ, ঢ] একৈক [চ, ত, দ]; ১৭ (১ম) একৈক [চ, ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন], ১৮ (৩য়) তাতে [গ], শাখা [ঙ, চ, ছ, ড, ণ, ত, থ, ন]; ১৯ (৫ম) অগণন [ণ, ন]; ২৪ (১ম) বহু [ঙ, ছ, ঞ, ঠ, ণ, ত, দ, ন]; (৪র্থ) ব্যাপিল [খ], আচ্ছাদিল [ক]; ২৯ (২য়) যৈছে [গ, ঘ, জ, ঞ, ট, ঠ, ঢ, ণ, ত, ন]; ৩৪ (১ম) বিলায়েন [গ], বিলাইলেন [ঘ], (৩য়-৫ম) না লয়েন [গ, ঘ, চ]; ৩৫ (৪র্থ) ফল রত্ন মণি [ক] ধন, রত্ন খনি [ট]; ৩৭ (৫ম) কেহ [গ, ঘ, ছ, ট, ড, ঢ, থ, ধ], (৬ষ্ঠ-৮ম) নাহি পাত্রাপাত্র [চ]; ৩৯ (৪র্থ) ডারেন [গ, ঘ, চ. জ, ট]; ৪২ (৫ম) মুল শাখা প্রশাখা [ন]; ৪৩ (৪র্থ) সর্বপ্রিয়-কর্ম [ক], সর্বাশ্রয়-কর্ম [চ]; ৪৪ (৩য়) করে [ক, খ, ঙ, চ, ছ, ত]।

এ বৃক্ষের অঙ্গ ভূমি সব সচেতন।
বাড়িয়া ব্যাপিল সভে সকল ভুবন ॥ ৩৩
একলা মালাকার আমি কাহাঁ কাহাঁ যাব।
একলে বা কত ফল পাড়িয়া বিলাব ॥ ৩৪
৫ একলা উঠাঞা দিতে হয় পরিশ্রম।
কেহ পায়, কেহ না পায়, মনে এই ভ্রম ॥ ৩৫
অতএব আমি আজ্ঞা দিল সভাকারে।
যাহাঁ তাহাঁ প্রেমফল দেহ' যারে তারে ॥ ৩৬
একলা যে মালী আমি কত ফল খাব।
১০ না দিয়া বা এই ফল আর কি করিব ॥ ৩৭
আত্ম-ইচ্ছামৃতে বৃক্ষ সিঞ্চি নিরন্তর।
তাহাতে অক্ষয় ফল বৃক্ষের উপর ॥ ৩৮
অতএব সভে ফল দেহ' যারে তারে।
খাইয়া হউক্ লোক অজর অমরে ॥ ৩৯
১৫ জগৎ ভরিয়া মোর হবে পুণ্য খ্যাতি।
সুখী হৈঞা লোক আমার গাহিবেক কীর্তি ॥ ৪০
ভারত ভূমিতে হৈল মনুষ্য-জন্ম যার।
জন্ম সার্থক করি' করে পর-উপকার ॥ ৪১

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।২২।২৪)—

২০ এতাবজ্জন্মসাফল্যং দেহিনামিহ দেহিষু।
প্রাণৈরর্থৈর্ধিয়া বাচা শ্রেয় আচরণং সদা ॥ ৪২

শ্রীবিষ্ণুপুরাণে (৩।১২।৪৫)—

প্রাণিনামুপকারায় যদেবেহ পরত্র চ।
কর্মণা মনসা বাচা তদেব মতিমান্ ভজেৎ ॥ ৪৩

২৫ মালী মনুষ্য—আমার নাহি রাজ্য-ধন।
ফল-ফুল দিয়া করি' পুণ্য উপার্জন ॥ ৪৪
মালী হঞা বৃক্ষ হইলাও এই ত' ইচ্ছাতে।
সর্বপ্রাণীর উপকার হয় বৃক্ষ হৈতে ॥ ৪৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

উক্তকারুণ্যমাহ শ্রীদশমে বলরামং প্রতি শ্রীকৃষ্ণঃ—এতাবদিতি। দেহিনামেতাবজ্জন্মসাফল্যং ভবতি, কিন্তৎ প্রাণৈরর্থৈঃ ধিয়া বুদ্ধ্যা বাচা বচনেন দেহিষু বিষয়ে সদা শ্রেয় আচরণম্ ॥ ৪২ ॥

এবং বিষ্ণুপুরাণেঽপি মৈত্রেয়ং প্রতি পরাশরেণোক্তম্—প্রাণিনামিতি। ইহ ইহলোকে পরত্র পরলোকে চ প্রাণিনাং প্রাণবতামুপকারায় কর্মণা মনসা বাচা যৎ যদেব ভবেৎ তদেব মতিমান্ জনো ভজেৎ। তদেবাশ্রয়ণীয়মিত্যর্থঃ ॥ ৪৩ ॥

বঙ্গানুবাদ

৪২। ইহ লোকে প্রাণ, ধন, বুদ্ধি এবং বাক্যদ্বারা প্রাণীগণ জীবের কল্যাণ সাধন করিতে পারিলেই জন্ম সফল হয়।

৪৩। যে কর্ম্ম ইহলোকে এবং পরলোকে প্রাণিগণের উপকারার্থ হয়, বুদ্ধিমান্ জন ক্রিয়া, মন এবং বাক্যদ্বারা তাহারই অনুষ্ঠান করিবে।

পাঠান্তর

১ (৪র্থ) তুমি [ক, খ, গ, ঘ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ], হয় [চ, ড, ণ, ত, থ, দ, ধ], ভূমি [ট], **৪** (৫ম) উঠাইয়া [ঘ, চ, ঞ, ট]; **৬** (৬ষ্ঠ-৭ম) রহে মনে ভ্রম [ণ, ধ, ন] হয় এই ভ্রম [খ, চ]; **৯** (২য়-৩য়) মালাকার [ড, ণ, ত, থ, ধ, ন], (১ম-২য়) একেশ্বর মালী [ক, জ]; **১২** (২য়) অসংখ্য [ঠ, ড, ঢ, ণ, থ, ধ, ন]; **১৪** (৪র্থ) অক্ষয় [ক, খ, ঙ, ছ, জ, ঞ]; অক্ষয় [ঘ]; **১৫** (২য়) ব্যাপিয়া [খ, ঙ, ছ, ড, ত, ধ] **১৮** (৪র্থ) কর [ড, ণ, ত, থ, ধ, ন], **২৭** (৫ম-৭ম) আপন ইচ্ছাতে [ক]।

তথা হি শ্রীমদ্ভাগবতে (১০।২২।২৩)—

অহো এষাং বরং জন্ম সর্বপ্রাণ্যুপজীবিনাম্।
সুজনস্যেব যেষাং বৈ বিমুখা যান্তি নার্থিনঃ ॥৪৬

এই আজ্ঞা কৈল যদি চৈতন্য-মালাকার।
৫ পরম আনন্দ পাইল বৃক্ষ-পরিবার ॥ ৪৭
যে যাঁহা তাহাঁ দান করে প্রেমফল।
ফলাস্বাদে মত্ত লোক হইল সকল ॥ ৪৮
মহা-মাদক প্রেমফল পেট ভরি' খায়।
মাতিল সকল লোক—হাসে, নাচে, গায় ॥ ৪৯
১০ কেহ গড়াগড়ি যায়, কেহ ত' হুঙ্কার।
দেখি' আনন্দিত হঞা হাসে মালাকার ॥ ৫০
এই মালাকার খায় এই প্রেমফল।
নিরবধি মত্ত রহে, বিবশ-বিহ্বল ॥ ৫১
সর্বলোকে মত্ত কৈলা আপন-সমান।
১৫ প্রেমে মত্ত লোক বিনা নাহি দেখি আন ॥ ৫২
যে যে পূর্বে নিন্দা কৈল, বলি' মাতোয়াল।
সেহো ফল খায়, নাচে, বলে—ভাল, ভাল ॥ ৫৩
এই ত' কহিল প্রেমফল-বিবরণ।
এবে শুন, ফলদাতা যে যে শাখাগণ ॥ ৫৪
২০ শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৫৫

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে ভক্তিকল্পতরু-বর্ণনং নাম নবমঃ পরিচ্ছেদঃ।

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

স্থাবরাণাং কারুণ্যং দৃষ্ট্বা স্বয়মেব তত্রাহ—অহো ইতি। এষাং তরূণাং জন্ম বরং শ্রেষ্ঠং, অহো আশ্চর্যমেতৎ! এষাং কিংভূতানাংসর্বপ্রাণ্যুপজীবিনাং সর্বোপকারিণাং, এতেন জঙ্গমাপেক্ষয়া স্থাবরানাং গুণাধিক্যং সূচিতম্। যেষামর্থিনঃ বিমুখা ন যান্তি, বৈ নিশ্চিতম্। কস্যেব সুজনস্য কৃপালোরিব ॥ ৪৬ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
পরিচ্ছেদেঽত্র নবমে ভক্তকারুণ্যমীরিতম্ ॥

ইতি শ্রীগৌরভক্তবিনোদিন্যাম্ আদিলীলায়াং ভক্তকারুণ্যকথনং নাম নবমঃ পরিচ্ছেদঃ ॥

বঙ্গানুবাদ

৪৬। অহো! সকল প্রাণীর জীবিকাহেতু এই বৃক্ষগণের জন্ম সকল হইতে শ্রেষ্ঠ, যেহেতু দয়ালুর ন্যায় ইহাদিগের নিকট হইতে অর্থিগণ কদাচ বিমুখ হইয়া ফিরিয়া যান্ না।

পাঠান্তর

৪ (৪র্থ) যবে [ঞ, ট, চ, ণ, ত, ন]; ৬ (২য়, ৩য়) যথা তথা [ক]; ৭ (১ম-৫ম) প্রেম ফলাস্বাদে সুখ, ব্যাপিল সকল [খ, গ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ]; ৯ (১ম-২য়) মত্ত হৈল সব [ক, গ, ঘ, চ, জ, ট]; ১৩ (২য়) মাতি [গ, ঘ, চ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ, দ]; ১৪ (১ম) সবজীব [ক]; ১৫ (১ম-২য়) প্রেমমত্ত [খ, ত], (৬ষ্ঠ) জানে [ক]; ১৬ (৭ম) মাতুয়াল [ক]; ১৭ (১ম) সেই [গ, ড, থ, ধ], (১ম-৪র্থ) সেহ প্রেম ফল খায় [ত], সেহো প্রেম ফল খাঞা নাচে [ঞ], সেহ প্রেম ফল খায়ে মাতি [খ]; সেই মাতুয়াল হৈয়া [ক], সেহো প্রেমে মত্ত [ছ]; ১৮ (৪র্থ) প্রেমফল বিবরণ [ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, ন], কল্পবৃক্ষ বিবরণ [দ], প্রেমফল বিতরণ [ধ]; ২০ (১ম) শ্রীরূপ সনাতন পদে [ত], (১ম-২য়) শ্রীরূপরঘুনাথের করি পদ [খ]।

দশম পরিচ্ছেদ

শ্রীচৈতন্যপদাম্ভোজ-মধুপেভ্যো নমো নমঃ।
কথঞ্চিদাশ্রয়াদ্ যেষাং শ্বাপি তদ্গন্ধভাগ্ভবেৎ ॥ ১

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য-নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২

৫ এই মালীর—এই বৃক্ষের অকথ্য কথন।
এবে শুন মুখ্যশাখার নাম-বিবরণ ॥ ৩

শ্রীচৈতন্য-গোসাঞির যত পারিষদচয়।
লঘু-গুরু-ভাব কারো না হয় নিশ্চয় ॥ ৪

যত যত মহান্ত কৈলা তাঁ-সভার গণন।
১০ কেহো ত করিতে নারে জ্যেষ্ঠ-লঘু-ক্রম ॥ ৫

অতএব তাঁ-সভারে করি' নমস্কার।
নাম-মাত্র করি, দোষ না লবে আমার ॥ ৬

তথাহি—

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্য-প্রেমামরতরোঃ প্রিয়ান্।
১৫ শাখারূপান্ ভক্তগণান্ কৃষ্ণপ্রেমফলপ্রদান্ ॥ ৭*

শ্রীবাস পণ্ডিত, আর শ্রীরাম পণ্ডিত।
দুই ভাই—দুই শাখা, জগতে বিদিত ॥ ৮

শ্রীপতি, শ্রীনিধি—তাঁর দুই সহোদর।
চারি ভাইর দাস-দাসী, গৃহ-পরিকর ॥ ৯

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীকৃষ্ণচৈতন্যপ্রেমামরতরোঃ ভক্তশাখান্ বর্ণয়িতুং প্রথমতো ভক্তান্ প্রণমতি গ্রন্থকারঃ—শ্রীচৈতন্য ইতি। শ্রীচৈতন্যপদাবেব অম্ভোজে তয়োঃ মধুপা রসিকভক্তাঃ তেভ্যো নমো নমঃ ইত্যাদরেণ বীপ্সা। তদাশ্রয়ং বিনা শ্রীকৃষ্ণবিষয়সম্বন্ধাভাবাৎ, কুতঃ? কথঞ্চিদিতি। যেষাং ভক্তমধুপানাং কথঞ্চিৎ কেনাপি প্রকারেণাশ্রয়াৎ শ্বাপি, কিমুত মনুষ্যঃ তদ্গন্ধভাক্ তৎসম্বন্ধ ভাগ্ ভবেদিতি বিধিঃ। 'গন্ধে গন্ধক আমোদে লেশে সম্বন্ধ-গর্বয়োঃ'ইত্যমরঃ॥ ১॥

উক্তমর্থং স্পষ্টয়তি—বন্দ ইতি। ভক্তগণান্ ভক্তবৃন্দান্ বন্দে অভিবাদয়ামি কিম্ভূতান্ শ্রীকৃষ্ণচৈতন্য-প্রেমামরতরোঃ প্রিয়ান্, কুতঃ শাখারূপান্; ইত্যনেন নিত্যপার্ষদত্বং সূচিতম্। তদ্দয়ালুত্বং বিশেষণেনাহ—কৃষ্ণপ্রেমফলপ্রদান্ আচণ্ডালেভ্য ইতি ভাবঃ॥ ৭॥

বঙ্গানুবাদ

১। শ্রীকৃষ্ণচৈতন্যের পাদপদ্মে ভ্রমরগণকে আমি বারংবার প্রণাম করি,—যাঁহাদিগকে যে কোন প্রকারে আশ্রয় করিলে, কুক্কুরও সেই গন্ধ লাভ করিতে সমর্থ হয়।

৭। শ্রীকৃষ্ণচৈতন্যরূপ প্রেমকল্পতরুর শাখাস্বরূপ কৃষ্ণপ্রেমফলপ্রদাতা প্রিয় ভক্তগণকে আমি বন্দনা করি।

পাঠান্তর

২ (৪র্থ) তৎকর্মভাগ্ [ক, খ, ঘ, ঠ, ত]; ৩ (৩য়) শ্রীচৈতন্য জয় [গ, চ, ছ, জ, ঝ, ট, দ]; ৪ (১ম) জয়াদ্বৈতাচার্য [ঘ, জ, ঝ, ঞ]; ৫ (২য়) মালী [গ, চ, ঞ, ট, ঠ]; ৬ (৩য়) মূল শাখার [ক], মুখ্য সার [ঘ]; ৭ (১ম) চৈতন্যমালীর [চ], চৈতন্যপ্রভুর [দ], (৩য়) পার্ষদচয় [জ], পারিষদগণ [ছ], পারিষদ হয় [ঘ]; ৮ (৩য়) তাঁর [খ, চ, ড, ণ, ত, থ, দ], তাঁর [ধ], (৩য়, ৪র্থ) নাহি যে [খ], নাহিক [ছ]; ৯ (৫ম ৬ষ্ঠ) তাঁ-সভার গণ [খ]; ১০ (৪র্থ) লঘুগুরুক্রম [ঝ]; ১২ (২য়) কহি [গ, ঘ, জ, ঞ], লই [ছ]। * 'খ' গ্রন্থে শ্লোকটি এই পরিচ্ছেদের প্রারম্ভে মঙ্গলাচরণ-শ্লোকের পরে আছে। ১৯ (৪র্থ) গৃহ পরিবার [গ]।

দুই শাখার উপশাখায় তাঁ-সভার গণন।
যাঁর গৃহে মহাপ্রভুর সদা সংকীর্তন ॥ ১০
সবংশে করেন যাঁরা চৈতন্যের সেবা।
গৌরচন্দ্র বিনা নাহি জানে দেবী-দেবা ॥ ১১
৫ 'আচার্যরত্ন' নাম ধরে এক বড় শাখা।
তাঁর পরিকর, তাঁর শাখা উপশাখা ॥ ১২
আচার্যরত্নের নাম 'শ্রীচন্দ্রশেখর'।
যাঁর ঘরে দেবী-ভাবে নাচিলা ঈশ্বর ॥ ১৩
পুণ্ডরীক বিদ্যানিধি—বড়শাখা জানি।
১০ যাঁর নাম লঞা প্রভু কান্দিলা আপনি ॥ ১৪
বড় শাখা,—গদাধর পণ্ডিত-গোসাঞি।
তেঁহো লক্ষ্মীরূপা, তাঁর সম কেহ নাই ॥ ১৫
তাঁর শিষ্য উপশিষ্য,—তাঁর উপশাখা।
এইমত সব শাখা-উপশাখার লেখা ॥ ১৬
১৫ বক্রেশ্বর পণ্ডিত—প্রভুর বড় প্রিয়ভৃত্য।
এক-ভাবে চব্বিশ প্রহর যাঁর নৃত্য ॥ ১৭
আপনে মহাপ্রভু গায় যাঁর নৃত্যকালে।
প্রভুর চরণ ধরি' বক্রেশ্বর বোলে ॥ ১৮
"দশসহস্র গন্ধর্ব মোরে দেহ' চন্দ্রমুখ।
২০ তারা গায়, মুঞি নাচি, তবে মোর সুখ ॥" ১৯
প্রভু বোলে,—তুমি মোর পক্ষ এক শাখা।
আকাশে উড়িয়া যাঙ, পাঙ আর পাখা ॥ ২০
পণ্ডিত জগদানন্দ প্রভুর প্রাণরূপ।
লোকে খ্যাত যেঁহো সত্যভামার স্বরূপ ॥ ২১
২৫ প্রীতে করিতে চাহে প্রভুরে লালন পালন।
বৈরাগ্য লোক-ভয়ে প্রভু না মানে কখন ॥ ২২
দুইজনে খট্‌মটি লাগয়ে কন্দল।
তাঁর প্রীতের কথা আগে কহিব সকল ॥ ২৩
রাঘব-পণ্ডিত - প্রভুর খাদ্য-অনুচর।
৩০ তাঁর বড় শাখা এক, মকরধ্বজ কর ॥ ২৪
তাঁহার ভগিনী দময়ন্তী প্রভুর দাসী।
প্রভুর ভোগসামগ্রী যে করে বারমাসী ॥ ২৫
সে সব সামগ্রী যত ঝালিতে ভরিয়া।
রাঘব লইয়া যা'ন গুপত করিয়া ॥ ২৬
৩৫ বারমাস তাহা প্রভু করেন অঙ্গীকার।
'রাঘবের ঝালি' বলি' প্রসিদ্ধি যাহার ॥ ২৭
সে সব সামগ্রী আগে করিব বিস্তার।
যাহার শ্রবণে ভক্তের বহে অশ্রুধার ॥ ২৮
প্রভুর অত্যন্ত প্রিয়—পণ্ডিত গঙ্গাদাস।
৪০ যাঁহার স্মরণে হয় সর্ববন্ধ-নাশ ॥ ২৯
চৈতন্য-পার্ষদ - শ্রীআচার্য পুরন্দর।
পিতা করি' যাঁরে বলে গৌরাঙ্গসুন্দর ॥ ৩০
দামোদরপণ্ডিত শাখা প্রেমেতে প্রচণ্ড।
প্রভুর উপরে যেঁহো করে বাক্যদণ্ড ॥ ৩১
৪৫ দণ্ড-কথা কহিব আগে বিস্তার করিয়া।
দণ্ডে তুষ্ট প্রভু তাঁরে পাঠাইলা নদীয়া ॥ ৩২
তাঁহার অনুজ শাখা - শঙ্করপণ্ডিত।
'প্রভু-পাদোপধান' যাঁর নাম বিদিত ॥ ৩৩
সদাশিবপণ্ডিত যাঁর প্রভুপদে আশ।
৫০ প্রথমেই নিত্যানন্দের যাঁর ঘরে বাস ॥ ৩৪
শ্রীনৃসিংহ-উপাসক—প্রদ্যুম্ন ব্রহ্মচারী।
প্রভু তাঁর নাম থুইলা 'নৃসিংহানন্দ' করি ॥ ৩৫

পাঠান্তর

৩ (১ম-৩য়) সর্বস্বে করেন যারা [চ]; ৬ (৩য়-৪র্থ) শিষ্য তাঁর [ক, খ, ঙ, ঠ, ঢ, ত]; ১৩ (৩য়) সব [খ, গ, ঘ, ঙ, জ, ঝ, ঠ, ঢ, ত]; ১৮ (৫ম) বলে [ক, গ, চ, ট, ঠ, ঢ, দ, ধ]; ১৯ (৩য়) মোকে [ঘ], ২১ (৫ম) মুখ্য [ঘ]; ২৭ (২য়) খটপটি [গ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ঢ, দ]; ৩০ (২য়-৪র্থ) এক শাখা মুখ্য [ণ, দ, ন]; এক শাখা আর [ঙ, ঠ, ঢ], উপশাখা এক [ঞ, ত]; ৪০ (২য়) শ্রবণে [ক, খ, ঙ, জ, ত]; ৪২ (৫ম) গৌরাঙ্গ ঈশ্বর [খ, ঘ, ঙ, জ, ঞ, ঠ, ঢ, ণ, ন]; ৫২ (৪র্থ) কৈল [ঘ, ঠ, ড, ঢ, ণ, ত, থ, ন] করিলা [গ], কৈলা [ধ]।

নারায়ণ-পণ্ডিত শাখা বড়ই উদার।
চৈতন্য-চরণ বিনু নাহি জানে আর ॥ ৩৬
শ্রীমান্‌পণ্ডিত শাখা—প্রভুর নিজ ভৃত্য।
দেউটি ধরেন, যবে প্রভু করেন নৃত্য ॥ ৩৭
৫ শুক্লাম্বর-ব্রহ্মচারী বড় ভাগ্যবান্।
যাঁর অন্ন মাগি' কাড়ি' খাইল ভগবান্ ॥ ৩৮
নন্দন আচার্য্য-শাখা জগতে বিদিত।
লুকাইয়া দুই প্রভুর যাঁর ঘরে স্থিত ॥ ৩৯
শ্রীমুকুন্দ-দত্ত-শাখা- প্রভুর সমাধ্যায়ী।
১০ যাঁহার কীর্তনে নাচে চৈতন্য-গোসাঞি ॥ ৪০
বাসুদেব দত্ত—প্রভুর ভৃত্য মহাশয়।
সহস্র-মুখে যাঁর গুণ কহিলে না হয় ॥ ৪১
জগতে যতেক জীব, তার পাপ লঞা।
নরক ভুঞ্জিতে চাহে জীব ছোড়াইয়া ॥ ৪২
১৫ হরিদাসঠাকুর শাখার অদ্ভুত চরিত।
তিন লক্ষ নাম তেঁহো লয়েন অপতিত ॥ ৪৩
তাঁহার অনন্ত গুণ—কহি দিঙ্মাত্র।
আচার্য-গোসাঞি যাঁরে ভুঞ্জায় শ্রাদ্ধপাত্র ॥ ৪৪
প্রহ্লাদ-সমান তাঁর গুণের তরঙ্গ।
২০ যবন-তাড়নেও যাঁর নহিল ভ্রূভঙ্গ ॥ ৪৫
তেঁহো সিদ্ধি পাইলে তাঁর দেহ লঞা কোলে।
নাচিল চৈতন্য প্রভু মহাকুতূহলে ॥ ৪৬
তাঁর লীলা বর্ণিয়াছেন বৃন্দাবনদাস।
যেবা অবশিষ্ট, আগে করিব প্রকাশ ॥ ৪৭
২৫ তাঁর উপশাখা,—যত কুলীনগ্রামী জন।
সত্যরাজ-আদি—তাঁর কৃপার ভাজন ॥ ৪৮

শ্রীমুরারিগুপ্ত শাখা—প্রেমের ভাণ্ডার।
প্রভুর হৃদয় দ্রবে শুনি' দৈন্য যার ॥ ৪৯
প্রতিগ্রহ নাহি করে, না লয় কার ধন।
৩০ আত্মবৃত্তি করি' করে কুটুম্ব ভরণ ॥ ৫০
চিকিৎসা করেন যারে হইয়া সদয়।
দেহ রোগ, ভবরোগ,—দুই তার ক্ষয় ॥ ৫১
শ্রীমান্ সেন প্রভুর সেবক প্রধান।
চৈতন্য-চরণ বিনু নাহি জানে আন ॥ ৫২
৩৫ শ্রীগদাধর দাস-শাখা সর্বোপরি।
কাজীগণের মুখে যেঁই বোলাইল হরি ॥ ৫৩
শিবানন্দ সেন—প্রভুর ভৃত্য অন্তরঙ্গ।
প্রভুস্থানে যাইতে সভে লয়েন যাঁর সঙ্গ ॥ ৫৪
প্রতিবর্ষে প্রভুগণ সঙ্গেতে লইয়া।
৪০ নীলাচলে চলেন পথে পালন করিয়া ॥ ৫৫
ভক্তে কৃপা করেন প্রভু এ-তিন স্বরূপে।
'সাক্ষাৎ', 'আবেশ' আর'আবির্ভাব'-রূপে ॥ ৫৬
সাক্ষাতে সকল ভক্তে দেখি নির্বিশেষ।
নকুল ব্রহ্মচারী-দেহে প্রভুর আবেশ ॥ ৫৭
৪৫ 'প্রদ্যুম্ন ব্রহ্মচারী' তাঁর আগে নাম ছিল।
'নৃসিংহানন্দ' নাম প্রভু পাছেতে রাখিল ॥ ৫৮
তাঁহাতে হইল চৈতন্যের আবির্ভাব।
ঐছে অলৌকিক প্রভুর অনেক স্বভাব ॥ ৫৯
আস্বাদিল এইসব রস শিবানন্দ।
৫০ বিস্তারি কহিব আগে এসব আনন্দ ॥ ৬০
শিবানন্দের উপশাখা—তাঁর পরিকর।
পুত্র-ভৃত্য-আদি চৈতন্যের অনুচর ॥ ৬১

পাঠান্তর

১৪ (৫ম) ছাড়াইয়া [ক, ঘ, ছ, ট, ধ]; ১৬ (৪র্থ) দিন [ঝ, ঠ, ঢ]; ২৫ (২য়-৫ম) উপশাখা আর কুলিনগ্রামী জন [ছ, ঝ, ঞ, ঠ, ঢ]; ২৭ (২য়, ৩য়) শুদ্ধ প্রেমের [চ], গুপ্তপ্রেমের [খ, গ, ঙ, জ, ঝ, ঠ, ঢ, থ, দ], নামপ্রেমের [ত], ২৯ (৬ষ্ঠ, ৭ম) রাজধন [ছ], ৩৩ (৪র্থ) ভকত [গ, ঝ, ঞ, ঠ, ঢ]; ৩৭ [৪র্থ) ভক্ত [চ, জ, ত]; ৪৭ (১ম-৩য়) প্রদ্যুম্ন ব্রহ্মচারীতে প্রভুর [চ], প্রদ্যুম্ন ব্রহ্মচারী দেহে প্রভুর [ক, খ, ঞ, ট], প্রদ্যুম্ন ব্রহ্মচারী আগে প্রভুর [গ, ঘ]।

চেতন্যদাস, রামদাস, আর কর্ণপূর।
তিন পুত্র শিবানন্দের প্রভুর ভক্তশূর ॥ ৬২
শ্রীবল্লভসেন, আর সেন শ্রীকান্ত।
শিবানন্দ সম্বন্ধে প্রভুর ভক্ত একান্ত ॥ ৬৩
৫ প্রভুপ্রিয় গোবিন্দানন্দ—মহা-ভাগবত।
প্রভুর কীর্তনীয়া আদি—শ্রীগোবিন্দ দত্ত ॥ ৬৪
শ্রীবিজয়দাস-নাম প্রভুর আখরিয়া।
প্রভুর অনেক পুথিঁ দিয়াছে লিখিয়া ॥ ৬৫
'রত্নবাহু' বলি' প্রভু থুইল তাঁর নাম।
১০ অকিঞ্চন প্রভুর প্রিয় কৃষ্ণদাস-নাম ॥ ৬৬
খোলা-বেচা শ্রীধর প্রভুর প্রিয়দাস।
যাঁহা-সনে প্রভু করে নিত্য পরিহাস ॥ ৬৭
প্রভু যাঁর নিত্য লয় থোড়-মোচা-ফল।
যাঁর ফুটা-লৌহপাত্রে প্রভু পিল জল ॥ ৬৮
১৫ প্রভুর অতিপ্রিয় দাস ভগবান্ পণ্ডিত।
যাঁর দেহে কৃষ্ণ পূর্বে হৈল অধিষ্ঠিত ॥ ৬৯
জগদীশ পণ্ডিত, আর হিরণ্য মহাশয়।
যারে কৃপা কৈল বাল্যে প্রভু দয়াময় ॥ ৭০
এই দুই-ঘরে প্রভু একাদশী দিনে।
২০ বিষ্ণুর নৈবেদ্য মাগি' খাইল আপনে ॥ ৭
প্রভুর পঢ়ুয়া দুই,—পুরুষোত্তম, সঞ্জয়।
ব্যাকরণে মুখ্য শিষ্য—দুই মহাশয় ॥ ৭২
বনমালী পণ্ডিত-শাখা বিখ্যাত জগতে।
সোণার মুষল হল দেখিল প্রভুর হাতে ॥ ৭৩
২৫ শ্রীচৈতন্যের অতি প্রিয় বুদ্ধিমন্ত খান্।
আজন্ম আজ্ঞাকারী তেঁহো সেবক-প্রধান ॥ ৭৪
গরুড় পণ্ডিত লয় শ্রীনাম মঙ্গল।
নাম-বলে বিষ যাঁরে না করিল বল ॥ ৭৫
গোপীনাথ সিংহ—এক চৈতন্যের দাস।
৩০ অক্রুর বলি' প্রভু যাঁরে করে পরিহাস ॥ ৭৬
ভাগবতী দেবানন্দ বক্রেশ্বর-কৃপাতে।
ভাগবতের ভক্তি অর্থ পাইল প্রভু হৈতে ॥ ৭৭
খণ্ডবাসী মুকুন্দদাস, শ্রীরঘুনন্দন।
নরহরিদাস, চিরঞ্জীব, সুলোচন ॥ ৭৮
৩৫ এই সব মহাশাখা চৈতন্য-কৃপাধাম।
প্রেম-ফল-ফুল করে যাহাঁ তাহাঁ দান ॥ ৭৯
কুলীনগ্রামবাসী সত্যরাজ, রামানন্দ।
যদুনাথ, পুরুষোত্তম, শঙ্কর, বিদ্যানন্দ ॥ ৮০
বাণীনাথ বসু আদি যত গ্রামী জন।
৪০ সভেই চৈতন্যভৃত্য,—চৈতন্য-প্রাণধন ॥ ৮১
প্রভু কহে, কুলীনগ্রামের যে হয় কুক্কুর।
সেহোঁ মোর প্রিয়, অন্যজন রহু দূর ॥ ৮২
কুলীনগ্রামীর ভাগ্য কহনে না যায়।
শূকর চরায় ডোম, সেহ কৃষ্ণ গায় ॥ ৮৩
৪৫ অনুপম-বল্লভ, শ্রীরূপ-সনাতন।
এই তিন শাখা বৃক্ষের পশ্চিমে গণন ॥ ৮৪
তার মধ্যে রূপ-সনাতন বড়—শাখা।
অনুপম, জীব, রাজেন্দ্রাদি—উপশাখা ॥ ৮৫
মালীর ইচ্ছার দুইশাখা বহুত বাড়িল।
৫০ বাড়িয়া পশ্চিম দেশ সব আচ্ছাদিল ॥ ৮৬
আ-সিন্ধুনদী-তীর আর হিমালয়।
বৃন্দাবন-মথুরাদি যত দেশ হয় ॥ ৮৭

পাঠান্তর

১ (৩য়-৪র্থ) কবি কর্ণপূর [চ, ঝ] ১০ (৩য়) ভৃত্য [খ, ঙ, ছ, দ]; ২৬ (১ম) আর জন্মেত [গ]; ৩০ (৬ষ্ঠ) উপহাস [খ, ছ, জ]; ৩৩ (২য়-৩য়) মুকুন্দ দত্ত আর রঘুনন্দন [ক]; ৩৪ (১ম-২য়) শ্রীনরহরি দাস চিরঞ্জীব [ত], নরহরি দাস চিরঞ্জীব [ক], সরকার নরহরি দাস [গ, ঘ]; ৩৫ (৪র্থ) প্রভুকৃপাধাম [চ], চৈতন্যের প্রিয়ধাম [ঙ], চৈতন্য গুণধাম [ছ]; ৩৮ (৪র্থ) বিদ্যারত্ন [দ]; ৩৯ (২য়) রঘু [ঘ]; ৪০ (২য়) চৈতন্যপ্রিয় [ঞ, থ], চৈতন্যভক্ত [ঝ]; ৪৫ (১ম) অনুপম-মল্লিক [ত]; ৪৮ (১ম) অনুপাম [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঞ]; ৫২ (৩য়) তীর্থ [ড, ণ, ত, থ, ধ, ন]।

দুই শাখার প্রেমফলে সকল ভাসিল।
প্রেমফলাস্বাদে লোক উন্মত্ত হইল ॥ ৮৮
পশ্চিমের লোক সব মূঢ় অনাচার।
তাহাঁ প্রচারিল দোঁহে ভক্তি-সদাচার ॥ ৮৯
৫ শাস্ত্রদৃষ্টে কৈল লুপ্ততীর্থের উদ্ধার।
বৃন্দাবনে কৈল শ্রীমূর্তি-সেবার প্রচার ॥ ৯০
মহাপ্রভুর প্রিয় ভৃত্য—রঘুনাথদাস।
সর্ব ত্যাগি কৈল প্রভুর পদতলে বাস ॥ ৯১
প্রভু সমর্পিল তাঁরে স্বরূপের হাথে।
১০ প্রভুর গুপ্তসেবা কৈল স্বরূপের সাথে ॥ ৯২
ষোড়শ বৎসর কৈল অন্তরঙ্গ-সেবন।
স্বরূপের অন্তর্ধানে আইলা বৃন্দাবন ॥ ৯৩
বৃন্দাবনে দুই ভাইর চরণ দেখিয়া।
গোবর্ধনে ত্যজিব দেহ ভৃগুপাত করিয়া ॥ ৯৪
১৫ এই ত' নিশ্চয় করি' আইলা বৃন্দাবন।
আসি' রূপ-সনাতনের করিলা দর্শন ॥ ৯৫
তবে দুই ভাই তাঁরে মরিতে না দিল।
নিজ তৃতীয় ভাই করি' নিকটে রাখিল ॥ ৯৬
মহাপ্রভুর লীলা যত—বাহির-অন্তর।
২০ দুই ভাই তাঁর মুখে শুনে নিরন্তর ॥ ৯৭
অন্ন-জল ত্যাগ কৈল অন্য-কথন।
পল দুই-তিন মাঠা করেন ভক্ষণ ॥ ৯৮
সহস্র দণ্ডবৎ করেন, লয়ে লক্ষ নাম।
দুই সহস্র বৈষ্ণবেরে নিত্য পরণাম ॥ ৯৯
২৫ রাত্রিদিনে রাধাকৃষ্ণের মানস সেবন।
প্রহরেক মহাপ্রভুর চরিত্র-কথন ॥ ১০০
তিন সন্ধ্যা রাধাকুণ্ডে অপতিত স্নান।
ব্রজবাসী বৈষ্ণবে করে আলিঙ্গন মান ॥ ১০১

সার্ধ সপ্তপ্রহর করে ভক্তির সাধনে।
৩০ চারি দণ্ড নিদ্রা, সেহ নহে কোনদিনে ॥ ১০২
তাঁহার সাধনরীতি শুনিতে চমৎকার।
সেই রঘুনাথদাস প্রভু যে আমার ॥ ১০৩
ইহ-সভার যৈছে হৈল প্রভুর মিলন।
আগে বিস্তারিয়া তাহা করিব বর্ণন ॥ ১০৪
৩৫ শ্রীগোপাল ভট্ট - এক শাখা সর্বোত্তম।
রূপ-সনাতন সঙ্গে যাঁর প্রেম-আলাপন ॥ ১০৫
শঙ্করারণ্য আচার্য বৃক্ষের এক শাখা।
মুকুন্দ, কাশীনাথ, রুদ্র---উপশাখায় লেখা ॥ ১০৬
শ্রীনাথ পণ্ডিত - প্রভুর কৃপার ভাজন।
৪০ যাঁর কৃষ্ণসেবা দেখি' বশ ত্রিভুবন ॥ ১০৭
জগন্নাথ আচার্য প্রভুর প্রিয় দাস।
প্রভুর আজ্ঞাতে তেঁহো কৈল গঙ্গাবাস ॥ ১০৮
কৃষ্ণদাস বৈদ্য, আর পণ্ডিত-শেখর।
কবিচন্দ্র, আর কীর্তনীয়া ষষ্ঠীবর ॥ ১০৯
৪৫ শ্রীনাথ মিশ্র, শুভানন্দ, শ্রীরাম, ঈশান।
শ্রীনিধি, শ্রীগোপীকান্ত, মিশ্র ভগবান্ ॥ ১১০
সুবুদ্ধি মিশ্র, হৃদয়ানন্দ, কমলনয়ন।
মহেশ পণ্ডিত, শ্রীকর, শ্রীমধুসূদন ॥ ১১১
পুরুষোত্তম, শ্রীগালিম, জগন্নাথদাস।
৫০ শ্রীচন্দ্রশেখর বৈদ্য, দ্বিজ হরিদাস ॥ ১১২
রামদাস, কবিচন্দ্র শ্রীগোপালদাস।
ভাগবতাচার্য, ঠাকুর সারঙ্গদাস ॥ ১১৩
জগন্নাথ তীর্থ, বিপ্র শ্রীজানকীনাথ।
গোপাল আচার্য, আর বিপ্র বাণীনাথ ॥ ১১৪
৫৫ গোবিন্দ, মাধব, বাসুদেব,—তিন ভাই।
যাঁ-সভার, কীর্তনে নাচে চৈতন্য-নিতাই ॥ ১১৫

পাঠান্তর

১ (৫ম) ব্যাপিল [ঙ], ছাইল [ট, দ] ; ৩ (৫ম) দুরাচার [ক] ; ৪ (২য়) প্রকাশিলা (ত), আচরিল [ছ], (৪র্থ) ভক্তির প্রচার [ছ] ; ১৩ (৫ম) বন্দিয়া [ক, খ, দ, ঞ] ; ১৪ (৪র্থ) গোপত [ঘ] ; ১৬ (৪র্থ-৫ম) বন্দিলা চরণে [ড, ণ, ত,থ, ধ] ; ২৪ (১ম, ২য়) দুইশত [গ] ; ৩২ (২য়) রঘুনাথ রূপ [ক] ট, ড, ত, দ, ধ] ; ৩৯ (১ম) দাস [গ] ; ৪১ (৪র্থ) নিজ [ক] ; ৪৪ (৪র্থ) ষষ্ঠীধর [গ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ] ; ৪৫ (৪র্থ, ৫ম) মিশ্র শ্রীমান্ [চ], শ্রীমান্ ঈশান [ত] ; ৪৬ (২য়) শ্রীগোপীনাথ [চ, ত,] ; ৫১ (২য়) কবিদত্ত [ঝ, ধ] ; ৫৬ (৪র্থ) চৈতন্য গোসাঞি [ক, গ, ঘ, ঙ, ছ, ঝ, ঞ, ত]

রামদাস-অভিরাম — সখ্য-প্রেমরাশি।
ষোল-সাঙ্গের কাষ্ঠ হাথে লৈয়া কৈলা বাঁশী ॥ ১১৬
প্রভুর আজ্ঞায় নিত্যানন্দ গৌড়ে চলিলা।
তাঁর সঙ্গে তিনজন প্রভু-আজ্ঞায় আইলা ॥ ১১৭
৫ রামদাস, মাধব, আর বাসুদেব ঘোষ।
প্রভু সঙ্গে রহে গোবিন্দ পাইয়া সন্তোষ ॥ ১১৮
ভাগবতাচার্য, চিরঞ্জীব, শ্রীরঘুনন্দন।
মাধবাচার্য, কমলাকান্ত, শ্রীযদুনন্দন ॥ ১১৯
মহাকৃপাপাত্র প্রভুর জগাই-মাধাই।
১০ পতিতপাবন-গুণের সাক্ষী দুই ভাই ॥ ১২০
গৌড়দেশের ভক্তের কৈল সংক্ষেপ-কথন।
অনন্ত চৈতন্য ভক্ত—না যায় গণন ॥ ১২১
নীলাচলে এই সব ভক্ত প্রভু সঙ্গে।
দুই স্থানে প্রভুর সেবা কৈল বহুরঙ্গে ॥ ১২২
১৫ কেবল নীলাচলে প্রভুর যে-যে ভক্তগণ।
সংক্ষেপে তা-সভার কিছু করিয়ে কথন ॥ ১২৩
নীলাচলে প্রভু-সঙ্গে যত ভক্তগণ।
সভার অধ্যক্ষ প্রভুর মর্ম দুইজন ॥ ১২৪
পরমানন্দ পুরী, আর স্বরূপ-দামোদর।
২০ গদাধর, জগদানন্দ, শঙ্কর, বক্রেশ্বর ॥ ১২৫
দামোদরপণ্ডিত, ঠাকুর হরিদাস।
রঘুনাথবৈদ্য, আর রঘুনাথ দাস ॥ ১২৬
ইত্যাদিক পূর্বসঙ্গী বড়ভক্তগণ।
নীলাচলে রহি করে প্রভুর সেবন ॥ ১২৭
২৫ আর যত ভক্তগণ গৌড়দেশবাসী।
প্রত্যব্দ প্রভুরে দেখে নীলাচলে আসি ॥ ১২৮

নীলাচলে প্রভুর যার প্রথম মিলন।
সেই ভক্তগণ এবে করিয়ে গণন ॥ ১২৯
বড়শাখা এক সার্বভৌম ভট্টাচার্য।
৩০ তাঁর ভগ্নীপতি শ্রীগোপীনাথাচার্য ॥ ১৩০
কাশীমিশ্র, প্রদ্যুম্নমিশ্র, রায়ভবানন্দ।
যাঁহার মিলনে প্রভু পাইল আনন্দ ॥ ১৩১
আলিঙ্গন করি তাঁরে বলিল বচন।
তুমি পাণ্ডু, পঞ্চপাণ্ডব তোমার নন্দন ॥ ১৩২
৩৫ রামানন্দরায়, পট্টনায়ক বাণীনাথ।
কলানিধি, সুধানিধি, নায়ক গোপীনাথ ॥ ১৩৩
এই পঞ্চপুত্র তোমার—মোর প্রিয়পাত্র।
রামানন্দসহ মোর দেহভেদমাত্র ॥ ১৩৪
প্রতাপরুদ্র-রাজা, আর ওড্র-কৃষ্ণানন্দ।
৪০ পরমানন্দ মহাপাত্র, ওড্র-শিবানন্দ ॥ ১৩৫
ভগবান-আচার্য, ব্রহ্মানন্দাখ্য ভারতী।
শ্রীশিখি মাহিতী আর মুরারিমাহিতী ॥ ১৩৬
মাধবীদেবী—শিখিমাহিতীর ভগিনী।
শ্রীরাধার দাসীমধ্যে যার নাম গণি ॥ ১৩৭
৪৫ ঈশ্বরপুরীর শিষ্য—ব্রহ্মচারী কাশীশ্বর।
শ্রীগোবিন্দ নাম তাঁর প্রিয় অনুচর ॥ ১৩৮
তাঁর সিদ্ধিকালে দোঁহে তাঁর আজ্ঞা পাঞা।
নীলাচলে প্রভু-স্থানে মিলিলা আসিয়া ॥ ১৩৯
গুরুর সম্বন্ধে মান্য কৈল দোঁহাকারে।
৫০ তাঁর আজ্ঞা মানি সেবা দিলেন দোঁহারে ॥ ১৪০

পাঠান্তর

১ (১ম) শ্রীরামদাস ঠাকুর [গ]; ১০ (১ম)-নামের [ক, খ, জ, ঞ, ট, ড, থ, ধ]; ১১ (১ম-৪র্থ) গৌড় নবদ্বীপে ভক্ত সংক্ষেপে গণন [চ], নবদ্বীপের ভক্তের কৈল সংক্ষেপে কথন [ক, খ, ঙ, ছ, জ, ট, দ], গৌড়-নবদ্বীপ ভক্তের করিল গণন [গ], গৌড়দেশী ভক্তের কৈল সংক্ষেপ গণন [ঝ]; ১৭ (এই পয়ারের পর অধিক পাঠ) নীলাচলে রহি করে প্রভুর সেবন। নীলাচলে প্রভুসঙ্গে যত ভক্তগণ। [খ]; ২০ (১ম) গঙ্গাধর [ঞ]; (এই পংক্তির পর অধিকপাঠ) "প্রভু সঙ্গে রহে আর শ্রীগঙ্গাধর। সর্ব অনুচররূপ সভাই কিঙ্কর ॥" [চ]; ২৬ (১ম) প্রতিবর্ষে [ক], (৩য়) মিলে [ক, খ, ঙ, ছ, ঞ, ত]; ৩০ (২য়) স্বস্বপতি [চ, ঝ], স্বসাপতি [গ, ট, ঠ]; ৪০ (১ম-৩য়) ভগবান্ আচার্য আর ভারতী ব্রহ্মানন্দ [ক], শ্রীকৃষ্ণ চৈতন্য নামে যাহার আনন্দ [ত]; ৪১ (১ম-৩য়) শ্রীশিখি মাহিতি আর মুরারি মাহিতি [ক]; ৪২ (১ম-৪র্থ) এসবের চৈতন্য বিনু অন্য নাহি গতি [ক]; (এই পক্তির পূর্বে) ১লাইন ও পরে ১লাইন অধিক 'চন্দনেশ্বর সিংহেশ্বর দুই মহামতি। এ-সভের চৈতন্য বিনা নাহি অন্য গতি ॥' [জ]।

অঙ্গ-সেবা শ্রীগোবিন্দেরে দিলেন ঈশ্বর।
জগন্নাথ দেখিতে আগে চলেন কাশীশ্বর ॥ ১৪১
অপরশ যায় গোসাঞি মনুষ্যগহনে।
মনুষ্য ঠেলি পথ করে কাশী বলবানে ॥ ১৪২
৫ রামাই, নন্দাই দোঁহে প্রভুর কিঙ্কর।
গোবিন্দের সঙ্গে সেবা করে নিরন্তর ॥ ১৪৩
বাইশ-ঘড়া জল দিনে ভরেন রামাই।
গোবিন্দ-আজ্ঞায় সেবা করেন নন্দাই ॥ ১৪৪
কৃষ্ণদাস-নাম শুদ্ধ কুলীন ব্রাহ্মণ।
১০ যাঁরে সঙ্গে লৈয়া কৈলা দক্ষিণ-গমন ॥ ১৪৫ ,
বলভদ্র ভট্টাচার্য ভক্তি অধিকারী।
মথুরাগমনে প্রভুর যেঁহো ব্রহ্মচারী ॥ ১৪৬
বড় হরিদাস আর ছোট হরিদাস।
দুই কীর্তনীয়া রহে মহাপ্রভুর পাশ ॥ ১৪৭
১৫ রামভদ্রাচার্য আর ওড়-সিংহেশ্বর।
তপন-আচার্য, আর রঘু-নীলাম্বর ॥ ১৪৮
সিঙ্গাভট্ট, কামাভট্ট, দন্তুর শিবানন্দ।
গৌড়ে পূর্বভৃত্য প্রভুর প্রিয় কমলানন্দ ॥ ১৪৯
শ্রীঅচ্যুতানন্দ—অদ্বৈত-আচার্য-তনয়।
২০ নীলাচলে রহে প্রভুর চরণ-আশ্রয় ॥ ১৫০
নির্লোম গঙ্গাদাস, আর বিষ্ণুদাস।
এই সবের প্রভু-সঙ্গে নীলাচলে বাস ॥ ১৫১
বারাণসী মধ্যে প্রভুর ভক্ত তিনজন।
চন্দ্রশেখর বৈদ্য, আর মিশ্র তপন ॥ ১৫২
২৫ রঘুনাথ ভট্টাচার্য—মিশ্রের নন্দন।
প্রভু যবে কাশী আইলা দেখি বৃন্দাবন ॥ ১৫৩
চন্দ্রশেখর-ঘরে কৈল দুইমাস বাস।
তপন মিশ্রের ঘরে ভিক্ষা দুইমাস ॥ ১৫৪
রঘুনাথ বাল্যে কৈল প্রভুর সেবন।
৩০ উচ্ছিষ্টমার্জন, আর পাদসংবাহন ॥ ১৫৫
বড় হৈলে নীলাচলে গেলা প্রভুর স্থানে।
অষ্টমাস রহিল, ভিক্ষা দেন কোনদিনে ॥ ১৫৬
প্রভুর আজ্ঞা পাঞা বৃন্দাবনেরে আইলা।
আসিয়া শ্রীরূপগোসাঞির নিকটে রহিলা ॥ ১৫৭
৩৫ তাঁর স্থানে রূপ-গোসাঞি শুনেন ভাগবত ॥
প্রভুর কৃপায় তিঁহো কৃষ্ণপ্রেমে মত্ত ॥ ১৫৮
এই মত সংখ্যাতীত চৈতন্যভক্তগণ।
দিঙ্মাত্র লিখি—সম্যক্ না যায় কথন ॥ ১৫৯
একৈক শাখাতে লাগে কোটি কোটি ডাল।
৪০ তার শিষ্য, উপশিষ্য—তার উপডাল ॥ ১৬০
সকল ভরিয়া আছে—প্রেম-ফুল-ফলে।
ভাসাইল ত্রিজগৎ কৃষ্ণপ্রেম-জলে ॥ ১৬১
একৈক শাখার শক্তি অনন্ত মহিমা।
সহস্রবদনে যার দিতে নারে সীমা ॥ ১৬২
৪৫ সংক্ষেপে কহিল মহাপ্রভুর ভক্তবৃন্দ।
সমগ্র গণিতে নারে আপনে অনন্ত ॥ ১৬৩
শ্রীরূপ-রঘুনাথপদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১৬৪

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং মূলস্কন্ধ-শাখাবর্ণনং নাম দশমঃ পরিচ্ছেদঃ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য-চরিতামৃতবর্ণনে। পরিচ্ছেদেঽত্র দশমে ভক্তশাখানিরূপণম্ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং ভক্তশাখানিরূপণং নাম দশমঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

৭ (১ম-২য়) বাইশ জাড় পানি [গ, ঘ, চ, ঝ,ঞ, ট, ঠ, ঢ]; ১৫ (১ম) রাম ভট্টাচার্য [ছ, ত]; ১৭ (২য়, ৩য়) কমলাভট্ট ওড্র [চ], কমলা ভট্ট দন্তুর [গ, ঘ, ছ, জ, ঝ]; ১৮ (৫ম) কমলাকান্ত [ঙ, ঝ]; ২১ (৪র্থ) কৃষ্ণানন্দ বিষ্ণুদাস [গ]; ২৭ (১ম)-গৃহে [ঘ, ট, ড, থ, দ, ধ], (৩য়) ছয়মাস [চ]; ২৯ (২য়) বালক [ক]; ৩৩ (৫ম) চলিলা [খ]; ৩৮ (৬ষ্ঠ) গণন, [ঠ, ঢ], লিখন [ত]; ৪২ (৩য়) কৃষ্ণপ্রেম-বলে [ক]; ৪৬ এই পংক্তির পর 'জ' পুথিতে অধিক পাঠ—সভেই চৈতন্যের দাস চৈতন্য-প্রাণধন। সংক্ষেপে কহিল মহাপ্রভুর ভক্তগণ॥ ক্ষুদ্রবুদ্ধি ইহা আমি কি করিব অন্ত। সম্যক্ গণিতে যারে না পারে অনন্ত ॥

একাদশ পরিচ্ছেদ

নিত্যানন্দ-পদাম্ভোজভৃঙ্গান্ প্রেমমধূন্মদান্।
নত্বাখিলান্ তেষু মুখ্যা লিখ্যন্তে কতিচিন্ময়া ॥ ১

জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য ॥
জয়াদ্বৈতচন্দ্র জয় নিত্যানন্দ ধন্য ॥ ২

৫ তথাহি—
তস্য শ্রীকৃষ্ণচৈতন্যসৎপ্রেমামরশাখিনঃ।
উর্ধ্বস্কন্ধাবধূতেন্দোঃ শাখারূপান্ গণান্ নুমঃ ॥ ৩

শ্রীনিত্যানন্দ-বৃক্ষের স্কন্ধ গুরুতর।
তাহাতে জন্মিল শাখা-প্রশাখা বিস্তর ॥ ৪
১০ মালাকারের ইচ্ছা-জলে বাড়ে শাখাগণ।
প্রেমফল ফুল ভরি ছাইল ভুবন ॥ ৫
অসংখ্য অনন্তগণ—কে করু গণন।
আপনা শোধিতে কহি মুখ্য মুখ্য জন ॥ ৬
শ্রীবীরভদ্র গোসাঞি—স্কন্ধ মহাশাখা।
১৫ তাঁর উপশাখা যত, অসংখ্য তার লেখা ॥ ৭
ঈশ্বর হইয়া কহায় মহাভাগবত।
বেদধর্মাতীত হৈয়া বেদধর্মে রত ॥ ৮
অন্তরে ঈশ্বর-চেষ্টা, বাহিরে নির্দম্ভ।
চৈতন্যভক্তি-মণ্ডপে তেঁহো মূলস্তম্ভ ॥ ৯
২০ অদ্যাপি যাঁহার কৃপা-মহিমা হইতে।
চৈতন্য-নিত্যানন্দ গায় সকল জগতে ॥ ১০
সেই বীরভদ্র-গোসাঞির লইনু শরণ।
যাঁহার প্রসাদে হয় অভীষ্ট-পূরণ ॥ ১১
শ্রীরামদাস আর, গদাধর দাস।
২৫ চৈতন্য-গোসাঞির ভক্ত, রহে তাঁর পাশ ॥ ১২
নিত্যানন্দে আজ্ঞা দিল যবে গৌড়ে যাইতে।
মহাপ্রভু এই দুই দিলা তাঁর সাথে ॥ ১৩
অতএব দুইগণে দোঁহার গণন।
মাধব-বাসুদেব ঘোষের এই বিবরণ ॥ ১৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ চৈতন্যশাখান্নিরূপ্য নিত্যানন্দশাখান্নিরূপয়িতুং তান্ প্রণমতি গ্রন্থকারঃ—নিত্যানন্দ ইতি। নিত্যানন্দস্য পদাম্ভোজয়োঃ ভৃঙ্গান্ প্রেমৈব মধু তেনোন্মদান্ অখিলান্ ভক্তান্নত্বা প্রণম্য তেষু মধ্যে কতিচিন্মুখ্যান্ময়া লিখ্যতে। নিত্যানন্দ-ভক্তানামনন্তত্বাৎ তৎ প্রধানান্ কতিচিৎ সংক্ষিপ্য লিখ্যত ইত্যর্থঃ ॥ ১ ॥

তান্ স্পষ্টয়তি—তস্যেতি। উর্ধ্বস্কন্ধ এবাবধূতেন্দোঃ নিত্যানন্দচন্দ্রস্য 'অস্ত্রী প্রকাণ্ডঃ স্কন্ধঃ স্যান্মূলাচ্ছাখাবধেস্তরো'রিত্যমরঃ। শ্রীকৃষ্ণচৈতন্য এব সৎপ্রেমামর-শাখী তস্য শ্রীকৃষ্ণচৈতন্য-সৎপ্রেমকল্পদ্রুমস্যেত্যর্থঃ। এবংভূতস্য শাখারূপান্ শাখিরূপান্ ভক্ত-গণান্নুমঃ ॥ ৩ ॥

বঙ্গানুবাদ

১। প্রেম-মধু পানে উন্মত্তীকৃত শ্রীনিত্যানন্দপ্রভুর পাদপদ্মের ভৃঙ্গস্বরূপ সমুদায় শাখাভক্তগণকে প্রণাম করিয়া তন্মধ্যে কতিপয় ভক্তের নাম আমি লিখিতেছি।

৩। প্রসিদ্ধ শ্রীকৃষ্ণচৈতন্যরূপ প্রেমকল্পতরুর প্রধানস্কন্ধ শ্রীনিত্যানন্দচন্দ্রের শাখারূপগণকে আমরা স্তুতি করি।

পাঠান্তর

২ (৩য়-৪র্থ) মুখ্যান্ লিখ্যতে [গ, ছ, ঞ], মুখ্যান্ লিখন্তে [ঘ] ; **৮** অস্যার্থ : ॥ [গ, ঘ, ট, ধ] ; **৯** (১ম) যাহাতে [দ] ; **১০** (১ম-২য়) মালাকার ইচ্ছামৃতে [ছ] ; **১১** (১ম-৫ম) প্রেমফল-ফুলে তার ছাইল গগণ ॥ [গ] ; **১২** (২য়) অনন্ত শাখা [জ] ; **১৩** (৫ম) কত [চ, ঝ, ট] ; **১৪** (৩য়-৪র্থ) স্কন্ধ সমশাখা [গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঠ, ঢ, ত, থ, দ], মূল-স্কন্ধ সমশাখা [ক, খ, জ, ঞ, ট] ; **১৯** (১ম) -ভক্তমণ্ডপের [গ, ঘ,] ; **২০** (৩য়) ভক্তি-[ট] ; -প্রভাব [গ, ঘ, চ, ঝ, ট, ঠ, ঢ, দ] ; **২৩** (৪র্থ) বাঞ্ছিত- [ক] ; **২৫** (১ম-২য়) মহাপ্রভুর দুইভক্ত [ঙ] ; **২৬** (৬ষ্ঠ) যাত্যে [ত] ; **২৭** (৪র্থ) জনে দিল [দ]।

রামদাস—মুখ্যশাখা, সখ্য-প্রেমরাশি।
ষোলসাঙ্গের কাষ্ঠ যেই তুলি কৈল বাঁশী ॥ ১৫
গদাধর দাস গোপীভাবে পূর্ণানন্দ।
যার ঘরে দানকেলি কৈল নিত্যানন্দ ॥ ১৬
৫ শ্রীমাধব ঘোষ—মুখ্য কীর্তনীয়াগণে।
নিত্যানন্দপ্রভু নৃত্য করে যার গানে ॥ ১৭
বাসুদেব গীতে করে প্রভুর বর্ণনে।
কাষ্ঠ-পাষাণ দ্রবে যাহার শ্রবণে ॥ ১৮
মুরারি-চৈতন্যদাসের অলৌকিক লীলা।
১০ ব্যাঘ্র-গালে চড় মারে, সর্প-সনে খেলা ॥ ১৯
নিত্যানন্দের গণ যত—সব ব্রজের সখা।
শৃঙ্গ-বেত্র-গোপবেশ, শিরে শিখি পাখা ॥ ২০
রঘুনাথ বৈদ্য উপাধ্যায় মহাশয়।
যাঁহার দর্শনে কৃষ্ণপ্রেমভক্তি হয় ॥ ২১
১৫ সুন্দরানন্দ—নিত্যানন্দের শাখা, ভৃত্য মর্ম।
যাঁর সঙ্গে নিত্যানন্দ করে ব্রজনর্ম ॥ ২২
কমলাকর পিপ্পলাই—অলৌকিক রীত।
অলৌকিক প্রেম তাঁর ভুবনে বিদিত ॥ ২৩
সূর্যদাস সরখেল, তাঁর ভাই কৃষ্ণদাস।
২০ নিত্যানন্দে দৃঢ় বিশ্বাস, প্রেমের নিবাস ॥ ২৪
গৌরীদাস পণ্ডিত যাঁর প্রেমোদ্দণ্ড ভক্তি।
কৃষ্ণপ্রেম দিতে, নিতে ধরে মহাশক্তি ॥ ২৫
নিত্যানন্দে সমর্পিল জাতি-কুল-পাঁতি।
শ্রীচৈতন্য-নিত্যানন্দ করি' প্রাণপতি ॥ ২৬
২৫ নিত্যানন্দ প্রিয় অতি পণ্ডিত পুরন্দর।
প্রেমার্ণব-মধ্যে ফিরে যৈছন মন্দর ॥ ২৭

পরমেশ্বর দাস—নিত্যানন্দৈক-শরণ।
কৃষ্ণভক্তি পায়,—তাঁরে যে করে স্মরণ ॥ ২৮
জগদীশ পণ্ডিত হয় জগত-পাবন।
৩০ কৃষ্ণপ্রেমামৃত বর্ষে, যেন বর্ষা ঘন ॥ ২৯
নিত্যানন্দ-প্রিয়ভৃত্য পণ্ডিত ধনঞ্জয়।
অত্যন্ত বিরক্ত, সদা কৃষ্ণপ্রেমময় ॥ ৩০
মহেশ পণ্ডিত—ব্রজের উদার গোয়াল।
ঢক্কাবাদ্যে নৃত্য করে—প্রেমে মাতোয়াল ॥ ৩১
৩৫ নবদ্বীপে পুরুষোত্তম পণ্ডিত মহাশয়।
নিত্যানন্দ নামে যার মহোন্মাদ হয় ॥ ৩২
বলরাম দাস—কৃষ্ণপ্রেমরসাস্বাদী।
নিত্যানন্দ-নামে হয় পরম উন্মাদী ॥ ৩৩
মহাভাগবত যদুনাথ কবিচন্দ্র।
৪০ যাঁহার হৃদয়ে নৃত্য করে নিত্যানন্দ ॥ ৩৪
রাঢ়ে জন্ম যাঁর কৃষ্ণদাস দ্বিজবর।
শ্রীনিত্যানন্দের তিঁহো পরম কিঙ্কর ॥ ৩৫
কালা-কৃষ্ণদাস বড় বৈষ্ণব প্রধান।
নিত্যানন্দ চন্দ্র বিনু নাহি জানে আন ॥ ৩৬
৪৫ শ্রীসদাশিব কবিরাজ—বড় মহাশয়।
শ্রীপুরুষোত্তম দাস—তাঁহার তনয় ॥ ৩৭
আজন্ম নিমগ্ন নিত্যানন্দের চরণে।
নিরন্তর বাল্য-লীলা করে কৃষ্ণ-সনে ॥ ৩৮
তাঁর পুত্র—মহাশয় শ্রীকানুঠাকুর।
৫০ যাঁর দেহে রহে কৃষ্ণ-প্রেমামৃতপুর ॥ ৩৯
মহাভাগবত-শ্রেষ্ঠ দত্ত উদ্ধারণ।
সর্বভাবে সেবে নিত্যানন্দের চরণ ॥ ৪০

পাঠান্তর

১ (৩য়)-প্রেমবাসী [ঘ]; ২ (৩য়) হাতে [থ]; ৪ (৩য়) দান লীলা [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ], দান খেলা [ট]; ৭ (৩য়-৫ম) করেন প্রভু নর্তনে [ঘ]; ৯ (১ম) মুরারি চৈতন্য দাস করে [খ, ঙ]; ১১ (৬ষ্ঠ) শাখা [ক, ঘ, ট]; ১২ (১ম) শৃঙ্গারে যে বেত্র-গোপবেশ [চ]; ১৫ (৩য়) সখা [ঘ, ত]; ১৭ (৩য়-৪র্থ) চিত্র চরিত [চ]; ১৮ (২য়-৫ম) শুদ্ধ প্রেম ভুবন বিদিত [চ]; ২০ (৫ম) বিলাস [গ, ঝ]; ২১ (১ম-৫ম) গৌরীদাস পণ্ডিতের প্রেমকুণ্ড ভক্তি [ক]; ২৬ (১ম-৪র্থ) নিত্যানন্দ সঙ্গে ফিরেন জৈছন মন্দর [গ]; ২৭ (১ম) পরমানন্দ [গ]; ২৯ (৪র্থ) ভুবন-পাবন [ক, জ, ঞ]; ৩২ (১ম) অন্তরে [খ, দ]; ৩৩ (৫ম) গোপাল [গ, ঘ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ড, ত, থ, দ, ধ]; ৩৪ (৪র্থ-৫ম) যেন মাতুয়াল [ক]; ৪৩ (১ম) কালিয়া-[ত]; ৪৫ (১ম-৪র্থ) শ্রীসদাশিব কবিরাজ মহাশয় [ক,খ, গ, ঘ, জ, ঝ, ঞ,ত] ; ৪৬ (৩য়) যাহার [খ, ঙ, ছ,]; ৫০ (৩য়) বহে [ঙ, ত]; ৫২ (২য়) ভজে [চ]।

আচার্য বৈষ্ণবানন্দ ভক্তি-অধিকারী।
পূর্বে নাম ছিল যাঁর রঘুনাথ পুরী ॥ ৪১
শ্রীবিষ্ণুদাস, নন্দন, গঙ্গাদাস তিনভাই।
পূর্বে যাঁর ঘরে ছিলা নিত্যানন্দগোসাঞি ॥ ৪২
৫ নিত্যানন্দভৃত্য—পরমানন্দ উপাধ্যায়।
শ্রীজীব পণ্ডিত নিত্যানন্দ-গুণ গায় ॥ ৪৩
পরমানন্দ গুপ্ত — কৃষ্ণভক্ত মহামতি।
পূর্বে যার ঘরে নিত্যানন্দের বসতি ॥ ৪৪
নারায়ণ, কৃষ্ণদাস, আর মনোহর।
১০ দেবানন্দ—চারি ভাই নিতাই-কিঙ্কর ॥ ৪৫
বিহারী কৃষ্ণদাস নিত্যানন্দ-প্রভু-প্রাণ।
নিত্যানন্দপদ বিনু নাহি জানে আন ॥ ৪৬
নকড়ি, মুকুন্দ, সূর্য, মাধব, শ্রীধর।
রামানন্দ বসু, জগন্নাথ, মহীধর ॥ ৪৭
১৫ শ্রীমন্ত, গোকুলদাস, হরিহরানন্দ।
শিবাই, নন্দাই, অবধূত পরমানন্দ ॥ ৪৮
বসন্ত, নবনীহোড়, গোপাল, সনাতন।
বিষ্ণাই হাজরা, কৃষ্ণানন্দ, সুলোচন ॥ ৪৯
কংসারি সেন, রামসেন, রামচন্দ্র কবিরাজ।
২০ গোবিন্দ, শ্রীরঙ্গ, মুকুন্দ—তিন কবিরাজ ॥ ৫০
পীতাম্বর, মাধবাচার্য, দাস দামোদর।
শঙ্কর, মুকুন্দ, জ্ঞানদাস, মনোহর ॥ ৫১
নর্তক গোপাল, রামভদ্র, গৌরাঙ্গদাস।
নৃসিংহচৈতন্যদাস, মীনকেতন রামদাস ॥ ৫২
২৫ বৃন্দাবনদাস—নারায়ণীর নন্দন।
'চৈতন্যমঙ্গল' যিঁহো করিলা রচন ॥ ৫৩
ভাগবতে কৃষ্ণলীলা বর্ণিলা বেদব্যাস।
চৈতন্য-লীলাতে ব্যাস—বৃন্দাবন দাস ॥ ৫৪
সর্বশাখা-শ্রেষ্ঠ শ্রীবীরভদ্র গোসাঞি।
৩০ তাঁর উপশাখা যত, তার অন্ত নাই ॥ ৫৫
অনন্ত নিত্যানন্দগণ—কে করু গণন।
আত্মপবিত্রতা-হেতু লিখিল কথোজন ॥ ৫৬
এই সর্বশাখা পূর্ণ - পক্ক প্রেমফলে।
যারে দেখে, তারে দিয়া ভাসাইল সকলে ॥ ৫৭
৩৫ অনর্গল প্রেমা সভার, চেষ্টা অনর্গল।
প্রেম দিতে, কৃষ্ণ দিতে, ধরে মহাবল ॥ ৫৮
সংক্ষেপে কহিল এই নিত্যানন্দগণ।
যাঁহার অবধি না পায় 'সহস্র-বদন' ॥ ৫৯
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
৪০ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৬০

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং নিত্যানন্দস্কন্ধশাখাবর্ণনং নাম

একাদশঃ পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে। একাদশ-পরিচ্ছেদেঽবধূতগণ-নির্ণয়ঃ ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াম্ অবধূতগণ-নির্ণয়ো নাম

একাদশঃ পরিচ্ছেদঃ ॥

পাঠান্তর

৪ (৫ম) চৈতন্য নিতাই [ছ]; ১১ (১ম) হোড় [ধ]; ১২ (১ম) নিত্যানন্দপ্রভু [ঞ]; ১৪ (১ম-৪র্থ) রামানন্দ বসু, শঙ্কর, জগন্নাথ, মহীধর [ছ]; ১৬ (১ম-৪র্থ) সিবাই, মুকুন্দ, অবধূত পরমানন্দ [গ], (৫ম) প্রেমানন্দ [চ]; ১৮ (১ম-৪র্থ) কৃষ্ণাই হাজড়া, কৃষ্ণানন্দ, সুলোচন [ক]; ১৯ (১ম-৫ম) কংসারি সেন রামচন্দ্র কবিরাজ [ক, ঘ, ট]; ২০ (১ম-৫ম) গোবিন্দ, শ্রীমুকুন্দ, বঙ্গ, তিন কবি মাঝ [গ]; (৩য়) মুকুন্দাই (জ) কুমুদ [ছ]; ২৩ (৪র্থ) গৌরদাস [চ, ট]; ২৭ (৩য়) রচিলা [জ]; ২৮ (১ম)-মঙ্গলে [গ, ট]; ৩৬ (১ম-৬ষ্ঠ) কৃষ্ণপ্রেম দিতে নিতে ধরে মহাবল [ত]; ৩৮ (১ম) তাহার [ঞ]; ৩৯ (১ম) -সনাতন [খ, গ, ত]।

দ্বাদশ পরিচ্ছেদ

অদ্বৈতাঙ্ঘ্র্যব্জভৃঙ্গাংস্তান্ সারাসারভৃতোঽখিলান্।
হিত্বাঽসারান্ সারভৃতো নৌমি চৈতন্যজীবনান্ ॥ ১

জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য।
জয় জয় নিতানন্দ জয়াদ্বৈত ধন্য ॥ ২

৫ শ্রীচৈতন্যামরতরোর্দ্বিতীয়স্কন্ধরূপিণঃ।
শ্রীমদদ্বৈতচন্দ্রস্য শাখারূপান্ গণান্ নুমঃ ॥ ৩

বৃক্ষের দ্বিতীয় স্কন্ধ আচার্য গোসাঞি।
তাঁর যত শাখা হৈল, তার লেখা নাঞি ॥ ৪
চৈতন্য-মালীর কৃপাজলের সেচনে।
১০ সেই জলে পুষ্ট স্কন্ধ বাঢ়ে দিনে দিনে ॥ ৫
সেই স্কন্ধে যত প্রেমফল উপজিল।
সেই কৃষ্ণপ্রেমফলে জগত ভরিল ॥ ৬
সেই জল স্কন্ধে করে শাখায় সঞ্চার।
ফল-ফুলে বাঢ়ে শাখা হইল বিস্তার ॥ ৭
১৫ প্রথমেত একমত্ত আচার্যের গণ।
পাছে দুই মত হৈল দৈবের কারণ ॥ ৮
কেহো ত আচার্য আজ্ঞায় কেহো ত স্বতন্ত্র।
স্বমত-কল্পনা করে দৈবপরতন্ত্র ॥ ৯
আচার্যের মত যেই— সেই মত 'সার'।
২০ তাঁর আজ্ঞা লঙ্ঘি চলে—সেই ত 'অসার' ॥ ১০
অসারের নামে ইহাঁ নাহি প্রয়োজন।
ভেদ জানিবারে করি একত্র গণন ॥ ১১
ধান্যরাশি মাপি যৈছে পাতনা-সহিতে।
পাছে পাতনা উড়াইয়ে সংস্কার করিতে ॥ ১২
২৫ অচ্যুতানন্দ বড়শাখা আচার্যনন্দন।
আজন্ম সেবিলা তিঁহো চৈতন্যচরণ ॥ ১৩
চৈতন্যগোসাঞির গুরু—কেশব ভারতী।
এই পিতার বাক্য শুনি দুঃখ পাইল অতি ॥ ১৪
"জগদ্‌গুরুতে কর ঐছে উপদেশ।
৩০ তোমার এই উপদেশে নষ্ট হৈল দেশ ॥ ১৫
চৌদ্দভুবনের গুরু—চৈতন্য গোসাঞি।
তাঁর গুরু অন্য—এই কোন শাস্ত্রে নাই ॥" ১৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অদ্বৈতাঙ্ঘ্রি রেবাব্জং
অথ নিত্যানন্দগণান্নিরূপ্য শ্রীলাদ্বৈতগণান্নিরূপয়িতুং তান্নৌমীতি গ্রন্থকারঃ—অদ্বৈতেত্যাদি। ... ভক্তান্ নৌমি স্তৌমি।
তস্য ভৃঙ্গান্ ভৃঙ্গস্বরূপান্ তানখিলান্ সারাসারভৃতঃ অতঃ অসারান্ শ্রীচৈতন্য-বহির্মুখান্ হিত্বা সারভৃতো ভক্তান্ নৌমি স্তৌমি।
তান্ কিংভূতান্ চৈতন্যজীবনান্ চৈতন্য এব জীবনং যেষান্তে তান্ ॥ ১ ॥
তন্নিরূপয়তি গ্রন্থকারঃ—শ্রীচৈতন্য ইতি। যথা শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে (১।৬) "আশ্চর্যং যস্য কন্দো যতিমুকুটমণি-
র্মাধবাখ্যো মুনীন্দ্রঃ, শ্রীলাদ্বৈত-প্ররোহস্ত্রিভুবনবিদিতঃ স্কন্ধ এবাবধূতঃ"—ইতি বচনাৎ ॥ ৩ ॥

বঙ্গানুবাদ

১। প্রথমতঃ সারাসারগ্রাহী অদ্বৈতপাদাব্জে ভৃঙ্গরূপ অখিল ভক্তকে এবং পশ্চাৎ অসারকে পরিত্যাগ করিয়া সারগ্রাহী শ্রীচৈতন্যপ্রাণ ভক্তগণকে স্তুতি করি।

৩। শ্রীচৈতন্যরূপ কল্পতরুর দ্বিতীয়স্কন্ধ শ্রীঅদ্বৈতাচার্যের শাখারূপ গণকে আমরা স্তুতি করি।

পাঠান্তর

৯ (৩য়) সিঞ্চনে [চ]; ১০ (১ম-২য়) তাহাতেই [ছ]; ১২ (৪র্থ) তারিল [গ, ছ, ট]; ১৩ (১ম-৬ষ্ঠ) সেই স্কন্ধ করে জল শাখায় সঞ্চার [ঠ, ঢ]; ১৫ (২য়) একরূপ [ঘ]; ১৬ (৫ম) দ্বন্দের [ক]; ১৮ (১ম) স্বতন্ত্র- [ক]; ১৯ (৫ম) গণ [গ, ঘ, ঠ, ঢ]; ২০ (৪র্থ) বলে [ট]; ২৭ (১ম)—প্রভুর [দ]; ২৮ (২য়-৩য়) পিতৃবাক্য [গ, দ]; ২৯ (১ম) জগদ্‌গুরু হই [ঙ]।

পঞ্চমবর্ষের বালক কহে সিদ্ধান্তের সার।
শুনিয়া পাইল আচার্য সন্তোষ অপার ॥ ১৭
কৃষ্ণমিশ্র নাম আর আচার্যতনয়।
চৈতন্যগোসাঞি বৈসে যাঁহার হৃদয় ॥ ১৮
৫ শ্রীগোপাল-নামে আর আচার্যের সুত।
তাঁহার চরিত্র শুন অত্যন্ত অদ্ভুত ॥ ১৯
গুণ্ডিচামন্দিরে মহাপ্রভুর সম্মুখে।
কীর্তনে নর্তন করে বড় প্রেমসুখে ॥ ২০
নানা ভাবোদ্গম দেহে—অদ্ভুত নর্তন।
১০ দুই গোসাঞি 'হরি' বোলে আনন্দিত মন ॥ ২১
নাচিতে নাচিতে গোপাল হইলা মূর্ছিত।
ভূমিতে পড়িলা, দেহে নাহিক সংবিত ॥ ২২
দুঃখী হইলা আচার্য পুত্র কোলে লইয়া।
রক্ষা করেন নৃসিংহের মন্ত্র পড়িয়া ॥ ২৩
১৫ নানা মন্ত্র পড়েন আচার্য, না হয় চেতন।
দুঃখী হইয়া আচার্য করেন ক্রন্দন ॥ ২৪
তবে মহাপ্রভু তাঁর হৃদে হস্ত ধরি।
উঠহ গোপাল! কৈল—বোল হরি হরি ॥ ২৫
উঠিলা গোপাল প্রভুর স্পর্শ ধ্বনি শুনি।
২০ আনন্দিত হৈয়া সভে করে হরিধ্বনি ॥ ২৬
আচার্যের আর পুত্র শ্রীবলরাম।
আর পুত্ররূপ-শাখা জগদীশ নাম ॥ ২৭
কমলাকান্ত বিশ্বাস নাম আচার্য কিঙ্কর।
আচার্যের ব্যবহার তাঁহার গোচর ॥ ২৮
২৫ নীলাচলে তেঁহো এক পত্রিকা লিখিয়া।
প্রতাপরুদ্রের পাশ দিলা পাঠাইয়া ॥ ২৯

সেই ত পত্রীর কথা আচার্য নাহি জানে।
কোন-পাকে সেইপত্রী আইল প্রভুস্থানে ॥ ৩০
সেই পত্রীতে লিখিয়াছে এই ত লিখন—।
৩০ ঈশ্বরত্বে আচার্যেরে ক'রেছে স্থাপন ॥ ৩১
কিন্তু তাঁর দৈবে কিছু হইয়াছে ঋণ।
ঋণ শোধিবারে চাহি তঙ্কা শত তিন ॥ ৩২
পত্র পড়িয়া প্রভুর মনে হৈল দুখ।
বাহিরে হাসিয়া কিছু কহে চন্দ্রমুখ ॥ ৩৩
৩৫ আচার্যেরে স্থাপিয়াছে করিয়া ঈশ্বর।
ইথে দোষ নাহি, আচার্য দৈবত ঈশ্বর ॥ ৩৪
ঈশ্বরের দৈন্য করি করিয়াছে ভিক্ষা।
অতএব দণ্ড করি করাইব শিক্ষা ॥ ৩৫
গোবিন্দেরে আজ্ঞা দিল—ইঁহা আজ হৈতে।
৪০ বাউলিয়া-বিশ্বাসেরে না দিবে আসিতে ॥ ৩৬
দণ্ড শুনি বিশ্বাস হৈলা পরম দুঃখিত।
শুনিয়া প্রভুর দণ্ড আচার্য হর্ষিত ॥ ৩৭
বিশ্বাসেরে কহে,—তুমি বড় ভাগ্যবান্।
তোমারে করিল দণ্ড প্রভু ভগবান্ ॥ ৩৮
৪৫ পূর্বে মহাপ্রভু মোরে করেন সম্মান।
দুঃখ পাই মনে আমি কৈল অনুমান ॥ ৩৯
'মুক্তি' শ্রেষ্ঠ করি' কৈল বাশিষ্ঠ ব্যাখ্যান।
ক্রুদ্ধ হঞা প্রভু মোরে কৈল অপমান ॥ ৪০
দণ্ড পাঞা হৈল মোর পরম আনন্দ।
৫০ যে দণ্ড পাইল ভাগ্যবান্ শ্রীমুকুন্দ ॥ ৪১
যে দণ্ড পাইলেন শ্রীশচী ভাগ্যবতী।
সে-দণ্ড-প্রসাদ অন্য লোক পাবে কতি ॥ ৪২

পাঠান্তর

৮ (২য়-৩য়) নৃত্য করে গোপাল [গ, ঞ, ঠ, ঢ, থ]; ১২ (৫ম) জীবিত [ঙ, ঞ, ত]; ১৪ (২য়) বান্দেন [খ]; ১৬ (১ম-৫ম) আচার্যের দুঃখে বৈষ্ণব করেন ক্রন্দন [ড, ধ]; ১৭ ইহার পূর্বে অতিরিক্ত পাঠ—আচার্যকে প্রবোধেন শচীর নন্দন। তবে ত আচার্য গোসাঞি হৈলা ক্ষমাপন ॥ [জ]; ২২ (২য়)-রূপ-[ক—ঞ, ঠ, ঢ, ত, দ],-স্বরূপ-[ট, ড, ণ, থ, ধ, ন]; ২৬ (১ম-২য়) প্রতাপরুদ্র-রাজাস্থানে [ক]; ২৮ (১ম)-রূপে [ছ]; ৩০ (১ম) ঈশ্বরতত্ত্বে [চ]; ৩২ (৪র্থ) টাকা [ক, ঠ, ঢ]; মুদ্রা [ট, ড, থ, দ, ধ]; ৩৪ (৫ম) চাঁদমুখ [গ, ঘ, ছ, জ, ট, ড, থ, ধ]; ৩৬ (৫ম) সহজে [ঞ]; ৩৭ (৪র্থ) মাগিয়াছে [ছ]; ৪০ (১ম) বাউল্যা [ট, ঢ, দ]; ৪৭ (৫ম) বিশিষ্ট [খ, ঞ]; ৪৯ (২য়-৩য়) হৈল ইথে [চ]; ৫১ (৪র্থ) সীতা [ক]।

এত কহি আচার্য তাঁরে করিয়া আশ্বাস।
আনন্দিত হৈয়া আইলা মহাপ্রভুর পাশ ॥ ৪৩
প্রভুকে কহেন—তোমার না বুঝি এ লীলা।
আমা হৈতে প্রসাদ পাত্র করিলে কমলা ? ॥ ৪৪
৫ আমারেহ কভু যেই না হয় প্রসাদ।
তোমার চরণে আমি কি কৈনু অপরাধ ? ॥ ৪৫
এত শুনি' মহাপ্রভু হাসিতে লাগিলা।
বোলাইলা কমলাকান্তে—প্রসন্ন হইলা ॥ ৪৬
আচার্য কহে,—ইহাকে কেনে দিলে দরশন ? ।
১০ দুই প্রকারেতে করে মোরে বিড়ম্বন ॥ ৪৭
শুনিয়া প্রভুর মন প্রসন্ন হইল।
দোঁহার অন্তর-কথা দোঁহে সে বুঝিল ॥ ৪৮
প্রভু কহে—বাউলিয়া ! ঐছে কাহে কর ? ।
আচার্যের লজ্জা-ধর্ম-হানি সে আচর ॥ ৪৯
১৫ প্রতিগ্রহ না করিয়ে কভু রাজধন।
বিষয়ীর অন্ন খাইলে দুষ্ট হয় মন ॥ ৫০
মন দুষ্ট হৈলে নহে কৃষ্ণের স্মরণ।
কৃষ্ণস্মৃতি বিনু হয় নিষ্ফল জীবন ॥ ৫১
লোকলজ্জা হয়, ধর্ম-কীর্তি হয় হানি।
২০ ঐছে কর্ম না করিহ কভু ইহা জানি ॥ ৫২
এই শিক্ষা সভাকারে—সভে মনে কৈল।
আচার্য-গোসাঞি মনে আনন্দ পাইল ॥ ৫৩
আচার্যের অভিপ্রায় প্রভু-মাত্র বুঝে।
প্রভুর গম্ভীর বাক্য আচার্য সমুঝে ॥ ৫৪
২৫ এই ত' প্রস্তাবে আছে বহুত বিচার।
গ্রন্থ-বাহুল্য ভয়ে নারি লিখিবার ॥ ৫৫
শ্রীযদুনন্দনাচার্য—অদ্বৈতের শাখা।
তাঁর শাখা উপশাখার নাহি হয় লেখা ॥ ৫৬

বাসুদেব দত্তের তিঁহো কৃপার ভাজন।
৩০ সর্বভাবে আশ্রিয়াছে চৈতন্য-চরণ ॥ ৫৭
ভাগবত আচার্য আর বিষ্ণুদাস আচার্য।
চক্রপাণি আচার্য, আর অনন্ত আচার্য ॥ ৫৮
নন্দিনী, আর কামদেব, শ্রীচৈতন্য দাস।
দুর্লভ বিশ্বাস, আর বনমালি দাস ॥ ৫৯
৩৫ জগন্নাথকর, আর কর ভবনাথ।
হৃদয়ানন্দ সেন, আর দাস ভোলানাথ ॥ ৬০
যাদব, বিজয়দাস, দাস জনার্দন।
অনন্তদাস, কানু পণ্ডিত, দাস নারায়ণ ॥ ৬১
শ্রীবৎস পণ্ডিত, ব্রহ্মচারী হরিদাস।
৪০ পুরুষোত্তম ব্রহ্মচারী, আর কৃষ্ণদাস ॥ ৬২
পুরুষোত্তম পণ্ডিত, আর রঘুনাথ।
বনমালী কবিচন্দ্র, আর বৈদ্যনাথ ॥ ৬৩
লোকনাথ পণ্ডিত, আর মুরারি পণ্ডিত।
শ্রীহরিচরণ, আর মাধব পণ্ডিত ॥ ৬৪
৪৫ বিজয় পণ্ডিত, আর পণ্ডিত শ্রীরাম।
অসংখ্য অদ্বৈত-শাখা কত লৈব নাম ॥ ৬৫
মালি-দত্ত জল অদ্বৈত-স্কন্ধ যোগায়।
সেই জলে জীয়ে শাখা,—ফুল ফল পায় ॥ ৬৬
ইহার মধ্যে মানি পাছে কোন শাখাগণ।
৫০ না মানে চৈতন্য-মালী দুর্দৈব কারণ ॥ ৬৭
যে জন্মাইল জিয়াইল তাঁরে না মানিল।
কৃতঘ্ন হইল, তারে স্কন্ধ ক্রুদ্ধ হৈল ॥ ৬৮
ক্রুদ্ধ হঞা স্কন্ধ তারে জল না সঞ্চারে।
জলাভাবে কৃশ শাখা শুকাইয়া মরে ॥ ৬৯
৫৫ চৈতন্য রহিত দেহ—শুষ্ককাষ্ঠ-সম।
জীবিতেই মৃত সেই, দণ্ডে তারে যম ॥ ৭০

পাঠান্তর

৮ (১ম) ডাকিয়া [ক, জ, ঞ,] ; ১০ (২য়) রূপে এই [ছ] ; ১১ (৪র্থ) বিষণ্ণ [গ] ; ১২ (৫ম) জানিল [ট, ড, থ, ধ] ; ১৬ (৩র্থ) মলিন [ক], নষ্ট [ছ] ; ১৭ (২য়) মলিন [ক] ; ২৪ (৩য়) চেষ্টা [ত] ; ২৫ (৪র্থ) বহুল [ড, থ, ধ] ; ২৬ (১ম) বিস্তার [ঞ] ; ৩৫ (৪র্থ) ভোলানাথ [ক] ; ৪০ (৪র্থ) হরিদাস [চ] ; ৫৪ (১ম) চন্দন [ত] ; ৪৫ (১ম) পুরুষোত্তম [ক] ; ৪৯ (৩য়-৩র্থ) স্কন্ধমাঝে [ঝ] ; ৫০ (৪র্থ) অদ্বৈত [থ] ; ৫৬ (১ম-৬ষ্ঠ) জীয়ন্তেই মড়া সেই মৈলে দণ্ডে যম [ঠ, ঢ] ।

কেবল এ গণ-প্রতি নহে এই দণ্ড।
চৈতন্য-বিমুখ যেই, সেইত' পাষণ্ড ॥ ৭১
কি পণ্ডিত, কি তপস্বী, কিবা গৃহী, যতি।
চৈতন্য-বিমুখ যেই, তার এই গতি ॥ ৭২
৫ যে যে লইল শ্রীঅচ্যুতানন্দের মত।
সেই আচার্যের গণ—মহাভাগবত ॥ ৭৩
সেই সেই, আচার্যের কৃপার ভাজন।
অনায়াসে পাইল সেই চৈতন্য-চরণ ॥ ৭৪
সেই আচার্যের গণে মোর কোটি নমস্কার।
১০ অচ্যুতানন্দ প্রায়, চৈতন্য—জীবন যাহার ॥ ৭৫
এইত' কহিল আচার্য-গোসাঞির গণ।
তিন-স্কন্ধ-শাখার কৈল সংক্ষেপে গণন ॥ ৭৬
শাখা-উপশাখা, তার নাহিক গণন।
কিছুমাত্র কহি করি দিগ্‌দরশন ॥ ৭৭
১৫ শ্রীগদাধর পণ্ডিত—শাখাতে মহোত্তম।
তাঁর উপশাখা কিছু করিয়ে গণন ॥ ৭৮
শাখা-শ্রেষ্ঠ ধ্রুবানন্দ, শ্রীধর ব্রহ্মচারী।
ভাগবত আচার্য, হরিদাস ব্রহ্মচারী ॥ ৭৯
অনন্ত আচার্য, কবিদত্ত, মিশ্র নয়ন।
২০ গঙ্গামন্ত্রী, মামুঠাকুর, কণ্ঠাভরণ ॥ ৮০
ভূগর্ভ গোসাঞি, আর ভাগবত দাস।
এই দুই আসি' কৈল বৃন্দাবনে বাস ॥ ৮১
বাণীনাথ ব্রহ্মচারী—বড় মহাশয়।
বল্লভচৈতন্যদাস—কৃষ্ণপ্রেমময় ॥ ৮২
২৫ শ্রীনাথ চক্রবর্তী আর শ্রীউদ্ধবদাস।
জিতামিত্র, কাষ্ঠকাটা জগন্নাথদাস ॥ ৮৩
শ্রীহরি আচার্য, সাদি-পুরিয়া গোপাল।
কৃষ্ণদাস ব্রহ্মচারী, শ্রীপুষ্পগোপাল ॥ ৮৪
শ্রীহর্ষ, রঘুমিশ্র, পণ্ডিত লক্ষ্মীনাথ।
৩০ রঙ্গবাটী-চৈতন্যদাস, শ্রীরঘুনাথ ॥ ৮৫
চক্রবর্তী শিবানন্দ- শাখাতে উদ্দাম।
মদনগোপাল-পায়ে যাহার বিশ্রাম ॥ ৮৬
অমোঘ পণ্ডিত, হস্তিগোপাল, চৈতন্যবল্লভ।
শ্রীযদুগাঙ্গুলী আর মঙ্গল বৈষ্ণব ॥ ৮৭
৩৫ সংক্ষেপে কহিল পণ্ডিত গোঁসাঞির গণ।
ঐছে আর শাখা-উপশাখার গণন ॥ ৮৮
পণ্ডিতের গণ সব,—ভাগবত ধন্য।
প্রাণবল্লভ সভার শ্রীকৃষ্ণচৈতন্য ॥ ৮৯
এই তিন-স্কন্ধের (কৈল) শাখার সংক্ষেপ গণন।
৪০ যাঁ সভার স্মরণে হয় বন্ধ বিমোচন ॥ ৯০
যাঁ সভার স্মরণে পাই চৈতন্য-চরণ।
যাঁ সভার স্মরণে হয় বাঞ্ছিত পূরণ ॥ ৯১
অতএব তাঁ সভার বন্দিয়ে চরণ।
চৈতন্য-মালীর কহি লীলা অনুক্রম ॥ ৯২
৪৫ গৌরলীলামৃতসিন্ধু—অপার অগাধ।
কে করিতে পারে তাহে অবগাহ-সাধ? ॥ ৯৩
তাহার মাধুর্য-গন্ধে লুব্ধ হয় মন।
অতএব তটে রহি চাখি এক কণ ॥ ৯৪
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
৫০ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৯৫

* ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং অদ্বৈত-স্কন্ধশাখা বর্ণনং নাম দ্বাদশঃ পরিচ্ছেদঃ ॥

পাঠান্তর

৬ ইহার পর অতিরিক্ত—অচ্যুতের যেই মত, সেই মত সার। আর যত মত সব হৈল ছারখার ॥ [ঠ, ঢ, ণ, ত, থ, দ, ন]; ১০ (১ম-৫ম) অচ্যুতানন্দের মত চৈতন্য প্রাণ যার [চ]; ১৫ এই পয়ারের পূর্বে অতিরিক্ত—জয় জয় শ্রীচৈতন্য জয় গদাধর। জয় নিত্যানন্দ চন্দ্র অদ্বৈত বক্রেশ্বর ॥ জয় শ্রীবাসাদি যত প্রভুভক্তবৃন্দ। প্রণত হইঞা বন্দো চরণারবিন্দ ॥ [ছ], (৩য়) বড়শাখা [চ]; ১৮ (৪র্থ) অধিকারী [ঙ]; (৬ষ্ঠ) ভাগীরথ [খ, গ, ঘ, ঙ, ঝ, ট]; জগন্নাথ [ত], (৪র্থ) শ্রীউদ্ধারণ [গ, ট, ড]; ২৬ (১ম)-মিশ্র [ক, গ, চ, জ, ঝ, ট, ঠ, ঢ, ত, থ, দ]; ২৫ (১ম) শ্রীহরি আচার্য দাসী পুরিয়া [খ]; ২৮ (১ম) প্রভুদাস [খ]; ৩০ (১ম) বঙ্গবাটী [ক, খ, ঘ, চ, ঞ, ঝ, ঠ, ড, ঢ, থ, ধ]; ২৭ (১ম—৪র্থ) ৩৩ (১ম—৪র্থ) অমোঘ পণ্ডিত আর চৈতন্যবল্লভ [গ, ঘ, ছ, জ, ট, ড, দ]; ৩৭ (১ম-৩য়) পণ্ডিত গোসাঞির গণ [ঞ]; ৪০ (৬ষ্ঠ-৫ম) ভববন্ধ [ছ, ট, ড, থ, ধ]; ৪৯ (১ম)-চরণে [খ]।

ত্রয়োদশ পরিচ্ছেদ

স প্রসীদতু চৈতন্যদেবো যস্য প্রসাদতঃ।
তল্লীলাবর্ণনে যোগ্যঃ সদ্যঃ স্যাদধমোঽপ্যয়ম্ ॥ ১
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য গৌরচন্দ্র।
জয়াদ্বৈতচন্দ্র জয় জয় নিত্যানন্দ ॥ ২
৫ জয় জয় গদাধর জয় শ্রীনিবাস।
জয় মুকুন্দ বাসুদেব জয় হরিদাস ॥ ৩
জয় দামোদর-স্বরূপ জয় মুরারিগুপ্ত।
এই সব চন্দ্রোদয়ে তম কৈল লুপ্ত ॥ ৪
জয় শ্রীচৈতন্যচন্দ্রের ভক্তচন্দ্রগণ।
১০ সভার প্রেম-জ্যোৎস্নায় উজ্জ্বল কৈল ত্রিভুবন ॥ ৫
এইত' কহিল গ্রন্থারম্ভে মুখবন্ধ।
এবে কহি চৈতন্যলীলার ক্রম অনুবন্ধ ॥ ৬
প্রথমেত' সূত্ররূপে করিয়ে গণন।
পাছে তাহা বিস্তারি করিব বিবরণ ॥ ৭
১৫ শ্রীকৃষ্ণচৈতন্য নবদ্বীপে অবতরি।
অষ্টচল্লিশ বৎসর প্রকট বিহরি ॥ ৮
চৌদ্দশত-সাত-শকে জন্মের প্রমাণ।
চৌদ্দশত-পঞ্চান্নে হইল অন্তর্ধান ॥ ৯
চব্বিশ বৎসর প্রভু কৈল গৃহবাস।
২০ নিরন্তর কৈল কৃষ্ণ-কীর্তন প্রকাশ ॥ ১০
চব্বিশ বৎসর শেষে করিয়া সন্ন্যাস।
আর চব্বিশ বৎসর কৈল নীলাচলে বাস ॥ ১১
তার মধ্যে ছয় বৎসর—গমনাগমন।
কভু দক্ষিণ, কভু গৌড়, কভু বৃন্দাবন ॥ ১২
২৫ অষ্টাদশ বৎসর রহিলা নীলাচলে।
কৃষ্ণপ্রেমনামামৃতে ভাসাইল সকলে ॥ ১৩
গার্হস্থ্যে প্রভুর লীলা—'আদি'-লীলাখ্যান।
'মধ্য'-'অন্ত'-লীলা শেষলীলার দুই নাম ॥ ১৪
আদিলীলা- মধ্যে প্রভুর যতেক চরিত।
৩০ সূত্ররূপে মুরারিগুপ্ত করিলা গ্রথিত ॥ ১৫
প্রভুর যে শেষ-লীলা স্বরূপ-দামোদর।
সূত্র করি গাঁথিলেন গ্রন্থের ভিতর ॥ ১৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীচৈতন্যলীলাবর্ণনে তৎকৃপাং প্রার্থয়তে গ্রন্থকারঃ—স ইতি। সঃ চৈতন্যদেবঃ প্রসীদতু প্রসন্নো ভবতু, যস্য শ্রীচৈতন্যস্য প্রসাদতঃ প্রসাদেন তল্লীলাবর্ণনেঽধমোঽপ্যয়ং যোগ্যঃ স্যাৎ। অনেন যোগ্যাযোগ্যবিচারাভাবাৎ পরম-কৃপালুত্বং সূচিতম্ ॥ ১ ॥

বঙ্গানুবাদ

১। সুপ্রসিদ্ধ সেই শ্রীচৈতন্যদেব আমার প্রতি প্রসন্ন হউন। যাঁহার প্রসাদে মাদৃশ অধম জনও তৎক্ষণাৎ তাঁহার লীলাবর্ণনে যোগ্যতা লাভ করে।

পাঠান্তর

৩ (৪র্থ) নিত্যানন্দ [ছ, ঙ]; ৪ (৩য়-৪র্থ) গৌরভক্তবৃন্দ [ছ, ঙ]; ৫ (৫ম) শ্রীশ্রীবাস [চ]; ৭ (২য়) স্বরূপ-দামোদর [ত] ; ৯ (৩য়) পূর্ণচন্দ্রগণ [ক, খ, ঙ, চ, জ, ঞ, ট, ড, ত, দ, ধ.]; ১৪ (৫ম) বর্ণন [ত]; ১৫ (২য়) পৃথিবীতে [ক, খ, চ, ত' দ]; ২০ (৩য়-৪র্থ) প্রেমভক্তির প্রকাশ [ঠ, ঢ], বিলাস [ঙ, ট, ড, ণ, ত, থ, দ, ধ, ন]; ২৬ (১ম) কৃষ্ণনাম-প্রেমামৃতে [ছ]; ২৭ (১ম) গৃহমধ্যে [জ]; ২৮ (১ম-৫ম) যত লীলা করিল তাহা কে করু প্রমাণ ॥ [খ]; ২৯ (৩য়) মধ্যম [গ]; ৩০ (১ম) সূত্রকার [ক]।

এই দুইজনের সূত্র দেখিয়া শুনিয়া।
বর্ণনা করেন বৈষ্ণব ক্রম যে করিয়া॥ ১৭
বাল্য, পৌগণ্ড, কৈশোর, যৌবন—চারিভেদ।
অতএব আদিখণ্ডে লীলা চারিভেদ॥ ১৮
৫ তথাহি—
সর্ব সদ্গুণপূর্ণাং তাং বন্দে ফাল্গুনপূর্ণিমাম্।
যস্যাং শ্রীকৃষ্ণচৈতন্যোঽবতীর্ণঃ কৃষ্ণনামভিঃ ॥১৯
বৈবস্বতমনোরষ্টাবিংশকে যুগসম্ভবে।
চতুর্দশশতাব্দে বৈ সপ্তবর্ষসমন্বিতে॥]
১০ ভাগীরথীতটে রম্যে শচীগর্ভমহার্ণবে।
রাহুগ্রস্তে পূর্ণিমায়াং গৌরাঙ্গঃ প্রকটো ভবেৎ ॥২০
ফাল্গুনপূর্ণিমা-সন্ধ্যায় প্রভুর জন্মোদয়।
সেইকালে দৈবযোগে চন্দ্র-গ্রহণ হয়॥ ২১
হরি হরি বোলে লোক হরসিত হঞা।
১৫ জন্মিলা চৈতন্যপ্রভু 'নাম' জন্মাইয়া॥ ২২
জন্ম-বাল্য- পৌগণ্ড-কৈশোর-যুবাকালে।
হরিনাম লওয়াইলা প্রভু নানা ছলে॥২৩
বাল্যভাবচ্ছলে প্রভু করেন ক্রন্দন।
'কৃষ্ণ' 'হরি' নাম শুনি রহয়ে রোদন॥ ২৪
২০ অতএব 'হরি' 'হরি' বোলে নারীগণ।
দেখিতে আইসে যেবা সব বন্ধুজন॥ ২৫
গৌরহরি বলি তাঁরে হাসে সর্ব নারী।
অতএব হৈল তাঁর নাম 'গৌরহরি'॥ ২৬
বাল্য বয়স যাবৎ হাথে খড়ি দিল।
২৫ পৌগণ্ড-বয়স যাবৎ বিবাহ না কৈল॥ ২৭
বিবাহ করিলে হৈল নবীন যৌবন।
সর্বত্র লওয়াইল প্রভু নাম-সংকীর্তন॥ ২৮
পৌগণ্ড বয়সে পঢ়েন পঢ়ান শিষ্যগণে।
সর্বত্র করেন কৃষ্ণনামের ব্যাখ্যানে॥ ২৯
৩০ সূত্র-বৃত্তি-পাঁজি-টীকা—কৃষ্ণেতে তাৎপর্য।
শিষ্যের প্রতীত হয়,—প্রভাব আশ্চর্য॥ ৩০
যারে দেখে, তারে কহে,—কহ কৃষ্ণনাম।
কৃষ্ণনামে ভাসাইল নবদ্বীপগ্রাম॥ ৩১
কিশোর বয়সে আরম্ভিলা সংকীর্তন।
৩৫ রাত্রিদিনে প্রেমে নৃত্য, সঙ্গে ভক্তগণ॥ ৩২
নগরে নগরে ভ্রমে কীর্তন করিয়া।
ভাসাইল ত্রিভুবন প্রেমভক্তি দিয়া॥ ৩৩
চব্বিশ বৎসর ঐছে নবদ্বীপ-গ্রামে।
লওয়াইলা সর্বলোকে কৃষ্ণপ্রেমনামে॥ ৩৪
৪০ চব্বিশ বৎসর ছিলা করিয়া সন্ন্যাস।
ভক্তগণ লঞা কৈলা নীলাচলে বাস॥ ৩৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

'ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্' ইতি সপ্তমস্কন্ধবচনাৎ (শ্রীমদ্ভাগবতে ৭।৯।৩৮)। ভক্তরূপেণ ফাল্গুনপৌর্ণমাস্যামবতীর্ণোঽয়মিতি গ্রন্থকারঃ—সর্বেতি। সর্বসদ্গুণৈঃ পূর্ণাং ফাল্গুনপূর্ণিমাং বন্দে অহং স্তৌমি। কথমস্যাঃ সর্বসদ্গুণপূর্ণত্বমত আহ। যস্যাং পৌর্ণমাস্যাং শ্রীকৃষ্ণচৈতন্যঃ শ্রীকৃষ্ণনামভিঃ সহ তত্রৈব চন্দ্রগ্রহণসময়ে সর্বজীবান্ ভগবন্নাম গ্রাহয়িত্বা পশ্চাদবততারেতি ভাবঃ॥ ১৯॥

বঙ্গানুবাদ

১৯। সর্ব্বপ্রসিদ্ধ এবং সর্ব্বসদ্গুণপরিপূর্ণ ফাল্গুনী-পূর্ণিমাকে আমি বন্দনা করি। যে ফাল্গুনী-পূর্ণিমায় শ্রীকৃষ্ণচৈতন্যদেব কৃষ্ণনাম সঙ্গে লইয়া অবতীর্ণ হইয়াছিলেন।

২০। বৈবস্বত মনুর অষ্টাবিংশতি চতুর্যুগের কলিতে সপ্তবর্ষান্বিত চতুর্দশ শকাব্দে রমণীয় গঙ্গা সমীপস্থ নবদ্বীপে ফাল্গুনী-পূর্ণিমায় উপরাগ-সময়ে শ্রীগৌরাঙ্গদেব প্রকট হইয়াছিলেন।

পাঠান্তর

৮—১১ [এই শ্লোকটী 'ণ', 'দ' মুদ্রিত পুস্তক ব্যতীত অন্যত্র নাই]; ৩০ এই পংক্তির পূর্বে অধিক—নাম বিনে আর কিছু না আইসে বদনে। [থ]; ৩১ (৪র্থ) সভার [ছ, ট, ড, দ, ধ]।

তার মধ্যে নীলাচলে ছয় বৎসর।
নৃত্য-গীত, প্রেমভক্তি-দান নিরন্তর ॥ ৩৬
সেতুবন্ধ, আর গৌড়-ব্যাপি বৃন্দাবন।
প্রেম-নাম প্রচারিয়া করিলা ভ্রমণ ॥ ৩৭
৫ এই 'মধ্যলীলা' নাম—লীলা-মুখ্যধাম।
শেষ অষ্টাদশ বর্ষ—'অন্ত্যলীলা' নাম ॥ ৩৮
তার মধ্যে ছয় বৎসর ভক্তগণ-সঙ্গে।
প্রেমভক্তি লওয়াইলা নৃত্যগীত-রঙ্গে ॥ ৩৯
দ্বাদশ বৎসর শেষ রহিলা নীলাচলে।
১০ প্রেমাবস্থা শিখাইলা আস্বাদন-ছলে ॥ ৪০
রাত্রিদিবসে কৃষ্ণ-বিরহ-স্ফুরণ।
উন্মাদের চেষ্টা করে প্রলাপ-বচন ॥ ৪১
শ্রীরাধার প্রলাপ যৈছে উদ্ধব-দর্শনে।
সেইমত উন্মাদ-প্রলাপ করে রাত্রিদিনে ॥ ৪২
১৫ বিদ্যাপতি, জয়দেব, চণ্ডীদাসের গীত।
আস্বাদেন রামানন্দ-স্বরূপ-সহিত ॥ ৪৩
কৃষ্ণের বিয়োগে যত প্রেম-চেষ্টিত।
আস্বাদিয়া পূর্ণ কৈল আপন বাঞ্ছিত ॥ ৪৪
অনন্ত চৈতন্যলীলা ক্ষুদ্র জীব হঞা।
২০ কে বর্ণিতে পারে, তাহা বিস্তার করিয়া ॥ ৪৫
সূত্র করি'গণে যদি আপনে অনন্ত।
সহস্র-বদনে তেঁহো নাহি পায় অন্ত ॥ ৪৬
দামোদর-স্বরূপ, আর গুপ্ত-মুরারি।
মুখ্য মুখ্য লীলা সূত্রে লিখিয়াছে বিচারি ॥ ৪৭
২৫ সেই অনুসারে লিখি লীলা-সূত্রগণ।
বিস্তারি বর্ণিয়াছেন তাহা দাস বৃন্দাবন ॥ ৪৮
চৈতন্য-লীলার ব্যাস—বৃন্দাবন দাস।
মধুর করিয়া লীলা করিলা প্রকাশ ॥ ৪৯
গ্রন্থ-বিস্তার ভয়ে তেঁহো ছাড়িল যে যে স্থান।
৩০ সেই সেই স্থানে কিছু করিব ব্যাখ্যান ॥ ৫০
প্রভুর লীলামৃত তেঁহো কৈল আস্বাদন।
তাঁর ভুক্ত-শেষ কিছু করিয়ে চর্বণ ॥ ৫১
আদিলীলার সূত্র লিখি, শুন ভক্তগণ।
সংক্ষেপে লিখিয়ে সম্যক্ না যায় লিখন ॥ ৫২
৩৫ কোন বাঞ্ছা পূর্ণ লাগি ব্রজেন্দ্রকুমার।
অবতীর্ণ হৈতে মনে করিলা বিচার ॥ ৫৩
আগে অবতারিলা যে যে গুরু-পরিবার।
সংক্ষেপে কহিয়ে, কহা না যায় বিস্তার ॥ ৫৪
শ্রীশচী-জগন্নাথ, শ্রীমাধবপুরী।
৪০ কেশব ভারতী, আর শ্রীঈশ্বরপুরী ॥ ৫৫
অদ্বৈত আচার্য, আর পণ্ডিত শ্রীবাস।
আচার্যরত্ন, বিদ্যানিধি, ঠাকুর হরিদাস ॥ ৫৬
শ্রীহট্টনিবাসী শ্রীউপেন্দ্র মিশ্র-নাম।
বৈষ্ণব, পণ্ডিত, ধনী, সদ্গুণ-প্রধান ॥ ৫৭
৪৫ সপ্ত মিশ্র তাঁর পুত্র—সপ্ত ঋষীশ্বর।
কংসারি, পরমানন্দ, পদ্মনাভ, সর্বেশ্বর ॥ ৫৮
জগন্নাথ, জনার্দন, ত্রৈলোক্যনাথ।
নদীয়াতে গঙ্গাবাস কৈল জগন্নাথ ॥ ৫৯
জগন্নাথ মিশ্রবর—পদবী 'পুরন্দর'।
৫০ নন্দ-বসুদেবরূপ সদ্গুণ-সাগর ॥ ৬০
তাঁর পত্নী 'শচী'-নাম পতিব্রতা সতী।
যাঁর পিতা 'নীলাম্বর' নাম চক্রবর্তী ॥ ৬১

পাঠান্তর

৩ (৩য়)-কাশী [জ]; ৫ (৪র্থ) লীলার মধ্যধাম [ক]; ৬ (১ম-৫ম) তার অবশেষ লীলা অন্ত্যলীলা নাম [চ]; ৮ (২য়)-বন্ধে [ঘ]; ১০ (১ম) প্রেমবস্তু [দ]: ১৭ (১ম-৪র্থ) কৃষ্ণ যোগ-বিয়োগে যত প্রেম-[গ]; ১৯ (৩য়-৫ম) অনন্ত মহিমা [খ]; ২০ (৫ম-৬ষ্ঠ) ক্ষুদ্র জীব সীমা [খ]; ২২ (২য়) তবু [ক, দ], তভু [খ, ঙ, চ, জ], তভো [ত]; ২৭ (১ম-৪র্থ) মধুর করিয়া লীলা করিলা প্রকাশ [ক]; ২৮ (১ম-৫ম) শুনহ রসিক ভক্ত করিয়া বিশ্বাস ॥ [ক]; ৩৪ (৬ষ্ঠ) কথন [দ]; ৩৭ (২য়-৪র্থ) অবতারিল যে [ক, খ, গ, ঘ]; ৪১ (৫ম) শ্রীনিবাস [খ গ, ঘ, জ]; ৪২ (১ম)-নিধি [ণ, ন]; ৪৬ (২য়) পরমেশ্বর [খ]; ৪৮ (১ম) নদীয়া আসি [ক, খ, ঙ]; ৫০ (১ম) পূর্বে [ট, ড, ধ]।

রাঢ়দেশে জনমিল ঠাকুর নিত্যানন্দ।
গঙ্গাদাস-পণ্ডিত, গুপ্ত-মুরারি, মুকুন্দ॥ ৬২
অসংখ্য নিজভক্তের করাঞা অবতার।
শেষে অবতীর্ণ হৈলা ব্রজেন্দ্রকুমার॥ ৬৩
৫ প্রভুর আবির্ভাব-পূর্বে সর্ব-বৈষ্ণবগণ।
অদ্বৈতাচার্যস্থানে করেন গমন॥ ৬৪
গীতা-ভাগবত কহে আচার্য গোসাঞি।
জ্ঞান-কর্ম নিন্দি করে ভক্তির বড়াঞি॥ ৬৫
সর্বশাস্ত্রে করে কৃষ্ণভক্তির ব্যাখ্যান।
১০ জ্ঞানযোগ, কর্মযোগ নাহি মানে আন॥ ৬৬
তাঁর সঙ্গে আনন্দ করে বৈষ্ণবের গণ।
কৃষ্ণপূজা, কৃষ্ণকথা, নাম-সংকীর্তন॥ ৬৭
কিন্তু সর্বলোক দেখি' কৃষ্ণবহির্মুখ।
বিষয়-নিমগ্ন লোক, দেখি পায় দুখ॥ ৬৮
১৫ লোকের নিস্তার-হেতু করেন চিন্তন।
কেমনে এ সব লোকের হইবে তারণ ?॥ ৬৯
কৃষ্ণ অবতরি' করে ভক্তির বিস্তার।
তবে সে সকল লোকের হইবে নিস্তার॥ ৭০
কৃষ্ণাবতারিতে আচার্য প্রতিজ্ঞা করিয়া।
২০ কৃষ্ণপূজা করে তুলসী-গঙ্গাজল দিয়া॥ ৭১
কৃষ্ণের আহ্বান করে সঘন হুঙ্কার।
হুঙ্কারে আকৃষ্ট হৈলা ব্রজেন্দ্র কুমার॥ ৭২
জগন্নাথ মিশ্র-পত্নী শচীর উদরে।
অষ্ট কন্যা ক্রমে হৈল জন্মি' জন্মি' মরে॥ ৭৩
২৫ অপত্য-বিরহে মিশ্রের দুঃখী হৈল মন।
পুত্র লাগি' আরাধিলা বিষ্ণুর চরণ॥ ৭৪
তবে পুত্র উপজিলা 'বিশ্বরূপ'-নাম।
মহাগুণবান্ তেঁহো বলদেব-ধাম॥ ৭৫
বলদেব-প্রকাশ—পরব্যোমে সঙ্কর্ষণ।
৩০ তেঁহো বিশ্বের উপাদান-নিমিত্ত-কারণ॥ ৭৬
তাঁহা বিনা বিশ্বে কিছু বস্তু নহে আর।
অতএব 'বিশ্বরূপ' নাম যে তাঁহার॥ ৭৭

তথাহি (ভা ১০।১৫।৩৫)—
নৈতচ্চিত্রং ভগবতি হ্যনন্তে জগদীশ্বরে।
৩৫ ওতঃপ্রোতমিদং যস্মিন্ তন্তুষঙ্গ ! যথা পটঃ॥ ৭৮

অতএব প্রভুর তেঁহো হৈলা 'বড় ভাই'।
কৃষ্ণ-বলদেব, দুই—চৈতন্য-নিতাই॥ ৭৯
পুত্র পাঞা দম্পতি হৈলা আনন্দিতমন।
বিশেষে সেবন করে গোবিন্দচরণ॥ ৮০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ বলরামস্বরূপ-শ্রীনিত্যানন্দ-মহিমানং শ্রীরাজানং প্রতি শুক আহ—নৈতদিতি। ভগবত্যনন্তে বলরামে এতৎ ধেনুকাসুরবিনাশনং ন চিত্রং নাশ্চর্যমিত্যর্থঃ। যতো জগদীশ্বরেঽনন্তব্রহ্মাণ্ডেশ্বরে। ইদং বিশ্বং জগৎ ওতমূর্ধ্বং প্রোতং তির্যক্ বর্তত ইতি শেষঃ। অঙ্গ সম্বোধনে, তন্তুষু পট ইব, অনুস্যূতং বর্তত ইতি শেষঃ॥ ৭৮॥

বঙ্গানুবাদ

৭৮। হে মহারাজ! বস্ত্র যেমন তন্তুতে ওতপ্রোত-(তানা পড়িয়ান) ভাবে অবস্থিত, তদ্রূপ এই বিশ্ব যে ষড়ৈশ্বর্য-শালী স্বরূপতঃ অপরিচ্ছিন্ন জগদীশ্বরে অনুস্যূত হইয়া আছে, এই দৈত্যবধরূপ কার্য তাঁহাতে কিছুই আশ্চর্য নহে।

পাঠান্তর

২ (১ম)-দ্বিজ [চ]; ৬ (৩য়) নিবেদনে [ঞ]; ৯ (৩য়)-নামের [ক]; ১০ (২য়] তপঃ কর্ম [ক, খ, ঙ, চ, ছ, জ, ত], তপো ধর্ম [গ, ঘ, ঝ, ঞ, ট, ড, দ, ধ]; ১৫ (৪র্থ) শোচন [খ, চ, ছ, ত]; ১৭ (৫ম) বিচার [ঘ]; ২৭ (৩য়) জনমিল [ট, ড, থ, দ, ধ]; ২৮ (৩য়)-রাম [ক, খ,]; ৩১ (১ম-৭ম) তাঁহা বই বিশ্বে কিছু নাহি দেখি আর [ট, ড, থ, ধ,]; ৩৭ (১ম)-বলরাম [ট, ড, ণ, থ, ধ, ন]; ৩৯ (২য়) আরাধন। [ক, খ, ছ, জ, ঙ, ত]।

চৌদ্দশত-ছয়-শকে শেষ মাঘমাসে।
জগন্নাথ-শচীর দেহে কৃষ্ণের প্রকাশে ॥ ৮১
মিশ্র কহে শচী-স্থানে দেখি বিপরীত।
জ্যোতির্ময় দেহ, গেহ লক্ষ্মী-অধিষ্ঠিত ॥ ৮২
৫ যাহাঁ তাহাঁ সর্বলোক করয়ে সম্মান।
ঘরেতে পাঠাইয়া দেয় বস্ত্র, ধন, ধান ॥ ৮৩
শচী কহে,—মুঞি দেখোঁ আকাশ-উপরে।
দিব্যমূর্তি লোক আসি' স্তুতি যেন করে ॥ ৮৪
জগন্নাথ মিশ্র কহে,—স্বপ্ন যে দেখিল।
১০ জ্যোতির্ময়-ধাম মোর হৃদয়ে পশিল ॥ ৮৫
আমার হৃদয় হৈতে গেলা তোমার হৃদয়ে।
হেন বুঝি জন্মিবেন কোন মহাশয়ে ॥ ৮৬
এত বলি দোঁহে রহে হরষিত হঞা।
শালগ্রাম-সেবা করে বিশেষ করিয়া ॥ ৮৭
১৫ হৈতে হৈতে হৈল গর্ভ ত্রয়োদশ-মাস।
তথাপি ভূমিষ্ঠ নহে,—মিশ্রের হৈল ত্রাস ॥ ৮৮
নীলাম্বর চক্রবর্তী কহিলা গণিয়া।
এই মাসে পুত্র হৈবে শুভক্ষণ পাঞা ॥ ৮৯
চৌদ্দশত-সাত-শকে মাস যে ফাল্গুন।
২০ পৌর্ণমাসী-সন্ধ্যাকালে হৈল শুভক্ষণ ॥ ৯০
সিংহ-রাশি, সিংহ-লগ্ন, উচ্চ গ্রহগণ।
ষড়্‌বর্গ, অষ্টবর্গ, সর্ব সুলক্ষণ ॥ ৯১
অকলঙ্ক গৌরচন্দ্র দিলা দরশন।
সকলঙ্ক চন্দ্রে আর কোন্ প্রয়োজন? ॥ ৯২
২৫ এত জানি রাহু কৈল চন্দ্রের গ্রহণ।
'কৃষ্ণ'-'কৃষ্ণ'-'হরি' নামে ভাসে ত্রিভুবন ॥ ৯৩

জগৎ ভরিয়া লোক বোলে 'হরি' 'হরি'।
সেইক্ষণে গৌরকৃষ্ণ ভূমি অবতরি ॥ ৯৪
প্রসন্ন হইল সর্ব জগতের মন।
৩০ 'হরি বলি' হিন্দুকে হাস্য করয়ে যবন ॥ ৯৫
'হরি' বলি নারীগণ দেয় হুলাহুলি।
স্বর্গে বাদ্য-নৃত্য করে দেব কুতূহলী ॥ ৯৬
প্রসন্ন হৈল দশ দিগ্, প্রসন্ন নদীজল।
স্থাবর-জঙ্গম হৈল আনন্দে বিহ্বল ॥ ৯৭

৩৫　　যথারাগঃ।

নদীয়া-উদয়গিরি,　　পূর্ণচন্দ্র গৌরহরি,
কৃপা করি' হইল উদয়।
পাপ-তমো হৈলনাশ,　　ত্রিজগতের উল্লাস,
জগভরি' হরিধ্বনি হয় ॥ ৯৮
৪০ সেইকালে নিজালয়ে,　　উঠিয়া অদ্বৈতরায়ে,
নৃত্য করে আনন্দিত-মনে।
হরিদাসে লৈয়া সঙ্গে,　　হুঙ্কার-কীর্তন-রঙ্গে,
কেনে নাচে, কেহো নাহি জানে ॥ ৯৯
দেখি 'উপরাগ হাসি', শীঘ্র গঙ্গাঘাটে আসি',
৪৫ আনন্দে করিলা গঙ্গাস্নান।
পাঞা উপরাগ-ছলে,　　আপনার মনোবলে,
ব্রাহ্মণেরে দিল নানা দান ॥ ১০০
জগৎ আনন্দময়,　　দেখি' মনে সবিস্ময়,
ঠারে ঠোরে কহে হরিদাস।
৫০ তোমার ঐছন রঙ্গ,　　মোর মন পরসন্ন,
দেখি—কিছু কার্যে আছে ভাস ॥ ১০১

পাঠান্তর

২ (৪র্থ) প্রবেশে [ট, ড, থ, ধ]; ৩ (৫ম) অন্যরীতি [গ, ঘ, ঙ, জ, ঞ, ধ]; ৪ (৪র্থ)-অবস্থিতে [খ]; ১০ (৩য়) শরীরে [ঞ]; ১৬ (১ম-৩য়) তভো প্রসব না হইল [ত]; ১৮ (৫ম) পুণ্যক্ষণ [ক, খ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ, ত, থ]; ২৪ (৪র্থ) কিবা [খ, গ, ঘ, ঙ, ছ, ঝ, ত]; ২৬ (৩য়-৪র্থ) ভরিল ভুবন [ঙ]; ২৭ এই পংক্তির পূর্বে অধিক—জয় জয় ধ্বনি হৈল সকল ভুবন। চমৎকার হৈয়া লোক ভাবে মনে মন ॥ [ধ]; ২৮ (১ম) সেইলক্ষে [খ], (২য়) গৌরপ্রভু [ক], গৌরচন্দ্র [ঙ, ছ, জ, ট, ড]; ২৯ (৪র্থ) জগজ্জনের [ত]; ৩০ (১ম-৬ষ্ঠ) হরি বলি হাস্য করে যতেক যবন [চ]; ৩২ (১ম-৫ম) আনন্দে উন্মত্ত সর্ব হরি হরি বলি ॥ [চ]; ৩৭ (১ম-৪র্থ) গৌড়ে প্রভু করিল [ক]।

আচার্যরত্ন, শ্রীবাস, হৈল মন সুখোল্লাস,
যাই' স্নান কৈল গঙ্গাজলে।
আনন্দে বিহ্বল মন, করে হরি-সংকীর্তন,
নানা দান কৈল মনোবলে ॥ ১০২

৫ এইমত ভক্ততিতি, যার যেই দেশে স্থিতি,
তাহাঁ তাহাঁ পাঞা মনোবলে।
নাচে, করে সংকীর্তন, আনন্দে বিহ্বল মন,
দান করে গ্রহণের ছলে ॥ ১০৩

ব্রাহ্মণ-সজ্জন-নারী, নানা দ্রব্য থালি ভরি,
১০ আইলা সভে যৌতুক লইয়া।
যেন কাঁচা-সোণা-দ্যুতি, দেখি বালকের মূর্তি,
আশীর্বাদ করে সুখ পাঞা ॥ ১০৪

সাবিত্রী,গৌরী,সরস্বতী, শচী,রম্ভা, অরুন্ধতী,
আর যত দেব-নারীগণ।
১৫ নানাদ্রব্য পাত্রভরি, ব্রাহ্মণীর বেশধরি,
আসি' সভে করে দরশন ॥ ১০৫

অন্তরীক্ষে দেবগণ, গন্ধর্ব, সিদ্ধ, চারণ,
স্তুতি-নৃত্য করে বাদ্য-গীত।
নর্তক, বাদক, ভাট, নবদ্বীপে যার নাট,
২০ সভে আসি' নাচে পাঞা প্রীত ॥ ১০৬

কেবা আইসে,কেবা যায়, কেবা নাচে,কেবা গায়,
সম্ভালিতে নারে কারো বোল।
খণ্ডিলেক দুঃখ-শোক, প্রমোদে পূরিত লোক,
মিশ্র হৈলা আনন্দে বিহ্বল ॥ ১০৭

২৫ আচার্যরত্ন, শ্রীবাস, জগন্নাথ মিশ্র-পাশ,
আসি তাঁরে করি সাবধান।
করাইল জাতকর্ম, যে আছিল বিধি ধর্ম,
তবে মিশ্র করে নানা দান ॥ ১০৮

যৌতুক পাইল যত, ঘরে বা আছিল কত,
৩০ সব ধন বিপ্রে দিল দান।
যত নর্তক, গায়ন, ভাট, অকিঞ্চন জন
ধন দিয়া কৈল সভার মান ॥ ১০৯

শ্রীবাসের ব্রাহ্মণী, নাম তাঁর 'মালিনী',
আচার্যরত্নের পত্নী সঙ্গে।
৩৫ সিন্দুর, হরিদ্রা, তৈল, খই, কলা,নারিকেল,
দিয়া পূজে নারীগণ রঙ্গে ॥ ১১০

অদ্বৈত আচার্য-ভার্যা, জগৎ-পূজিতা আর্যা,
নাম তাঁর 'সীতাঠাকুরাণী'।
আচার্যের আজ্ঞা পাঞা, গেলা উপহার লঞা,
৪০ দেখিতে বালক শিরোমণি ॥ ১১১

সুবর্ণের কড়ি-বৌলি, রজতমুদ্রা পাশুলি,
সুবর্ণের অঙ্গদ, কঙ্কণ।
দু-বাহুতে দিব্যশঙ্খ, রজতের মলবঙ্ক,
স্বর্ণমুদ্রা নানা হারগণ ॥ ১১২

৪৫ ব্যাঘ্রনখ হেমজড়ি, কটি পট্টসূত্র-ডোরী,
হস্ত পদের যত আভরণ।
চিত্রবর্ণ পট্টশাড়ী, ভুনি-ফোতা পট্টপাড়ী,
স্বর্ণ-রৌপ্য-মুদ্রা বহুধন ॥ ১১৩

দূর্বা, ধান্য, গোরোচন, হরিদ্রা, কুঙ্কুম, চন্দন,
৫০ মঙ্গলদ্রব্য পাত্রেতে ভরিয়া।
বস্ত্রগুপ্ত দোলা চড়ি, সঙ্গে লঞা দাস চেড়ী,
বস্ত্রালঙ্কার পেটারি ভরিয়া ॥ ১১৪

ভক্ষ্য, ভোজ্য, উপহার, সঙ্গে লৈল বহুভার,
শচীগৃহে হৈলা উপনীত।
৫৫ দেখিয়া বালক-ঠাম, সাক্ষাৎ গোকুল কান,
বর্ণমাত্র দেখি বিপরীত ॥ ১১৫

পাঠান্তর

৫ (২য়)-তথি [ক, গ, চ]; ১৩ (৪র্থ-৫ম) রুদ্রাণী [ধ]; ১৭ (৪র্থ) ঋষি [খ, ঙ, ছ, জ, ত, দ]; ২৬ (৪র্থ) সমাধান [ক, গ]; ৫৩, ৫৪ এই পংক্তির পূর্বে অধিক—আবেশে অবশ মন, দেখিতে শচীনন্দন, অতি ত্বরায় আইলা চলিঞা। স্বর্গে মর্ত্তে হুলাহুলি, দেবগণ গলাগলি, সীতাদেবী আনন্দিত হঞা ॥ [খ]।

সর্ব অঙ্গ—সুনির্মাণ,　　সুবর্ণ প্রতিমা-ভান,
সর্ব অঙ্গ—সুলক্ষণময় ।
বালকের দিব্যদ্যুতি, দেখি' পাইল বহু প্রীতি,
বাৎসল্যেতে দ্রবিল হৃদয় ॥ ১১৬
৫ দূর্বা, ধান্য, দিল শীর্ষে,　　কৈল বহু আশীষে,
'চিরজীবী হও দুই ভাই' ।
ডাকিনী শাকিনী হৈতে, শঙ্কা উপজিল চিতে,
ডরে নাম থুইল 'নিমাই' ॥ ১১৭
পুত্র-মাতা-স্নানদিনে,　　দিল বস্ত্র-বিভূষণে,
১০　পুত্র সহ মিশ্রেরে সম্মানি ।
শচী-মিশ্রের পূজা লঞা, মনেতে হরিষ হঞা,
ঘরে আইলা সীতাঠাকুরাণী ॥ ১১৮
ঐছে শচীজগন্নাথ,　　পুত্র পাঞা লক্ষ্মীনাথ,
পূর্ণ হৈল সকল বাঞ্ছিত ।
১৫ ধন ধান্যে ভরে ঘর,　　লোকমান্য কলেবর,
দিনে দিনে হয় আনন্দিত ॥ ১১৯
মিশ্র—বৈষ্ণব, শান্ত,　　অলম্পট, শুদ্ধ, দান্ত,
ধনভোগে নাহি অভিমান ।
পুত্রের প্রভাবে যত,　　ধন আসি মিলে তত,
২০　বিষ্ণুপ্রীতে দ্বিজে দেন দান ॥ ১২০
লগ্ন গণি' হর্ষমতি,　　নীলাম্বর চক্রবর্তী,
গুপ্তে কিছু কহিল মিশ্রেরে ।
মহাপুরুষের চিহ্ন,　　লগ্নে অঙ্গে ভিন্ন ভিন্ন,
দেখি,—এই তারিবে সংসারে ॥ ১২১
২৫ ঐছে প্রভু শচীঘরে, কৃপায় কৈল অবতারে,
যেই ইহা করয়ে শ্রবণ ।
গৌর প্রভু দয়াময়,　　তাঁরে হয়েন সদয়,
সেই পায় তাঁহার চরণ ॥ ১২২
পাইয়া মানুষ জন্ম,　　যে না শুনে গৌরগুণ,
৩০　হেন জন্ম তার ব্যর্থ হৈল ।
পাইয়া অমৃত-ধুনী,　　পিয়ে বিষগর্তপানী,
জন্মিয়া সে কেনে নাহি মৈল ॥ ১২৩
শ্রীচৈতন্য, নিত্যানন্দ,　　আচার্য অদ্বৈতচন্দ্র,
স্বরূপ-রূপ-রঘুনাথ দাস ।
৩৫ ইহা সভার শ্রীচরণ,　　শিরে বন্দি নিজধন,
জন্মলীলা গাইল কৃষ্ণদাস ॥ ১২৪

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং জন্মমহোৎসববর্ণনং নাম
ত্রয়োদশঃ পরিচ্ছেদঃ ॥

—০—

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতবর্ণনে ।
ত্রয়োদশপরিচ্ছেদে গৌরাব্দিভাবনির্ণয়ঃ ॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং গৌরাব্দিভাবনির্ণয়ো নাম
ত্রয়োদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

৪ (১ম) সুবাৎসল্যে [ছ] ; ৯ (৩য়)-আভরণে [খ] ।

চতুর্দশ পরিচ্ছেদ

কথঞ্চন স্মৃতে যস্মিন্ দুষ্করং সুকরং ভবেৎ।
বিস্মৃতিঞ্চ স্মৃতিং যাতি শ্রীচৈতন্যমমুং ভজে ॥ ১
জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২
৫ প্রভুর কহিল এই জন্মলীলা-সূত্র।
যশোদানন্দন যৈছে হৈল শচীপুত্র ॥ ৩
সঙ্ক্ষেপে কহিল জন্মলীলা-অনুক্রম।
এবে কহি বাল্য-লীলা-সূত্রের গণন ॥ ৪
বন্দে চৈতন্যকৃষ্ণস্য বাল্যলীলাং মনোহরাম্।
১০ লৌকিকীমপি তামীশচেষ্টয়া বলিতান্তরাম্ ॥ ৫
বাল্যলীলায় আগে প্রভুর উত্তান-শয়ন।
পিতামাতায় দেখাইল চিহ্ন-চরণ ॥ ৬
গৃহে দুইজন দেখে লঘু পদচিহ্ন।
তাহে শোভে ধ্বজ, বজ্র, শঙ্খ, চক্র, মীন ॥ ৭
১৫ দেখিয়া দোঁহার চিত্তে জন্মিল বিস্ময়।
কার পদচিহ্ন ঘরে, না পায় নিশ্চয় ॥ ৮
মিশ্র কহে—বালগোপাল আছে শিলাসঙ্গে।
তেঁহো মূর্তি হঞা ঘরে খেলে জানি রঙ্গে ॥ ৯
সেইক্ষণে জাগি নিমাই করয়ে ক্রন্দন।
২০ অঙ্কে লৈয়া শচী তাঁরে পিয়াইল স্তন ॥ ১০
স্তন পিয়াইতে পুত্রের চরণ দেখিল।
সেই চিহ্ন পায়ে দেখি মিশ্রে বোলাইল ॥ ১১
দেখিয়া মিশ্রের হৈল আনন্দিত মতি।
গুপ্তে বোলাইল নীলাম্বর চক্রবর্ত্তী ॥ ১২
২৫ চিহ্ন দেখি চক্রবর্ত্তী বোলেন হাসিয়া।
লগ্ন গণি পূর্ব্বে আমি রাখিয়াছি লিখিয়া ॥ ১৩
বত্রিশ লক্ষণ মহাপুরুষ-ভূষণ।
এই শিশু-অঙ্গে দেখি সে সব লক্ষণ ॥ ১৪

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীচৈতন্যদেবস্য পরমদয়ালুত্বমাহ গ্রন্থকারঃ—কথঞ্চনেতি। যস্মিন্ চৈতন্যে কথঞ্চন কেনাপি প্রকারেণ স্মৃতে সতি দুষ্করং সুকরং ভবেৎ। বিস্মৃতং চ স্মৃতিং যাতি। অমুমেবংভূতং শ্রীচৈতন্যম্ অহং ভজে ॥ ১ ॥

অথ "অলৌকিকীতঃ কিল লৌকিকীয়মি"তি শ্রীকৃষ্ণচৈতন্য-বাল্যলীলামাহ গ্রন্থকারঃ—বন্দ ইতি। চৈতন্যকৃষ্ণস্য মনোহরাং সর্বচিত্তাকর্ষণবাল্যলীলাং বন্দে। যতস্তাং বাল্যলীলাং লৌকিকীমপি ঈশচেষ্টয়া বলিতান্তরাং মধ্যে মধ্যে ঈশ্বরলীলয়া যুক্তান্তরামিত্যর্থঃ ॥ ৫ ॥

বঙ্গানুবাদ

১। যে কোন প্রকারে যাঁহার স্মরণ করিলে দুষ্কর কর্ম্মও সুকর হয় এবং বিস্মরণও স্মরণ হয়; আমি সেই শ্রীচৈতন্য-দেবকে ভজন করি।

৫। চৈতন্যরূপী শ্রীকৃষ্ণের বাল্যলীলার বন্দনা করি, যে লীলা লৌকিকী হইয়াও মধ্যে মধ্যে অলৌকিক চেষ্টায় সম্বলিত।

পাঠান্তর

২ (১ম-৩য়) বিস্মৃতঞ্চ স্মৃতিং যাতি [ক,খ], বিস্মৃতঞ্চ স্মৃতং যাতি [ঝ,ঞ], বিস্মৃতে বিপরীতং স্যাৎ [ঠ,ঢ,ণ,ত,দ,ধ,ন], (৪র্থ-৫ম) শ্রীচৈতন্যং নমামি তং [গ, ঘ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ণ, ত, দ, ন]; ৪ (৩য়) প্রভু-[গ, চ]; ৭ (২য়)-সূত্রগণ [ভ]; ১৪ (৬ষ্ঠ) পদ্ম [ত]; ১৮ (৬ষ্ঠ) ফিরে [জ]; ২৭ (১ম) বত্তিস [গ, ঘ, ঙ, ছ, জ]।

তথাহি সামুদ্রিকে (৩)—

পঞ্চদীর্ঘঃ পঞ্চসূক্ষ্মঃ সপ্তরক্তঃ ষড়ুন্নত।
ত্রিহ্রস্ব-পৃথু-গম্ভীরো দ্বাত্রিংশল্লক্ষণো মহান্ ॥ ১৫

নারায়ণের চিহ্নযুক্ত শ্রীহস্ত-চরণ।
৫ এই শিশু সব লোকের করিবে তারণ ॥ ১৬
এই ত করিবে বৈষ্ণবধর্মের প্রচার।
ইহা হৈতে হবে দুই কুলের উদ্ধার ॥ ১৭
মহোৎসব কর সব—বোলাহ ব্রাহ্মণ।
আজি দিন ভাল, করিব নামকরণ ॥ ১৮
১০ সর্ব লোকের করিব ইঁহো ধারণ-পোষণ।
'বিশ্বম্ভর' নাম ইঁহার এইত কারণ ॥ ১৯
শুনি শচী-মিশ্রের মনে আনন্দ বাঢ়িল।
ব্রাহ্মণ-ব্রাহ্মণী আনি মহোৎসব কৈল ॥ ২০
তবে কথোদিনে প্রভুর জানুচঙ্ক্রমণ।
১৫ নানা চমৎকার তথা করাইলা দর্শন ॥ ২১
ক্রন্দনের ছলে বোলাইল হরিনাম।
নারী সব 'হরি' বোলে, হাসে গৌরধাম ॥ ২২
তবে কথোদিনে কৈল পদ-চঙ্ক্রমণ।
শিশুগণে মিলি করে বিবিধ খেলন ॥ ২৩
২০ একদিন শচী খৈ-সন্দেশ আনিয়া।
বাটা ভরি দিয়া বৈল—'খাও ত বসিয়া' ॥ ২৪
এত বলি গেলা গৃহকর্মাদি করিতে।
লুকাইয়া লাগিলা শিশু মৃত্তিকা খাইতে ॥ ২৫
দেখি শচী ধাঞা আইলা করি হায় হায়।
২৫ মাটী কাড়ি লঞা কহে—মাটি কেনে খায় ॥ ২৬
কান্দিয়া বোলেন শিশু—কেনে কর রোষ।
তুমি মাটী খাইতে দিলে, মোর কিবা দোষ ॥ ২৭
খৈ, সন্দেশ, অন্ন যত—মাটীর বিকার।
এহো মাটী সেহো মাটী—কি ভেদ বিচার ॥ ২৮
৩০ মাটী দেহ, মাটী ভক্ষ্য,—দেখহ বিচারি।
অবিচারে দেহ দোষ, কি বলিতে পারি ॥ ২৯
অন্তরে বিস্মিতা শচী বলিল তাঁহারে।
মাটী খাইতে জ্ঞানযোগ কে শিখাইল তোরে ॥ ৩০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ মহাপুরুষলক্ষণমাহ সামুদ্রিকে—পঞ্চেতি। দ্বাত্রিংশল্লক্ষণানি চিহ্নানি যস্য স মহান্ মহাপুরুষ ইত্যর্থঃ। তল্লক্ষণমাহ—পঞ্চসু নাসাভুজহনুনেত্রজানুষু দীর্ঘঃ, পঞ্চসু সূক্ষ্মঃ ত্বক্কেশাঙ্গুলিপর্বদন্তরোমসু সূক্ষ্মঃ, সপ্তসু নেত্রান্তপাদকরতলাঙ্গুল্যধরোষ্ঠজিহ্বানখেষু রক্তঃ, ষট্সু বক্ষঃস্কন্ধনখনাসিকাকটিমুখেষূন্নতঃ, ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু হ্রস্বঃ, ত্রিষু কটিললাটবক্ষঃসু পৃথুঃ বিস্তৃতঃ, কেচিৎ কটিস্থানে শির ইতি পঠন্তি; ত্রিষু নাভিস্বরসত্ত্বেষু গম্ভীরঃ ক্বচিৎ সংখ্যা-শব্দস্য বৃত্তিবিষয়ে বীপ্সার্থত্বং সপ্তপর্ণাদিবদিতি ভাষ্যে ॥ ১৫ ॥

বঙ্গানুবাদ

১৫। যাঁহার নাসা, ভুজ, হনু অর্থাৎ কপোলের উর্দ্ধভাগ, নেত্র এবং জানু এই পাঁচটী অঙ্গ—দীর্ঘ; ত্বক্, কেশ, অঙ্গুলিপর্ব্ব, দন্ত এবং রোম—এই পঞ্চস্থানে সূক্ষ্মতা; নেত্রপ্রান্ত, পাদতল, করতল, তালু, ওষ্ঠাধর, জিহ্বা এবং নখ—এই সপ্তস্থানে রক্তিমা; বক্ষঃস্থল, স্কন্ধ, নখ, নাসিকা, কটিদেশ এবং মুখ—এই ছয়টী অঙ্গ উন্নত; গ্রীবা, জঙ্ঘা এবং মেহন—এই তিন স্থান হ্রস্ব; কটি, ললাট ও বক্ষ—এই তিন স্থান বিস্তীর্ণ; এবং নাভি, স্বর ও বুদ্ধি—এই তিন স্থানে গাম্ভীর্য; যাঁহাতে অসাধারণ এই বত্রিশটী লক্ষণ দেখা যায়, তিনিই মহাপুরুষ।

পাঠান্তর

৭ (৬ষ্ঠ) নিস্তার [খ, গ, ঘ, ঙ, চ, জ, ঝ, ট, ড, ত, থ, দ, ধ]; ৯ (১ম-৫ম) আজি শুভদিনে কর নামকরণ [ক, ঙ]; ১৩ (১ম)-সকল [গ]; ১৫ (১ম-৫ম) যাহাঁ তাহাঁ নানা চমৎকার করায় দর্শন [ক]; ১৭ (৫ম) নাচে [গ]; ১৯ (৪র্থ) বিচিত্র [ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ঢ]; ২৯ (৭ম) ইহার [ঠ, ঢ]; ৩০ (১ম-৪র্থ) ভক্ষ্য মাটি, দেহ মাটী [ক, জ, ঞ]।

মাটীর বিকার অন্ন খাইলে দেহ পুষ্ট হয়।
মাটী খাইলে রোগ হয়—দেহ যায় ক্ষয় ॥ ৩১
মাটীর বিকার ঘটে পানী ভরি আনি।
মাটীপিণ্ডে ধরি যবে—শোষি যায় পানী ॥ ৩২
৫ আত্ম লুকাইতে প্রভু কহিল তাঁহারে।
আগে কেনে ইহা মাতা না শিখালে মোরে ॥ ৩৩
এবে ত জানিনু আর মাটী না খাইব।
ক্ষুধা লাগিলে তোমার স্তনদুগ্ধ পিব ॥ ৩৪
এত বলি জননীর কোলেতে চড়িয়া।
১০ স্তনপান করে প্রভু ঈষৎ হাসিয়া ॥ ৩৫
এইমত নানা-ছলে ঐশ্বর্য দেখায়।
বাল্যভাব প্রকটিয়া পশ্চাৎ লুকায় ॥ ৩৬
অতিথি-বিপ্রের অন্ন খাইল তিনবার।
পাছে গুপ্তে সেই বিপ্রে করিল নিস্তার ॥ ৩৭
১৫ চোরে লৈয়া গেল প্রভুকে বাহিরে পাইয়া।
তার স্কন্ধে চড়ি আইলা তারে ভুলাইয়া ॥ ৩৮
ব্যাধিচ্ছলে জগদীশ-হিরণ্য-সদনে।
বিষ্ণুর নৈবেদ্য খাইলা একাদশীদিনে ॥ ৩৯
শিশু-সব লৈয়া পাড়াপড়সীর ঘরে।
২০ চুরি করি দ্রব্য খায় মারে বালকেরে ॥ ৪০
শিশু সব শচী-স্থানে কৈল নিবেদন।
শুনি শচী পুত্রে কিছু দিলা ওলাহন ॥ ৪১
কেনে চুরি কর, কেনে মারহ শিশুরে?
কেনে পর-ঘরে যাহ, কিবা নাহি ঘরে ॥ ৪২
২৫ শুনি প্রভু ক্রুদ্ধ হৈয়া ঘর-ভিতর যাঞা।
ঘরে যত ভাণ্ড ছিল ফেলিল ভাঙ্গিয়া ॥ ৪৩
তবে শচী কোলে করি করাইল সন্তোষ।
লজ্জিত হইলা প্রভু জানি নিজদোষ ॥ ৪৪
কভু মৃদু-হস্তে কৈল মাতাকে তাড়ন।
৩০ মাতাকে মূর্চ্ছিতা দেখি করয়ে ক্রন্দন ॥ ৪৫
নারীগণ কহে,—নারিকেল দেহ আনি।
তবে সুস্থ হইবেন, তোমার জননী ॥ ৪৬
বাহির হইয়া আনিল দুই নারিকেল।
দেখিয়া অপূর্ব, হৈলা বিস্মিত সকল ॥ ৪৭
৩৫ কভু শিশুসঙ্গে স্নান করেন গঙ্গাতে।
কন্যাগণ আইলা তাঁহা দেবতা পূজিতে ॥ ৪৮
গঙ্গাস্নান করি পূজা করিতে লাগিলা।
কন্যাগণ-মধ্যে প্রভু আসিয়া বসিলা ॥ ৪৯
কন্যাগণে কহে—আমা পূজ, আমি দিব বর।
৪০ গঙ্গা, দুর্গা, দাসী মোর—মহেশ কিঙ্কর ॥ ৫০
আপনি চন্দন পরি পরেন ফুল-মালা।
নৈবেদ্য কাড়িয়া খান, সন্দেশ চালু কলা ॥ ৫১
ক্রোধে কন্যাগণ বোলে—শুনহে নিমাই!
গ্রাম-সম্বন্ধে তুমি আমা-সভাকার ভাই ॥ ৫২
৪৫ আমাসভার পক্ষে ইহা করিতে না জুয়ায়।
না লহ দেবতাসজ্জ, না কর অন্যায় ॥ ৫৩
প্রভু কহে—তোমা সভাকে দিল এই বর।
তোমা সবার ভর্তা হবে পরমসুন্দর ॥ ৫৪
পণ্ডিত, বিদগ্ধ, যুবা, ধনধান্যবান্।
৫০ সাত-সাত পুত্র হৈবে চিরায়ু, মতিমান্ ॥ ৫৫
বর শুনি কন্যাগণের অন্তরে সন্তোষ।
বাহিরে ভর্ৎসনা করে, করি মিথ্যা রোষ ॥ ৫৬

পাঠান্তর

৫ (১ম) আপনা [ছ]; ১১ (৩য়) আশ্চর্য [চ]: ১৮ (১ম) বিস্তর [ঞ]; ১৯ (৩য়) পাট-[ক, গ, ঝ]; ২৩ (৬ষ্ঠ) বালকেরে [ক, ছ, ঝ]; ২৪ (১ম-৬ষ্ঠ) কেনে পর-ঘর যাহ, বসি রহ ঘরে [ছ]; ২৮ (৫ম)-রোষ [ঞ]; ৩৩ (১ম-৫ম) বাহির হইয়া প্রভু আনিল দুই ফল [ছ, ত]; ৩৪ (২য়) বিস্মিত [গ, ঘ, চ, ছ, ঙ, ঝ, ঞ, ঢ, ঠ, ঝ, দ], (৩য়) তাহে [ক], (৪র্থ) অপূর্ব [গ, ঘ, ঙ, ছ, ঝ, ঞ,ঠ, ঢ, থ]; ৩৫ (৪র্থ) খেলেন [ত]; ৩৮ (৩য়) হাসিয়া [ছ]; ৪৮ (৩য়) স্বামী [ক]; ৫১ (৪র্থ) পরম [ঙ]।

কোন কন্যা পলাইল নৈবেদ্য লইয়া।
তারে ডাকি প্রভু কহে সক্রোধ হইয়া॥ ৫৭
যদি মোরে নৈবেদ্য না দেহ হইয়া কৃপণী।
বুড়া ভর্তা হবে আর চারিচারি সতিনী॥ ৫৮
৫ ইহা শুনি তা-সভার মনে হৈল ভয়।
জানি কোন দেবাবিষ্ট ইহাতে বা হয়॥ ৫৯
আনিয়া নৈবেদ্য তারা সন্মুখে ধরিল।
খাইয়া নৈবেদ্য তারে ইষ্টবর দিল॥ ৬০
এইমত চাপল্য সব লোকেরে দেখায়।
১০ দুঃখ কারো মনে নহে, সভে সুখ পায়॥ ৬১
একদিন বল্লভাচার্যের কন্যা লক্ষ্মীনাম।
দেবতা পূজিতে আইলা করি গঙ্গাস্নান॥ ৬২
তাহা দেখি প্রভুর হৈল সাভিলাষ মন।
লক্ষ্মী চিত্তে প্রীত পাইলা প্রভু-দরশন॥ ৬৩
১৫ সাহজিক প্রীতি দোঁহার করিল উদয়।
বাল্যভাবাচ্ছন্ন তভু হইল নিশ্চয়॥ ৬৪
দোঁহা দেখি দোঁহার চিত্তে হইল উল্লাস।
দেবপূজাচ্ছলে দোঁহে করেন প্রকাশ॥ ৬৫
প্রভু কহে—আমা পূজ, আমি মহেশ্বর।
২০ আমারে পূজিলে পাবে, অভীপ্সিত বর॥ ৬৬
লক্ষ্মী তাঁর অঙ্গে দিল পুষ্প-চন্দন।
মল্লিকার মালা দিয়া করিল বন্দন॥ ৬৭
প্রভু তাঁর পূজা পাঞা হাসিতে লাগিলা।
শ্লোক পড়ি তাঁর ভাব অঙ্গীকার কৈলা॥ ৬৮
২৫ তথাহি (ভা ১০।২২।২৫)—
সঙ্কল্পো বিদিতঃ সাধ্ব্যো ভবতীনাং মদর্চনম্।
ময়ানুমোদিতঃ সোঽসৌ সত্যো ভবিতুমর্হতি॥ ৬৯
এইমত লীলা করি দোঁহে গেলা ঘর।
গম্ভীর চৈতন্যলীলা কে বুঝিবে পর॥ ৭০
৩০ চৈতন্য-চাপল্য দেখি প্রেমে সর্বজন।
শচী-জগন্নাথে দেখি দেন ওলাহন॥ ৭১
একদিন শচীদেবী পুত্রেরে ভৎর্সিয়া।
ধরিবারে গেলা পুত্র গেলা পলাইয়া॥ ৭২
উচ্ছিষ্ট-গর্তে ত্যক্ত হাণ্ডীর উপর।
৩৫ বসিয়া আছেন সুখে প্রভু বিশ্বম্ভর॥ ৭৩
শচী আসি কহে—কেনে অশুচি ছুঁইলা?
গঙ্গাস্নান কর যাই—অপবিত্র হৈলা॥ ৭৪
ইহা শুনি মাতাকে কহিল ব্রহ্মজ্ঞান।
বিস্মিতা হইয়া মাতা করাইল গঙ্গাস্নান॥ ৭৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ কাত্যায়নীব্রতপরাণাং সাধনসিদ্ধানাং ব্রতফলং স্বয়মেবাহ শ্রীদশমে (১০।২২।২৫)—সঙ্কল্প ইতি। হে সাধ্ব্যঃ ভবতীনাং সঙ্কল্পো মনোরথঃ যুষ্মাভিরকথিতোঽপি ময়া বিদিতঃ জ্ঞাতঃ, কিন্তং মদর্চনং ময়ানুমোদিতঃ সন্ সম্যক্ সত্যো ভবিতুম্ অর্হতি যোগ্যো ভবতি॥ ৬৯॥

বঙ্গানুবাদ

৬৯। হে সাধ্বীগণ! আমার সেবা করাই তোমাদিগের অভিলাষ, তাহা অগ্রেই জানিয়াছি এবং তাহা আমি অনুমোদনও করিয়াছি, অতএব তোমাদিগের মনোরথ সত্য হইবার যোগ্য।

পাঠান্তর

৩ (৫ম-৭ম) দিবে হইবে কৃপণী [জ]; **৬** (৩য়) দেবেশ্বর [ক]; **১৩** (৫ম) অভিলাষ [ক]; **১৪** (১ম-৫ম) লক্ষ্মী প্রীতি পাইলা পাই প্রভুর দর্শন [ঠ]; **১৫** (৪র্থ) হইল [ঠ, ঢ]; **১৬** (২য়) তনু [ক, জ, ট, ড, ধ]; **১৮** (৩য়-৪র্থ) কৈল পরকাশ [ছ]; **২০** (৪র্থ) মনোভীষ্ট [ক]; **২১** (৫ম) মাল্য-[ক], গন্ধ-[খ], কুসুম-[দ]; **২২** (১ম-৫ম) গলে মালা দিয়া কৈল চরণ বন্দন [ক, জ, দ]; **২৭** (৩য়) সস্তো [ক, গ, চ, ছ]; **২৯** (৪র্থ-৫ম) বুঝিতে পারে [ক, জ, ঞ, ট, ড, দ, ধ], বুঝিবে পার [গ]; **৩১** (৪র্থ) বিবরণ [ক, জ]; **৩৬** (৫ম) উচ্ছিষ্ট [চ]।

কভু পুত্র-সঙ্গে শচী করিলা শয়ন।
দেখে—দিব্য লোক আসি ভরিল ভবন ॥ ৭৬
শচী বোলে—যাহ পুত্র! বোলাহ বাপেরে।
মাতৃ-আজ্ঞা পাঞা প্রভু চলিলা বাহিরে ॥ ৭৭
৫ চলিতে নূপুরধ্বনি বাজে ঝনঝন।
শুনি চমকিত হৈল মাতা-পিতার মন ॥ ৭৮
মিশ্র কহে—এই বড় অদ্ভুত কাহিনী।
শিশুর শূন্যপদে কেনে নূপুরের ধ্বনি ॥ ৭৯
শচী বোলে—আর এক অদ্ভুত দেখিল।
১০ দিব্য দিব্য লোক আসি অঙ্গন ভরিল ॥ ৮০
কিবা কোলাহল করে, বুঝিতে না পারি।
কাহাকে বা স্তুতি করে,—অনুমান করি ॥ ৮১
মিশ্র কহে—কিছু হউক, চিন্তা কিছু নাই।
বিশ্বম্ভরের কুশল হউক—এইমাত্র চাই ॥ ৮২
১৫ একদিন মিশ্র পুত্রের চাঞ্চল্য দেখিয়া।
ধর্মশিক্ষা দিল বহু ভর্ৎসনা করিয়া ॥ ৮৩
রাত্রে স্বপ্ন দেখে—এক আসিয়া ব্রাহ্মণ।
মিশ্রেরে কহয়ে কিছু সরোষ বচন ॥ ৮৪
মিশ্র! তুমি পুত্রের তত্ত্ব কিছুই না জান।
২০ ভর্ৎসন তাড়ন কর, 'পুত্র' করি মান ॥ ৮৫
মিশ্র কহে—দেব সিদ্ধ মুনি কেনে নয়।
যে সে বড় হউক—মাত্র আমার তনয় ॥ ৮৬
পুত্রের লালন-শিক্ষা—পিতার স্বধর্ম।
আমি না শিখাইলে কৈছে জানিবে ধর্মমর্ম ॥ ৮৭
২৫ বিপ্র কহে—পুত্র যদি দেবশ্রেষ্ঠ হয়।
স্বতঃসিদ্ধজ্ঞান, তবে শিক্ষা ব্যর্থ হয় ॥ ৮৮
মিশ্র বোলে—পুত্র কেনে নহে নারায়ণ।
তথাপি পিতার ধর্ম—পুত্রের শিক্ষণ ॥ ৮৯
এইমতে দোঁহে করে ধর্মের বিচার।
৩০ বিশুদ্ধ বাৎসল্য মিশ্র—নাহি জানে আর ॥ ৯০
এত শুনি দ্বিজ গেলা হৈয়া আনন্দিত।
মিশ্র জাগিয়া হৈলা পরম বিস্মিত ॥ ৯১
বন্ধু-বান্ধবস্থানে স্বপন কহিল।
শুনিয়া সকল লোক বিস্মিত হইল ॥ ৯২
৩৫ এইমত শিশুলীলা করে গৌরচন্দ্র।
দিনে দিনে পিতা মাতার বাঢ়য়ে আনন্দ ॥ ৯৩
কথোদিনে মিশ্র পুত্রের হাথে খড়ি দিল।
অল্পদিনে দ্বাদশফলা অক্ষর শিখিল ॥ ৯৪
বাল্যলীলা-সূত্রের এই কৈল অনুক্রম।
৪০ ইহা বিস্তারিয়াছেন দাস বৃন্দাবন ॥ ৯৫
অতএব এই লীলা সংক্ষেপে সূত্র কৈল।
পুনরুক্তি হয়—বিস্তারিয়া না কহিল ॥ ৯৬
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৯৭

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং বাল্যলীলাসূত্রবর্ণনং নাম চতুর্দশঃ পরিচ্ছেদঃ সূত্র ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃত-বর্ণনে।
চতুর্দশপরিচ্ছেদে বাল্যলীলাদিবর্ণনম্ ॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং বাল্যলীলাবর্ণনং নাম চতুর্দশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

পাঠান্তর

২ (৬ষ্ঠ) অঙ্গন [চ, ঞ. দ]; ১০ (৫ম) প্রাঙ্গনে [ত]; ১৫ (৪র্থ) চাপলা [ছ, ঝ, ড, ঢ. থ, দ, ধ]; ১৮ (৪র্থ) সরস [ছ]; ১৯ (৪র্থ) স্বরূপ [ক, খ, ঘ, চ, ছ, জ, ত, দ]; ২১ (৪র্থ) ঋষি [ক]; ২৩ (৪র্থ) নিজধর্ম [চ]; ২৪ (৬ষ্ঠ) ধর্মাধর্ম [ঘ, জ, ত]; ২৫ (৫ম) দৈবসিদ্ধ [ধ]; ২৮ (৪র্থ-৫ম) পুত্রে দিবে জ্ঞান [চ]; বলি [ক]; ৩৭ (১ম) কতদিনে [ঝ, ট. ড, ঢ, থ, দ, ধ]; ৩৮ (২য়) দশ [গ, ঘ, চ, ছ, ত, দ]; ৩১ (২য়) [গ], বাল্য-[ঙ, ঝ, ঞ, ট, ড, থ, ধ]; ৪২ (২য়)-ভয়ে (গ, ঙ, ঝ, ঞ, ট, ড, ঢ, থ, দ, ধ]; ৪১ (২য়) বাৎসল্য--শ্রীসনাতন [চ],-সনাতন [খ, গ, ঘ, জ, ত]। ৪৩ (১ম)-

পঞ্চদশ পরিচ্ছেদ

কুমনাঃ সুমনস্ত্বং হি যাতি যস্য পদাব্জয়োঃ।
সুমনোঽর্পণমাত্রেণ তং চৈতন্যপ্রভুং ভজে ॥ ১

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২

৫ পৌগণ্ডলীলার সূত্র করিয়ে গণন।
পৌগণ্ডবয়সে প্রভুর মুখ্য অধ্যয়ন ॥ ৩

তথাহি—

পৌগণ্ডলীলা চৈতন্যকৃষ্ণস্যাতি-সুবিস্তৃতা।
বিদ্যারম্ভমুখা পাণিগ্রহণান্তা মনোহরা ॥ ৪

১০ গঙ্গাদাস পণ্ডিত-স্থানে পঢ়ে ব্যাকরণ।
শ্রবণমাত্রে কণ্ঠে কৈল সূত্রবৃত্তিগণ ॥ ৫

অল্পকালে হৈল পঞ্জী-টীকাতে প্রবীণ।
চিরকালের পঢ়ুয়া জিনে হইয়া নবীন ॥ ৬

অধ্যয়নলীলা প্রভুর দাস বৃন্দাবন।
১৫ চৈতন্যমঙ্গলে কৈল বিস্তারি বর্ণন ॥ ৭

একদিন মাতার করি চরণে প্রণাম।
প্রভু কহে—মাতা! মোরে দেহ একদান ॥ ৮

মাতা কহে—তাহি দিব, যে তুমি মাগিবা।
প্রভু কহে—একাদশীতে অন্ন না খাইবা ॥ ৯

২০ শচী বোলেন—না খাইব, ভালই কহিলা।
সেই হৈতে একাদশী করিতে লাগিলা ॥ ১০

তবে মিশ্র বিশ্বরূপের দেখিয়া যৌবন।
কন্যা চাহি বিবাহ দিতে করিলেন মন ॥ ১১

বিশ্বরূপ শুনি ঘর ছাড়ি পলাইলা।
২৫ সন্ন্যাস করিয়া তীর্থ করিবারে গেলা ॥ ১২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ বাল্যলীলাং বর্ণয়িত্বা পৌগণ্ডলীলাং নিরূপয়িতুং ইষ্টদেবং প্রণমতি গ্রন্থকারঃ—কুমনা ইতি। যস্য চৈতন্যস্য পদাব্জয়োঃ সুমনোঽর্পণমাত্রেণ সুষ্ঠুমনঃ সুমনঃ তস্যার্পণমাত্রেণ পুষ্পার্পণেন বা কুমনা জনঃ সুমনস্ত্বং তদর্পিতমনস্ত্বং যাতি, তং প্রভুং চৈতন্যদেবং অহং ভজে আশ্রয়ামি ॥ ১ ॥

প্রতিজ্ঞাতাং পৌগণ্ডলীলাং নিরূপয়তি স এব—পৌগণ্ডেতি। চৈতন্যকৃষ্ণস্য পৌগণ্ডলীলা অতিবিস্তৃতা অতিশয়েন বিস্তীর্ণা, সা কথংভূতা, বিদ্যারম্ভঃ আদ্যে পাণিগ্রহণমন্তে চ যস্যা স্য। অতএব মনোহরা বহুতরাশ্চর্যলীলা প্রকাশনাৎ॥ পৌগণ্ডলক্ষণমুক্তং প্রাচীনৈঃ—

'কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আষোড়শান্তং কৈশোরং যৌবনং চ ততঃ পরম্ ॥' ৪ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার পদারবিন্দে পুষ্প অর্পণমাত্রেই কুমনাও সুমনস্ত্ব লাভ করে, আমি সেই প্রভু চৈতন্যদেবকে ভজন করি।

৪। বিদ্যারম্ভ হইতে বিবাহ পর্যন্ত পরম মনোহর শ্রীচৈতন্যরূপী শ্রীকৃষ্ণের পৌগণ্ডলীলা অতিশয় বিস্তীর্ণা।

পাঠান্তর

১ ইহার পূর্বে অধিক—হরিভক্তিবিলাসে (৭।১) [ত, ন]; ৬ (১ম)-লীলায় [ক, ঙ]; ১৩ (১ম) প্রাচীন [চ]; ১৭ (১ম-২য়) জোড় করে কহে [ছ]; ১৮ (৭ম) চাহিবা [চ, ঠ, ঢ]; ২১ (৪র্থ-৫ম) উপবাস কৈলা [চ]; ২৫ (৪র্থ) পর্যটনে [চ]।

শুনি মিশ্র-পুরন্দর দুঃখী হৈলা মনে।
তবে প্রভু পিতা-মাতার কৈল আশ্বাসনে ॥ ১৩

ভাল হৈল—বিশ্বরূপ সন্ন্যাস করিল।
পিতৃকুল, মাতৃকুল দুই উদ্ধারিল ॥ ১৪

৫ আমি ত করিব তোমা দোঁহার সেবন।
শুনিঞা সন্তুষ্ট হৈল পিতা-মাতার মন ॥ ১৫

একদিন প্রভু নৈবেদ্য-তাম্বূল খাইয়া।
ভূমিতে পড়িলা প্রভু অচেতন হৈয়া ॥ ১৬

আস্তেব্যস্তে পিতা-মাতা মুখে দিলা পানী।
১০ সুস্থ হঞা কহে প্রভু অদ্ভুত কাহিনী ॥ ১৭

এথা হৈতে বিশ্বরূপ মোরে লঞা গেলা।
সন্ন্যাস করহ তুমি, আমারে কহিলা ॥ ১৮

আমি কহি—আমার অনাথ পিতা-মাতা।
আমি বালক, সন্ন্যাসের কিবা জানি কথা ॥ ১৯

১৫ গৃহস্থ হইয়া করিব পিতা-মাতার সেবন।
ইহাতেই তুষ্ট হবেন লক্ষ্মীনারায়ণ ॥ ২০

তবে বিশ্বরূপ ইহা পাঠাইল মোরে।
'মাতাকে কহিও কোটি কোটি নমস্কারে ॥' ২১

এইমত নানা লীলা করে গৌরহরি।
২০ কি কারণে লীলা, ইহা বুঝিতে না পারি ॥ ২২

কথোদিন রহি মিশ্র গেলা পরলোক।
মাতা-পুত্র দোঁহার বাঢ়িল হৃদি শোক ॥ ২৩

বন্ধুবান্ধব আসি দোঁহা প্রবোধিল।
পিতৃক্রিয়া বিধিদৃষ্টে ঈশ্বর করিল ॥ ২৪

২৫ কথোদিনে প্রভু চিত্তে করিলা চিন্তন।
গৃহস্থ হইলাম, এবে চাহি গৃহধর্ম ॥ ২৫

গৃহিণী বিনা গৃহধর্ম না হয় শোভন।
এত চিন্তি বিবাহ করিতে হৈল মন ॥ ২৬

তথাহি উদ্বাহতত্ত্বে—

৩০ ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে।
তয়া হি সহিতঃ সর্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে ॥ ২৭

দৈবে একদিন প্রভু পঢ়িয়া আসিতে।
বল্লভাচার্যের কন্যা দেখে গঙ্গাপথে ॥ ২৮

পূর্বসিদ্ধভাব দোঁহার উদয় করিল।
৩৫ দৈবে বনমালী ঘটক শচীস্থানে আইল ॥ ২৯

শচীর ইঙ্গিতে সম্বন্ধ করিল ঘটন।
লক্ষ্মীকে বিবাহ কৈল শ্রীশচী-নন্দন ॥ ৩০

বিস্তারি বর্ণিলেন ইহা বৃন্দাবন-দাস।
এই ত পৌগণ্ডলীলার সূত্রের প্রকাশ ॥ ৩১

৪০ পৌগণ্ডবয়সে লীলা বহুত প্রকার।
বৃন্দাবনদাস তাহা করিয়াছেন বিস্তার ॥ ৩২

অতএব দিঙ্মাত্র ইহাঁ দেখাইল।
চৈতন্যমঙ্গলে সর্বলোকে খ্যাত হৈল ॥ ৩৩

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
৪৫ চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩৪

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং পৌগণ্ডলীলাসূত্রবর্ণনং নাম পঞ্চদশঃ পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

'দেবত্বে দেবরূপী সা মনুষ্যত্বে চ মানুষী' ইতি বিষ্ণুপুরাণবচনাৎ, তৎস্বরূপশক্ত্যা সহ গৃহধর্মমাহ গ্রন্থকারঃ প্রাচীনবচনৈঃ—ন গৃহমিতি। গৃহং নেতি মনীষিণঃ আহুঃ। কিন্তু গৃহিণ্যেব গৃহমুচ্যতে, তেন কিং স্যাদিত্যপেক্ষায়ামাহ—তয়েতি। হি নিশ্চিতম্। তয়া গৃহিণ্যা সহিতঃ পুমান্ সর্বান্ পুরুষার্থান্ ধর্মার্থকামমোক্ষান্ সমশ্নুতে প্রাপ্নোতি ॥ ২৭ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতবর্ণনে।
পরিচ্ছেদে পঞ্চদশে প্রভোঃ পৌগণ্ডবর্ণনম্ ॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং পৌগণ্ডবর্ণনং নাম পঞ্চদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ ॥

বঙ্গানুবাদ

২৭। পণ্ডিতেরা কেবল গৃহকে গৃহ বলেন না, কিন্তু গৃহিণীকে গৃহ বলিয়া থাকেন ; যেহেতু গৃহস্থ ব্যক্তি পত্নীর সহিত মিলিত হইয়া সকল প্রকার পুরুষার্থ লাভ করেন।

পাঠান্তর

১ (২য়) শচী-মিশ্রের [জ, ঠ, ঢ, ধ] ; ৭ (১ম-৪র্থ) নৈবেদ্য তাম্বুল প্রভু দিনেকে খাইয়া [চ] ; ১০ (৫ম) অপূর্ব (জ, ঝ, ট, ড, ণ, ত, থ, ধ, ন] ; ২৬ (৫ম) গৃহ-করণ [ঘ] ; ৩৩ (৩র্থ) রাজপথে [চ] ; ৩৬ (৫ম) সংঘটন [চ]।

ষোড়শ পরিচ্ছেদ

কৃপাসুধাসরিদ্ যস্য বিশ্বমাপ্লাবয়ন্ত্যপি।
নীচগৈব সদা ভাতি তং চৈতন্যপ্রভুং ভজে ॥ ১
জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২
৫ জীয়াৎ কৈশোর-চৈতন্যো মূর্তিমত্যা গৃহাশ্রমাৎ।
লক্ষ্ম্যার্চিতোঽথ বাগ্দেব্যা দিশাংজয়িজয়চ্ছলাৎ ॥
এই ত কৈশোর লীলার সূত্র অনুবন্ধ।
শিষ্যগণ পড়াইতে করিলা আরম্ভ ॥ ৪
শত শত শিষ্যসঙ্গে সদা অধ্যাপন।
১০ ব্যাখ্যা শুনি সর্বলোকের চমকিত মন ॥ ৫
সর্বশাস্ত্রে সর্বপণ্ডিত পায় পরাজয়।
বিনয়ভঙ্গীতে কারো দুঃখ নাহি হয় ॥ ৬
বিবিধ ঔদ্ধত্য করে শিষ্যগণ-সঙ্গে।
জাহ্নবীতে জলকেলি করে নানারঙ্গে ॥ ৭
১৫ কথোদিনে কৈল প্রভু বঙ্গেতে গমন।
যাহাঁ যায় তাহাঁ লওয়ায় নাম সংকীর্তন ॥ ৮
বিদ্যার প্রভাব দেখি চমৎকার চিতে।
শতশত পড়ুয়া আসি লাগিল পড়িতে ॥ ৯
সেই দেশে বিপ্র—নাম মিশ্র তপন।
২০ নিশ্চয় করিতে নারে সাধ্য-সাধন ॥ ১০
বহুশাস্ত্রে বহুবাক্যে চিত্তে ভ্রম হয়।
'সাধ্য-সাধন শ্রেষ্ঠ' না হয় নিশ্চয় ॥ ১১
স্বপ্নে এক বিপ্র কহে—শুনহ তপন।
নিমাই পণ্ডিত-পাশে করহ গমন ॥ ১২

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ চৈতন্যদেবস্য পৌগণ্ডলীলাং বর্ণয়িত্বা কৈশোরলীলাং বর্ণয়িতুমিষ্টদেবং প্রণমতি গ্রন্থকারঃ—কৃপেতি। যস্য শ্রীচৈতন্যদেবস্য কৃপৈব সুধাসরিদমৃতনদী বিশ্বং জগদাপ্লাবয়ন্ত্যপি নিমজ্জয়ন্ত্যপি নীচগা সতী সদৈব ভাতি 'তৃণাদপি সুনীচেনেতি' শ্রীমুখবচনাৎ, নতু উচ্চগেত্যর্থঃ। এবংভূতং তং চৈতন্যং প্রভুং অহং ভজে আশ্রয়ামি ॥ ১ ॥

'ধর্মী কিশোর এবায়ং নিত্যং নানাবিলাসবান্'—ইত্যাশীপূর্বকং নমস্করোতি গ্রন্থকারঃ—জীয়াদিতি। কৈশোর-চৈতন্যো জীয়াৎ জয়যুক্তো ভবতু জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে কাব্যপ্রকাশকারবচনাৎ। তং প্রণমতীত্যর্থঃ। সঃ কিংভূতঃ? গৃহাশ্রমাৎ গৃহারম্ভপ্রাপ্তেঃ মূর্তিমত্যা লক্ষ্ম্যা অর্চিতঃ সেবিতঃ দিশাংজয়ি- জয়চ্ছলাৎ দিগ্বিজয়ি-জয়-ব্যাজাৎ নরলীলত্বাদ্বাগ্দেব্যাপি সরস্বত্যাপি সেবিতঃ ॥ ৩ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার করুণারূপ অমৃতনদী সকল জগৎ আপ্লাবিত করিয়া ও সর্বদা নীচগা, অর্থাৎ নিম্নাভিমুখী হইয়া প্রকাশিত, আমি সেই চৈতন্য প্রভুকে ভজন করি।

৩। যিনি গৃহস্থ হইয়াও স্বীয় পত্নী মূর্তিমতী লক্ষ্মী-কর্তৃক এবং দিগ্বিজয়ীর জয় ছল করিয়া সরস্বতী কর্তৃক অর্চিত, সেই কিশোর চৈতন্য জয়যুক্ত হউন।

পাঠান্তর

৭ (১ম-৩য়) ইবে ত কিশোর [গ]; ৮ (৪র্থ) নির্বন্ধ [ত]; ৯ (৫ম) অধ্যয়ন [ক, গ, ঘ, ঙ, ট, ড, থ, ধ]; ১২ (৩য়) রোষ [ক]; ১৩ (১ম-৩য়) নানাশাস্ত্র অধ্যয়ন [চ]; ১৪ (৪র্থ) মহা-[ঞ]; ১৬ (১ম-৪র্থ) তাহা যাঞা আদেশেন [চ]; ২২ (৫ম) নির্ণয় [ক, চ]।

তেঁহো তোমার সাধ্যসাধন করিবে নিশ্চয়।
সাক্ষাৎ ঈশ্বর তেঁহো, নাহিক সংশয় ॥ ১৩
স্বপ্ন দেখি মিশ্র আসি প্রভুর চরণে।
স্বপ্নের বৃত্তান্ত সব কৈল নিবেদনে ॥ ১৪
৫ প্রভু তুষ্ট হঞা সাধ্যসাধন কহিল।
'নাম-সংকীর্তন কর' উপদেশ কৈল ॥ ১৫
তাঁর ইচ্ছা—প্রভু সঙ্গে নবদ্বীপে বসি।
প্রভু আজ্ঞা দিল—তুমি যাও বারাণসী ॥ ১৬
তাহাঁ আমার সঙ্গে তোমার হবে দরশন।
১০ আজ্ঞা পাঞা মিশ্র কৈল কাশীতে গমন ॥ ১৭
প্রভুর অতর্ক্যলীলা বুঝিতে না পারি।
স্বসঙ্গ ছাড়াঞা কেনে পাঠায় কাশীপুরী ॥ ১৮
এইমত বঙ্গের লোকের কৈলা মহা হিত।
নাম দিয়া ভক্ত কৈল—পড়াঞা পণ্ডিত ॥ ১৯
১৫ এইমত বঙ্গে প্রভু করে নানা লীলা।
এথা নবদ্বীপে লক্ষ্মী বিরহে দুঃখী হৈলা ॥ ২০
প্রভুর বিরহ-সর্প লক্ষ্মীরে দংশিল।
বিরহ-সর্প-বিষে তাঁর পরলোক হৈল ॥ ২১
অন্তরে জানিলা প্রভু—যাতে অন্তর্যামী।
২০ দেশেরে আইলা প্রভু শচী-দুঃখ জানি ॥ ২২
ঘরে আইলা প্রভু লঞা বহু ধন জন।
তত্ত্বজ্ঞানে কৈলা শচীর দুঃখ-বিমোচন ॥ ২৩
শিষ্যগণ লৈয়া পুন বিদ্যার বিলাস।
বিদ্যাবলে সভা জিনি ঔদ্ধত্য-প্রকাশ ॥ ২৪
২৫ তবে বিষ্ণুপ্রিয়াঠাকুরাণীর পরিণয়।
তবে ত' করিল প্রভু দিগ্বিজয়ি-জয় ॥ ২৫
বৃন্দাবনদাস ইহা করিয়াছেন বিস্তার।
স্ফুট নাহি করে দোষ-গুণের বিচার ॥ ২৬
সেই অংশ কহি তাঁরে করি নমস্কার।
৩০ যা শুনি দিগ্বিজয়ী কৈল আপনা ধিক্কার ॥ ২৭
জ্যোৎস্নাবতী রাত্রি, প্রভু শিষ্যগণ সঙ্গে।
বসি আছেন গঙ্গাতীরে বিদ্যার প্রসঙ্গে ॥ ২৮
হেনকালে দিগ্বিজয়ী তাহাঁই আইলা।
গঙ্গার বন্দনা করি প্রভুরে মিলিলা ॥ ২৯
৩৫ বসাইলা তাঁরে প্রভু আদর করিয়া।
দিগ্বিজয়ী কহে মনে অবজ্ঞা করিয়া ॥ ৩০
ব্যাকরণ পড়াহ 'নিমাই পণ্ডিত' তোমার নাম।
বাল্যশাস্ত্রে লোক তোমার কহে গুণগ্রাম ॥ ৩১
ব্যাকরণ-মধ্যে জানি পড়াহ কলাপ।
৪০ শুনিল ফাঁকিতে তোমার শিষ্যের সংলাপ ॥ ৩২
প্রভু কহে,—'ব্যাকরণ পড়াই' অভিমান করি।
শিষ্যেহো না বুঝে, আমি বুঝাইতে নারি ॥ ৩৩
কাঁহা তুমি সর্বশাস্ত্রে কবিত্বে প্রবীণ।
কাঁহা আমি-সব শিশু পঢ়ুয়া নবীন ॥ ৩৪
৪৫ তোমার কবিত্ব কিছু শুনিতে হয় মন।
কৃপা করি কর যদি গঙ্গার বর্ণন ॥ ৩৫
শুনিয়া ব্রাহ্মণ গর্বে বর্ণিতে লাগিলা।
ঘটি-একে শতশ্লোক গঙ্গার বর্ণিলা ॥ ৩৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

কদাচিদেকস্মিন্দিবসে সমস্তশিষ্যৈঃ সহ গঙ্গাতট-নিকটে স্থিতঃ সন্ শ্রীচৈতন্যদেবো দিগ্বিজয়িনং দৃষ্ট্বা তদ্গর্বাতিশয়-ধ্বংসনার্থং তৎকৃত-শ্লোকমধ্যে একস্য শ্লোকস্য গুণদোষান্ ব্যঞ্জয়ামাসেত্যাহ—মহত্ত্বমিতি। গঙ্গায়া ইদং মহত্ত্বং সততং ভাতি। অত্রেদমিতি পদস্য পূর্বনিপাতাৎ মহত্ত্ব-শব্দস্য পরনিপাতেন অবিমৃষ্ট-বিধেয়াংশ-দোষো ভবতি, 'অনুবাদমনুক্ত্বৈব ন বিধেয়-

পাঠান্তর

১ (৪র্থ) কহিব [ত]; ২ (৪র্থ) না কর [জ]; ৩ (৩য়) বিপ্র [ত]; ৪ (৩য়) তবে [চ]; ৬ (২য়) কৃষ্ণের [থ]; ৯ (৬ষ্ঠ) মিলন [ক, ঝ, ঠ, ঢ, দ]; ১১ (২য়) অতর্ক্য-[ক, খ, ঘ, জ, ঠ, ঢ, ত, দ, ন], অন্তর [গ, ঙ, ঝ, ঞ, ট, থ]; ১৩ (৫ম) সবার [ঝ, ট, ড, থ, ধ]; ১৫ (৬ষ্ঠ) খেলা [ছ]; ১৬ (৫ম-৬ষ্ঠ) বিহ্বোলা [ক]; ১৯ (৪র্থ) আপনি [ক]; ২৪ (৪র্থ) সুজন্য-[চ]; ৩১ (৪র্থ) আগুশিষ্য [চ]; ৩২ (৩য়) মহাপ্রভু [ছ]; ৩৫ (৪র্থ) সম্মান [ছ]; ৪০ (৫ম) প্রলাপ [ক, খ, ঘ, চ, ঝ, ত,]; ৪২ (৫ম) পড়াইতে [ঘ]; ৪৬ (৪র্থ) তুমি [ক, খ, ঘ, চ]; ৪৭ (৪র্থ) বলিতে [খ]; ৪৮ (১ম) দণ্ডেকে [ক]।

শুনিয়া করিল প্রভু বহুত' সৎকার।
তোমা সম পৃথিবীতে কবি নাহি আর ॥ ৩৭
তোমার কবিতা শ্লোক বুঝিতে কার শক্তি।
তুমি ভাল জান, অর্থ, কিবা সরস্বতী ॥ ৩৮
৫ এক শ্লোকের অর্থ যদি কর নিজ মুখে।
শুনি সব লোক তবে পাইব বড় সুখে ॥ ৩৯
তবে দিগ্বিজয়ী ব্যাখ্যার শ্লোক পুছিল।
শত শ্লোকের এক শ্লোক প্রভুত পঢ়িল ॥ ৪০

তথাহি দিগ্বিজয়িবাক্যম্—

১০ মহত্ত্বং গঙ্গায়াঃ সততমিদমাভাতি নিতরাং,
যদেষা শ্রীবিষ্ণোশ্চরণকমলোৎপত্তিসুভগা।
দ্বিতীয়শ্রীলক্ষ্মীরিব সুরনরৈরর্চ্যচরণা,
ভবানীভর্তুর্যা শিরসি বিভবত্যদ্ভুতগুণা ॥ ৪১

এই শ্লোকের অর্থ কর—প্রভু যদি কৈল।
১৫ বিস্মিত হৈয়া দিগ্বিজয়ী প্রভুরে পুছিল ॥ ৪২
ঝঞ্ঝাবাত-প্রায় আমি শ্লোক পঢ়িল।
তার মধ্যে শ্লোক তুমি কৈছে কণ্ঠে কৈল ॥ ৪৩
প্রভু কহে—দেববরে তুমি কবিবর।
ঐছে দেবের বরে কেহো হয় শ্রুতিধর ॥ ৪৪
২০ শ্লোক-ব্যাখ্যা কৈল বিপ্র পাইয়া সন্তোষ।
প্রভু কহে—কহ শ্লোকের কিবা গুণ-দোষ ॥ ৪৫
বিপ্র কহে—শ্লোকে নাহি দোষের আভাষ।
উপমালঙ্কার গুণ কিছু অনুপ্রাস ॥ ৪৬
প্রভু কহেন—কহি যদি না করহ রোষ।
২৫ কহিয়ে তোমার শ্লোকে যেবা আছে দোষ ॥ ৪৭

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

মুদীরয়েদি'তি শাস্ত্রাৎ। মহত্ত্বমাহ—যদ্‌যস্মাৎ এষা গঙ্গা শ্রীবিষ্ণোশ্চরণ-কমলোৎপত্তি-সুভগা সুরনরৈরর্চ্যচরণা, কৈব দ্বিতীয়া শ্রীলক্ষ্মীরিব, সা গঙ্গা ভবানীভর্তুঃ শিবস্য শিরসি মস্তকে বিভবতি প্রকাশতে।

অনেন সাধ্যসাধনরূপানুমানালঙ্কারঃ। এতেনাস্মিন্ পাদে অবিমৃষ্টবিধেয়াংশ-দোষঃ। কিঞ্চাত্র ভগ্নপ্রক্রমতা-দোষোঽপ্যস্ত্যেব। অত্র পঞ্চ-তকারবৃত্ত্যা অনুপ্রাস-শব্দালঙ্কারোঽপি বর্ততে। দ্বিতীয়পাদে শ্রীবিষ্ণোশ্চরণ-কমলোৎপত্তি-সুভগেত্যত্র 'বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গে'ত্যুক্তেঃ পাদোদ্ভবা গঙ্গা ন তু পদ্মোদ্ভবা। অত্র বিরোধাভাসোঽর্থালঙ্কারঃ। ভগ্নপ্রক্রমতা-দোষোঽপি স্যাৎ, অনুপ্রাসাভাবাৎ। তৃতীয়পাদে দ্বিতীয়শ্রীলক্ষ্মীরিবেত্যত্র দ্বিতীয়া শব্দস্য সমাসে গুণীভূতত্বাৎ বিধেয়াবিমর্শদোষোঽপি স্যাৎ। শ্রীলক্ষ্মীরিত্যত্র শ্রীশব্দো লক্ষ্মী-বাচকঃ পুনর্লক্ষ্মীশব্দগ্রহণাৎ পুনরুক্তবদাভাস-শব্দালঙ্কার এব স্যাৎ। কিঞ্চাত্র পঞ্চ রকার-বৃত্ত্যানুপ্রাস-শব্দালঙ্কারোঽপি স্যাৎ। লক্ষ্মীরিবেত্যত্র উপমার্থালঙ্কারোঽপি স্যাদেব। চতুর্থপাদে ভবানীভর্তুরিত্যত্র ভবস্য স্ত্রী ভবানী তস্যা ভর্তুরিত্যুক্তেঃ দ্বিতীয়ভর্তৃ প্রতীতিকারিত্বাদ্বিরুদ্ধমতিকারিতা দোষ এব স্যাৎ। কিঞ্চাত্র চতুর্ভকারাবৃত্ত্যা চানুপ্রাসঃ শব্দালঙ্কারো বিদ্যতে। অত্র বিভবতীতি ক্রিয়াপদেন বাক্যসমাপ্তিঃ, পুনরদ্ভুতগুণেত্যুপাদানাৎ সমাপ্ত-পুনরাত্তদোষ এব স্যাৎ। অতএবাত্র শ্লোকে পঞ্চালঙ্কারস্য সদ্ভাবেঽপি পঞ্চদোষস্য সম্ভবাদিদং পদ্যমবদ্যস্বরূপমেব ॥ ৪১ ॥

বঙ্গানুবাদ

৪১। যিনি বিষ্ণুর চরণকমল হইতে উৎপন্ন হইয়া অপূর্ব ঐশ্বর্য্য লাভ করিয়াছেন, দ্বিতীয় লক্ষ্মীর ন্যায় যাঁহার চরণ সুরনরগণের অর্চনীয় এবং যিনি ভবানীভর্তার জটাজুটে অদ্ভুতগুণ ধারণ করতঃ বিহার করিতেছেন, সেই গঙ্গাদেবীর এই সকল মহিমা নিরন্তর দেদীপ্যমান রহিয়াছে।

পাঠান্তর

১৫ (১ম-৫ম) সবিস্মিত দিগ্বিজয়ী পুন জিজ্ঞাসিল [চ]; **১৮** (৫ম) কবিত্ব কর [ক, খ, ঘ, ঞ, ত]; **২১** (৫ম-৬ষ্ঠ) যেবা আছে দোষ [ক]; **২২** (১ম) পণ্ডিত [ক, খ, ঘ, ছ, জ], (৬ষ্ঠ) প্রকাশ [খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ড, ত, দ, ধ]।

প্রতিভার কাব্য তোমার দেবতা-সন্তোষে।
ভালমতে বিচারিলে জানি গুণ-দোষে ॥ ৪৮

তাতে ভাল করি শ্লোক করহ বিচার।
কবি কহে—যে কহিল সে-ই বেদসার ॥ ৪৯

৫ ব্যাকরণীয়া তুমি—নাহি পঢ় অলঙ্কার।
তুমি কি জানিবে এই কবিত্বের সার ॥ ৫০

প্রভু কহেন—অতএব পুছিয়ে তোমারে।
বিচারিয়া গুণ-দোষ বুঝাহ আমারে ॥ ৫১

নাহি পঢ়ি অলঙ্কার—করিয়াছি শ্রবণ।
১০ তাতে এই শ্লোকে দেখি বহু দোষ-গুণ ॥ ৫২

কবি কহে—কহ দেখি কোন্ গুণ-দোষ।
প্রভু কহেন—কহি শুন, না করিহ রোষ ॥ ৫৩

পঞ্চ দোষ এই শ্লোকে, পঞ্চ অলঙ্কার।
ক্রমে আমি কহি শুন, করহ বিচার ॥ ৫৪

১৫ অবিমৃষ্ট-বিধেয়াংশ দুই ঠাঁই চিহ্ন।
বিরুদ্ধমতি ভগ্নক্রম পুনরাত্ত দোষ তিন ॥ ৫৫

'গঙ্গার মহত্ত্ব' শ্লোকে মূল বিধেয়।
'ইদং' শব্দে অনুবাদ পাছে অবিধেয় ॥ ৫৬

বিধেয় আগে কহি, পাছে কহিলে অনুবাদ।
২০ এই লাগি শ্লোকের অর্থ করিয়াছে বাদ ॥ ৫৭

তথাহি তন্ত্রবার্তিক-ধৃতো ন্যায়ঃ—

অনুবাদমনুক্ত্বা তু ন বিধেয়মুদীরয়েৎ।
ন হ্যলব্ধাস্পদং কিঞ্চিৎ কুত্রচিৎ প্রতিতিষ্ঠতি ॥ ৫৮

'দ্বিতীয়-শ্রীলক্ষ্মী' ইহঁা দ্বিতীয়ত্ব বিধেয়।
২৫ সমাসে গৌণ হইল, শব্দার্থ গেল ক্ষয় ॥ ৫৯

'দ্বিতীয়' শব্দ বিধেয়, তাহা পড়িল সমাসে।
'লক্ষ্মীর সমতা' অর্থ করিল বিনাশে ॥ ৬০

'অবিমৃষ্ট-বিধেয়াংশ' এই দোষের নাম।
আর এক দোষ আছে শুন সাবধান ॥ ৬১

৩০ 'ভবানীভর্তৃ'-শব্দ দিলে পাইয়া সন্তোষ।
'বিরুদ্ধমতিকৃৎ' নাম এই মহা দোষ ॥ ৬২

'ভবানী' শব্দে কহে মহাদেবের গৃহিণী।
'তার ভর্তা' কহিলে—দ্বিতীয়-ভর্তা জানি ॥ ৬৩

শিবপত্নীর ভর্তা—ইহা শুনিতে বিরুদ্ধ।
৩৫ 'বিরুদ্ধমতিকৃৎ' শব্দশাস্ত্রে নহে শুদ্ধ ॥ ৬৪

'ব্রাহ্মণপত্নীর ভর্তার হস্তে দেহ দান।'
শব্দ শুনিতেই হয় দ্বিতীয়-ভর্তা জ্ঞান ॥ ৬৫

'বিভবতি' ক্রিয়ায় বাক্যসাঙ্গ, পুন বিশেষণ।
'অদ্ভুতগুণা' এই পুনরাত্ত-দূষণ ॥ ৬৬

৪০ তিন-পাদে অনুপ্রাস দেখি অনুপম।
এক পাদে নাহি—এই দোষ 'ভগ্নক্রম' ॥ ৬৭

যদ্যপি এই শ্লোকে আছে পঞ্চ অলঙ্কার।
এই পঞ্চ দোষে শ্লোক কৈল ছারখার ॥ ৬৮

দশ অলঙ্কারে যদি এক শ্লোক হয়।
৪৫ এক দোষে সব অলঙ্কার হয় ক্ষয় ॥ ৬৯

সুন্দর শরীর যৈছে ভূষণে ভূষিত।
এক শ্বেতকুষ্ঠে যৈছে করয়ে বিগীত ॥ ৭০

পাঠান্তর

৩ (৪র্থ) দোষ [ত]; ৪ ৬ষ্ঠ) বেদসার [চ], ৬ (৩য়) বুঝিবে [জ]; ৮ (৩য়) শিখাহ [ছ]; ১০ (৪র্থ) জ্ঞান করি [চ]; ১৪ (৫ম) করিয়া [ক, জ]; ১৮ (৪র্থ-৫ম) পাছে ত বিধেয় [ঝ, থ], পশ্চাৎ বিধেয় [চ, ঠ, ঢ]; ২১ (১ম-৩য়) তথাহি শাস্ত্রজ্ঞা বদন্তি [ত]; ২৬ (৩য়) অবিধেয় [জ, থ]; ৩০ (১ম) ভবানীভর্তুঃ ; [ক —ট, ড, ঢ, থ, ধ] ; ৪০ (৪র্থ) অনুপাম [গ, ঙ] ; ৪৩ (৫ম) হৈল [গ, চ, ছ, ঝ, ত] ; ৪৪ (৬ষ্ঠ) কয় [চ] ; ৪৫ (৫ম) যায় [ত] ; ৪৭ (৫ম) নিন্দিত [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঢ, ত, দ]।

তথাহি ভরতমুনিবাক্যম্—

রসালঙ্কারবৎ কাব্যং দোষযুক্ চেদ্ বিভূষিতম্।
স্যাদ্ বপুঃ সুন্দরমপি শ্বিত্রেণৈকেন দুর্ভগম্ ॥ ৭১

পঞ্চ অলঙ্কারের এবে শুনহ বিচার।
৫ দুই শব্দালঙ্কার, তিন অর্থ-অলঙ্কার ॥ ৭২
শব্দালঙ্কার,—তিন-পাদে আছে অনুপ্রাস।
'শ্রীলক্ষ্মী'-শব্দে—'পুনরুক্তবদাভাস' ॥ ৭৩
প্রথম-চরণে পঞ্চ তকারের পাঁতি।
তৃতীয়-চরণে হয় পঞ্চ রেফ-স্থিতি ॥ ৭৪
১০ চতুর্থ চরণে চারি ভকার প্রকাশ।
অতএব শব্দ-অলঙ্কার 'অনুপ্রাস' ॥ ৭৫
'শ্রী'-শব্দে 'লক্ষ্মী'-শব্দে এক বস্তু উক্ত।
পুনরুক্তপ্রায় ভাসে, নহে পুনরুক্ত ॥ ৭৬
'শ্রীযুক্ত লক্ষ্মী' অর্থে—অর্থের বিভেদ।
১৫ 'পুনরুক্তবদাভাস' শব্দালঙ্কার ভেদ ॥ ৭৭
'লক্ষ্মীরিব' অর্থালঙ্কার 'উপমা' প্রকাশ।
আর অর্থালঙ্কার আছে, নাম 'বিরোধাভাস' ॥ ৭৮
গঙ্গাতে কমল জন্মে—সভার সুবোধ।
কমলে গঙ্গার জন্ম—অত্যন্ত বিরোধ ॥ ৭৯
২০ ইহাঁ বিষ্ণুপাদপদ্মে গঙ্গার উৎপত্তি।
'বিরোধালঙ্কারে' ইহা মহা চমৎকৃতি ॥ ৮০
ঈশ্বর-অচিন্ত্যশক্ত্যে গঙ্গার প্রকাশ।
ইহাতে বিরোধ নাহি, বিরোধ-আভাস ॥ ৮১

তথাহি কস্যচিৎ—

২৫ অম্বুজমম্বুনি জাতং,
ক্বচিদপি ন জাতমম্বুজাদম্বু।
মুরভিদি তদ্বিপরীতং,
পাদাম্ভোজান্মহানদী জাতা ॥ ৮২

গঙ্গার মহত্ত্ব সাধ্য, সাধন তাহার।
৩০ বিষ্ণুপাদোৎপত্তি—'অনুমান' অলঙ্কার ॥ ৮৩
স্থূল এই পঞ্চ দোষ, পঞ্চ অলঙ্কার।
সূক্ষ্ম বিচারিয়ে যদি - আছয়ে অপার ॥ ৮৪
প্রতিভা-কবিত্ব তোমার, দেবতা-প্রসাদে।
অবিচারে কবিত্ব অবশ্য পড়ে দোষ-বাদে ॥ ৮৫

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অতএব কাব্যপ্রকাশে ভরতমুনিবাক্যঞ্চ যথা—রসালঙ্কারেতি। রসালঙ্কারবৎ রসালঙ্কারৌ বিদ্যেতে যত্র এবংভূতং সৎকাব্যং দোষযুক্তং চেৎ বিদূষিতং ভবতি। কিমিব যথা বপুঃ শরীরং সুন্দরমপ্যেকেন শ্বিত্রেণ দুর্ভগং নিন্দিতং স্যাৎ ॥ ৭১ ॥

যদেযেত্যত্র যদুক্তং বিরোধাভাসালঙ্কার ইতি কাব্যপ্রকাশে বিশদয়তি, যথা—অম্বুজমিতি। অম্বুনি অম্বুজং জাতং ভবতি অম্বুজাদম্বু জাতং ন ভবত্যেব। মুরভিদি শ্রীকৃষ্ণে তদ্বিপরীতং ভবতি, তস্যাচিন্ত্যশক্তিত্বাৎ। কুতঃ? যতঃ পাদাম্ভোজাৎ মহানদী গঙ্গা জাতা, প্রভুতেত্যর্থঃ ॥ ৮২ ॥

বঙ্গানুবাদ

৭১। পরমসুন্দর শরীরও যেমন এক শ্বেতকুষ্ঠ রোগে কুৎসিৎ হইরা যায়, সেইরূপ রস এবং অলঙ্কার যুক্ত পরম ভূষিত কাব্যও দোষযুক্ত হইলে আর শোভা পায় না।

৮২। জল হইতে পদ্ম উৎপন্ন হয়, কখন পদ্ম হইতে জলের উৎপত্তি হয় না,—কিন্তু মুরারিতে তাহার বিপরীত দেখিতেছি, যেহেতু তাঁহার পাদপদ্ম হইতে জলময়ী গঙ্গাদেবী জন্মগ্রহণ করিয়াছেন।

পাঠান্তর

১ (১ম-২য়) কাব্যপ্রকাশে ভরতমুনি-বাক্যং [জ]; ১৫ (১ম-৩য়) পুনরুক্তিবদাভাসে শব্দালঙ্কার ছেদ [চ]; ২৪ (১ম-২য়) তথাহি শ্রীভগবৎ শ্রীকৃষ্ণচৈতন্য-পাদোক্ত-শ্লোকঃ [ট, ড, থ, দ]; ২৯ (২য়) মহিমা [ক, খ, ঘ, চ, ছ, জ, ত]; ৩০ (২য়) প্রমাণ [ঠ, ঢ], অনুপমালঙ্কার [ছ, ঞ], ৩১ (১ম) শুন [ঘ, চ]; ৩৪ (৫ম) -বাধে [চ, ঝ, ধ]।

বিচারি কবিত্ব কৈলে হয় সুনির্মল।
সালঙ্কার হৈলে —অর্থ করে ঝলমল ॥ ৮৬
শুনিঞা প্রভুর ব্যাখ্যা দিগ্বিজয়ী বিস্মিত।
মুখে না নিঃসরে বাক্য, প্রতিভা স্তম্ভিত ॥ ৮৭
৫ কহিতে চাহয়ে কিছু, না আইসে উত্তর।
তবে মনে বিচারয়ে হইয়া ফাঁফর ॥ ৮৮
পঢ়ুয়া বালক কৈল মোর বুদ্ধিলোপ।
জানি সরস্বতী মোরে করিয়াছেন কোপ ॥ ৮৯
যে ব্যাখ্যা করিল, সে মনুষ্যের নহে শক্তি।
১০ নিমাইএর মুখে রহি বোলে আপনে সরস্বতী ॥ ৯০
এত ভাবি কহে—শুন নিমাই পণ্ডিত।
তোমার ব্যাখ্যা শুনি আমি হইলাঙ্ বিস্মিত ॥৯১
অলঙ্কার নাহি পঢ়, নাহি শাস্ত্রভ্যাস।
কেমনে এ সব অর্থ করিলে প্রকাশ ॥ ৯২
১৫ ইহা শুনি মহাপ্রভু অতি বড় রঙ্গী।
তাঁহার হৃদয় জানি কহে করি ভঙ্গী ॥ ৯৩
শাস্ত্রের বিচার ভাল মন্দ নাহি জানি।
সরস্বতী যে বোলায়, বলি সেই বাণী ॥ ৯৪
ইহা শুনি দিগ্বিজয়ী করিল নিশ্চয়।
২০ শিশুদ্বারে দেবী মোরে কৈল পরাজয় ॥ ৯৫
আজি তাঁরে নিবেদিব করি জপ-ধ্যান।
শিশুদ্বারে কৈল মোরে এত অপমান ॥ ৯৬
বস্তুত সরস্বতী অশুদ্ধ শ্লোক করাইল।
বিচার সময়ে তাঁর বুদ্ধি আচ্ছাদিল ॥ ৯৭
২৫ তবে শিষ্যগণ সব হাসিতে লাগিল ॥
তা-সভা নিষেধি প্রভু কবিরে কহিল ॥ ৯৮
তুমি বড় পণ্ডিত, মহাকবি-শিরোমণি।
যার মুখে বাহিরায় ঐছে কাব্যবাণী ॥ ৯৯
তোমার কবিত্ব যৈছে গঙ্গাজল ধার।
৩০ তোমা সম কবি কোথা নাহি দেখি আর ॥ ১০০
ভবভূতি, জয়দেব আর কালিদাস।
তা-সভার কবিত্বে আছে দোষের প্রকাশ ॥ ১০১
দোষ-গুণ-বিচার এই 'অল্প' করি মানি।
কবিত্বকরণে শক্তি—তাহা যে বাখানি ॥ ১০২
৩৫ শৈশব-চঞ্চল্য কিছু না লবে আমার।
শিষ্যের সমান মুঞি না হই তোমার ॥ ১০৩
আজি বাসা যাহ, কালি মিলিব আরবার।
শুনিব তোমার মুখে শাস্ত্রের বিচার ॥ ১০৪
এইমতে নিজঘরে গেলা দুইজন।
৪০ কবি রাত্রে কৈল সরস্বতী আরাধন ॥ ১০৫
সরস্বতী স্বপ্নে তারে উপদেশ কৈল।
সাক্ষাৎ ঈশ্বর করি প্রভুরে জানিল ॥ ১০৬
প্রাতে আসি প্রভুপদে লইল শরণ।
প্রভু কৃপা কৈল, তাঁর খণ্ডিল বন্ধন ॥ ১০৭
৪৫ ভাগ্যবন্ত দিগ্বিজয়ী সফল জীবন।
বিদ্যাবলে পাইল মহাপ্রভুর চরণ ১০৮
এসব লীলা বর্ণিয়াছেন বৃন্দাবন-দাস।
যে কিছু বিশেষ ইহঁা করিল প্রকাশ ॥ ১০৯
চৈতন্যগোসাঞির লীলা অমৃতের ধার।
৫০ সর্বেন্দ্রিয়তৃপ্ত হয় শ্রবণে যাহার ॥ ১১০
শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ১১১

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং কৈশোরলীলাসূত্রবর্ণনং নাম ষোড়শ-পরিচ্ছেদঃ ॥

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যচরিতামৃতবর্ণনে। পরিচ্ছেদে ষোড়শেঽস্মিন্ প্রভোঃ কৈশোরবর্ণনম্ ॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং প্রভোঃ কৈশোরবর্ণনং নাম ষোড়শঃ পরিচ্ছেদঃ ॥

পাঠান্তর

২ (৩য়) রস [চ]; ৪ (৪র্থ) বাণী [ক]; ৫ (৫ম) স্ফুরে [চ]; ৯ (৪র্থ) নিমাই [ক, খ, গ, গ, ঙ, ছ, ঝ, ঝ, ত]; ২৪ (৪র্থ) মুখ [ট]; ২৭ (৪র্থ) কবি-শিরোমণি [গ, ঘ, ট, ড, থ, দ]; ৩২ (৫ম) আভাস [ঠ]; ৩৫ (১ম)-চাপল্য [ক, ঘ, ঙ, চ, ঝ, ঞ, ট, ড, থ, দ. ধ]; ৪১ (২য়) রাত্রে [ট, ড, ধ]; ৪৯ (১ম)-প্রভুর [গ, ছ]।

সপ্তদশ পরিচ্ছেদ

বন্দে স্বৈরাদ্ভুতেহহং তং চৈতন্যং যৎপ্রসাদতঃ।
যবনাঃ সুমনায়ন্তে কৃষ্ণনামপ্রজল্পকাঃ ॥ ১

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥ ২

৫ কৈশোর লীলার সূত্র করিল গণন।
যৌবন লীলার সূত্র করি অনুক্রম ॥ ৩

তথাহি—

বিদ্যাসৌন্দর্যসদ্বেশ-সম্ভোগনৃত্যকীর্তনৈঃ।
প্রেমনামপ্রদানৈশ্চ গৌরো দীব্যতি যৌবনে ॥ ৪

১০ যৌবন প্রবেশে অঙ্গে অঙ্গ-বিভূষণ।
দিব্য-বস্ত্র দিব্য-বেশ মাল্য চন্দন ॥ ৫

বিদ্যৌদ্ধত্যে কাহাকেও না করে গণন।
সকল পণ্ডিত জিনি করে অধ্যাপন ॥ ৬

বায়ুব্যাধি-ছলে কৈল প্রেম-পরকাশ।
১৫ ভক্তগণ লৈঞা কৈল বিবিধ বিলাস ॥ ৭

তবেত করিলা প্রভু গয়াতে গমন।
ঈশ্বরপুরীর সঙ্গে তথাই মিলন ॥ ৮

দীক্ষা অনন্তরে কৈল প্রেম-পরকাশ।
দেশে আগমন পুন প্রেমের বিলাস ॥ ৯

২০ শচীকে প্রেমদান, তবে অদ্বৈত মিলন।
অদ্বৈত পাইল বিশ্বরূপ-দরশন ॥ ১০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ প্রভোঃ কৈশোরলীলাং নিরূপ্য যৌবনলীলাং বর্ণয়িতুং তং নমস্করোতি গ্রন্থকারঃ—বন্দ ইতি। তং চৈতন্যমহং বন্দে, কিংভূতং? স্বৈরা স্বচ্ছন্দা অদ্ভুতাশ্চর্যরূপা ঈহা চেষ্টা যস্য তং, যং প্রসাদাৎ যস্য চৈতন্যস্য প্রসাদেন যবনাস্তরুষ্কাঃ কৃষ্ণনাম প্রজল্পকা সন্তঃ সুমনায়ন্তে, সুমনা ইব চরন্তি পূজ্যা ভবন্তীত্যর্থঃ। 'শ্বাদোহপি সদ্যঃ সবনায় কল্পতে' ইতি তৃতীয়-স্কন্ধ-বচনাৎ (শ্রীমদ্ভাগবতে ৩।৩৩।৬) ॥ ১ ॥

অতঃ শ্রীচৈতন্যদেবস্য যৌবনমাধুরীমাহ গ্রন্থকারঃ—বিদ্যেতি। গৌরঃ শ্রীশচীনন্দনঃ যৌবনে দিব্যতি প্রকাশতে। কৈরিত্যাহ—বিদ্যা সৌন্দর্যং সদ্বেষঃ সম্ভোগ উত্তমোপকরণং নৃত্যং কীর্তনং চ তানি, তৈঃ, প্রেম রতিপরিপাকাবস্থা, নাম হরিনাম, দ্বয়োঃ প্রদানৈশ্চ, ইতি পরমদয়ালুত্বং সূচিতম্ ॥ ৪ ॥

বঙ্গানুবাদ

১। যাঁহার প্রসাদ-লেশ লাভ করিয়া যবন সকলও কৃষ্ণনাম কীর্তন করতঃ সাধুস্বভাব হইয়াছিলেন, সেই স্বেচ্ছাময় অদ্ভুত লীলাকারী চৈতন্যদেবকে আমি বন্দনা করি।

৪। বিদ্যা, শরীর লাবণ্য, সাধুবেশ, সম্ভোগ, নৃত্য, কীর্তন এবং প্রেম ও নামের সর্বত্র বিতরণ দ্বারা শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু যৌবনারম্ভে ক্রীড়া করিতেছেন।

পাঠান্তর

১ ইহার পূর্বে—তথাহি ॥ [ঘ], গ্রন্থকারস্য [ট, ঢ]; ৪ (২য়) বন্দে [চ], (৩য়) জয় ভক্তবৃন্দ [ঘ, চ, জ, ঝ]; ৫ (৪র্থ) করিয়া [ণ]; ৬ (৩য়) সূত্র এবে [ঙ]; ১১ (৩য়) সুমাল্য [ছ, ত], দিব্য মাল্য [খ, ঘ, জ, ঝ]; ১২ (২য়) কাহোকে [ঝ]; ১৩ (৩য়) মেলি [খ, ঘ, জ], (৫ম) অধ্যয়ন [ক, জ]; ১৪ (২য়) হৈল [ণ, ন], করে [ছ, জ, ঠ, ঢ]; ১৫ (২য়-৩য়) ভাণ্ডী করে [ছ]; ১৯ (৪র্থ) বিবিধ [ক, খ, ঘ, চ, ঞ, ত]; ২০ (৩য়) কৈল [ক]।

প্রভুর অভিষেক তবে করিলা শ্রীবাস।
খাটে বসি প্রভু কৈলা ঐশ্বর্য-প্রকাশ ॥ ১১

তবে নিত্যানন্দস্বরূপের আগমন।
প্রভুকে মিলিয়া পাইল ষড়্ভুজ দর্শন ॥ ১২

৫ প্রথমে ষড়্ভুজ তাঁরে দেখাইল ঈশ্বর।
শঙ্খ চক্র-গদা-পদ্ম-শার্ঙ্গ-বেণুধর ॥ ১৩

তবে চতুর্ভুজ হৈলা তিন অঙ্গ বক্র।
দুই হস্তে বেণু বাজায় দুইয়ে শঙ্খ-চক্র ॥ ১৪

তবেত দ্বিভুজ, কেবল বংশীবদন।
১০ শ্যাম-অঙ্গ, পীত-বস্ত্র, ব্রজেন্দ্রনন্দন ॥ ১৫

তবে নিত্যানন্দ-গোসাঞির ব্যাসপূজন।
নিত্যানন্দাবেশে কৈল মুষলধারণ ॥ ১৬

তবে শচী দেখিল রাম-কৃষ্ণ দুই ভাই।
তবে নিস্তারিল প্রভু জগাই-মাধাই ॥ ১৭

১৫ তবে সপ্তপ্রহর প্রভু ছিলা ভাবাবেশে।
যথাতথা ভক্তগণ দেখিল বিশেষে ॥ ১৮

বরাহ-আবেশ হৈলা মুরারি ভবনে।
তার স্কন্ধে চড়ি প্রভু নাচিলা অঙ্গনে ॥ ১৯

তবে শুক্লাম্বরের কৈল তণ্ডুল-ভক্ষণ।
২০ 'হরের্নাম' শ্লোকের কৈল অর্থ বিবরণ ॥ ২০

তথাহি বৃহন্নারদী হয়ে (৩৮।১২৬)—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥ ২১

কলিকালে নামরূপে কৃষ্ণ অবতার।
২৫ নাম হৈতে হয় সর্ব জগত-নিস্তার ॥ ২২

দার্ঢ্য লাগি হরের্নাম উক্তি তিনবার।
জড়লোক বুঝাইতে পুনরেব-কার ॥ ২৩

কেবল-শব্দ পুনরপি নিশ্চয় কারণ।
জ্ঞান-যোগ-তপ-কর্ম-আদি নিবারণ ॥ ২৪

৩০ অন্যথা যে মানে, তার নাহিক নিস্তার।
'নাহি নাহি নাহি' তিন, তিনে এব-কার ॥ ২৫

তৃণ হৈতে নীচ হৈয়া সদা লবে নাম।
আপনি নিরভিমানী, অন্যে দিবে মান ॥ ২৬

তরুসম সহিষ্ণুতা বৈষ্ণব করিবে।
৩৫ ভর্ৎসন-তাড়নে কারে কিছু না বলিবে ॥ ২৭

কাটিলেহ তরু যেন কিছু না বোলয়।
শুকাইয়া মৈলে তবু জল না মাগয় ॥ ২৮

এইমত বৈষ্ণব কা'রে কিছু না মাগিব।
অযাচিত-বৃত্তি কিংবা শাক-ফল খাইব ॥ ২৯

৪০ সদা নাম লইব যথা-লাভেতে সন্তোষ।
এইত আচার করে ভক্তিধর্ম-পোষ ॥ ৩০

পাঠান্তর

১ (৩য়) গৃহে [ক, খ, ঘ, জ, ত], সুখে [চ]। ১০ (২য়) পীতাম্বর [চ]; ১২ (১ম) নিত্যানন্দ-বেশে [ক, ঘ, ণ, থ]; ১৩ (৪র্থ) রামকৃষ্ণ-মূর্তি [চ]; ১৪ (১ম-৪র্থ) কৃষ্ণনামে নিস্তারিল জগাই মাধাই [চ]; ১৫ (২য়) সাত [ক, খ, ঘ, জ]; ১৭ (১ম)-আকার [গ]; ১৮ (৬ষ্ঠ) আপনে [ক, গ, ঘ], প্রাঙ্গনে [ত]; ২০ (২য়-৩য়) তবে কৈল [খ, ঘ, ছ, ত]; ২৪ (২য়) নামরূপ [খ, জ]; ২৬ (৩য়) হরিনাম [ঘ]; ২৭ (১ম) মূঢ়-[চ]; ২৯ (১ম)-তপস্যাদি-[চ]; ৩২ (৬ষ্ঠ-৭ম) নিরভিমান [ক]; ৩৩ (৩য়) জীবে [খ, ঘ, চ, জ, ত]; ৩৬ (৩য়) যৈছে [ঙ]; ৩৭ (২য়) মরে [ঝ, ট, ড, থ, ধ]; ৩৯ (১ম) অযাচক-[ক, গ], (৩য়)-মূল [চ, ত]; ৪০ (১ম) নিরন্তর [ক, খ, ঘ, চ. জ, ঢ]; ৪১ (৪র্থ) বৈষ্ণব- [ঝ]।

তথাহি পদ্যাবল্যাং (৩২) শ্রীমুখশিক্ষা-শ্লোকঃ—

তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
অমানিনা মানদেন কীর্তনীয়ঃ সদা হরিঃ ॥ ৩১

ঊর্ধ্ববাহু করি কহি শুন সর্বলোক।
৫ নাম-সূত্রে গাঁথি পর কণ্ঠে এই শ্লোক ॥ ৩২
প্রভুর আজ্ঞায় কর এই শ্লোক আচরণ।
অবশ্য পাইলে তবে শ্রীকৃষ্ণ-চরণ ॥ ৩৩
তবে প্রভু শ্রীবাসের গৃহে নিরন্তর।
রাত্রে সংকীর্তন কৈল এক সংবৎসর ॥ ৩৪
১০ কবাট দিয়া কীর্তন করে পরম আবেশে।
পাষণ্ডী হাসিতে আইসে না পায় প্রবেশে ॥ ৩৫
কীর্তন শুনি বাহিরে তারা জ্বলি-পুড়ি মরে।
শ্রীবাসেরে দুঃখ দিতে নানা যুক্তি করে ॥ ৩৬
একদিন বিপ্র—নাম গোপালচাপাল।
১৫ পাষণ্ডী প্রধান সেই, দুর্মুখ বাচাল ॥ ৩৭
ভবানীপূজার সব সামগ্রী লইয়া।
রাত্রে শ্রীবাসের দ্বারে স্থান লেপাইয়া ॥ ৩৮
কলার পাত-উপরে থুইল ওড়ফুল।
হরিদ্রা-সিন্দূর আর রক্ত-চন্দন তণ্ডুল ॥ ৩৯
২০ মদ্যভাণ্ড পাশে ধরি নিজঘর গেলা।
প্রাতঃকালে শ্রীনিবাস তাহাত দেখিলা ॥ ৪০
বড় বড় লোক সব আনিল ডাকিয়া।
সভারে কহে শ্রীবাস হাসিয়া হাসিয়া ॥ ৪১
নিত্য রাত্রে করি আমি ভবানীপূজন।
২৫ আমার মহিমা দেখ ব্রাহ্মণ সজ্জন ॥ ৪২
দেখি সব শিষ্ট লোক করে হাহাকার।
ঐছে কর্ম এথা কৈল কোন্ দুরাচার ॥ ৪৩
'হাড়ি' আনাইয়া সব দূর করাইল।
জল-গোময় দিয়া সেই স্থান লেপাইল ॥ ৪৪
৩০ তিন দিন বই সেই গোপালচাপাল।
সর্বাঙ্গে হইল কুষ্ঠ—বহে রক্ত ধার ॥ ৪৫
সর্বাঙ্গে বেড়িল কীটে—কাটে নিরন্তর।
অসহ্য বেদনা দুঃখে জলয়ে অন্তর ॥ ৪৬

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ভক্তলক্ষণং শ্রীকৃষ্ণচৈতন্যেনোক্তম্—তৃণাদপীতি। উদ্বেগ-প্রাপ্তেঽপি অনুদ্বেগমনসা ভগবন্নামগ্রহণশীলেন তরোরিব সহিষ্ণুনা সহনশীলেন অমানিনা মানরহিতেন মানদেনান্যেষাং সংকারপ্রদেন ॥ ৩১ ॥

বঙ্গানুবাদ

৩১। তৃণ হইতেও অতিশয় নীচ, তরুসম সহিষ্ণু এবং আপনি মানাকাঙ্ক্ষাশূন্য হইয়া অন্যকে সম্মান প্রদান করতঃ সর্বদা শ্রীহরি কীর্ত্তন করিবে।

পাঠান্তর

৪ (৫ম) ভক্তলোক [ক, খ, ঘ, চ, ঙ, ত]; ৭ (১ম) আবশ্যক [চ], (৪র্থ) চৈতন্য- [গ, ঙ, ঝ, ঞ]; ৮ (৩য়) শ্রীনিবাস- [ক, গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৯ (৫ম) বৎসর [খ, গ, ঙ, চ, জ, ঝ, ঠ, ঢ, ত]; ১১ (১ম) পাপিষ্ঠ [চ]; ১২ (৩য়, ৪র্থ) পাষণ্ড সব [ক]; ১৪ (৪র্থ) -পাঁচাল [খ], চাপাল-গোপাল [গ]; ১৫ (৪র্থ) মূর্খ [খ]; ১৬ (৪র্থ) আনিল [খ, ঘ, চ, ছ, জ, ত, দ]; ১৭ (৪র্থ-৫ম) স্থাপন করিল [ত]; ১৮ (১ম-২য়) কদলিপত্রের [ক, খ, ঘ, চ, ছ, জ, ত], (৪র্থ) ওড্র-[গ, ঙ, ঝ, ঞ, ঢ]; ১৯ (৩য়) রক্তবস্ত্র [ঞ], রক্ত কলস [ছ], রম্ভাদি [চ]; ২০ (৩য়) রাখি [ক]; ২১ (২য়) শ্রীবাস [ঙ, চ, ছ, ঞ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ], (৩য়) দ্বারে [দ]; ২২ (৬ষ্ঠ) বোলাইয়া [খ, ঘ, ঙ, ছ, ট, ড, থ, ধ]; ২৫ (২য়) চরিত্র [ক, জ]; ২৬ (১ম) তবে [ট, ড, ণ, থ, ধ, ন], ভাল [চ]; ২৭ (১ম) হেন [ক, খ, ঘ, ঙ, চ, জ, দ], (৩য়) কাহে [চ]; ২৯ (১ম) গঙ্গাজল-[ক, খ, ঘ, ঙ, চ, জ, ঞ, ঠ, ঢ, ত, থ]; ৩০ (৩য়) রহি [গ, ঘ, চ, ড, ঢ, দ, ধ], (৫ম) চাপাল-গোপাল [গ, জ], গোপাল-পাঁচাল [খ]; ৩১ (২য়) ভরিল [ক]; ৩২ (৩য়) কৃমি [ছ], (২য়-৩য়) ভরিল পোকা [ক]; ৩৩ (১ম) নিরন্তর [গ, ঘ, ঞ], বাহ্যান্তর [ত]।

গঙ্গাঘাটে বৃক্ষতলে রহেত বসিয়া।
একদিন বোলে কিছু প্রভুরে দেখিয়া ॥ ৪৭
গ্রাম-সম্বন্ধে আমি তোমার মাতুল।
ভাগিনা মুঞি কুষ্ঠব্যাধে হঞাছোঁ ব্যাকুল ॥ ৪৮
৫ লোক সব উদ্ধারিতে তোমার অবতার।
মুঞি বড় দুঃখী, মোরে করহ উদ্ধার ॥ ৪৯
এত শুনি মহাপ্রভু হৈলা ক্রোধ মন।
ক্রোধাবেশে কহে তারে তর্জন বচন ॥ ৫০
আরে পাপি, ভক্তদ্বেষি, তোরে না উদ্ধারিমু।
১০ কোটিজন্ম এইমত কীড়ায় খাওয়াইমু ॥ ৫১
শ্রীবাসে করাইলি তুই ভবানী পূজন।
কোটি জন্ম হবে তোর রৌরবে পতন ॥ ৫২
পাষণ্ডী সংহারিতে মোর এই অবতার।
পাষণ্ডী সংহারি ভক্তি করিমু প্রচার ॥ ৫৩
১৫ এত বলি গেলা প্রভু করিতে গঙ্গাস্নান।
সেই পাপী দুঃখ ভোগে, না যায় পরাণ ॥ ৫৪
সন্ন্যাস করি প্রভু যদি নীলাচলে গেলা।
তথা হৈতে যবে কুলিয়াগ্রামেতে আইলা ॥ ৫৫
তবে সেই পাপী লৈল প্রভুর শরণ।
২০ হিতোপদেশ কৈল প্রভু হঞা সকরুণ ॥ ৫৬
শ্রীবাসপণ্ডিতস্থানে হইয়াছে অপরাধ।
তাহাঁ যাহ, তেঁহ যদি করেন প্রসাদ ॥ ৫৭
তবে তোর হবে এই পাপবিমোচন।
যদি পুন ঐছে নাহি কর আচরণ ॥ ৫৮
২৫ তবে বিপ্র লৈল আসি শ্রীবাস-শরণ।
তাঁর কৃপায় পাপ তার হৈল বিমোচন ॥ ৫৯
আর এক বিপ্র আইল কীর্তন দেখিতে।
দ্বারে কপাট না পাইল ভিতরে যাইতে ॥ ৬০
ফিরি গেলা ঘর, বিপ্র মনে দুঃখ পাঞা।
৩০ আর দিন প্রভুরে কহে গঙ্গায় লাগ পাঞা ॥ ৬১
শাপিব তোমারে মুঞি পাঞাছি মনোদুঃখ।
পৈতা ছিণ্ডিয়া শাপে প্রচণ্ড দুর্মুখ ॥ ৬২
সংসার-সুখ তোমার হউক বিনাশ।
শাপ শুনি প্রভুর চিত্তে হইল উল্লাস ॥ ৬৩
৩৫ প্রভুর শাপবার্তা যেই শুনে শ্রদ্ধাবান্।
ব্রহ্মশাপ হৈতে তার হয় পরিত্রাণ ॥ ৬৪
মুকুন্দদত্তেরে কৈল দণ্ড-পরসাদ।
খণ্ডিল তাহার চিত্তের সব অবসাদ ॥ ৬৫
আচার্যগোসাঞিরে প্রভু করে গুরুভক্তি।
৪০ তাহাতে আচার্য বড় হয় দুঃখমতি ॥ ৬৬
ভঙ্গী করি জ্ঞানমার্গ করিল ব্যাখ্যান।
ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজান ॥ ৬৭
তবে আচার্যগোসাঞির আনন্দ হইল।
লজ্জিত হইয়া প্রভু প্রসাদ করিল ॥ ৬৮

পাঠান্তর

২ (২য়) কহে [ক, খ, ঘ, চ, ছ. জ, ত, দ]; ৪ (৩য়)-রোগে-[ঠ, ঢ, থ], (৫ম) আকুল [ক, খ, গ, ঘ, চ]; ৫ (৩য়) নিস্তারিতে [ক]; ৭ (৫ম-৬ষ্ঠ) মহাক্রোধমনা [চ]; ৮ (৩য়) কিছু [ক]; ৯ (২য়) অপরাধী [খ], (৬ষ্ঠ) তারিমু (ক); ১০ (৩য়) পীড়ায় [ণ]; ১২ (৩য়) ঐছে [ক]; ১৫ (২য়) বুলি [গ, ঙ, ঝ], বোলি [ঞ]; ১৬ (৪র্থ) ভুঞ্জে [খ, ছ, ঞ, থ). (৬ষ্ঠ) রহে [ঠ, ঢ, দ]; ১৮ (৩য়) ফিরি [ক, জ]; ১৯ (৩য়) পাষণ্ডী [ঘ]; ২১ (২য়) আছে [চ, ট, ড, দ, ধ]; ২৩ (২য়) তোমার [ক, ঘ, ট, ড, দ, ধ]; ২৫ (২য়) সে গোপাল [ছ]; ২৮ (১ম) দ্বারী [ক, খ, ঘ, চ, ত], (২য়) কবাট [ণ, ন]; ৩১ (১ম) সাঁপ দিব [ঘ], (৫ম) মহাদুঃখ [ঝ, ঞ]; ৩২ (৪র্থ) পাষণ্ডী [ছ, ঝ]; ৩৩ (৪র্থ) নাশ [ঠ, ঢ]; ৩৪ (৫ম) বাড়িল [ঘ, ঙ, চ, ঝ]; ৩৫ (২য়) শাপবাণী [খ, চ, ছ, জ], (৫ম) শ্রদ্ধা করি [গ]; ৩৬ (৫ম) উদ্ধারি [গ]; ৩৭ (৩য়)-প্রসাদ [চ, ট]; ৪০ (৫ম) মহাদুঃখী [ক]; ৪১ (১ম) ভক্তি [গ], ৩য়) জ্ঞানকর্ম [ঞ], জ্ঞানমাত্র [ছ]; ৪২ (৫ম) অবজ্ঞান [ক, গ, চ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, থ, দ, ধ]।

মুরারিগুপ্ত-মুখে শুনি রামগুণ-গ্রাম।
ললাটে লিখিল তার 'রামদাস' নাম ॥ ৬৯
শ্রীধরের লৌহপাত্রে কৈল জলপান।
সমস্ত ভক্তেরে দিল ইষ্টবরদান ॥ ৭০
৫ হরিদাস ঠাকুরেরে করিল প্রসাদ।
আচার্য্য-স্থানে মাতার খণ্ডাইল অপরাধ ॥ ৭১
ভক্তগণে প্রভু নাম-মহিমা কহিল।
শুনি এক পঢ়ুয়া তাহা 'অর্থবাদ' কৈল ॥ ৭২
নামে স্তুতিবাদ শুনি প্রভুর হৈল দুঃখ।
১০ সভে নিষেধিল—ইহার না দেখিহ মুখ ॥ ৭৩
সগণে সচেলে যাঞা কৈল গঙ্গাস্নান।
ভক্তির মহিমা তাঁহা করিল ব্যাখ্যান ॥ ৭৪
জ্ঞান, কর্ম, যোগ, ধর্মে নহে কৃষ্ণ-বশ।
কৃষ্ণবশ-হেতু এক প্রেমভক্তিরস ॥ ৭৫

১৫ তথাহি (ভা ১১।১৪।২০)—

ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম উদ্ধব।
ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জিতা ॥ ৭৬

মুরারিকে কহে—তুমি কৃষ্ণ বশ কৈলা।
শুনিয়া মুরারি শ্লোক পঢ়িতে লাগিলা ॥ ৭৭

২০ তথাহি তত্রৈব (১০।৮১।১৬)—

ক্বাহং দরিদ্রঃ পাপীয়ান্ ক্ব কৃষ্ণঃ শ্রীনিকেতনঃ।
ব্রহ্মবন্ধুরিতি স্মাহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ ॥ ৭৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ জ্ঞানযোগকর্মাদীনাং মধ্যে ভক্তিরেব মাং বশীকরোতীত্যাহ একাদশে ভগবান্ স্বয়মেব—ন সাধয়তীতি। যোগঃ যমনিয়মাসন-প্রাণায়াম-প্রত্যাহার-ধারণাধ্যান-সমাধিরূপাষ্টাঙ্গ-যোগঃ। অত্র ধারণাধ্যানয়োর্ভেদমাহ। আশ্রয়বিশেষে সামান্যতঃ চিত্তস্য বশীকরণং ধারণা, অবয়ব বিভাবনয়া ধ্যেয়মাত্র-স্ফূর্ত্যা তদ্বাহ্যং ন কিঞ্চিদপি জানাতি। এবংভূতো যোগো মাং ন সাধয়তি ন বশীকরোতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকোঽপি তথা ন, ধর্মং পুণ্যকর্মাদি, স্বাধ্যায়ো বেদাধ্যয়নম্, তপঃ তপশ্চরণং, ত্যাগো দানম্, সখা হে উদ্ধব, আশ্চর্যং শৃণু, মমোর্জিতা প্রগল্‌ভাভক্তিঃ যথা মাং বশীকরোতি তথা এতে ন কুর্বন্তীত্যর্থঃ ॥ ৭৬ ॥

ভগবতো ভক্তবশ্যত্বং শ্রীদশমে (১০।৮১।১৬) সুদামাহ—ক্বাহমিতি। দরিদ্রঃ পাপীয়ান্—অহং ক্ব; এতেন স্বস্য তুচ্ছত্বং ধ্বনিতম্। শ্রিয়ো লক্ষ্ম্যাঃ নিকেতনং পরিচর্য্যাস্থানং এবংভূতঃ কৃষ্ণঃ ক্ব, অত্যন্তাসম্ভাবনায়াং ক্ব দ্বয়ম্। অহং ব্রহ্মবন্ধুঃ ব্রাহ্মণাধম ইতি। এবংভূতোঽহং বাহুভ্যাং পরিরম্ভিতঃ আলিঙ্গিতঃ কৃষ্ণেনেতি শেষঃ ॥ ৭৮ ॥

বঙ্গানুবাদ

৭৬। হে উদ্ধব! আমার উর্জিতা ভক্তি অর্থাৎ প্রেমভক্তি আমাকে যেমন বশীভূত করে, অষ্টাঙ্গ যোগ, আত্মানাত্ম-বিবেক; গার্হস্থ্য ধর্ম, ব্রহ্মচর্য, বানপ্রস্থধর্ম এবং সন্ন্যাস—ইহারা আমাকে তাদৃশ বশীভূত করিতে সমর্থ হয় না।

৭৮। হীন জীব তাহাতে আবার দরিদ্র ও ভাগ্যহীন আমিই বা কোথায়, আর সেই শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্ শ্রীনিকেতনই বা কোথায়! কিছুতেই তাঁহাতে ও আমাতে তুলনা হইতে পারে না। আহা! আমি ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ করিয়াছি বলিয়া বাহুদ্বয় প্রসারণ করতঃ তিনি আমাকে দৃঢ়তর আলিঙ্গন করিলেন।

পাঠান্তর

১ (৩য়) নাম-[খ, গ], রামনাম [ঘ]; ৪ (৪র্থ) প্রেমভক্তি দান [ঘ], অভীষ্ট বরদান [ঙ]; ৯ (২য়) কুস্তুতি [ক], অর্থবাদ [ছ]; ১০ (১ম) সবারে [ঝ, ড, ধ]; ১১ (১ম-২য়) সত্বরে সগণে [ক]; ১৩ (৬ষ্ঠ) ভক্তিবশ [গ]; ১৪ (৩য়) নামপ্রেমরস (খ, ঘ, ঙ, চ, ছ, জ, ত], জ্ঞানপ্রেমরস [ক]; ১৮ (৩য়) প্রভু [ট, ড, ধ]; ১৯ (৩য়) তবে [গ, ঙ, ঝ, ঞ, ট], (৪র্থ) কহিতে [গ, ঙ, ঝ, ঞ, ট, ড, থ, ধ]; ২১ (৬ষ্ঠ) শ্রীনিকেতনঃ ॥ ইতি ॥ [চ, ছ, জ, ঝ, ঞ]।

একদিন প্রভু সব ভক্তগণ লৈয়া।
সংকীর্তন করি বৈসে শ্রমযুক্ত হৈয়া ॥ ৭৯
এক আম্রবীজ প্রভু অঙ্গনে রোপিল।
তৎক্ষণে জন্মিল বৃক্ষ বাড়িতে লাগিল ॥ ৮০
৫ দেখিতে দেখিতে বৃক্ষ হইল ফলিত।
পাকিল অনেক ফল, সভেই বিস্মিত ॥ ৮১
শত-দুই ফল প্রভু শীঘ্র পাড়াইল।
প্রক্ষালন করি কৃষ্ণে ভোগ লাগাইল ॥ ৮২
রক্ত-পীতবর্ণ,—নাহি অষ্ট্যংশ-বক্কল।
১০ এক জনের উদর পূরে খাইলে এক ফল ॥ ৮৩
দেখিয়া সন্তুষ্ট হৈল শচীর নন্দন।
সভাকে খাওয়াইল আগে করিয়া ভক্ষণ ॥ ৮৪
অষ্ট্যংশ-বক্কল নাহি, অমৃত রসময়।
একফল খাইলে রসে উদর পূরয় ॥ ৮৫
১৫ এই মত প্রতিদিন ফলে, বারমাস।
বৈষ্ণবে খায়েন ফল—প্রভুর উল্লাস ॥ ৮৬
এই সব লীলা করে শচীর নন্দন।
অন্য লোক নাহি জানে—বিনা ভক্তগণ ॥ ৮৭
এইমত বারমাস কীর্তন-অবসানে।
২০ আম্র-মহোৎসব প্রভু করে দিনে দিনে ॥ ৮৮

কীর্তন করিতে প্রভু আইল মেঘগণ।
আপন ইচ্ছায় কৈল মেঘনিবারণ ॥ ৮৯
একদিন প্রভু শ্রীবাসেরে আজ্ঞা দিল।
বৃহৎসহস্রনাম পঢ়—শুনিতে মন হৈল ॥ ৯০
২৫ পঢ়িতে আইল স্তবে নৃসিংহের নাম।
শুনিঞা আবিষ্ট হৈল প্রভু গৌরধাম ॥ ৯১
নৃসিংহ-আবেশে প্রভু হাতে গদা লৈয়া।
পাষণ্ডী মারিতে যায় নগরে ধাইয়া ॥ ৯২
নৃসিংহ-আবেশ দেখি মহাতেজোময়।
৩০ পথ ছাড়ি ভাগে লোক পাঞা বড় ভয় ॥ ৯৩
লোকভয় দেখি প্রভুর বাহ্য হইল।
শ্রীবাসের গৃহে যাঞা গদা ফেলাইল ॥ ৯৪
শ্রীবাসেরে কহে প্রভু করিয়া বিষাদ।
লোক ভয় পাইল, মোর হৈল অপরাধ ॥ ৯৫
৩৫ শ্রীবাস বোলেন,—যে তোমার নাম লয়।
তার কোটি অপরাধ, সব ক্ষয় হয় ॥ ৯৬
অপরাধ নাহি, কৈলে লোকের নিস্তার।
যে তোমা দেখিল, তার ছুটিল সংসার ॥ ৯৭
এতবলি শ্রীনিবাস করিল সেবন।
৪০ তুষ্ট হঞা প্রভু আইলা আপন ভবন ॥ ৯৮

পাঠান্তর

১ (১ম) অস্যার্থঃ ॥ একদিন [ঘ]; ২ (১ম) কীর্তন [গ]; ৩ (২য়) আম্রফলবীজ [ঙ]; ৪ (১ম) তখনি [ক, খ, চ, ত, দ], তখনে [ঘ, জ], (২য়) জন্মিয়া [ক, ঘ, ছ, ড, থ, দ, ধ]; ৫ (৪র্থ) লাগিল [ঝ, ট, ড, ধ]; ৬ (২য়) সকল [ছ]; ৭ (৫ম) পাড়া হ'লে [ত]; ৯ (৩য়) অষ্ঠি যে বক্কল [চ]; ১০ (৩য়) পেট [ট, ড, থ, দ, ধ]; ১১ (২য়) সন্তোষ [ঞ]; ১২ (২য়) প্রসাদ দিলা [চ]; ১৩ (১ম) অষ্টি আস বাকল [ঙ], (১ম-৩য়) আশ মুচহীনামৃত রসময় [চ]; ১৪ (২য়-৩য়) রস-পানে [চ]; ১৬ (২য়) খাওয়াইতে [ঘ]; ১৮ (১ম ৬ষ্ঠ) বহির্লোক নাহি জানে, জানে ভক্তগণ [খ, ঘ, ছ, জ, ত]; ১৯ (২য়) প্রতিদিনে [গ], (৩য়] প্রতিদিনে দিনে [ক, খ, ঘ, চ, ছ, জ, ত]; ২০ (৪র্থ-৫ম) কীর্তন অবসানে [ক, খ, ঘ, চ, ছ, জ, ত]; ২২ (২য়) ইৎসায়ে (জ); ২৩ (২য়) মহাপ্রভু [গ], (৩য়) শ্রীনিবাসে [খ, ঘ, ঞ]; ২৪ (৪র্থ) ইচ্ছা [খ, ঘ, চ, ছ, ত, দ]; ২৫ (৩য়) মনে [খ, চ]; ২৬ (৪র্থ, ৫ম) গৌরগুণধাম [ক, ছ], (৫ম) গুণধাম [ক, গ, চ, ছ, ট, ড, ধ]; ২৭ (৩য়) হাথে [ক, খ, গ]; ২৮ (৫ম) গদা প্রসারিয়া [ক]; ২৯ (১ম) -আকার [খ, চ, ছ, জ, ত], (৩য়) তাহা [চ]; ৩০ (৩য়) ভাজে [ঙ, ছ, ঝ, ঞ, ঠ], (৬ষ্ঠ) মহা [ছ, ঠ, ঢ]; ৩১ (৪র্থ) মন [ঘ], জ্ঞান [জ]; ৩৫ (৫ম) মনে [ক]; ৩৬ (৪র্থ-৬ষ্ঠ) হয়েত সংক্ষয় [খ, ঝ, ত]; ৩৭ (৪র্থ) জীবের [ঙ, ঠ, ঢ]; ৩৮ (৫ম) খণ্ডিল [ক, ঙ]; ৩৯ (২য়) শ্রীবাস প্রভুর [ছ]; ৪০ (৬ষ্ঠ) ভুবন [ঘ, ঙ]।

আর দিন শিবভক্ত শিবগুণ গায়।
প্রভুর অঙ্গনে নাচে—ডমরু বাজায় ॥ ৯৯
মহেশ-আবেশ হৈলা শচীর নন্দন।
তার কান্ধে চড়ি নৃত্য কৈল বহুক্ষণ ॥ ১০০
৫ আরদিন এক ভিক্ষুক আইলা মাগিতে।
প্রভুর নৃত্য দেখি নৃত্য লাগিল করিতে ॥ ১০১
প্রভুসঙ্গে নৃত্য করে পরম উল্লাসে।
প্রভু তারে প্রেম দিল প্রেমরসে ভাসে ॥ ১০২
আর দিনে জ্যোতিষ-সর্বজ্ঞ এক আইল।
১০ তাহার সন্মান করি প্রভু প্রশ্ন কৈল ॥ ১০৩
কে আছিলাঙ্ আমি পূর্বজন্মে কহ গণি।
গণিতে লাগিলা সর্বজ্ঞ প্রভুবাক্য শুনি ॥ ১০৪
গণি ধ্যানে দেখে সর্বজ্ঞ—মহাজ্যোতির্ময়।
অনন্ত বৈকুণ্ঠ ব্রহ্মাণ্ড সভার আশ্রয় ॥ ১০৫
১৫ পরতত্ত্ব, পরব্রহ্ম, পরম ঈশ্বর।
দেখি প্রভুর মূর্তি সর্বজ্ঞ হইল ফাঁফর ॥ ১০৬
বলিতে না পারে কিছু, মৌন ধরিল।
প্রভু পুন প্রশ্ন কৈল, কহিতে লাগিল ॥ ১০৭
২০ পূর্বজন্মে ছিলা তুমি, জগত-আশ্রয়।
পরিপূর্ণ ভগবান সর্বৈশ্বর্যময় ॥ ১০৮
পূর্বে যৈছে ছিলা, তুমি, এবে সেইরূপ।
দুর্বিজ্ঞেয় নিত্যানন্দ তোমার স্বরূপ ॥ ১০৯
প্রভু হাসি বোলে—তুমি কিছু না জানিলা।
পূর্বে আমি আছিলাঙ্ জাতিয়ে গোয়ালা ॥ ১১০
২৫ গোপগৃহে জন্ম ছিল, গাভীর রাখাল।
সেই পুণ্যে এবে হৈলাঙ্ ব্রাহ্মণ-ছাওয়াল ॥ ১১১
সর্বজ্ঞ কহে—তাহা আমি ধ্যানে দেখিলাঙ্।
তাহাতেও ঐশ্বর্য দেখি ফাঁফর হৈলাঙ্ ॥ ১১২
সেইরূপে এইরূপে দেখি একাকার।
৩০ কভু ভেদ দেখি, এই মায়ায়ে তোমার ॥ ১১৩
যে হও সে হও তুমি, তোমাকে নমস্কার।
প্রভু তারে প্রেম দিয়া কৈল পুরস্কার ॥ ১১৪
একদিন প্রভু বিষ্ণুমণ্ডপে বসিয়া।
'মধু আন মধু আন' বোলেন ডাকিয়া ॥ ১১৫
৩৫ নিত্যানন্দ গোসাঞির আবেশ জানিল।
গঙ্গাজলপাত্র আনি সম্মুখে ধরিল ॥ ১১৬
জলপান করি নাচে হইয়া বিহ্বল।
যমুনাকর্ষণলীলা দেখয়ে সকল ॥ ১১৭
মদমত্তগতি, বলদেব-অনুকার।
৪০ আচার্যশেখর তাঁরে দেখে রামাকার ॥ ১১৮
বনমালী আচার্য দেখে সোণার লাঙ্গল।
সভে মিলি নৃত্য করে—আবেশে বিহ্বল ॥ ১১৯
এইমত নৃত্য হইল চারি প্রহর।
সন্ধ্যায় গঙ্গাস্নান করি সভে গেলা ঘর ॥ ১২০

পাঠান্তর

১ (৪র্থ) শিবগীত [খ, ঘ, চ, ত]; ২ ডুম্বুরু [গ, ঝ, ড]; ৪ (৬ষ্ঠ) অনুক্ষণ [ক]; ৫ (৫ম) মাঙ্গিতে [গ, ঝ]; ৭ (৫ম) আবেশে [দ], হরিষে [ছ]; ৯ (৩য়-৪র্থ) এক জ্যোতির্বিদ সে [চ]; ১০ (৫ম-৬ষ্ঠ) যে পুছিল [খ, ঘ, চ, জ]; ১২ (৩য়) তিহোঁ [ছ, ত], (৪র্থ-৫ম)-আজ্ঞা মানি [ক]; ১৯ (৪র্থ) পরম-আশ্রয় [গ, ট, ড, ধ]; ২০ (৩য়) ষড়ৈশ্বর্যময় [ঙ, ছ, ত]; ২২ (১ম) তৎ-বিজ্ঞ [ক], পূর্বে জ্ঞেয় [খ]; ২৫ [৪র্থ) গোধন [গ]; ২৬ (৫ম) ব্রাহ্মণ-কুমার [ক, খ]; ২৮ (২য়) আশ্চর্য [চ]; ২৯ (৪র্থ) অপার [ক], একবার [খ, ছ]; ৩২ (১ম-৬ষ্ঠ) পতিত তারিতে প্রভু তোমার প্রচার [চ]; ৩৩ (৪র্থ) আসিয়া [ছ]; ৩৭ (৫ম) বিভোল [ছ]; ৪০ (৪র্থ) ব্যোমাকার [খ]; ৪২ (৫ম) আনন্দে [ছ, ট, ড, খ, দ. ধ]; ৪৩ (৪র্থ) চতুর্থ [চ, ত]।

নগরিয়া লোকে প্রভু যবে আজ্ঞা দিল।
ঘরে ঘরে সংকীর্তন করিতে লাগিল ॥ ১২১
হরয়ে নমঃ কৃষ্ণ, যাদবায় নমঃ।
গোপাল, গোবিন্দ, রাম, শ্রীমধুসূদন ॥ ১২২
৫ মৃদঙ্গ, করতাল, সংকীর্তন উচ্চধ্বনি।
হরি হরি-ধ্বনি বিনে আন নাহি শুনি ॥ ১২৩
শুনিয়া যে ক্রুদ্ধ হইল সকল যবন।
কাজী-পাশে আসি সভে কৈল নিবেদন ॥ ১২৪
ক্রোধে সন্ধ্যাকালে কাজী এক ঘরে আইল।
১০ মৃদঙ্গ ভাঙ্গিয়া লোকে কহিতে লাগিল ॥ ১২৫
এতকাল কেহো নাহি কৈল হিন্দুয়ানী।
এবে যে উদ্যম চালাও, কোন্ বল জানি ॥ ১২৬
কেহো কীর্তন না করিহ সকল নগরে।
আজি আমি ক্ষমা করি যাইতেছি ঘরে ॥ ১২৭
১৫ আর যদি কীর্তন করিতে লাগ পাইমু।
সর্বস্ব দণ্ডিয়া তার-জাতি যে লইমু ॥ ১২৮
এত বলি কাজী গেল, নগরিয়া লোক।
প্রভুস্থানে নিবেদিল পাঞা বড় শোক ॥ ১২৯
প্রভু আজ্ঞা দিল—যাহ, করহ কীর্তন।
২০ আমি সংহারিব আজি সকল যবন ॥ ১৩০
ঘরে গিয়া সবলোক করে সংকীর্তন।
কাজীর ভয়ে স্বচ্ছন্দ নহে—চমকিত মন ॥ ১৩১
তা-সভার অন্তরে ভয় প্রভু মনে জানি।
কহিতে লাগিলা লোকে শীঘ্র ডাকি আনি ॥ ১৩২
২৫ নগরে নগরে আজি করিব কীর্তন।
সন্ধ্যাকালে কর সভে নগরমণ্ডন ॥ ১৩৩
সন্ধ্যাতে দেউটী সব জ্বাল ঘরে ঘরে।
দেখোঁ কোন্ কাজী আসি মোরে মানা করে ॥ ১৩৪
এত কহি সন্ধ্যাকালে চলে গৌররায়।
৩০ কীর্তনের কৈল প্রভু তিন সম্প্রদায় ॥ ১৩৫
আগে সম্প্রদায়ে নৃত্য করে হরিদাস।
মধ্যে নাচে আচার্যগোসাঞি পরম উল্লাস ॥ ১৩৬
পাছে সম্প্রদায়ে নৃত্য করে গৌরচন্দ্র।
তাঁর সঙ্গে নাচি বুলে প্রভু নিত্যানন্দ ॥ ১৩৭
৩৫ বৃন্দাবনদাস ইহা চৈতন্যমঙ্গলে।
বিস্তারি বর্ণিয়াছেন প্রভু-কৃপাবলে ॥ ১৩৮
এইমত কীর্তন করি নগরে ভ্রমিলা।
ভ্রমিতে ভ্রমিতে সভে কাজী-দ্বারে গেলা ॥ ১৩৯
তর্জ গর্জ করে লোক, করে কোলাহল।
৪০ গৌরচন্দ্র-বলে—লোক প্রশ্রয়-পাগল ॥ ১৪০
কীর্তনের ধ্বনিতে কাজী লুকাইল ঘরে।
তর্জন গর্জন শুনি না হয় বাহিরে ॥ ১৪১
উদ্ধতলোক ভাঙ্গে কাজীর ঘর, পুষ্পবন।
বিস্তারি বর্ণিলা ইহা দাস বৃন্দাবন ॥ ১৪২

পাঠান্তর

২ (৩য়) মহাকীর্তন [ক, খ, ঙ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ]; ৩ (১ম) হরি হরয়ে [ট, ড, থ, দ, ধ]; ৫ (৪র্থ) মহাধ্বনি [গ, ঙ, ঞ, ট, ড, থ, দ, ধ]; ৬ (৪র্থ-৫ম) অন্য নগরে না [চ]; ৭ (৫ম-৬ষ্ঠ) পাষণ্ডীর গণ [ত]; ৯ (৪র্থ-৫ম) নগরে [চ]; ১০ (৩য়) ক্রোধে [ক]; ১১ (৫ম) হিন্দু আনি [ক, খ, ঙ, ছ, জ, ত]; ১২ (১ম-২য়) অব এহো [খ], অতএব [ঘ], (৩য়) হুকুম [গ], উদ্ধত [ঞ], ধর্ম [খ]; ১৩ (৫ম) নদীয়া [ক], এ [চ]; ১৫ (১ম) আগে [ক, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ত]; ১৬ (৪র্থ) জাতি ধন [ঞ]; ১৭ (৩য়) কাদি [ঙ]; ১৮ [৫ম) দুঃখে [ক]; ১৯ (৩য়-৪র্থ) দিল গাহ [ঞ]; ২১ (৪র্থ-৫ম) শঙ্ক লিল [খ]; ২২ (৫ম) সঙ্কোচিত [ক]; ২৩ (৫ম) অপমান [ক]; ২৪ (৩য়) প্রভু [ছ]; ২৫ (৫ম) সংকীর্তন) [ঘ, চ]; ২৬ (৪র্থ) নগরভ্রমণ [ঘ, ঝ]; ২৭ (২য়) দিউটি [ক, গ, চ, ছ, জ, ঝ, ট, ড, ত, থ, ধ]; ৩২ (১ম) মাঝে [চ, ছ, ত]; ৩৩ (৩য়-৪র্থ) নাচে প্রভু [খ]; ৩৬ (৩য়) চৈতন্য- [গ, ঙ, ঝ, ঞ, ট, ড, থ, ধ]; ৩৯ (৪র্থ) নগরিয়া [ক, খ, ঘ, চ, ছ, জ, ঠ, ঢ, ত]; ৪৪ (২য়) বর্ণিয়াছেন [ক, খ, ঘ, ঙ, চ, জ, ত]।

তবে মহাপ্রভু তার দ্বারেতে বসিলা।
ভব্য-লোক পাঠাইয়া কাজীরে বোলাইলা॥ ১৪৩

দূর হইতে আইলা কাজী মাথা নোঙাইয়া।
কাজীরে বসাইলা প্রভু সন্মান করাইয়া॥ ১৪৪

৫ প্রভু বোলে, আমি তোমার আইলাম অভ্যাগত।
আমা দেখি লুকাইলা, এ ধর্ম কেমত॥ ১৪৫

কাজী কহে, তুমি আইস ক্রুদ্ধ হইয়া।
তোমা শান্ত করাইতে রহিনু লুকাইয়া॥ ১৪৬

এবে তুমি শান্ত হৈলে, আসি মিলিলাম।
১০ ভাগ্য মোর, তোমা হেন অতিথি পাইলাম॥১৪৭

গ্রামসম্বন্ধে চক্রবর্তী হয় মোর চাচা।
দেহসম্বন্ধ হৈতে হয় গ্রামসম্বন্ধ সাঁচা॥ ১৪৮

নীলাম্বরচক্রবর্তী হয় তোমার নানা।
সে-সম্বন্ধে হও তুমি আমার ভাগিনা॥ ১৪৯

১৫ ভাগিনার ক্রোধ মামা অবশ্য সহয়।
মাতুলের অপরাধ ভাগিনা না লয়॥ ১৫০

এইমতে দোঁহার কথা হয় ঠারে ঠোরে।
ভিতরের অর্থ কেহো বুঝিতে না পারে॥ ১৫১

প্রভু কহে—প্রশ্ন লাগি আইলাম তোমার স্থানে।
২০ কাজী কহে—আজ্ঞা কর যে তোমার মনে॥১৫২

প্রভু কহে— গোদুগ্ধ খাও, গাভী তোমার মাতা।
বৃষ অন্ন উপজায়, তাতে তেঁহো পিতা॥ ১৫৩

পিতা-মাতা মারি খাও—এবা কোন্ ধর্ম।
কোন্ বলে কর তুমি এমত বিকর্ম॥ ১৫৪

২৫ কাজী কহে তোমার যৈছে বেদ-পুরাণ।
তৈছে আমার শাস্ত্র—কেতাব-কোরাণ॥ ১৫৫

সেই শাস্ত্রে কহে—প্রবৃত্তি-নিবৃত্তি-মার্গভেদ।
নিবৃত্তিমার্গে জীবমাত্র-বধের নিষেধ॥ ১৫৬

প্রবৃত্তিমার্গে গোবধ করিতে বিধি হয়।
৩০ শাস্ত্র-আজ্ঞায় বধ কৈলে নাহি পাপভয়॥ ১৫৭

তোমার বেদেতে আছে গোবধের বাণী।
অতএব গোবধ করে বড় বড় মুনি॥ ১৫৮

প্রভু কহে—বেদে কহে গোবধ নিষেধে।
অতএব হিন্দুমাত্র না করে গোবধে॥ ১৫৯

৩৫ জীয়াইতে পারে যদি, তবে মারে প্রাণী।
বেদ, পুরাণে ঐছে আছে আজ্ঞাবাণী॥ ১৬০

অতএব জরদ্গব মারে মুনিগণ।
বেদমন্ত্রে শীঘ্র করে তাহার জীবন॥ ১৬১

জরদ্গব হঞা যুবা হয় আরবার।
৪০ তাতে তার বধ নহে, হয় উপকার॥ ১৬২

কলিকালে তৈছে শক্তি নাহিক ব্রাহ্মণে।
অতএব গোবধ কেহো না করে এখনে॥ ১৬৩

পাঠান্তর

১ (৪র্থ) দুয়ারে [ক, ছ, ঞ]; ২ (৪র্থ) আনাইলা [ক, খ, ঘ]; ৫ (৫ম) হৈলাম [গ, ছ]; ৮ (৪র্থ) রহিলাঙ্ [খ, ঘ, ঙ, ঝ, ঞ, ঠ, ঢ]; ৯ (৫ম) আমি [ঘ, ছ, ঝ, ঠ, ঢ]; ১৮ (২য়) তত্ত্ব [দ], কথা [ক]; ২১ (৫ম) গাবি [খ, গ, ঙ; ছ, জ, ট]; ২৩ (১ম) মাতাপিতা [খ]; ২৪ (৬ষ্ঠ) কুকর্ম [জ], অধর্ম [ঝ]; ২৬ (৪র্থ) কিতাব-কুরাণ [ক]; ২৯ (৪র্থ) আজ্ঞা [ক, খ, ঘ, চ, ছ, জ, ত]; ৩৩ (৬ষ্ঠ) নিরোধে [ঘ, ত]; ৩৫ (৩য়) যবে [খ, ঘ, চ, ছ, জ]; ৩৬ (৩য়) এই [ক, খ, গ, ঘ, ঙ, চ, জ, ঞ, ঠ, ঢ]; ৩৭ (২য়) জরাতুর [খ], জরাগরু [ঘ]; ৩৮ (২য়) সিদ্ধ [চ, ঝ, ট, ড, ঢ; দ, ধ]; ৩৯ (৩য়) তরুণ [খ, ঘ, চ, ছ, জ, ত], (৫ম) পুনর্বার [গ]; ৪১ (২য়) তেমত [ক, গ]; ৪২ (২য়) বধকর্ম [চ]।

তথাহি ব্রহ্মবৈবর্তে কৃষ্ণজন্মখণ্ডে (১৮৫।১৮০)—

অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলপৈতৃকম্।
দেবরেণ সুতোৎপত্তিং কলৌ পঞ্চ বিবর্জয়েৎ ।১৬৪

তোমরা জীয়াইতে নার বধমাত্র সার।
৫ নরক হইতে তোমার নাহিক নিস্তার ॥ ১৬৫
গো-অঙ্গে যতেক রোম, তত সহস্র বৎসর।
গোবধী রৌরবমধ্যে পচে নিরন্তর ॥ ১৬৬
তোমা-সভার শাস্ত্রকর্তা—সেহো ভ্রান্ত হৈল।
না জানি শাস্ত্রের মর্ম—ঐছে আজ্ঞা দিল ॥ ১৬৭
১০ শুনি স্তব্ধ হৈলা কাজী, নাহি স্ফুরে বাণী।
বিচারিয়া কহে কাজী পরাভব মানি ॥ ১৬৮
তুমি যে কহিলে পণ্ডিত ! সেই সত্য হয়।
আধুনিক আমার শাস্ত্র, --বিচারসহ নয় ॥ ১৬৯
কল্পিত আমার শাস্ত্র, আমি সব জানি।
১৫ জাতি-অনুরোধে তবু সেই শাস্ত্র মানি ॥ ১৭০
সহজে যবন-শাস্ত্র অদৃঢ়বিচার।
হাসি তারে মহাপ্রভু পুছেন আরবার ॥ ১৭১
আর এক প্রশ্ন করি, শুন তুমি মামা !।
যথার্থ কহিবে, ছলে না বঞ্চিবে আমা ॥ ১৭২
২০ তোমার নগরে হয় সদা সংকীর্তন।
বাদ্যগীত-কোলাহল, সঙ্গীত-নর্তন ॥ ১৭৩
তুমি কাজী - হিন্দুধর্ম-বিরোধে অধিকারী।
এবে যে না কর মানা, বুঝিতে না পারি ॥ ১৭৪
কাজী বোলে—সভে তোমা বোলে গৌরহরি।
২৫ সেই নামে আমি তোমায় সম্বোধন করি ॥ ১৭৫
শুন গৌরহরি ! এই প্রশ্নের কারণ।
নিভৃত হও যদি, তবে করি নিবেদন ॥ ১৭৬
প্রভু বোলে—এ লোক আমার অন্তরঙ্গ হয়।
স্ফুট করি কহ তুমি, নাহি কিছু ভয় ॥ ১৭৭
৩০ কাজী কহে--যবে আমি হিন্দুর ঘর গিয়া।
কীর্তন করিলুঁ মানা মৃদঙ্গ ভাঙ্গিয়া ॥ ১৭৮
সেই রাত্রে এক সিংহ মহাভয়ঙ্কর।
নরদেহ, সিংহমুখ গর্জয়ে বিস্তর ॥ ১৭৯
শয়নে আমার উপর লাফ দিয়া চড়ি।
৩৫ অট্ট অট্ট হাসে, করে দন্ত কড়মড়ি ॥ ১৮০

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ যবনং প্রতি কলিযুগে কর্তব্যাকর্তব্যং স্বয়মেবাহ শাস্ত্রোক্তেন—অশ্বমেধমিতি। অশ্বমেধং গবালম্ভং গোমেধং সন্ন্যাসং সর্বত্যাগপূর্বকদণ্ডধারণং, পলপৈতৃকং মাংসশ্রাদ্ধং, দেবরেণ সুতোৎপত্তিং এতানি পঞ্চ কলৌ বিবর্জয়েৎ ॥ ১৬৪ ॥

বঙ্গানুবাদ

১৬৪। অশ্বমেধ যজ্ঞ, গোমেধ যজ্ঞ, সন্ন্যাস, মাংসের দ্বারা পিতৃশ্রাদ্ধ এবং নিয়োগবিধিহেতু দেবর দ্বারা পুত্রোৎপাদন—এই পাঁচটি কলিযুগে বর্জন করিবে।

পাঠান্তর

৪ (২য়) জীব দিতে [চ]; ৫ (১ম) নরক-ভোগ [চ]; ৬ (১ম) গরুর [গ, ঞ, ঠ, ঢ, ণ, ন]; ৭ (১ম) গো-বধি [ক, খ, গ, ঘ, ঙ, ছ, ঞ, ঠ]; ৯ (৬ষ্ঠ-৭ম) বাথানিল [ঞ]; ১০ (৬ষ্ঠ) স্বরে [খ]; ১১ (৪র্থ) অনুভব [ত]; ১৩ (২য়) যবন [ত]; ১৪ (৫ম) ইহা [ঞ]; ১৫ (৪র্থ) মত [ঠ, ঢ]; ১৮ (৪র্থ) কহি [ক], মোর [ঙ,]; ২০ (৪র্থ-৫ম) সতত কীর্তন [ক, খ, ঘ, চ, জ, ত]; ২১ (১ম-২য়) মানা নাহি কর তুমি কিসের কারণ [ক], (২য়) উন্মত্ত-[গ]; ২৩ (১ম) তবে [গ, ঝ, ট, ড, ধ]; ২৯ (৭ম) সংশয় [গ]; ৩০ (৩য়) যেদিন [ক, খ, ছ, জ, ত]; ৩৪ (১ম) সপনে [ক, চ]।

মোর বুকে নখ দিয়া ঘোরস্বরে বোলে।
ফাড়িমু তোমার বুক মৃদঙ্গ-বদলে ॥ ১৮১
মোর কীর্তন মানা করিস, করিমু তোর ক্ষয়।
আঁখি মুদি কাঁপি আমি, পাঞা বড় ভয় ॥ ১৮২
৫ ভীত দেখি সিংহ বোলে হইয়া সদয়।
তোরে শিক্ষা দিতে কৈল তোর পরাজয় ॥ ১৮৩
সেদিন বহুত নাহি কৈলে উৎপাত।
তেঞি ক্ষমা করিয়া না কৈলুঁ প্রাণঘাত ॥ ১৮৪
ঐছে যদি পুন কর, তবে না সহিমু।
১০ সবংশে তোমারে মারি যবন নাশিমু ॥ ১৮৫
এত কহি সিংহ গেল, মোর হৈল ভয়।
এই দেখ নখচিহ্ন আমার হৃদয় ॥ ১৮৬
এত বলি কাজী নিজ বুক দেখাইল।
শুনি দেখি সর্বলোক আশ্চর্য মানিল ॥ ১৮৭
১৫ কাজী কহে—ইহা আমি কারে না কহিল।
সেইদিন আমার এক পেয়াদা আইল ॥ ১৮৮
আসি কহে—গেলুঁ মুঞি কীর্তন নিষেধিতে।
অগ্নিউল্কা মোর মুখে লাগে আচম্বিতে ॥ ১৮৯
পুড়িলা সকল দাড়ি, মুখে হৈল ব্রণ।
২০ যেই পেয়াদা যায়, তার এই বিবরণ ॥ ১৯০
তাহা দেখি বলি আমি মহাভয় পাঞা।
কীর্তন না বর্জিহ, ঘরে রহত বসিয়া ॥ ১৯১
তবেত নগরে হয় স্বচ্ছন্দে কীর্তন।
শুনি সব ম্লেচ্ছ আসি কৈল নিবেদন ॥ ১৯২
২৫ নগরে হিন্দুর ধর্ম বাড়িল অপার।
হরি হরিধ্বনি বিনা নাহি শুনি আর ॥ ১৯৩
আর ম্লেচ্ছ কহে—হিন্দু 'কৃষ্ণকৃষ্ণ' বলি।
হাসে, কান্দে, নাচে, গায়, গড়ি যায় ধূলি ॥১৯৪
'হরি হরি' করি হিন্দু করে কোলাহল।
৩০ পাৎসা শুনিলে তোমায় করিবেক ফল ॥ ১৯৫
তবে সেই যবনেরে আমি ত পুছিল।
হিন্দু 'হরি' বোলে—তার স্বভাব জানিল ॥ ১৯৬
তুমি ত যবন হৈয়া কেনে অনুক্ষণ।
হিন্দুর দেবতার নাম লও কি কারণ । ১৯৭
৩৫ ম্লেচ্ছ কহে—হিন্দুরে আমি করি পরিহাস।
কেহো কেহো কৃষ্ণদাস, কেহো রামদাস ॥ ১৯৮
কেহো হরিদাস, সদা বোলে 'হরি হরি'।
জানি কার ঘরে ধন করিবেক চুরি ॥ ১৯৯
সেই হইতে জিহ্বা মোর বোলে 'হরি হরি'।
৪০ ইচ্ছা নাঞি, তবু বোলে কি উপায় করি ॥২০০
আর ম্লেচ্ছ কহে শুন—আমি এই মতে।
হিন্দুকে পরিহাস কৈল, সেইদিন হৈতে ॥ ২০১
জিহ্বা কৃষ্ণনাম করে, না মানে বর্জন।
না জানি কি মন্ত্রৌষধি করে হিন্দুগণ ॥ ২০২
৪৫ এত শুনি তা-সভারে ঘরে পাঠাইল।
হেনকালে পাষণ্ডি-হিন্দু পাঁচ-সাত আইল ॥২০৩
আসি কহে—হিন্দুর ধর্ম ভাঙ্গিল নিমাই।
যে কীর্তন প্রবর্তাইল, কভু শুনি নাই ॥ ২০৪

পাঠান্তর

২ (১ম) ফাড়িব [ক, খ, গ. ঘ, চ, জ, ঠ, ঢ]; ৪ (৩য়) কান্দি [ত] ; ৬ (২য়-৩য়) শিখাইতে [ক. খ, গ, ড, ত, দ]; ৮ (১ম) অতএব [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ত]. (৬ষ্ঠ) প্রাণাঘাত [খ, ড, ণ, ত, দ, ন]; ৯ (৭ম) রাখিমু [ত]; ১০ (৫ম) মারিমু [ক, খ, ঙ, ঞ, ঠ, ঢ, ত], সংহারিমু [ছ]; ১৪ (৪র্থ) বিস্ময় [থ], আনন্দ [গ]; ১৬ (৪র্থ) পিয়াদা [গ, ঝ, ঞ, ধ]; ১৭ (৬ষ্ঠ) বাধিতে [ক, খ, ঘ, চ, ছ, জ, ঝ, ঠ, ঢ, ত]; ১৮ (১ম) অগ্নি-শিখা [ক]; ২২ (১ম) হিন্দু [ঘ, চ]; ২৫ (৫ম) আপার [ক, খ, গ, ঙ, ছ, জ, ঞ, ন]; ৩০ (১ম) পাতসাহ [ঝ, ধ], (৪র্থ) দেখাইবে [ত]; ৩২ (২য়-৩য়) নাম লয় [খ, ঘ, চ, জ, ত]; ৩৪ (৪র্থ) কর [খ, ঙ, চ, জ]; ৪২ (২য়) মস্করি [গ, জ, ঞ, ঠ]; ৪৪ (১ম-৩য়) জানি কিছু [ঙ, চ, ত]; ৪৭ (৫ম) নাশিল [ছ, দ]।

মঙ্গলচণ্ডী, বিষহরি করি জাগরণ।
তাতে বাদ্য, নৃত্য, গীত—যোগ্য আচরণ ॥ ২০৫
পূর্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত।
গয়া হইতে আসিয়া চালায় বিপরীত ॥ ২০৬
৫ উচ্চ করি গায় গীত, দেয় করতালি।
মৃদঙ্গ করতাল-শব্দে কর্ণে লাগে তালি ॥ ২০৭
না জানি কি খাঞা মত্ত হৈয়া নাচে, গায়।
হাসে, কান্দে, পড়ে, উঠে, গড়াগড়ি যায় ॥ ২০৮
নগরিয়াকে পাগল কৈল সদা সংকীর্তন।
১০ রাত্রে নিদ্রা নাহি যাই—করি জাগরণ ॥ ২০৯
'নিমাই'-নাম ছাড়ি এবে বোলায় 'গৌরহরি'।
হিন্দুধর্ম নষ্ট কৈল কীর্তন সঞ্চারি ॥ ২১০
কৃষ্ণের কীর্তন করে নীচ বারবার।
এই পাপে নবদ্বীপ হইবে উজাড় ॥ ২১১
১৫ হিন্দু-শাস্ত্রে ঈশ্বর-নাম মহামন্ত্র জানি।
সর্বলোক শুনিলে মন্ত্রের বীর্য হয় হানি ॥ ২১২
গ্রামের ঠাকুর তুমি, সভে তোমার জন।
নিমাই বোলাইয়া তারে করহ বর্জন ॥ ২১৩
তবে আমি প্রীতিবাক্য কহিল সভারে।
২০ সভে ঘর যাহ, আমি নিষেধিব তারে ॥ ২১৪
হিন্দুর ঈশ্বর বড় যেই নারায়ণ।
সেই তুমি হও, হেন লয় মোর মন ॥ ২১৫
এত শুনি মহাপ্রভু হাসিয়া হাসিয়া।
কহিতে লাগিলা কিছু কাজীরে ছুঁইয়া ॥ ২১৬
২৫ তোমার মুখে কৃষ্ণনাম—এ বড় বিচিত্র।
পাপক্ষয় গেল, হৈলা পরম-পবিত্র ॥ ২১৭
'হরি কৃষ্ণ নারায়ণ' লৈলে তিন নাম।
বড় ভাগ্যবান্ তুমি, বড় পুণ্যবান্ ॥ ২১৮
এত শুনি কাজীর দুই চক্ষে পড়ে পানী।
৩০ প্রভুর চরণ ছুঁই কহে প্রিয়বাণী ॥ ২১৯
তোমার প্রসাদে মোর ঘুচিল কুমতি।
এই কৃপা কর যে—তোমাতে রহু ভক্তি ॥ ২২০
প্রভু কহে—এক দান মাগিহে তোমায়।
সংকীর্তনবাদ যৈছে না হয় নদীয়ায় ॥ ২২১
৩৫ কাজী কহে—মোর বংশে যত উপজিবে।
তাহাকে তালাক দিব, কীর্তন না বাধিবে ॥ ২২২
শুনি প্রভু 'হরি' বলি উঠিলা আপনি।
উঠিলা বৈষ্ণব সব করি হরিধ্বনি ॥ ২২৩
কীর্তন করিতে প্রভু করিলা গমন।
৪০ সঙ্গে চলি আইসে কাজী উল্লাসিত মন ॥ ২২৪
কাজীরে বিদায় দিল শচীর নন্দন।
নাচিতে নাচিতে আইলা আপন ভবন ॥ ২২৫
এই মতে কাজীরে প্রভু করিলা প্রসাদ।
ইহা যেই শুনে তার খণ্ডে অপরাধ ॥ ২২৬
৪৫ একদিন শ্রীবাসের মন্দিরে গোসাঞি।
নিত্যানন্দ-সঙ্গে নৃত্য করে দুই ভাই ॥ ২২৭
শ্রীবাস-পুত্রের তাহা হৈল পরলোক।
তবু শ্রীবাসের চিত্তে না জন্মিল শোক ॥ ২২৮
মৃতপুত্রমুখে কৈল জ্ঞানের কথন।
৫০ আপনে দুই ভাই হৈলা শ্রীবাসনন্দন ॥ ২২৯

পাঠান্তর

১ (৩য়) গানে [জ]; ৩ (২য়) শান্ত [ক, খ, ঘ, ঙ, চ, ছ, জ, ত]; ৯ (৪র্থ-৫ম) সর্বদা কীর্তন [গ, ঘ, ঙ, চ, ছ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ১২ (৪র্থ) কীর্তন [ক], পাষণ্ডী (খ-ন); ১৩ (৪র্থ-৫ম) চণ্ডাল রাঢ় বাঢ় [ক, খ, ঘ, চ, জ]; ১৪ (৩য়) গ্রাম সব [ক, খ, ঘ, চ, ছ,]; ১৭ (৪র্থ-৬ষ্ঠ) তোমার প্রজা সর্বজন [ক]; ১৮ (৫ম) তর্জন [গ, চ, জ]; ২৩ (৪র্থ-৫ম) হরষিত হইয়া [ক, খ, ঘ, জ, ত]; ২৯ (৫ম) আঁখে [ঞ]; ৩০ (৫ম) মিষ্টবাণী [ঠ, ঢ]; ৩৪ (১ম-৪র্থ) সংকীর্তন-বাধ যেন নহে [দ]; ৩৮ (২য়-৩য়) বৈষ্ণবগণ [ত]; ৪০ (৫ম) হরষিত-মন [খ], আনন্দিত মন [ঘ]; ৪৪ (৬ষ্ঠ) অবসাদ [ক, ঘ]; ৪৯ (১ম)-বালক-[ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]।

তবে ত করিল সব ভক্তে বরদান।
উচ্ছিষ্ট দিয়া নারায়ণীর করিল সন্মান ॥ ২৩০
শ্রীবাসের বস্ত্র সিঁয়ে দরজী যবন।
প্রভু তারে নিজরূপ করাইল দর্শন ॥ ২৩১
৫ 'দেখিনু দেখিনু' বলি হৈল পাগল।
প্রেমে নৃত্য করে, হৈল বৈষ্ণব আগল ॥ ২৩২
আবেশে শ্রীবাসে প্রভু বংশিকা মাগিল।
শ্রীবাস কহে—গোপীগণ বংশী হরি নিল ॥ ২৩৩
শুনি প্রভু 'বোল বোল' কহেন আবেশে।
১০ শ্রীবাস বর্ণেন বৃন্দাবন-লীলা-রসে ॥ ২৩৪
প্রথমেতে বৃন্দাবন-মাধুর্য বর্ণিল।
শুনিয়া প্রভুর চিত্তে আনন্দ বাঢ়িল ॥ ২৩৫
তবে 'বোল বোল' প্রভু বোলে বার বার।
পুনঃপুনঃ কহে শ্রীবাস করিয়া বিস্তার ॥ ২৩৬
১৫ বংশীবাদ্যে গোপীগণের বনে আকর্ষণ।
তা-সভার সঙ্গে যৈছে বনবিহরণ ॥ ২৩৭
তাহি-মধ্যে ছয়ঋতু লীলার বর্ণন।
মধুপান, রাসোৎসব, জলকেলি-কথন ॥ ২৩৮
'বোল বোল' বোলে প্রভু শুনিতে উল্লাস।
২০ শ্রীবাস কহেন তবে রাস-বিলাস ॥ ২৩৯
কহিতে শুনিতে ঐছে প্রাতঃকাল হৈল।
প্রভু শ্রীবাসেরে তুষি আলিঙ্গন কৈল ॥ ২৪০
তবে আচার্যের ঘরে কৈল কৃষ্ণলীলা।
রুক্মিণীস্বরূপ প্রভু আপনে হইলা ॥ ২৪১
২৫ কভু দুর্গা, কভু লক্ষ্মী, কভুবা চিচ্ছক্তি।
খাটে বসি ভক্তগণে দিলা প্রেমভক্তি ॥ ২৪২
একদিন মহাপ্রভুর নৃত্য-অবসানে।
এক ব্রাহ্মণী আসি ধরিল চরণে ॥ ২৪৩
চরণের ধূলি সেই লয় বারবার।
৩০ দেখিয়া প্রভুর দুঃখ হইল অপার ॥ ২৪৪
সেইক্ষণে ধাঞা প্রভু গঙ্গাতে পড়িলা।
নিত্যানন্দ, হরিদাস ধরি উঠাইলা ॥ ২৪৫
বিজয়-আচার্যগৃহে সে রাত্রি রহিলা।
প্রাতঃকালে ভক্ত-সব ঘরে লৈয়া গেলা ॥ ২৪৬
৩৫ একদিন গোপীভাবে গৃহেতে বসিয়া।
'গোপী গোপী' নাম লয় বিষণ্ণ হইয়া ॥ ২৪৭
এক পঢ়ুয়া আইল প্রভুকে দেখিতে।
'গোপী গোপী' নাম শুনি লাগিল কহিতে ॥ ২৪৮
'কৃষ্ণনাম' কেনে না লও? কৃষ্ণনাম ধন্য।
৪০ 'গোপী গোপী' বলিলে বা কিবা হবে পুণ্য ॥ ২৪৯
শুনি প্রভু ক্রোধে কৈল কৃষ্ণে দোষোদ্‌গার।
ঠেঙ্গা লৈয়া উঠিলা প্রভু পঢ়ুয়া মারিবার ॥ ২৫০
ভয়ে পলায় পঢ়ুয়া, পাছে প্রভু ধায়।
আস্তে ব্যস্তে ভক্তগণ প্রভুরে রহায় ॥ ২৫১
৪৫ প্রভুরে শান্ত করি আনিল নিজঘরে।
পঢ়ুয়া পলাইয়া গেল পঢ়ুয়া সভারে ॥ ২৫২
পঢ়ুয়া সহস্র যাহাঁ পঢ়ে এক ঠাঁই।
প্রভুর বৃত্তান্ত দ্বিজ কহে তাহাঁ যাই ॥ ২৫৩

পাঠান্তর

৪ (৩য়) চতুর্ভুজ [খ, ঘ, চ, জ, ত]; ৭ (৪র্থ) বংশী [ক, খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ট, ড, ত, দ, ধ]; ৮ (৩য়-৬ষ্ঠ) বংশী গোপীকা হরিল [ত]; ১০ (৩য়) -রাসে [ঙ, ঠ]; ১৭ (৩য়) বিলাস [ত]; ১৮ (২য়) রত্যুৎসব [ছ, ঝ]; ২০ (৪র্থ) রাস রসের বিলাস্ [ঠ, ঢ, ণ, থ, ন]; ২৪ (১ম) রুক্মিণীর রূপ [ঙ]; ২৫ (৫ম) হয়েন [ণ, ত, ন]; ২৭ (৩য়) কীর্তন-[জ]; ২৮ (৪র্থ) পড়ে প্রভুর [ঝ]; ২৯ (৩য়) ব্রাহ্মণী [ক, খ, ঘ, চ, জ]; ৩৭ (১ম) দৈবে এক [ছ, ত]; ৪২ (৩য়) ধাইলা [ঞ]; ৪৩ (২য়) পালায় [গ, ঙ, ঞ, ঠ, থ, ন]; ৪৬ (২য়) ভাজিয়া [খ, চ, ছ, ত,], (৪র্থ-৫ম) আপন পাঠশালে [ক]; ৪৮ (৩য়) সব [ঞ], (৪র্থ-৬ষ্ঠ) কহিল তথাই [ক, ঘ, ছ, ঙ, জ, ঞ]।

শুনি ক্রুদ্ধ হৈল সব পঢ়ুয়ার গণ।
সভে মেলি তবে করে প্রভুর নিন্দন ॥ ২৫৪
সব দেশ ভ্রষ্ট কৈল একলা নিমাই।
ব্রাহ্মণ মারিতে চাহে ধর্মভয় নাই ॥ ২৫৫
৫ পুন যদি ঐছে করে, মারিব তাহারে।
কোন্ বা মানুষ হয়, কি করিতে পারে ॥ ২৫৬
প্রভুর নিন্দায় সভার বুদ্ধি হৈল নাশ।
সুপঠিত বিদ্যা কারো না হয় প্রকাশ ॥ ২৫৭
তথাপি দাম্ভিক পঢ়ুয়া নম্র নাহি হয়।
১০ যাহাঁ তাহাঁ প্রভুর নিন্দা হাসি সে করয় ॥ ২৫৮
সর্বজ্ঞ গোসাঞি জানি তা-সভার দুর্গতি।
ঘরে বসি চিন্তে তা-সভার অব্যাহতি ॥ ২৫৯
যত অধ্যাপক, আর তাঁর শিষ্যগণ।
ধর্মী, কর্মী, তপোনিষ্ঠ, নিন্দুক, দুর্জন ॥ ২৬০
১৫ এই সব মোর নিন্দা-অপরাধ হৈতে।
আমি না লওয়াইলে ভক্তি না পারে লইতে॥ ২৬১
নিস্তারিতে আইলাঙ্ আমি, হৈল বিপরীত।
এ সব-দুর্জনের কৈছে হইবেক হিত ॥ ২৬২
আমাতে প্রণতি করে, হয় পাপক্ষয়।
২০ তবে সে ইহারে ভক্তি লওয়াইলে লয় ॥ ২৬৩
মোরে নিন্দা করে—যে না করে নমস্কার।
এ-সব জীবের অবশ্য করিব উদ্ধার ॥ ২৬৪
অতএব অবশ্য আমি সন্ন্যাস করিব।
সন্ন্যাসীর বুদ্ধ্যে মোরে প্রণত হইব ॥ ২৬৫
২৫ প্রণতিতে হবে ইহার অপরাধ ক্ষয়।
নির্মল-হৃদয়ে ভক্তি করিব উদয় ॥ ২৬৬
এ-সব পাষণ্ডীর তবে হইবে নিস্তার।
আর কোন উপায় নাই, এই যুক্তি সার ॥ ২৬৭
এই দৃঢ় যুক্তি করি প্রভু আছে ঘরে।
৩০ কেশব-ভারতী আইলা নদীয়া-নগরে ॥ ২৬৮
প্রভু তাঁরে নমস্করি কৈল নিমন্ত্রণ।
ভিক্ষা করাইয়া তাঁরে কৈল নিবেদন ॥ ২৬৯
তুমি ত ঈশ্বর বট, সাক্ষাৎ নারায়ণ।
কৃপা করি কর মোর সংসারমোচন ॥ ২৭০
৩৫ ভারতী কহেন—তুমি ঈশ্বর অন্তর্যামী।
যেই করাহ, সেই করিব, স্বতন্ত্র নহি আমি ॥ ২৭১
এত বলি ভারতীগোসাঞি কাটোয়াতে গেলা।
মহাপ্রভু তাহা যাই সন্ন্যাস করিলা ॥ ২৭২
সঙ্গে নিত্যানন্দ, চন্দ্রশেখর-আচার্য।
৪০ মুকুন্দদত্ত—এই তিন কৈল সর্বকার্য ॥ ২৭৩
এই আদি লীলার কৈল সূত্রগণন।
বিস্তারি বর্ণিলা ইহা দাস বৃন্দাবন ॥ ২৭৪
যশোদানন্দন হৈল শচীর নন্দন।
চতুর্বিধ ভক্তভাব করে আস্বাদন ॥ ২৭৫
৪৫ স্বমাধুর্য রাধাপ্রেমরস আস্বাদিতে।
রাধাভাব অঙ্গী করিয়াছে ভালমতে ॥ ২৭৬
গোপীভাব যাতে প্রভু ধরিয়াছে একান্ত।
ব্রজেন্দ্রনন্দনে মানে—আপনার কান্ত ॥ ২৭৭
গোপিকাভাবের এই সুদৃঢ় নিশ্চয়।
৫০ ব্রজেন্দ্রনন্দন বিনা অন্যত্র না হয় ॥ ২৭৮
শ্যামসুন্দর, শিখিপিচ্ছ, গুঞ্জাবিভূষণ।
গোপবেশ, ত্রিভঙ্গিম, মুরলীবদন ॥ ২৭৯

পাঠান্তর

১ (২য়-৩য়) ক্রোধ কৈল [ক, খ, ঘ, ছ, জ, ঞ, ট, ড, দ, ধ]; ৩ (৩য়) নষ্ট [গ, ঞ]; ৪ (৩য়) যায় [ঠ, ঢ], যাহে [ত]; ৫ (৩য়) হেন [ক, খ, ঘ, চ, জ,]; ৬ (১ম-৩য়) সে কোন্ মানুষ [খ, ঘ]; ১০ (১ম-২য়) যথা তথা [ক, ছ, ঠ, ঢ]; ১১ (২য়) শিরোমণি [ক], প্রভু [খ, ঘ, ছ, জ, ত]; ১২ (৫ম) নিষ্কৃতি [ক]; ২৩ (২য়) শীঘ্র [চ]; ৩৩ (১ম-৬ষ্ঠ) তুমি হও ঈশ্বর—সাক্ষাৎ নারায়ণ [ছ, ঠ, ঢ]; ৩৬ (১ম-৪র্থ) যে কহ, সে করিব [ট, ড, থ, দ, ধ]; ৪২ (২য়) বর্ণিয়াছেন [ক, খ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঠ, ঢ]; ৪৪ (২য়) ভক্তিভাব [খ, গ, জ, ঝ, ঞ]; ৪৮ (২য়) মতি [গ], জানে [ঙ], কহে [ছ]; ৫১ (৩য়) চূড়া-[ঝ]।

ইহা ছাড়ি কৃষ্ণ যদি হয় অন্যাকার।
গোপিকার ভাব না যায় নিকট তাহার ॥ ২৮০

তথাহি ললিতমাধবে (৬।১৪)—

গোপীনাং পশুপেন্দ্রনন্দনজুষো ভাবস্য কস্তাং কৃতী
৫ বিজ্ঞাতুং ক্ষমতে দুরূহপদবীসঞ্চারিণঃ প্রক্রিয়াম্।
আবিষ্কুর্বতি বৈষ্ণবীমপি তনুং
তস্মিন্ ভুজৈর্জিষ্ণুভি-
র্যাসাং হন্ত চতুর্ভিরদ্ভুতরুচিং
রাগোদয়ঃ কুঞ্চতি ॥ ২৮১

বসন্তকালে রাসলীলা করে গোবর্ধনে।
অন্তর্ধান কৈল সঙ্কেত করি রাধা-সনে ॥ ২৮২
১০ নিভৃত-নিকুঞ্জে বসি দেখে রাধার বাট।
অন্বেষিতে আইলা তাহাঁ গোপিকার ঠাট ॥ ২৮৩
দূর হৈতে কৃষ্ণে দেখি কহে গোপীগণ।
এই দেখ কুঞ্জের ভিতর ব্রজেন্দ্রনন্দন ॥ ২৮৪
গোপীগণ দেখি কৃষ্ণের হইল সাধ্বস।
১৫ লুকাইতে নারিলা ভয়ে হইলা বিবশ ॥ ২৮৫
চতুর্ভুজ-মূর্তি ধরি আছেন স্তব্ধ হঞা।
কৃষ্ণ দেখি গোপী কহে নিকটে আসিয়া ॥ ২৮৬
ইহো কৃষ্ণ নহে, ইহো নারায়ণমূর্তি।
এত বলি তাঁরে সভে করে নতি-স্তুতি ॥ ২৮৭
২০ নমো নারায়ণ দেব ! করহ প্রসাদ।
কৃষ্ণসঙ্গ দেহ, মোর খণ্ডাহ বিষাদ ॥ ২৮৮
এত বলি নমস্করি গেলা গোপীগণ।
হেন কালে রাধা আসি দিলা দরশন ॥ ২৮৯
রাধা দেখি কৃষ্ণ তাঁরে হাস্য করিতে।
২৫ সেই চতুর্ভুজ-মূর্তি চাহেন রাখিতে ॥ ২৯০
লুকাইল দুই ভুজ রাধার অগ্রেতে।
বহু যত্ন কৈল কৃষ্ণ—নারিল রাখিতে ॥ ২৯১
রাধার বিশুদ্ধভাবের অচিন্ত্য-প্রভাব।
যে কৃষ্ণেরে করাইল দ্বিভুজ স্বভাব ॥ ২৯২

৩০ উজ্জ্বলনীলমণৌ নায়িকাভেদপ্রকরণে (৬)—

রাসারম্ভবিধৌ নিলীয় বসতা কুঞ্জে মৃগাক্ষীগণৈ-
র্দৃষ্টং গোপয়িতুং স্বমুদ্ধুরধিয়া যা সুষ্ঠু সন্দর্শিতা।
রাধায়াঃ প্রণয়স্য হন্ত মহিমা
যস্য শ্রিয়া রক্ষিতুং
সা শক্যা প্রভবিষ্ণুনাপি
হরিণা নাসীচ্চতুর্বাহুতা ॥ ২৯৩

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ শ্রীবৃন্দাবনবিহারে ক্বচিৎ সময়ে গোপীনাং পরস্পরং মানাদিকং দৃষ্ট্বা স্বয়মন্তর্হিত্বা চতুর্ভুজরূপে ধৃতে সতি অন্বিষ্যমাণা গোপ্যস্তং দৃষ্ট্বা কৃষ্ণৈকনিষ্ঠরাগাস্তাসাং কুঞ্চত্যেবেত্যাহ ললিতমাধবে (৬।১৪) গোপীনামিতি। গোপীনাং ব্রজসুন্দরীণাং ব্রজেন্দ্রনন্দন-জুষো ভাবস্য তাং প্রক্রিয়াং পরিপাটীং বিজ্ঞাতুং কঃ কৃতী ক্ষমতে সমর্থো ভবতি। কথং ভূতস্য ভাবস্য দুরূহপদবীসঞ্চারিণঃ দুস্ত্যজ্যার্যপথাদি-ত্যাগরূপিণঃ কুতো ন ক্ষমো ভবতীত্যাহ। তস্মিন্ শ্রীকৃষ্ণে বৈষ্ণবীং তনুং আবিষ্কুর্বতি সতি তাসাং গোপীনাং রাগোদয়ঃ কুঞ্চতি সঙ্কোচং প্রাপ্নোতি। মূর্তিং কথং ভূতাং ? জিষ্ণুভিশ্চতুর্ভিভুজৈঃ অদ্ভুতা রুক্কান্তির্যস্যা-স্তাম্ ॥ ২৮১ ॥

বঙ্গানুবাদ

২৮১। দুর্গম পদবীতে সঞ্চরণশীল গোপীগণের নন্দনন্দননিষ্ঠ ভাবের প্রক্রিয়া বুঝিতে কোন্ পণ্ডিত সমর্থ হন্ ? আশ্চর্যের বিষয় এই যে, শ্রীকৃষ্ণ পরিহাসার্থ শঙ্খ, চক্র, গদা, পদ্মধারী চতুর্ভুজ নারায়ণরূপে প্রকটিত হইলে, গোপীগণের রাগোদয় সঙ্কুচিত হয়। (২৯৩নং শ্লোকের টীকা ও বঙ্গানুবাদ পরপৃষ্ঠায় দ্রষ্টব্য।)

পাঠান্তর

৮ (১ম) বাসন্তীয় [চ] ; ৯ (২য়) যুক্তি [ক] ; ১৬ (৪র্থ) বসিয়া [ট, ড, ণ, থ, দ, ধ, ন] ; ১৯ (৩য়-৬ষ্ঠ) গোপী করে প্রণতি ভকতি [ছ] ; ২৮ (৩য়) অবিচিন্ত্য-[খ]।

সেই ব্রজেশ্বরী ইহঁা—শচীদেবী মাতা।
সেই ব্রজেশ্বর ইহঁা—জগন্নাথ পিতা ॥ ২৯৪
সেই নন্দসুত ইহঁা—চৈতন্যগোসাঞি।
সেই বলদেব ইহঁা—নিত্যানন্দ ভাই ॥ ২৯৫
৫ বাৎসল্য, দাস্য, সখ্য—তিন ভাবময়।
সেই নিত্যানন্দ—কৃষ্ণচৈতন্য-সহায় ॥ ২৯৬
প্রেমভক্তি দিয়া তিঁহো ভাসাইল জগতে।
তাঁহার চরিত্র লোক না পারে বুঝিতে ॥ ২৯৭
অদ্বৈত-আচার্যগোসাঞি ভক্ত-অবতার।
১০ কৃষ্ণ অবতারি কৈল ভক্তির প্রচার ॥ ২৯৮
'সখ্য দাস্য' দুইভাব—সহজ তাঁহার।
কভু প্রভু করেন তারে গুরু-ব্যবহার ॥ ২৯৯
শ্রীনিবাস আদি যত মহাভক্তগণ।
নিজ-নিজভাবে করেন চৈতন্যসেবন ॥ ৩০০
১৫ পণ্ডিতগোসাঞি-আদি যাঁর যেই রস।
সেই-সেই রসে প্রভু হন তার বশ ॥ ৩০১
তেঁহো শ্যাম বংশীমুখ, গোপবিলাসী।
ইহেঁা গৌর—কভু দ্বিজ—কভু ত সন্ন্যাসী ॥ ৩০২
অতএব আপনে প্রভু গোপীভাব ধরি।
২০ ব্রজেন্দ্রনন্দনে কহে—'প্রাণনাথ' করি ॥ ৩০৩
সেই কৃষ্ণ সেই গোপী—পরম বিরোধ।
অচিন্ত্য চরিত্র প্রভুর—অতি সুদুর্বোধ ॥ ৩০৪
ইথে তর্ক করি কেহো না কর সংশয়।
কৃষ্ণের অচিন্ত্যশক্তি এইমত হয় ॥ ৩০৫
২৫ অচিন্ত্য, অদ্ভুত কৃষ্ণচৈতন্যবিহার।
চিত্র ভাব, চিত্র গুণ, চিত্র ব্যবহার ॥ ৩০৬
তর্কে ইহা নাহি মানে যেই দুরাচার।
কুম্ভীপাকে পচে, তার নাহিক নিস্তার ॥ ৩০৭

তথাহি ভক্তিরসামৃতসিন্ধৌ (২।৫।৯৩)—
৩০ অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।
প্রকৃতিভ্যঃ পরং যচ্চ তদচিন্ত্যস্য লক্ষণম্ ॥ ৩০৮

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

অথ ব্রজসুন্দরীণাং ভাবমহিমানং কথয়িত্বা তস্মাদপ্যাশ্চর্যরূপস্য কৃষ্ণৈকনিষ্ঠ-রাধাপ্রেম্নঃ মহিমানমাহ উজ্জ্বলনীলমণৌ—(নায়িকাভেদ প্রকরণে ৬)—রাসারম্ভেতি। মৃগাক্ষীগণৈঃ দৃষ্টং স্বরূপং গোপয়িতুং সমুদ্ধুরধিয়া পরমাশ্চর্যধিয়া কুঞ্জে নিলীয়বসতা কৃষ্ণেন যা চতুর্ভুজমূর্তিঃ স্ফুষ্ঠু সন্দর্শিতা রাধায়াঃ প্রণয়স্য মহিমা হর্ষ আশ্চর্যং যস্য প্রণয়স্য শ্রিয়া প্রভবিষ্ণুনা প্রভুণাপি হরিণা শ্রীকৃষ্ণেন সা চতুর্ভুজা রক্ষিতুং রক্ষাং কর্তুং ন শক্যা ন শক্যাসীৎ। ইত্যনেনাসাধারণরূপা কাপি অচিন্ত্য-মাধুরী অস্যাস্তীতি সূচিতা ॥ ২৯৩ ॥

অথাবিচিন্ত্যচৈতন্যবিহারং কো বর্ণয়িতুং সমর্থো ভবতি, অলৌকিকত্বাদ্ ইত্যাহ স্কান্দে—অচিন্ত্যা ইতি। অচিন্ত্যা অলৌকিকা যে ভাবাঃ তান্ তর্কেণ ন যোজয়েৎ। অচিন্ত্যস্বরূপমাহ যৎ প্রকৃতিভ্যঃ পরং তৎ অচিন্ত্যস্য লক্ষণং স্বরূপং বিস্তরেণালম্ ॥ ৩০৮ ॥

বঙ্গানুবাদ

২৯৩। রাসারম্ভে নিকুঞ্জবনে লুকায়িত শ্রীকৃষ্ণ গোপীগণের নয়ন গোচর হইলে, আপনাকে গোপন করণার্থ ব্যাকুলচিত্ত হইয়া যে চতুর্ভুজ রূপ দেখাইয়াছিলেন, রাধাপ্রেমের আশ্চর্য মহিমাপ্রভাবে পরমপ্রভাবী হইলেও শ্রীকৃষ্ণ সেই চতুর্ভুজ মূর্তি রক্ষা করিতে পারেন নাই

৩০৮। যাহা কাহারই চিন্তার বিষয় নয়, তাহাতে তর্ক করিবে না,—যাহা প্রকৃতির অতীত তাহাই অচিন্ত্য।

পাঠান্তর

১৩ (১ম-৪র্থ) শ্রীবাসাদি যত মহাপ্রভুর ভক্তগণ [ট, ঠ, ড, ঢ, ণ, থ, দ, ধ, ন]; **১৬** (৩য়) কৃষ্ণ [খ, গ, ঘ, ঙ, ছ, জ, ঝ, ঞ, ট, ড, থ, ধ], **১৭** (৪র্থ) গোপিকা-বিলাসী [চ], গোপাল বিলাসী [ত]; **২৪** (২য়) অবিচিন্ত্য [খ]; **২৫** (১ম) অনন্ত [খ]; **২৮** (২য়) পড়ে [খ, ঘ, ঙ, চ]।

অদ্ভুত চৈতন্যলীলায় যাহার বিশ্বাস।
সেই জন যায় চৈতন্যের পদপাশ ॥ ৩০৯
প্রসঙ্গে কহিল এই সিদ্ধান্তের সার।
ইহা যেই শুনে, শুদ্ধভক্তি হয় তার ॥ ৩১০
৫ লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ।
তবে সে গ্রন্থের অর্থ পাইয়ে আস্বাদ ॥ ৩১১
দেখি গ্রন্থে ভাগবতে ব্যাসের আচার।
কথা কহি অনুবাদ করে বারবার ॥ ৩১২
তাতে আদি লীলার করি পরিচ্ছেদগণন।
১০ প্রথম-পরিচ্ছেদে কৈল মঙ্গলাচরণ ॥ ৩১৩
দ্বিতীয়-পরিচ্ছেদে চৈতন্যতত্ত্বনিরূপণ।
স্বয়ং ভগবান যেই ব্রজেন্দ্রনন্দন ॥ ৩১৪
তেঁহো ত চৈতন্যকৃষ্ণ শচীর নন্দন।
তৃতীয়-পরিচ্ছেদে জন্মের সামান্যকারণ ॥ ৩১৫
১৫ তহি-মধ্যে প্রেমদান বিশেষ-কারণ।
যুগধর্ম—কৃষ্ণনাম-প্রেম-প্রচারণ ॥ ৩১৬
চতুর্থে কহিল জন্মের মূল-প্রয়োজন।
স্বমাধুর্য-প্রেমানন্দ-রস-আস্বাদন ॥ ৩১৭
পঞ্চমে শ্রীনিত্যানন্দ তত্ত্বনিরূপণ।
২০ নিত্যানন্দ হৈলা রাম রোহিণীনন্দন ॥ ৩১৮
ষষ্ঠ-পরিচ্ছেদে অদ্বৈততত্ত্বের বিচার।
অদ্বৈত-আচার্য মহাবিষ্ণু-অবতার ॥ ৩১৯
সপ্তম-পরিচ্ছেদে পঞ্চতত্ত্বের আখ্যান।
পঞ্চতত্ত্ব মিলি যৈছে কৈল প্রেমদান ॥ ৩২০
২৫ অষ্টমে চৈতন্যলীলাবর্ণন-কারণ।
এক কৃষ্ণনামের মহা-মহিম কথন ॥ ৩২১
নবমেতে ভক্তিকল্পবৃক্ষের বর্ণন।
শ্রীচৈতন্য-মালী কৈল বৃক্ষ আরোপণ ॥ ৩২২
দশমেতে মূলস্কন্ধের শাখাদিগণন।
৩০ সর্বশাখাগণের যৈছে ফলবিতরণ ॥ ৩২৩
একাদশে নিত্যানন্দ-শাখা-বিবরণ।
দ্বাদশে অদ্বৈত-স্কন্ধশাখার বর্ণন ॥ ৩২৪
ত্রয়োদশে মহাপ্রভুর জন্মবিবরণ।
কৃষ্ণনামসহ যৈছে প্রভুর জনম ॥ ৩২৫
৩৫ চতুর্দশে বাল্যলীলার কিছু বিবরণ।
পঞ্চদশে পৌগণ্ডলীলা-সংক্ষেপ-কথন ॥ ৩২৬
ষোড়শ-পরিচ্ছেদে কৈশোরলীলার উদ্দেশ।
সপ্তদশে যৌবনলীলার কহিল বিশেষ ॥ ৩২৭
এই সপ্তদশপ্রকার আদিলীলার প্রবন্ধ।
৪০ দ্বাদশ প্রবন্ধ তাতে গ্রন্থমুখবন্ধ ॥ ৩২৮
পঞ্চ প্রবন্ধে পঞ্চ বয়স-চরিত।
সংক্ষেপে কহিল, অতি না কৈল বিস্তৃত ॥ ৩২৯
বৃন্দাবনদাস ইহা চৈতন্যমঙ্গলে।
বিস্তারি বর্ণিল নিত্যানন্দ-আজ্ঞাবলে ॥ ৩৩০
৪৫ শ্রীকৃষ্ণচৈতন্যলীলা—অদ্ভুত অনন্ত।
ব্রহ্মা, শিব, শেষ যার নাহি পায় অন্ত ॥ ৩৩১
যেই যেই-অংশ কহে-শুনে—সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণচৈতন্য ॥ ৩৩২
শ্রীকৃষ্ণচৈতন্য, অদ্বৈত, নিত্যানন্দ।
৫০ শ্রীবাস, গদাধর, আদি ভক্তবৃন্দ ॥ ৩৩৩
যত যত ভক্তগণ বৈসে বৃন্দাবনে।
নম্র হৈয়া শিরে ধরোঁ সভার চরণে ॥ ৩৩৪

পাঠান্তর

২ (৪র্থ) কৃষ্ণচৈতন্যের [খ, ন, ত]; ৭ (১ম-২য়) অতএব [খ, ঘ, জ, ট, ড, ধ]; ৮ (৫ম) আরবার [ঘ, চ, ঝ]; ১২ (২য়) যৈছে [ক, খ, চ, ছ]; ১৮ (১ম) -রাধাপ্রেম- [জ]; ১৯ (৩য়) তত্ত্বের কথন [খ, ঘ, চ, জ, ত]; ২৩ (৩য়) ব্যাখ্যান [ঙ, চ]; ২৪ (২য়) মিলে [ণ, ন], মেলি [খ, ঘ]; ২৭ (৩য়) বিবরণ [খ, ঘ, ঙ, চ, ছ, জ, ঞ, ঠ, ঢ, ত]; ২৯ (৩য়) গণিল [ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৩০ (৩য়) বিলাইল [ক, খ, গ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ঠ, ঢ, ত]; ৩৩ (৩য়) জন্মের কথন [ক]; ৪১ (৪র্থ) রসের [খ, ছ, ণ, ত, ন]; ৪৪ (৩য়)-দয়াবলে [ঘ],-কৃপাবলে [ঙ, ছ, ঞ]; ৪৫ (২য়) অমৃত [চ]; ৪৯ (১ম-৩য়) শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত-আচার্য [ঘ, চ, ছ, ত]।

শ্রীস্বরূপ-শ্রীরূপ-শ্রীসনাতন।
ভট্টযুগ-রঘুনাথ-শ্রীজীবচরণ ॥ ৩৩৫

শিরে ধরি বন্দোঁ নিত্য করোঁ তাঁর আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥ ৩৩৬

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং যৌবনলীলা-সূত্রবর্ণনং নাম সপ্তদশপরিচ্ছেদঃ ॥

—·—

শ্রীগৌরভক্তবিনোদিনী টীকা

ইতি শ্রীকৃষ্ণচৈতন্য-চরিতামৃতবর্ণনে।
পরিচ্ছেদে সপ্তদশে প্রভোর্যৌবনবর্ণনম্ ॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিলীলায়াং প্রভোর্যৌবনবর্ণনং নাম
সপ্তদশঃ পরিচ্ছেদঃ সমাপ্তঃ।

—·—

পাঠান্তর

১ (১ম) শ্রীস্বরূপদামোদর রূপ সনাতন [চ]; ২ (১ম) ভট্টযুগ-রঘুনাথ-শ্রীজীবচরণ [ঙ], শ্রীগোপাল-শ্রীরঘুনাথ-শ্রীজীবচরণ [ছ]; ৩ (১ম-৭ম) রঘুনাথ দাস বন্দোঁ আর ভক্তগণ [চ], শ্রীগোপালভট্ট-পদ করি আশ। [ত]; ৪ পংক্তির পর অধিক—'শ্রীচৈতন্যচরণ-পঙ্কজে স্তোত্র কৃতিরিতি ॥ নাহং কৃতীর্ন সুকৃতী ন চ শাস্ত্রবেত্তা, নাহং গুণী ন চ সুধীর্ন হি ধর্মবিজ্ঞঃ। সর্বাক্ষমং পতিতমার্তমনাথবন্ধো, হা হা শচীহৃদয়নন্দন রক্ষ রক্ষ ॥ ইতি। যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ ভবেৎ। পূর্ণং ভবতু তৎ সর্বং তৎপ্রসাদাজ্ জনার্দন ॥ ইতি শ্রীচৈতন্য-চরিতামৃতে সূত্ররূপে আদিলীলা সমাপ্তা ॥ শ্রীহরি ॥ [চ, জ]।

—·—

দ্বাদশ পরিচ্ছেদের শেষে সংযোজন

১৩০ পৃষ্ঠায়, পাঠান্তরে ২১নং পয়ারের পূর্বে অতিরিক্ত—রাজা প্রতাপরুদ্র ভগবান্ আচার্য। ভবানন্দ চক্রবর্তী, শ্রীঅনন্ত-আচার্য ॥ [ছ]; ২৩ এই পয়ারের পূর্বে অতিরিক্ত—বক্রেশ্বর পণ্ডিত আর স্বরূপদামোদর। অচ্যুতানন্দ আর শ্রীচন্দ্রশেখর ॥ রাজা প্রতাপরুদ্র শ্রীভগবান্ আচার্য। শিবানন্দ চক্রবর্তী, অনন্ত আচার্য [ঘ]; ৩০ এই পয়ারের পর অতিরিক্ত—বিদ্যানন্দ আচার্য আর বৈষ্ণব দাস ঠাকুর। গোবিন্দ দাস আর শ্রীঅক্রূর ঠাকুর ॥ কমলাকান্ত আচার্য শ্রীযাদবাচার্য। মুকুন্দ চক্রবর্তী শ্রীবল্লভ আচার্য ॥ নারায়ণ পড়িয়ারি চক্রবর্তী শিবানন্দ। হৃদয় চৈতন্য দাস দাস জয়ানন্দ ॥ চক্রবর্তী শিবানন্দ শাখাতে প্রধান। মদনগোপাল-পাট যাহার বিশ্রাম ॥ [ছ]; ৩৪ এই পয়ারের পর অতিরিক্ত—চক্রবর্তী শিবানন্দ সদা ব্রজবাসী। মহাশাখা মধ্যে তেঁহো সুদৃঢ় বিশ্বাসী ॥ [ধ]।

—·—

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতম্

[সংস্কৃত-কারিকাময়ম্]

আদি লীলা

প্রথমঃ পরিচ্ছেদঃ

মঙ্গলাচরণম্

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ

শ্রীমৎকৃষ্ণপদারবিন্দযুগলং বন্দামহে গোপিকা-
বক্ষোজান্তরচারি যন্মুনিমনোরোলম্বলোভাস্পদম্।
ধ্যাতং যোগিভিরীশপদ্মজমুখৈর্দেবৈশ্চ সংসেবিতং
তত্তন্মৌলিগরত্নকোটিনিবহৈর্নির্ণিক্তমালোহিতম্ ॥১॥

নবদ্বীপাম্ভোধৌ নিজপরিজনাত্যন্তবিমল-
স্ফুরন্নানারত্নে ভজনতর-কঞ্জাদিনিচয়ে ॥
বলৎপাষণ্ড্যালিপ্রসর-দবহারাদিসহিতে
জনিং সংপ্রাপ্তো যঃ স জয়তি সমন্তাদ্ধরিবিধুঃ ॥ ২ ॥

অথ প্রস্তাবনা

তৎপাদপদ্মযুগলং হৃদয়ে তদীয়-
ভক্তাঙ্ঘ্রি পঙ্কজযুগানি চ সংনিবেশ্য।
সংসার-দাবপরিতাপিতমানসেন
কেনাপি সাহসমিদং ক্রিয়তে দ্বিজেন ॥ ৩ ॥

যৎপাদপদ্মমকরন্দনিষেবণেন
সংসার-সাগরমবৈত্যপি গোষ্পদং না।
তং শ্রীগুরুং নিখিলকামদুঘাঙ্ঘ্রি পদ্মং
বন্দামহেঽতিসদয়ং হৃদয়ং হি যস্য ॥ ৪ ॥

শ্রীচৈতন্যদয়ানিধে কুরু কৃপাং ত্বদ্ভক্তিহীনে ময়ি
ভাগ্যাৎ দুর্বহদুঃখ-ভারবহন-শ্রান্তেঽতিচিন্তাকুলে।
যৎ সংসারপয়োধিলঙ্ঘনবিধৌ সদ্ভাবমাচক্ষতে
তৎ পাদাম্ভোরুহদ্বয়ং মম শিরোদেশে নিধেহি প্রভো ॥ ৫ ॥

সুজনতা যদি মেঽস্তি দয়াপরা,
কুজনতা বিমুখীভবতু ধ্রুবম্।
যদি রসালবরস্য পিকঃ প্রিয়ো,
বলিভুজা বিমুখেন হি কিং ফলম্ ॥ ৬ ॥

খলাহয়ঃ সন্ত্যধিভূরিশঃ পরং,
সমুদ্গিরন্তো বচনৈকদুর্বিষম্।
ন জানতে তে সদসৎপদং মুধা,
দশন্ত্যহো কেবলমেব মর্মসু ॥ ৭ ॥

কবিঃ স্বদোষং ন হি পশ্যতি ধ্রুবং, পরস্য দৃশ্যং ভবতীহ দূষণম্।
গৃহীতদীপস্য যথা হি পদ্ধতি,-র্ভবত্যদৃশ্যান্যজনস্য নেদৃশী ॥৮॥

অতো মদীয়ে রচনেঽতিবিস্তৃতে
বুধৈরিদানীং ন ব ঈক্ষতাং যতঃ।
বদন্ন কশ্চিৎ স্খলনং সমাপ্নুতে,
ব্রজন্নবাপ্নোতি তদেব পদ্ধতৌ ॥ ৯ ॥

শ্রীকৃষ্ণদাস-চরণৈর্নিজদেশবাণ্যা
চৈতন্যদেবচরিতামৃতমভ্যধায়ি।
যত্তস্য কেবলমহং রচয়ামি দেব-
বাণ্যা সুবোধরচনং খলু কারিকৌঘম্ ॥ ১০ ॥

অত্র প্রসন্নমনসো যদি কে ভবন্তু
নো বা ভবন্ত্যপি চ কেচন নাস্তি চিন্তা।
হিত্বেক্ষুমত্তি চ শমীং করভস্তদা কিং
বাচ্যত্বমাগতমহো মধুরস্য তস্য ॥ ১১ ॥

নো মানবা বহুতরাঃ কলিদোষতঃ স্যু-
র্ব্যুৎপত্তিসিদ্ধমতয়ঃ কবয়োঽপি নৈবম্।
সংচিন্ত্য তৈঃ কবিবরৈরপি দেশভাষা-
রীত্যা চ তদ্ব্যরচি নো শপথোঽভ্যধায়ি ॥১২॥

দুর্বোধা বা সুবোধা বা নিন্দন্তু চ হসন্তু বা।
প্রশংসন্ত্বথবা কেচিন্ন হর্ষো নাস্তি বিস্ময়ঃ ॥ ১৩ ॥

[ইতি প্রস্তাবনা]

[অথ গ্রন্থারম্ভঃ]

অথ গ্রন্থকৃৎ কবিরাজচরণানাং
মঙ্গলাচরণপদ্যানি যথা—

"বন্দে গুরূনীশভক্তানীশমীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্" ॥ ১ ॥

"বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ সহোদিতৌ।
গৌড়োদয়ে পুষ্পবন্তৌ চিত্রৌ সন্দৌ তমোনুদৌ" ॥ ২ ॥

"যদদ্বৈতং ব্রহ্মোপনিষদি তদপ্যস্য তনুভা
য আত্মান্তর্যামী পুরুষ ইতি সোঽস্যাংশবিভবঃ।
ষড়ৈশ্বর্যৈঃ পূর্ণো য ইহ ভগবান্ সঃ স্বয়ময়ং
ন চৈতন্যাৎ কৃষ্ণাজ্জগতি পরতত্ত্বং পরমিহ" ॥ ৩ ॥

"অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দর-দ্যুতিকদম্ব-সন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ" ॥ ৪ ॥

"রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনী-শক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিশবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্" ॥ ৫ ॥

"শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভাৎ
তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ" ॥ ৬ ॥

"সঙ্কর্ষণঃ কারণতোয়শায়ী, গর্ভোদশায়ী চ পয়োঽব্ধিশায়ী।
শেষশ্চ যস্যাংশকলা স নিত্যানন্দাখ্যরামঃ শরণং মমাস্তু" ॥৭॥

"মায়াতীতে ব্যাপিবৈকুণ্ঠলোকে,
পূর্ণৈশ্বর্যে শ্রীচতুর্ব্যূহ মধ্যে।
রূপং যস্যোদ্ভাতি সঙ্কর্ষণাখ্যং
তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে" ॥ ৮ ॥

"মায়াভর্ত্তাজাণ্ডসংঘাশ্রয়াঙ্গঃ
শেতে সাক্ষাৎ কারণাম্ভোধিমধ্যে।
যস্যৈকাংশঃ শ্রীপুমানাদিদেব-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে" ॥ ৯ ॥

"যস্যাংশাংশঃ শ্রীলগর্ভোদশায়ী,
যন্নাভ্যব্জং লোকসংঘাতনালম্।
লোকস্রষ্টুঃ সূতিকাধাম ধাতু-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে" ॥ ১০ ॥

"যস্যাংশাংশাংশঃ পরাত্মাখিলানাং
পোষ্টা বিষ্ণুর্ভাতি দুগ্ধাব্ধিশায়ী।
ক্ষৌণীভর্তা যৎকলা সোঽপ্যনন্ত,-
স্তং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে" ॥ ১১ ॥

"মহাবিষ্ণুর্জগৎকর্তা মায়য়া যঃ সৃজত্যদঃ।
তস্যাবতার এবায়মদ্বৈতাচার্য ঈশ্বরঃ" ॥ ১২ ॥

"অদ্বৈতং হরিণাদ্বৈতাদাচার্যং ভক্তিশংসনাৎ।
ভক্তাবতারমীশং তমদ্বৈতাচার্যমাশ্রয়ে" ॥ ১৩ ॥

"পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপ-স্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তিশক্তিকম্" ॥ ১৪ ॥

"জয়তাং সুরতৌ পঙ্গোর্মম মন্দগতের্গতী।
মৎসর্বস্বপদাম্ভোজৌ রাধামদনমোহনৌ" ॥ ১৫ ॥

"দীব্যদ্বৃন্দারণ্য-কল্পদ্রুমাধঃ,
শ্রীমদ্রত্নাগারসিংহাসনস্থৌ।
শ্রীমদ্রাধা-শ্রীলগোবিন্দদেবৌ,
প্রেষ্ঠালীভিঃ সেব্যমানৌ স্মরামি" ॥ ১৬ ॥

"শ্রীমান্ রাসরসারম্ভী বংশীবটতটস্থিতঃ।
কর্ষন্ বংশীস্বনৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েঽস্তু নঃ" ॥ ১৭ ॥

* * *

গোপীনাথশ্চ গোবিন্দস্তথা মদনমোহনঃ।
গৌড়ীয়ানাম্প্রসাদেতে ত্রয়ঃ কৃত্বা মমেশ্বরাঃ।
বর্তন্তে তৎপদাম্ভোজান্ততো বন্দেঽতিলালসঃ ॥১৯॥

গ্রন্থারম্ভে তু কর্তব্যং মঙ্গলং শিষ্টসম্মতম্।
অত্র শ্রীগুরুসদ্ভক্ত-ভগবৎস্মরণং শুভম্।
